



جميع حقوق الطبع محفوظـة ● ALL RIGHTS RESERVED

No part of this book may be reproduced or utilized in any form or by any means, electronic or mechanical, including photocopying and recording or by any information storage and retrieval system, without the written permission of the publisher.

3rd Edition: January 2007

HEAD OFFICE

P.O. Box: 22743, Riyadh 11416 K.S.A.Tel: 0096 -1-4033962/4043432 Fax: 4021659 E-mail: riyadh@dar-us-salam.com, darussalam@awalnet.net.sa Website: www.dar-us-salam.com

K.S.A. Darussalam Showrooms:

Riyadh

Olaya branch: Tel 00966-1-4614483 Fax: 4644945 Malaz branch: Tel 00966-1-4735220 Fax: 4735221

Jeddah

Tel: 00966-2-6879254 Fax: 6336270

Madinah

Tel: 00966-503417155 Fax: 04-8151121

Al-Khobar

Tel: 00966-3-8692900 Fax: 8691551

Khamis Mushayt

Tel & Fax: 00966-072207055

IAF

Darussalam, Sharjah U.A.E
 Tel: 00971-6-5632623 Fax: 5632624
 Sharjah@dar-us-salam.com.

PAKISTAN

- Darussalam, 36 B Lower Mall, Lahore
 Tel: 0092-42-724 0024 Fax: 7354072
- Rahman Market, Ghazni Street, Urdu Bazar Lahore Tel: 0092-42-7120054 Fax: 7320703
- Karachi, Tel: 0092-21-4393936 Fax: 4393937
- Islamabad, Tel: 0092-51-2500237

U.S.A

· Darussalam, Houston

P.O Box: 79194 Tx 77279

Tel: 001-713-722 0419 Fax: 001-713-722 0431 E-mail: houston@dar-us-salam.com

 Darussalam, New York 486 Atlantic Ave, Brooklyn New York-11217, Tel: 001-718-625 5925
 Fax: 718-625 1511

E-mail: darussalamny@hotmail.com

U.K

 Darussalam International Publications Ltd. Leyton Business Centre

Unit-17, Etloe Road, Leyton, London, E10 7BT Tei: 0044 20 8539 4885 Fax:0044 20 8539 4889 Website: www.darussalam.com Email: info@darussalam.com

 Darussalam International Publications Limited Regents Park Mosque, 146 Park Road London NW8 7RG Tel: 0044- 207 725 2246

AUSTRALIA

 Darussalam: 153, Haldon St, Lakemba (Sydney) NSW 2195, Australia
 Tel: 0061-2-97407188 Fax: 0061-2-97407199
 Mobile: 0061-414580813 Res: 0061-2-97580190
 Email: abumuaaz@hotamail.com

CANADA

 Islmic Books Service 2200 South Sheridan way Mississauga, Ontario Canada L5K 2C8
 Tel: 001-905-403-8406 Ext. 218 Fax: 905-8409

HONG KONG

Peacetech

A2, 4/F Tsim Sha Mansion 83-87 Nathan Road Tsimbatsui Kowloon, Hong Kong Tel: 00852 2369 2722 Fax: 00852-23692944 Mobile: 00852 97123624

MALAYSIA

 Darussalam International Publication Ltd. No.109A, Jalan SS 21/1A, Damansara Utama, 47400, Petaling Jaya, Selangor, Darul Ehsan, Malaysia Tel: 00603 7710 9750 Fax: 7710 0749
 E-mail: darussalm@streamyx.com

FRANCE

Editions & Librairie Essalam
 135, Bd de Ménilmontant- 75011 Paris
 Tél: 0033-01- 43 38 19 56/ 44 83
 Fax: 0033-01-43 57 44 31 E-mait: essalam@essalam.com.

SINGAPORE

 Muslim Converts Association of Singapore 32 Onan Road The Galaxy Singapore- 424484
 Tel: 0065-440 6924, 348 8344 Fax: 440 6724

SRI LANKA

Darul Kitab 6, Nimal Road, Colombo-4
 Tel: 0094 115 358712 Fax: 115-358713

INDIA

· Islamic Dimensions

56/58 Tandel Street (North) Dongri, Mumbai 4000 009,India Tel: 0091-22-3736875, Fax: 3730689 E-mail:sales@irf.net

SOUTH AFRICA

Islamic Da'wah Movement (IDM)

48009 Qualbert 4078 Durban, South Africa Tel: 0027-31-304-6883 Fax: 0027-31-305-1292 E-mail: idm@ion.co.za



ترجمه الدكتور/محمد مجيب الرحمن

إيست ميدو - نيويارك بأمريكا الأستاذ ورئيس قسم اللغة العربية والتعليم الإسلامي بجامعة راجشاهي، بنغلاديش (سابقًا) المدير في مركز التعليم الإسلامي الحكومي (سابقًا)

عضو لحمعية أهل الحديث، بنغلاديش

راجعه الدكتور/ عبد الله فاروق السلفي

الأستاذ المساعد ورئيس قسم الدعوة والدراسات الإسلامية الجامعة الإسلامية العالمية شيتاغونغ، بنغلاديش (سابقًا)

কুরআনুল কারীম

বাংলা তাফসীর অনুবাদঃ প্রফেসর ড. মুহাম্মাদ মুজীবুর রহমান

Interpretation of the Meanings
THE QUR'ÂN

In the Bangla Language

By: Prof. Dr. Muhammad Mujibur Rahman



ترجمه الدكتور/محمد مجيب الرحمن

إيست ميدو - نيويارك بأمريكا الأستاذ ورئيس قسم اللغة العربية والتعليم الإسلامي بجامعة راجشاهي، بنغلاديش (سابقًا) المدير في مركز التعليم الإسلامي الحكومي (سابقًا) عضو لجمعية أهل الحديث، بنغلاديش

راجعه الدكتور/ عبد الله فاروق السلفي

الأستاذ المساعد ورئيس قسم الدعوة والدراسات الإسلامية الجامعة الإسلامية العالمية شيتاغونغ، بنغلاديش (سابقًا)

কুরআনুল কারীম বাংলা তাফসীর

বাংগা তাক্সার অনুবাদঃ প্রফেসর ড. মুহাম্মাদ মুজীবুর রহমান

Interpretation of the Meanings THE QUR'ÂN

In the Bangla Language

By: Prof. Dr. Muhammad Mujibur Rahman

This Online Version of Qu'ran is Published By

www.QuranerAlo.com

Scanned By

SHADMAN SAQUIB

and

NURUL HASSAN RAKIB

May Allaah accept us, our Vows and Allegiance and Da'wah efforts and help us to fulfill all our dreams and mission!

Ameen.

কুরআনুল কারীম

বাংলা তাফসীর প্রফেসর ড. মুহাম্মাদ মুজীবুর রহমান

প্রথম প্রকাশ

নভেম্বরঃ ২০০১ ইংরেজী রামাযানঃ ১৪২২ হিজরী অগ্রহায়ণঃ ১৪০৮ বাংলা

তৃতীয় সংস্করণ

জানুয়ারীঃ ২০০৭ ইংরেজী জিলহজ্জঃ ১৪২৭ হিজরী পৌষঃ ১৪১৩ বাংলা

গ্রন্থবর্ণ প্রকাশকের

সদর দফতর

পোঃ বক্সঃ ২২৭৪৩, রিয়াদঃ ১১৪১৬, সৌদি আরব ফোনঃ ০০৯৬৬-১-৪০৩৩৯৬২-৪০৪৩৪৩২ ফ্যাক্সঃ ০০৯৬৬-১-৪০২১৬৫৯

E-mail: Darussalam@awalnet.net.sa Website: http://www.dar-us-salam.com

শা খা সমূহঃ

বিক্রন্ন কেন্দ্রসমূহ রিয়াদ, সৌদি আরব

উলাইরাঃ ফোনঃ ০০৯৬৬-১-৪৬১৪৪৮৩ ফ্যারুঃ ৪৬৪৪৯৪৫ মালাযঃ ফোনঃ ০০৯৬৬-১-৪৭৩৫২২০ ফ্যারুঃ ৪৭৩৫২২১ সুলাইমঃ ফোনঃ ০০৯৬৬-১-২৮৬০৪২২

জেনাঃ ফোনঃ ০০৯৬৬-২-৬৮৭৯২৫৪ ফ্যারঃ ৬৩৩৬২৭০ মদীনাঃ ফোনঃ ০০৯৬৬-৫০৩৪১৭১৫৫ ফ্যারঃ ০৪-৮১৫১১২১ আল-খোবাঃ ফোনঃ ০০৯৬৬-৩-৮৬৯২৯০০ ফ্যারঃ ৮৬৯১৫৫১ খামীস মুশীতঃ ফোন+ফ্যারঃ ০০৯৬৬-০৭২২০৭০৫৫

আরব আমীরাত

ফোনঃ ০০৯৭১-৬-৫৬৩২৬২৩ ফ্যাক্সঃ ৫৬৩২৬২৪ E-mail: Sharjah @dar-us-salam.com পাকিস্কান

দারুসসালাম, ৩৬/বি লয়ার মল, লাহোর ফোনঃ ০০৯২-৪২-৭২৪ ০০২৪ ফ্যাক্সঃ ৭৩৫৪০৭২ রহমান মার্কেট, গন্ধনী স্ট্রীট, উর্দুৰান্ধার লাহোর

ফোনঃ ০০৯২-৪২-৭১২০০৫৪ ফ্যাব্রঃ ৭৩২০৭০৩ কারাচী ফোনঃ ০০৯২-২১-৪৩৯৩৯৩৬ ফ্যাব্রঃ ৪৩৯৩৯৩৭

ইসলামাবাদ ফোনঃ ০০৯২-৫১-২৫০০২৩৭

যুক্তরাই

দারুসসালাম, হিউস্টন

পি.ও. বন্ধঃ ৭৯১৯৪ টিএর ৭৭২৭৯ ফোনঃ ০০১-৭১৩-৭২২০৪১৯ ফারেঃ ৭২২০৪৩১ E-mail: sales@dar-us-salam.com

দাক্লসসালাম, নি**উ ইয়ৰ্ক** ৪৮৬ আটলান্টিক এভিনিউ, ব্ৰুকলীন নিউইয়ৰ্ক ১১২১৭, ফোন ঃ ০০১-৭১৮-৬২৫ ৫৯২৫

E-mail: darussalamny@hotmail.com

क्याक्रः ००১-৭১৮-৬২৫ ১৫১১

যুক্তবাজ্য

লভনঃ দারুসসালাম ইন্টারন্যাশনাল পাবলিকেশল লিমিটেড

লিপ্তটন বিজনেস সেন্টার

ইউনিট-১৭, ইটলো রোড, লিওটন, লভন, ই১০ ৭ বিটি ফোনঃ ০০৪৪ ২০ ৮৫৩৯ ৪৮৮৫ ফ্যাব্রঃ ৮৫৩৯ ৪৮৮৯

Website: www.darussalam.com E-mail: <u>info@darussalam.com</u> দাকসসালাম ইতারন্যাশনাল পাবলিকেশল লিমিটেড বিজেটে প্রার্ক ম্যাক্তিয় ১৪৬ প্রার্ক ব্যোদ

রিজেন্ট পার্ক মসজিদ, ১৪৬ পার্ক রোড, শন্তন এনডব্লিউ ৮ ৭ আর জি ফোনঃ ০০৪৪-২০৭ ৭২৫ ২২৪৬

কানাডা

ইসলামীক বুৰুস সার্ভিস

২২০০ সাউথ শেরীডান ওয়ায়ে মিসিসাওগা ওয়ানটারিও কানাডা এল৫কে ২সি৮ কোনঃ ০০১-৯০৫-৪০৩৮৪০৬ এক্সিট.২১৮ ক্যাক্সঃ ৯০৫-৮৪০৯

মালয়েশিরা

নালমেলাম দাক্রসসালাম ইন্টারন্যাশনাল পাবলিকেশল লিমিটেড

১০৯/এ, জালান এসএস২১/১এ, ডামানসারা উটামা ৪৭৪০০, পিটালিন জায়া, গিলাসুর, দারুল ইহসান মালয়েশিয়া, ফোনঃ ০০৬০৬-৭৭১০ ৯৭৫০

ফ্যাব্রঃ ৭৭১০০৭৪৯

E-mail: Darussalam@streamyx.com

ঞাপ

ইসলাম লাইব্রেরী

১৩৫, বিডি ডি মেনিলমোনটেন্ট-৭৫০১১ প্যারিস কোনঃ ০০৩৩-০১-৪৩ ৩৮ ১৯ ৫৬/ ৪৪ ৮৩

ক্যান্তঃ ০০৩৩-০১- ৪৩ ৫৭ ৪৪ ৩১

E-mail: essalam@esslam.com

কুরআনুল কারীম

বাংলা তাফসীর

অনুবাদঃ প্রফেসর ড. মুহাম্মাদ মুজীবুর রহমান

> প্রাক্তন অধ্যাপক ও সভাপতি আরবী ও ইসলামিক স্টাডিজ বিভাগ রাজশাহী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

সদস্য, বাংলাদেশ জম্ঈয়তে আহলে হাদীস প্রাক্তন পরিচালক, ইসলামিক এডুকেশন সেন্টার ইস্ট মিডো, নিউ ইয়র্ক-১১৫৫৪, যুক্তরাষ্ট্র

সম্পাদনায়ঃ
প্রফেসর ড. আব্দুল্লাহ ফারুক সালাফি
প্রাক্তন অধ্যাপক ও সভাপতি
ডিপার্টমেন্ট অব দা'ওয়া এন্ড ইসলামীক স্টাডিজ
ইন্টারন্যাশনাল ইসলামীক ইউনিভার্সিটি
চিটাগং, বাংলাদেশ।



मा क़ স সা ला य

রিয়াদ ● জেদ্দা ● আল-খোবার ● শারজাহ্ লাহোর ● লন্ডন ● হিউস্টন ● নিউ ইয়র্ক

Download more Authentic Bangla Books at

www.QuranerAlo.com

Date: 13-12-2005

إلى من يهمه الأمر

الحمد لله وحده والصلاة والسلام على من لا نبي بعده، وبعد!

فإن الأستاذ الدكتور محمد مجيب الرحمن أستاذ ورئيس القسم العربي والدراسات الإسلامية بجامعة راجشاهي وعضو جمعية أهل الحديث ، بنغلاديش ومدير قسم التعليم الإسلامي العالمي بميدو الشرقية بالولايات المتحدة الأمريكية أحد الدعاة الجهابذة وقادة الفكر الإسلامي في أرجاء بنغلاديش وله شهرة واسعة في الأوساط العلمية وهو من المجيدين المتقنين لشتى اللغات وهو بنغلاديش وله شهرة وإنه قام بترجمة معاني كذلك صاحب خبرة طويلة وتجارب ممحصة في مجال العلوم الشرعية وإنه قام بترجمة معاني القرآن الكريم باللغة البنغالية المسمى القرآن الكريم بنغلا تفسير - ترجمة صحيحة وافية حيث الها تنقل إلى القراء الكرام روح القرآن وأهدافه النبيلة وتعاليمه السمحة باسلوب رصين وذلك خلال فترة عمله في خلال فترة عمله في جامعة راجشاهي الحكومية ببنغلاديش ثم خلال فترة عمله في المركز الثقافي الإسلامي بمدينة نيو يورك،الولايات المتحدة الأمريكية وإنني أرى أن الترجمة المذكورة تستحق الطبع والنشر في داخل البلاد وخارجها ليستفيد بها المسلمون الناطقون باللغة البنغالية وإنهم في أمس الحاجة إلى مثل هذه الترجمة التي وفت بالغرض شرعيا ولغويا وأدبيا المذكور يتحلى بالأخلاق الفاضلة والسير الحميدة ويتمسك بالعقيدة السالمة من شوائب الشرك والبدعة. والله ولي التوفيق وصلى الله على نبينا محمد وعلى آله وصحبه أجمعين .

كتبه

علم ماره قرر (٥٠٠٠) (د. عبد الله فاروق السلفي) الأستاذ المساعد ورئيس قسم الدعوة والدراسات الإسلامية الجامعة الإسلامية العالمية شيتاغونغ، بنغلاديش.

Head
Dept. of Da'wah & Islamic Studies
International Islamic University Chittagong

সূ চী প ত্র

١.	স্রা ফাতিহা01	২৯.	সূরা আনকাবৃত734
₹.	সূরা বাকারা04	ಿ ಂ.	সূরা রূম747
ಿ .	সূরা আল-ইমরান91	<i>৩</i> ১.	সূরা লোকমান756
8.	সূরা আন-নিসা143	৩২.	সূরা সাজ্দাহ763
œ.	সূরা মায়িদা190	99 .	সূরা আহ্যাব768
৬.	স্রা আন'আম232	৩8.	সূরা সাবা785
٩.	সূরা 'আরাফ281	o C.	সূরা ফাতির795
b .	সূরা আনফাল333	৩৬.	সূরা ইয়াসীন803
৯.	স্রা তাওবা352	৩৭.	সূরা সাফ্ফাত814
٥٥.	স্রা ইউনুস391	૭ ৮.	সূরা সোয়াদ829
۵۵ .	স্রা হৃদ416	৩৯.	সূরা যুমার839
১২.	স্রা ইউসুফ445	80.	সূরা মু'মিন852
	সূরা রা'দ469	82.	সূরা হা-মীম আস্সাজদাহ .867
১ 8.	স্রা ইবরাহীম479	8२.	সূরা শ্রা878
ኔ ৫.	সূরা হিজর493	৪৩.	সূরা যুখরুফ888
১৬.	সূরা নাহল504	88.	সূরা দুখান900
١٩.	স্রা বানী ইসরাইল529	8¢.	সূরা জাসিয়া905
ኔ ৮.	স্রা কাহ্ফ549	8৬.	সূরা আহক্বাফ912
ኔ ৯.	স্রা মারইয়াম573	8٩.	সূরা মুহাম্মাদ920
২০.	স্রা ত্বা-হা587	8b.	সূরা ফাত্হ928
২১.	সূরা আম্বিয়া607	৪৯.	সূরা হুজুরাত935
২২.	সূরা হাজ্জ623	¢٥.	সূরা ক্বা'ফ939
২৩.	স্রা মু'মিনুন639	৫ ১.	সূরা যারিয়াত944
২৪.	স্রা ন্র652	૯ ૨.	সূরা তূর951
২ ৫.	স্রা ফুরকান668	¢O.	সূরা নাজম955
২৬.	সূরা ভআ'রা680	₡8.	সূরা কামার962
२१.	সূরা নাম্ল700	¢¢.	সূরা রহমান968
২৮.	স্রা কাসাস্715	৫৬.	সূরা ওয়াকি'আহ্974

This PDF Qur'an contain Interactive Link. Interactive link means CONTENTS pages are linked with their appropriate pages. So, when you click on a topic from the CONTENTS page, it will automatically direct you to the relevant page.

৫ ٩.	স্রা হাদীদ981	৮৭.	সূরা আ'লা1088
৫৮ .	স্রা মুজাদালাহ্988	b b.	সূরা গাশিয়াহ্1089
৫৯.	সূরা হাশ্র993	৮ ৯.	সূরা ফাজ্র1091
৬০.	স্রা মুমতাহিনাহ্1000	৯ ٥.	সূরা বালাদ1094
৬১.	স্রা সাফ্ফ1004	አ ኔ.	সূরা শামস1096
৬২.	স্রা জুমুআ'হ্1007	৯২.	সূরা লাইল1097
৬৩.	স্রা মুনাফিকৃন1009	৯৩.	সূরা দুহা1099
৬8.	স্রা তাগাবুন1012	৯8.	সূরা আলাম নাশরাহ্1100
৬৫.	স্রা তালাক1015	৯ ৫.	সূরা তীন1100
৬৬.	স্রা তাহ্রীম1019	<i>እ</i> ৬.	সূরা আ'লাক1101
৬৭.	স্রা মুল্ক1023	৯৭.	সূরা কাদ্র1103
৬৮.	স্রা কলম1027	ል ৮.	সূরা বাইয়্যিনাহ্1103
৬৯.	স্রা হাক্কাহ্1032	አ አ.	সূরা যিলযাল1104
90.	সূরা মা'আরিজ1037	٥٥٥.	সূরা আদিয়াত1105
۹۵.	স্রা নৃহ্1040	٥٥١.	সূরা কা'রি'আহ্1106
٩২.	স্রা জ্বীন1044	५० २.	স্রা তাকাসুর1107
90.	স্রা মুয্যাম্মিল1047	٥٠٥.	সূরা আসর1108
٩8.	স্রা মুদ্দাস্সির 1050	\$08.	সূরা হুমাযাহ্1108
٩৫.	সূরা কিয়ামাহ্1055	٥o٤.	সূরা ফীল1109
৭৬.	সূরা দাহ্র1058	٥٥٧.	সূরা কুরাইশ1109
۹٩.	স্রা মুরসালাত1061	১०१.	সূরা মাউন1110
ዓ৮.	সূরা নাবা1066	30b .	সূরা কাওসার1111
ዓ৯.	স্রা নাযি'আত1069	১০৯.	সূরা কা'ফিরূন1111
bo.	স্রা আ'বাসা107,2	\$\$0.	সূরা নাস্র1112
৮ ১.	স্রা তাক্ভীর1075	333.	সূরা লাহাব্1112
৮২.	স্রা ইন্ফিতার1078	५ ५२.	সূরা ইখলাস1113
٣ ٥.	সূরা মুতাফ্ফিফীন1080	<i>۵۵۵</i> .	সূরা ফালাক1114
₽8.	স্রা ইন্শিকাক1083	\$\$8.	সূরা নাস1115
ኮ ৫.	সূরা বুরুজ1085		
৮৬.	স্রা তা'-রিক1086		

This PDF Qur'an contain Interactive Link. Interactive link means CONTENTS pages are linked with their appropriate pages. So, when you click on a topic from the CONTENTS page, it will automatically direct you to the relevant page.

প্রকাশকের নিবেদন

সমস্ত প্রশংসা নিবেদন করছি বিশ্বজগতের রব, আল্লাহর জন্য যিনি আল-কুরআন অবতীর্ণ করেছেন মানব জাতির হেদায়েত ও কল্যাণের নিমিত্তে। দর্মদ ও সালাম মুহাম্মাদ (ﷺ)-এর প্রতি এবং তাঁর পরিবার ও সাহাবীদের উপর বর্ষিত হোক।

বিশ্বে এখন প্রায় পঁয়ত্রিশ/চল্লিশ কোটি বাংলাভাষী রয়েছে। তাদের বেশিরভাগই হলেন মুসলমান। তারা দেশে-বিদেশে নিজ ভাষায় আল-কুরআন অধ্যয়ন করতে আগ্রহী। কিয়ামত পর্যন্ত আল-কুরআন মানবতার মুক্তির দিশারী এতে কোন সন্দেহ নেই। দুনিয়ার শান্তি ও আখেরাতের মুক্তির জন্য-এর অধ্যয়ন, চর্চা ও বাস্তবায়ন অবশ্যম্বাবী।

উল্লেখ্য যে, আল-কুরআনের অনুবাদ গ্রন্থের মর্যাদা (মূল) কুরআনের সমপর্যায়ভুক্ত নয়। তবুও অনুবাদ মানুষকে স্ব-ভাষায় কুরআনের ভাবার্থ বুঝতে ও তার দ্বারা উপকৃত হতে এবং দুনিয়া ও আখেরাতের জীবনকে সমৃদ্ধশালী করতে সাহায্য করে।

এ তরজমা দারুস্সালামের দীর্ঘদিনের আশা-আকাজ্ফার বাস্তবায়ন। এ মহৎ কাজে বাংলাদেশের বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসর ড. মুহাম্মাদ মুজীবুর রহমান তাঁর অনূদিত তাফসীর ইবনে কাসীর-এর কুরআনের তরজমা অংশটি দিয়ে আমাদের সে ইচ্ছা পূর্ণ করেছেন।

বাংলাভাষায় কুরআনুল কারীমের এই নির্ভরযোগ্য তরজমা বাংলাভাষী পাঠক-পাঠিকাদের হাতে তুলে দিতে পারায় আমি সর্বপ্রথমে আল্লাহ রাব্বুল আলামীনের শুকরিয়া আদায় করছি।

প্রকাশনা পরিষদের অক্লান্ত পরিশ্রমের ফলে সংশোধিতরূপে সত্ত্বর-এর প্রকাশনা সম্ভব হয়েছে। ড. আব্দুল্লাহ ফারুক, মুহাম্মাদ আব্দুর রব আফফান, আজমল হুসাইন, সাইফুল ইসলাম ও জনাব মুহিববুর রহমান, বর্ণবিন্যাসকারী ও ডিজাইনার জনাব আসাদুল্লাহসহ যাঁরা এ অনুবাদ প্রকাশনায় সক্রিয়ভাবে সহযোগিতা করেছেন তাদের সকলের প্রতি রইল আমার আন্তরিক কৃতজ্ঞতা ও শুভেচ্ছা।

হাদীসের সাহায্য ছাড়া কুরআনের অর্থ অনুধাবন করা যায় না। তাই প্রয়োজনীয় ক্ষেত্রে সহীহ হাদীসের অনুবাদের মাধ্যমে টীকা সংযোজন করা হয়েছে। তবে হাদীস অনুবাদের ক্ষেত্রে মূল আরবী গ্রন্থ দেখে করা হয়েছে। অধিকাংশ হাদীসই সহীহ আল-বুখারী থেকে নেয়া হয়েছে।

বাংলাভাষী সকল পর্যায়ের মুসলমান ভাইদের পবিত্র কুরআনের অর্থ বুঝে পড়ার আগ্রহের প্রতি লক্ষ্য রেখে তরজমা সহজ, বোধগম্য ও প্রাঞ্জল করার চেষ্টা করা হয়েছে, যাতে তেলাওয়াতের সাথে সাথে তাঁরা কুরআন মাজিদের অর্থও বুঝতে পারেন।

২০০১ সালে প্রকাশিত তরজমায় যেসব ক্রটি-বিচ্যুতির ব্যাপারে চিন্তাশীল পাঠক-পাঠিকা ও গবেষকমণ্ডলী পরামর্শ দিয়েছেন তাঁদেরকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি, মহান আল্লাহ তাদেরকে উত্তম বিনিময় দান করুন। এবারের প্রকাশনায় ঐ সব ক্রটি সংশোধনের যথাসাধ্য চেষ্টা করা হয়েছে।

মানুষ ভুলের উর্ধ্বে নয়, সে হিসেবে এই অনুবাদেও ভুল-ভ্রান্তি থাকতে পারে। সুবিজ্ঞ পাঠক-পাঠিকার নিকট অনুরোধ অনুবাদে অনিচ্ছাকৃতভাবে কোনরপ ভুল ধরা পড়লে দারুস্সালাম দফতরে মেহেরবানী করে জানাবেন। ইনশাআল্লাহ ভুলের সংশোধন আগামী সংস্করণে অবশ্যই করা হবে।

পৰিত্র আল-কুরআনের বাংলা এ তরজমা গ্রন্থটি দ্বারা ইসলামকে জানার ব্যাপারে বাংলাভাষী জনগণ উপকৃত হলে আমাদের শ্রমও সার্থক হবে। পাঠকদের নিকট এটি গৃহীত হবে বলে আশা করছি। আল্লাহ আমাদের উত্তম আমলগুলো কবূল করুন এবং ভুল-ক্রটিগুলো ক্ষমা করুন। আমীন।

রিয়াদঃ জানুয়ারী, ২০০৭

আব্দুল মালিক মুজাহিদ জেনারেল ম্যানেজার

অনুবাদকের আরয

মানবকুলের মধ্যে সর্বশ্রেষ্ঠ তারাই যারা পবিত্র কুরআনের শিক্ষা গ্রহণ ও শিক্ষা দানে নিয়োজিত। নবী আকরামের (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এই পবিত্র বাণী সকল যুগের জ্ঞান-তাপস ও মনীষীদের উদ্ধুদ্ধ করেছে পাক কুরআনের অনুবাদ ও ব্যাখ্যা প্রণয়ন করার কাজে।

আল্লাহ পাকের লাখো শুকরিয়া, 'তাফসীর ইবনে কাসীরের' ব্যাপক জনপ্রিয়তা, কল্যাণকারিতা এবং অপরিসীম শুরুত্ত্বের কথা অনুধাবন করে তা বাংলায় ভাষান্তরিত করে প্রায় বিশ বছর আগে বাংলাভাষী পাঠক-পাঠিকার হাতে অর্পণ করতে সক্ষম হয়েছিলাম।

আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন প্রকাশনা প্রতিষ্ঠান 'দারুসসালাম' সেই তাফসীর থেকে কুরআনের 'তরজমা অংশটুকু' প্রকাশের উদ্যোগ নেয় ২০০১ সালে। এবার তারা পুনঃপ্রকাশের উদ্যোগ নিয়েছে এর জনপ্রিয়তার কারণে। ভবিষ্যতে 'পূর্ণাঙ্গ তাফসীর' প্রকাশের পরিকল্পনা তাদের রয়েছে। আল্লাহ তা'আলা তাদের কামিয়াব করুন এবং উপযুক্ত যা'জা দান করুন।


আপ্রাণ চেষ্টা সত্ত্বেও একান্ত অনিচ্ছাকৃতভাবে এতে কিছু মুদ্রণ প্রমাদ, তরজমার উপস্থাপনা এবং অন্যান্য ক্রটি-বিচ্যুতি পরিলক্ষিত হয়েছিল। যেসব বিষয়ে সুধী পাঠক মহলের পক্ষ থেকে অনুবাদকের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে, (মহান আল্লাহ তাদেরকে উত্তম বিনিময় দান করুন)। সেগুলো পরম কৃতজ্ঞতা ও ধন্যবাদসহ গৃহীত হয়েছে। এই কল্যাণময় কাজটিকে আরো উন্নতমানের এবং একান্ত রুচিশীলভাবে সম্পন্ন করে পরিমার্জিত আকারে প্রকাশ করা হয়েছে।

এই তরজমা যদি চিন্তাশীল পাঠক-পাঠিকার মনের কোণে রহানী আনন্দ দিয়ে কুরআনের মহাশিক্ষাকে তাদের দৈনন্দিন জীবনের প্রতিটি পর্যায়ে পূর্ণাঙ্গ রূপলাভের সংকল্প জাগিয়ে তুলতে পারে, আর এর আলোকেই যদি তারা গড়ে তুলতে পারেন তাদের জীবনধারা, তবেই পরিশ্রম ও সাধনাকে আমি সকল ও সার্থক মনে করবো।

আটলান্টিক, নিউজার্সি, মার্কিন যুক্তরাষ্ট্র

বিনয়াবনত

প্রফেসর ড. মুহাম্মাদ মুজীবুর রহমান



সূরাঃ ফাতিহা^১ মাক্কী

(আয়াতঃ ৭ রুকুঃ ১)

 আল্লাহর নামে শুরু করছি, যিনি পরম করুণাময় ও অতি দয়ালু।

২. আল্লাহর জন্য সমস্ত প্রশংসা যিনি জগতসমূহের প্রতিপালক।^২

 থ. যিনি পরম করুণাময়, অতিশয় দয়ালু।

8. যিনি প্রতিফল দিবসের মালিক।

৫. আমরা শুধুমাত্র আপনারই ইবাদত করি এবং আপনারই নিকট সাহায্য প্রার্থনা করি। سُوْرَةُ الْفَاتِحَةِ مَكِّيَةُ ايَاهُا، رَكْعُهَا، بِسُـهِ اللهِ الرَّحْلِنِ الرَّحِيهِ ﴿ الْحَمْلُ لِلهِ رَبِّ الْعَلَمِينَ ﴿ الْحَمْلُ لِلهِ رَبِّ الْعَلَمِينَ ﴿ الرَّحْلِنِ الرَّحِيْمِ ﴿

ملكِ يَوْمِ الرِّيْنِ ﴿ إِيَّاكَ نَعْبُ لُ وَإِيَّاكَ نَسْتَعِيْنُ ﴿

১। "ক্ষাতিহা" (ফাতিহা অর্থঃ সূচনা, ভূমিকা ও সূত্রপাত করা)। এ স্রাটিকে ফাতিহাতুল কিতাব ও উন্মূল কিতাবও বলা হয়। কারণঃ মুস্হাফের (কুরআন মজিদের) প্রথমে এ স্রাটি লিখিত এবং নামাযের মধ্যে এর দ্বারাই কির'আত আরম্ভ করা হয় বলেও একে এ নামে অভিহিত করা হয়েছে। (বুখারী কিতাবৃত তাফসীর, ফাতিহাতুল কিতাব অনুচেছন।)

২। আবৃ সাঈদ ইবনুল মু'আল্লা (রাযিআল্লাহ আনহ) থেকে বর্ণিত, তিনি বলেছেনঃ (একদিন) আমি মসজিদৈ নববীতে (নফল) নামায় পড়ছিলাম। ঠিক এ সময় রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) আমাকে ডাকলেন; কিন্তু আমি তাঁকে কোন জবাব দিলাম না। পরে গিয়ে আমি তাঁকে বললামঃ হে আল্লাহ্র রাসূল! (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) [আপনি যে সময় আমাকে ডেকেছিলেন] আমি তবন নামায় পড়ছিলাম। রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) একথা তনে তাকে বললেনঃ আল্লাহ্ তা'আলা কি বলেননিঃ অর্থঃ "আল্লাহ্ এবং রাসূল (সাল্লাল্লাছ আল্লাইহি ওয়াসাল্লাম)-এর আহ্বানে সাড়া দাও, যখন তোমাদেরকে কোন কাজের প্রতি আহ্বান করেন।" (সূরা আনফাল, আয়াতঃ ২৪)

তারপর আমাকে বললেনঃ তুমি মসজিদ থেকে বের ইওয়ার আগে আমি তোমাকে কুরআনের এমন একটি সূরা শিখিয়ে দেবো যা গুরুত্বের দিক দিয়ে সবচাইতে বড়। তারপর তিনি আমার হাত চেপে ধরলেন। যখন তিনি মসজিদ থেকে বেরিয়ে যেতে উদ্যত হলেন তখন আমি তাঁকে বললামঃ আপনি কি বলেননি যে, কুরআনের সবচাইতে গুরুত্বপূর্ণ সূরা আমাকে শিখিয়ে দেবেন? তিনি বললেনঃ সেই সূরাটি হলো আলহামদূলিল্লাহি রাব্বিল আলামীন। আমাকে 'সাবউল মাসানী' বা বার বার পঠিত এ সাতটি আয়াত ও মহান কুরআন দান করা হয়েছে। (অর্থাৎ সূরা ফাতিহাকে "সাবউল মাসানী" বলা হয় এ জন্য যে সূরাটিতে মোট সাতটি আয়াত আছে, যা নামাযে বার বার পঠিত হয়ে থাকে।) (বুখারী, হাদীস নং ৪৪৭৪)

৬. আমাদেরকে সরল সঠিক পথ-প্রদর্শন করুন।

পারা ১

 তাদের পথ, যাদের প্রতি আপনি অনুগ্রহ করেছেন; তাদের নয় যাদের প্রতি আপনার গযব বর্ষিত হয়েছে; এবং তাদেরপ্রনয় যারা পথভ্রষ্ট।^{২-৩-8} إِهْدِنَا الصِّرَاطُ الْمُسْتَقِيْمُ ﴿

صِرَاطَ الَّذِينَ ٱنْعَمْتَ عَلَيْهِمُ لَا غَيْرِ الْمَغْضُوْبِ عَلَيْهِمْ وَلَا الطَّمَالِيْنَ ۞

২-৩-৪। আব্দুল্লাহ্ ইবনে উমর (রাযিআল্লাছ্ আনহুমা) থেকে বর্ণিত, নবী (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম)এর প্রতি ওহী অবতীর্ণ হবার পূর্বে বালদাহ নামক স্থানের নিম্নভাগে যায়েদ ইবনে আমর ইবনে নুফাইলের
সাথে নবী (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম)-এর সাথে সাক্ষাত হয়। তারপর (কুরাইশদের পক্ষ থেকে) নবী
(সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম)-এর সামনে দস্তরখান বিছানো হলো। তিনি তা থেকে খেতে অস্বীকার
করলেন (এবং যায়েদের সামনে ঠেলে দিলেন; কিন্তু তিনিও তা খেতে অস্বীকার করলেন।) অতঃপর যায়েদ
(কুরাইশদের লক্ষ্য করে) বললেন, তোমাদের মূর্তির নামে তোমরা যা যবেহ কর তা আমি কিছুতেই খেতে
পারি না। আমি তো কেবলমাত্র তাই খেয়ে থাকি যাতে যবেহ করার সময় আল্লাহ্র নাম উচ্চারণ করা হয়।
যায়েদ ইবনে আমর কুরাইশদের যবেহর নিন্দা করতেন এবং তাদের উক্ত আচরণের প্রতিবাদ ও তার
ক্রেটির প্রতি ইন্ধিত করে বলতেন, বকরীকে সৃষ্টি করলেন আল্লাহ্ এবং তিনিই তাঁর আকাশ থেকে পানি বর্ষণ
করেন, তিনিই তার জন্য মাটি থেকে ঘাস ও লতা-পাতা উৎপন্ন করেন। এতো কিছুর পরও তোমরা তাকে
গাইক্লল্লাহর নামে যবেহ কর। (বুখারী, হাদীস নং ৩৮২৬)

ইবনে উমর থেকে (অপর এক সনদে) বর্ণিত যায়েদ ইবনে আমর ইবনে নুফাইল সত্য দ্বীন সম্পর্কে জানা ও তার অনুসরণ করার জন্য শাম (সিরিয়া) দেশে গিয়ে এক ইয়াহুদী আলেমের সাথে সাক্ষাত করেন এবং তাকে তাদের দ্বীন সম্পর্কে জিজ্ঞেস করে বললেন, আমি হয়তোবা আপনাদের দ্বীন গ্রহণ করতে পারি। সূতরাং আমাকে (আপনাদের দ্বীন সম্পর্কে) কিছু বলুন। ইয়াহুদী আলেম বললেন, আপনি আমাদের ধর্মের অনুসারী হতে পারবেন না যে পর্যন্ত আল্লাহুর আযাব থেকে আপনার অংশ আপনি গ্রহণ না করেন। যায়েদ বললেন আমি তো আল্লাহর আযাব থেকে (বাঁচার জন্যই) ভয়ে পালিয়ে এসেছি। আল্লাহ পাকের আযাব বিন্দুমাত্রও সহ্য করার ক্ষমতা আমার নেই এবং তা বরদান্ত করার সাধ্যও রাখিনা। তাহলে অন্য কোন ধর্ম সম্পর্কে (মেহেরবানী) করে আমাকে পথ দেখাতে পারবেন কিং ইয়াহদী আলেম বললেনঃ দ্বীনে হানীফ ছাড়া অন্য কোন সত্য দ্বীন আমার জানা নেই। যায়েদ বললেনঃ দ্বীনে হানীফ কি? তিনি বললেন তাহল ইবরাহীম (আলাইহিসসালাম)-এর আনীত দ্বীন। তিনি (ইবরাহীম (আলাইহিসসালাম) ইয়াহুদী কিংবা খ্রিস্টান (কোন দলেরই) ছিলেন না। তিনি একমাত্র আল্লাহ ব্যতীত অন্য কিছুর ইবাদত করতেন না। অতঃপর যায়েদ সেখান থেকে বের হয়ে এক খ্রিস্টান আলেমের সঙ্গে সাক্ষাত করলেন এবং তাঁকেও পূর্বের ন্যায় জিজ্ঞেস করলেন। উক্ত আলেম বললেন যে পর্যন্ত আপনি আল্লাহর লা'নতের অংশ গ্রহণ না করবেন সে পর্যন্ত আমাদের ধর্মের অনুসারী হতে পারবেন না। যায়েদ বললেন আল্লাহ্র লা'নত থেকে (মুক্তি পাওয়ার জন্যই) আমি পালিয়ে বেডাচিছ। আল্লাহর লা'নত কিংবা তাঁর গযবের বিন্দুমাত্রও আমি বরদাশত করতে পারব না. না আমার তা বরদাশত করার কোন সাধ্য আছে। অতঃপর উক্ত আলেমকেও বললেনঃ তা'হলে আপনি কি আমাকে অন্য কোন দ্বীন (ধর্ম)-এর কথা বলে দিতে পারবেন? উত্তরে উক্ত আলেম

১। আ'দি বিন হাতেম (রাযিআল্লাহু আনহু) নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) থেকে বর্ণনা করেন, তিনি বলেনঃ (مخضوب عليهم) দ্বারা ইয়াহুদী সম্প্রদায়কে বুঝানো হয়েছে। (যারা সত্যকে জেনে শুনেও তা থেকে দূরে সরে গেছে এবং ইচ্ছেকৃতভাবে আমল পরিত্যাগ করেছে।) আর (ضالين) দ্বারা নাসারা বা প্রিস্টানগণকে বুঝানো হয়েছে। (যাদের সঠিক পথ সম্পর্কে কোন ধারণা ও জ্ঞান নেই।) (তিরমিযী)

3

বললেন, অন্য কোন ধর্মের কথা আমি জানি না, তবে (দ্বীনে) হানীফ ব্যতীত। যায়েদ জিজ্ঞাসা করলেন, হানীফ কি? তিনি বললেন, তা'হল ইব্রাহীম (আলাইহিস্সালাম)-এর আনীত দ্বীন। তিনি ইয়াহ্দী ও ছিলেন না এবং খ্রিস্টানও ছিলেন না। তিনি আল্লাহ্ ছাড়া অন্য কিছুর ইবাদত করতেন না। যায়েদ যখন দেখলেন যে ইব্রাহীম (আলাইহিস্সালাম)-এর দ্বীনের সত্যতার ব্যাপারে তারা সকলেই একমত, তাদের মন্তব্য শুনে বেরিয়ে এলেন এবং বাহিরে এসে দু'হাত তুলে বললেন, হে আল্লাহ্! আমি তোমাকে সাক্ষি রেখে বলছি যে, নিশ্চয় আমি ইবরাহীম (আলাইহিস্সালাম)-এর দ্বীনের প্রতি রয়েছি। (বুখারী, হাদীস নং ৩৮২৮)

^{*} লাইছ বলেন, হিশাম তার পিতা ও আসমা বিনতে আবু বকরের বরাত দিয়ে আমাকে লিখেছেন যে, আসমা বলেনঃ একদিন, আমি যায়েদ ইবনে আমর ইবনে নুফাইলকে দেখলাম যে, তিনি কা'বা ঘরের সাথে নিজের পিঠ লাগিয়ে দাঁড়িয়ে (কুরাইশদেরকে লক্ষ্য করে) বলছেন, হে কুরাইশ দল! আল্লাহ্র কসম! আমি ছাড়া তোমাদের কেউ ইবরাহীম (আলাইহিস্সালাম)-এর দ্বীনের অনুসারী নয়। আর তিনি জীবন্ত প্রোথিত নবজাত শিশুকন্যাকে জীবিত করতেন। যখন কোন ব্যক্তি তার মেয়েকে হত্যা করতে চাইত তখন তিনি তাকে বলতেন, একে হত্যা করো না। তোমার পরিবর্তে আমি তার ভরণ-পোষণের ভার নেব। এ বলে তিনি তাকে নিয়ে যেতেন। মেয়েটা যখন বড় হতো, তিনি তার পিতাকে বলতেন, তুমি চাইলে আমি মেয়েটাকে তোমাকে দিয়ে দিব। আর তুমি যদি চাও তবে আমিই মেয়েটার ভরণ-পোষণ করে যাব। (বুখারী, হাদীস নং ৩৪২৮)

^{*} উবাদা বিন সামিত (রাযিআল্লাহু আনন্থ) থেকে বর্ণিত, নিন্চয়ই রাস্পুল্লাহ্ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যে ব্যক্তি নামাযে সূরা ফাতিহা পাঠ করবে না তার নামাযই হবে না। (বুখারী, হাদীস নং ৭৫৬)

^{*} আবৃ হুরাইরা (রাযিআল্লাহ আনহ) থেকে বর্ণিত, তিনি বলেনঃ নিশ্চয়ই রাস্লুরাহ্ (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যখন ইমাম সাহেব আমীন বলে তখন তোমরাও আমীন বল। কেননা (ঐ সময়) ফেরেশ্তারাও আমীন বলে থাকে। যে ব্যক্তির আমীন বলা ফেরেশ্তাদের আমীন বলার সাথে মিলে যায় তার পূর্ববর্তী গোনাহ মাফ করে দেয়া হয়। (আমীন অর্থ হচ্ছে "হে আল্লাহ্! আপনি কবুল করুন।") (বুখারী, হাদীস নং ৪৪৭৫)

4

সূরাঃ বাকারাহ্, মাদানী

(আয়াতঃ ২৮৬, রুকৃ'ঃ ৪০)

আল্লাহর নামে শুরু করছি, যিনি পরম করুণাময় ও অতি দয়ালু।

আলিফ-লাম-মীম^১

২. এটা ঐ গ্রন্থ যার মধ্যে কোনরূপ সন্দেহ নেই; আল্লাহ ভীরুদের (পরহেজগারদের) জন্যে এ গ্রন্থ হিদায়াত বা মুক্তিপথের দিশারী।

- ৩. যারা অ-দৃষ্ট বিষয়গুলোতে বিশ্বাস স্থাপন করে, এবং নামায প্রতিষ্ঠিত করে ও আমি তাদেরকে যে জীবনো-পকরণ দান করেছি তা হতে ব্যয় করে থাকে।
- ৫. এরাই তাদের প্রভুর পক্ষ হতে প্রাপ্ত হিদায়াতের উপর প্রতিষ্ঠিত রয়েছে এবং এরাই সফলকাম।

سُوْرَةُ الْبَقَرَةِ مَكَ نِيَّةً ايَاتُهَا ٢٨٠ رُفُعَاتُهَا ٢٠ بِسُــِ اللهِ الرَّحْلِنِ الرَّحِـيْدِ

القرن

ذلِكَ الْكِتُّابُ لَارَيُبَ ۗ فِيْهِ ۚ هُدًى لِلْمُتَّقِيْنَ شَ

الَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِالْغَيْبِ وَيُقِيْمُوْنَ الصَّلُوةَ وَمِتَّارَزَقُنْهُمْ يُنُفِقُونَ ﴿

وَالَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِمَآ اُنْزِلَ اِلَيُكَ وَمَآ اُنْزِلَ مِنْ قَبْلِكَ ۽ وَ بِالْاخِرَةِ هُمُ يُوْقِنُوْنَ ۞

ٲۅڵڸٟڬعٙڵۿؙڒؙؽڝؚۨڽ۫ڗۜؾؚۼۣڡٝڒۘٷۘڵڸٟڬۿؙۄؙ ٲڵؙڡٛٚڸڮؙۯؙڽ۞

ك । الم এই ধরণের অক্ষরগুলিকে হুরুফ-আল মুকাত্তা'আত (বিচ্ছিন্ন বর্ণমালা) বলা হয়। এগুলিকে পৃথক পৃথকভাবে পড়া হয়। কুরআন মজিদের বহু সূরার (উনত্রিশটি সূরার প্রথমে) প্রারম্ভে এরূপ হরফ বা অক্ষর ব্যবহৃত হয়েছে। এর অন্তর্নিহিত তাৎপর্য আল্লাহুই অবগত আছেন। (তাফসীর ইবনে কাসীর)

২। ইবনে উমর (রাযিআল্লান্থ আনহুমা) থেকে বর্ণিত, তিনি বলেনঃ রাস্লুল্লাহ্ (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ ইসলামের ভিন্তি পাঁচটি স্তম্ভের উপর স্থাপিতঃ (১) এ সাক্ষ্য দেয়া যে, আল্লাহ্ ছাড়া সত্য কোন মা'বৃদ নেই এবং মুহাম্মাদ (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) আল্লাহ্র রাসূল। (২) নামায কায়েম করা। (৩) যাকাত প্রদান করা। (৪) হজ্জ পালন করা। (৫) রমজান মাসে সিয়াম (রোজা) পালন করা। (বুখারী, হাদীস নং ৮)

৬. নিশ্চয় যারা অবিশ্বাস করেছে, তাদের তুমি সতর্ক কর বা না কর, উভয়টা তাদের জন্য সমান, তারা বিশ্বাস স্থাপন করবে না।

 থাল্লাহ তাদের অন্তরসমূহের উপর ও তাদের কর্ণসমূহের উপর মোহরাংকিত করে দিয়েছেন এবং তাদের চক্ষুসমূহের উপর আবরণ পড়ে আছে এবং তাদের জন্য রয়েছে গুরুতর শাস্তি।

৮. আর মানুষের মধ্যে এমন লোক আছে যারা বলে, আমরা আল্লাহর উপর এবং বিচার দিবসের উপর ঈমান এনেছি, অথচ তারা মোটেই ঈমানদার নয়।

৯. তারা আল্লাহ ও মুমিনদের সঙ্গে প্রতারণা করে, প্রকৃত অর্থে তারা নিজেদের ব্যতীত আর কারও সঙ্গে প্রতারণা করে না, অথচ তারা এ সম্বন্ধে বোধই রাখে না।

১০. তাদের অন্তরে ব্যাধি (রোগ) রয়েছে, উপরম্ভ আল্লাহ তাদের ব্যাধি আরও বাড়িয়ে দিয়েছেন এবং তাদের জন্যে যন্ত্রণাদায়ক শান্তি রয়েছে যেহেতু তারা মিথ্যা বলতো।

১১. এবং যখন তাদেরকে বলা হয়ঃ তোমরা পৃথিবীতে অশান্তি সৃষ্টি করো না তখন তারা বলে আমরা তো শুধু সংশোধনকারী।

১২. সাবধান! তারাই অশান্তি সৃষ্টিকারী; কিন্তু তারা বুঝে না। اِنَّ الَّذِيْنَ كَفَرُوا سَوَاءٌ عَلَيْهِمْءَ اَنْنَارْتَهُمْ ٱمۡ لَمۡ تُنٰۡنِ(هُمُ لَا يُؤۡمِنُونَ ۞

خَتَمَ اللهُ عَلى قُلُوبِهِمْ وَعَلَى سَمُعِهِمُ طُ وَعَلَى اَبْصَارِهِمْ غِشَاوَةٌ نَوْلَهُمْ عَلَىابٌ عَظِيْمٌ ثَ

وَمِنَ النَّاسِ مَنْ يَّقُولُ أَمَنَّا بِاللهِ وَبِالْيَوْمِ الْاخِرِ وَمَا هُمْ بِمُؤْمِنِيْنَ ﴿

يُخْدِعُونَ اللهَ وَالَّذِيْنَ امَنُوا ، وَمَا يَخْدَعُونَ اللهَ وَالَّذِيْنَ امَنُوا ، وَمَا يَخْدَعُونَ اللهَ انْفُسَهُمْ وَمَا يَشْعُرُونَ أَ

فِي قُلُوبِهِمُ مَّرَضٌ فَزَادَهُمُ اللهُ مَرَضًا ۚ وَلَهُمُ عَذَابٌ اَلِيْمٌ لَا بِمَا كَانُوا يَكُذِبُونَ ۞

وَإِذَا قِيْلَ لَهُمْ لَا تُفْسِدُوا فِي الْاَرْضِ قَالُوۡۤا إِنَّهَا نَحْنُ مُصُلِحُوْنَ ﴿

ٱڵٳٙڶۼؖۿڔۿؙۄؙٳڷؠڡٛ۫ڛؚۯۅؘؽۅڶڮڽؖ۬ڰؚێۺڠؗۄۅٛ؈

১৩. এবং যখন তাদেরকে বলা হয়, লোকেরা যেরূপ ঈমান এনেছে তোমরাও অনুরূপ ঈমান আন; তখন তারা বলেঃ নির্বোধেরা যেরূপ ঈমান এনেছে আমরাও কি সেরূপ ঈমান আনবো? সাবধান! নিশ্চয়ই তারাই নির্বোধ কিন্তু তারা অবগত নয়।

১৪. এবং যখন তারা মু'মিনদের সাথে মিলিত হয় তখন তারা বলেঃ আমরা ঈমান এনেছি এবং যখন তারা নিজেদের দলপতি ও দুষ্ট নেতাদের সাথে নির্জনে মিলিত হয়, তখন বলেঃ আমরা তোমাদের সঙ্গেই আছি, আমরা তো তথু ঠাট্টা-বিদ্রেপ করে থাকি।

১৫. আল্লাহ তাদের সঙ্গে ঠাটা-বিদ্রূপ করছেন^১ এবং তাদেরকে তাদের নিজেদের অবাধ্যতার মধ্যে বিভ্রান্ত হয়ে ফিরার জন্য ঢিল দেন।

১৬. এরা তারাই, যারা সুপথের পরিবর্তে বিপথকে ক্রয় করেছে, সুতরাং তাদের বাণিজ্য লাভজনক হয়নি এবং তারা সঠিক-সরল পথে পরিচালিত হয়নি।

১৭. এদের দৃষ্টান্ত ঐ ব্যক্তির দৃষ্টান্তের ন্যায় যে অগ্নি প্রজ্বলিত করলো, অতঃপর অগ্নি যখন তার পার্শ্ববর্তী সমস্ত স্থান আলোকিত করলো, তখন আল্লাহ তাদের আলো وَإِذَا قِيْلَ لَهُمْ المِنُواكِبَآ اَمَنَ النَّاسُ قَالُوٓا اَنُوْمِنُ كُمَآ اَمَنَ السُّفَهَا ُو الآ اِنَّهُمْ هُمُ السُّفَهَاءُ وَلَكِنْ لاَ يَعْلَمُونَ ﴿

وَاذَا لَقُوا الَّذِيْنَ اَمَنُوْا قَالُوْاَ اَمُنَّا أَمَنَا ۗ وَاذَا خَلُوا اِلى شَلِطِيْنِهِمُّ قَالُوْاَ اِنَّا مَعَكُمُ ۗ اِنَّمَا نَحْنُ مُسْتَهْذِءُوْنَ۞

ٱللهُ يَسْتَهُزِئُ بِهِمْ وَيَمُلُّهُمْ فِي طُغْيَانِهِمْ يَعْمَهُونَ ﴿

ٱۅڵٙڣٟڬ الَّذِيُنَ اشُتَرَوُ الضَّلْلَةَ بِالْهُلٰى ٚ فَهَا رَبِحَتْ تِّجَارَتُهُمْ وَمَا كَانُوا مُهْتَرِيْنَ ﴿

مَثَلُهُمْ كَمَثَلِ الَّذِي اسْتَوْقَى نَادًا ۗ فَلَسَّا اَضَاءَتُمَاحُولَهُ ذَهَبَ اللهُ بِنُوْدِهِمُ وَتَرَكَّهُمْ فِي ظُلْلَتٍ لَا يُبْصِرُونَ ﴿

১। অর্থাৎ তারা যেমন মুসলমানদের সাথে ঠাষ্টা-বিদ্ধাপের আচরণ করে আল্লাহ তারালাও তাদের সাথে অনুরূপ আচরণ করতঃ তাদেরকে অপমাণিত ও লাঞ্ছিত করেন। প্রকৃতপক্ষে আল্লাহর পক্ষ হতে এটি ঠাষ্টা নয়; বরং তাদের ঠাষ্টা-বিদ্ধাপের শান্তি ও প্রতিদান। (আহসানুল বয়ান)

ছিনিয়ে নিলেন এবং তাদেরকে অন্ধকারের মধ্যে ছেড়ে দিলেন, সুতরাং তারা কিছুই দেখতে পায় না।

১৮. তারা বধির, মৃক ও অন্ধ অতএব তারা (সঠিক পথের দিকে) প্রত্যাবর্তন হবে না।

১৯. অথবা আকাশ হতে পানি বর্ষণের ন্যায় যাতে অন্ধকার, গর্জন ও বিদ্যুৎ রয়েছে, তারা বজ্রধ্বনি বশতঃ মৃত্যু ভয়ে তাদের কর্ণসমূহে স্ব-স্ব অঙ্গুলি গুঁজে দেয় এবং আল্লাহ অবিশ্বাসীদের পরিবেষ্টনকারী।

২০. যেন বিদ্যুৎ তাদের দৃষ্টি হরণ করে ফেলবে, যখন তিনি তাদের জন্য একটু আলো (বিদ্যুত) প্রজ্জ্বলিত করেন তখন, তাতে তারা চলতে থাকে এবং যখন তাদের উপর অন্ধকারাচ্ছন্ন করেন তখন তারা দাঁড়িয়ে থাকে এবং যদি আল্লাহ ইচ্ছা করেন নিশ্চয় তাদের শ্রবণ শক্তি ও তাদের দর্শন শক্তি হরণ করতে পারেন। নিশ্চয় আল্লাহ সর্ব বিষয়ের উপর শক্তিমান।

২১. হে মানব মন্ডলী! তোমরা তোমাদের প্রতিপালকের ইবাদত কর যিনি তোমাদের ও তোমাদের পূর্ববর্তীদেরকে সৃষ্টি করেছেন, যেন তোমরা ধর্মভীরু (পরহেজগার) হও।
২২. যিনি তোমাদের জন্যে যমীনকে সুয়া প্রত্যাকাশকে স্থান স্বর্বপ

শয্যা ও আকাশকে ছাদ স্বরূপ করেছেন এবং যিনি আকাশ হতে পানি বর্ষণ করেন, অতঃপর তার দ্বারা صُمَّرُ بُكُمُ عُنِي فَهُمْ لاَ يَرْجِعُونَ ﴿

ٱۏؙػڝؖؾۣؠۣڝ۪ٞڹٳۺٙؠٵٙۼڣؽ۬ڣڟؙڵؠ۠ٮؾٞۊۜۯڠڽ۠ۊۜۘۘڔۯ۬ڽٛٞ ؽڿۛۼڵؙۏڹۘٲڝٵؠؚۼۿؙۮ؈۬ٞٲۮٳڹۿۮڝؚٞڹٳڟۜۅٳؾؚ ڂؘڬۮٳڵؠۏٛؾؚٷٳڵڷ۠ۿؙۿڿؿڟ۠ؠٲڵڬڣؚڕؽڹ۞

يكَادُ الْبَرْقُ يَخُطَفُ اَبْصَارَهُمْ لِكُلَّمَا اَضَاءَ لَهُمُ مَّشُوْا فِيهِ إِنَّ وَاذَا اَظُلَمَ عَلَيْهِمْ قَامُوا لَهُ وَلَوْشَاءَ اللَّهُ لَنَهَ عَبِيسَمْعِهِمُ وَ اَبْصَارِهِمْ لَا إِنَّ اللَّهَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيدٌ ﴿

ڽٙٳؿؖۿٵڶڹۜٵۺؙٳۼۘڹؙٮؙۉٳۯؾؙٞۘڮؙؙؙؗؗؗؗؗۄؙٳڷۜڹؚؽ۬ڂؘڶڡؘٙڬؙؙؗٛٛؗؗؗۿ ؘۅٵڷۜڹؚؽؽؘڡؚؽ۬ ۼؠؙڶؚڴؙۿ۬ڵؘ**ۼڷۜ**ڴؙۿڗؘؾۜۧڠؙۏٛؽ۞

الَّذِي جَعَلَ لَكُمُّ الْأَرْضَ فِرَاشًا وَالسَّهَآءَ بِنَاءً سَوَّانُزَلَ مِنَ السَّهَآءِ مَاءً فَاخْرَجَ بِهِ তোমাদের জন্যে উপজীবিকা স্বরূপ ফলপুঞ্জ উৎপাদন করেন, অতএব তোমরা জেনে শুনে আল্লাহর সাথে কাউকে শরীক করো না ৷

পারা ১

২৩. এবং আমি আমার বান্দার প্রতি যা অবতীর্ণ করেছি, তাতে তোমরা যদি সন্দিহান হও তবে তৎ সদৃশ একটি 'সূরা' তৈরি করে নিয়ে এসো এবং আল্লাহ্ ব্যতীত তোমাদের সাহায্যকারীদেরকেও ডেকে নাও; যদি তোমরা সত্যবাদী হও।

২৪. অনন্তর যদি তোমরা তা করতে
না পার এবং তোমরা তা কখনও
করতে পারবে না, তা হলে তোমরা
সেই জাহান্নামকে ভয় কর যার ইন্ধন
মানুষ ও প্রস্তরপুঞ্জ যা অবিশ্বাসীদের
জন্যে প্রস্তুত্ত করে রাখা হয়েছে।

২৫. আর যারা বিশ্বাস স্থাপন করেছে ও সংকার্যবিলী সম্পাদন করে থাকে, তাদেরকে সুসংবাদ প্রদান কর যে, তাদের জন্যে এমন বেহেশ্ত রয়েছে যার তলদেশ দিয়ে নদীসমূহ প্রবাহিত হতে থাকবে; যখন তা হ'তে তাদেরকে উপজীবিকার জন্যে ফলপুঞ্জ প্রদান করা হবে তখন তারা বলবে— আমাদের এটা তো পূর্বেই

مِنَ الشَّرَتِ رِزُقًا لَكُمُ عَ فَلَا تَجْعَلُوا لِللهِ اَنْدَادًا وَ اَنْتُدُ تَعْلَمُونَ ﴿

وَانَ كُنْتُمُ فِي رَيْبٍ مِّمَّا لَزَّلْنَا عَلَى عَبْدِنَا فَٱتُوْا بِسُوْرَةٍ مِّنُ مِّثْلِهِ وَادْعُوا شُهَدَا آكُمُ مِّنُ دُونِ اللهِ إِنْ كُنْتُمُ طِبِةِيْنَ ﴿

فَإِنْ لَمْ تَفْعُلُوا وَكَنْ تَفْعَلُوا فَاتَّقُوا النَّارَ الَّتِي وَقُوْدُهَا النَّاسُ وَالْحِجَارَةُ ۖ اُعِدَّتُ لِلْكِفِرِيْنَ ۞

وَيَشِّرِ الَّذِيْنَ الْمَنُواْ وَعَمِلُوا الصَّلِطَتِ اَنَّ لَهُمُ جَنَّتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْاَنْهُرُ لَّكُلَّمَا رُزِقُواْ مِنْهَا مِنْ ثَمَرَةٍ رِّزُقًا لَاقَالُواْ هَٰنَا الَّذِي رُزِقُنَا مِنْ قَبُلُ وَاتُواْ بِهِ مُتَشَابِهًا لَا وَلَهُمُ فِيْهَا اَذُواجٌ مُّطَهَّرَةً لَا وَهُمُ فِيْهَا خَلِدُونَ ۞ فِيْهَا اَذُواجٌ مُّطَهَّرَةً لَا وَهُمُ فِيْهَا خَلِدُونَ ۞

১। আবৃ ওয়ায়েল থেকে বর্ণিত, তিনি আমর বিন সুরাহবিল থেকে এবং তিনি আব্দুল্লাহ্ বিন মাসউদ (রাযিআল্লাহ্ আনহ) থেকে বর্ণনা করেন। তিনি বলেন যে, আমি নবী (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম)-কে জিজ্ঞেস করেছিলাম যে, আল্লাহ্র নিকট সবচেয়ে বড় গোনাহ কোন্টি? তিনি বললেন যে, তুমি আল্লাহ্র সাথে কাউকে শরীক কর, অথচ তিনি তোমাকে সৃষ্টি করেছেন। আমি বললাম নিশ্চয়ই এটি একটি বড় গোনাহ্। এরপর কোন্টি? তিনি বললেনঃ তোমার সাথে আহার গ্রহণ করবে এই ভয়ে তোমার সন্তানকে হত্যা করা। আমি বললাম এর পর কোন্টি? তিনি বললেনঃ তোমার প্রতিবেশীর ল্লীর সাথে জিনা (ব্যভিচার) করা। (বুখারী, হাদীস নং ৪৪৭৭)

الم ا

প্রদন্ত হয়েছিল এবং তাদেরকে এর দ্বারা ওর সদৃশ প্রদান করা হবে এবং তাদের জন্যে তন্মধ্যে পবিত্র সহধর্মিনীগণ থাকবে এবং সেখানে তারা চিরকাল অবস্থান করবে।

২৬. নিশ্চয় আল্লাহ মশা অথবা তদপেক্ষা ক্ষুদ্রতর দৃষ্টান্ত বর্ণনা করতে লজ্জাবোধ করেন না. সুতরাং যারা ঈমান এনেছে তারা তো বিশ্বাস করবে যে. এ উপমা তাদের প্রভুর পক্ষ হতে খুবই স্থানোপযোগী হয়েছেঃ আর যারা কাফির হয়েছে, সর্বাবস্থায় তারা এটাই বলবে এসব নগণ্য বস্তুর উপমা দারা আল্লাহর উদ্দেশ্যই বা কি? তিনি এর দ্বারা অনেককে বিপথগামী করে থাকেন এবং এর দ্বারা অনেককে সঠিক পথ প্রদর্শন করেন, আর এর দ্বারা তিনি শুধ (পাপীষ্ট. ফাসিকদেরকেই বিপথগামী করে থাকেন।

২৭. যারা আল্লাহর সঙ্গে দৃঢ়ভাবে প্রতিজ্ঞাবদ্ধ হওয়ার পর তা ভঙ্গ করে এবং ঐসব সমন্ধ ছিল্ল করে যা অবিচ্ছিন্ন রাখতে আল্লাহ নির্দেশ দিয়েছেন এবং যারা ভূপৃষ্ঠে বিবাদ সৃষ্টি করে, তারাই পূর্ণ ক্ষতিগ্রস্ত ।

২৮. কিরপে তোমরা আল্লাহকে অবিশ্বাস করছো? অথচ তোমরা নির্জীব ছিলে, পরে তিনিই তোমাদেরকে সঞ্জীবিত করেছেন, إِنَّ اللهُ لَا يَسْتَخْهَانَ يَضْرِبَ مَثَلًا مَّا اَبُعُوضَةً فَمَا فَوْقَهَا عَفَامًا الَّذِيْنَ اَمَنُوافَيَعْلَمُوْنَ انَّهُ الْحَقُّ مِنْ رَّبِّهِمْ عَوَامًا الَّذِيْنَ كَفَرُوا فَيَقُوْلُوْنَ مَاذَا اَرَادَ الله بِهَنَا مَثَلَام يُضِلُّ بِهَ كَثِيرًا ﴿ وَيَهْرِئُ بِهِ كَثِيرًا ﴿ وَمَا يُضِلُّ بِهَ كَثِيرًا ﴿ وَمَا يُضِلُّ

الَّذِيْنَ يَنْقُضُونَ عَهْنَ اللَّهِ مِنْ بَعْدِ مِيْتَأَقِهُ ۗ وَيَقْطَعُونَ مَا آمَرَ اللَّهُ بِهَ اَنْ يُوْصَلَ وَيُفْسِدُونَ فِي الْاَرْضِ الْوَلِيكَ هُمُ الْخْسِرُونَ ۞

> كَيْفَ تَكْفُرُونَ بِاللهِ وَكُنْتُمْ اَمُواتًا فَاَضَيَاكُمْ قَلَمَ يُعِينُتُكُمْ ثُمَّ يُخِيئِكُمُ ثُمَّ اللَيْهِ تُرْجَعُونَ

১। ইবনে সিহাব থেকে বর্ণিত, তিনি মুহাম্মাদ বিন জুবাইর বিন মুতয়িম থেকে বর্ণনা করেন, জুবাইর বিন মুতয়িম তাকে জানিয়েছেন যে, <u>নি-চয়ই তিনি নবী</u> (সাল্পাল্পান্থ আলাইহি ওয়াসাল্পাম)-কে বলতে ওনেছে যে আত্মীয়তার সম্পর্ক ছিনুকারী জান্নাতে প্রবেশ করবেনা। (বুখারী, হাদীস নং ৫৯৮৪)

পুনরায় তিনি তোমাদেরকে নির্জীব করবেন, পরে আবার জীবন্ত করবেন, অবশেষে তোমাদেরকে তাঁরই দিকে প্রতিগমন করতে হবে।

২৯. তিনি তোমাদের জন্যে পৃথিবীতে যা কিছু আছে— সমস্তই সৃষ্টি করেছেন; অতঃপর তিনি আকাশের প্রতি মনঃসংযোগ করেন, অতঃপর সপ্ত আকাশ সুবিন্যস্ত করেন এবং তিনি সর্ব বিষয়ে মহাজ্ঞানী।

৩০. এবং যখন তোমার ফেরেশতাগণকে বললেনঃ নিশ্চয় পথিবীতে প্রতিনিধি করবো, তারা বললোঃ আপনি কি যমীনে এমন কাউকে সৃষ্টি করবেন যে, তারা সেখানে বিবাদ সৃষ্টি করবে এবং রক্তপাত করবে? আর আমরাই তো আপনার প্রশংসা গুণগান করছি এবং আপনারই পবিত্রতা বর্ণনা করে থাকি। তিনি বললেনঃ নিশ্চয় আমি যা পরিজ্ঞাত আছি তা তোমরা অবগত নও ৷

৩১. এবং তিনি আদমকে সমস্ত নাম
শিক্ষা দিলেন, অনন্তর তৎসমুদর
ফেরেশতাদের সামনে উপস্থাপিত
করলেন; তৎপর বললেনঃ যদি
তোমরা সভ্যবাদী হও, তবে আমাকে
এসব বস্তুর নামসমূহ জানাও।

هُوَالَّذِي خَلَقَ لَكُمْ مِّمَا فِي الْاَرْضِ جَمِيْعًا َهُ ثُمَّ السُتَوْسَ إِلَى السَّهَا ۚ فَسَوْمِهُنَّ سَبْعَ سَلُوٰتٍ ۚ وَهُوَ بِكُلِّ ثَنَيْءٍ عَلِيْمٌ ۚ

وَإِذْ قَالَ رَبُّكَ لِلْمَلَيْكَةِ إِنِّى ْجَاءِلٌ فِي الْالْرُضِ خَلِيُفَةً وَالْوَآ اَتَجُعَلُ فِيهَا مَن يُّفْسِلُ فِيهَا وَيَسْفِكُ الرِّمَاءَ وَنَحْنُ نُسُبِّحُ بِحَمْدِكَ وَنُقَرِّسُ لَكَ قَالَ إِنِّ آعَلَمُ مَا لاَ تَعْلَمُونَ ۞

وَعَلَّمَ اُدَمَ الْاَسُمَاءَ كُلَّهَا ثُمَّ عَرَضَهُمْ عَلَى الْمَلَيِكَةِ فَقَالَ اَثْبُؤُنْ فِي إِلَسُمَاءِ هَؤُلاَ إِنَ كُنْتُمْ طِيوِيْنَ ®

১। আনাস (রাযিআল্লাহু আনহু) নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) থেকে বর্ণনা করেছেন। নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ ঈমানদারগণ কিয়ামতের দিন একত্রিত (সমবেত) হয়ে বলবেঃ আমরা আমাদের রবের কাছে কাউকে সুপারিশকারী নিয়োগ করছি না কেন্দ্র তাই তারা আদম (আলাইহিস্সাল্লাম)-এর কাছে গিয়ে বলবে, আপনি সমগ্র মানব জাতির পিতা, আল্লাহু পাক আপনাকে নিজ হাতে সৃষ্টি করেছেন এবং তাঁর ফেরেশ্তা দিয়ে আপনাকে সিজদা করিয়েছেন আর সব কিছু জিনিসের নাম

11

৩২. তারা বলেছিল— আপনি পরম পবিত্র; আপনি আমাদেরকে যা শিক্ষা দিয়েছেন তদ্যতীত আমাদের কোনই জ্ঞান নেই; নিশ্চয়ই আপনি মহাজ্ঞানী, প্রজ্ঞাময়।

قَالُواْ سُبْحٰنَكَ لَاعِلْمَ لِنَاۤ إِلاَّمَاعَلَّبُتَنَا ۗ إِنَّكَ انْتَ الْعِلِيْمُ الْحَكِيْمُ ۞

আপনাকে শিখিয়েছেন। এ মসিবত থেকে রক্ষা পেয়ে যাতে আমরা শান্তি লাভ করতে পারি সেজন্য আপনি আপনার রবের কাছে আমাদের জন্য শাফায়াত করুন। তিনি বলবেনঃ আমি তোমাদের এ কাজের উপযুক্ত নই। তিনি তাঁর গোনাহের কথা স্মরণ করে লজ্জিত হবেন এবং বলবেনঃ তোমরা নূহের (আলাইহিস্সাল্লাম) কাছে যাওঁ। কারণ আল্পাহ্ পাক তাঁকে পৃথিবীবাসীর জন্য সর্বপ্রথম রাসূল হিসেবে পাঠিয়েছিলেন। তাই ঈমানদারগণ তাঁর (নৃহ আলাইহিস্সাল্লাম)-এর কাছে আসলে তিনি বলবেন, আমি তোমাদের এ কাজের উপযুক্ত নই। তিনি আল্লাহ্র কাছে তাঁর সেই প্রার্থনার কথা স্মরণ করে লজ্জাবোধ করবেন, যে প্রার্থনা করার বিষয়ে তাঁর কোন জ্ঞান ছিল না। তাই তিনি বলবেন তোমরা বরং হযরত ইবরাহীম (আলাইহিস্সাল্ল্মি)-এর কাছে যাও। সবাই তখন তাঁর নিকটে আসবেন। তিনিও বলবেন, আমি তোমাদের এ কাজের উপযুক্ত নই। তোমরা বরং মূসা (আঃ)-এর কাছে যাও কারণ তিনি আল্লাহর এমন এক বান্দা, যার সঙ্গে আল্লাহ পাক কথা বলেছেন এবং তাঁকে তাওরাত কিতাব দান করেছিলেন। অতঃপর সবাই তাঁর (হ্যরত মৃসা আলাইহিসুসাল্লাম)-এর কাছে উপস্থিত হলে তিনিও তার অপারগতার কথা জানিয়ে বলবেন যে, আমি তোমাদের এ কাজের উপযুক্ত নই। তিনি এক ব্যক্তিকে অন্যায়ভাবে হত্যা করার কারণে (শাফায়াতের জন্য) তার রবের সামনে যেতে লজ্জাবোধ করবেন। তিনি বলবেন, তোমরা বরং আল্লাহ্র বান্দা ও তাঁর রাসূল এবং আল্লাহ্র কালিমা ও রূহ ঈসার (আঃ) কাছে যাও। তিনিও তার অপারগতার কথা জানিয়ে বলবেন, আমি তোমাদের এ কাজের উপযুক্ত নই । তোমরা বরং মুহাম্মাদ (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম)-এর কাছে যাও। তিনি আল্লাহ্র এমন সম্মানিত বান্দা, আল্লাহ্ পাক ষার আগের ও পরের সমস্ত গোনাহ্ মাফ করে দিয়েছেন। রাস্পুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন তখন সবাই আমার কাছে আসবে। আমি আমার রবের কাছে হাজির হওয়ার অনুমতি প্রার্থনা করবো। আমাকে অনুমতি দেয়া হবে। আমি আমার রবকে দেখামাত্র সিজদায় পড়ে যাবো। যতক্ষণ তিনি চাইবেন ততক্ষণ আমি সিজদার অবস্থায় থাকবো। অতঃপর আমাকে বলা হবে, আপনি মাধা উঠান আপনি প্রার্থনা করুন। যা প্রার্থনা করেনে, তা দেয়া হবে। আর যা বলতে চান বলুন, তনা হবে। আর শাফায়াত করুন। আপনার শাফায়াত গ্রহণ করা হবে। তখন আমি মাথা উঠাবো এবং এমনভাবে আল্লাহ্র প্রশংসা করবো, যেভাবে আমাকে তিনি শিখিয়ে দিবেন। তার পর শাফায়াত করবো। শাফায়াত ব্যাপারে আমাকে একটি সীমা নির্দিষ্ট করে দেয়া হবে। (যারা সীমার মধ্যে পড়ে) তাদের সবাইকে জান্লাতে পৌছিয়ে আমি ফিরে আসবো। আমি আমার রবকে দেখামাত্র পূর্বের মত সিজদায় পড়ে যাবো। এবার পূর্ণবার আমাকে একটি সীমা নির্দিষ্ট করে দেয়া হবে। ঐ সীমার মধ্যে পড়ে এমন সবার জন্য আমি শাফায়াত করবো এবং তাদেরকে জান্নাতে পৌছিয়ে দেবো। এভাবে তৃতীয়বারও করবো। তারপর চতুর্থবারও ফিরে এসে বলবো। কুরআন যাদেরকে আটকিয়ে রেখেছে এবং যাদের জন্য স্থায়ীভাবে জাহানুাম নির্ধারিত, এখন শুধু তারা ছাড়া আর কেউ দোযথে নেই। (বুখারী, হাদীস নং ৪৪৭৬)

৩৩ তিনি বলেছিলেন হে আদম. তুমি তাদেরকে ঐ সকলের নামসমূহ জানিয়ে দাও: অতঃপর যখন সে তাদেরকে ঐগুলোর मिल. জানিয়ে তিনি তখন বলেছিলেনঃ আমি কি তোমাদেরকে বলিনি যে, নিশ্চয় আমি ভূমন্ডল ও নভোমভলের অদৃশ্য বিষয় অবগত আছি এবং তোমরা যা প্রকাশ কর ও যা গোপন কর আমি তাও পরিজ্ঞাত আছি।

৩৪ এবং যখন আমি ফেরেশতা-গণকে বলেছিলাম যে, তোমরা আদমকে সিজদা কর, তখন ইবলিস ব্যতীত সকলে সিজদা করেছিল; সে আগ্রাহ্য করলো ও অহংকার করলো এবং কাফিরদের অন্তর্ভুক্ত হয়ে গেল।

৩৫. এবং আমি বললাম হে আদম! তুমি ও তোমার সহধর্মিণী জানাতে অবস্থান কর এবং তা হতে যা ইচ্ছা স্বচ্ছন্দে ভক্ষণ কর; কিন্তু ঐ বৃক্ষের নিকটবর্তী হয়ো না— অন্যথা তোমরা অত্যাচারীগণের অন্তর্ভুক্ত হয়ে যাবে।

৩৬, অনন্তর শয়তান তাদের উভয়কে সেখান থেকে পদশ্বলিত করলো. তৎপরে তারা যেখানে ছিল তথা হতে তাদেরকে বহির্গত করলো; এবং আমি বললাম
— তোমরা নীচে নেমে যাও, তোমরা পরস্পর পরস্পরের শক্র; এবং পৃথিবীতেই তোমাদের জন্যে এক নির্দিষ্টকালের অবস্থিতি ও ভোগ-সম্পদ রয়েছে।

قَالَ يَأْدُمُ أَنَّكِئُهُمُ بِأَسْبَا بِهِمْ قَلَيَّا ٱنْبَاهُمْ بِٱسْمَا بِهِمْ لَا قَالَ ٱلْمُ ٱقُلُ لَّكُمْ إِنِّي ٱعْلَمُ غَيْبَ السَّلْوْتِ وَالْأَرْضِ ۗ وَٱعْلَمُ مَا تُبُدُونَ وما كُنْدُ تُكْتُدُن الله الله

وَإِذْ قُلُنَا لِلْمَلْلِيكَةِ السُجُنُ وَالِأَدَمَ فَسَجَنُ وَاللَّا إِبُلِيسَ اللهِ وَاسْتَكُبُرُ وَكَانَ مِنَ الْكَفِرِينَ @

وَقُلْنَا يَادُهُمُ اسْكُنْ اَنْتَ وَزُوْجُكَ الْجَنَّةَ وَكُلامِنُهَا رَغَدًا حَيْثُ شِئْتُهَا ۗ وَلا تَقْرَبَا هٰنِهِ الشَّجَرَةَ فَتَكُوْنَا مِنَ الظَّلِمِيْنَ ۞

فَأَزَلَّهُمَا الشَّيْظِنُ عَنْهَا فَأَخْرَجَهُمَا مِمَّا كَانَا فِيْهِ وَقُلْنَا اهْبِطُوا بِعَضْكُمْ لِبَغْضِ عَنُونَ وَلَكُمْ فى الْأَرْضِ مُستَقَرٌّ وَمَتَاعٌ إلى حِيْنِ اللهِ পারা ১

৩৭. অনন্তর আদম স্বীয় প্রতিপালক হতে কতিপয় বাক্য শিক্ষা করলেন, আল্লাহ তখন তাঁর তাওবা কবৃল করে তাঁকে ক্ষমা করলেন। নিশ্চয় তিনি ক্ষমাশীল, করুণাময়।

৩৮. আমি বললামঃ তোমরা সবাই এখান (জানাত) হতে নিচে নেমে যাও; অনন্তর আমার পক্ষ হতে তোমাদের নিকট যে হেদায়েত উপস্থিত হবে পরে যে আমার সেই হেদায়েতের অনুসরণ করবে বস্তুতঃ তাদের কোনই ভয় নেই এবং তারা চিন্তিত হবে না।

৩৯. আর যারা অবিশ্বাস করবে ও আমার নিদর্শনসমূহে মিথ্যারোপ করবে তারাই জাহান্নামের অধিবাসী, সেখানে তারা সদা অবস্থান করবে।

80. হে ইসরাঈল বংশধর, আমি তোমাদেরকে যে নেয়ামত দান করেছি তা স্মরণ কর এবং আমার অঙ্গীকার পূর্ণ কর, আমিও তোমাদের অঙ্গীকার পূর্ণ করবো এবং তোমরা শুধু আমাকেই ভয় কর।

83. এবং আমি যা অবতীর্ণ করেছি
তৎপ্রতি বিশ্বাস স্থাপন কর,
তোমাদের সাথে যা আছে তা তারই
সত্যতা প্রমাণকারী এবং এতে
তোমরাই প্রথম অবিশ্বাসী হয়ো না
এবং আমার আয়াতসমূহের পরিবর্তে
সামান্য মূল্য গ্রহণ করো না এবং
তোমরা বরং আমাকেই ভয় কর।

8২. আর তোমরা সত্যকে মিথ্যার সাথে মিশ্রিত করো না এবং সে সত্য فَتَكَفَّى اَدَمُرمِنُ رَّبِهِ كَلِمْتٍ فَتَابَ عَلَيْهِ طَ إِنَّهُ هُوَ التَّوَّابُ الرَّحِيْمُ ۞

قُلْنَا اهْبِطُوْامِنْهَاجِينُعًا ۚ فَاِهَا يَأْتِيَنَّكُمُ مِّنِّى هُلَّى فَنَنْ تَبِعُ هُدَاى فَلاَخُوْفٌ عَلَيْهِمُ وَلاهُمُ يَخْزَنُونَ ۞

وَالَّذِيْنَ كَفَرُوا وَكَذَّبُوا بِالْيَتِنَّا ٱوَلَيْكَ اَصَحْبُ النَّارِ هُمُ فِيْهَا خُلِدُونَ أَ

لِبَنِيَّ اِسْرَآءِيُلَ اذْكُرُوْا نِعْمَتِيَ الَّتِيِّ اَنْعَمْتُ عَلَيْكُمْ وَاَوْفُوْا بِعَهْدِئَ اُوْفِ بِعَهْدِكُمْ وَاِتَّاٰىَ فَارْهُبُونِ۞

وَاٰمِنُوٰا بِمَنَّا آنُوْلُتُ مُصَدِّقًا لِّمَا مَعَكُمْ وَلاَ تَكُوْنُوْٓا اَوَّلَ كَافِرٍ بِهِ ۖ وَلاَ تَشْتَرُوْا بِالْيَّتِىُ ثَمَنًا قَلِيلًا ﴿ وَإِيَّاكَ فَالثَّقُوْنِ ۞

وَلا تَلْبِسُوا الْحَقَّ بِالْبَاطِلِ وَتُكْتُنُوا الْحَقَّ

গোপন করো না যেহেতু তোমরা তা অবগত আছ ^১

৪৩. আর তোমরা নামায প্রতিষ্ঠিত কর ও যাকাত প্রদান কর এবং রুকৃ'কারীদের সাথে রুকৃ' কর।

88. তবে কি তোমরা লোকদেরকে সংকার্যে আদেশ করছো এবং তোমাদের নিজেদের ভুলে যাচছ— অথচ তোমরা গ্রন্থ পাঠ কর; তবে কি তোমরা হৃদয়ঙ্গম করছো নাং^২

৪৫. এবং তোমরা ধৈর্য ও নামায়ের মাধ্যমে সাহায়্য প্রার্থনা কর এবং অবশ্যই তা' কঠিন; কিন্তু বিনীতগণের পক্ষে নয়। وَٱنْتُوْ تَعْلَمُونَ ۞

وَاقِيْمُواالصَّلْوَةَ وَأَتُوا الزَّكُوةَ وَازُكَعُواْ صَعَ الزِّكِعِيْنَ ۞

اَتَأْمُرُونَ النَّاسَ بِالْبِرِّ وَتَنْسَوْنَ اَنْفُسَكُمْ وَالْفُسَكُمْ وَالْفُسَكُمْ وَالْفُسَكُمْ

وَاسْتَعِيْنُوُا بِالصَّبُرِوَ الصَّلُوةِ دَوَاِنَّهَا لَكَبِيْرَةٌ إِلَّاعَلَى الْخُشِعِيْنَ ﴿

১। আতা ইবনে ইয়াসার (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত, তিনি বলেছেনঃ আমি আব্দুল্লাহু ইবনে আমর ইবনে আ'স (রাযিআল্লাহু আনহু)-এর সাথে সাক্ষাত করে তাঁকে বললামঃ তাওরাতে বর্ণিত রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর কিছু বৈশিষ্ট্যের কথা আমাকে অবহিত করুন। তিনি বললেন হাঁা ঠিক কথা, আল্লাহ্র কসম! তাওরাতে তাঁর এমন কিছু বৈশিষ্ট্য ও গুণাবলী উল্লেখ রয়েছে যা কুরআনে বর্ণিত হয়েছে। "হে নবী! আমি তো তোমাকে পাঠিয়েছি সাক্ষীরূপে এবং সুসংবাদদাতা ও সতর্ককারী রূপে।" (সূরাঃ আল-আহ্যাবঃ ৪৫) এবং অশিক্ষিতদের রক্ষাকারী হিসাবে প্রেরণ করেছি। তুমি আমার বান্দা এবং রাসূল। আমি তোমার নাম রেখেছি মুতাওয়াক্কিল বা ভরসাকারী, তিনি কঠিন হৃদয়ের অধিকারী নন, দুশ্চরিত্র এবং বাজারে সোরগোল সৃষ্টিকারী নন, এবং তিনি কোন মন্দ দ্বারা মন্দকে প্রতিহতকারী নন। বরং তিনি ক্ষমা এবং মাফকারী এবং ততক্ষণ পর্যন্ত আল্লাহ্ তাঁকে দুনিয়া থেকে উঠিয়ে নিবেন না যতদিন না ল্রান্ত সমাজ সঠিক পথের দিশা পাবে। অর্থাৎ সমাজবাসী লা-ই-লাহা ইল্লাল্লাহর সাক্ষী দিবে এবং এর দ্বারা অন্ধের চোখ, বিধিরের কান ও বদ্ধ অন্তর খুলবে। (বুখারী, হাদীস নং ২১২৫)

২। সুলাইমান থেকে বর্ণিত তিনি বলেন, আমি আবু ওয়েলকে বলতে শুনেছি। ওসামা (রাযিআল্লাছ আনছ)-কে বলা হল যে, আপনি তাঁকে (ওসমান) (রাযিআল্লাছ আনছ)-কে কিছু বলছেন না কেন? তিনি বললেন আমি তাঁকে গোপনে ব্যক্তিগতভাবে বলেছি। আর তা এজন্যই যে, আমি চাই না যে, তাঁর অনুপস্থিতিতে তাঁর বদনাম রটিয়ে সর্বপ্রথম আমি ফেতনা-ফ্যাসাদের দরজা খুলি। এবং আমি এটাও চাই না যে, যখন দুইজনের মধ্যে একজন আমীর নিযুক্ত হয় তখন তাঁকে সম্ভন্ত করানোর জন্য বলব যে তুমি ভাল। কেননা আমি যখন থেকে রাসূল (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম)-কে বলতে শুনেছি যে, কিয়ামতের দিন এক ব্যক্তিকে আনা হবে, অতঃপর তাকে জাহান্নামে নিক্ষেপ করা হবে, এবং গাধা চক্রাকারে ঘুরে যেমন গম পিষে তেমনি তাকে দোযথে পিষ্ট করা হবে। (শান্তি দেওয়া হবে) এবং জাহান্নামবাসীরা চতুর্ল্পাশে সমবেত হয়ে জিজ্ঞেস করবে হে ওমুক ব্যক্তি তুমি কি আমাদেরকে পৃথিবীতে সংকাজের আদেশ এবং অসৎ কাজের নিষেধ করতে না? সে বলবে আমি তোমাদেরকে সংকাজের আদেশ দিতাম, অথচ নিজে তা, করতাম না এবং অসৎ কাজ থেকে নিষেধ করতাম কিন্তু নিজে তা, করতাম। (বুখারী, হাদীস নং ৭০৯৮)

৪৬. যারা ধারণা করে যে, নিশ্চয় তারা তাদের প্রতিপালকের সম্মিলিত হবে এবং তারা তাঁরই দিকে প্রতিগমন করবে।

৪৭.হে বানী ইসরাঈল! তোমাদেরকে যে নেয়ামত করেছি তা স্মরণ কর এবং নিশ্চয় আমি তোমাদেরকে সমগ্র পৃথিবীর উপর শ্রেষ্ঠত্ব দান করেছি।

৪৮ এবং তোমরা সে দিবসকে ভয় কর. যেদিন কোন ব্যক্তি অন্য ব্যক্তি হতে কিছুমাত্র উপকৃত হবে না এবং কোন ব্যক্তি হতে কোন সুপারিশও গৃহীত হবে না, কোন ব্যক্তি হতে কোন বিনিময়ও গ্রহণ করা হবে না এবং তাদেরকে সাহায্য করাও হবে না।

৪৯. এবং যখন আমি তোমাদেরকে ফির'আউনের সম্প্রদায় হতে বিমুক্ত করেছিলাম— তারা তোমাদেরকে কঠোর শাস্তি প্রদান তোমাদের পুত্রগণকে হত্যা করতো ও তোমাদের কন্যাগণকে জীবিত রাখতো এবং এতে তোমাদের প্রতিপালক হতে তোমাদের জন্যে মহাপরীক্ষা ছিল।

৫০. এবং যখন আমি তোমাদের জন্য সমুদ্রকে বিভক্ত করেছিলাম. তৎপর তোমাদেরকে উদ্ধার করে-ছিলাম ও ফির'আউনের স্বজনবৃন্দকে নিমজ্জিত করেছিলাম এমতাবস্থায় তোমরা তা প্রত্যক্ষ করছিলে।

৫১. এবং যখন আমি মুসার সঙ্গে চল্লিশ রজনীর অঙ্গীকার করেছিলাম, অনম্ভর

الَّذِينَ يُظُنُّونَ انَّهُمْ مُّلْقُوا رَبِّهِمْ وَانَّهُمْ اِلَيْهِ رَجِعُونَ 💣

التقرا

يْبِئِي إِسْرَاءِيْلَ إِذْكُرُواْ نِعْبَتِي الَّذِي ٱنْعَيْتُ ٱنْعَيْتُ عَلَيْكُمْ وَ آنَّى فَضَّلْتُكُمْ عَلَى الْعَلَمِينَ ۞

وَاتَّقُواْ يَوْمًا لاَّ تَجُزِى نَفْسٌ عَنْ نَّفْسٍ شَيْئًا وَّلا يُقْبَلُ مِنْهَا شَفَاعَةٌ وَّلا يُؤْخَذُ مِنْهَاعَدُلُّ وَلاهُمْ يُنْصَرُونَ ٠

وَإِذْ نَجَّيْنَكُمْ مِّنَ إِلِ فِرْعَوْنَ يَسُومُونَكُمْ سُوْءَ الْعَنَابِ يُذَابِّحُونَ اَبُنَاءَكُمْ وَيَسْتَحْيُونَ نِسَاءَكُمْ ط وَفِي ذَٰلِكُمْ بَلاَءً مِّن رَّبِّكُمْ عَظِيمٌ ®

> وَإِذْ فَرَقْنَا بِكُمُ الْيَحْرَ فَانْجَيْنِكُمْ وَ آغْرَقْنَآ ال فِرْعَوْنَ وَانْتُمْ تَنْظُرُونَ @

وَ إِذْ وَعَنْ نَا مُوْلَى ٱذْبَعِيْنَ لَيْلَةً ثُمَّا اتَّخَذْ تُمُّ

তার পরে তোমরা গো-বৎসকে (মা'বৃদ হিসেবে) গ্রহণ করেছিলে এবং তোমরা অত্যাচারী ছিলে।

৫২. তা সত্ত্বেও আমি তোমাদেরকে মার্জনা করেছিলাম— যেন তোমরা কৃতজ্ঞতা প্রকাশ কর।

৫৩. আর যখন আমি মৃসাকে গ্রন্থ ও ফুরকান (প্রভেদকারী) দিয়েছিলাম, যেন তোমরা সুপথ প্রাপ্ত হও।

৫৪. আর যখন মূসা (ব্রুট্রা) স্বীয় সম্প্রদায়কে বললেনঃ হে আমার সম্প্রদায়! নিশ্চয় তোমরা গো-বৎসকে (ইবাদতের জন্যে) গ্রহণ করে তোমাদের নিজেদের অত্যাচার করেছো; অতএব তোমরা তোমাদের সৃষ্টিকর্তার নিকট ক্ষমা প্রার্থনা করু আর তোমরা পরস্পরকে তোমাদের সষ্টিকর্তার হত্যা কর এটাই তোমাদের কল্যাণকর: অনন্তর তিনি তোমাদের প্রতি ক্ষমা দান করেছিলেন, নিশ্চয় তিনি ক্ষমাশীল, করুণাময়।

কে. এবং যখন তোমরা বলেছিলেঃ হে মূসা! আমরা আল্লাহকে প্রকাশ্যভাবে দর্শন না করা পর্যন্ত তোমাকে বিশ্বাস করবো না— তখন বিদ্যুৎ (বজ্ব) তোমাদেরকে আক্রমণ করেছিল ও তোমরা তা প্রত্যক্ষ করেছিলে।

৫৬. তৎপর তোমাদের মৃত্যুর পর আমি তোমাদেরকে সঞ্জীবিত করেছিলাম, যেন তোমরা কৃতজ্ঞতা প্রকাশ কর। الْعِجْلَ مِنْ بَعْدِهِ وَانْتُكُمْ ظٰلِمُونَ ٠

ثُمَّرَعَفُوْنَاعَنْكُمُ مِّنْ بَعْدِ ذٰلِكَ لَعَلَّكُمْ تَشْكُرُونَ ﴿

وَإِذْ اٰتَيْنَا مُوْسَى الْكِتَبَ وَالْفُرْقَانَ لَعَلَّكُمْ

وَاِذْقَالَ مُوْسَى لِقَوْمِهِ لِنَقَوْمِ اِنَّكُمْ ظَلَمْتُمُ ٱنْفُسَكُمْ بِاتِّخَاذِكُمُ الْعِجْلَ فَتُوْبُوۤۤۤۤۤۤۤۤۤۤۤۤۤڶِلۡ بَارِيكُمْ فَاقْتُلُوۤۤٱنْفُسَكُمْ ۖ ذٰلِكُمْ خَيْرٌ لَكُمْ عِنْدَبَارِيكُمْ فَتَابَ عَلَيْكُمْ ۗ إِنَّهُ هُوَالتَّوَّابُ الرَّحِيْمُ ۞

وَإِذْ قُلْتُمْ لِيُمُوْلِي لَنْ نُؤْمِنَ لَكَ حَتَّى نَرَى الله جَهُرَةً فَاَخَنَ تُكُمُ الطِّعِقَةُ وَانْتُمُ

نُمَّ بِعَثْنَاكُمْ مِّنَ بَعْلِ مَوْتِكُمْ لَعَلَّكُمْ تَشُكُرُونَ ٠

1 2

৫৭. এবং আমি তোমাদের উপর মেঘমালার ছায়া দান করেছিলাম এবং তোমাদের প্রতি 'মান্না' ও 'সালওয়া' অবতীর্ণ করেছিলাম; আমি তোমাদের যে উপজীবিকা দান করেছি সে পবিত্র জিনিস হতে ভক্ষণ কর; এবং তারা আমার কোন অনিষ্ট করেছিল।

৫৮. এবং যখন আমি বললামঃ তোমরা এ নগরে প্রবেশ কর, অতঃপর তা হতে ইচ্ছামত ভক্ষণ কর এবং নতশিরে দ্বারে প্রবেশ কর ও তোমরা বলঃ আমরা ক্ষমা প্রার্থনা করছি, তাহলে আমি তোমাদের অপরাধসমূহ ক্ষমা করবো এবং অচিরেই সংকর্মশীলগণকে অধিকতর দান করবো।

৫৯. অনম্ভর যারা অত্যাচার করেছিল— তাদেরকে যা বলা হয়েছিল,
তৎপরিবর্তে তারা সে কথার
পরিবর্তন করলো, পরে অত্যাচারীরা
যে দুষ্কার্য করেছিল, তজ্জন্যে আমি
তাদের উপর আকাশ হতে শাস্তি
অবতীর্ণ করেছিলাম।

وَظَلَّلُنَا عَلَيْكُمُ الْغَمَامَ وَانْزَلْنَا عَلَيْكُمُ الْمَنَّ وَالسَّلُوٰى لِمُكُواْ مِنْ طَيِّبْتِ مَا رَزَقْنَكُمْ لَوَ وَمَا ظَلَمُوْنَا وَلَكِنْ كَانُوْا اَنْفُسَهُمْ يَظْلِمُوْنَ ﴿

وَإِذْ قُلُنَا ادْخُلُوا هَٰنِهِ الْقَرْبِيَةَ فَكُلُوا مِنْهَا حَيْثُ شِعْتُمُ رَغَكَا وَّ ادْخُلُوا الْبَابَ سُجَّدًا وَّقُولُو احِطَّةٌ لَّغُفِرُ لَكُمُ خَطْلِكُمُ وسَنَزِيْنُ الْمُحْسِنِيْنَ ﴿

فَبَكَّ لَ الَّذِيْنَ ظَلَمُواْ قَوْلًا غَيْرَ الَّذِي قِيْلَ لَهُمُ فَانْزَلْنَا عَلَى الَّذِيْنَ ظَلَمُواْ رِجْزًا صِّنَ السَّمَآءِ بِمَا كَانُواْ يَفْسُقُوْنَ ﴿

১। সাঈদ বিন যায়েদ (রাযিআল্লান্থ আনহু) থেকে বর্ণিত, তিনি বলেনঃ রাস্পুল্লার্ (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ ব্যাঙের ছাতা, 'মান্না' (একপ্রকার খাদ্য যা আল্লাহ্ বনী ইসরাঈলের জন্য আকাশ থেকে প্রত্যহ্ অবতীর্ণ করতেন) এবং এর পানি চোখের আরোগ্য। (বুখারী, হাদীস নং ৪৪৭৮)

২। আমের বিন সা'দ বিন আবি ওয়াক্কাস সে তার পিতা থেকে বর্ণনা করেন যে, নিশ্চয়ই সে তার পিতাকে ওসামা বিন যায়েদকে জিজ্ঞেস করতে শুনেছেন যে, আপনি তাউন (প্রেগ মহামারী) সম্পর্কে রাসূল (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম)-এর নিকট থেকে কি কিছু শুনেছন? ওসামা বললেনঃ রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) বলছেনঃ প্রেগ মহামারী এক প্রকার আসমানী গজব যা সর্ব প্রথম বনি ইসরাঈলের এক ক্রুপের উপর আপতিত হয়েছিল। অথবা যারা তোমাদের পূর্বে ছিল তাদের উপর আপতিত হয়েছিল। যথন শুনবে যে কোন এলাকায় এ রোগ দেখা দিয়েছে, তখন তোমরা সেখানে যেও না। আর যদি এমন জায়গায় ছডিয়ে পড়ে যেখানে তোমরা অবস্থান করছ, তাহলে পালানোর উদ্দেশ্যে সেখান থেকে অন্য

৬০. এবং যখন মৃসা (স্ট্রা) স্বীয় সম্প্রদায়ের জন্যে পানি প্রার্থনা করেছিলেন তখন আমি বলেছিলাম তুমি স্বীয় লাঠি দ্বারা প্রস্তরে আঘাত কর; অনন্তর তা হতে বারটি ঝর্ণা প্রবাহিত হলো; প্রত্যেকেই স্ব-স্ব ঘাট জেনে নিল; তোমরা আল্লাহর উপজীবিকা হতে ভক্ষণ কর ও পান কর এবং পৃথিবীতে শান্তি ভঙ্গকারী রূপে বিচরণ করো না।

৬১. এবং যখন তোমরা বলেছিলেঃ হে মূসা, আমরা একইরূপ খাদ্যে ধৈর্যধারণ করতে পারি না, অতএব তুমি আমাদের জন্যে তোমার প্রভুর নিকট প্রার্থনা কর

যেন তিনি আমাদের জনাভূমিতে যা উৎপন্ন হয়. তা হতে শাক-সজি. কাঁকুড়, গম. মসুর এবং পেঁয়াজ উৎপাদন করেন; সে বলেছিলঃ যা উৎকৃষ্ট তোমরা কি তার সঙ্গে যা নিকৃষ্ট তার বিনিময় করতে চাও? কোন নগরে উপনীত হও প্রার্থিত দ্রব্যগুলো অবশ্যই প্রাপ্ত হবে এবং তাদের উপর লাঞ্ছনা ও দারিদ নিপতিত হলো এবং তারা আল্লাহর ক্রোধে পতিত হলো এহেত্ নিশ্চয় নিদর্শনসমূহ অস্বীকার করতো অন্যায়ভাবে নবীগণকে হত্যা করতো: এবং কারণেও যে, তারা অবাধ্যাচরণ করেছিল সীমা অতিক্রম করেছিল।

إِنَّ الَّذِيْنَ كَفَرُوا وَمَاتُوا وَهُمْ كُفَّارٌ اُولِيِكَ عَلَيْهِمْ لَغْنَةُ اللَّهِ وَالْمَلَيِكَةِ وَالنَّاسِ اَجْمَعِيْنَ ﴿

خْلِدِيْنَ فِيْهَا ۚ لَا يُخَفَّفُ عَنْهُمُ الْعَنَاابُ وَلَاهُمُ يُنْظَرُونَ ﴿

وَالْهُكُمْ اللَّهُ وَّاحِبُّ لَآ اِللَّهَ الآلَّهُ الرَّحْمُنُ الرَّحِيْمُ ﴿

১৬৪. নিশ্চয় নভোমভল সৃষ্টিতে, দিন ও রাতের পরিবর্তনে, জাহাজসমূহের চলাচলে— যা মানুষের লাভজনক এবং সম্ভার নিয়ে সমুদ্রে চলাচল করে, আল্লাহ আকাশ হতে বৃষ্টি পৃথিবীকে বর্ষণ দারা পুনর্জীবিত করেন তাতে. প্রত্যেক বিস্তার জীবজন্তর তাতে করেন বায়ুরাশির গতি পরিবর্তনে এবং আকাশ ও পৃথিবীর মধ্যস্থ নিয়ন্ত্রিত মেঘমালায় সত্য জ্ঞানবান সম্প্রদায়ের জন্যে নিদর্শন রয়েছে।

১৬৫.এবং মানবমন্ডলীর মধ্যে এরপ কিছু লোক আছে— যারা আল্লাহর মোকাবেলায় অপরকে সমকক্ষ স্থির করে, আল্লাহকে ভালবাসার ন্যায় তারা তাদেরকে ভালবেসে থাকে এবং যারা বিশ্বাস স্থাপন করেছে— আল্লাহর প্রতি তাদের ভালবাসা দৃঢ়তর এবং যারা অত্যাচার করেছে তারা যদি শাস্তি অবলোকন করতো, তবে বুঝতো যে, সমুদয় শক্তি আল্লাহর জন্যে এবং নিশ্চয় আল্লাহ

১৬৬. যখন অনুসরণীয় নেতারা অনুসারীদেরকে প্রত্যাখ্যান করবেএবং তারা শান্তি প্রত্যক্ষ করবে ও তাদের সমস্ত সমন্ধ বিচ্ছিন্ন হয়ে যাবে। إِنَّ فِي خَنِقِ السَّمَوْتِ وَالْأَرْضِ وَاخْتِلَافِ النَّيْلِ
وَ النَّهَادِ وَ الْفُلُكِ الَّذِي تَجُرِى فِي الْبَحْدِ بِمَا
يَنْفَعُ النَّاسَ وَمَا أَنْزَلَ اللهُ مِنَ السَّمَاءِ مِنْ
مَّاءٍ فَاخْيَا بِهِ الْأَرْضَ بَعْلَ مَوْتِها وَبَثَ فِيْها
مِنْ كُلِّ دَابَّةٍ ﴿ وَتَصُولِهِ الرِّيحِ وَ السَّحَابِ
الْمُسَخَّرِ بَيْنَ السَّمَاءِ وَ الْأَرْضِ لَأَيْتٍ لِقَوْمٍ
يَعْقِدُونَ ﴿

وَمِنَ النَّاسِ مَنْ يَتَنَخِنُ مِنْ دُوْنِ اللَّهِ اَنْدَادًا يُّحِبُّوْنَهُمُ كَحُبِ اللَّهِ ﴿ وَالَّذِينَ امَنُوْاۤ اَشَكُ حُبًّا يِّلْهِ ﴿ وَلَوْ يَرَى الَّذِينَ ظَلَمُوْاۤ اِذْ يَرَوْنَ الْعَذَابِ ﴿ اَنَّ الْقُوَّةَ لِلْهِ جَعِيْعًا ﴿ وَآنَ اللَّهَ شَدِيْدُ الْعَذَابِ ﴿

إِذْ تَكَبَّزَاَ الَّذِيْنَ التَّبِعُواْ مِنَ الَّذِيْنَ الَّبَعُواْ وَ رَاوُا الْعَذَابَ وَتَقَطَّعَتْ بِهِمُ الْاَسْبَابُ ۞

১। আব্দুল্লাহ্ ইবনে মাসউদ (রাথিআল্লাছ্ আনছ্) থেকে বর্ণিত তিনি বলেন, নবী (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) একটি কথা বলেছেন এবং আমি (তার বিপরীত) আরেকটি কথা বলছি। নবী (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) বলেনঃ যে, আল্লাহ্ ব্যতীত অন্য কাউকে ডাকা অবস্থায় এবং তাকে আল্লাহ্র সমকক্ষ মনে করা অবস্থায় (শিরক করে) মারা গেল সে জাহান্নামে প্রবেশ করবে। এবং আমি বলছি যে, আল্লাহ্র সাথে কাউকে না ডেকে বা সমকক্ষ মনে না করে মৃত্যুবরণ করল সে জান্নাতে প্রবেশ করবে। (বুখারী, হাদীস নং ৪৪৯৭)

পারা ২

১৬৭. অনুসরণকারীরা বলবেঃ যদি আমরা ফিরে যেতে পারতাম তবে তারা যেরূপ আমাদেরকে প্রত্যাখ্যান করেছে আমরাও তদ্রূপ তাদেরকে প্রত্যাখ্যান করতাম: এভাবে আল্লাহ কৃতকর্মসমূহ দুঃখজনকভাবে প্রদর্শন করাবেন এবং তারা জাহান্লাম হতে উদ্ধার পাবে না।

১৬৮. হে মানবগণ! পৃথিবীর মধ্যে যা বৈধ-পবিত্র, তা হতে ভক্ষণ কর এবং শয়তানের পদাস্ক অনুসরণ করো না, নিশ্চয় সে তোমাদের প্রকাশ্য শক্র।

১৬৯. সে তো কেবল তোমাদেরকে মন্দ ও অশ্লীল কার্যের এবং আল্লাহ সম্বন্ধে তোমরা জান না এমন সব বিষয় বলার নির্দেশ দেয়।

১৭০. এবং যখন তাদেরকে বলা হয় যে, আল্লাহ যা অবতীর্ণ করেছেন তার অনুসরণ কর; তখন তারা বলে— বরং আমরা তারই অনুসরণ করবো যার পিতৃপুরুষগণকে উপর আমাদের পেয়েছি: যদিও তাদের পুরুষদের কোনই জ্ঞান ছিল না এবং তারা সুপথগামী ছিল না তবুও?

১৭১. আর যারা অবিশ্বাস করেছে তাদের দৃষ্টান্ত ওদের ন্যায়। যেমন কেউ আহ্বান করলে শুধু চিৎকার ও ধ্বনি ব্যতীত আর কিছুই শুনে না; তারা বধির, মূক, অন্ধ, কাজেই তারা বুঝতে পারে না।

স্থাপনকারীগণ! ১৭২. হে বিশ্বাস আমি তোমাদেরকে যা উপজীবিকা

وَقَالَ الَّذِيْنَ اتَّبَعُوا لَوَانَّ لَنَا كُرَّةً فَنَتَبَرًّا مِنْهُمْ كَيَا تَكِرَّءُوْا مِنَّاطِكُنْ لِكَ يُرِيْهِمُ اللهُ اَعْمَالُهُمْ حَسَرَتٍ عَلَيْهِمُ الْوَمَا هُمْ بِخْرِجِيْنَ مِنَ النَّادِ ﴿

سيقول٢

يَايُّهَا النَّاسُ كُلُوا مِمَّا فِي الْأَرْضِ حَلْلًا طَيِّبًا ﴿ وَلا تَتَّبِعُوا خُطُوتِ الشَّيْطِي ۖ إِنَّهُ لَكُمُ ءَوُ هُو مُبِينٌ ® عَلُ وَ مُبِينٌ ®

> إِنَّهَا يَأْمُرُكُمُ بِالسُّوْءِ وَالْفَحْشَاءِ وَأَنْ تَقُوْلُوا عَلَى اللهِ مَا لَا تَعْلَمُونَ 🕾

وَإِذَا قِيْلَ لَهُمُ اتَّبِعُوا مَآ اَنْزَلَ اللهُ قَالُوا بَلْ نَتَّبِعُ مَا الْفَيْنَا عَلَيْهِ ابَّآءَنَا اللَّهُ لَوْ كَانَ الكَاؤُهُمُ لا يَعْقِلُونَ شَيْعًا وَلا يَهْتَدُونَ ﴿

وَمَثَلُ الَّذِيْنَ كَفَرُوْا كَمَثَلِ الَّذِي يَنْعِقُ بِمَا لَا يَسْمَعُ إِلَّا دُعَامًا قَ نِلَاآءً اللَّهُ عُنيٌّ فَهُمْ لَا يَغْقَلُونَ @

يَايَّهُا اتَّن يْنَ أَمَنُوا كُلُوا مِنَ طَيِّبْتِ

স্বরূপ দান করেছি সেই পবিত্র বস্তুসমূহ ভক্ষণ কর এবং আল্লাহর নিকট কৃতজ্ঞতা প্রকাশ কর যদি তোমরা তাঁরই উপাসনা করে থাকো।

১৭৩. তিনি শুধু তোমাদের জন্যে মৃত জীব, রক্ত প্রবাহিত রক্ত), শৃকরের মাংস এবং যা আল্লাহ ব্যতীত অপরের উদ্দেশ্যে উৎসর্গিত তা হারাম করেছেন; কিন্তু যে ব্যক্তি নিরুপায়; (হারামের প্রতি) ইচ্ছুক নয় এবং তা ভক্ষণের ক্ষেত্রে) সীমালজ্ঞানকারী নয়, তার জন্যে পাপ নেই এবং নিশ্চয় আল্লাহ ক্ষমাশীল, করুণাময়।

১৭৪. নিশ্চয় আল্লাহ যা গ্রন্থে অবতীর্ণ করেছেন তা যারা গোপন করে ও তৎপরিবর্তে নগণ্য মূল্য গ্রহণ করে, নিশ্চয় তারা স্ব-স্ব উদরে অগ্লিছাড়া অন্য কিছু ভক্ষণ করে না এবং কিয়ামত দিবসে আল্লাহ তাদের সাথে কথা বলবেন না, তাদেরকে পবিত্র করবেন না এবং তাদের জন্যে রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

مَا رَزَقُنْكُمْ وَاشْكُرُوا لِلهِ إِنْ كُنْتُمْ لِللهِ إِنْ كُنْتُمُ لِللهِ إِنْ كُنْتُمُ لِللهِ اِنْ كُنْتُمُ

إِنَّهَا حَرَّمَ عَلَيْكُمُ الْهَيْتَةَ وَالدَّهَ وَلَحُمَ وَلَحُمَ الْهَيْتَةَ وَالدَّهَ وَلَحُمَ الْمُؤْتُةَ الْخِنْزِيْرِ وَمَآ أَهِلَّ بِهِ لِغَيْرِ اللّهِ ۚ فَنَنِ اضْطُرَّ غَيْرَ بَاغٍ وَلاعَادٍ فَلاَّ اِثْمَ عَلَيْهِ ۖ إِنَّ اللّهَ غَفُوْرُ رَّحِيْمٌ۞

إِنَّ الَّذِيْنَ يَكْتُنُوْنَ مَا آنْزَلَ اللهُ مِنَ الْكِتْبِ
وَ يَشْتَرُوْنَ بِهِ ثَمَنًا قَلِيْلًا اللهُ مِنَ الْكِتْبِ
فِي يَشْتَرُوْنَ بِهِ ثَمَنًا قَلِيْلًا الْوَلَيْكَ مَا يَأْكُلُوْنَ
فِي بُطُوْنِهِمُ اللهُ يَوْمَ
الْقِيْمَةِ وَلاَ يُزَلِّيْهِمْ اللهُ وَلَا يُكَلِّمُهُمُ اللهُ يَوْمَ

১। আমের থেকে বর্ণিত, তিনি নুমান ইবনে বাশীর থেকে বর্ণনা করেন। নুমান ইবনে বাশীর বলেনঃ আমি রাসূল (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম)-কে বলতে ওনেছি, হালাল সুস্পষ্ট এবং হারামও সুস্পষ্ট। আর এ দু'য়ের মাঝখানে রয়েছে অস্পষ্ট বিষয়ণ্ডলো যা অনেকে জানেনা। অতএব যে ব্যক্তি নিজকে সন্দেহজনক বিষয় থেকে রক্ষা করল, সে নিজের দ্বীনকে এবং সম্মানকে রক্ষা করল। আর যে ব্যক্তি সন্দেহজনক বিষয়ে থেকে রক্ষা করল, সে নিজের দ্বীনকে এবং সম্মানকে রক্ষা করল। আর যে ব্যক্তি সন্দেহজনক বিষয়ে নিপতিত হল তার উদাহরণ হল ঐ রাখালের ন্যায় যে, নিষিদ্ধ চারণ ভূমির চারপাশে (পশু) চরায়। আর সদ্ধাবনা আছে যে কোন সময় সে তার মধ্যে (নিষিদ্ধ সীমায়) প্রবেশ করতে পারে। সাবধান! প্রত্যেক রাজারই সংরক্ষিত এলাকা হচ্ছে হারাম বিষয়াদি। জেনে রেখ, শরীরের মধ্যে একটি মাংশ পিন্ড আছে, যখন তা ঠিক থাকে তখন সমস্ত শরীর ঠিক থাকে। আর যখন তা নষ্ট হয়ে যায় তখন সমস্ত দেহটাই নষ্ট হয়ে যায়। আর তা হল কুলব (হুৎপিন্ড)। (বুখারী, হাদীস নং ৫২)

১৭৫. তারাই সুপথের বিনিময়ে কুপথ এবং ক্ষমার পরিবর্তে শাস্তি ক্রয় করেছে, অতঃপর জাহান্নাম (এর আযাব) কিরূপে সহ্য করবে?

১৭৬. এ জন্যেই আল্লাহ সত্যসহ গ্রন্থ অবতীর্ণ করেছেন এবং যারা গ্রন্থ সম্বন্ধে বিরোধ করে, বাস্তবিকই তারাই বিরুদ্ধাচরণে সুদূরগামী।

১৭৭ তোমরা তোমাদের মুখমভল পূর্ব বা পশ্চিম দিকে প্রত্যাবর্তিত কর তাতে পুণ্য নেই; বরং পুণ্য তার, যে ব্যক্তি আল্লাহ, পরকাল, ফেরেশতা-গণ, কিতাব ও নবীগণের প্রতি বিশ্বাস স্থাপন করে এবং তাঁরই ভালবাসা অর্জনের জন্য আতীয়-স্বজন, পিতৃহীনগণ, দরিদ্রগণ, পথিকগণ ও ভিক্ষুকদেরকে এবং দাসতু মোচনের জন্যে ধন-সম্পদ দান করে, আর নামায প্রতিষ্ঠিত করে ও যাকাত প্রদান করে এবং অঙ্গীকার করলে যারা সেই অঙ্গীকার পূর্ণকারী হয় এবং যারা অভাবে ও ক্লেশে এবং ধৈৰ্যশীল যুদ্ধকালে তারাই সত্যপরায়ণ এবং তারাই আল্লাহ ভীরু |

১৭৮. হে বিশ্বাস স্থাপনকারীগণ!
নিহতগণের সম্বন্ধে তোমাদের জন্যে
প্রতিশোধ গ্রহণ বিধিবদ্ধ হলো;
স্বাধীনের পরিবর্তে স্বাধীন, দাসের
পরিবর্তে দাস এবং নারীর পরিবর্তে
নারী; কিন্তু যদি কেউ তার ভাই
কর্তৃক কোন বিষয়ে ক্ষমা প্রাপ্ত হয়,
তবে যেন ন্যায় সঙ্গতভাবে তাগাদা
করে এবং সদ্ভাবে তা পরিশোধ করে:

ٱولَّلِكَ الَّذِيْنَ اشُتَرَوُ الضَّلْلَةَ بِالْهُلَى وَالْعَذَابَ بِالْمَغْفِرَةِ ۚ فَمَا اَصْبَرَهُمْ عَلَى النَّادِ ۞

ذٰلِكَ بِأَنَّ اللهَ نَزَّلَ الْكِتْبَ بِالْحَقِّ ﴿ وَإِنَّ الَّذِينَ اللهِ يَنَ اللهِ يَنَ الْكِتْبِ لَفِي شِقَاقٍ بَعِيْدٍ هَٰ

لَيْسَ الْبِرَّ أَنْ تُوَلُّوا وُجُوْهَكُمْ قِبَلَ الْنَشْرِقِ وَ الْمِنْ الْنَشْرِقِ وَ الْمَنْ الْمَنْ بِاللهِ وَالْيَوْمِ الْاَجْوِ وَ الْمَنْ الْمَنْ بِاللهِ وَالْيَوْمِ الْاَجْوِ وَ الْمَلَلْمِكَةِ وَالْكِوْمِ الْاِجْوِ وَ الْمَلَلْمِكَةِ وَالْكِوْمِ الْاَجْوِ وَ الْمَلَلْمِكَةِ وَالْمَلْمِيْنَ وَابْنَ السَّبِيلِ لا ذَوِى الْقُرْبِي وَالْمَنْ عَلَى وَالْمَسْكِيْنَ وَابْنَ السَّبِيلِ لا وَ السَّالِمِيلِ وَ السَّالِمِيلِ وَ السَّالِمِيلِ وَ السَّالِمِيلِ وَ السَّالِمِيلِ لا وَ السَّالِمِيلِ وَ السَّالِمِيلُ وَ السَّالِمِيلُ وَ السَّالِمِيلُ وَ السَّالِمِيلُ وَ السَّالِمِيلُ وَ السَّالِمِيلُ وَ الْمُنْ وَالْمُنْ الْمُنْ وَالْمُنْ الْمُنْ وَلَيْ الْمُؤْمُونَ وَ السَّلْمِيلُ فَيْ الْمُنْ الْمُنْ الْمُنْ الْمُنْ الْمُنْ السَّلِمِيلُ اللَّهِ الْمُنْ السَّلِمِيلُ اللَّهُ اللَّهُ وَالْمُولُ الْمُؤْمِنَ الْمُنْ ا

يَّايَّهُا الَّذِيْنَ اَمَنُوا كُتِبَ عَكَيْكُمُ الْقِصَاصُ فِى
الْقَتْلَىٰ ﴿ اَلُحُرُّ بِالْحُرِّ وَالْعَبْلُ بِالْعَبْلِ وَ الْأُنْثَىٰ
بِالْاُنْثَىٰ ﴿ فَمَنَ عُفِى لَهُ مِنْ اَخِيْهِ شَىٰعٌ فَاتِّبَاعٌ اللهِ الْمُعُرُونِ وَ اَدَاءٌ اللهِ بِإِحْسَانٍ ﴿ ذٰلِكَ تَخْفِيفٌ مِنْ اَخِيْهِ اللهِ عَلَىٰ ذٰلِكَ تَخْفِيفٌ مِنْ اَخِيْدُ الْعَتَلَاى بَعْدَ ذٰلِكَ مِنْ اَخْذِنِ اعْتَلَاى بَعْدَ ذٰلِكَ مِنْ اَخْذِنِ اعْتَلَاى بَعْدَ ذٰلِكَ مِنْ اَلْهُ اللهِ اللهِ الْمُعَالِىٰ الْعَلَىٰ الْعَلَىٰ الْمُعْدَدُونِ وَ رَحْمَةً ﴿ فَنَنِ اعْتَلَاى بَعْدَ ذَلِكَ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ ال

এটা তোমাদের প্রতিপালকের পক্ষ হতে লঘু বিধান ও করুণা; অতঃপর যে কেউ সীমালজ্ঞ্মন করবে তার জন্যে যন্ত্রণাদায়ক শাস্তি রয়েছে।

১৭৯. হে জ্ঞানবান লোকেরা! কিসাস (প্রতিশোধ) গ্রহণে তোমাদের জন্যে জীবন আছে— যেন তোমরা আল্লাহ ভীক হও।

১৮০. যখন তোমাদের কারও মৃত্যু নিকটবর্তী বলে মনে হয়, তখন সে যদি ধন-সম্পত্তি ছেডে যায় তবে পিতা-মাতা আতীয়-স্বজনের હ বৈধভাবে অসিয়ত জন্যে বিধিবদ্ধ তোমাদের জন্যে হলো. ভীরুদের আল্লাহ এটা জন্য অবশ্যকরণীয় :

১৮১. অতঃপর যে ব্যক্তি শুনার পর তা পরিবর্তন করে, তবে এর পাপ তাদেরই হবে, যারা একে পরিবর্তন করবে; নিশ্চয়ই আল্লাহ শ্রবণকারী, মহাজ্ঞানী।

১৮২. অনন্তর যদি কেউ অসিয়ত-কারীর পক্ষে পক্ষপাতিত্ব বা পাপের আশঙ্কা করে তাদের মধ্যে মীমাংসা করে দেয়, তবে তার পাপ নেই; নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল করুণাময়।

১৮৩. হে বিশ্বাস স্থাপনকারীগণ! তোমাদের পূর্ববর্তী লোকদের ন্যায় তোমাদের উপরও রোযাকে অপরিহার্য কর্তব্যরূপে নির্ধারিত করা হলো যেন তোমরা আল্লাহন্ডীতি অর্জন করতে পারো। فَلَهُ عَنَاكُ ٱلِيُمُّ اللَّهِ

وَلَكُمُدُ فِي الْقِصَاصِ حَيْوةٌ يَّأُولِي الْأَلْبَابِ لَعَلَّكُمُ تَتَّقُونَ @

كُتِبَ عَكَيْكُمْ إِذَا حَضَرَ اَحَكَكُمُ الْمَوْتُ إِنْ تَرَكَ خَيُرًّا ﴾ الْوَصِيَّةُ لِلْوَالِدَيْنِ وَ الْأَقْرَبِيْنَ بِالْمَعْرُوْفِ ۚ حَقًّا عَلَى الْمُتَّقِيْنَ ۞

فَمَنُ بَدَّلَهُ بَعْدَ مَا سَبِعَهُ فَإِنَّمَاۤ اِثْمُهُ عَلَى الَّذِيْنَ يُبَدِّدُونَهُ ﴿ إِنَّ اللهَ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿

فَمَنْ خَافَ مِنْ مُّوْصٍ جَنَفًا أَوْ اِثْمًا فَأَصْلَحَ بَيْنَهُمْ فَلاَ اِثْمَ عَلَيْهِ ﴿ إِنَّ اللهَ غَفُورٌ رَّحِيْمٌ ﴿

يَاكِتُهَا الَّذِيْنَ امَنُوا كُتِبَ عَلَيْكُمُ الصِّيَامُ كَمَّا كُتِبَ عَلَى الَّذِيْنَ مِنْ قَبْلِكُمْ لَعَلَّكُمْ تَتَّقُونَ ﴿ ১৮৪. এটা নির্দিষ্ট কয়েক দিনের জন্য সূতরাং তোমাদের মধ্যে যে কেউ অসুস্থ কিংবা মুসাফির হয়, তার জন্যে অপর কোন দিবস হতে গণনা করবে; আর যারা সক্ষম তারা তৎপরিবর্তে একজন দরিদ্রকে খাদ্য দান করবে; তবে যে ব্যক্তি স্বেচ্ছায় সৎকর্ম করে তার জন্যে কল্যাণ এবং তোমরা যদি বুঝে থাকো তবে রোযা রাখাই তোমাদের জন্যে কল্যাণকর।

১৮৫. রম্যান মাস. যার মধ্যে বিশ্বমানবের জন্য পথ প্রদর্শক এবং সু-পথের উজ্জ্বল নিদর্শন ও (হক ও বাতিলের) প্রভেদকারী কুর'আন অবতীর্ণ করা হয়েছে. অতএব তোমাদের মধ্যে যে ব্যক্তি এ মাস পাবে, সে যেন রোযা রাখে এবং যে ব্যক্তি অসুস্থ বা মুসাফির তার জন্যে অপর কোন দিন হতে গণনা করবে: তোমাদের পক্ষে যা সহজ আল্লাহ তাই চান ও তোমাদের পক্ষে যা কষ্টকর তা তিনি চান না এবং যেন তোমরা নির্ধারিত সংখ্যা পরণ করে নিতে পার এবং তোমাদেরকে যে সূপথ দেখিয়েছেন, তজ্জন্যে তোমরা আল্লাহ্র বড়তু বর্ণনা কর এবং যেন তোমরা কৃতজ্ঞতা প্রকাশ কর ^১

اَيَّامًا مَّعُدُودُتٍ مَّفَدَن كَانَ مِنْكُمُ مَّدِيْضًا اَوْ عَلَى سَفَدٍ فَعِلَّاةً قِبْنَ اَيَّامٍ اُخَرَط وَعَلَى الَّذِيْنَ يُطِينُقُوْنَهُ فِدُ يَةٌ طَعَامُ مِسْكِيْنِ طَفَهَن تَطَوَّعَ خَيْدًا فَهُوَ خَيْدٌ لَهُ لَا وَاَنْ تَصُوْمُوا خَيْدٌ لَكُمُ إِنْ كُنْ تُمُ تَعْلَمُونَ ﴿

شَهُرُرَمَضَانَ الَّذِنِ أَنْذِلَ فِيْ الْقُرْانُ هُدَّى اللَّهُ الْقُرْانُ هُدَّى اللَّهُ اللَّهُ الْفُرُقَانِ عَ اللَّهُ وَ لَكَلَّمُ اللَّهُ وَ لَكَلَّمُ اللَّهُ اللَّهُ وَ لَكَلَّمُ اللَّهُ وَ لَكَلَمُ اللَّهُ وَ لَكَلَّمُ اللَّهُ وَ لَكَلَّمُ اللَّهُ وَلَا لَكُورُونَ اللَّهُ اللْمُلِمُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللْمُلْمُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللْمُلْمُ اللَّهُ اللْمُلْمُ

১। (ক) ত্বালহা ইবনে উবাইদুল্লাহ্ (রাথিআল্লাছ্ আনছ্) থেকে বর্ণিত, একদা চুল এলোমেলো এক বেদুঈন রাসূল (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম)-এর নিকট এসে বলল, ইয়া রাসূলাল্লাহ! আমাকে বলুন আল্লাহ্ আমার প্রতি কত ওয়াক্ত নামায ফর্য করেছেন? তিনি বললেন পাঁচ ওয়াক্ত নামায; কিষ্কু যদি তুমি নফল পড় তবে স্বতন্ত্র কথা। অতঃপর সে বললঃ আমাকে বলুন আল্লাহ্ আমার প্রতি কতটি রোযা ফর্য করেছেন? তিনি বললেন পুরা রম্যান মাসের রোযা রাখা; কিষ্কু যদি তুমি নফল রাখ তা অন্য কথা। অতঃপর সে বললঃ আমাকে বলুনঃ আল্লাহ্ আমার উপর কি পরিমাণ যাকাত ফর্জ করেছেন? রাসূল (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) তাকে ইসলামী শরীয়ত (ইসলামী জীবন বিধান) সম্পর্কে অবগত করালেন। সে বললঃ ঐ

১৮৬. এবং যখন আমার বান্দাগণ আমার সম্বন্ধে তোমাকে জিজ্ঞাসা করে, তখন তাদেরকে বলে দাওঃ নিশ্চয় আমি সন্নিকটবর্তী; কোন আহ্বানকারী যখনই আমাকে আহ্বান করে তখনই আমি তার আহ্বানে

وَاِذَا سَالَكَ عِبَادِىُ عَنِّىُ فَاِنِّى ۚ قَرِيْبٌ الْحِيْبُ دَعُوَةَ التَّاعِ اِذَا دَعَانِ ۗ فَلْيَسْتَجِيْبُوا لِى وَلْيُؤْمِنُوا بِىٰ لَعَلَّهُمْ يَرْشُكُونَ ₪

সত্মর কসম! যিনি আপনাকে সম্মানিত করেছেন। আল্লাহ্ আমার উপর যা ফরজ করেছেন তার চাইতে আমি বেশীও করব না এবং কমও করব না। রাসূলুল্লাহ (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ যদি সে সত্যবাদী হয় তাহলে নাজাত প্রাপ্ত অথবা বললেন যদি সে সত্যবাদী হয় তাহলে সে জান্নাত লাভ করল। (বুবারী, হাদীস নং ১৮৯১)

51

- (খ) আবৃ হুরাইরা রাযিআল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেছেন নিশ্চয়ই রাস্ল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ রোযা (গোনাহ হতে রক্ষার জন্য) ঢাল স্বরূপ, সুতরাং রোযাদার অল্পীল কথা বলবেনা, জাহেলী আচরণ করবে না।। আর কোন ব্যক্তি যদি তার সাথে মারামারি করতে চায়, গালমন্দ করে তাহলে সে যেন দু'বার বলে (দেখুন) আমি রোযাদার। ঐ সত্যার কসম যার হাতে আমার প্রাণ অবশাই রোযাদারের মুখের গন্ধ আল্লাহ্র নিকট মেসক্ আম্বরের চেয়েও উৎকৃষ্ট। সে খানা-পিনা এবং কামভাবকে আমার সম্ভাষ্ট অর্জনের জন্য পরিত্যাগ করে থাকে। রোযা আমার জন্য এবং আমি নিজে তার প্রতিদান দিব। আর নেক কাজের পুরস্কার দশগুণ পর্যন্ত (নৃন্যপক্ষে) দেয়া হয়ে থাকে। (বুখারী, হাদীস নং ১৮৯৪)
- (গ) আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত, তিনি বলেনঃ নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যে ব্যক্তি মিথ্যা কথা এবং তদানুযায়ী আমল করা পরিত্যাগ করতে পারলনা, তার খানা-পিনা পরিত্যাগ করার মধ্যে (রোযা রাখা) আল্লাহর কোন প্রয়োজন নেই। (বুখারী, হাদীস নং ১৯০৩)
- (ঘ) আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত, তিনি বলেন, রাস্লুল্লাহ (সাল্লাল্লাছু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ নিশ্চয়ই আল্লাহ্ তা'আলা বলেনঃ যে ব্যক্তি আমার ওলীর সাথে শত্রুতা পোষণ করবে, আমি তার বিরুদ্ধে অবশ্যই যুদ্ধ ঘোষণা করব। আমি যা কিছু আমার বান্দার ওপর ফরয় করে দিয়েছি তার চেয়ে এমন কোন কিছু নাই যে সে তার মাধ্যমে আমার নৈকট্য লাভ করতে পারবে যা আমার নিকট অধিক প্রিয়।* আমার বান্দাগণ সর্বদা নফল ইবাদতের মাধ্যমে আমার নৈকট্য লাভ করবে। এমন কি অবশেষে আমি তাকে ভালবেসে ফেলি। (আর আমি যখন তাকে ভালবাসি) তখন আমি তার কান হয়ে যাই যা দিয়ে সে শ্রবণ করে এবং আমি তার চোখ হয়ে যাই, যা দিয়ে সে দেখে এবং আমি তার হাত হয়ে যাই, যা দিয়ে সে শেখে এবং আমি তার হাত হয়ে যাই, যা দিয়ে সে শেশে এবং আমি তার হাত হয়ে থাই, যা দিয়ে সে শেশা করে। এবং সে যখন আমার নিকট কিছু প্রার্থনা করে তখন অবশ্যই আমি তাকে দেই। এবং সে যদি আমার নিকট আশ্রয় প্রার্থনা করে তাহলে অবশ্যই আমি তাকে দেই। আমার কোন কাজে আমি এতটা ইতস্ততা বোধ করিনা যতটা ইতস্ততা বোধ করি একজন মুমিনের জীবন সম্পর্কে। কেননা সে মৃত্যুকে অপছন্দ মনে করে অথচ আমি তার বেঁচে থাকাকে অপছন্দ করি। (বুখারীঃ ৬৫০২)
- * টীকাঃ (আল্লাহ্ পাক বলেন আমার বান্দাহ যে সমস্ত ইবাদতের মাধ্যমে আমার নৈকট্য লাভ করে থাকে সে সমস্ত ইবাদতের মধ্যে আমি তাদের প্রতি যা ফর্য করে দিয়েছি তা ছাড়া অন্য কোন ইবাদত নেই যা আমার নিকট অধিক প্রিয়। অর্থাৎ ফর্য আল্লাহ্র নিকট 'সবচেয়ে অধিক প্রিয়'। যেমন নামায, রোজা, হজ্জ ও যাকাত ইত্যাদি এবং আমার বান্দাহ ফর্য পালন করার পর নফল ইবাদতের মাধ্যমে আল্লাহ্র এত নিকটবর্তী হয়ে যায় যে, তিনি তাকে ভালবাসতে থাকেন।

সাড়া দিয়ে থাকি; সুতরাং তারাও যেন আমার ডাকে সাড়া দেয় এবং আমাকে বিশ্বাস করে, তা হলেই তারা সঠিক পথে চলতে পারবে।

রজনীতে ১৮৭ রোযার আপন স্ত্রীদের সাথে সহবাস করা তোমাদের জন্যে বৈধ করা হয়েছে: তারা তোমাদের জন্যে আবরণ এবং তাদের জন্যে তোমরা আবরণ. তোমরা যে আতা প্রতারণা করছিলে. আল্লাহ তা পরিজ্ঞাত আছেন, এ জনো তিনি তোমাদেরকে করলেন এবং তোমাদের (অব্যাহতি দিয়েছেন); অতএব এক্ষণে তোমরা (রোযার রাত্রেও) তাদের সহবাস কর এবং আল্লাহ তোমাদের জন্যে যা লিপিবদ্ধ করেছেন অনুসন্ধান কর এবং সকালে কালো সুতা হতে সাদা সুতা প্রকাশিত হওয়া পর্যন্ত তোমরা খাও ও পান কর: অতঃপর রাত্রি সমাগম পর্যন্ত তোমরা রোযা পূর্ণ কর; তোমরা মসজিদে ই'তেকাফ করবার সময় (স্ত্রীদের) সাথে মিলন করো না; আল্লাহর সীমা. এটাই তোমরা তার নিকটেও যাবে না: এভাবে আল্লাহ মানবমন্ডলীর জন্যে তাঁর নিদর্শনসমূহ বর্ণনা করেন, যেন তারা আল্লাহ ভীরু হয়।

১৮৮. এবং তোমরা নিজেদের মধ্যে পরস্পরের ধনসম্পত্তি অন্যায়রূপে গ্রাস করো না এবং তা বিচারকের নিকট এ জন্যে উপস্থাপিত করো না, যাতে তোমরা জ্ঞাতসারে লোকের

أحِلَّ لَكُوْ لَيْلَةَ الصِّيَامِ الرَّفَثُ إلى نِسَالَهِكُوْ هُنَّ لِبَاسٌ لَكُوْ لَيْكُو السَّالُ اللَّهُ الْكُوْ لِبَاسٌ لَكُونَ اللَّهُ اللَّهُ الْكُو لَبَاسٌ لَهُنَّ الْعَلَيْ اللَّهُ الْكُوْ لَئِنَا اللَّهُ لَكُونَ الْفُسُكُو فَتَابَ عَلَيْكُو وَعَفَا عَنْكُو فَكُونَ بَاشِرُوهُ هُنَّ وَابْتَعُواْ مَا كَتَبَ اللَّهُ لَكُونُ فَالْغُونَ بَاشِوُوهُ هُنَّ وَابْتَعُواْ مَا كَتَبَ اللَّهُ لَكُونُ وَكُلُوْا وَاشْرَبُوا حَتَّى يَتَبَيَّنَ لَكُو الْمَا كَتَبَ اللَّهُ لَكُونَ وَكُلُوْا وَاشْرَبُوا حَتَّى يَتَبَيَّنَ لَكُو الْمَا يَتَمُوا الصِّيامَ وَكُلُوا وَاشْرَبُوا الصِّيامَ اللَّهُ الْمَالِي وَلَا تُعْرَبُوهُ اللَّهِ فَلَا تَقْرَبُوهُ اللَّهِ فَلَا تَقْرَبُوهُ الْمَلْوِلِ اللَّهُ اللَّهِ فَلَا تَقْرَبُوهُ اللَّهُ فَلَا تَقْرَبُوهُ الْمَلْوِلِ فَلَا اللَّهُ الْمُؤْمِنَ اللَّهُ الْمُؤْمِنَ اللَّهُ الْمُؤْمِنَ اللَّهُ اللَّهُ اللَّهُ الْمُؤْمِنَ اللَّهُ اللَّهُ الْمُؤْمُ اللَّهُ الْمُؤْمِنَ اللَّهُ الْمُؤْمِنَ اللَّهُ الْمُؤْمِنَ الْمُؤْمُ اللَّهُ الْمُؤْمِنَ اللَّهُ الْمُؤْمِنَ اللَّهُ اللَّهُ الْمُؤْمِنُ اللَّهُ الْمُؤْمِنَ اللَّهُ الْمُؤْمِنُ اللَّهُ الْمُؤْمِنَ اللَّهُ الْمُؤْمِنُ اللَّهُ اللَّهُ الْمُؤْمُ اللَّهُ اللللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الْمُؤْمُ اللَّهُ اللَّهُ الْمُ

وَلاَتَاْ كُلُوْاَ اَمُوالكُمْ بَيْنَكُمْ بِالْبَاطِلِ وَتُدُلُواْ بِهَا ۗ إِلَى الْحُكَّامِ لِتَاْ كُلُواْ فَدِيْقًامِّنْ اَمُوالِ النَّاسِ بِالْإِثْمِ وَانْتُمْ تَعْلَمُونَ ﴿ ধনের অংশ অন্যায়ভাবে গ্রাস করতে পারো।

১৮৯. তারা তোমাকে নতুন চাঁদসমূহ সম্বন্ধে জিজেন করছে, তুমি বলঃ এগুলো হচ্ছে জনসমাজের এবং হজ্জের জন্যে সময় নিরূপক; আর (ঐ হজ্জের চাঁদে) তোমরা যে পশ্চাৎদিক দিয়ে গৃহে সমাগত হও, এটা পুণ্য কর্ম নয়, বরং পুণ্যের কাজ হল যে, কোন ব্যক্তি আল্লাহ ভীক্র হয় এবং তোমরা গৃহসমূহের দরজা দিয়ে প্রবেশ কর এবং আল্লাহকে ভয় কর, তোমরা অবশ্যই সুফল প্রাপ্ত হবে।

১৯০. এবং যারা তোমাদের সাথে যুদ্ধ করে, তোমরাও তাদের সাথে আল্লাহর পথে যুদ্ধ কর^১ এবং সীমা অতিক্রম করো না; নিশ্চয়ই আল্লাহ সীমা লজ্ঞনকারীদের ভালবাসেন না।

১৯১. তাদেরকে যেখানেই পাও, হত্যা কর এবং তারা তোমাদেরকে যেখান হতে বহিষ্কৃত করেছে, তোমরাও তাদেরকে সেখান হতে বহিষ্কৃত কর এবং হত্যা অপেক্ষা ফেত্না-ফাসাদ (কুফর ও শিরক) গুরুতর অপরাধ এবং তোমরা তাদের সাথে মসজিদুল হারামের নিকট যুদ্ধ

يَسْتَكُوْنَكَ عَنِ الْأَهِلَّةِ ﴿ قُلْ هِى مَوَاقِيْتُ لِلنَّاسِ وَالْحَجِّ ﴿ وَكَيْسَ الْبِرُّ بِآنُ تَأْتُوا الْبُيُوْتَ مِنْ ظُهُوْرِهَا وَلَكِنَّ الْبِرَّمَنِ اتَّقَىٰ ۚ وَأَتُوا الْبُيُوْتَ مِنْ أَبْوَابِهَا ۖ وَاتَّقُوا اللَّهَ لَعَكُمُ تُقْلِحُونَ ﴿

وَ قَاتِلُوا فِي سَبِيْلِ اللهِ الَّذِيْنَ يُقَاتِلُونَكُمْ وَلَا تَعْتَدُونَكُمْ وَلَا تَعْتَدُونَكُوا اللهِ تَعْتَدُونُنَ ﴿

وَاقْتُلُوْهُمْ حَيْثُ ثَقِفْتُهُوْهُمْ وَاَخْرِجُوْهُمْ مِّنْ حَيْثُ اَخْرَجُوْلُهْ وَالْفِتْنَةُ اَشَدُّ مِنَ الْقَتْلِ وَلا تُقْتِلُوهُمْ عِنْدَ الْمَسْجِدِ الْحَرَامِ حَتَّى يُقْتِلُوُلُمْ فِيهِ * فَإِنْ قْتَلُوْلُمْ فَاقْتُلُوهُمُ ﴿ كَنْإِكَ جَزَآءُ الْكِفِرِيْنَ ﴿

১। আবু আমর আস সাইবানী থেকে বর্ণিত তিনি বলেন, আব্দুল্লাহ্ ইবনে মাসউদ (রাযিআল্লাহ্ আনহ্) বলেনঃ আমি রাসূল (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম)-কে জিজ্ঞেস করলাম যে, ইয়া রাসূলাল্লাহ সর্বোত্তম আমল কোনটি? তিনি বললেনঃ সময়মত নামায পড়া। আমি বললাম এরপর কোনটি? তিনি বললেনঃ পিতা-মাতার প্রতি সদ্ব্যবহার করা। আমি বললাম এরপর কোনটি? তিনি বললেনঃ আল্লাহ্র পথে জিহাদ করা। অতঃপর আমি রাসূল (সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম)-কে আর কোন কিছু জিজ্ঞেস করা থেকে বিরত্ত থাকলাম। আমি যদি তাকে আরো অধিক কোন কিছু জিজ্ঞেস করতাম তবে তিনিও আমাকে তার উত্তর দিতেন। (বুখারী, হাদীস নং ২৭৮২)

করো নাই যে পর্যন্ত না তারা তোমাদের সাথে তন্মধ্যে যুদ্ধ করে; কিন্তু যদি তারা তোমাদের সাথে যুদ্ধ করে তবে তোমরাও তাদেরকে হত্যা কর; অবিশ্বাসীদের জন্যে এটাই প্রতিফল।

১৯২.অতঃপর যদি তারা নিবৃত্ত হয় তবে নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল, করুণাময়।

১৯৩. ফেত্না-ফাসাদ দূরীভূত হয়ে আল্লাহর দীন প্রতিষ্ঠিত না হওয়া পর্যন্ত তোমরা তাদের সাথে যুদ্ধ কর; অতঃপর যদি তারা নিবৃত্ত হয়, তবে অত্যাচারীদের উপর ব্যতীত বাড়বাড়িনেই ।

فَإِنِ انْتَهَوْ ا فَإِنَّ اللَّهَ غَفُوْرٌ ۖ رَّحِيْمٌ ﴿

وَقٰتِلُوهُمُ حَتَّى لَا تَكُوْنَ فِتُنَةٌ ۚ وَيَكُوْنَ الرِّينُ لِلْهِ ۚ فَإِنِ انْتَهَوُا فَلَا عُدُوانَ اللَّاعَلَى الظَّلِيدِيْنَ ﴿

🕽 । আবৃ বাকরা (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত তিনি বলেনঃ নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) (বিদায় হজ্জে) কোরবানীর দিন (মিনায়) খুত্বা অবস্থায় তিনি বললেনঃ তোমরা কি জান এটি কোন দিন? আমরা সবাই বললাম (সাহাবাগণ) আল্লাহ্ এবং তাঁর রাসূল সর্বাধিক অবগত। রাসূল (সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম) কিছুক্ষণ চুপ থাকলেন। আমরা ভাবতেছিলাম হয়ত তিনি এদিনকে অন্য কোন নামে আখ্যায়িত করবেন। তিনি বললেনঃ এটা কি কোরবানীর দিন নয়? আমরা বললাম হ্যা। তিনি বললেন এটি কোন মাস? আমরা বললামঃ আল্লাহ্ এবং তাঁর রাসূল সর্বাধিক অবগত। তিনি কিছুক্ষণ চুপ থাকলেন। আমরা ভাবতেছিলাম হয়ত তিনি এদিনটিকে অন্য কোন নামে নামকরণ করবেন। তিনি বললেনঃ এটা কি যিলহজ্জ মাস নয়? আমরা বললাম হাাঁ, তিনি বললেনঃ এটা কোন শহর? আমরা বললাম আল্লাহ এবং তাঁর রাসল সর্বাধিক অবগত। তিনি কিছুক্ষণ চুপ থাকলেন, আমরা ভাবতেছিলাম যে, তিনি হয়ত তাকে অন্য কোন নামে আখ্যায়িত করবেন। তিনি বললেন, এটা কি হারাম শহর নয়? আমরা বললাম হ্যা। (আদব ও সম্মানের মাস এখানে কাউকে মারা এবং কষ্ট দেয়া হারাম) তিনি বললেন, নিশ্চয়ই তোমাদের রক্ত. তোমাদের সম্পদ, এবং তোমাদের মান-ইজ্জত তেমনি হারাম যেমন তোমাদের আজকের এইদিন তোমাদের এই মাস তোমাদের এই শহর হারাম। আর এটি তোমরা তোমাদের প্রভুর সাথে সাক্ষাত করা পর্যন্ত বলবৎ থাকবে। হুশিয়ার হও! আমি কি আমার দায়িত্ব যথাযথভাবে পালন করেছি? উপস্থিত সবাই বলল (সাহাবাগণ) হাঁ। তিনি বললেনঃ হে আল্লাহ্! তুমি সাক্ষি থাক। তোমরা যারা উপস্থিত আছ তারা অনুপস্থিতদেরকে এ সংবাদ পৌছিয়ে দিবে। কখনো এমন হতে পারে যে, প্রচারকারীর চাইতে-অনেক শ্রবণকারী অধিক সংরক্ষণকারী হতে পারে। আমার পরে পরস্পরে মারামারি করে কাফের হয়ে যেও না। (বুখারী, হাদীস নং ১৭৪১)

২। ইবনে উমর (রাযিআল্লাহু আনহুমা) থেকে বর্ণিত নিশ্চয়ই রাসূল (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ আমি আদিষ্ট হয়েছি, যেন আমি লোকদের সাথে ততক্ষণ পর্যন্ত জিহাদ করি যতক্ষণ পর্যন্ত তারা এ সাক্ষী না দেয় যে আল্লাহ্ ব্যতীত সত্য কোন মা'বৃদ নেই এবং নিশ্চয়ই মুহাম্মাদ (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) আল্লাহ্র রাসূল এবং নামায় প্রতিষ্ঠা করবে, যাকাত প্রদান করবে। যখন তারা তা করবে, তখন

রয়েছেন।

পারা ২ ১৯৪. নিষিদ্ধ মাসের পরিবর্তে নিষিদ্ধ মাস এবং নিষিদ্ধ মাসেও বদলার ব্যবস্থা বের হবে ঐ অবস্থায় যদি

কেউ তোমাদের প্রতি অত্যাচার করে. তবে সে তোমাদের প্রতি করবে. অত্যাচার তোমরাও প্রতি সেরূপ অত্যাচার কর এবং আল্লাহকে ভয় কর ও জেনে রেখো মুত্তাকীদের যে. আল্লাহ সাথে

১৯৫ এবং তোমরা আল্লাহর পথে ব্যয় কর এবং স্বীয় হাত ধ্বংসের দিকে প্রসারিত করো না এবং হিতসাধন করতে নিশ্চয় হিতসাধন-থাকো. আল্লাহ কারীদেরকে ভালবাসেন।

১৯৬ তোমরা আল্লাহর উদ্দেশ্যে হজ্জ ও উমরাহ সম্পর্ণ কর; কিন্তু তোমরা যদি বাধাপ্রাপ্ত হও তবে যা সহজ প্রাপ্য তাই কুরবানী কর এবং কুরবানীর জম্ভগুলো স্বস্থানে না পৌছা পর্যন্ত তোমাদের মস্তক মুন্ডন করো না; কিন্তু কেউ যদি তোমাদের মধ্যে রোগাক্রান্ত হয় বা তার মস্তক যন্ত্রণাগ্রস্ত হয়, তবে সে রোযা, কিংবা সাদকা অথবা কুরবানী দ্বারা বিনিময় করবে. অতঃপর যখন নিরাপদ অবস্থায় থাকো. তোমরা ব্যক্তি তখন হজের সাথে উমরারও ফলভোগ কামনা করে তবে যা সহজ প্রাপ্য তাই কুরবানী করবে;

الشَّهْ الْحُرَامُ بِالشَّهْ الْحُرَامِ وَالْحُرُمْتُ قِصَاصٌ فَكَن اعْتَلَاي عَلَيْكُمْ فَاعْتَدُوا عَلَيْهِ بِمِثْلِ مَا اغْتَىٰى عَلَيْكُمُ وَاتَّقُوااللَّهَ وَاعْلَمُوۤ آَنَّ اللَّهَ مَعَ الْمُتَّقِينَ ﴿

وَ اَنْفِقُوا فِي سَمِيلِ اللهِ وَلا تُلْقُوا بِآيِديكُمُ إِلَى التَّهُلُكَةِ عُ وَأَحْسِنُوا أَ إِنَّ اللهَ يُحِبُّ الْمُحْسِنِينَ ﴿

وَآتِهُوا الْحَجُّ وَالْعُبُرَةَ بِلَّهِ طَ فَإِنْ أُحْصِرْتُهُ فَهَا اسْتَيْسَرَمِنَ الْهَانِي وَلا تَحْلِقُوا رُءُوسُكُمْ حَتَّى يَبُكُغُ الْهَاْيُ مَحِلَّهُ ﴿ فَيَنْ كَانَ مِنْكُمُ مَّرِيضًا ٱوْ بِهَ اَذَّى مِّنْ رَّأْسِهِ فَفِنْ يَدُّ مِّنْ صِيَامِ اَوْصَى قَةٍ اَوْ نُسُكِ عَ فَإِذَا آمِنْتُمْ سَهِ فَمَنْ تَمَثَّعُ بِالْعُبُرَةِ إِلَى الْحَتِّ فَهَا اسْتَيْسَرَمِنَ الْهَدْيِ فَهَنْ لَّمْ يَجِلُ فَصِيَامُ ثَلْثَةِ آيًامِر فِي الْحَجِّ وَسَبْعَةِ إِذَا رَجَعْتُمُو مِنْكَ عَشَرَةٌ كَامِلَةٌ وَذِيكَ لِمَنْ لَمْ يَكُنْ

তারা আমার পক্ষ থেকে তাদের জান-মাল রক্ষার অধিকার লাভ করবে। অবশ্য ইসলামের বিধান লঙ্খন করার কারণে শাস্তি পাবে। (যেমন চুরি, ব্যভিচার, হত্যা ইত্যাদি) এবং তাদেরকে আল্লাহ্র নিকট হিসাব দিতে হবে। [১] (বুখারীঃ ২৫)

কিন্তু কেউ যদি তা না পায় তবে হচ্জের সময় তিন দিন এবং যখন তোমরা প্রত্যাবর্তিত হও তখন সাত দিন এই পূর্ণ দশ দিন রোযা রাখবে; এটা তারই জন্যে-যার পরিজন মসজিদুল হারামে উপস্থিত না থাকে এবং আল্লাহকে ভয় কর ও জেনে রেখো যে আল্লাহ কঠিন শান্তি দাতা প্র

১৯৭. হজ্জের মাসগুলো নির্ধারিত; অতএব কেউ যদি ঐ মাসগুলোর মধ্যে হজ্জের সংকল্প করে, তবে সে হজ্জের মধ্যে সহবাস, দুষ্কার্য ও কলহ করতে পারবে না এবং তোমরা যে কোন সংকর্ম কর না কেন, আল্লাহ তা পরিজ্ঞাত আছেন; আর তোমরা (নিজেদের) পাথেয় সঞ্চয় করে নাও; বদ্ধতঃ নিশ্চিত উৎকৃষ্টতম পাথেয় হচ্ছে আল্লাহভীতি এবং হে জ্ঞানবানগণ! তোমরা আমাকে ভয় কর।

১৯৮. তোমরা স্বীয় প্রতিপালকের অনুগ্রহ লাভের চেষ্টা করলে তাতে তোমাদের পক্ষে কোন অপরাধ নেই; অতঃপর যখন তোমরা আরাফাত হতে প্রত্যাবর্তিত হও তখন পবিত্র (মাশয়ারে হারাম) স্মৃতি-স্থানের নিকট আল্লাহকে স্মরণ কর এবং তিনি তোমাদেরকে যেরূপ নির্দেশ দিয়েছেন তদ্ধপ তাঁকে স্মরণ করো এবং নিশ্চয় তোমরা এর পূর্বে বিভ্রাম্ভ দের অন্তর্গত ছিলে।

اَهُلُهُ حَاضِرِي الْمَسْجِدِ الْحَرَامِ ﴿ وَاتَّقُوا اللهَ وَاعْلَمُوْٓا اَنَّ اللهُ شَدِيْدُ الْعِقَابِ ﴿

ٱلْحَجُّ اَشُهُرٌ مَّعُلُوْمُتُّ عَنَىنَ فَرَضَ فِيهِنَّ الْحَجُّ اَشُهُرٌ مَّعُلُوْمُتُّ عَنَىنَ فَرَضَ فِيهِنَّ الْحَجَّ اللَّهُ فَلَا رَفَتَ وَلَا فِسُوْقَ لَا وَلَا جِمَالَ فِي الْحَجِّ الْحَمَّ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ وَتَوَوَّدُوْا فَإِنَّ خَيْرٍ يَعْلَمُهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ وَتَوَوَّدُوْا فَإِنَّ خَيْرٍ اللَّهُ اللَّ

لَيْسَ عَلَيْكُمُ جُنَاحٌ أَنُ تَبْتَعُواْ فَضْلًا مِّنَ تَبِّكُمُ اللهِ عَنْ لَا يَبْكُمُ اللهَ عِنْدَ فَإِذَا اَفَضْتُمُ مِّنَ عَرَفْتٍ فَاذْكُرُوا الله عِنْدَ الْمَشْعَرِ الْحَرَامِ وَاذْكُرُوهُ كَمَا هَلْكُمُ * وَإِنْ كُنْتُمُ مِّنْ قَبْلِهِ لَمِنَ الضَّآلِيْنَ ﴿

১। আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত, নিশ্চয়ই রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ এক উমরা থেকে অপর উমরা মধ্যবর্তী গোনাহসমূহের জন্য কাফ্ফারা আর মাকবুল হচ্জের প্রতিদান জান্নাত ব্যতীত আর কিছুই নয়। (বুখারী, হাদীস নং ১৭৭৩)

১৯৯. অতঃপর যেখান হতে লোক প্রত্যাবর্তন করে, তোমরাও সেখান থেকে প্রত্যাবর্তন কর এবং আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা কর; নিশ্চয় আল্লাহ ক্ষমাশীল, করুণাময়।

২০০. অনন্তর যখন তোমরা তোমাদের (হজ্জের) অনুষ্ঠানগুলো সম্পন্ন করে ফেলো তখন যেরূপ তোমাদের পিতৃ-পুরুষদেরকে স্মরণ করতে, তদ্রুপ আল্লাহকে স্মরণ কর বরং তদপেক্ষা দৃঢ়তর ভাবে স্মরণ কর; কিন্তু মানবমন্ডলীর মধ্যে কেউ কেউ এরূপ আছে যারা বলে থাকেঃ হে আমাদের প্রভু! আমাদেরকে ইহকালেই দান করুন তাদের জন্যে পরকালে কোন অংশ নেই।

২০১. আর তাদের মধ্যে কেউ কেউ বলে থাকেঃ হে আমাদের প্রতিপালক! আমাদেরকে ইহকালে কল্যাণ দান করুন ও পরকালে কল্যাণ দান করুন এবং জাহান্নামের শাস্তি হতে আমাদেরকে রক্ষা করুন।

২০২. তারা যা অর্জন করেছে, তাদের জন্যে তারই অংশ রয়েছে এবং নিশ্চয় আল্লাহ দ্রুত হিসাব গ্রহণকারী।

২০৩. এবং নির্ধারিত দিবসসমূহে আল্লাহকে স্মরণ কর; অতঃপর কেউ যদি দু'দিনের মধ্যে (মক্কায় ফিরে যেতে) তাড়াতাড়ি করে তবে তার জন্যে কোন পাপ নেই, পক্ষান্তরে কেউ যদি বিলম্ব করে তবে তার জন্যেও পাপ নেই এবং তোমরা আল্লাহকে ভয় কর ও জেনে রেখো

ثُمَّ اَفِيضُوا مِنْ حَيْثُ اَفَاضَ النَّاسُ وَاسْتَغُفِرُوا اللَّهَ طَاِنَّ اللَّهَ غَفُورٌ تَحِيْمٌ ﴿

فَإِذَا قَضَيْتُمُ مَّنَاسِكَكُمُ فَاذْكُرُوا اللهَ كَذِكُرُكُمُ النَّاسِ مَنْ يَقُولُ اللهَ كَذِكُمُ النَّاسِ مَنْ يَقُولُ النَّاسِ مَنْ يَقُولُ رَبَّنَا أُونِنَا فِي اللَّانِيَا وَمَا لَهُ فِي الْأَخِرَةِ مِنْ خَلَاقٍ ۞

وَمِنْهُمُ مَّنْ يَقُوُلُ رَبَّنَآ اٰتِنَا فِي اللَّهُ نَيَا حَسَنَةً وَفِي الْاٰخِرَةِ حَسَنَةً وَقِنَا عَذَابَ النَّارِ ®

> ٱوَلَيْكَ لَهُمْ نَصِيْبٌ قِبَّا كَسَبُوُا ۗ وَاللهُ سَرِيْعُ الْحِسَابِ ﴿

وَاذَكُرُوا اللهَ فِئَ آيَّامِ مَّعُدُودَتٍ ﴿ فَمَنْ تَعَجَّلَ فِي يَوْمَيُنِ فَكَآ اِثْمَ عَلَيْهِ ۚ وَمَنْ تَاخَرَ فَكَآ اِثْمَ عَلَيْهِ لِلِمِنِ التَّقَٰى ﴿ وَاتَّقُوا اللهَ وَاعْلَمُوَّا اَتُكُمْ اِلَيْهِ تُحْشَرُونَ ﴿ যে, অবশ্যই তোমাদের সকলকে তাঁরই নিকট সমবেত করা হবে।

২০৪. এবং মানবমন্ডলীর মধ্যে এমনও আছে— পার্থিব জীবন সংক্রান্ত যার কথা তোমাকে চমৎকৃত করে তুলে, আর সে নিজের অন্তরস্থ (সততা) সম্বন্ধে আল্লাহকে সাক্ষিকরে থাকে; কিন্তু বস্তুতঃ সে হচ্ছে ভীষণ ঝগড়াটে ব্যক্তি।

২০৫. যখন সে প্রত্যাবর্তিত হয় তখন সে পৃথিবীতে অশান্তি বিস্তারের এবং শস্য ক্ষেত্র ও জীবজন্ত বিনাশের চেষ্টা করে। আর আল্লাহ অশান্তি ভালবাসেন না।

২০৬. যখন তাকে বলা হয় তুমি আল্লাহকে ভয় কর, তখন প্রতিপত্তির অহমিকা তাকে অধিকতর অনাচারে লিপ্ত করে দেয়, অতএব জাহানামই তার জন্যে যথেষ্ট এবং নিশ্চয় ওটা নিকৃষ্ট আশ্রয় স্থল!

২০৭. পক্ষান্তরে কোন কোন লোক এরূপ আছে, যে আল্লাহর পরিতৃষ্টি সাধনের জন্যে স্বীয় আত্মা বিক্রয় করে এবং আল্লাহ হচ্ছেন সমস্ত বান্দার প্রতি ম্নেহপরায়ণ।

২০৮. হে মু'মিনগণ! তোমরা পূর্ণরূপে ইসলামে প্রবেশ কর এবং শয়তানের পদাঙ্ক অনুসরণ করো না, নিশ্চয় সে তোমাদের জন্যে প্রকাশ্য শক্রন وَمِنَ النَّاسِ مَن يُعْجِبُكَ قَوْلُهُ فِي الْحَيْوةِ الدُّنْيَا وَيُشْهِدُ اللهَ عَلَى مَا فِي قَلْبِهِ لا وَهُوَ الدُّنْيَا الْخِصَامِرِ

وَإِذَا تَوَلَّى سَعَى فِي الْأَرْضِ لِيُفْسِدَ فِيْهَا وَيُهُلِكَ الْخَرْثَ وَالنَّسُلَ وَيُهُلِكَ الْخَرْثَ وَالنَّسُلَ وَاللَّهُ لَا يُحِبُّ الْفَسَادَ ۞

وَاِذَا قِيلَ لَهُ اتَّقِ اللهَ اَخَذَاتُهُ الْعِزَّةُ بِالْإِثْمِ فَحَسْبُهُ جَهَنَّمُ لا وَلَبِئْسَ الْمِهَادُ۞

وَمِنَ النَّاسِ مَنُ يَّشُرِئُ نَفْسَهُ ابْتِغَاءَ مَرْضَاتِ اللهِ طَوَ اللهُ رَءُوفَ الْمِبَادِ ﴿

يَايُّهُمَّا الَّذِيْنَ امَنُوا ادْخُلُوا فِي السِّلْمِ كَافَّةً ﴿ وَلاَ اللَّهِ عَلَا فَهُ اللَّهُ اللَّهُ عَلَا اللَّهُ اللَّهُ عَلَا اللَّهُ اللَّهُ عَلَا اللَّهُ اللَّهُ عَلَا اللَّهُ اللَّهُ عَلَى الْمُعَلَّى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى الْمُعْمَالِحُوالِقُوا عَلَى الْمُعْمِقِيلُولُ عَلَى الْمُعَلِّمُ عَلَى الْمُعْمِقِيلُولُ عَلَى الْمُعْمِقِيلُولُولُ عَلَى الْمُعْمِقِيلُولُ عَلَى الْمُعْمِقُولُ عَلَى الْمُعْمِقِيلُولُولُ عَلَى الْمُعْمِلُولِ عَلَى الْمُعْمِقُولُ عَلَى الْمُعْمِقُولُ عَلَى الْمُعْمِقُولُ عَلَى الْمُعْمِقُولُ عَلَى الْمُعْمِعُلِمُ عَلَى الْمُعْمِقُولُ عَلَى الْمُعْمِعُ عَلَى الْمُعْمِعُ عَلَى الْمُعْمِعُ عَلَى الْمُعْمِعُ عَلَى الْمُعْمِعُ عَلَى الْمُعْمُولُ عِلْمُ الْمُعْمِعُلِمُ عَلَى الْمُعْمِعُ عَلَى الْمُعْم

১। আয়েশা (রাযিআল্লান্থ আনহা) থেকে বর্ণিত, তিনি নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) থেকে বর্ণনা করেনঃ নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বলেছনঃ আল্লাহ্র নিকটে সেই লোক সর্বাধিক ঘৃণিত যে অত্যন্ত ঝগড়াটে। (বুখারী, হাদীস নং ২৪৫৭)

২০৯. অনন্তর স্পষ্ট দলীল প্রমাণাদি তোমাদের নিকট সমাগত হওয়ার পরেও যদি তোমরা পদস্থলিত হয়ে যাও, তবে জেনে রেখো যে, আল্লাহ হচ্ছেন মহা পরাক্রান্ত, প্রজ্ঞাময়।

২১০. তারা শুধু এ অপেক্ষাই করছে যে, আল্লাহ তা'আলা সাদা মেঘমালার ছায়া তলে তাদের নিকট সমাগত হবেন আর ফেরেশতারাও (আসবেন) এবং সমস্ত কার্যের নিম্পত্তি করা হবে এবং আল্লাহরই নিকট সমস্ত কার্য প্রত্যাবর্তিত হয়ে থাকে।

২১১. ইসরাঈল বংশীয়গণকে জিজ্ঞেস কর যে, আমি কত স্পষ্ট প্রমাণই না তাদেরকে প্রদান করেছি। এবং যে কেউ তার নিকট আল্লাহর অনুগ্রহ সম্পদ আসার পর তা পরিবর্তন করে ফেলে তবে জেনে রেখো নিশ্চয় আল্লাহ কঠোর শাস্তি দাতা।

২১২. যারা অবিশ্বাস করেছে, তাদের পার্থিব জীবন সুশোভিত করা হয়েছে এবং তারা বিশ্বাস স্থাপনকারীদেরকে উপহাস করে থাকে এবং যারা আল্লাহভীক তাদেরকে উত্থান দিবসে সমুন্নত করা হবে এবং আল্লাহ যাকে ইচ্ছে করেন অপরিমিত জীবিকা দান করে থাকেন।

২১৩. মানবজাতি একই সম্প্রদায়ভুক্ত ছিল; অতঃপর আল্লাহ সুসংবাদ
বাহক ও ভয় প্রদর্শকরূপে নবীগণকে
প্রেরণ করলেন এবং তিনি তাদের
সাথে সত্যসহ গ্রন্থ অবতীর্ণ করলেন
যেন (ঐ কিতাব) তাদের মতভেদের

فَإِنْ زَكَلْتُمُوصِّنُ بَعْدِ مَا جَآءَثُكُمُ الْبَيِّنْتُ فَاعْلَمُوْاَ انَّ اللهَ عَزِيْزُّ حَكِيْمٌ ۞

هَلُ يَنْظُرُونَ اِلاَّ آَنُ يَّأْتِيَهُمُ اللهُ فِي ظُلَلِ مِّنَ الْغَمَا اللهُ فِي ظُلَلِ مِِّنَ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ وَالْمَلَلِيكَةُ وَقُضِى الْاَمُرُ طَ وَإِلَى اللهِ تُرْجَعُ الْاُمُورُ شَ

سَلْ بَنِی إِسْرَاءِيْلَ كَمْ التَّيْنَهُمُ مِّنَ ايَةٍ بَيِّنَةٍ اللهِ مِنْ بَغْدِ مَا جَاءَتُهُ وَمَنْ يُّبَدِّلُ نِعْمَةَ اللهِ مِنْ بَعْدِ مَا جَاءَتُهُ فَإِنَّ اللهَ شَدِيْدُ الْعِقَابِ ﴿

زُيِّنَ لِلَّذِيْنَ كَفَرُوا الْحَلُوةُ اللَّانِيَا وَيَسْخَرُونَ مِنَ الَّذِيْنَ أَمَنُوا مُوالَّذِيْنَ الَّقُوا فَوْقَهُمْ يَوْمَ الْقِيلَمَةِ لَوَ اللَّهُ يَرُزُقُ مَنْ يَّشَاءُ بِغَيْرِحِسَابٍ ﴿

كَانَ النَّاسُ أُمَّةً وَّاحِدَةً سَ فَبَعَثَ اللهُ النَّبِيِّنَ مُبَعِّشًا اللهُ النَّبِيِّنَ مُبَشِّرِيْنَ وَمُنْ نِرِيْنَ صَوَانُزَلَ مَعَهُمُ الْكِتْبَ مُبَشِّرِيْنَ وَمُنْ لِكِتْبَ الْنَاسِ فِيْمَا اخْتَكَفُوْا فِيهُ وَ وَمَا اخْتَكَفُواْ فِيهُ وَمَا اخْتَكَفُ فِيْهِ اللَّا الَّذِيْنَ أُوْتُوهُ مِنْ بَعْدِ

বিষয়গুলো সম্বন্ধে মীমাংসা দেয়. অথচ যারা কিতাবপ্রাপ্ত হয়েছিল. স্পষ্ট নিদর্শনসমূহ তাদের সমাগত হওয়ার পরস্পরের প্রতি হিংসা-বিদ্বেষবশতঃ তারা সে কিতাবকে নিয়ে মতভেদ ঘটিয়ে বসলো, অতঃপর আল্লাহ তদীয় ইচ্ছাক্রমে বিশ্বাস স্তাপন-কারীদেরকে তদ্বিষয়ে সত্যের দিকে পথ প্রদর্শন করলেন এবং আল্লাহ যাকে ইচ্ছা সরল পথ প্রদর্শন করে থাকেন।

২১৪. তোমরা কি মনে করে নিয়েছো যে, তোমরা বেহেশতে প্রবেশ করেই ফেলবে? অথচ তোমাদের অবস্তা হয়নি যারা এখনও তাদের মত পূৰ্বে তোমাদের বিগত তাদেরকে বিপদ ও দুঃখ করেছিল এবং তাদেরকে প্রকম্পিত করা হয়েছিল; এমন কি রাসুল ও বিশ্বাস স্তাপনকারীগণ তৎসহ বলেছিলেন কখন আল্লাহর সাহায্য আসবে? সতর্ক হও, নিশ্চয় আল্লাহর সাহায্য নিকটবর্তী।

২১৫. তারা তোমাকে জিজ্জেস করছে যে, তারা কিরূপে ব্যয় করবে? তুমি বলঃ তোমরা ধন-সম্পত্তি হতে যা ব্যয় করবে তা পিতা-মাতার, আত্মীয় স্বজনের, পিতৃহীনদের, দরিদ্রদের ও পথিকবৃন্দের জন্যে করো এবং তোমরা যে সব সংকর্ম কর নিশ্চয় আল্লাহ তা সম্যকরূপে অবগত।

২১৬. জিহাদকে তোমাদের জন্যে অপরিহার্য কর্তব্যরূপে অবধারিত مَا جَآءَتُهُمُ الْبَيِّنْتُ بَغَيًّا بَيْنَهُمْ وَ فَهَلَى اللهُ الَّذِيْنَ امْنُوا لِمَا اخْتَلَفُوا فِيْهِ مِنَ الْحَقِّ بِإِذْ نِهِ طَ وَاللهُ يَهْدِي مَنْ يَّشَآءُ إِلَى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿

اَمُرْحَسِبُتُمْ اَنْ تَكُ خُلُوا الْجَنَّةَ وَلَمَّا يَأْتِكُمُ مَّ مَّكُ الْمَاسَاءُ وَ الَّذِينَ خَلَوْا مِنْ قَبْلِكُمْ الْمَسَّتُهُمُ الْبَأْسَاءُ وَ النَّذِينَ الْمَنُوا الطَّرَّاءُ وَ وَلَيْنِينَ الْمَنُوا الطَّرَّاءُ وَ وَلَيْنِينَ الْمَنُوا مَعَةُ مَتَى نَصُرَ اللهِ قَرِيْبٌ ﴿

يَسْئَلُونَكَ مَا ذَا يُنْفِقُونَ لَا قُلُ مَا آنْفَقُتُمُ مِّنَ خَيْرٍ فَلِلْوَالِدَيْنِ وَالْآقُرَبِيْنَ وَالْيَتْلَى وَالْسَلِيْنِ وَابْنِ السَّبِيْلِ لَا وَمَا تَفْعَلُواْ مِنْ خَيْرٍ فَإِنَّ اللهَ بِهِ عَلِيْمٌ ۞

كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَهُوَكُرُهُ لَكُمْ وَعَسَى أَنْ

করা হয়েছে এবং এটা তোমাদের নিকট অপ্রীতিকর: বস্তুতঃ তোমরা এমন বিষয়কে অপছন্দ করছো যা বাস্তবিকই তোমাদের পক্ষে মঙ্গলজনক, পক্ষান্তরে তোমরা এমন বিষয়কে পছন্দ করছো যা তোমাদের জন্যে বাস্তবিকই অনিষ্টকর এবং আল্লাহই অবগত আছেন আর তোমরা অবগত নও।

২১৭, তারা তোমাকে নিষিদ্ধ মাস. তার মধ্যে যুদ্ধ করা সম্বন্ধে জিজ্ঞেস করছে; তুমি বলঃ এর মধ্যে যুদ্ধ করা অতীব অন্যায়, আর আল্লাহর পথ ও পবিত্র মসজিদ হতে প্রতিরোধ করা এবং তাঁকে অবিশ্বাস করা ও তার মধ্যে হতে তার অধিবাসীদেরকে বহিষ্কত করা আল্লাহর নিকট গুরুতর অপরাধ এবং হত্যা ফেত্না-ফাসাদ (কুফর ও শিরক) গুরুতর এবং যদি তারা সক্ষম হয়. তবে তারা তোমাদেরকে তোমাদের ধর্ম হতে ফিরাতে না পারা পর্যন্ত সর্বদা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করতে থাকবে: আর তোমাদের মধ্যকার কেউ যদি স্বধর্ম হতে ফিরে যায় এবং ঐ কাফের অবস্থাতেই তার মৃত্যু তাহলে ঘটে. তার ইহকাল পরকালের সমস্ত কর্মই নিক্ষল হয়ে যায়, তারাই জাহান্লামের অধিবাসী এবং তারই মধ্যে তারা চিরকাল অবস্থান করবে।

২১৮. নিশ্চয় যারা বিশ্বাস স্থাপন করেছে এবং আল্লাহর পথে দেশ ত্যাগ করেছে ও আল্লাহর পথে জেহাদ করেছে, তারাই আল্লাহর تَكُرَهُوْا شَيْئًا وَّهُوَ خَيْرٌ لَكُمْ عَ وَعَسَى اَنْ تُحِبُّوْا شَيْئًا وَهُوَ شَرُّ لَكُمْ طُوالله يَعْلَمُ وَ اَنْتُمُ لا تَعْلَمُوْنَ شَ

إِنَّ الَّذِيْنَ امَنُواْ وَالَّذِيْنَ هَاجَرُواْ وَجَهَدُوا فِي سَجِيْلِ اللهِ لا اُولَلِيكَ يَرْجُونَ رَحْمَتَ اللهِ لا وَاللهُ অনুগ্রহের প্রত্যাশা করবে এবং আল্লাহ ক্ষমাশীল, করুণাময়।

২১৯. মাদক দ্রব্য ও জুয়া খেলা সম্বন্ধে তারা তোমাকে জিজ্ঞেস করছে, তুমি বলঃ এ দু'টোর মধ্যে গুরুতর পাপ রয়েছে এবং কোন কোন লোকের (কিছু) উপকার আছে, কিছু ও দু'টোর লাভ অপেক্ষা পাপই গুরুতর; তারা তোমাকে (আরও) জিজ্ঞেস করছে, তারা কি (পরিমাণ) ব্যয় করবে? তুমি বলঃ যা তোমাদের উদ্তু; এভাবে আল্লাহ তোমাদের জন্যে নিদর্শনাবলী ব্যক্ত করেন যেন তোমরা চিন্তা করে দেখ।

عَفُورٌ رِّحِيْمُ ١

يَسْعُكُونَكَ عَنِ الْخَمْرِ وَالْمَيْسِرِ لَّ قُلْ فِيهِمَا الْمُهُ كَبِيْرٌ وَّمَنَافِعُ لِلنَّاسِ وَ وَاثْمُهُمَا اَكْبُرُمِنَ تَفْعِهِمَا لَوَيَسْعَكُونَكَ مَا ذَا يُنْفِقُونَ لَهُ قُلِ الْعَفُو لَا كَذَٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمُ الْأَيْتِ لَعَلَّكُمُ تَتَفَكَّرُونَ اللهَ

১। (ক) আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত তিনি বলেন, রাস্লুল্লাহ্ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যে ব্যক্তি লা'ত এবং ওজ্জার নামে কসম করে সে যেন লা-ইলাহা ইল্লাল্লাহ বলে। আর যে ব্যক্তি তার সাথীকে বলেছে যে, এসো আমরা জুয়া খেলি, তবে তার সাদকা করা উচিত। (বুখারী, হাদীস নং ৪৮৬০)

⁽খ) ইবনে উমর (রাযিআল্লাহ্ন আনহুমা) থেকে বর্ণিত, তিনি বলেনঃ নিশ্চয়ই রাস্লুল্লাহ্ (সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যে ব্যক্তি দুনিয়াতে মদ পান করল, অতঃপর তা থেকে তাওবা করল না, পরকালে সে তা থেকে বঞ্চিত হবে। (বুখারী, হাদীস নং ৫৫৭৫)

⁽গ) আনাস (রাযিআল্লাছ আনহ) থেকে বর্ণিত, তিনি বলেনঃ আমি রাস্পুল্লাহ (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) থেকে এমন একটি হাদীস শুনেছি যা আমি ব্যতীত অন্য কেউ তোমাদেরকে বর্ণনা করবে না। তিনি (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ কিয়ামতের আলামতগুলোর মধ্যে এ-ও আছে যে, অজ্ঞতা ও মূর্খতার বহিঃপ্রকাশ ঘটবে এবং জ্ঞানলোপ পাবে, যিনা-ব্যভিচার প্রকাশ্যে হতে থাকবে ও মদ পান (অবাধে চলবে)। পুরুষের সংখ্যা লোপ পাবে এবং নারীর সংখ্যা বৃদ্ধি পাবে; এমনকি পঞ্চাশ জন মহিলা একজন পুরুষের অধিনক্তে থাকবে। (বুখারী, হাদীস নং ৫৫৭৭)

⁽ঘ) ইবনে সিহাব থেকে বর্ণিত, তিনি বলেন, আমি আবৃ সালমা ইবনে আব্দুর রহমান এবং ইবনে মুসাইয়্যেবকে বলতে শুনেছি যে, আবৃ হুরাইরা (রাযিআল্লাছ আনহু) বলেছেনঃ নিশ্চয়ই নবী (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যে ব্যভিচার করা অবস্থায় ব্যভিচারকারী মোমেন থাকে না। মদপান করার সময় মদপানকারী মোমেন থাকে না, চুরি করার সময় চোর মোমেন থাকে না (সেই মুহূর্তে তার থেকে ঈমান দুরে চলে যায়)। ইবনে শিহাব বলেনঃ আমাকে আব্দুল মালিক বিন আবৃ বকর বিন আব্দুর রহমান বিন হারেস বিন হিসাম জানিয়েছেন, নিশ্চয় আবৃ বকর তাকে হাদীস শুনাতেন, আবৃ হুরাইরা (রাযিআল্লাছ আনহু) থেকে বর্ণনা করেন যে, উল্লেখিত বর্ণনাকারী আবৃ বকর এ হাদীসের সঙ্গে আরও একটু সংযুক্ত করেছেন যে, অনুরূপভাবে লুষ্ঠনকারী যখন লুষ্ঠন করে যার দিকে মানুষ চোখ তুলে তাকায় সেও লুষ্ঠন করার সময় মোমেন থাকে না। (বুখারীঃ, হাদীস নং ৫৫৭৮)

২২০. পার্থিব ও পারলৌকিক বিষয়ে আর তারা তোমাকে ইয়াতিমদের সম্বন্ধে জিজ্ঞেস করছে; তুমি বলঃ তাদের হিতসাধন করাই উত্তম: এবং যদি তোমরা তাদেরকে সম্মিলিত করে নাও তবে তারা তোমাদের কে অনিষ্টকারী ভ্রাতা, আর হিতাকাঙ্ক্ষী আল্লাহ তা এবং যদি আল্লাহ ইচ্ছে করতেন, তবে তিনি তোমাদেরকে বিপদে ফেলতেন, নিশ্চয় আল্লাহ পরাক্রান্ত, মহা প্রজ্ঞাময়।

২২১ এবং অংশীবাদিনীগণ বিশ্বাস স্তাপন না করা পর্যন্ত তোমৱা তাদেরকে বিয়ে করো না এবং নিশ্চয় বিশ্বাসিনী অংশীবাদিনী দাসী (স্বাধীনা) মহিলা অপেক্ষা যদিও সে তোমাদেরকে মোহিত করে ফেলে এবং অংশীবাদীগণ বিশ্বাস স্থাপন না করা পর্যন্ত তাদের সাথে (মুসলমান নারীদের) বিবাহ প্রদান করো না এবং নিশ্চয় অংশীবাদী তোমাদের মনঃপুত হলেও বিশ্বাসী শ্রেষ্ঠতর: তদপেক্ষা জাহান্নামের দিকে আহ্বান করে এবং আল্লাহ স্বীয় ইচ্ছায় জানাত ও ক্ষমার দিকে আহ্বান করেন ও মানবমন্ডলীর নিদর্শনাবলী স্বীয় করেন, যেন তারা শিক্ষা গ্রহণ করে। তোমাকে ২২২. এবং তারা লোকদের) ঋতুস্রাব সম্বন্ধে জিজ্ঞেস তুমি ওটা করছে; হচ্ছে কষ্টদায়ক অবস্থা। অতএব ঋতুকালে স্ত্রী (সঙ্গম থেকে লোকদের

فِي الدُّنْيَا وَالْأَخِرَةِ ﴿ وَيَسْعَلُوْنَكَ عَنِ الْيَتْلَىٰ قُلْ الْمُثَلَّ وَالْكَثْلَ قُلْ الْمُثَلِحَ وَالْنَ تُخَالِطُوهُمْ فَإِخُوانُكُمْ ﴿ وَاللّٰهُ يَعُلَمُ الْمُفْسِدَ مِنَ الْمُصْلِحِ ﴿ وَلَوْشَآءَ اللّٰهُ لَا عَنْكَمُ ﴿ إِنَّ اللّٰهَ عَزِيْزٌ حَكِيْمٌ ﴿

وَلا تَنْكِحُوا الْمُشْرِكْتِ حَتَّى يُؤْمِنَ ﴿ وَلاَ مَثَّ مُؤْمِنَةٌ خَيْرٌ مِّنْ مُّشْرِكَةٍ وَّكُو اَعْجَبَتْكُمْ ۚ وَلاَ تُنْكِحُوا الْمُشْرِكِيْنَ حَتَّى يُؤْمِنُوا ﴿ وَلَعَبْلٌ مُّؤْمِنَ خَيْرٌ مِّنُ مُّشْرِكٍ وَّكُو اَعْجَبَكُمْ ﴿ أُولِيكَ يَلْعُونَ إِلَى النَّارِ ۚ وَ اللّهُ يَكُ عُوْا إِلَى الْجَنَّةِ وَ الْمَغْفِرَةِ بِإِذْ نِهِ ۚ وَيُبَيِّنَ الْمِنْ إِلَى الْجَنَّةِ وَ الْمَغْفِرَةِ بِإِذْ نِهِ ۚ وَيُبَيِّنَ الْمِنِهِ لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَكُلَّ كُونَ شَ

وَيَسْتَكُوْنَكَ عَنِ الْمَحِيْضِ قُلْ هُوَاذَّى لَا فَاعْتَزِلُوا النِّسَاءَ فِي الْمَحِيْضِ وَلا تَقْرَبُوْهُنَّ حَتَّى يَظْهُرْنَ فَإِذَا تَطَهَّرُنَ فَأْتُوْهُنَّ مِنْ حَيْثُ آمَرَكُمُ اللَّهُ ۖ

বিরত করে) থাক এবং উত্তমরূপে পবিত্র না হওয়া পর্যন্ত তাদের নিকটে যেও না; (সহবাস করোনা) অনন্তর যখন তারা পবিত্র হবে, তখন আল্লাহর নির্দেশ মতে তোমরা তাদের নিকট গমন কর. প্রার্থীগণকে নিশ্চয় আল্লাহ ক্ষমা পবিত্ৰতা ভালবাসেন এবং অর্জনকারীগণকেও ভালবেসে থাকেন।

২২৩. তোমাদের স্ত্রীগণ তোমাদের জন্যে ক্ষেত্র স্বরূপ: অতএব তোমরা যেভাবেই ইচ্ছা কর গমণ কর এবং স্বীয় জীবনের জন্যে পাথেয় পূর্বেই প্রেরণ কর এবং আল্লাহকে ভয় কর ও জেনে রেখো সবাইকে তাঁর তোমাদের মুখোমুখী হতে হবে বিশ্বাসীগণকে সুসংবাদ প্রদান কর। ২২৪. তোমরা নিজেদের আল্লাহর নামকে বানিওনা, সৎকাজ, আত্মসংযম এবং মানুষের মাঝে মীমাংসা করে দেয়া থেকে বেঁচে থাকার উদ্দেশ্যে; বস্তুতঃ আল্লাহ সর্বশ্রোতা, সর্বজ্ঞাতা। ২২৫. আল্লাহ তা'আলা তোমাদের শপথসমূহের (অর্থহীন নির্থক শপথের) জন্যে তোমাদেরকে ধরবেন

না: কিন্তু তিনি তোমাদেরকে ঐসব

তোমাদের মনের সংকল্প অনুসারে

সম্বন্ধে

क्रभागील, देश्यमील।

হয়েছে

ধরবেন

এবং

শপথ

সাধিত

إِنَّ اللَّهَ يُحِبُّ التَّوَّابِينَ وَيُحِبُّ الْمُتَطَهِّرِينَ ﴿

نِسَا وَّكُمُ حَرُثُ لَكُمُ ۖ فَأَنُّوا حَرُثَكُمُ اَلَّى شِغُتُمُ أَ وَقَدِّمُوا لِاَنْفُسِكُمُ الْوَاتَّقُوا اللهَ وَاعْلَمُواۤ اللهَ مُّلْقُوْهُ الْوَبِشِيرِ الْمُؤْمِنِينَ ﴿

وَلَا تَجْعَلُوا اللهَ عُرْضَةً لِآيُمُانِكُمْ أَنْ تَبَرُّوُا وَتَتَّقُوُا وَ تُصْلِحُوا بَيْنَ النَّاسِ ﴿ وَاللهُ سَمِيْعٌ ۗ عَلِيْمٌ ﴿

لَا يُؤَاخِنُكُمُ اللهُ بِاللَّغُو فِنَ آيُمَا نِكُمُ وَلكِنَ يُؤَاخِنُكُمُ بِمَا كَسَبَتْ قُلُوبُكُمُ ﴿ وَاللَّهُ غَفُورٌ حَلِيْمٌ ﴿

যেগুলো

আল্লাহ

২২৬. যারা স্বীয় স্ত্রীগণ হতে পৃথক থাকবার শপথ করে তারা চার মাস প্রতীক্ষা করবে; অতঃপর যদি তারা প্রত্যাবর্তিত হয়, তবে নিশ্চয় আল্লাহ ক্ষমাশীল, করুণাময়।

২২৭. পক্ষান্তরে যদি তারা তালাক দিতেই দৃঢ় প্রতিজ্ঞ হয়ে থাকে, তবে নিশ্চয় আল্লাহ শ্রবণকারী, মহাজ্ঞানী। ২২৮. এবং তালাক প্রাপ্তাগণ তিন ঋতু পর্যন্ত আত্মসম্বরণ করে থাকবে; এবং যদি তারা আল্লাহ ও পরকালে বিশ্বাস করে তবে আল্লাহ তাদের গর্ভে যা সৃষ্টি করেছেন তা গোপন করা তাদের পক্ষে বৈধ হবে না: এবং এর মধ্যে যদি তারা সন্ধি কামনা করে তবে তাদের স্বামীই তাদেরকে প্রতিগ্রহণ করতে সমধিক স্বত্বান: আর নারীদের উপর তাদের যেরূপ স্বত্ব আছে, নারীদেরও তদনুরূপ ন্যায়সঙ্গত স্বত্ব আছে এবং তাদের উপর শ্ৰেষ্ঠত পুরুষদের রয়েছে: আল্লাহ হচ্ছেন মহা পরাক্রান্ত প্রজ্ঞাময়।

২২৯. তালাক দুইবার; অতঃপর (স্ত্রীকে) হয় বিহিতভাবে রাখতে হবে। অথবা সংভাবে পরিত্যাগ لِلَّذِيْنَ يُؤْلُونَ مِنْ نِّسَا لِهِمْ تَرَبُّصُ اَرْبَعَةِ اَشُهُرٍ ۚ فَإِنْ فَآءُوْ فَإِنَّ اللّهَ غَفُوْدٌ رَّحِيْمٌ ﴿

وَإِنْ عَزَمُوا الطّلاقَ فَإِنَّ اللهَ سَمِيعٌ عَلِيْمٌ ®

وَالْمُطَلَّقَٰتُ يَتَرَبَّضَ بِانْفُسِهِنَّ ثَلْثَةَ قُرُوَّ وَ اللهُ فَيَ اللهُ فَي اللهُ فَي اللهِ وَالْمَيْوِرِ الْاِخِرِ اللَّهِ وَالْمَيْوِرِ الْاِخِرِ اللَّهِ وَالْمَيْوِنَ اللَّهِ وَالْمَيْوِنَ اللّهِ وَاللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَيْهِنَ مَثْلُ الَّذِي عَلَيْهِنَ اللَّهُ عَلَيْهِنَ مَرْجَةٌ اللَّهُ وَاللَّهُ عَلَيْهِنَ مَرْجَةٌ اللَّهُ وَاللَّهُ عَلَيْهِنَ مَرْجَةٌ الله وَاللّهُ عَلَيْهِنَ مَرْجَةٌ الله وَالله عَلِيْهِنَ مَرْجَةٌ الله وَالله وَالله وَالله وَالله وَالله وَالله وَاللّهُ وَلَهُ وَاللّهُ وَلَا اللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَلّهُ وَالل

ٱلطَّلَاقُ مَرَّتْنِ ۖ فَإِمُسَاكً ٰ إِمَعْرُونِ ٱوۡتَسُرِيْحُ ۗ بِإِحْسَانٍ ۚ وَلَا يَحِلُّ لَكُمُ ٱنُ تَأْخُذُوا مِثَّا

১। (ক) না'ফে থেকে বর্ণিত, নিশ্চয়ই ইবনে ওমর (রাযিআল্লান্থ আনন্থমা) "ইলা" (চার মাস স্ত্রী সংস্পর্শ পরিত্যাগের কসম করা) সম্পর্কে বলেন, যার উল্লেখ আল্লাহ্ কুরআনে করেছেন যে, নির্দিষ্ট সময় (চার মাস) অতিবাহিত হওয়ার পর আল্লাহ্র নির্দেশ অনুযায়ী হয় তার স্ত্রীকে বৈধ পদ্ধতিতে রাখবে, আর না হয় তালাক দিয়ে দিবে। (বুখারী, হাদীস নং ৫২৯০)

⁽খ) না'ফে, ইবনে উমর (রাযিআল্লান্থ আনহুমা) থেকে বর্ণনা করেন যে, যখন চার মাস অতিবাহিত হয়ে যায়, তখন তালাক দেয়া পর্যন্ত (স্ত্রী) অপেক্ষা করবে। স্বামী তালাক না দেয়া পর্যন্ত তালাক হবে না। উসমান, আলী, আবু দারদা এবং আয়েশা (রাযিআল্লান্থ আনহুম) সহ রাসূল (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লামের) আরো বার জন সাহাবী থেকে এমত বর্ণিত হয়েছে। (বুধারী, হাদীস নং ৫২৯১)

করতে হবে এবং যদি উভয়ে আশঙ্কা করে যে, তারা আল্লাহর সীমা স্থির রাখতে পারবে না। তবে তোমরা তাদেরকে যা প্রদান করেছো তা হতে কিছু প্রতিগ্রহণ করা তোমাদের জন্যে বৈধ নয়; অনন্তর তোমরা যদি আশঙ্কা কর যে, তারা আল্লাহর সীমা ঠিক রাখতে পারবে না, সে অবস্থায় স্ত্রী নিজের মুক্তি লাভের জন্য কিছু বিনিময় দিলে তাতে উভয়ের কোন দোষ নেই; এগুলোই হচ্ছে আল্লাহর সীমাসমূহ অতএব তা অতিক্রম করো না এবং যারা আল্লাহর সীমা অতিক্রম করে, বস্তুতঃ তারাই অত্যাচরী।

২৩০. অনন্তর যদি সে স্ত্রীকে তালাক প্রদান করে তবে সে স্ত্রী যতক্ষণ পর্যন্ত তাকে ছাড়া অন্য স্বামীকে বিয়ে করে না নিবে সে তার জন্যে বৈধ হবে না. তৎপর সে তাকে তালাক প্রদান করলে যদি উভয়ে মনে করে যে. তারা আল্লাহর সীমাসমূহ স্থির রাখতে পারবে. তখন যদি তারা প্রত্যাবর্তিত পরস্পর হয় তবে উভয়ের পক্ষে কোনই দোষ নেই এবং এগুলোই আল্লাহর সীমাসমূহ. তিনি বিজ্ঞ সম্প্রদায়ের জন্যে এগুলো ব্যক্ত করে থাকেন।

اَتُنتُمُوُهُنَّ شَنِگَا اِلاَّ اَنُ يَّخَافَا اَلَّا يُقِيْمَا حُدُودَ اللهِ طَفَانُ خِفْتُمُ اَلَّا يُقِينُما حُدُودَ اللهِ لا فَلَا جُنَاحَ عَلَيْهِمَا فِيْمَا افْتَدَتْ بِهِ طَ تِلُكَ حُدُودُ اللهِ فَلَا تَعْتَدُ وْهَا وَمَنْ يَتَعَدَّ حُدُودَ اللهِ فَأُولَا لِكَ هُمُ الظّٰلِمُونَ ﴿

فَإِنْ طَلَّقَهَا فَلَا تَحِلُّ لَهُ مِنْ بَعْدُ حَتَّى تَنْكِحُ

زَوْجًا غَيْرَةُ ﴿ فَإِنْ طَلَّقَهَا فَلَا جُنَاحَ عَلَيْهِمَا آنُ

يَّتَرَاجَعَا إِنْ ظَنَّا آنُ يُقِيمًا حُدُودَ اللهِ ﴿ وَتِلْكَ حُدُودُ اللهِ ﴿ وَتِلْكَ حُدُودُ اللهِ ﴿ وَتِلْكَ حُدُودُ اللهِ فَيُبَيِّنُهَا لِقَوْمِ يَعْلَمُونَ ﴿

১। ইবনে আব্বাস (রাযিআল্লাহু আনহুমা) থেকে বর্ণিত নিশ্চয়ই সাবেত ইবনে কাইসের স্ত্রী নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নিকট এসে বলল ইয়া রাসূলাল্লাহু সাবেত ইবনে কাইসের ধার্মিকতা এবং চরিত্রের ওপর আমার কোন অভিযোগ নেই; কিন্তু আমি মুসলমান হয়ে কুফরী করাটা মোটেই পছন্দ করি না। (তাদের উভয়ের সম্পর্কে অমিল ছিল) রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ তুমি কি তাকে (স্বামীকে) মহর হিসাবে যে বাগান সে দিয়েছিল তা ফিরিয়ে দিবে? সে বলল হাঁা। রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সাবেত (রাযিআল্লাহু আনহু)-কে বললেন বাগানটি ফেরত নিয়ে তাকে এক তালাক দিয়ে দাও। (বুখারী, হাদীস নং ৫২৭৩)

২৩১. এবং তোমরা যখন স্ত্রীদেরকে তালাক দাও আর তারা তাদের নির্ধারিত সময়ে পৌছে যায়, তখন তাদেরকে ভালভাবে রাখতে পার অথবা ভালভাবে পরিত্যাগ করতে পার এবং তাদেরকে যন্ত্রণা দেয়ার জন্যে আবদ্ধ করে রেখ না. তাহলে সীমালজ্ঞান করবে; আর যে ব্যক্তি এরপ করে সে নিশ্চয়ই নিজের প্রতি অবিচার করে থাকে এবং আল্লাহর বিধি-বিধানকে বিদ্দপাচ্ছলে করো না আর তোমাদের প্রতি অনুগ্রহ এবং তোমাদেরকে উপদেশ ও হিকমত দানের জন্যে গ্রন্থ (সুন্নাত) হতে যা অবতীর্ণ করেছেন তা স্মরণ কর, আর আল্লাহকে ভয় কর ও জেনে রেখ যে, আল্লাহ সর্ব বিষয়ে মহাজ্ঞানী।

যখন স্ত্রী ২৩২, এবং তোমরা লোকদেরকে তালাক দাও, তৎপর তারা তাদের নির্ধারিত সময়ে পৌছে যায়, তখন তারা উভয়েই যদি পরস্পরের প্রতি বিহিতভাবে সম্মত হয়ে থাকে, সে অবস্থায় স্ত্রীরা নিজ স্বামীদেরকে বিয়ে করতে তোমরা তাদেরকে বাধা প্রদান করো না: তোমাদের মধ্যে যে আল্লাহ ও বিশ্বাস পরকালের প্রতি স্থাপন তাদেরকেই করেছে এর দ্বারা দেয়া হচ্ছে; উপদেশ তোমাদের জন্যে এটা শুদ্ধতম ও পবিত্ৰতম (ব্যবস্থা) এবং আল্লাহই পরিজ্ঞাত আছেন আর তোমরা কিছুই জানো না।

وَإِذَا طَلَّقُتُمُ النِّسَآءَ فَبَكَغُنَ اَجَلَهُنَّ فَامُسِكُوهُنَّ بِمَعُرُونٍ وَلا تُمُسِكُوهُنَّ بِمَعُرُونٍ وَلا تُمُسِكُوهُنَّ فِمَعُرُونٍ وَلا تُمُسِكُوهُنَّ فِمَارًا لِتَعُتَكُوا وَمَن يَفْعَل خُلِكَ فَقَلْ ظَلَمَ نَفْسَهُ ﴿ وَلا تَتَّخِذُ وَا أَلِتِ اللهِ هُزُوا ﴿ وَاذْكُرُوا نِعْمَتَ اللهِ عَلَيْكُمُ وَمَا أَنْزَلَ عَلَيْكُمُ مِّنَ الْكِتْبِ فِعْمَتَ اللهِ عَلَيْكُمُ مِنَ الْكِتْبِ وَالْحِكْمَةِ يَعِظُكُمُ بِهِ ﴿ وَاتَّقُوا الله وَاعْلَمُوا آنَ وَالْحَكُمُ اللهَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ﴿ وَاتَّقُوا الله وَاعْلَمُوا آنَ اللهَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ﴿ وَالتَّقُوا الله وَاعْلَمُوا آنَ الله وَعُلَمُ الله وَاعْلَمُوا آنَا الله وَلَا الله وَلَا الله وَاعْلَمُوا آنَا اللهُ وَلَا اللهُ وَلَا الله وَاعْلَمُ وَاعْلَمُ وَاعْلَمُ اللهُ وَلَهُ وَاعْلَمُ وَاعِلَمُ وَاعْلَمُ وَاعْلَم

وَإِذَا طَلَّقُتُمُ النِّسَآءَ فَبَكَغُنَ آجَكَهُ قَ فَلَا تَعْضُلُوهُ هُنَّ اَنْ يَنْكِحُنَ اَزْواجَهُنَ إِذَا تَرَاضُوا بَيْنَهُمُ بِالنَّعُرُوفِ ﴿ ذَٰلِكَ يُوْعَظُ بِهِ مَنْ كَانَ مِنْكُمُ يُؤْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الْاخِرِ ﴿ ذَٰلِكُمُ اَنْكُمُ لَا لَكُمْ وَاللَّهُ يَعْلَمُ وَانْتُمُ لَا تَعْلَمُ وَانْتُمُ لَا تَعْلَمُ وَانْتُمُ الله يَعْلَمُ وَانْتُمُ لَا تَعْلَمُونَ ﴿

২৩৩. এবং যে কেউ স্তন্যপানের কাল পূর্ণ করতে ইচ্ছে করে, তার জন্যে জননীগণ পূর্ণ দু'বছর স্বীয় সন্তানদেরকে স্তন্য দান করবে, আর সন্তানের জনকগণ বিহিতভাবে প্রসূতিদের খোরাক ও তাদের পোষাক দিতে বাধ্য; কাউকেও তার সাধ্যের অতীত কার্যভার দেয়া হয় না. নিজ সম্ভানের কারণে জননীকে এবং নিজ সন্তানের কারণে জনককে ক্ষতিগ্রস্ত করা চলবে না এবং উত্তরাধিকারীগণের প্রতিও একই ধরণের বিধান: কিন্তু যদি তারা পরস্পর পরামর্শ ও সম্মতি অনুসারে স্তন্য ত্যাগ করাতে ইচ্ছে করে, তবে উভয়ের কোন দোষ নেই: আর তোমরা যদি নিজ সম্ভানদেরকে স্তন্য পানের জন্যে সমর্পণ করতঃ বিহিতভাবে কিছ প্রদান কর তাহলেও তোমাদের কোন দোষ নেই এবং আল্লাহকে ভয় কর ও জেনে রেখো যে. তোমরা যা করছো আল্লাহ তা প্রত্যক্ষকারী।

২৩৪. এবং তোমাদের মধ্যে যারা দ্রীদেরকে রেখে মৃত্যুমুখে পতিত হয়, তারা (বিধবাগণ) চার মাস দশ দিন প্রতীক্ষা করবে; অতঃপর যখন তারা স্বীয় নির্ধারিত সময়ে উপনীত হয় তখন তারা নিজেদের সম্বন্ধে বিহিতভাবে যা করবে, তাতে তোমাদের কোন দোষ নেই এবং তোমরা যা করছো তিষ্বিয়ে আল্লাহ সমকে খবর রাখেন।

২৩৫. এবং তোমরা স্ত্রী লোকদের প্রস্তাব সম্বন্ধে পরোক্ষভাবে যা ব্যক্ত কর অথবা নিজেদের মনে গোপনে যা وَالْوَالِلْ قُ يُرْضِعُنَ آوُلَادَهُنَّ حَوْلَيْنِ
كَامِلَيْنِ لِمَنْ آرَادَ آنَ يُّتِمَّ الرَّضَاعَةُ ﴿ وَعَلَى
الْمَوْلُوْدِ لَهُ لِذَقْهُنَّ وَكِسُونُهُنَّ بِالْمَعُرُوْفِ ﴿
لاَ تُكَلَّفُ نَفْسُ إِلَّا وُسْعَهَا ﴾ لاَ تُضَارَّ وَالِدَةً الرَّضَافَ وَالِدَةً الرَّفَ لَكُورُو فَ لَا تُحَلَّا وَالِدَةً اللهُ وَلَكِهِ ﴿ وَكَلِيهِ ﴿ وَعَلَى الْوَالِنِ فِي لَكِهُمَا وَالْ اللهُ وَالْمَهُمَا وَالْ ارَدُتُهُمُ اللهُ وَالْدَقُو اللهُ وَاعْلَمُوا الله وَعُمَالًا وَاعْلَمُوا الله وَاعْلَمُوا اللهُ وَاعْلَمُ الْعُلَمُ وَاعْلَمُ الْعُلُمُ الْعُلُمُ الْعُوا اللهُ وَاعْلَمُ الْعُلُمُ الْعُوا اللهُ وَاعْلَمُ الْعُوا اللهُ وَاعْلَمُ الْعُلَمُ الْعُلُمُ الْعُلُمُ الْعُلُمُ الْعُوا اللهُ وَاعْلَمُ الْعُلُمُ الْعُلُمُ الْعُمُوا اللهُ الْعُمُوا اللهُ الْعُلَمُ الْعُلُمُ الْعُمُوا اللهُ الْعُمُوا اللهُ الْعُع

وَالَّذِيْنَ يُتُوَقَّوْنَ مِنْكُمْ وَيَذَرُوْنَ اَزُوَاجًا يَّتَرَبَّصُنَ بِاَنْفُسِهِنَّ اَرْبَعَةَ اَشْهُدٍ وَّعَشُرًا فَإِذَا بَلَغْنَ اَجَلَهُنَّ فَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيْمَا فَعَلْنَ فِيْ اَنْفُسِهِنَّ بِالْمَعْرُوْفِ لَوَاللهُ بِمَا تَعْمَلُوْنَ خَبِيُرُ ﴿

وَلَاجُنَاحٌ عَلَيْكُمْ فِيهُمَا عَرَّضْتُمْ بِهِ مِنْ خِطْبَةِ النِّسَآءِ أَوْ ٱكْنَنْتُمْ فِيْ أَنْفُسِكُمْ لَم عَلِمَ পোষণ করে থাক তাতে তোমাদের কোন দোষ নেই; আল্লাহ অবগত আছেন যে, তোমরা তাদের বিষয় আলোচনা করবে; কিন্তু গুপুভাবে তাদেরকে প্রতিশ্রুতি দান করো না; বরং বিহিতভাবে তাদের সাথে কথা বল এবং নির্ধারিত সময় পূর্ণ না হওয়া পর্যন্ত বিবাহ বন্ধনে আবদ্ধ হবার সংকল্প করো না এবং এটাও জেনে রেখো যে, তোমাদের অন্তরে যা আছে আল্লাহ তা পরিজ্ঞাত। অতএব তোমরা তাঁকে ভয় কর এবং জেনে রেখো যে, আল্লাহ ক্ষমাশীল, সহিষ্টু।

২৩৬. যদি তোমরা স্ত্রীদেরকে স্পর্শ না করেই অথবা তাদের প্রাপ্য নির্ধারণ করার আগেই তালাক প্রদান কর তবে তাতে তোমাদের কোন দোষ নেই এবং তোমরা তাদেরকে কিছু সংস্থান করে দেবে, অবস্থাপন্ন লোক নিজের অবস্থানুসারে এবং অভাবগ্রস্ত লোক তার অবস্থানুসারে বিহিত সংস্থান (করে দেবে), সৎকর্মশীল লোকদের উপর এই কর্তব্য।

২৩৭. আর তোমরা যদি তাদেরকে স্পর্শ করার পূর্বেই তালাক প্রদান কর এবং তাদের মোহর নির্ধারণ করে থাক, তবে যা নির্ধারিত করেছিলে তার অর্ধেক; কিন্তু যদি তারা ক্ষমা করে কিংবা যার হাতে বিবাহ বন্ধন সে ক্ষমা করে অথবা তোমরা ক্ষমা কর তবে এটা আল্লাহ

الله اَنَّكُمْ سَتَنْ كُرُونَهُنَّ وَلَكِنْ لَا تُواعِدُوهُنَّ فِلاَ تَعْزِمُوا سِرًّا إِلاَّ آنُ تَقُوْلُوا قَوْلًا مَّعْرُوفًا لَهُ وَلَا تَعْزِمُوا عِقْلَ اللَّهَ الْكِتْبُ اَجَلَهُ ﴿ وَاعْلَمُوا عُقْلَ اللّهَ يَعْلَمُ مَا فِنْ اَنْفُسِكُمْ فَاحْلَارُوهُ ۚ اللّهَ يَعْلَمُ مَا فِنْ اَنْفُسِكُمْ فَاحْلَارُوهُ ۚ وَاعْلَمُوا وَاعْلَمُوا اللّهَ يَعْلَمُ مَا فِنْ اَنْفُسِكُمْ فَاحْلَارُوهُ ۚ وَاعْلَمُوا الله عَفُورٌ حَلِيمٌ ﴿

لَاجُنَاحَ عَلَيْكُمُ إِنْ طَلَّقْتُمُ النِّسَاءَ مَالَمُ تَكَسُّوْهُنَّ اوْجُنَاحَ عَلَيْكُمُ إِنْ طَلَقْتُمُ النِّسَاءَ مَالَمُ تَكَسُّوْهُنَّ اوْ تَقْرِضُوا لَهُنَّ وَرِيْضَةً ۚ وَمَتِّعُوْهُنَ ۚ عَلَى الْمُثْتِرِ قَلَارُهُ ۚ مَتَاعًا الْمُحْسِنِيْنَ ۖ وَعَلَى الْمُثْسِنِيْنَ ۖ وَمَارُهُ ۚ مَتَاعًا الْمُحْسِنِيْنَ ۖ

وَإِنْ طَلَّقَتُهُوْهُنَّ مِنْ قَبْلِ أَنْ تَكَسُّوْهُنَّ وَقَلْ فَرَضْتُمْ لَهُنَّ فَرِيْضَةً فَنِصْفُ مَا فَرَضْتُمْ اللَّآنَ يَعْفُونَ أَوْ يَعْفُوا الَّنِيْ بِيَدِهٖ عُقْدَةُ النِّكَاجِ وَأَنْ تَعْفُواۤ اقْرَبُ لِلتَّقُوٰى وَلاَ تَنْسَوُا الفَّضْلَ بَيْنَكُمْ ﴿ إِنَّ اللَّهَ بِمَا تَعْمَلُونَ بَصِيْرٌ ﴿ 70

ভীতির অতি নিকটবর্তী এবং পরস্পরের উপকারকে যেন ভুলে যেও না; তোমরা যা কর নিশ্চয়ই আল্লাহ তা প্রত্যক্ষকারী।

২৩৮. তোমরা নামাযসমূহ ও মধ্যবর্তী নামাযের (আসর) ব্যাপারে যত্নবান হও এবং বিনীতভাবে আল্লাহর উদ্দেশ্যে দন্ডায়মান হও।

২৩৯. তবে তোমরা যদি (শক্রর ভয়ের) আশঙ্কা কর, সে অবস্থায় পদব্রজে বা যানবাহনাদির উপর (নামায আদায় করে নেবে) পরে যখন নিরাপদ হও তখন তোমাদের অবিদিত বিষয়গুলো সম্বন্ধে আল্লাহ তোমাদেরকে যেরূপ শিক্ষা দিয়েছেন সেরূপে আল্লাহকে শ্ররণ কর।

حْفِظُواْ عَلَى الصَّلُوتِ وَ الصَّلُوقِ الْوُسُطَى َ وَ الصَّلُوةِ الْوُسُطَى َ وَقُومُوا بِلَّهِ قُنِتِينَ ﴿

فَإِنْ خِفْتُمْ فَرِجَالًا أَوْ رُكُبَانًا ۚ فَإِذَا آمِنْتُمْ فَاذْكُرُوا اللهَ كَمَا عَلَّمَكُمْ مَّا لَمْ تَكُوْنُوا تَعُلَمُونَ ۞

১। (ক) আব্দুল্লাহ্ ইবনে উমর (রাযিআল্লাহ্ আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেনঃ রাসূলুল্লাহ (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, যার আসরের নামায ছুটে গেল তার যেন পরিবারবর্গ এবং ধন-সম্পদ সবই ধ্বংস হয়ে গেল। (বুখারী, হাদীস নং ৫৫২)

⁽খ) আবুল মালীহ (রাযিআল্লান্থ আনন্থ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা বুরাইদা (রাযিআল্লান্থ আনন্থ)এর সঙ্গে এক মেঘাচন্থন দিনে এক জিহাদে অংশগ্রহণ করেছিলাম। তিনি বললেনঃ আসরের নামায আওয়াল
ওয়াঙ্গে পড়ে নাও। কেননা নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, যে ব্যক্তি আসরের নামায
পরিত্যাগ করল তার সমস্ত আমল বরবাদ হয়ে গেল। (বুখারী, হাদীস নং ৫৫৩)

২। সালেহ বিন খাওয়াস ঐ ব্যক্তি থেকে বর্ণনা করেন যিনি রাস্ল (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম)-এর সাথে "যাতুর রিকা"র যুদ্ধে সালাতুল খাওফ (ভয়-জীতির নামাযে) অংশগ্রহণ করেছিল তার থেকে বর্ণিত, তিনি বলেছেনঃ (সাহাবাগণের) একদল নামায পড়ার জন্য তাঁর (রাস্ল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম)-এর সাথে কাতারবন্দী হয়ে দাঁড়ালেন এবং আরেকদল শক্রর মোকাবিলায় প্রস্তুত থাকলেন। তিনি (নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) প্রথমোক্ত দলের সাথে এক রাক'আত নামায পড়ে দাঁড়িয়ে থাকলেন। মোক্তাদীগণ তারা একা একা দ্বিতীয় রাক'আত পড়ে ফিরে গেলেন এবং শক্রর মুখোমুখী হয়ে দাঁড়ালেন। এবার অপর দলটি এসে দাঁড়ালে তিনি (নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) তাদেরকে সাথে নিয়ে অবশিষ্ট (এক) রাক'আত পড়ে বসে থাকলেন। (দ্বিতীয় দলের) মুক্তাদীগণ নিজে নিজে দ্বিতীয় রাক'আত শেষ করে বসলে তিনি তাদেরকে সঙ্গে নিয়ে সালাম ফিরালেন। (বুখারী, হাদীস নং ৪১২৯)

২৪০. এবং তোমাদের মধ্যে যারা মৃত্যু মুখে পতিত হয় ও পত্নীগণকে ছেড়ে যায় তারা যেন স্বীয় পত্নীগণকে বহিস্কৃত না করে এক বছর পর্যন্ত তাদেরকে ভরণ-পোষণ প্রদান করার জন্যে অসিয়ত করে যায়; কিন্তু যদি তারা (স্বেচ্ছায়) বের হয়ে যায়, তবে নিজেদের সম্বন্ধে বিহিতভাবে তারা যে ব্যবস্থা করে তজ্জন্যে তোমাদের কোন দোষ নেই; এবং আল্লাহ মহাপরাক্রাভ, মহা প্রজ্ঞাময়।

২৪১. আর তালাকপ্রাপ্তাদের জন্যে বিহিতভাবে ভরণ-পোষণের ব্যবস্থা করা আল্লাহ ভীক্রগণের কর্তব্য।

২৪২. এভাবে আল্লাহ স্বীয় নিদর্শনাবলী বর্ণনা করেন, যেন তোমরা হদয়ঙ্গম কর।

২৪৩. তুমি কি তাদের প্রতি লক্ষ্য করনি, মৃত্যু বিভীষিকাকে এড়াবার জন্য যারা নিজেদের গৃহ হতে বহির্গত হয়েছিল? অথচ তারা ছিল বহু সহস্র; তখন আল্লাহ তাদেরকে বললেনঃ তোমরা মর; পুনরায় তিনি তাদেরকে জীবন দান করলেন; নিশ্চয় মানবগণের প্রতি আল্লাহ অনুগ্রহশীল; কিন্তু অধিকাংশ লোক কৃতজ্ঞতা স্বীকার করে না।

২৪৪. তোমরা আল্লাহর পথে সংগ্রাম কর এবং জেনে রেখো যে, নিশ্চয় আল্লাহ হচ্ছেন সর্বশ্রোতা, সর্বজ্ঞাতা। ২৪৫. কে সে, যে আল্লাহকে উত্তমভাবে ঋণদান করে? অনম্ভর তিনি তাকে দ্বিগুণ বহুগুণ বর্ধিত করেন এবং আল্লাহই وَالَّذِيْنَ يُتَوَقَّوْنَ مِنْكُمُ وَيَنَدُوْنَ اَزُوَاجًا اللهِ وَيَنَدُوُنَ اَزُوَاجًا اللهِ وَصِيَّةً لِآكَ أَوَاجِهِمُ مَّتَاعًا إِلَى الْحَوْلِ غَيْرَ الْحَرَاجَ وَلَا عُنَكُمُ فِي مَا الْحَرَاجَ وَلَا عُنَكُمُ فِي مَا فَعَلْنَ فَي اللهُ عَزِيْزُ وَعَلَى الله عَزِيْزُ وَعَلَى الله عَرْنَيْزُ وَعَلَى الله عَرْنَيْزُ وَعَلَى الله عَرْنَيْزُ وَعَلَى الله عَرْنَيْزُ وَعَلَيْمُ وَالله عَرْنَيْزُ وَالله عَرْنَيْزُ وَالله عَرْنَيْزُ وَالله عَرْنَيْزُ وَالله عَرْنَيْزُ وَالله عَرْنَيْزُ وَاللّه عَرْنَيْزُ وَاللّه عَرْنَيْزُ وَاللّهُ اللّهُ عَرْنَيْزُ وَاللّهُ عَرْنَيْزُ وَاللّهُ اللّهُ عَرْنَيْزُ وَاللّهُ عَرْنَيْزُ وَاللّهُ عَرْنَيْزُ وَاللّهُ اللّهُ عَرْنَيْزُ وَاللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ عَلَيْدُونُ اللّهُ عَلَيْلُولُ اللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّهُ اللّهُ الل

وَلِلْهُ طَلَّقٰتِ مَتَاعٌ إِللْمَعُرُونِ طَحَقًّا عَلَى الْمُعُرُونِ طَحَقًّا عَلَى الْمُتَقِيْنَ ®

كَنْ لِكَ يُبَيِّنُ اللهُ لَكُمْ الْمِيْهِ لَعَلَّكُمْ تَعْقِلُونَ ﴿

اَلَهُ تَرَ إِلَى الَّذِيْنَ خَرَجُوْا مِنْ دِيَادِهِمُ وَهُمُ اللهُ فَنَّ حَذَرَ الْمَوْتِ " فَقَالَ لَهُمُ الله مُوتُوْا " ثُمَّ اَحْيَاهُمُ اللهَ لَنُ وُ فَضْلٍ عَلَى النَّاسِ وَلَكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَشْكُرُوْنَ @

وَقَاتِلُواْ فِي سَبِيْلِ اللهِ وَاعْلَمُوْا آنَّ اللهَ سَمِيْعُ عَلِيْمٌ ﴿
سَمِيْعُ عَلِيْمٌ ﴿

مَنْ ذَا الَّذِى يُقْرِضُ اللهَ قَرْضًا حَسَنًا فَيُطْعِفَهُ لَهُ اَضْعَاقًا كَثِيْرَةً ۚ ۗ وَاللهُ يَقْبِضُ 72

(মানুমের আর্থিক অবস্থাকে) সংকৃচিত বা স্বচ্ছল করে থাকেন এবং তাঁরই দিকে তোমাদেরকে প্রত্যাবর্তন করতে হবে।

২৪৬. তুমি কি মূসার পরে ইসরাঈল বংশীয় প্রধানগণের প্রতি করনি? নিজেদের এক নবীকে যখন তারা বলেছিলঃ আমাদের একজন বাদশাহ নিযুক্ত করে দাও (যেন) আমরা আল্লাহর পথে যুদ্ধ করতে পারি! তিনি বলেছিলেনঃ এটা কি সম্ভবপর নয় যে, যখন তোমাদের উপর যুদ্ধ বিধিবদ্ধ হয়ে যাবে তখন তোমরা যুদ্ধ করবে না? তারা বলেছিলঃ আমরা যুদ্ধ করবো না এটা কিরূপে (সম্ভব)? অথচ নিজেদের আবাস হতে ও সন্তান-সন্ততি হতে আমরা বহিষ্কৃত হয়েছি। অনন্তর যখন তাদের উপর যুদ্ধ বিধিবদ্ধ হলো তখন তাদের অল্প সংখ্যক ব্যতীত সবাই পশ্চাৎপদ হয়ে পডলো এবং অত্যাচারীদের সম্পর্কে আল্লাহ সম্যকরূপে অবগত আছেন।

২৪৭. এবং তাদের নবী তাদেরকে বলেছিলেন নিশ্চয়ই আল্লাহ তাল্তকে তোমাদের জন্যে বাদশাহরূপে নির্বাচিত করেছেন; তারা বললোঃ আমাদের উপর তাল্তের রাজত্ব করেপে (সঙ্গত) হতে পারে? রাজত্বে তার অপেক্ষা আমাদেরই স্বত্ব অধিক, পক্ষান্তরে যথেষ্ট আর্থিক স্বচ্ছলতাও তার নেই; তিনি বললেনঃ নিশ্চয়ই আল্লাহ তোমাদের জন্যে তাকেই মনোনীত করেছেন এবং জ্ঞান ও দৈহিক শক্তিতে তিনি তাকে প্রচুর পরিমাণে বর্ধিত করে দিয়েছেন, আল্লাহ তাঁর রাজত্ব

وَيَبْضُطُ وَإِلَيْهِ تُرْجَعُونَ ١

اَكُهُ تَرَ إِلَى الْمَلَامِنُ بَنِيَ اِسْرَآءِيُلَ مِنْ بَعُلِ مُوسُى اِذْ قَالُوْا لِنَبِيِّ لَّهُمُ ابْعَثُ لَنَا مَلِكًا نُقَاتِلُ فِي سَبِيلِ اللهِ لَقَالَ هَلْ عَسَيْتُمُ اِنْ كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ اللهِ تَقَاتِلُوا لَا تَقَاتِلُوا لَا قَالُوا وَمَا لَنَا اللهُ نُقَاتِلَ فِي سَبِيلِ اللهِ وَقَلُ الْخُرِجُنَا مِنْ دِيَادِنَا وَ اَبْنَا إِنَا لَا قَلِيلًا مِّنْهُمُ لَوَ اللهُ عَلَيْهِمُ الْقِتَالُ تَوَلَّوا اللهَ قَلِيلًا مِنْهُمُ لَواللهُ عَلَيْهِمُ

وَقَالَ لَهُمْ نَبِيتُهُمُ إِنَّ اللهَ قَلَ بَعَثَ لَكُمُ طَالُوْتَ مَلِكًا ﴿ قَالُوْاۤ اَثَٰى يَكُوْنُ لَهُ الْمُلُكُ عَلَيْنَا وَنَحُنُ اَحَقُّ بِالْمُلُكِ مِنْهُ وَلَمْ يُؤْتَ سَعَةً مِّنَ الْمَالِ ﴿ قَالَ إِنَّ اللهَ اصْطَفْهُ عَلَيْكُمْ وَزَادَةٌ بَسُطَةً فِي الْعِلْمِ وَالْجِسْمِ ﴿ وَاللهُ يُؤْتِى مُلْكَةٌ مَنْ يَشَاءُ ﴿ وَاللهُ وَاسِعٌ عَلِيْمٌ ﴿ وَاللهُ يُؤْتِى مُلْكَةٌ مَنْ يَشَاءُ ﴿ وَاللهُ وَاسِعٌ عَلِيْمٌ ﴿ পারা ২

যাকে ইচ্ছা প্রদান করেন এবং আল্লাহ হচ্ছেন প্রশস্তকারী, সর্বজ্ঞাতা।

নবী ২৪৮. এবং তাদের তাদের বলেছিলেন তার রাজত্বের নিদর্শন এই যে, তোমাদের নিকট সিন্দুক^১ সমাগত যাতে তোমাদের হবে. থাকবে প্রতিপালকের নিকট হতে শান্তি এবং মুসা পরিত্যক্ত অনুচরদের আসবাবপত্র, ফেরেশতাগণ ওটা বহন তোমরা যদি বিশ্বাস করে আনবে: স্থাপনকারী হও তবে ওর মধ্যে নিশ্চয় তোমাদের জন্যে নিদর্শন রয়েছে।

২৪৯, অনন্তর যখন তালৃত বহিৰ্গত সৈন্যদলসহ হয়েছিলেন তখন তিনি বলেছিলেন নিশ্চয় আল্লাহ নদী একটি দ্বারা তোমাদেরকে পরীক্ষা করবেন, অতঃপর ওটা হতে যে পান করবে সে কিন্তু আমার দলভুক্ত থাকবে না এবং যে স্বীয় হাত আঁজলাপূৰ্ণ দ্বারা তদ্ব্যতীত যে তা আস্বাদন করবে না সে নিশ্চয়ই আমার: কিন্তু তাদের মধ্যে অল্প লোক ব্যতীত আর সবাই সেই নদীর পানি অতঃপর যখন সে ও তার সঙ্গী বিশ্বাস স্থাপনকারীগণ নদী অতিক্রম করে গেল তখন তারা বললোঃ সেনাবাহিনীর জালুতের তার শক্তি মোকাবিলা করার নেই: আমাদের পক্ষান্তরে যারা

وَقَالَ لَهُمْ نَبِيُّهُمْ اِنَّ أَيَةَ مُلْكِهَ آنَ يَأْتِيَكُمُ التَّا بُوْتُ فِيْهِ سَكِيْنَةٌ مِّنْ رَّبِّكُمْ وَبَقِيَّةٌ مِّمَّا تَرَكَ الْ مُوْسَى وَالْ هَرُوْنَ تَحْمِلُهُ الْمَلْإِكَةُ الْمَلْإِكَةُ الْمَلْإِكَةُ الْمَلْإِكَةُ إِنَّ فِي ذَٰلِكَ لَايَةً تَكُمُ إِنْ كُنْتُمُ مُّؤُمِنِينَ ﴿

سيقول۲

فَكُمَّا فَصَلَ طَالُوْتُ بِالْجُنُودِ ۗ قَالَ إِنَّ اللَّهُ مُبْتَلِيْكُمُ بِنَهَرٍ ۚ فَمَنُ شَرِبَ مِنْهُ فَكَيْسَ مِنِّىٰ ۚ وَمَنْ لَّهُ يَظْعَمُهُ فَإِنَّهُ مِنِّى ٓ إِلَّا مَنِ اغْتَرَفَ غُرْفَةً ابِيَدِهٖ ۚ فَشَرِبُوامِنُهُ إِلَّا قَلِيْلًا مِّنْهُمْ لِم فَكَبًّا جَأُوزَةُ هُوَ وَالَّذِينَ أَمَنُوْا مَعَهُ ٧ قَالُوا لَا طَاقَةَ لَنَا الْيَوْمَرِ بِجَالُوْتَ وَجُنُوْدِمْ قَالَ الَّذِينَ يَظُنُّونَ اَنَّهُمْ مُّلقُوا اللهِ كُمْ مِّن فِعَةٍ قَلِيلَةٍ غَلَبَتْ فِعَةً كَثِيْرَةً إِلَادُنِ اللهِ وَاللهُ مَعَ الصِّيرِينَ 🕾

১। বারা (রাযিআল্লান্থ আনশ্র) থেকে বর্ণিত, এক ব্যক্তি (রাতে) সূরা কাহাফ পড়ছিল। আর তার পার্শ্বেই একটি ঘোড়া দু'টি রশি দিয়ে বাঁধা ছিল। এমতাবস্থায় একখানা মেঘখন্ড এসে তার ওপরে ছায়া দিল এবং মেঘখন্ড ক্রমশ নীচের দিকে আসতে থাকল, এমনকি তার ঘোড়াটি (ভয়ে) লাফালাফি ওরু করে দিল। সকাল বেলা ঐ ব্যক্তি নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-কে উক্ত ঘটনা বর্ণনা করল, তখন তিনি বললেনঃ তা ঐ প্রশান্তি যা কুরআন তেলাওয়াতের কারণে অবতীর্ণ হয়েছিল। (বুখারী. হাদীস নং ৫০১১)

74

বিশ্বাস করতো যে তাদেরকে আল্লাহর সাথে সাক্ষাৎ করতে হবে, তারা বললােঃ আল্লাহর হকুমে কত ক্ষুদ্র দল কত বৃহৎ দলকে পরাজিত করেছে, বস্তুতঃ ধৈর্যশীলদের সঙ্গে রয়েছেন আল্লাহ!

২৫০. এবং যখন তারা জাল্ত ও তার সেনাবাহিনীর সম্মুখীন হলো, বলতে লাগলোঃ হে আমাদের প্রভু! আমাদেরকে পূর্ণ সহিষ্ণুতা দান করুন, আর আমাদের কদমকে অটল রাখুন এবং কাফির জাতির উপর আমাদেরকে সাহায্য করুন!

২৫১. তখন তারা আল্লাহর হুকুমে জাল্তের সৈন্যদেরকে পরাজিত করে দিল এবং দাউদ জাল্তকে নিহত করে ফেললেন এবং আল্লাহ দাউদকে রাজ্য ও প্রজ্ঞা দান করলেন এবং তাকে ইচ্ছানুযায়ী শিক্ষা দান করলেন, আর যদি আল্লাহ এক দলকে অপর দলের দ্বারা প্রতিহত না করতেন তবে নিশ্চয় পৃথিবী অশান্তি পূর্ণ হতো; কিন্তু আল্লাহ বিশ্বজগতের প্রতি অনুগ্রহকারী।

২৫২. এগুলো আল্লাহর নিদর্শন— তোমার নিকট এগুলো সত্যরূপে পাঠ করছি এবং নিশ্চয়ই তুমি রাসূলগণের অন্তর্গত।^১ وَ لَهَّا بَرَزُوْا لِجَالُوْتَ وَ جُنُوْدِهِ قَالُوْا رَبَّنَآ اَفُرِغُ عَكَيْنَا صَبْرًا وَّ ثَبِّتُ اَقْدَامَنَا وَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكَفِرِيْنَ ﴿

فَهَزَمُوهُمُ بِإِذُنِ اللهِ اللهِ وَقَتَلَ دَاوْدُ جَالُوْتَ وَاللهُ اللهُ المُلُكَ وَالْحِلْمَةَ وَعَلَّمَهُ مِمَّا يَشَاءُ وَلَوُ لَا دَفْعُ اللهِ النَّاسَ بَعْضَهُمُ بِبَعْضِ لا تَفْسَدَتِ الْاَرْضُ وَلَكِنَّ اللهَ دُوْ فَضْلٍ عَلَى الْعَلَمِيْنَ @

تِلُكَ اللَّهُ اللهِ نَتُلُوْهَا عَلَيْكَ بِالْحَقِّ لَوَاتَكَ لَمِنَ الْمُرْسَلِيْنَ

১। (ক) জাবের ইবনে আব্দুল্লাহ্ (রাযিআল্লান্থ আনন্থ) থেকে বর্ণিত, নিশ্চয়ই নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ আমি এমন পাঁচটি জিনিস প্রাপ্ত হয়েছি যা আমার পূর্বে আর কাউকে দেয়া হয়নি। (১) এক মাসের পথ দূরে থাকা অবস্থায় শক্রুকে ভীত-সন্তুপ্ত করার মত শক্তি দিয়ে সাহায়্য প্রাপ্ত হয়েছি। (২) সমগ্র পৃথিবীকে আমার জন্য মসজিদ ও পবিত্র করে দেয়া হয়েছে। অতএব আমার উন্মতের যে কোন ব্যক্তি যে স্থানেই নামাযের সময় উপস্থিত হবে সেখানেই যেন নামায় পড়ে নেয়। (৩) গণিমতের মাল আমার জন্য হালাল করা হয়েছে। আমার পূর্বে আর কারও জন্য তা হালাল ছিল না। (৪) আমি শাফা রাতের সুযোগপ্রাপ্ত হয়েছি। (৫) পূর্বের নবীগণ বিশেষ কোন জ্ঞাতির নিকট প্রেরিত হতেন, আমি বিশ্বমানবের নিকট প্রেরিত হয়েছি। (বুখারী, হাদীস নং ৩৩৫)

⁽খ) আবৃ হরাইরা (রাযিআল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয়ই রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যে, আমার এবং আমার পূর্ববর্তী নবীগণের উদাহরণ হল ঐ ব্যক্তির ন্যায় যে, অত্যন্ত সুন্দর করে একটি বিল্ডিং বানাল; কিন্তু বিল্ডিং-এর এক কর্ণারে একটি ইটের স্থান ফাঁকা রাখল, অতঃপর লোকেরা এই বিল্ডিং দেখতে এসে আশ্চার্যামিত হয়ে বলল কি আশ্চর্য ব্যাপার যদি এই ইটের স্থানটিও পূরণ করে দেয়া হত! (কতই না সুন্দর হতো) তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেনঃ আমি ঐ ইট এবং আমি সর্বশেষ নবী। (বুখারী, হাদীস নং ৩৫৩৫)

⁽গ) আব্দুল্লাহ্ ইবনে মাসউদ (রাযিআল্লান্থ আনহুমা) থেকে বর্ণিত, তিনি বলেন যে, আমি যেন (আজও) নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম)-কে দেখতে পাচ্ছি। তিনি (অতীত যুগের) নবীগণের মধ্য থেকে এক নবীর কথা বর্ণনা করতে গিয়ে বললেন যে, তাঁর স্বজাতি তাঁকে মেরে রক্তান্ড করে ফেলল। আর তিনি তাঁর চেহারা থেকে রক্তাক্ত অবস্থায় বললেন হে আল্লাহ্! তুমি আমার এ জাতিকে ক্ষমা করে দাও, কেননা তারা জানে না। (বুখারী, হাদীস নং ৩৪৭৭)

⁽ঘ) উবাইদুল্লাহ বিন আব্দুল্লাহ্ বলেন যে, আয়েশা (রাযিআল্লাছ্ আনহা) এবং ইবনে আব্বাস (রাযিআল্লাছ্ আনহ্মা) আমাকে তারা দু'জনেই বলেছেন যে, যখন রাসৃল (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম)-এর মৃত্যুর সময় ঘনিয়ে আসল, তখন তিনি তাঁর মুখের ওপর চাদর দিয়ে চেকে রাখতেন। আর যখন গরম অনুভব হত তখন তা মুখ থেকে সরিয়ে ফেলতেন। এরূপ অবস্থায় তিনি বললেনঃ ইয়াহুদী এবং নাসারাদের উপর আল্লাহ্র লা'নত, তারা তাদের নবীগণের কবরকে মসজিদ বানিয়ে নিয়েছে। তিনি ইয়াহুদী ও নাসারাদের কাজ-কর্মের পরিণাম সম্পর্কে ভয় প্রদর্শন করছিলেন। (বুখারী, হাদীস নং ৩৪৫৩-৫৪)

⁽৩) ফুরাত আল-ফাজ্জাজ থেকে বর্ণিত, তিনি বলেনঃ আমি আবৃ হাযেম থেকে শুনেছি, তিনি বলেনঃ আমি পাঁচ বছর আবৃ হুরাইরা (রাযিআল্লান্থ আনহ)-এর মজলিসে বসেছিলাম। আমি ওাঁকে নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) থেকে হাদীস বর্ণনা করতে শুনেছিঃ তিনি (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন যে, বনী ইসরাইলের নবীগণ তাদের ওপর শাসন পরিচালনা করতেন। যখনই একজন নবী ইস্তেকাল করতেন তখন সেখানে তাঁর পরে আরেক জন নবী প্রেরিত হতেন। আর নিশ্চয় আমার পরে আর কোন নবী নেই। আমার পরে খলীফা হবে (প্রতিনিধি) সাহাবাগণ বললেনঃ সে সময় আমাদেরকে কি করার জন্য আপনি নির্দেশ দিচ্ছেন? তিনি বললেনঃ যিনি প্রথম খলিফা হবেন তোমরা তার বাইয়াতকে পূর্ণ করবে এবং তার ন্যায্য অধিকার পালন করতে দিবে। তার নির্দেশ মেনে চলবে। কারণ আল্লাহ্ তাদেরকে যাদের ওপর শাসক বানিয়েছেন, সে শাসন সম্পর্কে নিশ্চয়ই তিনি (কিয়ামতের দিন) তাদেরকে জিজ্ঞেস করবেন। (বুখারী, হাদীস নং ৩৪৫৫)

تلك الرسل ٣

76

২৫৩. এই সকল রাসূল, আমি যাদের কারো উপর কাউকে শ্রেষ্ঠত্ত প্রদান করেছি, তাদের মধ্যে কারও সাথে আল্লাহ কথা বলেছেন এবং কাউকে পদ মর্যাদায় সমূরত করেছেন, আর মরিয়ম পুত্র ঈসাকে প্রকাশ্য নিদর্শনাবলী দান করেছি এবং তাকে পবিত্রাত্মাযোগে (জিবরাঈল Yautell করেছি. দ্বারা) সাহায্য আর আল্লাহ ইচ্ছে করলে নবীগণের পরবর্তী লোকেরা তাদের নিকট স্পষ্ট প্রমাণপুঞ্জ সমাগত হওয়ার পরস্পরের সাথে যুদ্ধ বিগ্রহে লিপ্ত হতো না; কিন্তু তারা পরস্পর মতবিরোধ করেছিল ফলে তাদের কতক হলো মু'মিন আর কতক হলো কাফির। বস্তুতঃ আল্লাহ ইচ্ছে করলে তারা পরস্পর যুদ্ধ বিগ্রহে লিপ্ত হতো না; কিন্তু আল্লাহ যা ইচ্ছে করেন তাই সম্পন্ন করে থাকেন।

২৫৪. হে বিশ্বাসীগণ! আমি তোমাদেরকে যে উপজীবিকা দান করেছি, তা হতে সেদিন সমাগত হওয়ার পূর্বেই ব্যয়় কর যাতে ক্রয়-বিক্রয়, বন্ধুত্ব ও সুপারিশ নেই, আর অবিশ্বাসীরাই অত্যাচারী।

২৫৫. আল্লাহ তিনি ব্যতীত অন্য কোন সত্য উপাস্য নেই, তিনি চিরজীবস্ত ও সবার রক্ষণা-বেক্ষণকারী, তন্দ্রা ও নিদ্রা তাঁকে স্পর্শ করে না, নভোমন্ডলে ও ভূমন্ডলে যা কিছু রয়েছে সব তাঁরই; এমন কে আছে যে তাঁর অনুমতি ব্যতীত তাঁর নিকট সুপারিশ করতে تِلْكَ الرَّسُلُ فَضَّلْنَا بَعْضَهُمُ عَلَى بَعْضِ مُ مِنْهُمُ مَّنَ كَلَّمَ اللهُ وَرَفَعَ بَعْضَهُمُ دَرَجْتٍ ط وَ اتَيْنَاعِيْسَى ابْنَ مَرْيَمَ الْبَيِّنْتِ وَايَّنُ نَهُ بِرُوْحِ الْقُدُسِ لَا وَكُوْ شَآءَ اللهُ مَا اقْتَتَلَ الَّذِيْنَ مِنَ بَعْدِهِمْ مِّنْ بَعْدِ مَا جَآءَتُهُمُ الْبَيِّنْتُ وَلَكِنِ اخْتَكَفُوْا فَمِنْهُمُ مَّنَ امَنَ وَمِنْهُمُ مَّنَ كَفَرَ لَا وَكُو شَآءَ اللهُ مَا اقْتَتَكُوا مَ وَلِكِنَ الله يَفْعَلُ مَا يُرِينُ هَ

يَايُّهَا الَّذِيْنَ الْمَنُوَّا اَنْفِقُوْا مِبَّا رَزَقْنَكُمْ مِّنُ قَبْلِ اَنْ يَاُقِى يَوْمُ لَّا بَيْحٌ فِيهِ وَلاخُلَّةٌ وَلا شَفَاعَةٌ مُوالْكِفِرُوْنَ هُمُ الظِّلِمُونَ ﴿

اَللَّهُ لَآ اِللهَ اِللَّاهُوَ اَلْحَیُّ الْقَیُّوْمُ أَ لَا تَاخُذُهُ لَا اللَّهُ لَا اَلْحُدُهُ لَا اللَّهُ لَا اَلْحُدُهُ لَا اللَّهُ الللللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الللَّهُ اللَّهُ اللللْمُ اللَّهُ اللَّهُ اللللْمُ الللْمُ اللَّهُ الْمُؤْمِ الْمُؤْمِ الْمُؤْمِ الللّهُ الللّهُ اللللْمُ الللّهُ الللّهُ اللللللْمُ الللّهُ اللللْمُؤْمِ الللّهُ اللللْمُؤْمِ اللللْمُ الللللْمُ اللللْمُ الللْ

পারে? তাদের সম্মুখের ও পশ্চাতের সবই তিনি অবগত আছেন; তিনি যা ইচ্ছে করেন তা ব্যতীত তাঁর অনম্ভ জ্ঞানের কোন বিষয়ই কেউ আয়ত্ব করতে পারে না; তাঁর কুরসী নভোমন্ডল ও ভূমন্ডল পরিব্যপ্ত হয়ে আছে এবং এতদুভয়ের সংরক্ষণে তাঁকে পরিশ্রান্ত করে না এবং তিনি সমুনুত, মহীয়ান!

২৫৬. ধর্ম (দ্বীন গ্রহণে) সম্বন্ধে বল প্রয়োগ নেই; নিশ্চয় দ্রান্তি হতে সুপথ প্রকাশিত হয়েছে; অতএব, যে ব্যক্তি আল্লাহ ব্যতীত অন্য মা'বৃদকে অবিশ্বাস করে এবং আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করে সে দৃঢ়তর রজ্জুকে আঁকড়িয়ে ধরলো যা কখনও ছিন্ন হওয়ার নয় এবং আল্লাহ শ্রবণকারী মহাজ্ঞানী।

২৫৭. আল্লাহই হচ্ছেন মু'মিনদের অভিভাবক। তিনি তাদেরকে অন্ধকার হতে আলোর দিকে নিয়ে যান; আর যারা অবিশ্বাস করেছে শয়তান তাদের পৃষ্ঠপোষক, সে তাদেরকে আলোক হতে অন্ধকারের দিকে নিয়ে وَ الْاَرْضَ ۚ وَلَا يَكُوْدُهُ ۚ حِفْظُهُمَا ۚ وَهُوَ الْعَلِيُّ الْعَظِيْمُ۞

لَا إِكْرَاهَ فِي اللِّيْنِ عَنَّهُ تَبَيَّنَ الرُّشُهُ مِنَ الْغَيَّ فَكُنُ يَكُونُ النِّيُّ الرُّشُهُ مِنَ الْغَيِّ فَكُنُ يَكُونُ اللَّهُ اللَّهُ اللَّهُ سَمِيعً الْعُرُوةِ الْوُثُقَى النَّهُ سَمِيعً عَلِيْمُ ﴿ وَاللَّهُ سَمِيعً عَلِيْمٌ ﴿ وَاللَّهُ سَمِيعً عَلِيْمٌ ﴿ وَاللّٰهُ سَمِيعً عَلِيْمٌ ﴿ وَاللّٰهُ اللّٰهِ اللّٰهُ سَمِيعً عَلِيْمٌ ﴿ وَاللّٰهُ اللّٰهُ اللّٰهِ اللّٰهِ اللّٰهُ اللّٰمُ اللّٰهُ الللّٰهُ اللّٰمُ اللّٰمُ اللّٰمُ الللّٰ الللّٰمُ الللّٰمُ اللّٰمُ اللّٰمُ الللّٰمُ الللّٰمُ اللّٰ الللّٰمُ الللّٰمُ اللّٰمُ اللّٰمُ الللّٰمُ اللّٰمُ الللّٰمُ اللّٰمُ اللّٰمُ الللّٰمُ اللّٰمُ اللّٰمُ ال

الله وَلَّ الَّذِيْنَ امْنُواْ يُخْرِجُهُمْ مِّنَ الظَّلُاتِ
إِلَى النَّوْرِ لَهُ وَالَّذِيْنَ كَفَرُواْ الْوُلِيَّهُمُ الطَّاغُوْتُ
يُخْرِجُونَهُمْ مِّنَ النُّورِ إِلَى الظَّلُمْتِ الْوَلَيْكَ
اصْحٰبُ النَّارِ قَمْمُ فِيْهَا خَلِدُونَ هَ

১। আবৃ হুরাইরা (রাযিআল্লান্থ আনহু) হতে বর্ণিত। তিনি বলেনঃ রাস্লুল্লার্ (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) আমাকে রমযানের প্রাপ্ত যাকাত (ফেতরার মাল) সংরক্ষণ ও হেফাজতের দায়িত্ব অর্পণ করেছিলেন। এ সময় এক লোক এসে দু'হাতের তালু ভরে খাদ্য সাম্মী চুরি করে নিয়ে যেতে উদ্যুত হল, আমি তাকে ধরে ফেলে বললাম, অবশাই আমি তোমাকে নিয়ে রাসূল (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম)-এর নিকট যাব। অতঃপর পুরো ঘটনা বর্ণনা করলেন। তখন ঐ আগন্তুক বললঃ যখন আপনি বিছনায় শুতে যাবেন তখন আয়াতুল কুরসী পাঠ করবেন। এর কারণে সার্বক্ষণিকভাবে আপনার জন্য আল্লাহ্র পক্ষ থেকে একজন (ফেরেশ্তা) পাহারাদার নিয়ুক্ত করা হবে, সে আপনাকে সারা রাত পাহারা দেবে এবং ভারে পর্যন্ত শায়তান আপনার কাছে আসতে পারবে না। নবী (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) (এ ঘটনা শুনলেন এবং) (আমাকে) বললেন (যে রাতে তোমার কাছে এসেছিল) সে তোমাকে সত্য কথা বলেছে, যদিও সে মিথ্যাবাদী, সে ছিল শয়তান। (বুখারী, হাদীস নং ৫০১০)

পারা ৩

যায়, তারাই জাহান্নামের অধিবাসী ও এর মধ্যে তারা চিরকাল অবস্থান কারী।

২৫৮. তুমি কি তার প্রতি লক্ষ্য করনি, যে ইবরাহীমের সাথে তার প্রতিপালক সম্বন্ধে বিতর্ক করেছিল, যেহেতু আল্লাহ তাকে রাজত্ব প্রদান করেছিলেন। যখন ইবরাহীম বলেছিলেন আমার প্রভূ তিনি যিনি জীবিত করেন ও মৃত্যু দান করেন; সে বলেছিলঃ আমিই জীবন দান করি ইবরাহীম দান করি: মৃত্যু বলেছিলেন নিশ্চয় আল্লাহ সূর্যকে পূর্ব দিক হতে আনয়ন করেন: কিন্তু তমি ওকে পশ্চিম দিক হতে আনয়ন কর: এতে সেই অবিশ্বাসকারী হতবৃদ্ধি হয়ে পডেছিল এবং আল্লাহ অত্যাচারী সম্প্রদায়কে পথ প্রদর্শন করেন না।

২৫৯. অথবা ঐ ব্যক্তির অনুরূপ যে এমন কোন জনপদ অতিক্রম করছিল যা মুখ থুবড়ে নিজ ভিত্তির ওপর পডেছিল। তিনি বললেন এই নগরের মৃত্যুর পর আল্লাহ আবার তাকে জীবন দান করবেন কিরূপে? অনন্তর আল্লাহ তাঁকে একশো বছরের জন্যে মৃত্যু দান করলেন, তৎপর তাঁকে পুনর্জীবিত করলেন, তিনি বললেনঃ এ অবস্থায় তুমি কতক্ষণ অতিবাহিত করেছো? তিনি বললেনঃ একদিন একদিনের কিয়দাংশ অথবা অতিবাহিত করেছি: তিনি বললেনঃ বরং তুমি একশত বর্ষ অতিবাহিত করেছো: অতএব তোমার খাদ্য

ٱلَمْ تَرَ إِلَى الَّذِي حَاجَّ إِبْرَاهِمَ فِي رَبِّهَ أَنْ الله الله الله المُلك مراذ قال إبرهم رَبِّي الَّذِي يُخِي وَيُمِينُ لا قَالَ آنَا أُخِي وَ أُمِينُ لَا قَالَ اِبْرُهِمُ فَإِنَّ اللَّهَ يَأْتِي بِالشَّمْسِ مِنَ الْمَشْرِقِ فَأْتِ بِهَا مِنَ الْمَغْرِبِ فَبُهِتَ الَّذِي كُفَرَ اللَّهُ اللَّهُ اللَّهُ لَا يَهُدى الْقَوْمَ الظَّلِيدِينَ ﴿

تلك الرسل ٣

اَوْكَالَّذِيْ مَرَّعَلَى قَرْبِةٍ وَّهِي خَاوِيَةٌ عَلَى عُرُوشِهَاء قَالَ أَنَّى يُعْمِي هٰنِ وِ اللَّهُ بَعْنَ مَوْتِهَا وَ فَأَمَاتَهُ اللهُ مِائَةَ عَامِر ثُمَّ بَعَثَهُ ﴿ قَالَ كُمْ لَبِثْتَ ﴿ قَالَ لَبِثُتُ يَوْمًا أَوْبَعْضَ يَوْمِرُ قَالَ بَلُ لَّبِثْتَ مِائَةَ عَامِرٍ فَانْظُرُ إِلَىٰ طَعَامِكَ وَشَرَابِكَ لَهُمْ لَتُسَنَّهُ عَ وَانْظُرْ إِلَى حِمَارِكَ سَوَلِنَجْعَلَكَ إِنَةً لَّلَّنَّاسِ وَإِنْظُرُ إِلَى الْعِظَامِ كَيْفَ نُنْشِزُهَا ثُمَّ ۗ نَكُسُوْهَا لَحْمًا ﴿ فَلَمَّا تَبَيَّنَ لَهُ ﴿ قَالَ آعُلُمُ اَتَ اللهَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿

পানীয়ের প্রতি লক্ষ্য কর, ওটা বিকৃত হয়নি এবং তোমার গাধার প্রতি দষ্টিপাত কর এবং যেহেতু আমি তোমাকে মানুষের জন্যে নিদর্শন চাই--আরও দর্শন করতে হাড়গুলির পানে, ওকে কিরূপে আমি সংযুক্ত করি; তৎপর ওকে মাংসাবত্ত করি। অনন্তর যখন ওটা তাঁর নিকট স্পষ্ট হয়ে গেল তখন তিনি বললেনঃ আমি জানি যে. আল্লাহ সকল বিষয়ে সর্বশক্তিমান।

সূরা বাকারাহ্ ২

২৬০. এবং যখন ইবরাহীম বলে-ছিলেন হে আমার প্রভূ! আপনি কিরূপে মৃতকে জীবিত করেন তা প্রদর্শন আমাকে করুন: বললেনঃ তবে কি তুমি বিশ্বাস কর না? তিনি বললেন হাঁা; কিন্তু তাতে আমার অনন্তর পরিতৃপ্ত হবে; তিনি বললেনঃ তা হলে চারটা পাখী গ্রহণ কর, তারপর সেগুলোকে তোমার পোষ মানিয়ে নাও, অনন্তর প্রত্যেক পাহাডের উপর ওদের এক এক খন্ড রেখে দাও: অতঃপর ওদেরকে আহ্বান কর, ওরা তোমার নিকট দৌডে আসবে: এবং জেনে রেখো যে. নিশ্চয় আল্লাহ মহা পরাক্রান্ত, মহা প্রজ্ঞাময়।

২৬১, যারা আল্লাহর পথে স্বীয় ধন-সম্পদ ব্যয় করে তাদের উপমা— যেমন একটি শস্য বীজ, তা হতে উৎপন্ন হলো সাতটি শীষ প্রত্যেক শীষে (উৎপন্ন হলো) একশত শস্য দানা এবং আল্লাহ যার জন্যে ইচ্ছে

وَإِذْ قَالَ إِبْرُهِمُ رَبِّ آرِنِيْ كَيْفَ تُحْي الْهَوْتُي طُ قَالَ اَوَ لَمْ تُؤْمِنُ ﴿ قَالَ بَلَّى وَالْكِنْ لِيَظْمَدِنَّ قَلْمِي ﴿ قَالَ فَخُذُا ٱرْبَعَةً مِّنَ الطَّيْرِ فَصُوْهُنَّ إِلَيْكَ ثُمَّ اجْعَلْ عَلَى كُلِّ جَبَلٍ مِّنْهُنَّ جُزْءًا ثُمَّ ادْعُهُنَّ يَأْتِينَكَ سَعُيًا ﴿ وَاعْلَمُ أَنَّ اللَّهُ عَزِيزٌ حَكِيمٌ ﴿

مَثَلُ الَّذِيْنَ يُنْفِقُونَ آمُوالَهُمْ فِي سَبِيْلِ اللهِ كَمَثَلِ حَبَّةِ ٱنْلِكَتُ سَبْعَ سَنَابِلَ فِي كُلِّ سُنَابُكَةٍ مِّائَةُ حَتَّةِ طُوَاللّهُ يُضْعِفُ لِمَنْ تَشَاءُ طُوَاللّهُ وَاسِعٌ عَلِيْمٌ 🕾

করেন আরো বর্ধিত করে দেন, বস্তুতঃ আল্লাহ হচ্ছেন মহা মহাদাতা, মহাজ্ঞানী।

২৬২. যারা আল্লাহর পথে নিজেদের ধন-সম্পদ ব্যয় করে, তৎপর যা ব্যয় করে তজ্জন্য কৃপা প্রকাশও করে না, কষ্ট দানও করে না, তাদের জন্যে তাদের প্রভুর নিকট পুরস্কার রয়েছে, বস্তুতঃ তাদের কোন ভয় নেই এবং তারা দুর্ভাবনাগ্রস্তুও হবে না।

২৬৩. যে দানের পরে কষ্ট দেয়া হয়, সে দান অপেক্ষা উত্তম ভাল কথা বলা ও ক্ষমা প্রদর্শন করা এবং আল্লাহ মহা সম্পদশালী, সম্মানী।

২৬৪. হে মু'মিনগণ! কৃপা প্রকাশ ও কন্ট দিয়ে নিজেদের দানগুলো ব্যর্থ করে ফেলো না, সে ব্যক্তির ন্যায় যে নিজের ধন ব্যয় করে লোক দেখানোর জন্যে অথচ আল্লাহ ও পরকালে সে বিশ্বাস করে না; ফলতঃ তার উপমা যেমন এক বৃহৎ মস্ন পাথর খন্ড, যার উপর কতকটা মাটি (জমে) আছে, এ অবস্থায় বর্ষিত হলো তাতে প্রবল বর্ষা, যা তাকে পরিষ্কার করে দিল; তারা যা অর্জন করেছে তন্মধ্য হতে কোন বিষয়েই তারা সুফল পাবে না এবং আল্লাহ অবিশ্বাসী সম্প্রদায়কে পথ-প্রদর্শন করেন না।

২৬৫. এবং যারা আল্লাহর সম্ভষ্টি সাধন ও স্বীয় জীবনের প্রতিষ্ঠার জন্যে ধন-সম্পদ ব্যয় করে, তাদের উপমা— যেমন উর্বর ভূভাগে অবস্থিত اَكَّذِينَ يُنْفِقُونَ اَمُوالَهُمْ فِي سَبِيلِ اللهِ ثُمَّ لَا يُتْبِعُونَ مَا اَنْفَقُوا مَثًا وَلَا اَذًى لا لَهُمْ اَجُرُهُمْ عِنْدَ رَبِّهِمْ عَوَلا خَوْثٌ عَلَيْهِمْ وَلا هُمْ يَحْزَنُونَ ﴿

قَوْلُ مَّعُرُونٌ وَمَغُفِرَةٌ خَيْرٌ مِّنَ صَدَقَةٍ يَّتُبَعُهَا اَذَّى ﴿ وَالله عَنِيٌّ حَلِيْمٌ ۞

يَايَّهُا الَّذِيْنَ امَنُوا لَا تُبْطِلُوا صَدَ قَٰتِكُمُ بِالْمَنِّ وَالْآذِي لَا اللَّاسِ وَالْآذِي لِيُنْفِقُ مَالَكُ دِئَاءَ النَّاسِ وَالْآذِي لِيُنْفِقُ مَالَكُ دِئَاءَ النَّاسِ وَلاَيُؤُمِ الْاِخِرِ فَنَثَلُكُ لَمَثَلِ صَفْوَانٍ عَلَيْهِ تُرَابٌ فَتَرَّكُهُ صَلَّمًا اللَّهُ عَلَيْهِ تُرَابٌ فَتَرَّكُهُ صَلَّمًا الله لَكَ يَقْدِرُونَ عَلَى شَيْءٍ مِّيَّا كَسَبُوا الْوَاللَّهُ لَا يَقْدِرُونَ عَلَى شَيْءٍ مِّيَّا كَسَبُوا الْوَاللَّهُ لَا يَقْدِرُونَ عَلَى شَيْءٍ مِّيَّا كَسَبُوا الْوَاللَّهُ لَا يَقْدِرُونَ عَلَى شَيْءٍ مِّيَّا كَسَبُوا اللَّهُ وَاللَّهُ لَا يَقْدِرِينَ ﴿

وَمَثَلُ الَّذِينَ يُنْفِقُونَ اَمُوالَهُمُ الْبَيْغَاءَ مَرْضَاتِ اللهِ وَتَثْبِينَا مِّنَ انْفُسِهِمْ كَمَثَلِ جَنَّةٍ بِرَبُوةٍ একটি উদ্যান, তাতে প্রবল বৃষ্টিধারা পতিত হয়, ফলে সেই উদ্যান দ্বিগুণ খাদ্য শস্য দান করে; কিন্তু যদি তাতে প্রবল বৃষ্টিপাত না হয় তবে অল্প বৃষ্টি ধারাই যথেষ্ট এবং তোমরা যা করছো আল্লাহ তা প্রত্যক্ষকারী।

২৬৬ তোমাদের কেউ কি এমনটা পছন্দ করবে? যে তার একটি খেজুর ও আঙ্গুরের বাগান থাক্ যার তলদেশ দিয়ে নদী-নালা প্রবাহিত, তথায় সর্বপ্রকার ফলের সংস্থান তার রয়েছে, আর সে বার্ধক্যে উপনীত হলো, এদিকে তার কতকগুলো দুর্বল সন্তান-সম্ভতি (অপ্রাপ্ত বয়স্ক) অবস্থায় সেই আছে–এ বাগানে অগ্নিসহ এক ঘূর্ণিবায়ু আসলো আর পুড়ে ভস্মীভূত হয়ে এরূপে আল্লাহ তোমাদের জন্যে নিদর্শনাবলী ব্যক্ত যেন করেন তোমরা চিন্তা কর।

اَصَابَهَا وَابِلُّ فَأَتَتُ أَكُلَهَا ضِعْفَيُنِ عَ فَانَ لَّمْ يُصِبُهَا وَابِلُّ فَطَلُّ ﴿ وَاللهُ بِمَا تَعْمَلُونَ بَصِيْرٌ ﴿

أَيُودُ أَحَدُكُمُ أَنْ تَكُونَ لَهُ جَنَّةٌ مِّنْ نَّخِيْلٍ وَ اَعْنَابِ تَجُرِئ مِنْ تَحْتِهَا الْاَنْهُرُ لَهُ فِيها مِنْ كُلِّ الشَّرَاتِ لاواصَابَهُ الْكِبَرُ وَلَهُ ذُرِّيَّةٌ شُعَفَاءً عَلَى الشَّرَاتِ لاواصَابَهُ الْكِبَرُ وَلَهُ فَاحْتَرَقَتْ لَاكُمْ الْلَهُ لَكُمُ الْلَالِتِ فَاحْتَرَقَتْ لَا كَذَلِكَ يُبَيِّنُ اللّهُ لَكُمُ الْلَالِتِ

১। একদিন উমর (রাযিআল্লান্ড আনন্ড) নবী (সাল্লাল্লান্ড আলাইহি ওয়াসাল্লাম)-এর সাহাবাগণকে লক্ষ্য করে বললেনঃ তোমরাকি জান এই আয়াতটি কি বিষয়ে অবতীর্ণ হয়েছে- "তোমাদের কেহ কি পছন্দ কর যে, তার একটি বাগান হবে।" (সূরা বাকারাহ, আয়াতঃ ২৬৬) এ কথা জনে তাঁরা বললেনঃ আল্লাহ্ই সবচাইতে ভাল জানেন। একথা জনে উমর (রাযিআল্লাহু আনহু) রেগে গিয়ে বললেনঃ বরং (পরিস্কার করে) জানি অথবা জানি না বলুন। তখন ইবনে আব্বাস (রাযিআল্লাহু আনহুমা) বললেন, হে আমীরুল মু'মিনীন! এ ব্যাপারে আমার মনে একটি কথা জাগছে। উমর (রাযিআল্লাহু আনহুমা) বললেনঃ হে আমার ভাতিজা বল এবং তুমি তোমাকে ছোট মনে কর না। ইবনে আব্বাস (রাযিআল্লাহু আনহুমা) বললেনঃ এখানে আল্লাহ্ আমলের একটি উদাহরণ পেশ করেছেন। উমর (রাযিআল্লাহু আনহুম) বললেনঃ কোন উদাহরণ? ইবনে আব্বাস বললেনঃ ভধুমাত্র আমলের উদাহরণ (হিসেবে বর্ণনা করা হয়েছে) একথা জনে উমর বললেন একজন ধনাঢ্য ব্যক্তি আল্লাহ্র এতা'আত (বিধিনিষেধ) মেনে আমল করছে; অতঃপর আল্লাহ তার নিকট শয়তানকে প্রেরণ করলেন, তখন শয়তানের নির্দেশে নাফরমানী করতে লাগল। এমনকি তার সমস্ত নেক আমলকে সে বরবাদ করে ফেলল। (বুখারী, হাদীস নং ৪৫৩৮)

পারা ৩

২৬৭. হে মু'মিনগণ! তোমরা যা উপার্জন করেছো এবং আমি যা তোমাদের জন্যে ভূমি হতে উৎপন্ন করেছি, সেই পবিত্র বিষয় হতে খরচ কর এবং তা হতে এরূপ কলুষিত বস্তু ব্যয় করতে মনস্থ করো না যা তোমরা মুদিত চক্ষু ব্যতীত গ্রহণ কর না; এবং তোমরা জেনে রাখো যে, আল্লাহ মহা সম্পদশালী, প্রশংসিত। ২৬৮. শয়তান তোমাদেরকে অভাবের ভীতি প্রদর্শন করে এবং তোমাদেরকে অশ্রীল বিষয়ের আল্লাহ আদেশ করে আর তোমাদেরকে তাঁর নিকট হতে ক্ষমা ও দয়ার অঙ্গীকার করেন আর আল্লাহ হচ্ছেন অসীম করুণাময়, সর্বজ্ঞ।

২৬৯. তিনি যাকে ইচ্ছা হিকমত ও প্রজ্ঞা দান করেন এবং যাকে প্রজ্ঞা দান করা হয় ফলতঃ নিশ্চয়ই সে প্রচুর কল্যাণ লাভ করে বস্তুতঃ জ্ঞানবান ব্যক্তিগণ ব্যতীত কেউই শিক্ষা গ্রহণ করতে পারে না।

২৭০. এবং যে কোন বস্তু তোমরা ব্যয় কর না কেন, অথবা যে কোন প্রতিজ্ঞা (ন্যর) তোমরা গ্রহণ কর না কেন. আল্লাহ নিশ্চয়ই তা অবগত হন: আর অত্যাচারীগণের কোনই সাহায্যকারী নেই।

২৭১, যদি তোমরা প্রকাশ্যভাবে দান কর তবে তা উৎকষ্ট এবং যদি গোপন তোমরা তা দরিদ্রদেরকে প্রদান কর তবে তাও তোমাদের জন্যে উত্তম এবং (এ

يَايُّهَا الَّذِينَ امَّنُوٓا انفِقُوا مِن طَيِّبتِ مَا كَسَيْتُهُ وَمِيًّا آخُرَجْنَا لَكُهُ مِّنَ الْأَرْضُ وَلا ۚ تَيَكَّمُواالُخَيِيْثَ مِنْهُ تُنْفِقُونَ وَلَسُتُمْ بِأَخِذِيهِ إِلَّا أَنْ تُغْمِضُوا فِيهِ ﴿ وَاعْلَمُواۤ أَنَّ اللَّهُ غَنِيٌّ ﴿ حَبِيثُ 🕾

تلك الرسل ٣

ٱلشَّيْطِنُ يَعِيُكُمُ الْفَقْرَ وَيَأْمُوْكُمُ بِالْفَحْشَاءَ وَاللَّهُ يَعِدُكُمُ مَّغُفِرَةً مِّنْهُ وَفَضَلًّا ﴿ وَاللَّهُ وَاسِعٌ عَلَيْمٌ ﴿

يُّؤُقِ الْحِلْمَةَ مَنْ يَّشَآءُ وَمَنْ يُّؤُتَ الْحِلْمَةَ ۗ فَقَدُ أُوْتِيَ خَيْرًا كَثِيْرًا مُولُوا ﴿ وَمَا يَذَّكُّو إِلَّا أُولُوا الْأَلْبَاب ⊕

وَمَا آنُفَقُتُهُ مِنَ نَفَقَةٍ آوُ نَذَرُتُهُ مِنَ كَنُدٍ فَإِنَّ اللَّهَ يَعْلَمُهُ وَمَا لِلظَّلِمِينَ مِنُ أَنْصَادِ ۞

إِنْ تُبُّدُ واالصَّدَ قَٰتِ فَنِعِيّاً هِي ۚ وَإِنْ تُخْفُوهُمَا وَ تُؤْتُوْهَا الْفُقَرَآءَ فَهُو خَبْرٌ لَّكُمْ طِ وَتُكَفِّرُ عَنْكُمْ مِّنْ سَيِّاتِكُمْ ﴿ وَاللَّهُ بِمَا تَعْمَلُوْنَ خَبِيرٌ ﴿ দারা) তিনি তোমাদের কিছু পাপ মোচন করবেন। বস্তুতঃ তোমাদের কার্যকলাপ সম্বন্ধে আল্লাহ সর্বজ্ঞ।

সূরা বাকারাহ্ ২

২৭২. তাদেরকে সুপথ প্রদর্শনের দায়িত্ব তোমার উপর নেই; বরং আল্লাহ যাকে ইচ্ছা পরিচালিত করেন এবং তোমরা ধন-সম্পদ হতে যা ব্যয় কর বম্ভতঃ তা তোমাদের নিজেদের জন্যে: একমাত্র আল্লাহর সন্তোষ লাভের চেষ্টায় ব্যতীত (অন্য কোন উদ্দেশ্যে) অর্থ ব্যয় করো না এবং তোমরা উত্তম সম্পদ হতে যা ব্যয় করবে তার পুরস্কার পুরোপুরি তোমরা পেয়ে যাবে। আর তোমাদের প্রতি অন্যায় করা হবে না।

২৭৩. যারা আল্লাহর পথে অবরুদ্ধ রয়েছে বলে ভূ-পর্চে গমনাগমনে অপারগ সেই সব দরিদ্রের জন্যে ব্যয় কর; (ভিক্ষা হতে) নিবৃত্ত থাকার কারণে অজ্ঞ লোকেরা তাদেরকে অবস্থাপনু বলে মনে করে. তুমি তাদেরকে তাদের লক্ষণের চিনতে পার, তারা লোকের নিকট ব্যাকুলভাবে যাচঞা (ভিক্ষা করে না) করে না এবং তোমরা শুদ্ধ সম্পদ হতে যা ব্যয় কর বস্তুতঃ সে সমস্ত বিষয় আল্লাহ সম্যকরূপে অবগত।

২৭৪. যারা রাতে ও দিনে. গোপনে নিজেদের প্রকাশ্যে ধন_ সম্পদগুলো ব্যয় করে, তাদের প্রভুর পুরস্কার নিকট তাদের রয়েছে. তাদের কোন ভয় নেই এবং তারা

كَيْسَ عَلَيْكَ هُلِيهُمْ وَلِكِنَّ اللَّهَ يَهْدِي مَنْ يَّشَاءُ طوَمَا تُنْفِقُوا مِنْ خَنْرِ فَلِأنْفُسِكُمْ طوَمَا تُنْفِقُدُنَ إِلَّا الْبِيَغَاءَ وَجُهِ اللَّهِ طُوَمَا تُنْفِقُوا مِنْ خَيْرِيُّوكَ إِلَيْكُمْ وَأَنْتُمْ لَا تُظْلَبُونَ @

لِلْفُقَرَآءِ الَّذِينَ أُخْصِرُوا فِي سَبِيلِ اللهِ لَا يَسْتَطِيعُونَ ضَرْبًا فِي الْأَرْضِ لِيَحْسَبُهُمُ الْجَاهِلُ اَغْنِيَاءَ مِنَ التَّعَفُّفِ ۚ تَعُرِفُهُمُ بسيلهُمْ لا يَسْكَلُونَ النَّاسَ إِلْحَاقًا ﴿ وَمَا تُنْفِقُوا مِنْ خَيْرٍ فَإِنَّ اللَّهَ بِهِ عَلِيُمُّ ﴿

ٱلَّذِيْنَ يُنْفِقُونَ ٱمُوالَهُمْ بِٱلَّيْلِ وَالنَّهَارِ سِرًّا ۊۜۘۘعَلانِيةً فَلَهُمُ ٱجُرُهُمْ عِنْكَ لَبِّهِمْ ۚ وَلاَخَوْتُ عَلَيْهِمْ وَلَاهُمْ يَخْزَنُونَ 🎯

চিন্তিত হবে না ৷

২৭৫. যারা সুদ ভক্ষণ করে, তারা শয়তানের স্পর্শে মোহাবিষ্ট ব্যক্তির দভয়মান হওয়ার অনুরূপ ব্যতীত দভায়মান হবে না; এর কারণ এই যে, তারা বলেঃ ক্রয়-বিক্রয় তো অনুরূপ। সুদের অথচ আল্লাহ তা'আলা ব্যবসা হালাল করেছেন সুদকে করেছেন; হারাম অতঃপর যার নিকট তার প্রভর পক্ষ হতে উপদেশ সমাগত হয়, ফলে সে নিবৃত্ত হয়, সুতরাং যা অতীত হয়েছে; তার কৃতকার্য আল্লাহর প্রতি নির্ভর; এবং যারা পুনঃ গ্রহণ করবে, তারাই অধিবাসী. জাহান্নামের হচ্চে সেখানেই তারা চিরকাল অবস্থান করবে।

২৭৬. সুদকে আল্লাহ ক্ষয় করেন এবং দানকে বর্ধিত করেন, বস্তুতঃ আল্লাহ অতি অকৃতজ্ঞ পাপাচারী-দেরকে ভালবাসেন না।

২৭৭. নিশ্চয় যারা ঈমান আনয়ন করে এবং সৎকার্যাবলী সম্পাদন করে, নামাযকে প্রতিষ্ঠিত রাখে ও যাকাত প্রদান করে, তাদের জন্যে الَّذِينَ يَأْكُونَ الرِّبُوا لَا يَقُوْمُونَ اللَّاكِمَا يَقُوْمُ اللَّهِ فَا اللَّهِ فَا اللَّهِ فَا اللَّهِ فَا اللَّهِ فَا اللَّهِ فَا اللَّهُ اللَّهُ اللَّهُ الْمَيْعُ مِثْلُ الرِّبُوامُ وَاحَلَّ اللَّهُ الْمَيْعُ وَحَرَّمَ الرِّبُواءُ وَاحَلَّ اللَّهُ الْمَيْعُ وَحَرَّمَ الرِّبُواءُ فَمَنْ جَاءَةُ مَوْعِظَةً مِّنْ اللَّهُ اللَّهُ الْمَيْعُ وَحَرَّمَ الرِّبُواءُ فَمَنْ جَاءَةُ مَوْعِظَةً مِّنْ اللهِ اللهُ اللهُ

يَمْحَقُ اللهُ الرِّبُوا وَيُرْ بِي الصَّدَقْتِ وَاللهُ لَا يُحِبُّ كُلَّ كَفَّارٍ اَثِيْمٍ

إِنَّ الَّذِيْنَ امَنُوا وَعَمِلُوا الصَّلِطَةِ وَاقَامُوا الصَّلُوةَ وَالْتَدُونُ النَّالُوةَ لَهُمُ اَجُرُهُمْ عِنْدَ رَبِّهِمُ وَلَاخَوْنُ عَلَيْهِمُ وَلَاخَوْنُ عَلَيْهِمُ وَلَاخَوْنُ عَلَيْهِمُ وَلَا هُمْ يَخْزَنُونَ ﴿

১। আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) নবী করীম (সাল্লাল্লাছু আলাইহি ওয়াসাল্লাম) থেকে বর্ণনা করেন, তিনি বলেছেনঃ যেদিন আরশের ছায়া ব্যতীত আর কোন ছায়া থাকবেনা (কিয়ামত দিবসে) সেদিন সাত শ্রেণীর লোককে আল্লাহু তার আরশের ছায়ার নিচে আশ্রয় দিবেন— (১) ন্যায় পরায়ণ শাসক (২) ঐ বুবক যে আল্লাহুর ইবাদতের মধ্যে বড় হয়েছে। (৩) ঐ ব্যক্তি যার অন্তর মসজিদের সঙ্গে লেগে রয়েছে। (৪) ঐ দুই ব্যক্তি যারা ওধু আল্লাহ্র সম্ভষ্টির জন্যই পরস্পরকে ভালবাসে আবার ঐ একই উদ্দেশ্যে পরস্পরের সাথে সম্পর্ক ছিন্ন করে। (৫) ঐ ব্যক্তি যাকে কোন সম্ভান্ত বংশের সুন্দরী মহিলা (ব্যাভিচারের দিকে) আহ্বান করলে (তদুত্তরে) সে বলে আমি আল্লাহ্কে তয় করি। (৬) যে, এতটা গোপনীয়তার সাথে দান খয়রাত করে যে তার ডান হাত কি দান করছে বাম হাত তা জানতে পারে না। (৭) ঐ ব্যক্তি যে নির্জনে আল্লাহ্র যিকিরে চোখের অঞ্চ ঝরায়। (বখারী, হাদীস নং ১৪২৩)

তাদের প্রতিপালকের নিকট পুরস্কার রয়েছে এবং তাদের জন্যে আশঙ্কা নেই এবং তারা চিন্তিত হবে না।

২৭৮. হে বিশ্বাস স্থাপনকারীগণ! আল্লাহকে ভয় কর এবং যদি তোমরা মু'মিন হও, তবে সুদের মধ্যে যা বকেয়া রয়েছে তা বর্জ কর।

২৭৯. কিন্তু যদি না কর তাহলে আল্লাহ ও তাঁর রাসূলের^২ পক্ষ হতে তোমাদের বিরুদ্ধে যুদ্ধের জন্য প্রস্তুত হয়ে যাও। যদি তোমরা ক্ষমা প্রার্থনা কর তবে তোমাদের জন্যে তোমাদের মূলধন রয়েছে এবং তোমরা অত্যাচার করবে না ও তোমরাও অত্যাচারীত হবে না। يَاكِيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا التَّقُوا اللَّهَ وَذَرُوُا مَا بَقِىَ مِنَ الرِّبُوا اِنْ كُنْتُمُهُ مُّوْمِنِيْنَ ۞

فَإِنْ لَّمْ تَفْعَلُواْ فَاذَنُواْ بِحَرْبٍ مِّنَ اللَّهِ وَ رَسُولِهَۚ وَإِنْ تُبُنَّتُمْ فَلَكُمْ رُءُوْسُ اَمُوالِكُمْ ۚ لَا تَظْلِمُوْنَ وَلا تُظْلَمُونَ ۞

১। (ক) আওন বিন আবৃ হ্যাইফা থেকে বর্ণিত, তিনি বলেনঃ আমার পিতা একদা শিংগা লাগাতে পারে এমন (রক্তমোক্ষণকারী) এক কৃতদাস কিনে আনলেন এবং আমি তাকে এ সম্পর্কে জিজ্ঞেস করলাম তিনি বললেনঃ নবী (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) কুকুরের মূল্য এবং রক্তের মূল্য গ্রহণ করতে নিষেধ করেছেন এবং শরীরে খোদাই করে নকশা করা এবং করানো থেকে নিষেধ করেছেন এবং সুদ দিতে এবং নিতে নিষেধ করেছেন এবং বহু ছবি উঠায় (চিত্রাংকনকারীকে) তাকে লা'নত করেছেন। (বুখারী, হাদীস নং ২০৮৬)

⁽খ) আওন বিন আবৃ ছ্যাইফা তার পিতা থেকে বর্ণনা করেন যে, তার পিতা শিংগা লাগায় এমন এক কৃতদাস কিনে এনে তার শিংগা লাগানোর যন্ত্রপাতি ভেঙ্গে ফেললেন এবং অতঃপর বললেনঃ নিন্চয়ই নবী (সাক্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) রজ্বের মূল্য এবং কুকুরের মূল্য এবং পতিতা বৃত্ত থেকে নিষেধ করেছেন এবং সুদ দাতা ও গ্রহীতা এবং শরীর খোদাই করে নকশা করা এবং যে করায় এবং যে ছবি অংকন করে, এদের সবার ওপর লা'নত করেছেন। (বুখারী, হাদীস নং ৫৯৬২)

২। (ক) ইয়াহইয়া থেকে বর্ণিত তিনি বলেনঃ আমি উকবা ইবনে আব্দুল গাব্দেরকে বলতে শুনেছি তিনি আবৃ সাঁঈদ খুদরী (রাযিআল্লান্থ আনন্থ)-কে বলতে শুনেছেন যে, বেলাল (রাযিআল্লান্থ আনন্থ) একদা নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম)-এর নিকট বুরনী (একপ্রকার উনুতমানের খেজুর) নিয়ে আসল, নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) তাঁকে জিজ্ঞেস করলেন, এটা কোথায় পেলে? বেলাল (রাযিআল্লান্থ আনন্থ) বললঃ আমার নিকট নিমমানের দু'সা' খেজুর ছিল, নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম)-কে খাওয়ানোর উদ্দেশ্যে ঐ দু'সার পরিবর্তে আমি এই খেজুর একসা' কিনেছি। একথা শুনে নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, হায় হায় এটাতো সরাসরি সুদ, এরূপ করো না; বরং যদি তুমি ভাল খেজুর কিনতে চাও, তাহলে খারাপ খেজুর পৃথকভাবে বিক্রি করে, ঐ মূল্যের বিনিময়ে ভাল খেজুর ক্রয় করবে। (বুখারী, হাদীস নং ২৩১২)

⁽খ) সামুরা ইবনে জুনদুব (রাযিআল্লান্থ আনন্ধ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুক্লাহ্ (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) অধিকাংশ সময়ই তাঁর সাথীদের জিজ্ঞেস করতেন, তোমাদের কেউ কোন স্বপ্ন দেখেছ কি?

تلك الرسل ٣

86

কেউ কোন স্বপ্ন দেখে থাকলে, সে তাঁর নিকট বলত যা আল্লাহ্ চাইতেন। একদিন সকালে তিনি বললেন, রাতে (স্বপ্লে) আমার নিকট দু'জন আগম্ভক (ফেরেশ্তা) আসল। আমাকে তারা উঠাল। তারপর আমাকে বলল চলুন! আমি তাদের দু'জনের সাথে চললাম। আমরা শায়িত এক লোকের নিকট এসে পৌছলাম। অপর একজন তার নিকট পাথর হাতে দাঁড়ান। সে তার মাথা লক্ষ্য করে পাথর নিক্ষেপ করছে। এতে তার মাথা ফেটে যাচেছ। আর পাথর অনেক নিচে গিয়ে পতিত হচেছ। সে আবার পাথরের পেছনে পেছনে যায়। পাথরটি নিয়ে ফিরে আসতে না আসতেই তার মাথা পূর্বের ন্যায় ভাল হয়ে যায়। ফিরে এসে সে প্রথমে যেরপ করেছিল আবার অনুরূপ আচরণ করে। আমি ফেরেশতাদ্বয়কে জিজ্ঞেস করলাম, সুবহানাল্লাহ্! বল এরা কারা? তারা বলল, সামনে চলুন। আমরা সামনে অগ্রসর হয়ে এক লোককে দেখতে পেলাম। সে চিত হয়ে স্বয়ে ছিল। আরেকজন তার নিকট লোহার সাঁড়াশী হাতে দাঁড়ান ছিল। সে ওটা দ্বারা একের পর এক তার মুখমন্ডলের একাংশ চিরে (গলার) পেছন পর্যন্ত নিয়ে যেত। অনুরূপ তার নাকের ছিদ্র থেকে চোখ চিরে পেছন পর্যন্ত নিয়ে যেত। আওফ বলেন, আবৃ রাজা বেশির ভাগ এরূপ বলতেন, সে একদিকে কেটে অপরদিকে কাটত। অপরদিকে কাটা শেষ হতে না হতেই প্রথম দিকটি পূর্বের ন্যায় ভাল হয়ে যেত, এভাবে বার বার ঐরূপই করত যেরূপ প্রথম করছিল। আমি বললাম, সুবহানাল্লাহ্! বল এরা দু'জন কে? তারা উভয়ে বলল, সামনে চলুন। সামনে আমরা একটি চুলারমত এক গর্তের নিকট গিয়ে পৌছলাম। তিনি (রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, আমার মনে হয়, তিনি বলেছিলেন, আমি সেখানে শোরগোলের শব্দ শুনতে পেলাম। আমরা তাতে উঁকি মেরে বেশ কিছু উলঙ্গ নারী-পুরুষ তার মাঝে দেখতে পেলাম। যাদের নিচে থেকে আগুনের লেলিহান শিখা তাদের স্পর্শ করছিল। আগুনের আগুতায় আসলেই তারা উচ্চস্বরে চিৎকার করে উঠত। আমি জিজ্ঞেস করলাম, এরা কারা? তারা বলল, সামনে চলুন। সামনে অগ্রসর হয়ে আমরা একটি স্রোতশ্বিনীর (নদীর) নিকট পৌছলাম। আমার যদ্দুর মনে পড়ে, তিনি বলছিলেন, সেটি ছিল লাল রক্তের ন্যায়। নহরে একজনকে সাঁতরাতে দেখলাম। নহরের পাড়ে একজন লোক দাঁড়িয়ে ছিল। যার নিকট ছিল অসংখ্য পাথরের এক স্থপ। সাঁতারকারী লোকটি সাঁতরানো শেষ করে যার নিকট পাথরের স্থপ ছিল তার নিকট এসে মুখ খুলে দিত। আর সে তার মুখে একটি করে পাথর নিক্ষেপ করত। তারপর সে সাঁতরাতে চলে যেত। সাঁতরিয়ে ফিরে এসে বারবার অনুরূপ মুখ খুলে দিত। আর ঐ লোকটি তার মুখে একটি করে পাথর নিক্ষেপ করত। আমি জিজ্ঞেস করলাম, এরা কারা? তারা বলল, সামনে চলুন। আমরা সামনে অগ্রসর হয়ে একজন বিভৎস চেহারার লোক দেখতে পেলাম। যেরূপ তোমরা কোন বিভৎস চেহারার লোক দেখে থাক। তার নিকট ছিল আগুন। সে আগুন জ্বালাচ্ছিল ও তার চতুর্দিকে দৌড়াচ্ছিল। আমি জিজ্ঞেস করলাম, এ লোক কে? তারা বলল, সামনে চলুন। সামনে আমরা এক ঘন সন্নিবিষ্ট বাগানে উপনীত হলাম। বাগানটি বসন্তের হরেক রকম ফুলে সুশোভিত ছিল। বাগানের মাঝে ছিল একজন লোক। যার আকৃতি এতখানি দীর্ঘকায় ছিল, আমরা তার মাথা দেখতে পাচ্ছিলাম না। তার চারপাশে এত বিপুলসংখ্যক বালক ছিল, যেরূপ আর কখনো আমি দেখিনি। আমি জিজ্ঞেস করলাম, এ লোক কে? আর এরাই বা কারা? তারা বলল, সামনে চলুন, সামনে চলুন। অবশেষে আমরা এক বিরাট বাগানে গিয়ে উপনীত হলাম। এরূপ বড় ও সুন্দর বাগান আমি আর কখানো দেখিনি। তারা আমাকে বলল, এর ওপর আরোহণ করুন। আমি তাতে আরোহণ করলে এক শহর আমাদের নজরে পড়ল। সেটি ছিল সোনা ও রূপার ইট দিয়ে তৈরি। আমরা ঐ শহরের দরজায় পৌছলাম। দরজা খুলতে বললে আমাদের জন্য দরজা খুলে দেয়া হল। ভেতরে প্রবেশ করে আমরা কিছু লোকের সাক্ষাত পেলাম। যাদের শরীরের অর্থেক খুবই সৌন্দর্যমন্তিত ছিল। যেরূপ তোমরা খুব সুন্দর কাউকে দেখে থাক। আর অর্ধেক ছিল খুবই কঁদাকার। যেরূপ তোমরা খুব কদাকার কাউকে দেখে থাক। তারা উভয়ে ঐ লোকদের উদ্দেশ্যে বলল, যাও, তোমরা এ ঝর্ণায় নেমে পড়। দেখা গেল প্রস্তের দিকে লদা প্রবাহমান একটি ঝর্ণা রয়েছে। তার পানি ছিল সম্পূর্ণ সাদা। তারা গেল এবং তাতে নেমে পড়ল। তারপর তারা আমাদের নিকট ফিরে আসল। দেখা গেল তাদের কদাকৃতি দূর হয়ে গিয়েছে। এক্ষণে তারা খুব সুন্দর আকৃতি-বিশিষ্ট হয়ে গিয়েছে। ফেরেশ্তাদ্বয় আমাকে জানাল, এটাই 'আদন' নামক বেহেশ্ত। এটাই আপনার বাসস্থান। আমি উপরের দিকে

২৮০. আর যদি সে অভাবগ্রস্ত হয় তবে স্বচ্ছলতা আসা পর্যন্ত তাকে সময় দেয়া উচিত। আর যদি তোমরা বুঝে থাক তবে তোমাদের জন্যে দান করাই উত্তম।

২৮১. আর তোমরা সেই দিনের ভয় কর, যেদিন তোমরা আল্লাহর পানে প্রত্যাবর্তিত হবে, তখন যে যা অর্জন করেছে তা সম্পূর্ণরূপে প্রদত্ত হবে এবং তারা অত্যাচারিত হবে না।

২৮২. হে বিশ্বাস স্থাপনকারীগণ, যখন তোমরা কোন নির্দিষ্টকালের জন্যে ঋণ আদান-প্রদান করবে. وَإِنْ كَانَ ذُوْ عُسْرَةٍ فَنَظِرَةٌ إِلَى مَيْسَرَةٍ مُواَنْ تَصَدَّقُوْ اخَيْرٌ لَكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ ﴿

وَاتَّقُوْا يَوْمًا تُرْجَعُوْنَ فِيهِ إِلَى اللهِ عَنُمَّ تُوَفَّىٰ كُلُّ نَفْسٍ مَّا كَسَبَتْ وَهُمْرَلا يُظْلَمُوْنَ ﴿

ۗ يَاكِيُّهَا الَّذِيْنَ امَنُوْآ اِذَا تَدَايَنُتُمُ بِدَيْنٍ اِلَّى اَجَلٍمُّسَمِّى فَاكْتُبُوهُ طولْيَكْتُبُ بَّيْنَكُمُ كَاتِبُ

তাকালাম। দেখলাম, ধবধবে সাদা মেঘের ন্যায় এক অট্টালিকা। তারা আমাকে জানাল, এটাই আপনার প্রাসাদ। আমি বললাম, আল্লাহ তোমাদের উভয়ের কল্যাণ করুন! আমাকে ছেড়ে দাও। আমি এতে প্রবেশ করব। তারা বলল, এখন নয়। তবে এতে আপনি অবশ্যই প্রবেশ করবেন। আমি তাদের বললাম, সারারাত ধরে আমি অনেক অনেক আশ্চর্য জিনিস প্রত্যক্ষ করলাম। এগুলোর তাৎপর্য কি? তারা উভয়ে বলল, এক্ষণে আমরা তা আপনাকে জানাব। প্রথম যে ব্যক্তির নিকট আপনি গিয়েছেন, যার মাথা পাথর মেরে চৌচির করা হচ্ছিল, সে কুর'আন মুখস্থ করে (তার ওপর আমল) ছেড়ে দিত। আর ঘুমিয়ে ফরজ নামায তরক করত। আর যে ব্যক্তির নিকট আপনি গেলেন, যার গলদেশের পেছন পর্যন্ত চেরা হচ্ছিল। আর নাকের ছিদ্র ও তার চোখ পিঠ পর্যন্ত চেরা হচ্ছিল, সে সকাল বেলা আপন ঘর থেকে বেরিয়ে যেত, আর চতুর্দিকে মিথ্যার প্রচার করে বেড়াত। আর ঐ উলঙ্গ নারী-পুরুষ যাদের প্রজ্জ্বলিত চুলায় দেখতে পেয়েছেন, তারা ছিল যেনাকার পুরুষ ও যেনাকার নারী। আর যে লোক ঝর্ণায় সাঁতরাচ্ছিল যার নিকট দিয়ে আপনি গিয়েছিলেন, যে পাথরের লোকমা খাচ্ছিল, সে ছিল সুদখোর। আর ঐ কদাকার ব্যক্তি যাকে আপনি আগুনের নিকট দেখতে পেয়েছিলেন, আর যে, আগুন জ্বালিয়ে তার চারদিকে দৌড়াচ্ছিল সে দোযখের দারোগা মালেক ফেরেশ্তা। বাগানে যে দীর্ঘাকৃতির লোককে দেখেছিলেন তিনি ছিলেন ইবরাহীম (আলাইহিস্ সালাম)। আর তাঁর চারপাশে যে বালকদের আপনি দেখেছেন, তারা ছিল ঐ সব শিশু, যারা স্বভাব ধর্মের (ইসলাম) ওপর মৃত্যুবরণ করেছে। বর্ণনাকারী বলেন, মুসলমানদের কেউ কেউ জিজ্ঞেস করেছিলঃ হে আল্লাহ্র রাসূল! মুশরিকদের সন্তানরা কোথায় রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বলেছিলেন, তারাও সেখানে ছিল। আর যাদের অধিকাংশ অত্যন্ত সুন্দর ছিল, আরেক অংশ ছিল অত্যন্ত কদাকার, তারা ছিল ওসব লোক, যারা ভাল-মন্দ উভয় প্রকার কাজ মিশ্রিতভাবে করেছিল। আল্লাহ্ তাদের ক্রটিসমূহ ক্ষমা করে দিয়েছেন। (বুখারী, হাদীস নং ৭০৪৭)

১। আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত, নিশ্চরই রাস্লুল্লাহ্ (সাল্লাল্লাহ্ অলাইহি ওয়াসাল্লাম) বলেছেন (পূর্বের যামানায়) এক ব্যক্তি লোকদেরকে ঋণ দিত আর তার সম্ভানদেরকে বলত যে, যখন কোন বিপদগ্রস্ত লোক আসে তখন তার কর্জ ক্ষমা করে দিও। হয়ত আল্লাহ্ও আমাদেরকে ক্ষমা করে দিবেন। তিনি বলেনঃ অতঃপর (লোকটি মৃত্যুর পর) আল্লাহ্র সাক্ষাত পেল, তখন আল্লাহ্ তাকে ক্ষমা করে দিলেন। (বুখারী, হাদীস নং ৩৪৮০)

88

তখন তা লিখে নাও; আর কোন লেখক তোমাদের মধ্যে (ঐ আদান-প্রদানের লিখে দেয়. আর লেখক যেন (দলীল) লিখে দিতে অস্বীকার না করে, আল্লাহ তাকে যেরূপ শিক্ষা দিয়েছেন, তার লিখে দেয়া উচিত এবং যে ব্যক্তির উপর দায়িত্ব সেও লিখিয়ে নেবে এবং তার উচিত যে. স্বীয় প্রতিপালক আল্লাহকে ভয় করা ও এর মধ্যে কিছুমাত্র ব্যতিক্রম না করা; অনন্তর যার উপর দায়িত্ব সে যদি নির্বোধ বা অযোগ্য অথবা লিখিয়ে নিতে অসমর্থ হয় তবে তার অভিভাবকেরা ন্যায়সঙ্গত জাবৈ লিখিয়ে নেবে এবং তোমাদের মধ্যে দু'জন পুরুষ সাক্ষীকে সাক্ষী করবে; কিন্তু যদি দু'জন পুরুষ না পাওয়া যায় তবে সাক্ষীগণের মধ্যে তোমরা একজন পুরুষ ও দু'জন নারী মনোনীত করবে, যদি নারীদ্বয়ের একজন ভুলে যায় তবে উভয়ের একজন অপরজনকে স্মরণ করিয়ে দেবে এবং যখন আহ্বান করা হয় তখন সাক্ষীগণের অস্বীকার না করা উচিত এবং ক্ষুদ্র অথবা বৃহৎ বিষয়ের নির্দিষ্ট সময় লিখে নিতে তোমরা অবহেলা করো না. এটা আল্লাহর নিকট অতি সঙ্গত এবং সাক্ষ্যের জন্যে এটাই দৃঢ়তা ও সন্দেহে পতিত

না হওয়ার নিকটতর; কিন্তু যদি তোমরা কারবারে পরস্পরে হাতে হাতে আদান-প্রদান কর, তবে তা লিপিবদ্ধ না করলে তোমাদের পক্ষে

بِالْعَدُلِ وَلا يَأْبَ كَاتِبُ أَنْ يَكُثُبُ كَهَا عَلْمَهُ اللهُ فَلْيَكُتُبُ، وَلَيْمُلِلِ الَّذِي عَلَيْهِ الْحَقُّ وَلَيَتَّقِ اللهَ رَبُّهُ وَلَا يَبْخَسُ مِنْهُ شَيْئًا لِفَانُ كَانَ الَّذِي عَلَيْهِ الْحَقُّ سَفِيُهَا أَوْ ضَعِيفًا أَوْ لَا يَسْتَطِيْعُ <u>ٱنْ يُّبِ</u>لَّ هُوَ فَلْيُمُلِلُ وَلِيُّهُ بِالْعَدَٰلِ وَاسْتَشْهِكُ وَا شَهِيْكَ يْنِ مِنْ رِّجَالِكُمْ ۚ فَإِنْ لَّمْ يَكُوْنَا رَجُلَيْنِ فَرَجُلٌ وَّامُرَاتُنِ مِنَّنْ تَرْضُونَ مِنَ الشُّهَارَاءِ أَنْ تَضِلُّ إِخْلِيهُمَا فَتُنَكِّرُ إِخْلِيهُمَا الْأُخْرِي ﴿ وَ لَا يَأْتِ الشُّهَوَى آءُ إِذَا مَا دُعُوا لَا وَلَا تَسْعَمُوْا أَنْ تَكْتُبُوهُ صَغِيْرًا أَوْ كَبِيْرًا إِلَّى آجَلِهِ ﴿ ذَٰلِكُمْ ٱقْسَطُ عِنْدَ اللهِ وَأَقُومُ لِلشَّهَادَةِ وَ أَدْنِّي ٱلَّا تَرْتَابُوْآ إِلَّا ٱنۡ تَكُوۡنَ تِجَارَةً حَاضِرَةً تُبِيرُوۡنَهَا بَيۡنَكُمۡ فَكَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ آلًا تُكْتُنُوْهَا ﴿ وَٱشْهِرُوْآ إِذَا تَبَايَعُتُمُ وَلَا يُضَالَا كَاتِبٌ وَلَا شَهِيْدٌ مُ وَإِنْ تَفْعَلُوا فَإِنَّهُ فُسُونٌ بِكُمْ لِمَ وَاتَّقُوا اللهَ اللهَ اللهَ اللهَ اللهَ اللهَ اللهَ اللهَ الله وَيُعَلِّمُكُمُ اللَّهُ لَا وَاللَّهُ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ١

দোষ নেই এবং পরস্পর ক্রয়-বিক্রয় করার সময় সাক্ষী রাখবে, এবং লেখককে ও সাক্ষীকে যেন ক্ষতিগ্রস্ত না করা হয়, আর যদি কর তবে তা নিশ্চয় তোমাদের পক্ষে অনাচার এবং আল্লাহকে ভয় কর ও আল্লাহই তোমাদেরকে শিক্ষা প্রদান করেন এবং আল্লাহ সর্ববিষয়ে মহাজ্ঞানী।

২৮৩. এবং যদি তোমরা সফরে থাক ও লেখক না পাও, তবে হস্তান্তরকৃত বন্ধক রাখা বিধেয়। অনন্তর কেউ যদি কাউকে বিশ্বাস করে তবে যাকে বিশ্বাস করা হয়েছে তার পক্ষে গচ্ছিত দ্রব্য প্রত্যপণ করা উচিত এবং স্বীয় প্রতিপালক আল্লাহকে ভয় করা ও সাক্ষ্যে গোপন না করা উচিত এবং যে কেউ তা গোপন করবে, নিশ্চয় তার মন পাপাচারী; বস্তুতঃ আল্লাহ তোমাদের কার্যকলাপ সম্বন্ধে সমকে জ্ঞাতা।

২৮৪. নভোমন্ডলে ও ভূমন্ডলে যা কিছু রয়েছে সবই আল্লাহর এবং তোমাদের অন্তরে যা রয়েছে, তা প্রকাশ কর বা গোপন রাখ, আল্লাহ তার হিসাব তোমাদের নিকট হতে গ্রহণ করবেন, অতঃপর তিনি যাকে ইচ্ছা ক্ষমা করবেন এবং যাকে ইচ্ছা শাস্তি দিবেন এবং আল্লাহ সর্ব বিষয়ে শক্তিমান।

وَإِنْ كُنْتُمْ عَلَى سَفَرٍ وَّلَمْ تَجِكُواْ كَاتِبًا فَرِهْنَ مَعْفُ كُمْ بَعْضًا فَلْيُؤَدِّ مَعْفُكُمْ بَعْضًا فَلْيُؤَدِّ اللَّهَ رَبَّهُ اللَّهَ رَبَّهُ اللَّهَ رَبَّهُ اللَّهَ رَبَّهُ اللَّهَ رَبَّهُ اللَّهَ وَلَا تَكُتُبُهَا فَإِنَّهُ الْمُحْوَلِ تَكُنتُهُا فَإِنَّهُ الْمُحْوَلِ تَكُنتُهُا فَإِنَّهُ الْمُحْوَلِ مَنْ يَكْتُتُهُا فَإِنَّهُ الْمُحْوَلِيَّ فَلَا تَكْتُلُهُا فَإِنَّهُ الْمُحْوَلِيْ مَا تَعْمَلُونَ عَلِيْمٌ شَا

يِلْهِ مَا فِي السَّمَاوِتِ وَمَا فِي الْاَرْضِ ﴿ وَإِنْ تُبُلُوا اللهُ ﴿ مَا فِي اللَّهُ اللَّهُ ﴿ مَا فِي اللَّهُ عَلَى يُشَاءُ ﴿ وَاللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ قَلِيرٌ ﴿ وَيُعَلِّ بُ مَنْ يَشَاءُ ﴿ وَاللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ قَلِيرٌ ﴿ وَيُعَلِّ بُ مَنْ يَشَاءُ ﴿ وَاللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ قَلِيرٌ ﴿ وَيُعَلِّ بُ مَنْ يَشَاءُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَى اللَّهُ الللَّهُ اللَّهُ الللَّهُ اللَّهُ الللَّهُ الللللَّهُ الللللَّهُ الللللَّهُ الللللْمُ اللللَّهُ الللَّهُ اللللَّهُ الللللَّهُ الللَّهُ الللَّهُ الللللَّهُ ا

১। আয়েশা (রাযিআল্লান্থ আনহা) থেকে বর্ণিত। তিনি বলেন নবী করীম (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) এক ইয়াহ্দীর নিকট থেকে নির্দিষ্ট মেয়াদে (বাকী) কিছু খাদ্য সাম্ম্মী খরিদ করেন। এবং ঐ সময় পর্যন্ত তিনি তার নিকট তাঁর বর্ম বন্ধক রাখেন। (বৃখারী, হাদীস নং ২৫০৯)

তার প্রতি যা অবতীর্ণ হয়েছে তা বিশ্বাস করেন এবং মু'মিনগণও (বিশ্বাস করেন); তাঁরা সবাই ঈমান তাঁর উপর এনেছে আল্লাহর তাঁর উপর, ফেরেশতাগণের তাঁর গ্রন্থসমূহের উপর এবং রাসূলগণের উপর। আমরা তার রাসূলগণের মধ্যে কাউকেও পার্থক্য করি না, তারা বলে, আমরা শ্রবণ করলাম ও স্বীকার করলাম. হে প্রতিপালক! আমাদের আমুরা আপনারই নিকট ক্ষমা প্রার্থনা করছি এবং আপনারই চূড়ান্ত দিকে প্রত্যাবর্তন।

২৮৬, কোন ব্যক্তিকেই আল্লাহ তার সাধ্যের অতিরিক্ত কর্তব্য পালনে কারণ সে যা বাধ্য করেন নাঃ উপার্জন করেছে তা তারই জন্যে এবং সে যা (অন্যায়) করেছে তা তারই উপর বর্তায়। হে আমাদের প্রতিপালক! যদি আমরা ভুলে যাই অথবা না জেনে ভুল করি তজ্জন্যে আমাদেরকে দোষারোপ করবেন না. হে আমাদের প্রতিপালক, আমাদের পূর্ববর্তীগণের উপর যেরূপ অর্পণ করেছিলেন, আমাদের উপর তদ্রপ ভার অর্পণ করবেন না; হে আমাদের প্রভু, যা আমাদের শক্তির অতীত ঐরূপ ভার বহনে আমাদেরকে বাধ্য করবেন না এবং আমাদেরকে ক্ষমা করুন ও

করুন

এবং

আমাদেরকে মার্জনা

اصَنَ الرَّسُولُ بِمَا ٱنْذِلَ اللهِ مِن رَّبِهِ وَالْمُؤْمِنُونَ ﴿ عُلَا اللهِ عِنْ رَبِهِ وَالْمُؤْمِنُونَ ا كُلُّ امَنَ بِاللهِ وَمَلْبِكَتِهِ وَكُتُبِهِ وَرُسُلِهِ لَا نُفَرِّقُ بَيْنَ آحَدٍ مِّنُ رُّسُلِهِ سَوَقَالُوْاسَبِعْنَا وَ أَطَعْنَا غُفْرًانَكَ رَبَّنَا وَإِلَيْكَ الْمَصِيْرُ ﴿

تلك الرسل ٣

لَا يُكِلِّفُ اللهُ نَفْسًا إِلَّا وُسْعَهَا لِلهَامَا كَسَبَتُ وَعَلَيْهَا مَا اكْتُسَبِّتُ لِ رَبُّنَا لَا تُؤَاخِذُ نَآ إِنْ نَّسِيْنَا آوُ ٱخْطَانَا ۚ رَبُّنَا وَلَا تَصُلُ عَكَيْنَا إَصُرًا كُمَّا حَمَلْتَهُ عَلَى الَّذِينَ مِنْ قَبْلِنَا ۚ رَبَّنَا وَلَا تُحَمِّلُنا مَا لَا طَاقَةَ لَنَا بِهِ وَاغْفُ عَنَّاسَه وَاغْفِرُ لَنَا رَسَهُ وَارْحَمِنَا رَسَهُ أَنْتُ مُولِينًا فَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكُفِرِينَ مَنَّ

আপনিই আমাদের দয়া করুন; অভিভাবক। আমাদের অতএব কাফির সম্প্রদায়ের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য করুন।

সুরাঃ আল-ইমরান, মাদানী

(আয়াতঃ ২০০ রুকঃ ২০)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

১ আলিফ-লাম-মীম।

২. আল্লাহ ছাড়া কোনই সত্য মা'বৃদ নেই। তিনি চিরঞ্জীব, স্বয়ং সম্পূর্ণ ও সকল সৃষ্টির রক্ষণাবেক্ষণকারী।

- ৩. তিনি হক সহ তোমার প্রতি গ্রন্থ অবতীর্ণ করেছেন যা বিষয়ের সত্যতা প্রতিপাদনকারী এবং তিনি তাওরাত ও ইনজীল অবতীর্ণ করেছিলেন।
- ৪ মানুষের পথ প্রদর্শনের জন্য ইতিপূর্বে (তিনি আরো কিতাব নাযিল করেছেন।) আর ফুর'কান অবতীর্ণ করেছেন। নিশ্চয়ই যারা আল্লাহর নিদর্শনাবলীর প্রতি অবিশ্বাস করে, তাদের জন্যে কঠোর শাস্তি রয়েছে. আর আল্লাহ পরাক্রান্ত প্রতিশোধ গ্রহণকারী।
- ৫. নিশ্চয়ই আল্লাহ— যাঁর ভুমগুলের মধ্যে ও নভোমগুলের মধ্যে কোন বিষয়ই লুকায়িত নেই।

سُوُرَةُ العِمْرانَ مَكَ نِتَيَةً المَاتُكُ ٢٠٠ لَوْتُكَا ٢٠٠ يسمير الله الرَّحْلِن الرَّحِيْمِ

1

تلك الرسل ٣

اللهُ لاَ إِلَهُ إِلَّا هُوَ الْحَيُّ الْقَتُّومُ مُ

نَزَّلَ عَلَيْكَ الْكِتْبَ بِالْحَقِّ مُصَدَّقًا لِيَّا بِيْنَ يَكَ يُهِ وَ ٱنْزَلَ التَّوْرُىةَ وَالْإِنْجِيلَ ﴿

مِنُ قَبْلُ هُدًى لِلنَّاسِ وَٱنْزَلَ الْقُرْقَانَ أَهُ إِنَّ الَّذِينَ كَفَرُوا بِأَيْتِ اللَّهِ لَهُمْ عَنَابٌ شَديدٌ مو الله عزيز ذُوانتِقَامِ ٥

إِنَّ اللَّهَ لَا يَخْفَى عَلَيْهِ شَيْءٌ فِي الْأَرْضِ وَلَا فِي السَّيَاءِ ٥

১। ইবনে শিহাব থেকে বর্ণিত, তিনি বলেছেন, মাহমুদ ইবনে রুবাই আমাকে জানিয়েছেন যে, নিশ্চয়ই ইতবান ইবনে মালেক, নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের)-এর আনসারী সাহাবা ছিলেন এবং তিনি তাদের মধ্যে ছিলেন যারা বদরের যুদ্ধে অংশগ্রহণ করেছিলেন। নিশ্চয়ই তিনি রাসূলুক্রাহ্ (সাল্লাক্লাহ আলাইহি ওয়াসাল্লাম)-এর কাছে গেলেন। (বুখারী, হাদীস নং ৪০০৯)

৬. তিনিই স্বীয় ইচ্ছানুযায়ী জরায়ুর মধ্যে তোমাদের আকৃতি গঠন করেছেন, সেই পরাক্রান্ত মহা প্রজ্ঞাময় ব্যতীত কোনই সত্য মা'বৃদ নেই।

৭. তিনিই তোমার প্রতি গ্রন্থ অবতীর্ণ করেছেন, যাতে সুস্পষ্ট আয়াতসমূহ রয়েছে—ওগুলো গ্রন্থের মূল এ ব্যতীত কতিপয় আয়াতসমূহ অস্পষ্ট: অতএব অন্তরে যাদের তারাই বক্ৰতা রয়েছে. ফলতঃ অশান্তি সৃষ্টি ও (ইচ্ছা মত) ব্যাখ্যা বিশ্লেষণের উদ্দেশ্যে অস্পষ্টের অনুসরণ করে অথচ আল্লাহ ব্যতীত এগুলোর অর্থ কেউই অবগত নয়; আর যারা জ্ঞানে সুপ্রতিষ্ঠিত, তারা বলেঃ আমরা ওতে বিশ্বাস করি. আমাদের প্রতিপালকের সমস্তই নিকট হতে সমাগত এবং জ্ঞানবান বাতীত কেউই উপদেশ গ্রহণ করে না ৷

৮. হে আমাদের প্রতিপালক! আমাদের পথ-প্রদর্শনের পর আমাদের অন্তরসমূহ বক্র করবেন না এবং আমাদেরকে আপনার নিকট হতে কক্রণা প্রদান কক্রন, নিশ্চয়ই আপনি মহাদাতা।

৯. হে আমাদের প্রতিপালক! নিশ্চয়ই আপনি সকল মানুষকে সমবেতকারী ঐ দিন যাতে একটুও সন্দেহ নেই, নিশ্চয়ই আল্লাহ প্রতিজ্ঞা ভঙ্গকারী নন। هُوَ الَّذِي يُصَوِّرُكُمْ فِي الْاَنْحَامِ كَيْفَ يَشَاءُ طَّ لَاَ إِلٰهَ إِلَّا هُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ۞

থাক, পরিধান করাতে থাক এবং তাদের সাথে সদ্ভাবে কথা বল। ৬ আর ইয়াতীমগণ বিবাহযোগ্য না হওয়া পর্যন্ত তাদেরকে পরীক্ষা করে নাও: অতঃপর যদি তাদের মধ্যে বিবেক-বুদ্ধি পরিদৃষ্ট হওয়া লক্ষ্য ধন-সম্পত্তি কর তবে তাদের তাদেরকে সমর্পণ কর এবং তারা বয়োঃপ্রাপ্ত হবে বলে তা' অপব্যয় ও (তাড়াহড়া) সত্রতা সহকারে আত্মসাৎ করো না এবং যে ব্যক্তি অভাব মুক্ত হবে সে নিজেকে সম্পূর্ণ বিরত রাখবে, আর যে অভাবগ্রস্ত হবে সে সঙ্গত পরিমাণ ভোগ করবে, অনন্তর যখন তাদের সম্পত্তি তাদেরকে সমর্পণ করতে চাও তখন তাদের জন্যে রেখো এবং আল্লাহই হিসেব গ্রহণে

৭. পুরুষদের জন্যে পিতা-মাতা ও আত্মীয়-স্বজনের পরিত্যক্ত বিষয়-সম্পত্তিতে অংশ রয়েছে এবং নারীদের জন্যেও পিতা-মাতা ও আত্মীয়-স্বজনের পরিত্যক্ত বিষয়-সম্পত্তিতে অংশ রয়েছে— অল্প বা অধিক এক নির্দিষ্ট পরিমাণ।

যথেষ্ট।

৮. আর যখন তা বন্টনের সময়ে স্বজনগণ, পিতৃহীনগণ এবং দরিদ্রগণ উপস্থিত হয়, তখন তা হতে قَوْلًا مِّعُرُونًا ۞

وَابْتَلُواالْيَتْلَى حَتَّى إِذَا بِلَغُواالِدِّكَاحَ ۚ فَإِنَ السَّتُمُ مِّنْهُمُ رُشُلُافَا دُفَعُوْآ اِلَيْهِمُ آمُوالَهُمْ وَلا تَأْكُلُوْهَا إِسْرَافًا وَبِدَارًا أَنْ يُكْبَرُوا ﴿ وَمَنْ كَانَ غَنِيًّا فَلْيَسْتَعْفِفْ وَمَنْ كَانَ فَقِيْرًا فَلْيَأْكُلْ بِالْمَعْرُونِ فَلْيَسْتَعْفِفْ وَمَنْ كَانَ فَقِيْرًا فَلْيَأْكُلْ بِالْمَعْرُونِ فَاذَا دَفَعْتُمُ اللّهِمْ اَمُوالَهُمْ فَاشْهِدُوا عَلَيْهِمْ وَكَفَى بِاللّهِ حَسِيْبًا ۞

لِلرِّجَالِ نَصِيْبٌ مِّمَّا تُرَكَ الْوَالِلْنِ وَالْأَقْرَبُوْنَ وَلَا الْمُوْرَبُونَ وَالْأَقْرَبُونَ وَلِلْنِسَاءَ نَصِيْبًا مِّفُرُونَ الْوَالِلْنِ وَالْأَقْرَبُونَ مِنَّا قَتْلُ مِنْهُ أَوْ كَثْرً ﴿ نَصِيْبًا مَّفْرُوضًا ۞

وَإِذَا حَضَرَ الْقِسْمَةَ أُولُوا الْقُرْبِي وَالْيَتْلِي وَالْمَسْكِينُ فَارْزُقُوْهُمُ مِّنْهُ وَقُولُوا لَهُمْ قَوْلًا مَّعْرُوفًا ﴿

১। মুগীরা ইবনে শো'বা (রাযিআল্লান্থ আনন্থ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ আল্লাহ্ তা'আলা তোমাদের ওপর (বাপ) মায়ের অবাধ্যতা, কন্যাদেরকে জীবন্ত কবর দেয়া, কারো প্রাপ্য না দেয়া হারাম করেছেন। আর অর্থহীন কথা বলা, খুব বেশি যাঞ্চা (ভিক্ষা) করা এবং সম্পদ অপচয় করা তিনি তোমাদের জন্য অপছন্দ করেন। (বুখারী, হাদীস নং ২৪০৮)

তাদেরকেও জীবিকা দান কর এবং তাদের সাথে সদ্ভাবে কথা বল।

১. আর যারা নিজেদের পশ্চাতে নিজেদের অসমর্থ সম্ভানদেরকে ছেড়ে যাবে যাদের ব্যাপারে তাদের ভীতি থাকবে তজ্জন্যে তাদের শঙ্কিত হওয়া উচিত; সুতরাং তাদের আল্লাহকে ভয় করা ও সম্ভাবে কথা বলা আবশ্যক।

১০. যারা অন্যায়ভাবে ইয়াতীমদের ধন-সম্পত্তি গ্রাস করে, নিশ্চয়ই তারা স্বীয় উদরে অগ্নি ব্যতীত কিছুই ভক্ষণ করে না এবং সত্ত্বরই তারা অগ্নি শিখায় উপনীত হবে।

১১, আল্লাহ তা'আলা তোমাদের সন্তানদের সম্বন্ধে <u>তোমাদেরকে</u> निर्फ्न फिराष्ट्रन य, এक পুত্রের জন্যে দু'কন্যার অংশের তুল্য; আর যদি শুধু কন্যাগণ দু'জনের অধিক হয় তবে তারা মৃত ব্যক্তির পরিত্যক্ত সম্পত্তি হতে দুই তৃতীয়াংশ প্রাপ্ত হবে। আর যদি একটি মাত্র কন্যা হয় তবে সে অর্ধেকাংশ প্রাপ্ত হবে এবং যদি মৃত ব্যক্তির কোন সন্তান থাকে. তবে তার পিতা-মাতার জন্যে অর্থাৎ প্রত্যেকেরই উভয়ের জন্যে তার পরিত্যক্ত সম্পত্তি হতে এক ষষ্ঠাংশ রয়েছে আর যদি তার কোন সন্তান না থাকে এবং শুধু পিতা-মাতাই তার উত্তরাধিকারী হয়, তবে তার মাতার জন্যে হবে এক তৃতীয়াংশ এবং যদি তার ভ্রাতা থাকে, তবে সে যা নির্দেশ করে গেছে, সেই নির্দেশ ও ঋণ জননীর অন্তে তার জন্যে এক ষষ্ঠাংশ, পিতা তোমাদের

وَلْيَخْشَ الَّذِيْنَ لَوْ تَرَكُواْ مِنْ خَلْفِهِمْ ذُرِّيَّةً ضِعْفًا خَافُواْ عَلَيْهِمُ ۖ فَلْيَتَّقُوا اللهَ وَلْيَقُولُوا قَوْلًا سَدِيْدًا ۞

إِنَّ الَّذِيْنَ يَا كُلُوْنَ اَمْوَالَ الْيَتْلَى ظُلْمًا إِنَّهَا يَا كُلُوْنَ فِي بُطُوْنِهِمُ نَارًا ﴿ وَسَيَصْلُوْنَ سَعِيْرًا ﴿

يُوْصِيْكُمُ اللهُ فِيْ آوُلادِكُمْ وَلِلنَّكِرِ مِثْلُ حَظِ الْاُنْثَيَنِي وَكُنْ فَإِنْ كُنَّ نِسَاءً فَوْقَ اثْنَتَيْنِ فَلَهُنَّ ثُلُثَا مَا تَرَكَ وَإِنْ كَانَتُ وَاحِدةً فَلَهَا النِّصْفُ لَمُ النَّكُسُ مِمَّا تَرَكَ وَلِاَبُويُهُ لِكُلِّ وَاحِدٍ مِنْهُما السُّلُسُ مِمَّا تَرَكَ إِنْ كَانَ لَهُ وَلَكُ وَإِنْ كَانَ لَمْ يَكُنُ لَاهُ وَلَدُّ وَوَثِهَ اللَّهُ لُسُ ابَوْهُ فَلِأُمِّهِ الثُّلُثُ وَإِنْ كَانَ لَهُ يَكُنُ لَاهُ وَلَدُّ وَوَثِهَ فَلِأُمِّهِ السُّلُسُ مِنْ بَعْلِ وَصِيَّةٍ يُوْمِى بِهَا آوُ دَيْنٍ اللهُ كَانَ كَانَ لَهُ اللهُ كَانَ عَلِيمًا ابَا وَلَا لَا الله مَنْ اللهِ اللهِ الله كَانَ عَلِيمًا وَمِينَةً قِنْ اللهِ الله كَانَ عَلِيمًا

لن تنالوا م

পারা ৪

তোমাদের পুত্রের মধ্যে কে তোমাদের অধিকতর উপকারী তা তোমরা অবগত নও. এটাই আল্লাহর নির্দেশ; নিশ্চয়ই আল্লাহ মহাজ্ঞানী. প্রক্তাময়।

১২. আর তোমাদের পত্নীগণের যদি সন্তান-সন্ততি না থাকে, তবে তারা যা পরিত্যক্ত করে যায় তোমাদের জন্য তার অর্ধাংশ; কিন্তু যদি তাদের সন্তান-সন্ততি থাকে, তবে তারা যা অসিয়ত করেছে সেই অসিয়ত ও ঋণ অন্তে তাদের পরিত্যক্ত সম্পত্তি হতে তোমাদের জন্য এক চতুর্থাংশ এবং যদি তোমাদের কোন সম্ভান-সম্ভতি না থাকে তবে তোমরা যা পরিত্যাগ করে যাবে, তাদের জন্য তার এক চতুৰ্থাংশ: কিন্তু যদি তোমাদের সম্ভান-সম্ভতি থাকে তবে তোমরা যা অসিয়ত করবে সেই অসিয়ত ও ঋণ অন্তে তোমাদের পরিত্যক্ত সম্পত্তি হতে তাদের জন্যে এক অষ্টমাংশ: যদি কোন মূল ও শাখা বিহীন পুরুষ বা স্ত্রী মারা যায় এবং তার এক ভ্রাতা ভগ্নী থাকে. অথবা এক এতদুভয়ের মধ্য হতে প্রত্যেকেই এক ষষ্ঠাংশ পাবে, আর যদি তারা তদপেক্ষা অধিক হয় তবে কৃত অসিয়ত পূরণ করার পর অথবা ঋণের পর কারও অনিষ্ট না করে তারা তার এক তৃতীয়াংশ প্রাপ্ত হবে; এটাই আল্লাহর নির্দেশ এবং আল্লাহ মহাজ্ঞানী, সহিষ্ণু।

১৩. এগুলো নির্দিষ্ট আল্লাহর সীমাসমূহ এবং যে কেউ আল্লাহ ও তদীয় রাসূলের আনুগত্য করবে তিনি

وَلَكُوْ نِصْفُ مَا تَرَكَ اَزُواجُكُوْ إِنْ لَّمْ يَكُنْ لَّهُيَّ وَلَدُّ ۚ فَإِنْ كَانَ لَهُنَّ وَلَدٌّ فَلَكُمُ الرُّبُعُ مِبَّا تُركنَ مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُّوْصِيْنَ بِهَا ۖ أَوْ دَيْنٍ طَ وَلَهُنَّ الرُّبُعُ مِمًّا تَرُّلْتُمْ إِنْ لَمْ يَكُنْ لُّكُمْ وَلَكَّ " فَإِنْ كَانَ لَكُمْ وَلَدٌ فَلَهُنَّ النُّهُنُّ مِنَّا تُرَكُّتُمْ مِّنَ بَعْدِ وَصِيَّةٍ تُوْصُونَ بِهَا آوْ دَيْنِ وَإِنْ كَانَ رَجُلُّ يُّوْرَثُ كَلْلَةً أَوِ امْرَاةً وَّلَهَ أَحُ أَوْاُخْتُ فَلِكُلِّ وَاحِيهِ مِّنْهُمَا السُّدُسُ ۚ فَإِنْ كَاثُوْاۤ اللَّهُ مِنْ ذٰلِكَ فَهُمْ شُرَكَاء فِي الثُّلُثِ مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُّوطى بِهَا آوُ دَيْنِ لا غَيْرَ مُضَالِّهِ وَصِيَّةً مِّنَ اللهِ ط وَاللَّهُ عَلِيْمٌ حَلِيْمٌ شَ

تِلْكَ حُدُودُ اللَّهِ طُوصَنْ يُطِعِ اللَّهَ وَرَسُولَهُ يُدُخِلُهُ جَنَّتٍ تَجُرِي مِنْ تَخْتِهَا الْأَنْهُرُ خُلِدِيْنَ فِيْهَا ﴿ তাকে এরূপ জানাতে করাবেন, যার নিম্নে স্রোতম্বিনীসমূহ প্রবাহিত, তনাধ্যে তারা সদা অবস্থান করবে এবং এটাই মহা সাফল্য।

সুরা আন-নিসা ৪

১৪. আর যে কেউ আল্লাহ ও তদীয় রাসুলকে অমান্য করে এবং তাঁর নির্দিষ্ট সীমাসমূহ অতিক্রম করে. তিনি তাকে আগুনে নিক্ষেপ করবেন. যেখানে সে সদা অবস্থান করবে এবং তার জন্যে লাঞ্ছনাপ্রদ শাস্তি রয়েছে। ১৫. আর তোমাদের নারীদের মধ্যে যারা নির্লজ্জতার (ব্যভিচার) কাজ তাদের তোমরা

উপস্থিত কর, অনন্তর যদি তারা সাক্ষ্য প্রদান করে তবে তাদেরকে তোমরা গৃহসমূহের মধ্যে আবদ্ধ করে রাখ. যে পর্যন্ত মৃত্যু তাদেরকে উঠিয়ে না নেয়: কিংবা তাদের জন্যে কোন পথ নির্দেশ না করেন।

তোমাদের মধ্য হতে চারজন সাক্ষী

১৬. আর তোমাদের মধ্য হতে যে কোন দু'ব্যক্তি এ নির্লজ্জতার কাজ করবে, তাদের উভয়কেই শাস্তি প্রদান কর; কিন্তু তারা যদি ক্ষমা প্রার্থনা করে এবং সদাচারী হয়. তবে তদদুভয় হতে প্রত্যাবর্তিত হও. নিশ্চয়ই আল্লাহ তা'আলা তাওবা গ্রহণকারী, করুণাময়।

১৭. তাওবা কবৃল করার দায়িত্ব যে আল্লাহর উপর রয়েছে তা তো শুধু তাদেরই জন্যে যারা অজ্ঞতাবশতঃ পাপ করে থাকে, তৎপর অবিলম্বে ক্ষমা প্রার্থনা করে। সুতরাং আল্লাহ তাদেরকেই ক্ষমা করবেন; আল্লাহ মহাজ্ঞানী, প্রজ্ঞাময়।

وَذٰلِكَ الْفُوزُ الْعَظِيْمُ ﴿

وَهُنْ يَعْضِ اللهُ وَرَسُولُهُ وَيَتَعَلَّا حُكُودَ ﴾ يُكَاخِلُهُ نَارًا خَالِدًا فِيهَا ﴿ وَلَهُ عَنَاكُ مُهِينًا إِنَّهُ مُهِينًا إِنَّهُ اللَّهِ مُعَالًا أَمُّهُ ا

وَالَّٰتِينُ يَأْتِيٰنَ الْفَاحِشَةَ مِنْ لِّسَآيِكُمُ فَاسْتَشْهِ لُ وَاعَلَيْهِنَّ أَرْبَعَةً مِّنْكُمْ ۚ فَإِنْ شَهِدُ وَا فَامُسِكُوهُنَّ فِي الْبُيُوتِ حَتَّى يَتَوَفَّهُنَّ الْبَوْتُ اَوْيَجْعَلَ اللهُ لَهُنَّ سَبِيلًا ®

وَالَّذَٰنِ يَأْتِلِنِهَا مِنْكُمْ فَأَذُوْهُمَا ۚ فَإِنْ تَابَا وَ ٱصْلَحَا فَاعْرِضُوا عَنْهُمَا لَا إِنَّ اللَّهُ كَانَ تَوَّابًا رَّحِيبًا 🕀

إِنَّهَا التَّوْبَةُ عَلَى اللَّهِ لِلَّذِينِينَ يَعْمَلُونَ السُّوَّءَ بِجَهَالَةٍ ثُمَّ يَتُوْبُونَ مِنْ قَرِيْبٍ فَأُولَلِكَ يَتُونُ اللهُ عَلَيْهِمُ وَكَانَ اللهُ عَلِيمًا حَكِيمًا ۞ ১৮. আর তাদের জন্যে ক্ষমা নেই যারা ঐ পর্যন্ত পাপ করতে থাকে, যখন তাদের কারও নিকট মৃত্যু উপস্থিত হয়, তখন বলেঃ নিশ্চয়ই আমি এখন ক্ষমা প্রার্থনা (তাওবা) করছি এবং তাদের জন্যেও নয় যারা অবিশ্বাসী অবস্থায় মৃত্যুমুখে পতিত হয়; তাদেরই জন্যে আমি

শান্তি

প্ৰস্তুত

করে

বেদনাদায়ক

রেখেছি।

১৯. হে মু'মিনগণ! এটা তোমাদের জন্যে বৈধ নয় যে, তোমরা বলপূর্বক নারীদের উত্তরাধিকারী হও এবং প্রকাশ্য অগ্লীলতা ব্যতীত তোমরা তাদেরকে যা প্রদান করেছ, তার কিয়দাংশ গ্রহণের জন্যে তাদেরকে প্রতিরোধ করো না এবং তাদের সাথে সদ্ভাবে অবস্থান কর; কিন্তু যদি পাপ অনুভব কর তবে তোমরা যে বিষয়ে দোষিত মনে কর আল্লাহ সেটাকে প্রচুর কল্যাণকর করতে পারেন।

২০. আর যদি তোমরা এক স্ত্রীর স্থলে অন্য স্ত্রী পরিবর্তন করতে ইচ্ছা কর এবং তাদের একজনকে রাশি রাশি ধন-সম্পদ প্রদান করে থাক, তবে তোমরা তন্মধ্য হতে কিছুই প্রতিগ্রহণ করো না; তবে কি তোমরা অপবাদ প্রয়োগ এবং প্রকাশ্য পাপ করে সেটা গ্রহণ করবে?

২১. এবং কিরূপে তোমরা তা গ্রহণ করবে? বস্তুতঃ তোমরা পরস্পর একে অন্যের সাথে মিলিত হয়েছো এবং তারা তোমাদের নিকট সুদৃঢ় অঙ্গীকার গ্রহণ করেছে। وَلَيْسَتِ التَّوْبَةُ لِلَّذِيْنَ يَعْمَلُوْنَ السَّيِّاتِ حَتَّى إِذَا حَضَرَ اَحَدَهُمُ الْمَوْتُ قَالَ إِنِّيْ تُبُتُ الْتُن وَلَا الَّذِيْنَ يَمُوْتُوْنَ وَهُمْ كُفَّارً الْوَلْلِكَ اعْتَدُنَا لَهُمْ عَذَابًا لَلِيْمًا ﴿

وَانُ اَدَدُ ثُمُ اسْتِبُدَالَ زَفْجَ هَكَانَ زَفْجٌ ۗ وَ اتَيْتُمُ إِحْلُ مُهُنَّ قِنْطَادًا فَلَا تَأْخُذُوا مِنْهُ شَيْعًا طِ اَتَاْخُذُوْنَهُ بُهْتَانًا وَ إِثْمًا مُّبِيْنًا ۞

وَكَيْفَ تَأْخُلُوْنَكُ وَقَلُ اَفْطَى بَغْضُكُمْ اِلَى بَغْضِ وَّاَخَنُنَ مِنْكُمْ مِّيْثَاقًا غَلِيْظًا ® ২২. আর যা বিগত হয়েছে তদ্ব্যতীত তোমাদের পিতৃগণ নারীকুলের মধ্যে যাদেরকে বিয়ে করেছে তোমরা তাদেরকে বিয়ে করো না; নিশ্চয়ই এটা অশ্লীল ও পাপের কাজ এবং নিকৃষ্টতর পছা।

২৩. তোমাদের জন্যে অবৈধ করা হয়েছে মাতৃগণ, তোমাদের তোমাদের কন্যাগণ, তোমাদের ভগ্নিগণ, ফুফুগণ, তোমাদের তোমাদের খালাগণ, তোমাদের ভ্রাতৃ কন্যাগণ, তোমাদের ভগ্নি কন্যাগণ, মাতৃগণ, তোমাদের সেই তোমাদেরকে স্তন্য দান করেছেন, তোমাদের দুগ্ধ-ভগ্নিগণ, তোমাদের স্ত্রীদের মাতৃগণ তোমরা যাদের সাথে সহবাস করেছো, সেই স্ত্রীদের (পূর্ব স্বামীর) যে সকল কন্যা তোমাদের ক্রোড়ে অবস্থিতা; কিন্তু যদি তোমরা তাদের সাথে সহবাস না করে থাক তবে তোমাদের জন্যে কোন অপরাধ এবং যারা তোমাদের ঔরসজাত, সে পুত্রদের পত্নীগণ এবং যা অতীত হয়ে গেছে তদ্বাতীত দু'ভগ্নিকে একত্রিত করা। নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল! করুণাময়।

وَلَا تَنْكِحُوا مَا نَكَحَ ابَاؤُكُمْ مِّنَ النِّسَآءِ الآ مَا قَلْ سَلَفَ اللَّهُ كَانَ فَاحِشَةً وَّمَقْتًا اللَّ وَ سَآءَ سَبِيْلًا ﴿

حُرِّمَتُ عَلَيْكُمْ أُمَّهُ اللَّهُ وَ بَنْتُكُمْ وَ اَخُواتُكُمْ وَ عَبْنُكُ وَ اَخُواتُكُمْ وَ عَبْنُكُمْ وَ اَخُواتُكُمْ وَ عَبْنُكُ الْاَحْ وَ بَنْتُ الْاَخْتِ وَ اللَّهُ الْاَحْتِ وَ اللَّهُ اللَّهُ الْاَحْتِ وَ اللَّهُ الْمُنْ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الْمُنْ اللَّهُ اللَّهُ اللَّهُ اللْمُنْ الْمُنْ الْمُنْ الْمُنْ اللَّهُ اللْمُنْ الْمُنْ الْمُنْ الْمُنْ الْمُنْ الْمُنْ الْمُنْ ا

151 পারা ৫

২৪, এবং নারীদের মধ্যে সধবাগণ; (অন্যের বিবাহিতা স্ত্রীগণও) কিন্তু তোমাদের দক্ষিণ হাত যাদের অধিকারী— আল্লাহ তোমাদের জন্য তাদেরকে বিধিবদ্ধ করেছেন, এতদ্বাতীত তোমাদের জন্যে বৈধ করা হয়েছে যে. তোমরা সীয় ধন-সম্পদের দ্বারা ব্যভিচারের উদ্দেশ্য বাতীত বিবাহবদ্ধ করার জন্যে তাদের অনুসন্ধান কর. অনন্তর তাদের দ্বারা যে ফলভোগ করেছ তজ্জন্যে তাদেরকে তাদের নির্ধারিত পাওনা প্রদান কর এবং অপরাধ হবে না

- যদি নির্ধারণের পর তোমরা পরস্পর সম্মত হও, নিশ্চয়ই আল্লাহ মহাজ্ঞানী, প্রজ্ঞাময়।

২৫. আর তোমাদের মধ্যে যে ব্যক্তি মু'মিনা ও স্বাধীনা রমণীকে বিয়ে করার শক্তি-সামর্থ না রাখে, তবে তোমাদের দক্ষিণ হাত যার অধিকারী দাসী। –সেই ঈমানদার আল্লাহ তোমাদের ঈমান বিষয়ে পরিজ্ঞাত আছেন, তোমরা একে অপর হতে সমুদ্ভত, অতএব তাদের মনিবদের অনুমতিক্রমে ব্যভিচারিণী প্রেমিকা ব্যতীত সতী-সাধ্বীদেরকে বিয়ে কর এবং তাদেরকে নিয়ম অনুযায়ী মোহর প্রদান অতএব যখন তারা বিবাহবদ্ধ হয়. তৎপর যদি তারা ব্যভিচার করে. তবে তাদের প্রতি স্বাধীনা নারীদের শাস্তির অর্ধেক. এটা তাদেরই জন্যে তোমাদের মধ্যে যারা দুষ্কার্যকে ভয় করে এবং যদি তোমরা বিরত থাক.

وَ الْمُحْصَنْتُ مِنَ النِّسَآءِ إِلاَّ مَا مَلَكَتُ ٱنْمَانُكُمُ ۚ كِتْبَ اللهِ عَلَيْكُمْ ۚ وَأُحِلَّ لَكُمْ هَا وَرَآءَ ذَٰلِكُمْ آنَ تَبْتَغُوا بِآمُوالِكُمْ مُّحْصِنِينَ غَيْرَ مُسْفِحِيْنَ ﴿ فَهَا اسْتَهْتَعْتُمْ بِهِ مِنْهُنَّ فَأَتُوهُنَّ أُجُورُهُنَّ فَرِيْضَةً ﴿ وَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيْهَا تَالِضَيْتُهُ بِهِ مِنْ بَعْدِ الْفَرِيْضَةِ طَ إِنَّ اللَّهَ كَانَ عَلِيبًا حَكِيبًا اللهُ

وَمَنْ لَّهُ يَسْتَطِعُ مِنْكُمْ طُوْلًا إِنْ يَنْكِحَ الْمُحْصَلْتِ الْمُؤْمِنْتِ فَيِنْ مَّا مَلَكَتُ أَيْمَا نُكُمْ مِّنْ فَتَلْتِكُمُ الْمُؤْمِنْتِ وَاللَّهُ أَعْلَمُ بِإِيْمَانِكُمْ وْ بَعْضُكُمْ مِّنَ بَعْضٍ ۚ فَانْكِحُوْهُنَّ بِإِذْنِ ٱهْلِهِنَّ وَ اٰتُوْهُنَّ ٱجُورُهُنَّ بِالْمَعْرُونِ مُحْصَنْتِ غَيْرَ مُسفِحْتِ وَلا مُتَخِذُتِ آخُدانٍ فَإِذآ أَحْصِنَ فَإِنْ آتَيْنَ بِفَاحِشَةٍ فَعَلَيْهِنَّ نِصْفُ مَا عَلَى الْمُحْصَنْتِ مِنَ الْعَنَااجُ ذٰلِكَ لِمَنْ خَشِي الْعَنَتَ مِنْكُمْ لَا وَأَنْ تَصْبِرُوا خَيْرٌ لَكُمْ ﴿ وَ اللَّهُ غَفُورٌ رَّحِيمٌ ﴿

তবে এটা তোমাদের জন্য কল্যাণকর এবং আল্লাহ ক্ষমাশীল, করুণাময়। ২৬. আল্লাহ তোমাদের জন্যে বর্ণনা করতে এবং তোমাদেরকে তোমাদের পূর্ববর্তীগণের আদর্শসমূহ করতে ও তোমাদেরকে ক্ষমা করতে ইচ্ছা করেন এবং আল্লাহ মহাজ্ঞানী. প্রজ্ঞাময়।

২৭. আর আল্লাহ তোমাদের তওবা গ্রহণ করতে ইচ্ছা করেন এবং যারা প্রবৃত্তির পূজারী তারা ইচ্ছা করে যে. তোমরা মারাত্মকভাবে বিচ্যত হয়ে পড় ।

২৮. আল্লাহ তোমাদের বোঝা হালকা করতে চান– যেহেতু মানুষ দুর্বল (রূপে) সৃষ্ট হয়েছে।

২৯. হে মু'মিনগণ! তোমরা পরস্পর সম্মতিক্রমে ব্যবসা ব্যতীত অন্যায়-ভাবে পরস্পরের ধন-সম্পত্তি গ্রাস করো না এবং তোমরা নিজেদেরকে হত্যা করো না: নিশ্চয়ই আল্লাহ তোমাদের প্রতি ক্ষমাশীল।

يُرِيْدُ اللهُ لِيُبَيِّنَ لَكُمْ وَيَهْدِيَّ مِنْ قَيْلُكُمْ وَيَتُونَ عَلَيْكُمْ لِا وَاللَّهُ عَلَيْهٌ حَكِيْدٌ

وَاللَّهُ يُرِيْدُ أَنْ يَّتُوْبَ عَلَيْكُمْ تُويُرِيْدُ الَّذِيْنَ يَتَّبِعُونَ الشَّهَوٰتِ أَنْ تَبِيلُواْ مَبْلًا عَظِيْمًا ﴿

يُرِيْدُ اللَّهُ أَنْ يُّخَفِّفَ عَنْكُمُ ۚ وَخُلِقَ الْإِنْسَانُ ضَعِيْفًا ۞

يَايَّهُا الَّٰنِيُنِ الْمَنُوا لِا تَأْكُلُواۤ الْمُوالَكُمُ بَيْنَكُمُ بِالْبَاطِلِ اللَّا آنُ تُكُونَ تِجَادَةً عَنْ تَرَاضٍ مِّنُكُمْ مَ وَلَا تَقْتُلُواۤ انْفُسِكُمْ وَانَّ الله كَانَ بِكُمْ رَحِيْهًا ۞

১। (ক) সাবিত বিন জাহ্হাক (রাযিআল্লান্থ আনহু) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যে ব্যক্তি ইসলাম ছাড়া ইচ্ছাকৃতভাবে অন্য কোন ধর্মের অনুসারী বলে মিথ্যা শপথ করে তাকে উক্ত ধর্মের লোক বলেই গণ্য করা হবে। এবং যে ব্যক্তি লোহার অন্ত্র দ্বারা আত্মহত্যা করবে তাকে এর মাধ্যমে জাহান্লামে শাস্তি দেয়া হবে। (বুখারী, হাদীস নং ১৩৬৩)

⁽খ) হাসান থেকে বর্ণিত, তিনি বলেনঃ আমাদেরকে জুন্দুব (রাযিআল্লান্থ আনহু) এই মসজিদে হাদীস বর্ণনা করেছেন। আর আমরা তা আজও ভূলিনি এবং আমরা এ ভয় করিনা যে, জুন্দুব (রাযিআল্লান্থ আনন্থ) রাসূল (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম)-এর উপর মিথ্যা বলতে পারেন। নবী করীম (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ এক ব্যক্তি আহত হয়েছিল (তার যন্ত্রনা সহ্য করতে না পেরে) সে আত্মাহত্যা করলে আল্লাহ্ তা'আলা বললেনঃ আমার বান্দা স্বীয় জান কবজের ব্যাপারে আমার চাইতে অগ্রগামী হয়েছে। অতএব আমি তার উপর জান্লাত হারাম করে দিলাম। (বুখারী, হাদীস নং ১৩৬৪)

⁽গ) আব হুরাইরা (রাথিআল্লান্থ আনম্ভ) হতে বর্ণিত, তিনি বলেনঃ নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যে ব্যক্তি গলায় ফাঁসি লাগিয়ে আতাহত্যা করবে, জাহান্নামে সে নিজেই নিজেকে অনুরূপভাবে শান্তি দিবে। এবং যে ব্যক্তি বর্শা দ্বারা আত্মহত্যা করবে জাহান্নামে সে নিজেই নিজেকে বর্শা বিধিয়ে শান্তি দিবে। (বুখারীঃ ১৩৬৫)

৩১. তোমরা যদি সেই মহা পাপসমূহ^১ হতে বিরত হও যা হতে তোমাদেরকে নিষেধ করা হয়েছে, তাহলেই আমি তোমাদের অপরাধ ক্ষমা করবো এবং তোমাদেরকে সম্মান-প্রদ গম্ভব্যস্থানে প্রবিষ্ট করবো।

৩২. এবং তোমরা ওসবের আকাজ্জা করো না যার দারা আল্লাহ তোমাদের কাউকে অন্যের উপর প্রাধান্য দান করেছেন। পুরুষেরা যা উপার্জন করেছে তাতে তাদের অংশ রয়েছে এবং নারীগণ যা উপার্জন করেছে তাতে তাদের অংশ আছে এবং তোমরা আল্লাহরই নিকট তাঁর অনুগ্রহ প্রার্থনা কর, নিশ্চয়ই আল্লাহ সর্ব বিষয়্যে মহাজ্ঞানী।

৩৩. আর আমি সবার জন্য উত্তরাধি-কারী করেছি যা কিছু তাদের পিতা-মাতা ও আত্মীয়-স্বজন পরিত্যাগ করে যায় এবং তোমাদের দক্ষিণ হাত যাদের সাথে প্রতিজ্ঞাবদ্ধ; অতএব তোমরা তাদেরকে তাদের অংশ প্রদান কর; নিশ্চয়ই আল্লাহ সব বিষয়ে সাক্ষী। وَمَنْ يَّفُعَلْ ذٰلِكَ عُدُوانًا وَّظُلْمًا فَسَوْفَ نُصُلِيْهِ نَارًا ﴿ وَكَانَ ذٰلِكَ عَلَى اللهِ يَسِيْرًا ۞

اِنْ تَجْتَنِبُواْ كَبَآيِرَمَا تُنْهَوُنَ عَنْهُ نُكَفِّرُعَنْكُمُ سَيِّاٰتِكُمُ وَنُدُخِلُكُمُ مُّدُخَلًا كَرِيْمًا ®

وَلَا تَتَمَنَّوُا مَا فَضَّلَ اللهُ بِه بَعْضَكُمْ عَلَى بَعْضِ لَ لِلرِّجَالِ نَصِيْبٌ مِّمَّا اَكْتَسَبُوا ﴿ وَلِلرِّسَا ۚ وَصَيْبٌ مِّمَّا اَكْتَسَبُنَ ﴿ وَسُعَلُوا الله َ مِنْ فَضْلِهِ ﴿ إِنَّ اللهَ كَانَ بِكُلِّ ثَمَى ۚ عَلِيْمًا ۞

وَلِكُلِّ جَعَلْنَا مَوَالِى مِثَا تَرَكَ الْوَالِلُانِ وَالْاَقْرَبُوْنَ ﴿ وَالَّذِيْنَ عَقَدَتْ آَيْنَانُكُمْ فَأْتُوهُمُ نَصِيْبَهُمُ ۖ إِنَّ اللَّهَ كَانَ عَلَىٰ كُلِّ شَيْءٍ شَهِيْدًا أَ

১। আবু হুরাইরা (রাষিআল্লান্ড আনন্ড) থেকে বর্ণিত, তিনি বলেনঃ নবী (সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ ঈমান ধ্বংসকারী সাতটি বিষয় হ'তে বেচে থাক। সাহাবাগণ বললেনঃ হে আল্লাহ্র রাসূল! সেই বিষয়গুলি কি? তিনি বললেনঃ (১) আল্লাহ্র সাথে শিরক করা, (২) যাদু করা, (৩) আল্লাহ্র যথার্থ কারণ ব্যতীত যাকে হত্যা করা নিষিদ্ধ করেছেন তাকে হত্যা করা, (৪) সুদ খাওয়া, (৫) (অন্যায়ভাবে) ইয়াতীমের সম্পদ খাওয়া, (৬) যুদ্ধ চলাকালে জেহাদের ময়দান হতে পলায়ন করা, (৭) সত্য-সাধবী মুসলিম রমনীর ওপর ব্যভিচারের মিথ্যারোপ করা, যে কখনও তা কল্পনাও করেনা। (বুখারী, হাদীস নং ২৭৬৬)

নারীদের ৩৪, পুরুষগণ উপর কর্তত্বশীল, যেহেতু আল্লাহ তাদের মধ্যে একের উপর অপরকে প্রাধান্য দান করেছেন এবং এ হেতু যে, তারা স্বীয় ধন-সম্পদ হতে ব্যয় করে নারী থাকে; সূতরাং যে সমস্ত আনুগত্য তারা পুণ্যবতী করে. আল্লাহর সংরক্ষিত বিষয় প্রচ্ছন সংরক্ষণ করে এবং যদি নারীগণের আশঙ্কা তবে অবাধ্যতার হয়. তাদেরকে সদুপদেশ প্রদান কর এবং তাদেরকে শয্যা হতে পৃথক কর ও তাদেরকে প্রহার কর, অনন্তর যদি তারা তোমাদের অনুগত হয়, তবে তাদের জন্যে অন্য পন্থা অবলম্বন করো না; নিশ্চয়ই আল্লাহ সমুনুত, মহীয়ান।

৩৫. আর যদি তোমরা উভয়ের মধ্যে বিচ্ছেদের আশঙ্কা কর, তবে উভয়ের পরিবার হতে একজন করে বিচারক পাঠাও; যদি তারা দু'জনই মীমাংসা আকাজ্ফা করে তবে আল্লাহ তাদের উভয়ের মধ্যে সম্প্রীতি সঞ্চার করবেন; নিশ্চয়ই আল্লাহ মহাজ্ঞানী, অভিজ্ঞ।

৩৬. এবং তোমরা আল্লাহরই ইবাদত কর এবং তাঁর সাথে কোন বিষয়ে অংশী স্থাপন করো না এবং পিতামাতার সাথে সদ্যবহার কর এবং আত্মীয়-স্বজনগণ, ইয়াতীমগণ, দরিদ্রগণ, সম্পর্কীয় প্রতিবেশী ও সম্পর্ক বিহীন প্রতিবেশী, পার্শ্ববর্তী সহচর ও পথিক এবং তোমাদের দক্ষিণ হাত যাদের অধিকারী তাদের সাথেও সদ্যবহার কর; নিশ্চয়ই

الرِّجَالُ قَوْمُونَ عَلَى النِّسَآءِ بِمَا فَضَّلَ اللهُ لَهُ مَعْضَهُمْ عَلَى بَعْضَهُمْ عَلَى بَعْضَ وَبِمَا اَنْفَقُواْ مِنَ اَمُوالِهِمُ اللهُ عَلَى بَمَا حَفِظَ اللهُ عَلَى اللهُ اللهُ كَانَ عَلِيًّا كَمِنْ اللهُ اللهُ اللهُ كَانَ عَلِيًّا كَمِنْ اللهُ اللهُ اللهُ كَانَ عَلِيًّا كَمِنْ اللهُ الله

وَإِنْ خِفْتُهُ شِقَاقَ بَيْنِهِمَا فَابْعَثُوْ احَكَمًا مِّنَ الْهُلِهُ وَالْمَكُمَّا مِّنَ الْهُلِهَا وَإِنْ يُرِيْدُا اللهُ كَانَ عَلِيْمًا خَوِيُرًا ﴿ لَيُعَالَمُ اللهُ كَانَ عَلِيْمًا خَوِيُرًا ﴿ لَيُ اللهُ كَانَ عَلِيْمًا خَوِيُرًا ﴿

وَاعُبُدُوا اللهَ وَلا تُشْرِكُواْ بِهِ شَيْئًا وَ بِالْوَالِدَيْنِ الْحُسَانًا وَ بِالْوَالِدَيْنِ الْحُسَانًا وَ الْمَسْكِيْنِ الْحُسَانًا وَ الْمَسْكِيْنِ وَالْمَسْكِيْنِ وَالْجَادِ ذِى الْقُرْلِي وَالْجَادِ الْجُنْبِ وَالصَّاحِبِ وَالْجَادِ ذِى الْقُرْلِي وَالْجَادِ الْجُنْبِ وَالصَّاحِبِ بِالْجَنْبِ وَالْمَا مَلَكَتُ آيْمَا نُكُمُّ وَالْجَانِ السَّمِيْلِ وَمَا مَلَكَتُ آيْمَا نُكُمُّ وَالْمَا مَلَكَتُ آيْمَا نُكُمُّ وَالْقَالِ فَخُورًا فَلَا اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ الله

আল্লাহ অহংকারী আত্মাভিমানীকে ভালবাসেন না।

কপণতা ৩৭, যারা করে লোকদেরকে কার্পণ্য করার আদেশ করে আর আল্লাহ স্বীয় সম্পদ হতে যা দান করেছেন তা গোপন করে এবং আমি অবিশ্বাসীদের শাস্তি অপমানজনক প্রস্তুত করে রেখেছি।১

৩৮. এবং যারা লোকদেরকে দেখাবার জন্যে স্বীয় ধন-সম্পদ ব্যয় করে এবং আল্লাহর প্রতি পরকালের প্রতি বিশ্বাস স্থাপন করে না, আর যাদের সহচর শয়তান, সে নিকৃষ্ট সঙ্গীই বটে।

৩৯. আর এতে তাদের কী হতো. যদি তারা আল্লাহ ও পরকালের প্রতি বিশ্বাস স্থাপন করতো এবং আল্লাহ তাদেরকে যা প্রদান করেছেন তা হতে ব্যয় করতো? এবং আল্লাহ তাদের বিষয়ে মহাজ্ঞানী।

৪০, নিশ্চয়ই আল্লাহ বিন্দুমাত্র অত্যাচার করেন না এবং যদি কোন সৎকার্য থাকে তবে তিনি ওটা দিগুণিত করেন এবং আল্লাহ তাঁর নিকট হতে মহান প্রতিদান প্রদান করেন ৷২

إِتَّنِيْنَ يَبُخَلُوْنَ وَ يَأْمُرُوْنَ النَّاسَ بِالْبُخُلِ وَ يَكْتُهُونَ مَا اللَّهُ مُراللَّهُ مِنْ فَضَلِهِ ﴿ وَاعْتَدُنَا لِلْكُفِينَ عَنَالًا مُّهِنِنًا هُمَ

وَ الَّذِيْنِ يُنْفِقُونَ آمُوالَهُمْ رِئَّاءَ النَّاسِ وَلَا يُؤْمِنُونَ بِاللهِ وَلَا بِالْيَوْمِ الْأَخِرِ ﴿ وَمَنْ يُكُنِّ الشَّيْطِنُ لَهُ قُرِيْنًا فَسَاءَ قُرِيْنًا @

وَمَا ذَا عَلَيْهِمْ لَوْ أَمَنُوا بِاللَّهِ وَالْيَوْمِ الْأَخِرِ وَ أَنْفَقُوا مِمًّا رَزَقَهُمُ اللهُ طوكان اللهُ بِهِمْ عَلِيْمًا ١٠

إِنَّ اللَّهُ لَا يُظْلِمُ مِثْقَالَ ذَرَّةٍ ۚ وَإِنْ تَكُ حَسَنَةً يُّضِعِفُهَا وَيُؤْتِ مِنْ لَكُانِهُ آجُرًا عَظِيْمًا ۞

১। আবু হুরাইরা (রাযিআল্লাহু আনহু) হতে বর্ণিত, তিনি বলেন, নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ প্রতিদিন প্রত্যুষে যখন বান্দারা ঘুম থেকে ওঠে তখন দু'জন ফেরেশ্তা আসমান থেকে নেমে আসে। তাদের একজন এই দু'আ করতে থাকে হে আল্লাহ্! দানশীলকে পুরস্কৃত কর এবং অপরজন এই বলে দু'আ করতে থাকে হে আল্লাহ বখিল ও কৃপণকে ধ্বংস কর। (বুখারী, হাদীস নং 1884)

২। আবু সাঈদ খুদরী (রাথিআল্লাহু আনহু) হতে বর্ণিত। (তিনি বলেছেনঃ) নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর সময়ে কিছু লোক তাঁকে জিজ্ঞেস করলো, হে আল্লাহ্র রাসূল! কিয়ামতের দিন আমরা কি আমাদের রবকে দেখতে পাবো। নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ হাাঁ, দেখতে পাবে।

8১. অনন্তর তখন কী দশা হবে, যখন আমি প্রত্যেক সম্প্রদায় হতে সাক্ষী আনয়ন করবো এবং তোমাকেই তাদের প্রতি সাক্ষী করবো?

8২. যারা অবিশ্বাসী হয়েছে ও রাস্পের বিরুদ্ধাচরণ করেছে, তারা সেদিন কামনা করবে, যেন ভূমভল তাদের সাথে সমতল হয় এবং আল্লাহর নিকট তারা কোন কথাই গোপন করতে পারবে না। ڡؘٛڲؽڡ۬ٳۮؘٳڿؚٮؙٛؽؘٵڡؚڽؙػؙڸۜٲڝۜٙؿ_{ۭٙ}ۺؘؚۿ۪ؽؠٟٷٙڿؚٸؙؽٵؠؚڬ عَلَى ۿٙٷؙڒٚۦؚۺؘۿؚؽۘڋٵ۞ٙٛ

يَوْمَهِنِ يَّوَدُّ الَّذِيْنَ كَفَرُوْا وَعَصَوُا الرَّسُوْلَ كَوْ تُسَوِّى بِهِمُ الْأَرْضُ ﴿ وَلَا يَكْتُمُوْنَ اللهَ حَدِينَتًا ﴿

মেঘমুক্ত আকাশে দিনের আলোতে সূর্যকে দেখতে কি তোমাদের কোন অসুবিধা হয়? সবাই জবাব দিলো. না। তিনি বললেনঃ পূর্ণিমার রাতে মেঘমুক্ত আকাশে চাঁদ দেখতে কি তোমাদের কোন অসুবিধা হয়? সবাই জবাব দিলো না। তখন নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ এভাবে চাঁদ ও সূর্যের কোন একটিকে দেখতে তোমরা যতখানি অসুবিধা মনে করো কিয়ামতের দিন আল্লাহ্কে দেখতে ততটুকু অসুবিধা মাত্র হবে। কিয়ামতের দিন একজন ঘোষক ঘোষণা করবে, প্রত্যেক ব্যক্তি যে যার ইবাদত করতে, সে তার সাথে দলভুক্ত হয়ে যাও। সূতরাং যারা আল্লাহ ছাড়া মূর্তি বা পাথরের পূজা করতো তারা সবাই দোযখে নিক্ষিপ্ত হবে একজনও অবশিষ্ট থাকবে না। অবশেষে যখন আল্লাহ্র ইবাদতকারী নেক্কার, গোনাহ্গার ও দ্'-চারজন আহলে কিতাব ছাড়া আর কেউ-ই অবশিষ্ট থাকবে না। তখন ইয়াহূদীদের ডেকে বলা হবে, তোমরা কার ইবাদত করতে? তারা বলবে আমরা আল্লাহ্র বেটা উযায়েরের ইবাদত করতাম। তখন তাদের বলা হবে, তোমরা মিথ্যা কথা বললে। আল্লাহ্ কাউকে স্ত্রী বা সম্ভান হিসেবে গ্রহণ করেনি। তোমরা কি চাও? তারা বলবেঃ হে আমাদের রব! আমরা পিপাসার্ত হয়ে পড়েছি। আমাদের পানি পান করতে দিন। তখন তাদেরকে মরীচিকার মতো একটি প্রান্তর দেখিয়ে বলা হবে যে, সেখানে যাও। এভাবে তাদের সবাইকে এমন আগুনের মধ্যে একত্রিত করা হবে, যার এক অংশ আর এক অংশকে আক্রমণ করেছে এভাবে তারা সবাই দোযখে পতিত হবে। তারপর নাসারা (খ্রিস্টান)-দেরকে ডাকা হবে। তাদেরকে বলা হবে, তোমরা কার ইবাদত ও দাসত্ব করতে? তারা বলবে, আমরা আল্লাহ্র বেটা ঈসা মসীহর ইবাদত করতাম। তখন তাদেরকে বলা হবে, তোমরা মিথ্যাবাদী। আল্লাহ তা'আলা কাউকে স্ত্রী বা সম্ভানরূপে গ্রহণ করেন নি। তাদেরকে বলা হবে তোমরা কি চাও? জবাবে তারাও পূর্বের লোকদের অনুরূপ বলবে। (অর্থাৎ ইয়াহদীদের মতো তারাও বলবে আমরা পিপাসার্ত হয়ে পড়েছি, আমাদেরকে পানি পান করান।) অবশেষে আল্লাহুর ইবাদতকারী নেক্কার ও গোনাহুগার লোক ছাড়া আর কেউ অবশিষ্ট থাকবে না। তখন গোটা বিশ্বজাহানের রব আল্লাহ্ তা'আলা তাদের কাছে এমন সাধারণ আকৃতিতে আগমন করবেন, যে আকৃতিতে তারা ইতিপূর্বে তাকে দেখেছে। তাদের জিজ্ঞেস করা হবে, তোমরা কিসের জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছো? প্রত্যেকেই তখন নিজ নিজ উপাস্যের দলভুক্ত হয়ে যাবে। তখন তারা (আল্লাহ্র ইবাদতকারী) বলবে, দুনিয়ায় যখন আমাদের সর্বাপেক্ষা বেশি প্রয়োজন ছিলো তখন আমরা লোকদেরকে বর্জন করেছিলাম। এমন্কি তাদের সাহচর্যই আমরা পরিত্যাগ করেছিলাম। আমরা যে রবের ইবাদত ও দাসতু করতাম, এখন তার জন্য অপেক্ষা করছি। আল্লাহ তা'আলা তখন বলবেনঃ আমিই তোমাদের রব বা প্রভু। তখন তারা বলবে, আমরা আল্লাহর সাথে কোন কিছকে শরীক করি না। একথা তারা দু' অথবা তিনবার বলবে: (বুখারী, হাদীস নং ৪৫৮১)

৪৩. হে মু'মিনগণ! নেশাগ্রস্ত অবস্থায় যে পর্যন্ত না স্বীয় বাক্য হৃদয়ঙ্গম করতে পার এবং পথচারী অবস্থায় থাকা ব্যতীত গোসল না করা পর্যন্ত অপবিত্রাবস্থায় নামাযের নিকটবর্তী হয়ো না এবং যদি তোমরা পীড়িত হও কিংবা সফরে অবস্থান কর অথবা তোমাদের মধ্যে কেউ পায়খানা হতে প্রত্যাগত হয় কিংবা রমণী স্পর্শ (সম্ভোগ) করে এবং পানি না পাও, তবে মাটি দ্বারা তায়াম্মুম কর, তার দ্বারা তোমাদের মুখমগুল ও হাত সমূহ মুছে ফেল; নিশ্চয়ই আল্লাহ মার্জনাকারী, ক্ষমাশীল।

88. তুমি কি তাদের প্রতি লক্ষ্য করনি, যাদেরকে গ্রন্থের এক অংশ প্রদত্ত হয়েছে? তারা ভ্রান্তপথ ক্রয় করেছে এবং কামনা করে যে, তুমিও পথভ্রান্ত হও।

৪৫. এবং আল্লাহ তোমাদের শক্রকুলকে সম্যক পরিজ্ঞাত আছেন; এবং আল্লাহই যথেষ্ট পৃষ্ঠপোষক এবং আল্লাহই যথার্থ সাহায্যকারী।

৪৬. ইয়াহুদীদের মধ্যে কেউ কেউ
যথাস্থান হতে বাক্যাবলী বিকৃত করে
এবং বলেঃ আমরা শ্রবণ করলাম ও
অগ্রাহ্য করলাম; আরো বলে শোন,
না শোনার মত এবং তারা স্বীয়
জিহ্বা কুঞ্চিত করে ও ধর্মের প্রতি
দোষারোপ করে বলে, "রায়েনা"
(আমাদের রাখাল) যদি তারা
বলতোঃ আমরা শুনলাম ও অনুসরণ

يَايَّهُا الَّذِيْنَ امَنُوا لا تَقُرَبُوا الصَّلُوةَ وَانْتُمْ سُكُرِى حَتَّى تَعْلَمُوا مَا تَقُولُونَ وَلا جُنُبًا إِلَّا عَابِدِى حَتَّى تَعْلَمُوا مَا تَقُولُونَ وَلا جُنُبًا إِلَّا عَابِدِى سَفِيلٍ حَتَّى تَعْتَسِلُوا وَإِنْ كُنْتُمْ مَرْضَى اوْعَلَى سَفِدٍ اوْجَاءَ احَلَّ مِنْكُمْ مِنَ الْعَالِطِ اوْلَمَسْتُمُ الْفَالِطِ اوْلَمَسْتُمُ النِيسَاءَ فَلَمْ تَجِلُوا مَا الْمَاتُمُ فَاللَّهِ اللهِ كَانَ عَفْوًا الله كَانَ عَفْوًا فَالْمُسَحُوا بِوُجُوهِكُمْ وَايُدِينَكُمُ وَانَّ الله كَانَ عَفْوًا فَعُورًا شَهَ كَانَ عَفْوًا فَعُورًا شَهَ كَانَ عَفْوًا

ٱلَـُمُ تَكَرَ إِلَى الَّذِيْنَ أُوْتُواْ نَصِيْبًا مِِّنَ الْكِتْبِ يَشْتَرُونَ الضَّلْلَةَ وَيُرِيْدُونَ اَنُ تَضِلُّوا السَّبِيْلَ ﴿

> وَاللّٰهُ اَعْلَمُ بِاَعْدَا بِكُمْ الْوَكُفَى بِاللّٰهِ وَلِيًّا فَ وَكَفَى بِاللّٰهِ نَصِيْرًا ۞

مِنَ الَّذِيْنَ هَادُوْا يُحَرِّفُوْنَ الْكَلِمَ عَنُ مَّوَاضِعِهُ
وَ يَقُوْلُوْنَ سَمِعْنَا وَعَصَيْنَا وَاسْمَعْ غَيْرَ مُسْمَعٍ
وَ يَقُولُوْنَ سَمِعْنَا وَعَصَيْنَا وَاسْمَعْ غَيْرَ مُسْمَعٍ
وَاعِنَا لَيُّنَا بِالْسِنَتِهِمُ وَطَعْنَا فِي الرِّيْنِ وَلَوْ انَّهُمُ
قَالُوْا سَمِعْنَا وَ اَطَعْنَا وَ السَّمَعْ وَانْظُرُنَا لَكَانَ
خَيْرًا لَّهُمُ وَ اَقُومَ لَا وَلِكِنْ لَعَنَهُمُ الله بِكُفْرِهِمُ
فَلَا يُؤْمِنُونَ إِلَّا قَلِيلًا ۞

^{🕽 ।} স্পর্শ দ্বারা এখানে সহবাস বা সঙ্গম উদ্দেশ্যে।

করলাম, এবং তবুন ও আমাদের প্রতি লক্ষ্য রাখুন তাহলে এটা তাদের পক্ষে উত্তম ও সুসঙ্গত হভো; কিন্তু আল্লাহ তাদের অবিশ্বাসহেত্ তাদেরকে অভিসম্পাত করেছেন; অভএব অল্প সংখ্যক ব্যক্তীত তারা বিশ্বাস করে না।

8৭. হে গ্রন্থ প্রাপ্তগণ! তোমাদের সঙ্গে যা আছে তার সত্যতা সত্যারনকারী যা অবতীর্ণ করেছি তৎপ্রতি বিশ্বাস স্থাপন কর; এর পূর্বে যে, আমি বহু মুখ্মগুল বিকৃত করে দেব, তৎপর তাদেরকে পূঠের দিকে উল্টিয়ে দেব অথবা শনিবারীয়দের প্রতি যেরূপ অভিসম্পাত করেছিলাম তদ্দপ তাদের প্রতি অভিসম্পাত করবো এবং আল্লাহর আদেশ সুসম্পন্ন হয়েই থাকে।

৪৮. নিশ্চরই আল্লাহ তাঁর সাখে অংশীস্থাপন করলে তাকে ক্ষমা করবেন না এবং তদ্ব্যতীত যাকে ইচ্ছা ক্ষমা করবেন এবং যে কেউ আল্লাহর অংশী স্থির করে, সে মহাপাপে জড়িয়ে মিথ্যা রচনা করলো।

৪৯. তুমি কি তাদের প্রতি লক্ষ্য করনি যারা স্বীয় পবিত্রতা প্রকাশ করে? বরং আল্লাহ যাকে ইচ্ছা পবিত্র يَايَّهُاالَّذِيْنَ أُوْتُواالْكِتْبَامِنُوْا بِمَانَؤُلْنَامُصَدِّقًا لِّمَا مَعَكُمُ مِّنُ قَبُلِ آنُ نَظْمِسَ وُجُوْهًا فَنَرُدَّهَا عَلَى اَدْبَارِهَآ اَوْ نَلْعَنَهُمْ كَمَا لَعَنَّاۤ اَصْحٰبَ السَّبْتِ ﴿ وَكَانَ اَمْرُ اللهِ مَفْعُولًا ﴿

اِنَّ اللهَ لَا يَغْفِرُ اَنُ يُشْرَكَ بِهِ وَيَغْفِرُ مَا دُوُنَ ذٰلِكَ لِمَنْ يَّشَاءُ ۚ وَمَنْ يُشْرِكُ بِاللهِ فَقَىِ افْتَزَى إِثْمًا عَظِينُمًا ۞

أَلَمْ تَكُرَ إِلَى الَّذِيْنَ يُزَكُّونَ أَنْفُسَهُمْ ﴿ بَلِ اللَّهُ

১। আনাস (রাধিআল্লাছ্ আনহ) সরাসরি রাস্পুল্লাহ্ (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) থেকে বর্ণনা করেছেন। আল্লাহ্ ভা'আলা জান্তানামনাসীদের সকচেরে লঘুদন্ড ও সহজ শান্তি ভোগকারীকে জিজ্ঞেস করবেন, যদি দুনিরার সমস্ত ধন-সম্পদ (এখন) তোমার হাসিল হয়ে যায়। তাহলে এ আযাবের বিনিময়ে তুমি কি তা সব দিয়ে দেবে? সে জবাবে কলবে ইয়ে। তিনি বলবেনঃ আমি এর চেয়েও সহজ জিনিস তোমার নিকট চেয়েছিলাম যখন তুমি আদম (আলাইহিস্সালামের) পিঠে ছিলে যে, তুমি আমার সাথে শিরক করিওনা, তুমি তা না মেনে শিরক করেছ। (বুখারী, হাদীস নং ৩৩৩৪)

করেন এবং তারা সূত্র (সুতা) পরিমাণও অত্যাচারিত হবে না

৫০. লক্ষ্য কর, তারা কিরূপে আল্লাহর প্রতি মিথ্যা অপবাদ দিচ্ছে! এবং এটি স্পষ্ট অপরাধী হওয়ার জন্যে যথেষ্ট।

৫১. তুমি কি তাদের প্রতি লক্ষ্য করনি যাদেরকে গ্রন্থের একাংশ প্রদত্ত হয়েছে? তারা প্রতিমা ও শয়তানের প্রতি বিশ্বাস স্থাপন করে এবং অবিশ্বাসীদেরকে বলে যে, বিশ্বাস স্থাপনকারীগণ অপেক্ষা তারাই অধিকতর সুপথগামী।

৫২. এদেরই প্রতি আল্লাহ অভিসম্পাত করেছেন এবং আল্লাহ যাকে অভিসম্পাত করেন, তুমি তার জন্যে কোনই সাহায্যকারী পাবে না।

৫৩. তবে কি রাজত্বে তাদের জন্যে কোন অংশ রয়েছে? বস্তুতঃ তখন তারা লোকদেরকে খেজুর কণাও প্রদান করবে না।

৫৪. তবে কি তারা লোকদের প্রতি এ জন্যে হিংসা করে যে আল্লাহ তাদেরকে স্বীয় সম্পদ হতে কিছু দান করেছেন? ফলতঃ নিশ্চয়ই আমি ইবরাহীম বংশীয়গণকে গ্রন্থ ও বিজ্ঞান দান করেছি এবং তাদেরকে বিশাল সামাজ্য প্রদান করেছি।

৫৫. অনম্ভর তাদের মধ্যে অনেকেই ওর প্রতি বিশ্বাস স্থাপন করেছে এবং অনেকেই ওটা হতে বিরত রয়েছে; এবং (তাদের জন্যে) অগ্নি ফুলিঙ্গ বিশিষ্ট জাহান্নামই যথেষ্ট। يُزُكِّنُ مَنْ يَشَاءُ وَلَا يُظْلَمُونَ فَتِيلًا ۞

ٱنْظُرْ كَيْفَ يَفْتَرُونَ عَلَى اللهِ الْكَذِبَ وَكَفَى بِهَ النَّهِ الْكَذِبَ وَكَفَى بِهَ النَّهِ الْكَذِب

ٱڵڡ۫ڗۘڒٳڶٙٵڷڹۣؽ۬ٵؙڎؙۊؙٵٛؽڝؽؠٵڝۧٵڶڮؾ۬ڮؽؙٷؚڝٮؙۏؙؽ ڽٟٵڵڿؚؠؙؾؚۘۘٵڶڟۜٵڠؙۏؾؚۅؘڲڠؙۏؙڵۏؙؽڸڷؽؚڹؽ۬ػڡؘۜۯۏؗٳۿٙٷؙڒٙ؞۪ ؘۘٳۿ۫ڶؽڝؘٵڷؽڹؽ۫ؽٳؗڡٮؙؙۏؙٳڛؘؚؽڵڰ۞

اُولَيْكَ الَّذِيْنَ لَعَنَهُمُ اللهُ ﴿ وَهَنْ يَلْعَنِ اللهُ فَكَنْ تَجِدَ لَهُ نَصِيْرًا ﴿

اَمُ لَهُمُ نَصِيْبٌ مِّنَ الْمُلْكِ فَإِذًا لَآ يُؤْتُونَ النَّاسَ نَقِيُرًا ﴿

ٱمۡرِيَحُسُدُوۡنَ النَّاسَ عَلَىٰ مَاۤ اللَّهُمُ اللَّهُ مِنَ فَضْلِهٖ ۚ فَقَدُ اٰتَيُنَاۤ الَ اِبْداهِيۡمَ الْكِتٰبَ وَالْحِكْمَةَ وَ اٰتَيْنَاهُمُ مُّلُكًا عَظِيبُاۤ ۞

فَينْهُمْ مَّنْ أَمَنَ بِهِ وَمِنْهُمْ مَّنْ صَدَّ عَنْهُ لَا وَكَفَى بِجَهَلَّمَ سَعِيْرًا @

৫৬. নিশ্চয়ই যারা আমার নির্দেশনসমূহের প্রতি অবিশ্বাসী আমি হয়েছে তাদেরকে অবশ্যই অগ্নিকুণ্ডে দাখিল করবো: যখন তাদের চর্ম বিদগ্ধ হবে. আমি তৎপরিবর্তে তাদের চর্ম পরিবর্তিত করে দেবো যেন তারা শাস্তির আস্বাদ গ্রহণ করে. নিশ্চয়ই আল্লাহ অতীব সম্মানী, প্রজ্ঞাময়।

৫৭. যারা বিশ্বাস স্থাপন করেছে ও সৎ কার্যাবলী সম্পাদন করেছে. নিশ্চয়ই আমি তাদেরকে জান্নাতসমূহে দাখিল করবো— যার স্রোতস্বিনীসমূহ নিম্নে প্রবাহিত, তন্যধ্যে তারা চিরকাল অবস্থান করবে; সেখানে তাদের জন্যে পত-পবিত্র সহধর্মিণীগণ রয়েছেন এবং আমি তাদেরকে ছায়াশীতল স্থানে দাখিল করবো ।

৫৮. নিশ্চয়ই আল্লাহ তোমাদেরকে গচ্ছিত করেছেন যে. বুঝিয়ে (আমানত) দাও ওর অধিকারীকে এবং যখন তোমরা লোকদের মধ্যে বিচার-মীমাংসা কর. তখন ন্যায় বিচার কর; অবশ্যই আল্লাহ তোমাদেরকে উত্তম উপদেশ দান করছেন, নিশ্চয়ই আল্লাহ শ্রবণকারী, পরিদর্শক।

৫৯. হে মু'মিনগণ! তোমরা আল্লাহর অনুগত হও ও রাস্লের অনুগত হও إِنَّ الَّذِيْنَ كَفَرُوا بِأَلِتِنَا سَوْفَ نُصُلِيْهِمُ نَارًا اللهُ الْذِيْنَ كَفُرُوا بِأَلِتِنَا سَوْفَ نُصُلِيْهِمُ نَارًا اللهَ كُلَّمَا نَضِجَتُ جُلُوْدُهُمُ بَدَّ لُنْهُمْ جُلُوْدًا غَيْرَهَا لَا لَكُونُ وَقُوا الْعَذَابَ اللهَ كَانَ عَزِيْزًا حَكِيبًا ۞

وَالَّذِيْنَ أَمَنُوا وَعَمِلُوا الطَّلِطْتِ سَنُدُخِلُهُمُ جَنَّتٍ تَجُرِى مِنْ تَحْتِهَا الْأَنْهُرُ خُلِدِيْنَ فِيْهَا اَبَدًا اللَّهُمُ فِيهُا اَذُوَاجٌ مُّطَهَّرَةٌ لَوَنُدُخِلُهُمُ ظِلَّا ظَلِيُلاَ

إِنَّ اللهُ يَا مُرُّكُمُ أَنُ تُؤَدُّوا الْاَمْنُتِ إِلَى اَهْلِهَا لاَ وَاللهُ اللهُ يَا مُرُّكُمُ اَنُ تُؤَدُّوا الْاَمْنُتِ إِلَى اَهْلِهَا لاَ وَالْاَمْنُوا بِالْعَلْلِ لِللهَ اللهُ كَانَ اللهُ كَانَ سَبِيْعًا بَصِيْرًا ﴿ سَبِيْعًا بَصِيْرًا ﴾ سَبِيْعًا بَصِيْرًا ﴾

لَكَيُّهُا الَّذِيْنَ امَنُواْ اَطِيْعُوا اللهَ وَاَطِيْعُوا الرَّسُولَ

১। আবৃ হুরাইরা (রাযিআল্লাহ্ আনহ্) নবী (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) থেকে বর্ণনা করেনঃ জান্নাতে এমন একটি বৃক্ষ আছে এর ছায়ায় যদি কোন যান-বাহনে আরোহণকারী ভ্রমণ করতে চায় তাহলে একশত বছর ভ্রমণ করতে পারনে। তোমরা ইচ্ছা করলে এ আয়াত পড়তে পার। অর্থঃ "সম্প্রসারিত ছায়া"। (সূরাঃ ওয়াকিয়াহু, আয়াতঃ ৩০) (বুখারী, হাদীস নং ৩২৫২)

এবং তোমাদের অন্তর্গত আদেশদাতাগণের; অতঃপর যদি তোমাদের
মধ্যে কোন বিষয়ে কোন মতবিরোধ
হয় তবে আল্লাহ ও রাসূলের দিকে
প্রত্যাবর্তিত হও— যদি তোমরা
আল্লাহ ও পরকালের প্রতি বিশ্বাস
করে থাক; এটাই কল্যাণকর ও
শ্রেষ্ঠতর সমাধান।

৬০. তুমি কি তাদের প্রতি লক্ষ্য করনি, যারা ধারণা করে যে, তোমার প্রতি যা অবতীর্ণ হয়েছে এবং তোমার পূর্বে যা অবতীর্ণ হয়েছিল তৎপ্রতি তারা বিশ্বাস করে, অথচ তারা নিজেদের মোকদ্দমা শয়তানের নিকট নিয়ে যেতে চায়, যদিও তাদেরকে আদেশ করা হয়েছিল, যেন তাকে অবিশ্বাস করে এবং শয়তান ইচ্ছা করে যে, তাদেরকে সত্যের পথ থেকে বহু দূরে নিয়ে গিয়ে বিভ্রান্ত করে ফেলবে।

৬১. আর যখন তাদেরকে বলা হয় যে, আল্লাহ যা অবতীর্ণ করেছেন সেদিকে এবং রাসূলের দিকে এসো, তখন তুমি মুনাফিকদেরকে দেখবে, তারা তোমার থেকে বিমুখ হয়ে বিচ্ছিন্ন রয়েছে।

৬২. অনম্ভর তখন কিরূপ হবে, যখন তাদের হাতসমূহ যা পূর্বে প্রেরণ করেছে, তজ্জন্যে তাদের উপর বিপদ উপনীত হবে? তখন তারা আল্লাহর শপথ করতে করতে তোমার দিকে আসবে যে কল্যাণ ও স্প্রীতি ব্যতীত আমরা কিছই কামনা করিনি।

وَاُولِى الْأَمْرِ مِنْكُمْ وَالْ تَنَازَعْتُمْ فِي شَيْءٍ فَرُدُّوْهُ إِلَى اللهِ وَ الرَّسُولِ إِنْ كُنْتُمْ تُؤْمِنُونَ بِاللهِ وَالْيَوْمِ الْأَخِرِ لَا ذَٰلِكَ خَنْدٌ وَ اَحْسَنُ تَاُونِيلًا شَ

اَلَمُ تَرَ إِلَى الَّذِينَ يَزُعُمُونَ اَنَّهُمُ اَمَنُوا بِما َ اُنُزِلَ اِلَيُكَ وَمَا اُنُزِلَ مِنْ قَبُلِكَ يُرِيْدُونَ اَنُ يَتَحَاكَمُوْ الِيَ الطّاعُوْتِ وَقَدْ اُمِرُوْ اَنُ يَكُفُرُوا بِهِ وَيُرِيْدُ الشَّيْطُنُ اَنْ يُّضِلَّهُمُ ضَلَلًا بَعِيْدًا الْ

وَ إِذَا قِيْلَ لَهُمُ تَعَالَوُا إِلَى مَاۤ اَنُوْلَ اللهُ وَ إِلَى الرَّسُولِ رَايْتَ الْمُنْفِقِيْنَ يَصُدُّوْنَ عَنْكَ صُدُودًاشَّ

فَكَيْفُ إِذَا آصَابَتُهُمْ مُصِيْبَةً إِبِمَا قَدَّمَتُ آيُدِيْهِمْ ثُمَّ جَآءُوك يَحْلِفُون ﴿ بِاللهِ إِنْ آرُدُنَا إِلَّا إِحْسَانًا وَ تَوُفِيْقًا ﴿

৬৩. তাদের অন্তরসমূহে যা আছে, আল্লাহ তা পরিজ্ঞাত আছেন; অতএব তুমি তাদের দিক হতে নির্লিপ্ত হও ও তাদেরকে সদুপদেশ প্রদান কর এবং তাদেরকে তাদের সম্বন্ধে হ্রদয় স্পর্শী কথা বল।

৬৪. আমি এতদ্বতীত কোনই রাসূল প্রেরণ করিনি যে, আল্লাহর আদেশে তাদের আনুগত্য স্বীকার করা হবে. এবং যদি তারা স্বীয় জীবনের উপর অত্যাচার করার পর তোমার নিকট আগমন করতো, তৎপর আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করতো আর রাসলও তাদের জন্যে আল্লাহর নিকট ক্ষমা চাইতেন, তবে নিশ্চয়ই তারা আল্লাহকে তাওবা কবৃলকারী, অত্যন্ত করুণাময় হিসেবে পেত।

৬৫ অতএব তোমার প্রতিপালকের বিশ্বাস তারা কখনও স্থাপনকারী হতে পারবে না, যে পর্যম্ভ তোমাকে তাদের আভ্যন্তরীণ বিরোধের বিচারক হিসেবে মেনে না নিবে, তৎপর তুমি যে বিচার করবে তা দ্বিধাহীন অন্তরে গ্রহণ না করবে এবং ওটা শান্তভাবে পরিগ্রহণ না করবে।

৬৬. আর আমি যদি তাদের উপর বিধিবদ্ধ করতাম যে. নিজেদেরকে হত্যা কর অথবা স্বীয় গৃহপ্রাচীর হতে নিদ্রান্ত হও, তবে তাদের অল্প সংখ্যক ব্যতীত ওটা করতো না এবং যে বিষয়ে তাদেরকে

ٱولَيْكَ الَّذِيْنَ يَعْلَمُ اللَّهُ مَا فِي قُلُوْبِهِمْ ۖ فَأَعْرِضُ عَنْهُمْ وَعِظْهُمْ وَقُلْ لَّهُمْ فِي آنْفُسِهِمْ قَوْلًا بِلْيِغًا ﴿

وَمَا آرْسَلْنَا مِنْ رَّسُولِ إلَّا لِيُطَاعَ بِإِذْنِ اللهِ ط وَلُوْ آنَّهُ مِرْ إِذْ ظُلَمُوا آنْفُسهُمْ جَآءُوْكَ فَأَسْتَغْفَرُوا الله واستَغْفَر لَهُمُ الرَّسُولُ لَوَجَدُوا الله تَوَّايًّا رَّحِيْبًا 🐨

فَلاَ وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّى يُحَلِّبُوكَ فِيْمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِلُ وَا فِي آنْفُسِهِمْ حَرَجًا مِّبَّا قَضَيْتَ وَلُسَلِّمُوا تَسْلَيْهُا ۞

وَلَوْ أَنَّا كُتَبِّنَا عَلَيْهِمْ آنِ اقْتُلُوَّا أَنْفُسَكُمْ آوِ اخْرُجُوْا مِنْ دِيَارِكُمْ مَّا فَعَكُوْهُ إِلَّا قَلِيْلٌ مِّنْهُمْ ﴿ وَلَوْ ٱنَّهُمْ فَعَلُواْ مَا يُوْعَظُونَ بِهِ لَكَانَ خَيْرًا لَّهُمُ وَاشَدَّ تَثْبِيْتًا اللهِ

উপদেশ দেয়া হয়েছিল তা যদি তারা করতো তবে নিশ্চয়ই ওটা তাদের কল্যাণকর অধিকতর জন্যে সূপ্রতিষ্ঠিত হতো।

৬৭. এবং তখন আমি তাদেরকে অবশ্যই স্বীয় সন্নিধান হতে বৃহত্তর প্রতিদান প্রদান করতাম।

৬৮. এবং নিশ্চয়ই তাদেরকে সরল পথ প্রদর্শন করতাম।

৬৯. আর যে কেউ আল্লাহ রাসলের অনুগত হয়, তবে তারা ঐ ব্যক্তিদের সঙ্গী হবে যাদের প্রতি আল্লাহ অনুগ্ৰহ করেছেন: অর্থাৎ নবীগণ, সত্য সাধকগণ, শহীদগণ ও সংকর্মশীলগণ এবং এরাই সর্বোত্তম अक्री।

৭০. এটাই আল্লাহর অনুগ্রহ এবং আল্লাহর জ্ঞানই যথেষ্ট।

৭১. হে মু'মিনগণ! তোমরা স্বীয় সতৰ্কতা বজায় রেখো. তৎপর বহিৰ্গত পথকভাবে হও অথবা সমিলিতভাবে অভিযান কর।

৭২. আর তোমাদের মধ্যে লোকও রয়েছে যে শৈথিল্য করে: অনন্তর যদি তোমাদের উপর বিপদ নিপতিত হয় তবে বলেঃ আমার প্রতি আল্লাহর অনুগ্রহ ছিল যে, আমি তখন তাদের সাথে বিদ্যমান ছিলাম না।

৭৩, এবং যদি আল্লাহর সন্লিধান হতে তোমাদের উপর অনুগ্রহ সম্পদ অবতীর্ণ হয় তবে এরূপভাবে বলে وَّإِذًا لَّاكْتُنْهُمْ مِّنَ لَّكُنَّا آجُرًا عَظِيمًا ﴿

وَّلَهُكَ يِنْهُمُ صِرَاطًا مُّسْتَقِيبًا ﴿

وَمَنْ يُطِعِ اللَّهَ وَالرَّسُولَ فَأُولَيِكَ مَعَ الَّذِينَ اَنْعَمَ اللهُ عَلَيْهِمُ مِّنَ النَّبِيِّنَ وَالصِّيِّيْقِيْنَ وَالشُّهَدَاءِ وَالصَّلِحِيْنَ وَحَسُّنَ أُولَلِكَ رَفِيقًا أَهُ

ذٰلِكَ الْفَضْلُ مِنَ اللهِ طُوَكُفِي بِاللَّهِ عَلِيْمًا ٥٠

يَايَّهُا الَّذِيْنَ أَمَنُوا خُنُ وُاحِذُرَكُمْ فَأَنْفِرُوا ثُبَاتِ أَوِانْفِرُوا جَبِيْعًا ۞

وَإِنَّ مِنْكُو لَكِنْ لَيُبَطِّئَنَّ ۚ فَإِنْ أَصَابَتُكُو مُصِيبَةً قَالَ قَدْ اَنْعَمَ اللهُ عَكَّ إِذْ لَمْ أَكُنْ مَّعَهُمْ شَهِيْدًا @

وَلَيِنُ اَصَابَكُمْ فَضْلٌ مِّنَ اللَّهِ لَيَقُوْلُنَّ كَانَ لَّمُ تُكُرُهُ بِنِنْكُمْ وَ بِنِينَهُ مَوَدَّةً يُلِيِّتُنِي كُنْتُ مَعَهُمُ ৭৪. অতএব যারা ইহকালের বিনিময়ে পরকাল ক্রয় করেছে তারা যেন আল্লাহর পথে সংগ্রাম করে; এবং যে আল্লাহর পথে যুদ্ধ করে তৎপর নিহত অথবা বিজয়ী হয় তবে আমি তাকে মহান প্রতিদান প্রদান করবো।

৭৫. তোমাদের কী হয়েছে যে, তোমরা আল্লাহর পথে যুদ্ধ করছো
না? অথচ অসহায় পুরুষগণ,
নারীবৃন্দ এবং শিশুরা বলে যে, হে
আমাদের প্রতিপালক! আমাদেরকে
অত্যাচারী অধিবাসীদের এই নগর
হতে বহির্গত করুন এবং স্বীয়
সন্নিধান হতে আমাদের পৃষ্ঠপোষক
ও নিজের নিকট হতে আমাদের জন্য
সাহায্যকারী প্রেরণ করুন।

৭৬. যারা বিশ্বাস স্থাপন করেছে তারা আল্লাহর পথে সংগ্রাম করে এবং যারা অবিশ্বাসী হয়েছে তারা শয়তানের পথে যুদ্ধ করে; অতএব তোমরা শয়তানের সুহৃদগণের (বন্ধুগণের) সাথে যুদ্ধ কর; নিশ্চয়ই শয়তানের কৌশল দূর্বল।

৭৭. তুমি কি তাদের প্রতি লক্ষ্য করনি, যাদেরকে বলা হয়েছিল যেঃ তোমাদের হাতসমূহ সংবরণ রাখ এবং নামায প্রতিষ্ঠিত কর ও যাকাত فَأَفُوْزَ فَوُزًا عَظِيْمًا @

فَلْيُقَاتِلُ فِي سَبِيْلِ اللهِ الَّذِينَ يَشُرُونَ الْحَيْوةَ اللَّهُ نَيَا بِالْإِخْرَةِ ﴿ وَمَنْ يُقَاتِلُ فِي سَبِيْلِ اللهِ فَيُقْتَلُ آوْ يَغْلِبْ فَسَوْفَ نُوْتِيْهِ اَجْرًا عَظِيْمًا ﴿

وَمَا لَكُمُّ لَا تُقَاتِلُوْنَ فِي سَبِيْلِ اللهِ وَالْسُتَضَعَفِيُنَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ وَ الْوِلْدَانِ الَّذِيْنَ يَقُوْلُوْنَ رَبَّنَا آخُورِجُنَا مِنُ هٰذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ آهُلُهَا * وَاجْعَلُ لَنَا مِنُ لَكُنْكَ وَلِيًّا * وَّاجْعَلُ لَّنَا مِنْ لَكُنْكَ نَصِيْرًا ۞

ٱلَّذِيْنَ الْمَنُوا يُقَاتِلُونَ فِي سَبِيْلِ اللَّهِ وَالَّذِيْنَ كَفَرُوا يُقَاتِلُونَ فِي سَبِيْلِ الطَّاعُوْتِ فَقَاتِلُوْاَ اَوْلِيَا َ الشَّيْطِنَّ إِنَّ كَيْدَ الشَّيْطِنِ كَانَ ضَعِيْفًا هَ

ٱكُمْتَرَ إِلَى الَّذِيْنَ قِيْلَ لَهُمْ لُقُوْا آيْدِيكُمْ وَاقِيمُوا الصَّلُوةَ وَاتُواالزَّكُوةَ فَلَبَّا كُتِبَ عَلَيْهِمُ الْقِتَالُ إِذَا فَرِيْقٌ مِّنْهُمْ يَخْشُونَ النَّاسَ كَخَشْيَةِ اللَّهِ اَوْاشَلَ

প্রদান কর। অনন্তর যখন তাদের প্রতি জিহাদ ফর্য করে দেয়া হলো তাদের যেরূপ ভয় করে তদ্রূপ মানুষকে ভয় লাগলো বরং তদপেক্ষাও অধিক ভয় এবং তারা বললোঃ হে আমাদের প্রতিপালক! আপনি কেন উপর যুদ্ধ কেন আমাদেরকে আর কর্লেন? কিছুকালের জন্যে অবসর দিলেন না? তুমি বলঃ পার্থিব সম্পদ অকিঞ্চিৎকর আল্লাহ ভীরুগণের পরকালই কল্যাণকর এবং তোমরা ক্ষীণ সুতা পরিমাণও অত্যাচারিত হবে না

যেখানেই থাক ৭৮. তোমরা পেয়ে যাবে. তোমাদেরকে তোমরা সুদৃঢ় দুর্গে অবস্থান কর; এবং যদি তাদের উপর কোন কল্যাণ অবতীর্ণ এটা হয় তবে আল্লাহর নিকট হতে এবং তাদের প্রতি অমঙ্গল নিপতিত হয় তবে বলে যে, এটা তোমার নিকট হতে হয়েছে, তুমি বলঃ সবকিছুই আল্লাহর নিকট হতে হয়: অতএব ঐ সম্প্রদায়ের কী হয়েছে যে, তারা কোন কথা যেন বুঝতেই চায় না।

৭৯. তোমার নিকট যে কল্যাণ উপস্থিত হয় তা আল্লাহর সন্নিধান হতে এবং তোমার উপর যে অমঙ্গল নিপতিত হয় তা তোমার নিজ হতে হয়ে থাকে; এবং আমি তোমাকে মানবমগুলীর জন্যে রাসূলরূপে প্রেরণ করেছি; আর আল্লাহ সাক্ষী হিসেবে যথেষ্ট। خَشْيَةً ﴿ وَقَالُوا رَبَّنَا لِمَ كَتَبْتَ عَلَيْنَا الْقِتَالَ ﴿
كُولَا اَخُرْتَنَا إِلَى اَجَلٍ قَرِيُكٍ قُلُ مَتَاعُ اللَّانَيَا
قَلِيْكُ ۚ وَالْاخِرَةُ خَنْرٌ لِّمِنِ اتَّقَى ۚ وَلَا تُظْلَمُونَ
فَتِيْلًا ﴾ وَالْاخِرَةُ خَنْرٌ لِّمِنِ اتَّقَى ۚ وَلَا تُظْلَمُونَ
فَتِيْلًا ﴾

اَيْنَ مَا تَكُوْنُوْا يُدُرِكُكُمُّ الْمَوْتُ وَلَوْ كُنْتُمْ فِي بُرُوْجَ مُّشَيَّكَةٍ ﴿ وَإِنْ تُصِبْهُمْ حَسَنَةٌ يَّتُقُوْلُوا هٰدِهٖ مِنْ عِنْدِ اللهِ ۚ وَإِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌ يَّقُولُوا هٰدِهٖ مِنْ عِنْدِ اللهِ ﴿ قُلْ كُلُّ مِّنْ عِنْدِ اللهِ ﴿ فَمَا لِ هَوُلاَ اللهِ ﴿ فَمَا لِ هَوُلاَ اللهِ ﴿ وَلَا يَكُولُوا هَا اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ ال

مَا اَصَابَكَ مِنْ حَسَنَةٍ فَيِنَ اللهِ وَمَا آصَابَكَ مِنْ سَيِّعَةٍ فَيِنْ نَّفْسِكَ ﴿ وَ ٱرْسَلْنَكَ لِلنَّاسِ رَسُولًا ﴿ وَكَفَى بِاللهِ شَهِيْدًا ﴿

পারা ৫

৮০. যে কেউ রাসলের অনুগত হয় নিশ্চয়ই সে আল্লাহরই অনুগত হয়ে থাকে: এবং যে ফিরে যায় আমি তার জন্যে তোমাকে রক্ষকরূপে প্রেরণ করিনি ১

৮১, আর তারা আমরা বলেঃ অনুগত; কিন্তু যখন তারা তোমার নিকট হতে বের হয়ে যায় তখন তাদের একদল— তুমি যা বল তার বিরুদ্ধে শলা-পরামর্শ করে তারা যা শলা-পরামর্শ করে আল্লাহ তা লিপিবদ্ধ করেন: অতএব তাদের প্রতি বিমুখ হও ও আল্লাহর উপর নির্ভর কর: এবং আল্লাহই কার্য সম্পাদনে যথেষ্ট।

৮২, তারা কেন কুরআন নিয়ে গবেষণা করে না? আর যদি ওটা আল্লাহ ব্যতীত অন্য কারও নিকট হতে হতো তবে তারা ওতে বহু গরমিল পেতো।

৮৩. আর যখন তাদের নিকট কোন শান্তি বা ভীতিজনক বিষয় উপস্থিত হয় তখন তারা ওটা প্রচার করতে থাকে এবং যদি তারা ওটা রাসূলের তাদের আদেশদাতাদের

مَنْ يُطِعِ الرَّسُولَ فَقَدُ أَطَاعَ اللَّهَ ۚ وَمَنْ تَوَلَّى فَهَا آرْسَلْنَكَ عَلَيْهِمُ حَفِيظًا اللهِ

وَيَقُوْلُونَ طَاعَةً أَنْ فَأَذَا بَرَزُوا مِنُ عِنْدِكَ بَيَّتَ طَآبِفَةٌ مِّنْهُمْ غَيْرَ الَّذِي تَقُولُ ﴿ وَاللَّهُ يَكُتُبُ مَا يُبَيِّتُونَ عَالَمُونَ عَنْهُمُ وَتَوَكَّلُ عَلَى اللَّهِ وَكَفَّى بالله وَكِيٰلا<u>@</u>

أَفَلَا يَتُكَبَّرُونَ الْقُرْأَنَ ﴿ وَلَوْ كَانَ مِنْ عِنْهِ غَيْرِ اللهِ لَوَجَدُوا فِيهِ اخْتِلاقًا كَثِيْرًا ۞

وَإِذَا جَآءَ هُمُ اَمُرٌّ مِّنَ الْأَمْنِ أَوِ الْخَوْفِ اَذَاعُوْا بِهُ^طَ وَلَوْ رَدُّوْهُ إِلَى الرَّسُولِ وَإِلَّى أُولِي الْأَمْرِ مِنْهُمْ لَعَلْمَهُ الَّذِيْنَ يَسْتَثْنُكُولُونَهُ مِنْهُمُ ۗ وَلَوْ لَا فَضْلُ

১ ৷ (ক) আবু মুসা (রাযিআল্লান্থ আনন্ধ) নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) থেকে বর্ণনা করেছেন যে, তিনি বলেছেন যে, (কাফেরদের হাতে মুসলিম) বন্দীদেরকে মুক্ত করে আন এবং দাওয়াতকারীর দাওয়াত গ্রহণ কর। (বুখারী, হাদীস নং৭১৭৩)

⁽খ) আবু ছরাইরা (রাযিআল্লাছ আনছ) থেকে বর্ণিত, তিনি বলেছেন যে, রাসূলুল্লাহ (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ আমার উন্মতের সকল লোক জান্লাতে প্রবেশ করবে; কিন্তু যে অস্বীকার করেছে (সে জান্নাতবাসী হতে পারবে না)। জিজ্ঞাসা করা হলঃ কে অস্বীকার করেছে, হে রাসূল? উত্তরে বললেনঃ যে আমার অনুসরণ করল সে জানাতে প্রবেশ করবে। আর যে ব্যক্তি আমার অনুসরণ করল না, সে অস্বীকার করল। (বুখারী, হাদীস নং ৭২৮০)

সমর্পণ করতো তবে তাদের মধ্যে তত্ত্বানুসন্ধিৎসুগণ ওটা উপলব্ধি করতো, এবং যদি তোমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ ও করুণা না হতো তবে অল্প সংখ্যক ব্যতীত তোমরা শয়তানের অনুসরণ করতে।

৮৪. অতএব আল্লাহর পথে যুদ্ধ কর; তোমার নিজের ছাড়া তোমার উপর অন্য কোন ভার অর্পণ করা হয়নি এবং বিশ্বাসীদেরকে উদ্বুদ্ধ কর; অচিরেই আল্লাহ অবিশ্বাসীদের সংগ্রাম প্রতিরোধ করবেন এবং আল্লাহ শক্তিতে সুদৃঢ় ও শাস্তি দানে কঠোর।

৮৫. যে কেউ সং সুপারিশ করবে সে ওর দরুন অংশ পাবে এবং যে কেউ অসং সুপারিশ করবে সে ওর দরুন অংশপ্রাপ্ত হবে এবং আল্লাহ সর্ববিষয়ে শক্তিদাতা।

৮৬. আর যখন তোমরা শুভাশিষে সালাম ও অভিবাদন প্রাপ্ত হও, তবে তোমরাও তা হতে শ্রেষ্ঠতর শুভ সম্ভাষণ কর অথবা ওটাই প্রত্যর্পণ কর; নিশ্চয়ই আল্লাহ সর্ব বিষয়ে হিসাব গ্রহণকারী। للهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهُ لاَ تَبَعْتُمُ الشَّيْطَنَ إلاَّ قَلِيلًا ۞

فَقَاتِلْ فِي سَبِيْلِ اللهِ عَلَا ثُكَلَّفُ اِلَّا نَفْسَكَ وَحَرِّضِ الْهُؤْمِنِيْنَ عَسَى اللهُ اَنْ يَكُفَّ بَاْسَ الَّذِيْنَ كَفَرُوا ﴿ وَاللهُ اَشَكُ بَاْسًا وَّ اَشَكُ تَنْكِيْلًا ۞

مَنُ يَنْشُفَعُ شَفَاعَةً حَسَنَةً يَكُنُ لَاهُ نَصِيْبٌ مِنْهَا * وَمَنْ يَشُفُعُ شَفَاعَةً حَسَنَةً يَكُنُ لَاهُ نَصِيْبٌ مِنْهَا اللهُ عَلَى مُنْفَاعَةً سَيِبَعَةً يَكُنُ لَاهُ كِفُلٌ مِّنْهَا اللهُ عَلَى كُلِّ شَيْءٍ مُّقِيْبًا @

وَإِذَا حُتِِّينَتُمُ بِتَحِيَّةٍ فَحَيُّوا بِأَحْسَنَ مِنْهَاۤ أَوْرُدُّوْهَا لَا اللهُ كَانَ عَلَى كُلِّ شَيْءٍ حَسِيْبًا ۞

১। আবৃ ছ্রাইরা (রাযিআল্লাছ্ আনছ্) হতে বর্ণিত, নবী (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, আল্লাহ্ তা'আলা আদম (আলাইহিস্ সালাম) কে তাঁর নিজের আকার-আকৃতিতেই সৃষ্টি করেছেন। তাঁর উচ্চতা ছিল মাট হাত। আল্লাহ্ তা'আলা তাঁকে সৃষ্টি করে বললেন, যাও, ফেরেশ্তাদের অবস্থানরত দলকে সালাম করো এবং মন দিয়ে জনবে, তারা তোমার সালামের কি জবাব দেয়। এটাই হবে তোমার এবং তোমার সঙ্চানদের সালাম। সুতরাং আদম (আলাইহিস সালাম) গিয়ে বললেন- আস্সালামু আলাইকুম। (আপনাদের প্রতি শান্তি বর্ষিত হোক) ফেরেশ্তাগণ জবাব দিলেন- আস্সালামু আলাইকা ওয়ারাহ্মাতুল্লাহ্, (আপনার ওপরও শান্তি এবং আল্লাহ্র রহমত বর্ষিত হোক)! ফেরেশ্তাগণ ওয়া রাহ্মাতুল্লাহি অংশ বৃদ্ধি করলেন। অতঃপর যারা বেহেশ্তে যাবে- তারা প্রত্যেকেই আদম (আলাইহিস্ সালাম)-এর আকৃতি বিশিষ্ট হবে। তর্ষন থেকে এখন পর্যন্ত মানুষের উচ্চতা ক্রমাগত হাস পেয়েই আসছে। (বুখারী, হাদীস নং ৬২২৭)

৮৭. আল্লাহ ব্যতীত সত্যিকার মা'বৃদ কেউ নেই; নিশ্চয়ই এতে সন্দেহ নেই যে, তিনি তোমাদেরকে কিয়ামতের দিনে একত্রিত করবেন এবং আল্লাহ অপেক্ষা কে বেশি সত্যবাদী।

৮৮. অনন্তর তোমাদের কি হয়েছে যে, তোমরা মুনাফিকদের সম্বন্ধে দু'দল হলে? এবং তারা যা অর্জন করেছে তজ্জন্যে আল্লাহ তাদেরকে ফিরিয়ে দিয়েছেন। আল্লাহ যাকে পথভান্ত করেন, তুমি কি তাকে পথ প্রদর্শন করতে চাও? এবং আল্লাহ যাকে পথভান্ত করেছেন, বস্তুতঃ তুমি তার জন্যে কোনই পথ পাবে না।

৮৯. তারা ইচ্ছা করে যে, তারা যেরপ অবিশ্বাস করেছে, তোমরাও তদ্ধপ অবিশ্বাস কর যেন তোমরাও তাদের সদৃশ হও; অতএব তাদের মধ্য হতে বন্ধু গ্রহণ করো না, যে পর্যন্ত না তারা আল্লাহর পথে দেশ ত্যাগ করে; অতঃপর যদি তারা প্রতিগমন করে, তবে তাদেরকে ধর এবং যেখানে পাও তাদেরকে সংহার (হত্যা) কর এবং তাদের মধ্য হতে বন্ধু অথবা সাহায্যকারী গ্রহণ করোনা।

৯০. কিন্তু তোমাদের মধ্যে ও তাদের মধ্যে সন্ধিবদ্ধ সম্প্রদায়ের সাথে যারা সম্মিলিত হয়, অথবা তোমাদের সাথে অথবা তাদের সম্প্রদায়ের সাথে যুদ্ধ করতে সংকুচিত চিত্ত হয়ে যারা তোমাদের নিকট উপস্থিত হয়,এবং যদি আল্লাহ ইচ্ছা করতেন

ٱللهُ لِآلِلهَ اِلاَهُوَ الدَّهُ عَنَّكُمُ اللَّهُ لِوَالقِيمَةِ
لَا مُنِبَ فِيهِ مُومَنُ أَصْدَقُ مِنَ اللهِ حَدِيثًا ﴿

والبحصنت ٥

فَهَا كَكُمُ فِي الْمُنْفِقِيْنَ فِئَتَيْنِ وَاللَّهُ اَزْكَسَهُمُ بِمَا كَسَبُوُا ﴿ اَتُرِيْنُونَ اَنْ تَهْنُوا مَنْ اَضَلَّ اللَّهُ ﴿ وَمَنْ يُّضْلِلِ اللَّهُ فَكَنْ تَجِدَ لَهُ سَبِيْلًا ۞

اِلَّا الَّذِيْنَ يَصِلُونَ إِلَى قَوْمِ بَيْنَكُمْ وَبَيْنَهُمْ مِّيْثَاقٌ اَوْ جَاءُوُكُمْ حَصِرَتُ صُدُورُهُمْ اَنْ يُّقَاتِلُوْكُمْ اَوْ يُقَاتِلُوا قَوْمَهُمْ ﴿ وَلَوْشَاءَ اللّٰهُ لَسَلَّطَهُمُ عَلَيْكُمْ فَلَقْتَلُوْكُمُ ۚ فَإِنِ اعْتَزَلُوْكُمْ فَلَمْ يُقَاتِلُوْكُمْ

তবে তোমাদের উপর তাদেরকে শক্তিশালী করতেন, তাহলে নিশ্চয়ই তারা তোমাদের সাথে সংগ্ৰাম করতো: অতঃপর যদি তারা তোমাদের দিক হতে নিবৃত্ত হয় এবং তোমাদের সাথে সংগ্রাম না করে এবং তোমাদের নিকট সন্ধি প্রার্থনা করে, তবে আল্লাহ তাদের প্রতিকূলে তোমাদের জন্যে কোন পন্থা রাখেন नि ।

৯১. অচিরেই তুমি কতক লোককে এমনও পাবে, যারা তোমাদের দিক হতে নিরাপত্তা পেতে চায় ও স্বীয় সম্প্রদায় হতেও নিরাপত্তার নিশ্চয়তা চায়। যখন তাদেরকে ফেতনার (সন্ত্রাসের) দিকে মনোনিবেশ করানো হয় তখন তারা তাতেই জডিয়ে পডে। অনন্তর যদি তারা তোমাদের দিক হতে নিবত্ত না হয় ও সন্ধি প্রার্থনা না করে এবং তাদের হাতসমূহ সংযত না রাখে. তবে তাদেরকে ধর এবং যেখানে পাও তাদেরকে সংহার কর: এদেরই বিরুদ্ধে আমি তোমাদেরকে সুস্পষ্ট ক্ষমতা প্রদান করেছি।

৯২. কোন মু'মিনের উচিত নয় যে, ভ্রম ব্যতীত কোন মু'মিনকে হত্যা করে: যে কেউ ভ্রমবশতঃ কোন মু'মিনকে হত্যা করে, তবে সে একজন মু'মিন দাসকে মুক্ত করে দেবে এবং তার আত্মীয়-স্বজনগণকে হত্যা-বিনিময় (রক্তপণ) করবে; কিন্তু হাাঁ. তবে যদি তারা ۅؘٱڵڨٙۅؗٳڵؽؙػؙؙؙؙؗؗؗػؙؙۯؗٳڶۺۜڶؘڡؘ^ڒڣؘؠٙٵڿؘۼڶٳٮڷ۠ٷؙڶػ۠ۄ۫ۘ۠ۼؘڶؽؘۣۿ۪ۄؙ سَبِيُلًا ۞

ستنجاري الخيرنين يوري ون آن يكمنوكم وَيَأْمَنُواْ قَوْمَهُمْ لِكُلَّمَا رُدُّوْآ إِلَى الْفِتْنَةِ ٱزْكِسُواْ فِيْهَا ۚ فَإِنْ لَامْ يَعْتَزِلُوْكُمْ وَيُلْقُوۤا إِلَيْكُمُ السَّلَمَ وَيَكُفُّوا آيُرِيهُمْ فَخُنَّاوُهُمْ وَاقْتُلُوهُمْ حَيْثُ ثَقِفْتُهُوْهُمْ ۗ وَٱولَٰ لِمَكُمْ جَعَلْنَا لَكُمْ عَلَيْهِمْ سُلْطَنَّا مُّبِيئًا ۞

وَمَا كَانَ لِمُؤْمِنِ أَنْ يَتَقْتُلَ مُؤْمِنًا إِلَّا خَطَعًا ؟ وَمَنْ قَتَلَ مُؤْمِنًا خَطَّا فَتَحْدِيْدُ رَقَبَةٍ مُؤْمِنَةٍ وَّدِيةٌ مُّسَلَّبَةٌ الْآاهُ لِهَ إِلَّا آنُ يَّصَّنَا قُوالْ فَإِنْ كَانَ مِنْ قُوْمِرِعَكُ إِ لَكُمْ وَهُوَمُؤْمِنٌ فَتَحْرِيرُ رَقَبَةٍ مُّ وُمِنةٍ ﴿ وَإِنْ كَانَ مِنْ قَوْمِرٍ بَيْنَكُمُ

ক্ষমা করে দেয়, অনন্তর যদি সে তোমাদের শক্র সম্প্রদায়ের অন্তর্গত ও মু'মিন হয় তবে একজন মু'মিন দাসকে মুক্তি দান করবে এবং যদি সে তোমাদের মধ্যে ও তাদের মধ্যে সন্ধিবদ্ধ সম্প্রদায়ের অন্তর্গত হয় তবে তার স্বজনদেরকে বিনিময় অর্পণ করবে এবং একজন মু'মিন দাসকে মুক্ত করবে; কিন্তু যদি সে ওটা প্রাপ্ত না হয় (সামর্থহীন হয়), তবে আল্লাহর নিকট হতে ক্ষমা প্রাপ্তির জন্যে ক্রমাগত দু'মাস রোযা আল্লাহ মহাজ্ঞানী. রাখবে এবং প্রজ্ঞাময়।

৯৩. আর যে কেউ স্বেচ্ছায় মু'মিনকে হত্যা করবে তার শাস্তি হবে জাহান্লাম, তন্যধ্যে সে সদা অবস্থান করবে এবং আল্লাহ তার প্রতি ক্রদ্ধ ও তাকে অভিশপ্ত করেন এবং তার জন্যে ভীষণ শাস্তি প্রস্তুত করে রেখেছেন।^১

৯৪. হে মু'মিনগণ! যখন তোমরা আল্লাহর পথে বহির্গত হও তখন প্রত্যেক কাজ তথ্য নিয়ে করো এবং কেউ তোমাদেরকে 'সালাম' করলে তাকে বলো না যে, তুমি মু'মিন নও; তোমরা কি পার্থিব জীবনের সম্পদের প্রত্যাশা করছো? তবে আল্লাহর নিকট প্রচুর সম্পদ রয়েছে; প্রথমে এরপই ছিলে. তোমরা অতঃপর

وَبَيْنَهُمْ مِّيْثَاقٌ فَدِيَةٌ مُّسَلَّبَةٌ اللهِ وَتَحْرِيْدُ رَقَبَةٍ مُّؤْمِنَةٍ ۚ فَكُنْ لَّمْ يَجِدُ فَصِيَامُ شَهُرَيْنِ مُتَتَابِعَيْنِ نَوْبَةً مِّنَ اللهِ طُوكَانَ اللهُ عَلِيْمًا حُكِيْمًا ۞

وَمَنْ يَّقُتُلُ مُؤْمِنًا مُّتَعَبِّدًا فَجَزَّا وَهُ جَهَنَّهُ خْلِدًا فِيْهَا وَغَضِبَ اللهُ عَلَيْهِ وَلَعَنَهُ وَاعَدَّ لَهُ عَذَابًا عَظِيمًا ﴿

لَاكِتُهَا الَّذِينَ أَمَنُوا إِذَا ضَرَبْتُمْ فِي سَبِيلِ اللهِ فَتَبَيَّنُواْ وَلا تَقُولُوا لِمَن ٱلْقَى إِلَيْكُمُ السَّلْمَ لَسْتَ مُؤْمِنًا عَ تَبْتَغُونَ عَرضَ الْحَيْوةِ اللَّهُ نُيا لَ فَعِنْكَ اللهِ مَغَانِمُ كَثِبُرَةً ولا مُكَالِكَ كُنُتُمْ مِّنُ قَبُلُ فَمَنَّ اللَّهُ عَلَيْكُمُ فَتَبَيَّنُوا طِلَّ اللَّهَ كَانَ بِمَا تَعْبَلُونَ خَيِيرًا ۞

১। আব্দুল্লাহ্ ইবনে উমর (রাযিআল্লাহ্ আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেনঃ রাস্পুল্লাহ্ (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) এরশাদ করেছেনঃ একজন মু'মিন ব্যক্তি তার দ্বীনের ব্যাপারে পর্ণভাবে আজাদীর মধ্যে থাকে যদি না সে কোন ব্যক্তিকে অবৈধভাবে হত্যা করে। (বুখারী, হাদীস নং ৬৮৬২)

আল্লাহ তোমাদের উপর অনুগ্রহ করেছেন; অতএব তোমরা স্থির করে নাও যে, তোমরা যা করছো নিশ্চয়ই আল্লাহ সে বিষয়ে পূর্ণ অবগত।

৯৫. মু'মিনদের মধ্যে যারা কোন দুঃখ-পীড়া ব্যতীতই গৃহে বসে থাকে, আর যারা স্বীয় ধন ও প্রাণ দারা আল্লাহর পথে জিহাদ করে, তারা সমান নয়; আল্লাহ ধন-প্রাণ দারা জিহাদকারীগণকে উপবিষ্টগণের গৌরবান্বিত পদ-মর্যাদায় এবং সকলকেই আল্লাহ করেছেন কল্যাণপ্রদ প্রতিশ্রুতি দান করেছেন এবং উপবিষ্টগণের উপর জিহাদ-কারীগণকে প্রতিদানে মহান গৌরবান্বিত করেছেন।

৯৬. স্বীয় সন্নিধান হতে পদ-মর্যাদা ক্ষমা ও করুণা (দ্বারা গৌরবান্বিত করেছেন) এবং আল্লাহ ক্ষমাশীল. করুণাময়।

৯৭. নিশ্চয়ই যারা স্বীয় জীবনের প্রতি অত্যাচার করেছিল, ফেরেশতা তাদের প্রাণ হরণ করে বলবেঃ তোমরা কি অবস্থায় ছিলে? তারা দুনিয়ায় আমরা বলবেঃ অসহায় ছিলাম; অবস্থায় তারা বলবেঃ আল্লাহর পৃথিবী কি প্রশস্ত ছিল না যে. তন্মধ্যে তোমরা হিজরত করতে পারতে? অতএব ওদেরই বাসস্থান জাহান্নাম এবং ওটা নিকৃষ্ট গন্তব্য স্থান।

৯৮. কিছ নারী পুরুষ, এবং শিশুগণের মধ্যে অসহায়তাবশতঃ

لايستوى الْقُعِدُونَ مِنَ الْمُؤْمِنِيْنَ غَيْرُ أُولِي الضَّرَرِ وَ الْمُجْهِدُونَ فِي سَبِيْلِ اللهِ بِٱمْوَالِهِمْ وَ اَنْفُسِهِمْ لِمُ فَضَّلَ اللَّهُ الْبُجْهِدِينَ بِامُوالِهِمْ وَ ٱنْفُسِهِمْ عَلَى الْقَعِي بِنَى دَرَجَةً ﴿ وَكُلَّا وَّعَدَاللَّهُ الْحُسْنَى وَفَضَّلَ اللَّهُ الْمُجْهِدِينَ عَلَى الْقُعِدِينَ أَجُرًا عَظِيبًا ﴿

دَرَجْتِ مِّنْهُ وَمَغْفِرَةً وَرَحْمَةً ﴿ وَكَانَ اللَّهُ غَفُوْرًا رَّحِيبًا ﴿

১৭. অবশ্যই তারা কুফুরী করেছে যারা বলেঃ নিশ্চয়ই আল্লাহ স্বয়ং হচ্ছেন মাসীহ ইবনু মারইয়াম, তুমি (হে মুহাম্মদ 🏂)! বলঃ তাহলে যদি আল্লাহ মাসীহ ইবনু মারইয়ামকে ও তার মাকে এবং ভূ-পৃষ্ঠে যারা আছে তাদের সবাইকে ধ্বংস করার ইচ্ছা করেন, তবে এরূপ কে আছে যে তাদেরকে আল্লাহ হতে একটুও রক্ষা করতে জন্যেই পারে? আল্লাহর রাজত্ব নির্দিষ্ট রয়েছে আকাশসমূহে ও যমীনে এবং এতদুভয়ের মধ্যস্থিত যাবতীয় বস্তুর উপর; তিনি যা ইচ্ছা করেন তাই সৃষ্টি করেন, আর আল্লাহ সকল বস্তুর উপর পূর্ণ ক্ষমতাবান।

১৮. ইয়াহুদী ও নাসারাগণ বলেঃ আমরা আল্লাহর তার পুত্ৰ প্রিয়পাত্র, তুমি বলে দাওঃ আচ্ছা তাহলে তিনি তোমাদেরকে তোমাদের পাপের দরুন কেন শাস্তি প্রদান করবেন? বরং তোমবাও অন্যান্য সৃষ্টির ন্যায় সাধারণ মানুষ মার্জনা মাত্র। তিনি যাকে ইচ্ছা করবেন এবং যাকে ইচ্ছা শাস্তি দেবেন, আর আল্লাহর রাজত্ব রয়েছে

يَّهُرِى بِهِ اللهُ مَنِ النَّبَعَ رِضُوَانَهُ سُبُلَ الشَّهُ مِن النَّبَعَ رِضُوَانَهُ سُبُلَ الشُّوْدِ السَّلْمِ وَيُخْرِجُهُمْ مِّنَ الظُّلُلْتِ إِلَى النُّوْدِ بِإِذْنِهِ وَ يَهْدِينِهِمْ إِلَى صِرَاطٍ مُّسْتَقِيْدِ ﴿ اللَّهِمْ إِلَى صِرَاطٍ مُّسْتَقِيْدِ ﴿

لَقُلُ كَفَرَ الَّذِيْنَ قَالُوا آلَ الله هُو الْبَسِيْحُ ابْنُ مَرْيَمَ * قُلْ فَمَنْ يَمْلِكُ مِنَ الله شَيْئًا إِنْ اَرَادَ اَنْ يُهْلِكَ الْمَسِيْحَ ابْنَ مَرْيَمَ وَاُمَّهُ وَمَنْ فِى الْأَرْضِ جَبِيْعًا * وَيِلْهِ مُلْكُ السَّلُوتِ وَالْأَرْضِ وَمَا بَيْنَهُمُا * يَخْلُقُ مَا يَشَاءُ * وَالله عَلَى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ *

وَقَالَتِ الْمَهُودُ وَ النَّطْرَى نَحْنُ اَبُنَّوُ اللَّهِ
وَاحِبَّا وَّهُ طَقُلُ فَلِمَ يُعَلِّبُكُمُ بِنُ نُوْبِكُمْ طُ
بَلُ اَنْتُمْ بَشَرٌّ مِّمَّنُ خَلَقَ طَيَغُفِرُ لِمَنْ
يَشَاءُ وَ يُعَلِّبُ مَنْ يَشَاءُ طُولِلْهِ مُلْكُ
السَّلُوتِ وَالْأَرْضِ وَمَا بَيْنَهُمَا وَ اللَّهِ الْمَصِلُرُ السَّلُوتِ وَالْإَرْضِ وَمَا بَيْنَهُمَا وَ اللَّهِ الْمَصِلُرُ السَّلُوتِ وَالْإَرْضِ وَمَا بَيْنَهُمَا وَ اللَّهِ الْمَصِلُدُ الْمَا

আকাশসমূহে ও যমীনে এবং এতদুভয়ের মধ্যস্থিত সবকিছুতেও; আর (সবাইকে) তাঁর দিকেই প্রত্যাবর্তন করতে হবে।

১৯. হে আহলে কিতাবগণ! তোমাদের নিকট আমার রাসূল পৌছেছেন, 鑑) এসে (মুহাম্মাদ যিনি তোমাদেরকে স্পষ্টভাবে (আল্লাহর হুকুম) বলে দিচ্ছেন. যে রাসূলদের আগমনের সত্ৰ (দীর্ঘকাল) বন্ধ ছিল, যেন তোমরা (কিয়ামতের দিন) এরূপ বলে না বস নিকট যেঃ আমাদের সতর্ককারী সুসংবাদদাতা છ আগমন করেননি: (এখন তো) তোমাদের নিকট সুসংবাদদাতা ও সতর্ককারী এসে গেছে. আর পূর্ণ আল্লাহ সকল উপর বম্ভর ক্ষমতাবান।

২০. আর যখন মূসা (র্ট্রামা) স্বীয় সম্প্রদায়কে বললেনঃ হে আমার সম্প্রদায়! তোমাদের প্রতি আল্লাহর নিয়ামতকে স্মরণ কর, যখন তিনি তোমাদের মধ্যে বহু নবী করলেন, আর তোমাদেরকে রাজাধিপতি করেছেন। আর তোমাদেরকে এমন বস্তুসমূহ দান বিশ্ববাসীদের করলেন যা মধ্যে কাউকেও দান করেননি।

২১. হে আমার সম্প্রদায়! এ পুণ্য ভূমিতে প্রবেশ কর যা আল্লাহ তোমাদের জন্যে লিখে দিয়েছেন, আর পিছনের দিকে ফিরে যেয়ো না, তাহলে তোমরা সম্পূর্ণরূপে ক্ষতিগ্রস্ত হবে। يَاهُلَ الْكِتْبِ قَلْ جَاءَكُمْ رَسُولُنَا يُبَيِّنُ لَكُمْ عَلَى فَتُرَةِ مِّنَ الرُّسُلِ اَنْ تَقُولُوا مَا جَاءَنَا مِنْ بَشِيْدٍ وَ لَا نَذِيْدٍ فَقَلْ جَاءَكُمْ بَشِيْرٌ وَنَذِيْرٌ ﴿ وَاللّٰهُ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿

وَاِذُقَالَ مُوْسَى لِقَوْمِهِ لِقَوْمِ أَذُكُرُوا نِعُمَةَ اللهِ عَلَيْكُمُ اِذُجَعَلَ فِيَكُمُ اَنْفِيآ ءَوَجَعَلَكُمُ مُّلُوُكًا وَالتَّكُمُ مَّالَمُ يُؤْتِ اَحَدًا مِّنَ الْعَلَمِيْنَ ۞

يْقَوْمِ ادْخُلُوا الْاَرْضَ الْمُقَدَّسَةَ الَّتِي كَتَبَ اللهُ لَكُمُّ وَلا تَرْتَدُّوْا عَلَى اَدْبَارِكُمْ فَتَنْقَلِبُوْا خْسِرِيْنَ ﴿ ২২. তারা বললোঃ হে মূসা (अध्या)!
সেখানে তো পরাক্রমশালী গোত্র
রয়েছে; অতএব, তারা যে পর্যন্ত
সেখান হতে বের হয়ে না যায় সে
পর্যন্ত আমরা সেখানে কখনও প্রবেশ
করবো না। হাঁা যদি তারা সেখান
হতে বেরিয়ে যায় তবে নিশ্চয়ই
আমরা যেতে প্রস্তুত আছি।

২৩. সে দু'ব্যক্তি, যারা (আল্লাহকে) ভয়কারীদের অন্তর্ভুক্ত ছিল এবং যাদের প্রতি আল্লাহ অনুগ্রহ করেছিলেন, বললাঃ তোমরা তাদের উপর (আক্রমণ চালিয়ে নগরের) দ্বারদেশ পর্যন্ত যাও, ফলে যখনই তোমরা দ্বারদেশে প্রবেশ করবে তখনই জয় লাভ করবে এবং তোমরা আল্লাহর উপরই নির্ভর কর, যদি তোমরা মু'মিন হও।

২৪. তারা বললোঃ হে মৃসা (अध्या)!
নিশ্চয়ই আমরা কখনও সেখানে
প্রবেশ করব না যে পর্যন্ত তারা সেখানে
বিদ্যমান থাকে, অতএব, আপনি ও
আপনার প্রভু (আল্লাহ) চলে যান
এবং উভয়ে যুদ্ধ করুন, আমরা
এখানেই বসে থাকবো।

২৫. তিনি (মৃসা ব্রুজ্জা) বললেনঃ হে আমার প্রভু! আমি শুধু নিজের উপর ও নিজের ভাই-এর উপর অধিকার রাখি, সুতরাং আপনি আমাদের উভয়ের এবং এ অবাধ্য সম্প্রদায়ের মধ্যে মীমাংসা করে দিন।

قَالُوا يَنُونَكَى إِنَّ فِيهَا قَوْمًا جَبَّارِيْنَ ۗ وَإِنَّا لَنَ نَّنُ خُلَهَا حَتَّى يَخْرُجُوا مِنْهَا ۚ فَإِنْ يَّخْرُجُوا مِنْهَا فَإِنَّا لَاخِلُونَ ﴿

المآيدة ۵

قَالَ رَجُلُنِ مِنَ الَّذِينَ يَخَافُونَ ٱنْعَمَ اللهُ عَلَيْهِمَا ادْخُلُواْ عَلَيْهِمَا الْحُكُمُ الْبَابُ فَإِذَا دَخَلْتُهُوْهُ فَإِنَّكُمُ غَلِبُوْنَ أَا ادْخُلُواْ عَلَيْهِمُ الْبَابُ فَإِذَا دَخَلْتُهُوْهُ فَإِنَّكُمُ غَلِبُوْنَ أَوْ عَلَى اللهِ فَتَوَكَّلُوْ آ إِنْ كُنْتُهُمْ مُّؤْمِنِينَ ﴿

قَالُوا يِلْمُوْلِنِي إِنَّا لَنْ نَدُخُلَهَا آبَدًا هَا دَامُوْا فِيْهَا فَاذْهَبُ آنْتَ وَرَبُّكَ فَقَاتِلاً إِنَّا هَهُنَا فِيهَا فَاذْهَبُ آنْتَ وَرَبُّكَ فَقَاتِلاً إِنَّا هَهُنَا فُعِدُونَ @

قَالَ رَبِّ إِنِّىٰ لَا آمُلِكُ إِلَّا نَفْسِيُ وَاَحِیُ فَافُرُقُ بَیْنَنَا وَ بَیْنَ الْقَوْمِ الْفُسِقِیْنَ ﴿

২৬. তিনি (আল্লাহ) বললেনঃ (তা হলে মীমাংসা এই যে) এ দেশ চল্লিশ বছর পর্যন্ত এদের জন্য নিষিদ্ধ করে দেয়া হলো তারা উদভ্রান্ত হয়ে পথিবীতে ফিরতে থাকবে; সূতরাং তুমি এ অবাধ্য সম্প্রদায়ের জন্যে (একটুও) চিন্তিত হয়ো না।

পারা ৬

২৭. (হে নবী 🍇)! তুমি তাদেরকে (আহলে কিতাবদেরকে) আদমের পুত্রদ্বয়ের (হাবীল ও কাবীলের) ঘটনা সঠিকভাবে পাঠ করে শুনিয়ে দাও; যখন তারা উভয়েই এক একটি কুরবানী উপস্থিত করলো এবং তন্মধ্য একজনের (হাবীলের) তো কবুল হলো এবং অপরজনের কবুল হলো না: সেই অপরজন বলতে লাগলোঃ আমি তোমাকে নিশ্চয়ই হত্যা করবো;^১ সেই প্রথম বললোঃ আল্লাহ মুত্তাকীদের আমলই কবৃল করে থাকেন।

২৮. তুমি যদি আমাকে হত্যা করার জন্যে তোমার হাত বাড়াও, তবুও আমি তোমাকে হত্যা করার জন্যে তোমার দিকে কখনও আমার হাত বাড়াবো না; আমি তো বিশ্বপ্রভু আল্লাহকে ভয় করি।

قَالَ فَإِنَّهَا مُحَرَّمَةٌ عَلَيْهِمُ ٱرْبَعِيْنَ سَنَةً ۚ يَتِيهُونَ فِي الْأَرْضِ ط فَلَا تَأْسَ عَلَى الْقَوْمِ الفسقان ش

وَاثُلُ عَلَيْهِمْ نَبَا ابْنَى أَدَمَ بِالْحَقِّ مِإِذْ قَرَّبَا قُرْبَانًا فَتُقُبِّلَ مِنْ اَحَدِهِماً وَلَمْ يُتَقَبَّلُ مِنَ الْأَخَرِطُ قَالَ لَا قُتُلَتُكُ وَقُالَ إِنَّمَا يَتَقَبَّلُ اللَّهُ مِنَ الْمُتَّقِيْنَ 🕲

لَيِنْ بَسَطْتَ إِلَّ يَكُكُ لِتَقْتُلِنِيْ مَآ أَنَا بِبَاسِطِ يِّيِي إِلَيْكَ لِا قُتُلُكَ مِ إِنِّي آخَانُ اللهَ رَبِّ العلمين ٠

১। (ক) আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাযিআল্লান্থ আনহু) থেকে বর্ণিত, তিনি নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) থেকে বর্ণনা করেন, নবী করীম (সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যখন, (যেখানে) কোন ব্যক্তিকে অন্যায়ভাবে হত্যা করা হবে, তখন তার পাপের একাংশ আদম (আলাইহিস্ সালাম)-এর প্রথম সম্ভান (কাবীলের উপর) বর্তাবে। (বুখারী, হাদীস নং ৬৮৬৭)

⁽খ) আব্দুল্লাহ ইবনে উমর (রাযিআল্লাহ আনহুমা) নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) থেকে ওনেছেন, তিনি বলেছেনঃ আমার পরে (মৃত্যুর পরে) তোমরা একে অপরের গলা কেটে (যুদ্ধ বিগ্রহের মাধ্যমে) কুফরীর পথে ফিরে যেয়ো না। (বুখারী, হাদীস নং ৬৮৬৮)

২৯. আমি চাই যে, (আমার দ্বারা) কোন পাপ না হোক) তুমি আমার পাপ এবং তোমার পাপ সমস্তই নিজের মাথায় উঠিয়ে নাও; ফলে তুমি জাহান্নামীদের অন্তর্ভুক্ত হয়ে যাও, অত্যাচারীদের শান্তি এরূপই হয়ে থাকে।

৩০. অতঃপর তার প্রবৃত্তি তাকে স্বীয়

দ্রাতৃ হত্যার প্রতি উদ্বৃদ্ধ করে

তুললো, সুতরাং সে তাকে হত্যা

করেই ফেললো, ফলে সে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হয়ে পড়লো।

৩১. অতঃপর আল্লাহ একটি কাক প্রেরণ করলেন; সে মাটি খুঁড়তে লাগলো, যেন সে তাকে (কাবীলকে) শিখিয়ে দেয় যে, স্বীয় ভ্রাতার মৃতদেহ কিভাবে ঢাকবে, সে বলতে লাগলোঃ ধিক আমাকে! আমি এই কাকটির মতোও হতে পারলাম না যাতে আমার ভাইয়ের লাশ গোপন করতে পারি। ফলে সে অত্যম্ভ লক্ষিত হলো।

৩২. এ কারণেই আমি বানী
ইসরাঈলের প্রতি এ নির্দেশ দিয়েছি
যে, যে ব্যক্তি কোন ব্যক্তিকে হত্যা
করে অন্য প্রাণের বিনিময় ব্যতীত
কিংবা তার দ্বারা ভূ-পৃষ্ঠে কোন
ফাসাদ বিস্তার ব্যতীত তবে সে যেন
সমস্ত মানুষকে হত্যা করে ফেললো;
আর যে ব্যক্তি কোন ব্যক্তিকে রক্ষা
করলো তবে সে যেন সমস্ত মানুষকে
রক্ষা করলো; আর তাদের (বানী

إِنِّىَ أُرِيْدُانُ تَبُوَّا بِإِثْنِي وَ إِثْبِكَ فَتَكُوْنَ مِنْ اَصْحٰبِ النَّارِ ۚ وَ ذٰلِكَ جَزَّوُ الظَّلِمِيْنَ ﴿

فَطَوَّعَتُ لَهُ نَفُسُهُ قَتُلَ اَخِيْهِ فَقَتَلَهُ فَاصْبَحَ مِنَ الْخُسِرِيْنَ ﴿

فَبَعَثَ اللهُ عُرَابًا يَبُحُثُ فِى الْأَرْضِ لِيُرِيهُ كَيْفَ يُوَادِى سَوْءَةَ اَخِيْهِ عَالَ لِوَيْلَتَى اَعَجَزْتُ اَنَ اَكُوْنَ مِثْلَ هٰذَا الْغُرَابِ فَاُوَادِى سَوْءَةَ اَخِى ۚ فَاصْبَحَ مِنَ النَّهِ مِيْنَ ﴿

مِنُ اَجُلِ ذَٰلِكَ ۚ كَتَبُنَا عَلَى بَنِي اِسُرَاءِيُلَ اَنَّهُ مَنْ اَجُلِ ذَٰلِكَ ۚ كَتَبُنَا عَلَى بَنِي اِسُرَاءِيُلَ اَنَّهُ مَنْ قَتَلَ النَّاسَ جَلِيْعًا ﴿ وَمَنْ اَحْيَاهَا فَكَانَهُمْ اَخْيَا النَّاسَ جَلِيْعًا ﴿ وَلَقَلْ جَاءَتُهُمُ فَكَانَهُمْ اَخْيَا النَّاسَ جَلِيْعًا ﴿ وَلَقَلْ جَاءَتُهُمُ لَكُنَا بِالْبَيِّذِتِ لَا ثُمَّةً إِنَّ كَثِيْعًا ﴿ وَلَقَلْ جَاءَتُهُمُ لَكُنُ لَا يُلْفَا إِلَيْ لَهُمُ اللَّهُ الْعُلْمُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الْمُؤْمِنُ اللَّهُ الْمُؤْمِنَ اللَّهُ اللَّهُ الْمُؤْمِنُ اللَّهُ اللَّهُ اللَّهُ الْمُؤْمِنُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الْمُؤْمِنُ اللَّهُ الْمُؤْمِنُ الْمُؤْمِنُ الْمُؤْمِنُ اللَّهُ الْمُؤْمِنُ الْمُؤْمُومُ اللَّهُ الْمُؤْمِنُ الْمُؤْمِنَ الْمُؤْمُ اللَّهُ الْمُؤْمِنُ الْمُؤْمِنُ الْمُؤْمُ اللَّهُ الْمُؤْمُ الْمُؤْمُ الْمُؤْمُ الْمُؤْمُ اللَّهُ الْمُؤْمُ اللَّهُ الْمُلِمُ الْمُؤْمُ الْمُؤْمُ اللَّهُ الْمُؤْمُ اللَّهُ الْمُؤْمُ الْمُؤْمُ اللَّهُ الْمُؤْمُ اللَّهُ الْمُؤْمُ اللَّهُ الْمُؤْمُ اللَّهُ الْمُؤْمُ اللَّهُ الْمُؤْمُ الْمُؤْمُ اللَّهُ الْمُؤْمُ اللَّالِمُ الْمُؤْمُ الْمُؤْمُ اللَّهُ الْمُؤْمُ اللَّهُ اللْمُؤْمُ

ইসরাঈলদের) কাছে আমার বহু রাসল স্পষ্ট প্রমাণসমূহ নিয়ে আগমন করেছিলেন, তবু এরপরেও তন্মধ্য হতে অনেকেই ভূ-পৃষ্ঠে সীমালজ্ঞান-কারী রয়ে গেছে ৷১

৩৩. যারা আল্লাহ ও তাঁর রাসূলের বিরুদ্ধে যুদ্ধ করে, আর ভূ-পৃষ্ঠে অশান্তি সৃষ্টি করে বেড়ায় তাদের শাস্তি এটাই যে, তাদেরকে হত্যা করা হবে অথবা শূলে চড়ান হবে, অথবা এক দিকের হাত ও অপর দিকের পা কেটে ফেলা হবে অথবা নির্বাসনে পাঠানো হবে। এটা তো ইহলোকে তাদের জন্যে অপমান, আর প্রকালেও তাদের জন্যে ভীষণ শাস্তি রয়েছে।

৩৪. কিন্তু হাাঁ, তোমরা তাদেরকে গ্রেফতার করার পূর্বে যারা তাওবা করে নেয়. তবে জেনে রাখো যে, নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল, দয়ালু।

৩৫. হে মু'মিনগণ! আল্লাহকে ভয় কর এবং তাঁর সান্নিধ্য অন্বেষণ কর ও আল্লাহর পথে জিহাদ করতে থাক. করা যায় আশা যে, তোমরা সফলকাম হবে।

৩৬. নিশ্চয়ই যারা কুফুরি করেছে, যদি তাদের কাছে বিশ্বের দ্রব্যও থাকে সাথে এবং

اِنَّهَا جَزْؤُا الَّذِيْنَ يُحَارِبُونَ اللَّهَ وَرَسُولَهُ وَيُسْعَونَ فِي الْأَرْضِ فَسَادًا أَنْ يُّقَتَّلُوْآ أَوْ يُصَلَّبُواۤ اَوْتُقَطَّعَ اَيْدِيْهِمْ وَارْجُلُهُمْ مِّن خِلَافِ ٱوْيُنْفَوْامِنَ الْأَرْضِ ﴿ ذٰلِكَ لَهُمُ خِزْيٌ فِي اللَّهُ نَمَا وَلَهُمْ فِي الْأَخِرَةِ عَنَاكٌ عَظِيمٌ ﴿

إِلاَّالَّذِيْنَ تَابُوُا مِنْ قَبْلِ أَنْ تَقْدِرُوْا عَلَيْهِمْ فَأَعْلَمُوا أَنَّ اللَّهُ غَفُورٌ رَّحِنُمْ هُ

نَايَتُهَا الَّذِينَ أَمَنُوا الَّقُوا اللَّهُ وَابْتَغُوْاَ اللَّهِ الُوسِيلَةَ وَجَاهِدُ وَافِي سَبِيلِهِ لَعَلَّكُمْ تُفْلِحُونَ ١

إِنَّ الَّذِيْنَ كَفَرُوْا لَوْ أَنَّ لَهُمْ مَّا فِي الْأَرْضِ جَمِيْعًا وَمِثْلَهُ مَعَهُ لِيَفْتَكُ وابِهِ مِنْ عَذَابِ يَوْمِ الْقِيلَةِ

১। আনাস বিন মালেক (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত, তিনি নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-থেকে বর্ণনা করেন, নবী করীম (সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন যে, কবিরা গোনাহের মধ্যে সবচাইতে বড় হচ্ছে আল্লাহর সঙ্গে শিরক করা এবং কোন মানুষকে অন্যায়ভাবে হত্যা করা। পিতা-মাতার অবাধ্য হওয়া। মিথ্যা কথা বলা, অথবা বলছেন (বর্ণনাকারী সন্দেহ করে বলেছেন) মিথ্যা সাক্ষী দেয়া। (বুখারী, হাদীস নং ৬৮৭১)

তৎপরিমাণ আরও যোগ হয়, যেন তারা তা প্রদান করে কিয়ামতের শাস্তি থেকে মুক্ত হয়ে যায়, তবুও এ দ্রব্যসমূহ তাদের থেকে কবুল করা হবে না. আর তাদের জন্যে রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

৩৭. তারা এটা কামনা করবে যে, জাহান্নাম থেকে বের হয়ে যায়, অথচ তারা তা থেকে কখনও বের হতে পারবে না. বস্তুতঃ তাদের জন্যে রয়েছে চিরস্থায়ী শাস্তি।

৩৮. আর যে পুরুষ চুরি করে এবং যে নারী চুরি করে, তোমরা তাদের কৃতকর্মের বিনিময়ে তাদের হাত গুলো কেটে ফেল, এটা আল্লাহর পক্ষ থেকে শাস্তি, আর আল্লাহ অতিশয় ক্ষমতাবান, মহা প্রজ্ঞাময়।

৩৯. কিন্তু যে ব্যক্তি সীমালজ্ঞ্যন করার পর (চুরি করার পর) তাওবা করে নেয় এবং আমলকে সংশোধন করে নেয়, তবে আল্লাহ তার তাওবা কবৃল করবেন নিশ্চয়ই আল্লাহ পরম ক্ষমাশীল, অতি দয়ালু।

৪০. তুমি কি জান যে, আল্লাহরই জন্যে রয়েছে রাজত্ব আসমান-সমূহের এবং যমীনের; তিনি যাকে ইচ্ছা শাস্তি দেন এবং যাকে ইচ্ছা ক্ষমা করে দেন: আর আল্লাহ সব বিষয়ের উপর পূর্ণ ক্ষমতাবান।

8১. হে রাসূল (ﷺ)! যারা কুফুরীর দিকে দ্রুত গতিতে অগ্রসর হচ্ছে. (তাদের এ কর্ম) তোমাকে যেন চিন্তিত না করে। যারা মুখে বলে

مَا تُقُبِّلَ مِنْهُمْ ۚ وَلَهُمْ عَذَابٌ ٱلِيُمُّ ۞

يُرِيْدُ وْنَ أَنْ يَّخْرُجُواْ مِنَ النَّارِ وَمَا هُمُ بِخْرِجِيْنَ مِنْهَا وَلَهُمْ عَنَابٌ مُقِيْمٌ ۞

وَ السَّارِقُ وَ السَّارِقَةُ فَاقْطَعُوْا آيْدِيهُمَا جَزَآءً بِهَا كَسَبَا نَكَالًا مِّنَ اللهِ ﴿ وَاللَّهُ عَزِنْزُّ حُكْنُمُّ ۞

فَمَنْ تَابَ مِنْ بَعْدِ ظُلْمِهِ وَأَصْلَحَ فَإِنَّ اللَّهُ يَتُونُ عَلَيْهِ ﴿ إِنَّ اللَّهُ غَفُورٌ رَّحِيْمٌ ۞

اَكُمُ تَعْلَمُ إِنَّ اللَّهَ لَهُ مُلْكُ السَّمَاوِتِ وَالْأَرْضِ طَ يُعَنِّ بُهُنُ يَّشَآءُ وَيَغْفِرُلِمَنُ يَّشَآءُ ﴿ وَاللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿

لَا يُتُهَا الرَّسُولُ لَا يَحْزُنُكَ الَّذِينَ يُسَارِعُونَ فِي الْكُفُرِ مِنَ الَّذِيْنَ قَالُوٓ الْمَنَّابِ اَفُواهِ بِهِمْ وَلَمْ تُؤْمِنْ

ঈমান এনেছি: কিন্তু তাদের অন্তর ঈমান আনেনি এরা হোক অথবা যারা ইয়াহদী হয়ে গেছে তারা হোক, যারা মিথ্যা কথা শুনতে বিশেষ পারদর্শী. তারা তোমার কথাগুলো অন্য ঐ সম্প্রদায়ের স্বার্থে কান পেতে শোনে যারা তোমার নিকট কখনো আসেনি. এরা আল্লাহর কিতাবের শব্দগুলোকে স্বীয় স্থান হতে বিকৃত করে। তারা বলে, তোমরা এ রকম নির্দেশপ্রাপ্ত হলে মানবে, আর তা না হলে বর্জন আলাহই করবে। বস্থতঃ ফিতনায় ফেলতে চান তার জন্য আল্লাহর কাছে তোমার কিছুই করার নেই। ওরা হল সেই লোক, যাদের অন্তরাত্মাকে আল্লাহ পবিত্র করতে চান না। তাদের জন্য দুনিয়াতে রয়েছে লাঞ্ছনা, আর তাদের জন্য আখিরাতে রয়েছে মহা শাস্তি।

৪২. তারা মিথ্যা কথা শুনতে যেমন অভ্যস্ত, তেমনি হারাম বস্তু খেতে অভ্যস্ত, অতএব তারা যদি তোমার কাছে আসে, তবে হয় তুমি তাদের মধ্যে মীমাংসা করে দাও কিংবা তাদের থেকে বিরত থাক, আর যদি তুমি তাদের থেকে বিরতই থাক তবে তাদের সাধ্য নেই যে, তোমার বিন্দুমাত্রও ক্ষতি করে, আর যদি তুমি মীমাংসা কর তবে তাদের মধ্যে নাায়তঃ মীমাংসা করবে. নিশ্চয়ই বিচারকদেরকে আল্লাহ ন্যায় ভালবাসেন।

৪৩ আর তারা কিরূপে তোমাকে মীমাংসাকারী বানিয়ে নিচ্ছে? অথচ

قُلُوبُهُمْ ۚ وَمِنَ الَّذِينَ هَادُوا ۚ سَمَّعُونَ لِلْكَذِب سَمُّعُونَ لِقَوْمِ اخْرِيْنَ لا لَمْ يَأْتُونَ طي حُرِّفُونَ الْكِلِمَ مِنْ بَعْدِ مَوَاضِعِهِ ۚ يَقُوْلُونَ إِنْ أُوتِيْتُمْ هٰ نَا فَخُذُوهُ وَ إِنْ لَمْ ثُؤْتُوهُ فَاحُنَارُوا ا وَمَنْ يُرواللهُ فِتُنَتَهُ فَكُنْ تَمُلِكَ لَهُ مِنَ اللهِ شَيْئًا وَاللَّهِ اللَّذِينَ لَمْ يُردِ اللَّهُ أَنْ يُطَهَّرَ قُلُوبَهُمْ لَهُمْ فِي اللَّانْيَا خِزْيٌ ﴿ وَّلَهُمْ فِي الْأَخِرَةِ عَنَاكُ عَظِيْمٌ ۞

سَمْعُونَ لِلْكَذِبِ ٱكْلُونَ لِلسُّحْتِ طَانُ حَاءُوكَ فَاحُكُمْ بَيْنَهُمُ أَوْ اَعْرِضْ عَنْهُمْ ۚ وَإِنْ تُعْرِضُ عَنْهُمْ فَكُنْ يَضُرُّ وْكَ شَيْئًا ﴿ وَإِنْ حَكَمْتَ فَأَحْكُمُ بَيْنَهُمْ بِالْقِسُطِ ﴿ إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُقْسِطِينَ ﴿

وَكَيْفَ يُحَكِّبُونَكَ وَعِنْدَاهُمُ التَّوُرُالَّةُ فِنْهَا

াঙ 205

তাদের কাছে তাওরাত রয়েছে, তাতে আল্লাহর বিধান বিদ্যমান! অতঃপর তারা এরপর (তোমার মীমাংসা হতে) ফিরে যায় আর তারা কখনও আস্থাবান নয়।

88. নিশ্চয়ই আমি তাওরাত নাযিল করেছি, যাতে হেদায়াত এবং আলো ছিল, আল্লাহর অনুগত নবীরা তদনুযায়ী ইয়াহদীদেরকে আদেশ করতেন আর আল্লাহওয়ালাগণও এবং আলেমগণও কারণে যে. তাদেরকে ٩ কিতাবুল্লাহ'র সংরক্ষণের আদেশ দেয়া হয়েছিল এবং তারা তা স্বীকার করেছিল; অতএব, (হে ইয়াহুদী আলেমগণ) তোমরাও মানুষকে ভয় করো না. বরং আমাকে ভয় কর; আর আমার বিধানসমূহের বিনিময়ে (পার্থিব) সামান্য বস্তু গ্রহণ করো না; আর যে ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী হুকুম প্রদান না করে, (বিধান না দেয়) তাহলে এমন লোক তো কাফির।

8৫. আর আমি তাদের প্রতি তাতে (তাওরাতে) এটা ফরয করেছিলাম যে, প্রাণের বিনিময়ে প্রাণ, চক্ষুর বিনিময়ে চক্ষু, নাকের বিনিময়ে নাক, কানের বিনিময়ে কান, দাঁতের বিনিময়ে দাঁত এবং (তদ্রূপ অন্যান্য) বিশেষ যখমেরও বিনিময় রয়েছে; ফলে যে ব্যক্তি ক্ষমা করে দেয় তবে এটা তার জন্যে (পাপের) কাফ্ফারা হয়ে যাবে; আর যে ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী

حُكْمُ اللهِ ثُمَّ يَتَوَكَّوْنَ مِنْ بَعْسِ ذَلِكَ ﴿ وَمَا ٓ اُولِيِكَ بِالْمُؤْمِنِيْنَ ﴿

إِنَّا اَنْزَلْنَا التَّوْرَىةَ فِيْهَا هُلَى قَ نُورٌ عَيْحُكُمُ بِهَا النَّبِيُّوْنَ النَّالِيْنُ اللَّهُ وَلَا اللَّهِ اللَّهِ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ وَكَانُوا وَ الْاَحْبَارُ بِمَا اللَّهُ وَكَانُوا عَنْ كِتْبِ اللَّهِ وَكَانُوا عَلَيْهِ اللَّهُ وَكَانُوا عَلَيْهِ اللَّهُ وَكَانُوا عَلَيْهُ النَّاسَ وَاخْشُونِ عَلَيْهُ النَّاسَ وَاخْشُونِ وَلَا تَشْتَرُوا بِأَيْتِي ثَمَنًا قَلِيلًا ﴿ وَمَنْ لَمْ يَحْكُمُ اللَّهُ وَلَا اللَّهُ الْمُعْرِيْمُ اللَّهُ الْمُعْلَمُ اللَّهُ الْمُعْرِقُولُ الْمُعْلِمُ اللْمُولَا اللْمُعْلِمُ الْمُعْلِمُ الْمُنْ الْمُعْمُولُ الْمُعْلِمُ الْمُعْلِمُ الْمُعْلِمُ الْمُعْلِمُ الْمُعْمُولُولُولُولُولُولُو

وَكُتَبُنَا عَكَيْهِمْ فِيْهَا آنَّ النَّفْسَ بِالنَّفْسِ وَالْكُوْنِ فِالْعَيْنَ فِالْكُوْنِ وَالْاَذُنَ بِالْاَنْفِ وَالْاَذُنَ بِالْاَنْفِ وَالْاَذُنَ بِالْاَنْفِ وَالْاَذُنَ بِالْاَنْفِ وَالْاَذُنَ بِالْاَنْفِ وَالْاَذُنَ بِالْاَنْفِ وَالْلَادُنَ فِي اللَّامُونَ وَالْمُدُونَ وَصَاصَ وَفَيَنُ تَصَاصَ وَفَيَنُ تَصَلَقَ وَالسِّنَ بِهِ فَهُو كَفَارَةً لَنَا اللهُ وَمَنْ لَّمْ يَحْكُمُ بِمِمَا اللهُ فَالُولِيكَ هُمُ الظّٰلِمُونَ اللهُ فَالُولِيكَ هُمُ الظّٰلِمُونَ اللهُ فَا وَلَيْكَ هُمُ الظّٰلِمُونَ اللهُ فَا وَلَيْكَ هُمُ الظّٰلِمُونَ اللهُ فَا وَلَيْكَ هُمُ الظّٰلِمُونَ اللهُ اللهُ فَا وَلَيْكَ هُمُ الظّٰلِمُونَ اللهُ اللهُ فَا وَلَيْكَ هُمُ الظّٰلِمُونَ اللهُ اللهُ فَا وَلَيْكَ هُمُ الظّٰلِمُونَ اللهِ اللهُ اللهُ فَا الْسُلِيقِ اللَّهُ فَا الْسُلِيقُ اللَّهُ اللَّهُ فَا وَلَيْكَ هُمُ الظّٰلِمُونَ اللَّهُ اللَّهُ فَا وَلَيْكَ هُمُ الظّٰلِمُونَ اللَّهُ اللَّهُ فَا الْسُلِيقَ اللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الللَّهُ اللَّهُ الللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ الللّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الللَّهُ اللَّهُ اللّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّلْمُ الللَّهُ اللَّهُ الللّهُ الللّهُ اللّهُ الللّهُ الللّهُ اللللّهُ اللللّهُ الللّهُ الللّهُ الللّهُ الللّهُ اللّهُ الللّهُ الل

হুকুম প্রদান না করে তবে তো এমন ব্যক্তিগণ অত্যাচারী।

৪৬ আর আমি তাদের পর ঈসা ইবনে মারইয়ামকে^১এ অবস্থায় প্রেরণ করেছিলাম যে, সে তার পূর্ববর্তী কিতাবের অর্থাৎ তাওরাতের সত্যায়নকারী ছিলেন এবং আমি তাকে ইনজীল প্রদান করেছি, যাতে হিদায়াত এবং আলো ছিল, আর এটা পূৰ্ববৰ্তী কিতাব অর্থাৎ স্বীয় তাওরাতের সত্যায়নকারী এবং মুত্তাকীদের সম্পূর্ণরূপে জন্যে হিদায়াত ও নসীহত ছিল।

89. আহলে ইনজীলের উচিত যে, আল্লাহ তাতে যা কিছু অবতীর্ণ করেছেন, তদনুযায়ী হুকুম প্রদান করে, আর যে ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী হুকুম প্রদান করে না, তবে তো এরূপ লোকই ফাসিক।

৪৮. আর আমি এ কিতাব (কুরআন)-কে তোমার প্রতি নাযিল করেছি যা হক্বের সাথে পূর্ববর্তী কিতাবসমূহেরও সত্যতা প্রমাণকারী وَ قَفَيْنَا عَلَى الْكَارِهِمْ بِعِيْسَى ابْنِ مَرْيَمَ مُصَبِّقًا لِّمَا بَيْنَ يَكَيْهِ مِنَ التَّوْرُ لِقِّ وَ اتَيْنَاهُ الْإِنْجِيلُ فِيْهِ هُنَّى وَنُوُرُّ لا وَّمُصَيِّقًا لِّمَا بَيْنَ يَكَيْهِ مِنَ التَّوْرُلِةِ وَهُدًى وَمُوْعِظَةً لِلْمُتَّقِيْنَ شَ

وَلْيَحْكُمُ اَهْلُ الْإِنْجِيْلِ بِمَا اَنْزَلَ اللهُ فِيهِ وَمَنْ اللهُ فِيهِ وَمَنْ اللهُ فَاللهِ عَمُ الفَسِقُونَ ﴿

وَ ٱنْزَلْنَاۤ اِلَيْكَ الْكِتْبَ بِالْحَقِّ مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ مِنَ الْكِتْبِ وَمُهَيْمِنًا عَلَيْهِ فَاحْكُمْ

১। (ক) আব্দুল্লাহ্ ইবনে মাসউদ (রাযিআল্লান্থ আনন্থ) থেকে বর্ণিত তিনি বলেনঃ রাসূলুল্লাহ্ (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যে মুসলমান ব্যক্তি এ সাক্ষ্য দেয় যে, আল্লাহ্ ছাড়া সত্য কোন মা'বৃদ নেই এবং আমি (মুহাম্মাদ সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) আল্লাহ্র রাসূল, তার রক্ত তিনটি কারণ ব্যতীত প্রবাহিত করা অবৈধ। (হত্যার বদলে কিসাস) জীবনের বদলে জীবন। একজন বিবাহিত ব্যক্তি যে অবৈধ যৌন ব্যক্তিয়ের লিপ্ত হয় এবং ঐ ব্যক্তি যে ইসলাম ত্যাগ করে এবং মুসলমান জামা'আত থেকে বিচ্ছিন্ন হয়ে যায়। (বুখারী, হাদীস নং ৬৮৭৮)

⁽খ) আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-কে বলতে গুনেছি, তিনি বলেছেনঃ যে, আমি মারইয়ামের পুত্র (ঈসা)-এর সবচেয়ে বেশি নিকটতম। নবীগণ একে অন্যের বৈমাত্রে ভাই; আমার এবং তাঁর মধ্যে কোন নবী নেই। (বুখারী, হাদীস নং ৩৪৪২)

এবং ঐসব কিতাবের সংরক্ষকও: অতএব, তুমি তাদের পাস্পরিক বিষয়ে আল্লাহর অবতারিত এ কিতাব অনুযায়ী মীমাংসা করো, যা তুমি প্রাপ্ত হয়েছো, তা থেকে বিরত হয়ে তাদের প্রবৃত্তি অনুযায়ী কাজ করো না. তোমাদের প্রত্যেক (সম্প্রদায়)-এর জন্যে আমি নির্দিষ্ট শরীয়ত এবং নির্দিষ্ট পন্থা নির্ধারণ করেছি: আর যদি আল্লাহ ইচ্ছা করতেন, তবে অবশ্যই তোমাদের সকলকে একই উম্মত করে দিতেন; কিন্তু তিনি তা করেননি। এই কারণে যে, যে জীবন ব্যবস্থা তিনি তোমাদেরকে প্রদান করেছেন তাতে তোমাদের সকলকে পরীক্ষা করবেন, সুতরাং তোমরা কল্যাণকর বিষয়সমূহের দিকে ধাবিত হও; তোমাদের সকলকে আল্লাহর সমীপে প্রত্যাবর্তন করতে হবে, তখন তিনি তোমাদেরকে জানিয়ে দেবেন বিষযে মতবিরোধ তোমরা করছিলে।

৪৯. আর আমি নির্দেশ দিচ্ছি যে তুমি তাদের পারস্পরিক ব্যাপারে এ প্রেরিত কিতাব অনুযায়ী মীমাংসা করবে এবং তাদের প্রবৃত্তি অনুযায়ী কাজ করবে না এবং তাদের দিক থেকে সতর্ক থাকবে যেন তারা তোমাকে আল্লাহর প্রেরিত কোন নির্দেশ হতে বিদ্রান্ত করতে না পারে; কিন্তু তারা যদি মুখ ফিরিয়ে নেয়, তবে দৃঢ়বিশ্বাস রাখো, আল্লাহর ইচ্ছা এটাই যে, তাদেরকে কোন কোন পাপের দক্ষন শাস্তি প্রদান করবেন;

بَيْنَهُمْ بِمَا اَنْزَلَ اللهُ وَلا تَتَبِغُ اهْوَاءَهُمُ عَلَىٰ عَلَىٰ اَهُوَاءَهُمُ عَمَّاجَاءَكَ مِنَ الْحَقِّ الرِّكُلِّ جَعَلْنَا مِنْكُمُ شِرْعَةً وَمِنْهَا جَاءَكُ مِنَ الْحَقِّ الرُّكُلِّ جَعَلْنَا مِنْكُمُ شِرْعَةً وَاحِدَةً وَمِنْهَا جَاءُ وَكُوْشَاءَ اللهُ لَجَعَلَكُمُ أُمَّةً وَاحِدَةً وَلاَئِنَ لِيَبْلُوكُمُ فِي مَا اللهُ لَمْ فَالسَّتِقُوا الْخَيْرَتِ اللهِ مَرْجِعُكُمُ جَمِيعًا فَيُنَبِّعُكُمُ بِمَا كُنْتُمُ إِلَى اللهِ مَرْجِعُكُمُ جَمِيعًا فَيُنَبِّعُكُمُ بِمَا كُنْتُمُ فِي فَا مَا اللهَ اللهِ مَرْجِعُكُمُ جَمِيعًا فَيُنَبِّعُكُمُ بِمَا كُنْتُمُ فِي فَا فَا اللهَ اللهِ مَنْ فَعَلَىٰ اللهِ مَنْ جَعَلَمُ اللهُ اللهِ مَنْ اللهِ اللهِ مَنْ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ الل

وَانِ احْكُمُ بَيْنَهُمُ بِمِنَا اَنْزَلَ اللهُ وَلاَ تَتَبِغُ
اَهُوَاءَهُمُ وَاحْدَرُهُمُ اَنْ يَّفْتِنُوْكَ عَنْ بَعُضِ
اَهُوَاءَهُمُ وَاحْدَرُهُمُ اَنْ يَّفْتِنُوْكَ عَنْ بَعُضِ
مَنَا اَنْزَلَ اللهُ اللهُ اللهُ اللهُ عَنْ اللهُ ال

আর বহু লোক তো নাফরমানই হয়ে থাকে ।

৫০. তবে কি তারা জাহেলিয়্যাতের বিচার ব্যবস্থা কামনা করে? আর দৃঢ় বিশ্বাসীদের কাছে মীমাংসা কার্যে আল্লাহর চেয়ে কে উত্তম হবে?

৫১. হে মু'মিনগণ! তোমরা ইয়াহুদী ও খ্রিস্টানদেরকে বন্ধুরূপে গ্রহণ করো না, তারা পরস্পরের বন্ধু, আর তোমাদের মধ্যে যে ব্যক্তি তাদের সাথে বন্ধুত করবে, নিশ্চয়ই সে তাদেরই মধ্যে গণ্য হবে: নিশ্চয়ই আল্লাহ অত্যাচারী সম্প্রদায়কে সুপথ প্রদর্শন করেন না।

৫২. এ কারণেই যাদের অন্তরে পীড়া রয়েছে, তাদেরকে তোমরা দেখবে যে, তারা দৌড়িয়ে দৌড়িয়ে তাদের (কাফিরদের) মধ্যে প্রবেশ করছে. এবং তারা বলে আমাদের ভয় হচ্ছে যে, আমাদের উপর কোন বিপদ এসে পড়ে না কি! অতএব আশা যে, অচিরেই করা যায় পূর্ণ বিজয় (মুসলমানদের) দান أَفَكُكُمُ الْجَاهِلِيَّةِ يَبْغُونَ الْمَانُ أَحْسَنُ مِنَ اللهِ حُلْبًا لِقَدُمِ تُوْقِنُونَ هَ

يَاَيُّهَا الَّذِينَ أَمَنُوْ الا تَتَّخِذُ واللَّهُوُ دَوَالنَّطْرَى مِّنْكُمُ فَانَّهُ مِنْهُمُ ﴿ إِنَّ اللَّهَ لَا يَهُدِي الْقَوْمَ الظُّلِمِينُ ۞

فَتَرَى الَّذِيْنَ فِي قُلُوْبِهِمْ مَّرَضٌ يُّسَارِعُوْنَ فِيهِمْ يَقُوْلُوْنَ نَخْشَى أَنْ تُصِيْبَنَا دَآيِرَةٌ طَعَسَى اللَّهُ آنُ يَّأْتِيَ بِالْفَتْحِ آوُ آمُرِ مِّنْ عِنْدِم فَيُصْبِحُوا عَلَىٰ مَا آسَرُّ وَا فِي آنْفُسِهِمُ لِيمِيْنَ هُ

১। (ক) ইবনে আব্বাস (রাযিআল্লাহু আনহুমা) হতে বর্ণিত, নিশ্চয়ই নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ আল্লাহর কাছে সবচাইতে ঘণিত ব্যক্তি হচ্ছে তিনজনঃ যে ব্যক্তি হারাম শরীফের মধ্যে দ্বীন থেকে বেরিয়ে যায় (অর্থাৎ যে ব্যক্তি মক্কা ও মদীনার হারামের মধ্যে অন্যায় কাজ করে) যে ব্যক্তি মুসলমান হওয়া সত্ত্বেও জাহেলী যুগের রীতিনীতি অনুসন্ধান করে এবং যে ব্যক্তি কোন অধিকার ব্যতীত কারো রক্তপাত দাবী করে ৷ (বুখারী, হাদীস নং ৬৮৮২)

⁽খ) আনাস (রাযিআল্লান্থ আনহু) থেকে বর্ণিত (ইসলামের প্রাথমিক যুগে নামাযের সময় কিভাবে মানুষকে আহ্বান করা যায় এ ব্যাপারে পরামর্শ হল) সাহাবাগণ আগুন জ্বালাবার অথবা ঘন্টা বাজাবার জন্য প্রস্তাব দেন; কিন্তু এ দু'টিকেই ইয়াহুদ ও নাসারাদের রীতি বলে উল্লেখ করা হয়। অতঃপর বেলালকে আযানের বাক্যগুলি দু'বার করে এবং ইকামতের বাক্য একবার করে বলার নির্দেশ দেয়া হয়। (বুখারী, হাদীস নং ৬০৩)

করবেন অথবা অন্য কোন বিষয় বিশেষভাবে নিজ পক্ষ হতে (দেবেন)। ফলে তারা নিজেদের অন্তরে লুকানো মনোভাবের কারণে লজ্জিত হবে।

৫৩. আর মুসলমানরা বলবেঃ আরে! এরাই না কি তারা! যারা অতি দৃঢ়তার সাথে আল্লাহর নামে শপথ করতো যে তারা তোমাদের সাথেই আছে; এদের সমস্ত কর্মই ব্যর্থ হয়ে গেল, ফলে তারা অকৃতকার্য রইলো।

৫৪. হে মু'মিনগণ! তোমাদের মধ্য হতে যে ব্যক্তি স্বীয় দ্বীন হতে ফিরে যায়, তবে (এতে ইসলামের কোন ক্ষতি নেই ।) কেননা আল্লাহ সত্তরই (তাদের স্থলে) এমন এক সম্প্রদায় সৃষ্টি করবেন যাদেরকে আল্লাহ ভাল বাসবেন এবং তারাও আল্লাহকে মুসলমানদের ভালবাসবে। তারা প্রতি মেহেরবান থাকবে, কাফিরদের প্রতি কঠোর হবে, তারা আল্লাহর পথে জিহাদ করবে, আর তারা কোন নিন্দুকের নিন্দার পরোয়া করবে না; এটা আল্লাহর অনুগ্রহ, যাকে ইচ্ছা প্রদান করেন বস্তুতঃ প্রাচর্যদানকারী, মহাজ্ঞানী।

৫৫. তোমাদের বন্ধু তো আল্লাহ ও তাঁর রাসূল (紫) এবং মু'মিনরা— যারা নামায আদায় করে, যাকাত প্রদান করে এবং তারা বিনয়ী।

৫৬. আর যে ব্যক্তি বন্ধুত্ব রাখবে আল্লাহর সাথে, তাঁর রাসূল (幾)-এর وَيَقُوْلُ الَّذِيْنَ أَمَنُوْا اَهَؤُلَا إِ الَّذِيْنَ اَقْسَمُوا بِاللهِ جَهُدا أَيْمَا نِهِمُ لا إِنَّهُمُ لَمَعَكُمُ طَجَبِطَتْ اعْمَا لُهُمُ فَاصْبَحُوْا خَسِرِيْنَ ﴿

يَّايُّهُا الَّذِيُنَ المَنُوا مَنْ يَّرْتَكَّ مِنْكُمْ عَنْ دِيُنِهُ فَسُوْفَ يَا ٰ قِ اللَّهُ بِقَوْمِ يُّحِبُّهُمْ وَيُحِبُّوْنَهَ لاَ إِذِلَّةٍ عَلَى الْمُؤْمِنِيُنَ اَعِزَّةٍ عَلَى الْكَفِرِينَ نِيُجَاهِدُونَ فَى سَبِيلِ اللَّهِ وَلا يَخَافُونَ لَوْمَةَ لاَ إِحِرْ لَا لِكَ فَضُلُ اللَّهِ يُؤْتِينهِ مَنْ يَّشَاعُ لَا وَاللَّهُ وَالسِعُّ عَلِيْمٌ ٣

إِنَّمَا وَلِيُّكُمُ اللهُ وَرَسُولُهُ وَ الَّذِينَ امَنُوا الَّذِينَ يُقِينُهُونَ الصَّلْوةَ وَ يُؤْتُونَ الزَّكُوةَ وَهُمُ لَكِعُونَ @

وَمَنْ يَّتَوَلَّ اللَّهَ وَرَسُولَهُ وَالَّذِينَ أَمَنُوْا

সাথে এবং মু'মিনদের সাথে তবে (তারা আল্লাহর দলভুক্ত হলো এবং) নিশ্চয়ই আল্লাহর দলই বিজয়ী।

৫৭. হে মু'মিনগণ! যারা তোমাদের পূর্বে কিতাবপ্রাপ্ত হয়েছে, তাদের মধ্যে যারা তোমাদের দ্বীনকে হাসি ও তামাশার বস্তু বানিয়ে নিয়েছে: তাদেরকে ও কাফেরদেরকে বন্ধুরূপে গ্রহণ করো না আর আল্লাহকে ভয় কর যদি তোমরা ঈমানদার হয়ে থাক ৷

৫৮, আর যখন তোমরা নামাযের জন্যে (আযান দারা) আহ্বান কর, তখন তারা তার সাথে হাসি ও তামাশা করে. এর কারণ এই যে. তারা এরূপ লোক, যারা মোটেই জ্ঞান রাখে না।

৫৯. তুমি (হে মুহাম্মাদ 🍇) বলে দাওঃ হে আহলে কিতাবগণ! তোমরা আমাদের সাথে শুধু এই কারণে শক্রতা করছ যে. আমরা ঈমান এনেছি আল্লাহর প্রতি এবং ঐ কিতাবের প্রতি যা আমাদের নিকট প্রেরিত হয়েছে এবং ঐ কিতাবের প্রতি যা অতীতে প্রেরিত হয়েছে, এবং এই কারণে যে তোমাদের অধিকাংশ লোক ফাসেক।

৬০. তুমি (হে মুহাম্মাদ 🍇) বলে দাওঃ আমি কি তোমাদেরকে বলে দেব, যা প্রতিদান প্রাপ্তি হিসাবে ওটা হতেও (যাকে তোমরা মন্দ বলে জান) আল্লাহর কাছে অধিক নিক্ষ্ট? ওটা ঐসব লোকের পন্থা, যাদেরকে

فَإِنَّ حِزْبَ اللهِ هُمُ الْغَلِبُونَ ﴿

لِإَيُّهَا الَّذِينَ أَمَنُوا لا تَتَّخِذُ واالَّذِينَ اتَّخَذُوا دِينَكُهُ هُزُوًا وَ لَعِبًا مِّنَ الَّذِينَ أُوْتُوا الْكِتٰبَ مِنْ قَلْكُمْ وَالْكُفَّارَ أَوْلِيّاءَ ۚ وَاتَّقُوا اللَّهَ انْ كُنْتُمُ مُّؤُمِنِينَ @

وَإِذَا نَادَيْتُمْ إِلَى الصَّلْوةِ اتَّخَذُوْهَا هُزُوًّا وَّلَعِبًّا ﴿ ذٰلِكَ بِأَنَّهُمْ قَوْمٌ لَّا يَعْقِلُونَ ۞

قُلْ يَاهُلَ الْكِتْبِ هَلْ تَنْقِبُونَ مِنَّا إِلَّا آنُ امَنًا باللهِ وَمَا أَنْزِلَ إِلَيْنَا وَمَا أَنْزِلَ مِنْ قَيْلُ (وَ إِنَّ آكَةُ كُمُ فَسِقُونَ @

قُلْ هَلُ أُنَبِّكُكُمْ بِشَيِّر مِّنَ ذَٰلِكَ مَثُوْبَةً عِنْدَ الله ط مَنْ لَعَنَهُ اللهُ وَغَضِبَ عَلَيْهِ وَجَعَلَ مِنْهُمُ الْقِرَدَةَ وَالْخَنَازِيْرَوَعَبِدَ الطَّاغُوْتَ طُ

আল্লাহ অভিসম্পাত করেছেন এবং যাদের প্রতি তিনি রাগান্বিত হয়েছেন ও যাদের কতককে বানর ও শূকর বানিয়ে দিয়েছেন এবং যারা তাগুতের পূজা করেছে; এরূপ লোকেরাই নিকৃষ্ট স্থানের অধিকারী এবং (ইহকালেও) সরল পথ হতে অধিকতর বিপথগামী।

৬১. আর যখন তারা তোমাদের নিকট আসে, তখন বলে আমরা ঈমান এনেছি, অথচ তারা কুফরই নিয়ে এসেছিল এবং তারা কুফরই নিয়ে চলে গেছে এবং আল্লাহ তো খুব ভাল জানেন যা তারা গোপন রাখে।

৬২. আর তুমি তাদের মধ্যে এমন অসংখ্য লোক দেখবে, যারা প্রতিযোগিতামূলক পাপ, যুলুম ও হারাম ভক্ষণে নিপতিত হচ্ছে, বাস্তবিকই তাদের এ কাজ মন্দ।
৬৩. তাদেরকে আল্লাহওয়ালাগণ এবং আলেমগণ পাপের কথা হতে এবং হারাম মাল ভক্ষণ করা হতে

৬৪. আর ইয়াহূদীরা বলে, আল্লাহর হাত বন্ধ হয়ে গেছে; তাদেরই হাত বন্ধ^১হয়ে গেছে। তাদের এ উক্তির

বিকই তাদের এ কাজ নিন্দনীয়।

না

কেন? বাস্ত

নিষেধ করছে

اُولَٰجٍكَ شُـرُّ مُّكَانًا وَ اَضَلُّ عَنْ سَوَآءِ السَّبِيْلِ ﴿

وَاِذَاجَآءُوُكُمُّهُ قَالُوْٓا اَمَنَّا وَ قَـٰنَ دَّخَلُوُا بِالْكُفْرِ وَهُمْ قَنْ خَرَجُوْا بِهِ ﴿ وَاللّٰهُ اَعْلَمُ بِمَا كَانُوْا يَكْتُنُوْنَ ۞

وَتَرَى كَثِيْرًا مِّنْهُمْ يُسَارِعُونَ فِي الْاِثْمِ وَالْعُدُواكِ وَ اَكْلِهِمُ السُّحْتَ لِلِبِنْسَ مَا كَانُوْ ا يَعْمَلُونَ ﴿

كُوْلَا يَنْهِٰهُمُ الرَّبَٰنِيُّوْنَ وَالْأَخْبَادُعَنُ قَوْلِهِمُ الْإِثْمَ وَاكْلِهِمُ السُّحْتَ لِلِبَّسِ مَا كَانُوُا يَصْنَعُونَ ﴿

وَقَالَتِ الْيَهُوْدُ يَدُ اللهِ مَغْلُوْلَةٌ طَغُلَّتُ أَيْدِيهِمُ

১। ইবনে উমর (রাযিআল্লান্থ আনহমা) থেকে বর্ণিত, তিনি রাসূল (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) থেকে বর্ণনা করেন, নিশ্চয়ই রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ তিনি বলেন, নিশ্চয়ই আল্লাহ্ তা'আলা কিয়ামতের দিন সমস্ত পৃথিবীকে তাঁর মুঠিতে ধারণ করবেন এবং সমস্ত আকাশকে স্বীয় ডান হাতে নিয়ে নিবেন। অতঃপর বলবেন আমিই একমাত্র মালিক (বাদশাহ) (বুখারী, হাদীস নং ৭৪১২)

⁽খ) নিশ্চয়ই আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) বলেন, রাস্লুল্লাহ্ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যে, আল্লাহ্ পৃথিবীকে তাঁর মুঠিতে ধারণ করবেন। (বুখারী, হাদীস নং ৭৪১৩)

দরুন তাদের প্রতি অভিশাপ করা হয়েছে; বরং তাঁর (আল্লাহর) তো উভয় হাত উন্মক্ত, যেরূপ ইচ্ছা ব্যয় করেন: আর যে বিষয় তোমার নিকট তোমার প্রভুর পক্ষ হতে প্রেরিত হয়. তা তাদের মধ্যে অনেকের নাফরমানী ও কুফর বৃদ্ধির কারণ হয় এবং আমি তাদের পরস্পরের মধ্যে শক্রতা ও হিংসা নিক্ষেপ করেছি পর্যন্ত; যখনই তারা (মুসলমানদের বিরুদ্ধে) যুদ্ধাগ্নি প্রজ্বলিত করতে চায়, আল্লাহ তা নির্বাপিত করে দেন এবং তারা ভূ-পৃষ্ঠে অশান্তি ছড়িয়ে বেড়ায়, আর আল্লাহ অশান্তি বিস্তারকারীদেরকে ভালবাসেন না।

আহলে কিতাবগণ ৬৫ আর এ (ইয়াহুদী ও নাসারা) যদি ঈমান আনতো এবং তাকওয়া অবলম্বন করতো, তবে আমি অবশ্যই তাদের সমস্ত অন্যায় ক্ষমা করে দিতাম এবং অবশ্যই তাদেরকে আরাম ও শান্তিময় জানাতে প্রবেশ করাতাম।

৬৬ আর যদি তারা তাওরাত ও ইনজীলের এবং যা কিছু তাদের প্রভুর পক্ষ হতে তাদের প্রতি অবতীর্ণ হয়েছে, ওর যথারীতি আমলকারী হতো, তবে তারা তাদের উপর (অর্থাৎ আকাশ) হতে এবং পায়ের নিম্ন (অর্থাৎ যমীন) হতে রিযিক পেত ও প্রাচর্যের সাথে ভক্ষণ করতো, তাদের একদল তো সরল পথের আর তাদের অধিকাংশই এরপ যে তাদের কার্যকলাপ অতি

كَيْفَ يَشَاءُ ﴿ وَلَيَزِيْنَ كَ كَثِيْرًا مِّنْهُمْ مَّا أَنْزِلَ اِلَيْكَ مِنْ رَّبِّكَ طُغْيَانًا وَّكُفْرًا مُوَ ٱلْقَيْنَا بَيْنَهُمُ الْعَدَاوَةَ وَالْبَغْضَاءَ إِلَى يَوْمِرِ الْقِيلِكَةِ طَكُلَّهَا ٱوْقَدُاوْا نَارًا لِلْحَرْبِ ٱطْفَاهَا اللهُ دوكِسْعَوْنَ فِي الْأَرْضِ فَسَأَدًا ﴿ وَاللَّهُ لَا يُحِبُّ الْمُفْسِدِينَ ﴿

البآيدة ۵

وَلَوْ أَنَّ أَهْلَ الْكِتْبِ أَمَنُواْ وَاتَّقَوْا لَكَفَّرُنَا عَنْهُمُ سَيّاْتِهِمُ وَلاَدْخَلْنُهُمْ جَنَّتِ النَّعِيْمِ ﴿

وَكُوْ أَنَّهُمْ أَقَامُوا التَّوْرِكَ وَ الْإِنْجِيلَ وَمَآ أُنْزِلَ اِلَيْهِمْ مِنْ تَرِبُّهُمُ لاَ كُلُوا مِنْ فَوْقِهِمُ وَمِنْ تَحْتِ ٱرْجُلِهِمْ لِمِنْهُمْ أُمَّةٌ مُّقْتَصِكَةً لَوَ كَثِيْرٌ مِّنْهُمُ سَاءَ مَا يَعْبَلُونَ شَ

জঘন্য ৷১

৬৭. হে রাস্ল (幾)! যা কিছু তোমার প্রতিপালকের পক্ষ থেকে তোমার উপর অবতীর্ণ করা হয়েছে, তুমি (মানুষকে) সব কিছুই পৌছিয়ে দাও; আর যদি এরূপ না কর, (তবে) তুমি আল্লাহর পয়গামও পৌছাওনি বলে বিবেচিত হবে, আর আল্লাহ তোমাকে মানুষ (অর্থাৎ কাফির) হতে সংরক্ষিত রাখবেন; নিশ্চয়ই আল্লাহ কাফির সম্প্রদায়কে সুপথ প্রদর্শন করেন না।

يَايَّهُمَا الرَّسُولُ بَلِغُ مَا أُنْزِلَ اِلَيْكَ مِنْ رَّتِكُ اللَّهُ وَاللَّهُ يَعْصِمُكَ وَإِنْ لَمْ اللَّهُ يَعْصِمُكَ مِنَ اللَّهُ يَعْصِمُكَ مِنَ اللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الْكَفِرِيْنَ ﴿

১। আনাস (রাযিআল্লান্থ আনন্থ) থেকে বর্ণিত। নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম)-এর মদীনা আগমনের খবর আবদুল্লাহ্ ইবনে সালামের নিকট পৌছলে তিনি এসে নবী (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম)-কে কয়েকটি বিষয়ে প্রশ্ন করেন। তিনি বললেনঃ আমি আপনাকে এমন তিনটি বিষয়ে জিজ্ঞেস করব যা নবী ছাড়া আর কেউ জানে না। (এক) কিয়ামতের সর্বপ্রথম আলামত কি? (দুই) জান্নাতবাসীগণ সর্বপ্রথম কোন্ খাদ্য খাবে? (তিন) কিসের কারণে সন্তান (আকৃতিতে কখানো) তার পিতার অনুরূপ হয় আবার (কখনো) তার মায়ের মত হয়? নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ এ বিষয়গুলো সম্পর্কে জিবরাইল (আলাইহিস্ সালাম) এইমাত্র আমাকে বলে গেলেন। (আব্দুল্লাহ) ইবনে সালাম বললেনঃ ফেরেশ্তাদের মধ্যে তিনিই তো ইয়াহুদীদের শক্র। নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ কিয়ামতের সর্বপ্রথম আলামত হলো আগুন, যা লোকদেরকে পূর্বদিক থেকে পশ্চিমে নিয়ে সমবেত করবে। আর জান্নাতবাসীগণ সর্বপ্রথম যে খাদ্য খাবে তা হলো মাছের কলিজার অতিরিক্ত টুকরো, যা কলিজার সাথে লেগে থাকে। আর সম্ভানের ব্যাপারটা হলো এইঃ নারী-পুরুষের মিলনকালে যদি নারীর আগে পুরুষের বীর্যপাত ঘটে তবে সম্ভান বাপের অনুরূপ হয়, আর যদি পুরুষের আগে নারীর বীর্যপাত ঘটে তবে সন্ভান মায়ের আকৃতি ধারণ করে। তখন আবদুল্লাহ্ ইবনে সালাম বলদেনঃ আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ্ ছাড়া কোন সত্য মা'বৃদ নেই এবং নিশ্চয়ই আপনি আল্লাহ্র রাসূল। তিনি বললেন, আল্লাহ্র রাসূল! ইয়াহুদীরা এমন একটি জাতি যারা অপবাদ রটনায় অত্যন্তপটু। কাজেই আমার ইসলাম গ্রহণ সম্পর্কে তারা জ্ঞাত হবার আগেই আপনি আমার ব্যাপারে জিজ্জেস করুন। তারপর ইয়াহুদীরা এলে নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) তাদেরকে জিজ্ঞেস করলেনঃ তোমাদের মধ্যে আবদুল্লাহ্ ইবনে সালাম কেমন লোক? তারা বললঃ তিনি আমাদের মধ্যে সর্বোত্তম ব্যক্তি এবং সর্বোত্তম ব্যক্তির ছেলে। তিনি আমাদের মধ্যে সর্বশ্রেষ্ঠ ব্যক্তি এবং সর্বশ্রেষ্ঠ ব্যক্তির ছেলে। তখন নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ আচ্ছা, আবদুল্লাহ্ ইবর্নে সালাম যদি ইসলাম গ্রহণ করে তবে কেমন হবে? তারা বললঃ আল্লাহ তাকে এ থেকে রক্ষা করুন। তিনি পুনরায় একথা বললেন। তারাও সেই জবাব দিল। এমন সময় আবদুল্লাহ্ ভেতর থেকে তাদের সামনে বেরিয়ে এলেন এবং বললেনঃ আমি সাক্ষ্য দিচ্ছি আল্লাহ্ ছাড়া আর কোন ইলাহ নেই এবং নিশ্চয়ই মুহাম্মাদ আল্লাহ্র রাসূল। তখন তারা বলতে লাগলঃ এ লোকটা আমাদের মধ্যে সর্বনিকৃষ্ট ব্যক্তি এবং সর্বনিকৃষ্ট ব্যক্তির ছেলে। তারপর তারা তাকে খুব হেয় প্রতিপন্ন করল। তিনি বললেনঃ হে আল্লাহ্র রাসূল! তাদের ব্যাপারে আমি এটাই আশঙ্কা করছিলাম। (বুখারী, হাদীস নং ৩৯৩৮)

৬৮. তুমি (মুহাম্মাদ ﷺ) বলে দাওঃ হে আহলে কিতাবগণ! মূলতঃ তোমরা কোন পথেই প্রতিষ্ঠিত নও যে পর্যন্ত না তাওরাত, ইনজীল এবং যা কিছু তোমাদের নিকট তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে অবতীর্ণ হয়েছে তার পূর্ণ পাবন্দী করবে; আর অবশ্যই যা তোমার প্রতি তোমার প্রভুর পক্ষথেকেপ্রেরণ করা হয়েছে, তা তাদের মধ্যে অনেকেরই নাফরমানী ও কুফরি আরো বৃদ্ধি করবে, অতএব, তুমি এ কাফিরদের জন্যে মনঃক্ষণ্ন হয়ো না।

৬৯. এটা সুনিশ্চিত যে, মুসলিম, ইয়াহুদী, সাবেঈ এবং নাসারাদের মধ্যে যে ব্যক্তি আল্লাহর প্রতি ও কিয়ামতের প্রতি বিশ্বাস রাখে এবং সংকর্ম করে, তবে এরপ লোকদের জন্যে শেষ দিবসে না কোন প্রকার ভয় থাকবে আর না তারা চিন্তান্বিত হবে।

৭০. আমি বানী ইসরাঈল হতে অঙ্গীকার নিয়েছি এবং তাদের কাছে বহু রাসূল প্রেরণ করেছি; যখনই তাদের কাছে কোন নবী আগমন করতেন এমন কোন বিধান নিয়ে যা তাদের মনঃপুত হতো না, তখনই তারা কতিপয়কে মিথ্যাবাদী সাব্যস্ত করতো এবং কতিপয়কে হত্যাই করে ফেলতো।

قُلْ يَاهُلُ الْكِتْبِ لَسْتُمْ عَلَى شَيْءٍ حَتَّى تُقِيبُوا التَّوُرْكَ وَالْإِنْجِيْلَ وَمَا أُنْزِلَ إِلَيْكُمُ مِّنْ رَّبِكُمْ التَّوُرُكَ وَالْإِنْجِيْلَ وَمَا أُنْزِلَ إِلَيْكُمُ مِّنْ رَبِّكُ وَلَيْزِيْدَ كَانَيْكِ مِنْ رَبِّكَ طُغْيَانًا وَكُفْرًا وَلَكُ فَلَا تَأْسَ عَلَى الْقَوْمِ الْكَفِرِيْنَ ﴿ طُغْيَانًا وَكُفْرًا وَلَلا تَأْسَ عَلَى الْقَوْمِ الْكَفِرِيْنَ ﴿

إِنَّ الَّذِيْنَ أَمَنُوْا وَالَّذِيْنَ هَادُوُا وَالصَّبِعُوْنَ وَالنَّصْرَى مَنْ إَمَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الْأَخِرِ وَعَمِلَ صَالِحًا فَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿

لَقُلُ اَخَذُ نَامِيُثَاقَ بَنِنَ اِسُرَآءِيْلَ وَارْسَلْنَا َ اِلَيُهِمُ رُسُلًا ﴿ كُلَّهَا جَآءَهُمُ رَسُولًا بِهَا لَا تَهُوَى اَنْفُسُهُمْ ﴿ فَرِيْقًا كَذَّبُوا وَ فَرِيْقًا يَقْتُكُونَ ۞

১। যে নিজের দ্বীন পরিত্যাগ করে অন্য দ্বীন গ্রহণ করে। (কুরতুবী)

পারা ৬

৭১. আর তারা এ ধারণাই করেছিল যে, তাদের কোন বিপর্যয় হবে না, ফলে তারা আরও অন্ধ ও বধির হয়ে গেল, অতঃপর আল্লাহ তাদের তওবা গ্রহণ করলেন; এরপরেও তাদের অনেকেই অন্ধ ও বধির হয়ে গেল। বস্তুতঃ আল্লাহ তাদের (এই) কার্যকলাপ খুবই প্রত্যক্ষ করেন।

৭২. নিশ্চয়ই তারা কুফুরী করেছে যারা বলেছে যে. মাসীহ ইবনে মারইয়ামই তো আল্লাহ; অথচ মাসীহ বলেছিলেনঃ নিজেই বানী ইসরাঈলগণ! আল্লাহর তোমরা ইবাদত যিনি কর. আমারও প্রতিপালক এবং <u>তোমাদেরও</u> প্রতিপালক: নিশ্চয়ই ব্যক্তি যে আল্লাহর কাউকে) সাথে (অন্য অংশীদার স্থাপন করবে, আল্লাহ তার জন্যে জান্নাত হারাম করে দেবেন এবং তার বাসস্থান হবে জাহানাম. আর এরূপ অত্যাচারীদের কোন সাহায্যকারী হবে না।

৭৩. নিঃসন্দেহে তারাও কুফুরী করেছে যারা বলেঃ আল্লাহ তিনের (অর্থাৎ তিন মা'বূদের) এক, অথচ এক মা'বূদ ভিন্ন অন্য কোনই (সত্য) মা'বূদ নেই; আর যদি তারা স্বীয় উক্তিসমূহ হতে নিবৃত্ত না হয়, তবে তাদের মধ্যে যারা কাফির থাকবে তাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তি গ্রাসকরবে।

৭৪. এর পরও কি তারা আল্লাহর সমীপে তাওবা করবে না এবং তাঁর কাছে ক্ষমা প্রার্থনা করবে না? অথচ وَحَسِبُوٓا اَلَّا تَكُوْنَ فِتُنَةٌ فَعَمُوا وَصَبُّوا ثُمَّ تَابَاللَّهُ عَلَيْهِمۡثُمَّ عَمُواوَصَبُّوا كَثِيْرٌ مِّنْهُمُ ۖ وَاللَّهُ بَصِيْرًا بِمَا يَعْمَلُونَ ۞

لَقَنْ كَفَرَ الَّذِيْنَ قَالُوْآ إِنَّ اللهَ هُوَ الْمَسِيْحُ الْبَنِيَ اِسُرَآءِيْلَ الْبُنُ مَرْيَمَ وَقَالَ الْمَسِيْحُ يَلْبَنِيَ اِسُرَآءِيْلَ الْبُنُ مَرْيَمَ وَقَالَ الْمَسِيْحُ يَلْبَنِيَ اِسُرَآءِيْلَ اعْبُدُوا اللهَ رَبِّيُ وَرَبَّكُمْ وَانَّهُ مَنْ يُشْرِكُ بِاللهِ فَقَدْ حَرَّمَ اللهُ عَلَيْهِ الْجَدَّةَ وَمَا وْلهُ النَّارُ وَمَا لِلظِّلِمِيْنَ مِنْ اَنْصَادٍ ﴿

لَقَىٰ كَفَرَ الَّذِيْنَ قَالُوْآ إِنَّ اللَّهَ كَالِثُ ثَلْثَةٍ م وَمَا مِنْ إِلَٰهٍ إِلَّآ إِلَّهُ وَّاحِدٌ ا وَإِنْ لَّمُ يَنْتَهُوْا عَبَّا يَقُوْلُونَ لَيَمَسَّنَ الَّذِيْنَ كَفَرُوا مِنْهُمْ عَذَابٌ اَلِيُمُّ ﴿

اَفَلَا يَتُوْبُونَ إِلَى اللهِ وَيَسْتَغْفِرُوْنَهُ ﴿ وَاللهُ اللهُ عَفُورٌ لَهُ اللهُ عَفُورٌ لَرِحِيْمٌ ﴿

क्रभागील. আল্লাহ অত্যন্ত করুণাম্য 🗘

৭৫. মাসীহ ইবনে মারইয়াম একজন রাসূল ছাড়া আর কিছুই নয়; তার পূর্বে আরও বহু রাসূল বিগত হয়েছেন, আর তাঁর মা একজন সত্য নিষ্ঠা মহিলা। তারা উভয়ে খাদ্য ভক্ষণ করতেন, লক্ষ্য কর! আমি কিরূপে তাদের নিকট প্রমাণসমূহ বর্ণনা করছি, আবার লক্ষ্য কর! তারা কিভাবে সত্য বিমুখ হয়ে যাচ্ছে।

৭৬. তুমি (হে মুহাম্মাদ ﷺ) বলে দাওঃ তোমরা কি আল্লাহ ছাডা এমন বস্তুর ইবাদত কর, যে তোমাদের না কোন অপকার করবার ক্ষমতা রাখে. আর না কোন উপকার করবার: অথচ আল্লাহই সব শোনেন, সব জানেন।

৭৭. তুমি (হে মুহাম্মাদ ﷺ) বলে দাওঃ হে আহলে কিতাবগণ! তোমরা নিজেদের দ্বীনে অন্যায়ভাবে সীমালজ্বন করো না এবং ঐসব লোকের (ভিত্তিহীন) প্রবৃত্তির অনুসরণ করো না যারা অতীতে নিজেরাও ভ্রান্তিতে পতিত হয়েছে এবং আরও ভ্ৰান্তিতে লোককে করেছে, বস্তুতঃ তারা সরল থেকে দূরে সরে পড়েছিল।

مَا الْمَسِيْحُ ابْنُ مَرْيَمَ الَّا رَسُولٌ ۚ قَدُ خَلَتُ مِنْ قَيْلِهِ الرُّسُلُ ﴿ وَأُمُّهُ صِيِّائِقَةٌ ﴿ كَأَنَا يَا كُلِنِ الطَّعَامَرِ أَنْظُرُ كَيْفَ ثُبَيِّنُ لَهُمُ الْإِيْتِ ثُمَّ انْظُرُ اَنِّي يُؤْفَكُونَ @

قُلُ ٱتَعُبُّدُونَ مِنْ دُونِ اللهِ مَا لَا يَمُلكُ لَكُمْ ضَدًّا وَّلَا نَفْعًا لِمُ وَاللَّهُ هُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ۞

قُلْ يَاهُلَ الْكِتْبِ لَا تَغْلُوا فِي دِيْنِكُمْ غَيْرَ الْحَقِّ وَلَا تَتَّبِعُوْآاهُوآءَ قَوْمٍ قَدُ ضَلُّوا مِنْ قَبْلُ وَإَضَلُّوا كَثِيرًا وَ ضَلُّوا عَنْ سَوَاءِ السّبيل الله

১ বানাস (রাযিআল্লান্থ আনন্থ) থেকে বর্ণিত তিনি বলেনঃ রাসূলুল্লাহ (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যে, বান্দা তাওবা করলে আল্লাহ্ ঐ ব্যক্তির চেয়েও বেশি খুশী হন যে, ব্যক্তি তার উটকে কোন গভীর জঙ্গলের অজানা পথে হারিয়ে ফেলে, চিন্তায় মুমূর্য হয়ে পড়েছে ঠিক, ঐ মুহূর্তে সে তার উটকে হঠাৎ পেয়ে গেলে যতটা খুশী হয়। (বুখারী, হাদীস নং ৬৩০৯)

পারা ৬

৭৮. বানী ইসরাঈলের মধ্যে যারা কাফির ছিল; তাদের উপর লা'নত করা হয়েছিল দাউদ ও ঈসা ইবনে মারইয়ামের মুখে; এ লা'নত এ কারণে করা হয়েছিল যে তারা অবাধ্য ও আদেশ অমান্য করেছিল এবং সীমার বাইরে চলে গিয়েছিল।

لُعِنَ الَّذِيْنَ كَفَرُواْ مِنْ بَنِيْ إِسْرَآءِيْلَ عَلَى لِسَانِ دَاؤُدَ وَعِيْسَى ابْنِ مَرْيَمَ الْلِكَ بِمَا عَصَوْا وَكَانُوْا يَغْتَدُوْنَ ۞

১। আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-কে বলতে শুনেছেনঃ বনী ইসুরাইলে তিনজন লোক ছিল। একজন ছিল শ্বেতরোগী, দ্বিতীয়জন (মাথায়) টাকওয়ালা এবং তৃতীয়জন অন্ধ। মহান আল্লাহ্ তাদের পরীক্ষা করতে ইচ্ছা করলেন। অতঃপর তাদের কাছে একজন ফেরেশ্তা পাঠালেন। ফেরেশ্তা (প্রথমে) শ্বেতরোগীটির নিকট আসলেন এবং তাকে জিজ্ঞেস করলেন, কোন জিনিস তোমার নিকট অধিক প্রিয়। সে জবাব দিল, সুন্দর রঙ ও সুন্দর চামড়া (যাতে মানুষ আমাকে নিজের কাছে বসতে দেয়)। কেননা মানুষ আমাকে ঘণা করে। তখন ফেরেশ্তা তার গায়ে হাত বুলিয়ে দিলেন। ফলে তার রোগ ভাল হয়ে গেল এবং তাকে সুন্দর রঙ ও আকর্ষণীয় চামডা দান করা হল। অতঃপর ফেরেশ্তা জিজ্ঞেস করলেন, কোন্ ধরনের সম্পদ তোমার নিকট অধিক প্রিয়। সে জবাব দিল উট। কিংবা গরু। এ ব্যাপারে বর্ণনাকারীর সন্দেহ রয়েছে যে, শ্বেতরোগী এবং টাকওয়ালা দু'জনের একজন বলেছিল উট আর অপরজন বলেছিল গরু। অতএব তাকে একটি গর্ভবতী উষ্ট্রী দেয়া হল। ফেরেশ্তা দো'আ করলেন (আল্লাহ্ তা'আলা) তোমাকে এর মধ্যে বরকত দান করুন। এরপর তিনি টাকওয়ালার নিকট আসলেন এবং জিজ্ঞেস করলেন, তোমার নিকট কোন জিনিস অধিক প্রিয়? সে জবাব मिल-সुन्मत कृल এবং আমার থেকে যেন এ টাক চলে যায়। কেননা মানুষ আমাকে ঘৃণা করে থাকে। অতঃপর সেই ফেরেশ্তা তার ওপর হাত বুলিয়ে দিলেন। ফলে তার টাক চলে গেল এবং মাথায় চুলে ভরে গেল। তারপর ফেরেশতা জিজ্ঞেস করলেন কোন সম্পদ তোমার কাছে বেশি প্রিয়? সে বলল, গরু। অতএব একটি গর্ভবতী গাভী তাকে দিয়ে দিলেন এবং দো'আ করলেন, আল্লাহ্ এতে তোমার জন্য বরকত দান করুন! সবশেষে ফেরেশৃতা অন্ধের নিকট আসলেন এবং তাকে জিজ্ঞেস করলেন, তোমার নিকট কোন জিনিস অধিক প্রিয়? সে বলল, আল্লাহ্ যেন আমার চোখে জ্যোতি ফিরিয়ে দেন, যাতে তা দিয়ে আমি মানুষকে দেখতে পারি। ফেরেশতা তখন তার চোখের ওপর হাত বুলিয়ে দিলেন। ফলে আল্লাহ তার দৃষ্টিশক্তি ফিরিয়ে দিলেন। ফেরেশতা জিজ্ঞেস করলেন, কোনু ধরনের সম্পদ তোমার অধিক প্রিয়? সে বলল, ছাগল। তিনি তাকে একটি গর্ভবতী ছাগী দিলেন।

অতঃপর তিনজনের পশুগুলোই বাচ্চা দিল এবং অল্প দিনেই একজনের উটে ময়দান ভর্তি হয়ে গেল। অপরজনের গরুতে চারণভূমি ভরে উঠল এবং তৃতীয়জনের ছাগলে সারা উপত্যকা ছেয়ে গেল। পুনরায় সেই ফেরেশ্তা (একদিন আল্লাহ্র হকুমে) পূর্ব সুরত ও আকৃতিতেই শ্বেডরোগীটির নিকট আসলেন এবং বললেন, আমি একজন নিঃস্ব গরীব লোক। আমার সফরের সকল সম্বল শেষ হয়ে গেছে। আজ আমার উদ্দেশ্য পূর্ণ করার জন্য আল্লাহ্ ভিন্ন আর কোন উপায় নেই। আমি আল্লাহ্র নামে যিনি তোমাকে সুন্দর রঙ, সুন্দর চামড়া ও সম্পদ দান করেছেন, তোমার কাছে মাত্র একটি উট প্রার্থনা করছি। আমি এর ওপর সওয়ার হয়ে বাড়ি পৌছে যাব। তখন লোকটি তাকে বলল, (আরে বেটা আমার এখান থেকে ভাগ) আরও অনেকের হক রয়ে গেছে। ফেরেশ্তা বললেন, সম্ভবত আমি তোমাকে চিনতে পেরেছি। তুমি কি (এক সময়) শ্বেতরোগী ছিলে না? মানুষ তোমাকে ঘৃণা করত। তুমি কি ফকির ছিলে না? অতঃপর আল্লাহ্ তা'আলা তোমাকে বিপুল সম্পদ) দান করেছেন। সে বলল, এসব তো আমি (কয়েক পুরুষ পূর্বে) বাপদাদা থেকেই ওয়ারিশ সূত্রেই পেয়েছি। তখন ফেরেশ্তা বললেন, যদি তুমি মিথ্যাবাদী হয়ে থাক, আল্লাহ্

৭৯. তারা যে মন্দ ও গর্হিত কাজ করত তা' থেকে তারা পরস্পরকে নিষেধ করত না; বাস্তবিকই তাদের কাজ ছিল অত্যন্ত গর্হিত।

৮০. তুমি তাদের (ইয়াহুদীদের)
মধ্যে অনেক লোককে দেখবে যে,
তারা বন্ধুত্ব করছে কাফিরদের সাথে;
যে কাজ তারা ভবিষ্যতের জন্যে
করেছে তা নিঃসন্দেহে মন্দ, যেহেতু
আল্লাহ তাদের প্রতি অসম্ভষ্ট
হয়েছেন, ফলতঃ তারা আযাবে
চিরকাল থাকবে।

৮১. আর যদি তারা আল্লাহর প্রতি ঈমান আনতো এবং নবীর (মৃসা প্রুদ্ধ্রা) প্রতি এবং ঐ কিতাবের (তাওরাতের) প্রতি যা তার নিকট প্রেরিত হয়েছিল, তবে তাদেরকে (মুশরিকদেরকে) কখনও বন্ধুরূপে গ্রহণ করতো না; কিন্তু তাদের অধিকাংশ লোকই অবাধ্য। كَانُوْا لَا يَتَنَاهَوْنَ عَنْ مُّنْكَرٍ فَعَلُوْهُ ﴿ لَبِئْسَ مَا كَانُواْ يَفْعَلُونَ ۞

تَرَى كَثِيْرًا مِّنْهُمْ يَتَوَكَّوْنَ الَّذِيْنَ كَفَرُوْا لَمِيْشَ مَا قَنَّ مَثُ لَهُمْ اَنْفُسُهُمْ اَنْ سَخِطَ اللهُ عَلَيْهِمْ وَفِي الْعَذَابِ هُمْ خٰلِدُوْنَ ۞

> وَكَوْكَانُوْا يُؤْمِنُوْنَ بِاللهِ وَالنَّبِيِّ وَمَا أَنْزِلَ الدَّهِ مَا اتَّخَذُوْهُمُ اَوُلِيَا ۚ وَلٰكِنَّ كَثِيْرًا قِنْهُمُ فَسِقُوْنَ ﴿

তোমাকে আবার সেরূপ করে দিন যেমন তুমি (আগে) ছিলে। পরে তিনি টাকওয়ালার নিকট সেই আকার ও আকৃতিতেই আসলেন এবং তার কাছেও ঠিক তদ্রূপই প্রার্থনা করলেন, যেমন করেছিলেন শ্বেতরোগী লোকটির কাছে। এও ঠিক তেমনি জবাবই দিল যেমন দিয়েছিল সে। তখন ফেরেশ্তা বললেন যদি তুমি মিথ্যাবাদী হও তাহলে আল্লাহ্ তোমাকে সেরূপই করে দিক যেমন তুমি পূর্বে ছিলে। পরিশেষে তিনি স্বীয় আকৃতিতে অন্ধের নিকট আসলেন এবং বললেন, আমি একজন গরীব মিসকীন মুসাফির। আমার পথের সম্বল সব শেষ হয়ে গেছে। আজ আমি বাড়ি পৌছার আল্লাহ্ ভিন্ন আর কোন উপায় নেই। আমি তোমার কাছে সেই আল্লাহ্র নামে একটি ছাগী প্রার্থনা করছি, যিনি তোমার দৃষ্টি শক্তি ফিরিয়ে দিয়েছেন। আমি ছাগীটি দিয়ে আমার সফরের কাজ শেষ করতে পারবো। তখন লোকটি বলল, সত্যিই আমি অন্ধ ছিলাম। অতঃপর আল্লাহ্ আমারে দৃষ্টিশক্তি ফিরিয়ে দিয়েছেন। আমি গরীব ছিলাম। আল্লাহ্ আমাকে ধনী বানিয়েছেন। এখন তুমি যা চাও নিয়ে যাও। আল্লাহ্র কসম! আল্লাহ্র ওয়াস্তে তুমি যা কিছু নেবে তার বিনিময় আজ আমি তোমার কাছে কোন প্রশংসাই পাওয়ার দাবী করবো না। তখন ফেরেশ্তা বললেন, তোমার সম্পদ তুমি রেখে দাও। আমি তো তোমাদেরকে শুধু পরীক্ষা করেছিলাম (তা হয়ে গেছে)। আল্লাহ্ তোমার ওপর সম্ভট হয়েছেন আর তোমার সাথী দু'জনের ওপর হয়েছেন নারাজ। (বুখারী, হাদীস নং ৩৪৬৪)

৮২. তুমি মানবমণ্ডলীর মধ্যে মুসলমানদের সাথে অধিক শক্রতা পোষণকারী পাবে এ ইয়াহুদী ও মুশরিকদেরকে, আর তন্যুধ্যে মুসলমানদের সাথে বন্ধুত্ব রাখার অধিকতর নিকটবর্তী ঐসব লোককে পাবে. যারা নিজেদেরকে নাসারা বলে, এটা এ কারণে যে, তাদের মধ্যে বহু জ্ঞানপিপাসু আলেম এবং আবেদ বান্দা রয়েছে. আর এই

কারণে যে, তারা অহংকারী নয়।

لَتَجِدَنَ آشَكَ النَّاسِ عَدَاوَةً لِّكَنِينَ أَمَنُوا الْيَهُوْدَ وَالَّذِيْنَ اَشُرَكُوا ۗ وَلَتَجِدَنَّ اَقُربَهُمْ مَّوَدَّةً لِّلَّذِيْنَ أَمَنُوا الَّذِيْنَ قَالُوْاَ إِنَّا نَصْرَى طَذْلِكَ بِأَنَّ مِنْهُمْ قِسِّيْسِيْنَ وَ رُهْبَانًا وَّ أَنَّهُمُ لا يَسْتَكُبُرُون ⊕

৮৩. আর যখন তারা তা শ্রবণ করে. যা রাসূল (鑑)-এর প্রতি নাযিল হয়েছে. তখন তুমি দেখতে পাও যে. তাদের চোখে অঞ্চ বইতে করে. এ কারণে যে, তারা সত্যকে উপলব্ধি করতে পেরেছে, তারা এরূপ বলেঃ হে আমাদের প্রতিপালক! আমরা মু'মিন হয়ে গেলাম সুতরাং আমাদেরকেও ঐসব লোকের সাথে লিপিবদ্ধ করে নিন, যারা (মুহাম্মাদ 🌋 ও কুর'আনকে সত্য বলে) স্বীকার করে।

৮৪. আর আমাদের কি এমন ওযর আছে যে. আমরা ঈমান আনবো না আল্লাহর প্রতি এবং সেই সত্যের প্রতি যা আমাদের কাছে পৌছেছে? অথচ এ আশা রাখবো যে, আমাদের প্রতিপালক নেককারদের সাথে আমাদেরকে শামিল করবেন।

৮৫ ফলতঃ তাদের ╝ উক্তির বিনিময়ে আল্লাহ তাদেরকে এমন জানাতসমূহ প্রদান করবেন, তলদেশে নহর বইতে থাকবে. তারা তাতে অনম্ভকাল অবস্থান করবে। এটা সৎকর্মশীলদের প্রতিদান।

৮৬. আর যারা কাফির হয়েছে এবং আমার আয়াতসমূহকে মিথ্যা অভিহিত করেছে, তারা হবে জাহান্লামের অধিবাসী।

৮৭. হে মু'মিনগণ! আল্লাহ যেসব পবিত্র বস্ত্রগুলিকে তোমাদের জন্যে হালাল করেছেন সেগুলোকে হারাম করো না এবং সীমালজ্ঞ্যন করো না নিশ্চয়ই আল্লাহ সীমালজ্বনকারীদের পছন্দ করেন না।

وَ إِذَا سَبِمِعُوا مِنَا أُنْذِلَ إِلَى الرَّسُولِ تَزَى اَعْيُنَهُمْ تَفِيْضُ مِنَ الدَّمْعَ مِمَّاعَرَفُوْا مِنَ الْحَقِّ يَقُولُونَ رَبَّنَا أَمَنَّا فَاكْتُبُنَا مَعَ الشَّهِدِينَ ٠

وَمَا لَنَا لَا نُؤْمِنُ بِاللَّهِ وَمَا جَآءَنَا مِنَ الْحَقِّ وَنَظْمَعُ أَنُ يُّدُخِلَنَا رَبُّنَا صَعَ الْقَوْمِ السَّلِحِينَ @

فَأَثَابِهُمُ اللهُ بِمَا قَالُواْ جَنَّتِ تَجْدِي مِنْ تَخْتِهَا الْأَنْهُرُ خُلِدِيْنَ فِيهَا ﴿ وَذٰلِكَ جَزَاءُ الْمُحْسِنِينَ ۞

> وَالَّذِيْنَ كَفَرُواْ وَكَنَّابُواْ بِأَيْتِنَّا ٱوْلَيْكَ ٱصْحٰبُ الْجَحِيْمِ ﴿

يَاكِيُّهَا الَّذِيْنُ امَنُوا لَا تُحَرِّمُوا طَيِّبْتِمَآ اَحَلَّاللهُ لَكُمْ وَلَا تَغْتَكُوا اللَّهِ اللَّهِ لَا يُحِبُّ الْمُغْتَدِينَ ﴿

৮৮. আর আল্লাহ তোমাদেরকে যা দান করেছেন তন্মধ্য হতে হালাল পবিত্র (রুচিকর) বস্তুগুলো ভক্ষণ কর এবং আল্লাহকে ভয় কর, যাঁর প্রতি তোমরা ঈমান রাখ।

৮৯ আল্লাহ তোমাদেরকে তোমাদের অনর্থক কসমগুলোর ব্যাপারে পাকডাও করবেন না: কিন্তু তিনি তোমাদেরকে ঐ কসমসমূহের জন্যে যেগুলোকে করবেন, পাকডাও দৃঢ়ভাবে (অর্থাৎ তোমরা কর, শপথ) ইচ্ছেকৃত সুতরাং কাফফারা হচ্ছে দশজন মিসকীনকে খাদ্য প্রদান করা মধ্যম ধরণের, যা তোমরা নিজ পরিবারের লোকদেরকে আহার করিয়ে থাক. অথবা তাদেরকে পরিধেয় বস্তু দান করা (মধ্যম ধরণের) অথবা ক্রীতদাস বা বাঁদী আযাদ করা, আর যে ব্যক্তি (এগুলোর কোন একটিও করতে) সমর্থ না হয়, তবে তার জন্য (একাধারে) তিনদিনের রোযা; এটা তোমাদের কসমসমূহের কাফ্ফারা যখন তোমরা কসম কর^১ (অতঃপর নিজেদের কর) এবং ভঙ্গ কসমসমূহের প্রতি রাখো: লক্ষ্য এরপেই আল্লাহ তোমাদের জন্যে وَكُلُوْا مِنَّا رَزَقَكُمُ اللهُ حَلَلًا طَيِّبًا ﴿ وَٓ اتَّقُوا اللهَ الَّذِئَ ٱنْتُمُ بِهِ مُؤْمِنُونَ ۞

১। (ক) আবু হুরাইরা (রাযিআল্লাহু আনহু) নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)- থেকে বর্ণনা করেন। তিনি বলেছেনঃ (পৃথিবীতে) আমাদের আগমন সকলের শেষে (কিন্তু) কিয়ামতের দিন আমরা সকলের আগে থাকবো। (বুখারী, হাদীস নং ৬৬২৪)

⁽খ) রাস্লুল্পাহ্ (সাল্পাল্লাছ আলাইহি ওয়াসাল্পাম) বলেছেনঃ আল্পাহ্র কসম! যদি তোমদের কেউ পরিবার-পরিজন সম্পর্কে কসম করে এবং সে এর কাফ্ফারা আদায় করার পরিবর্তে যা আল্পাহ্ ফর্য করেছেন-কসমে অটল থাকে, তাহলে সে ব্যক্তি আল্পাহর নিকট গোনাহুগার হবে। (বুখারী, হাদীস নং ৬৬২৫)

সূরা মায়িদা ৫

স্বীয় বিধানসমূহ বর্ণনা করেন, যেন তোমরা কৃতজ্ঞতা প্রকাশ কর।

৯০. হে মু'মিনগণ! নিশ্চয়ই মদ, জুয়া, মূর্তির বেদী^১ এবং শুভ অশুভ নির্ণয়ের তীর, এসব গর্হিত বিষয়, শয়তানী কাজ। সুতরাং এ থেকে সম্পূর্ণরূপে দূরে থাক. যেন তোমাদের কল্যাণ হয়।

৯১. শয়তান তো এটাই চায় যে, মদ ও জুয়া দারা তোমাদের পরস্পরের এবং আল্লাহর স্মরণ হতে ও নামায হতে তোমাদেরকে বিরত রাখে. সুতরাং এখনও কি তোমরা নিবৃত্ত হবে নাং

৯২. আর তোমরা আল্লাহর আনুগত্য করতে থাক ও রাসূল (ﷺ)-এর يَايَّهُا الَّذِينَ أَمَنُوْآ إِنَّهَا الْخَبُرُ وَالْمَيْسِرُ وَالْاَنْصَابُ وَالْاَزْلَامُ رِجْسٌ مِّنْ عَبَلِ الشَّيْطِينِ فَأَجْتَنِبُونَ لَعَلَّكُمُ تُفُلِحُونَ ٠

إِنَّهَا يُرِيدُ الشَّيْطِنُ أَنْ يُّوْقِعَ بَيْنَكُمُ الْعَدَاوَةَ विंभें कें वें وَالْخَمْرِ وَالْمَيْسِرِ وَيَصُلَّا كُمْ عَنْ ذِكْرِ अरधा माक्का ७ दिश्मा मृष्ठि करत اللهِ وَعَنِ الصَّلْوةِ ، فَهَلْ أَنْتُمُ مُّنْتَهُونَ ١

وَالِمِيْعُوا اللهَ وَاطِيعُوا الرَّسُولَ وَاحْنَارُوا ، فَإِنْ

১। আব্দুল্লাহ্ ইবনে উমর (রাযিআল্লাছ আনহুমা) রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) থেকে হাদীস বর্ণনা করেছেন যে, রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) আসফালে বালুদাহু নামক স্থানে যায়েদ ইবনে আমর ইবনে নুফাইলের সঙ্গে দেখা করতে যান। এটা ছিল রাসুলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর প্রতি অহী নাযিল হওয়ার পূর্বের ঘটনা। তখন (কোরাইশদের পক্ষ থেকে রাসূল (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম)-এর সামনে দস্তরখানা পেশ করা হল তখন) রাসুলুল্লাহ (সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম) যায়েদের সামনে দন্তরখানা পেশ ব্দরলেন। এতে গোশত ছিল। নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) তা থেকে খেতে রাজী হলেন না। পরে বললেন, তোমাদের দেব-দেবীদের নামে যা তোমরা জবেহ করো, তা আমি কখনো খাব না। আমি একমাত্র তা-ই খেয়ে থাকি, যা আল্লাহুর নামে জবেহ করা হয়। (বুখারী, হাদীস নং ৫৪৯৯)

২। আবদুর রহমান ইবনে গানাম আশ'আরী বলেছেন, আবৃ আমের (রাযিআল্লান্থ আনন্থ কিংবা আবৃ মালেক আর্শ (রাযিআল্লান্থ আনন্ত) আমার নিকট বর্ণনা করেছেন-আর আল্লাহর কসম! তিনি মিথ্যা বলেননি, তিনি নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম)-কে বলতে ওনেছেন, আমার উন্মতের মধ্যে এমন অনেক সম্প্রদায় পয়দা হবে, যারা যেনা-ব্যক্তিচার, রেশমী কাপড ব্যবহার, মদ্যপান ও গান-বাদ্যকে হালাল মনে করবে। আর অনেক সম্প্রদায় এমনও হবে, যারা পর্বতের পাদদেশে বসবাস করতে। গোধলি-লগ্নে যখন তারা তাদের পশু-পাল নিয়ে ফিরে চলবে, এমনি সময় তাদের নিকট কোন গরছে ফকীর আসবে। তারা ফকীরকে বলবে, আগামীকাল সকালে আমাদের কাছে এসো। রাতের অন্ধকারেই আল্লাহ তাদেরকে ধ্বংস করে দিবেন এবং (তাদের ওপর) পর্বতটিকে ধ্বসিয়ে দিবেন। অন্যান্যদেরকে কিয়ামত পর্যন্ত বানর ও শুকর বানিয়ে রাখবেন। (বুখারী, হাদীস নং ৫৫৯০)

আনুগত্য করতে থাক এবং সতর্ক থাক, আর যদি বিমুখ থাক তবে জেনে রাখো যে, আমার (紫)-এর দায়িত্ব ছিল স্পষ্টভাবে (আদেশ) পৌছিয়ে দেয়া। ৯৩. যারা ঈমান আনে ও ভাল কাজ করে. এরূপ লোকদের উপর তাতে কোন গুনাহ নেই যা তারা পানাহার করেছে, যখন তারা আল্লাহর ভয় করে এবং ঈমান আনে ও ভাল কাজ করে, পুনঃ আল্লাহকে ভয় করতে থাকে এবং ঈমান আনে, পুনঃ আল্লাহকে ভয় করতে থাকে ও ভাল কাজ করতে থাকে; বস্তুতঃ আল্লাহ এরপ সংকর্মশীলদেরকে ভালবাসেন

৯৪. হে মু'মিনগণ! তোমাদেরকে কতক শিকারের দ্বারা পরীক্ষা করবেন, যেগুলো তোমাদের হাত ও তোমাদের বল্লম পৌছতে পারবে, এই উদ্দেশ্যে যে, আল্লাহ জেনে নেবেন, কে তাঁকে না দেখে ভয় করে? সূতরাং যে ব্যক্তি এরপরও সীমালজ্ঞান করবে, তার জন্যে যন্ত্রণাদায়ক শাস্তি রয়েছে।

فَلَتَّا رَا الْقَبَرَ بَازِغًا قَالَ هٰذَا رَبِّيُ عَ فَلَتَّا اَفَلَ قَالَ لَذِنْ لَمْ يَهْدِنِيُ رَبِّى لَا كُوْنَنَّ مِنَ الْقَوْمِ الشَّالِيْنَ @

9b. అంకి यथन তिनि সূর্যকে وَكُبُوا وَكُنُ هُذَا اللّهُ مُسَا اللّهُ مَا اللّهُ مَنَا اللّهُ مَنْ اللّهُ اللّ

إِنِّى ُ وَجَّهُتُ وَجُهِىَ لِلَّذِئِ فَطَرَالشَّلُوتِ وَالْاَرُضَ حَنِيْفًا وَمَا اَنَا مِنَ الْمُشْرِكِيْنَ ۞ ৮০. আর তার জাতির লোকেরা তার সাথে ঝগডা করতে থাকলে কি তাদেরকে বললোঃ তোমরা আমার আল্লাহর ব্যাপারে সাথে ঝগড়া করছো? অথচ তিনি আমাকে সঠিক পথের সন্ধান দিয়েছেন! তোমরা আল্লাহর সাথে যা কিছ শরীক করছো আমি ওটাকে ভয় করি না তবে যদি আমার প্রতিপালক কিছ চান, প্রতিটি বস্তু সম্পর্কে আমার প্রতিপালকের জ্ঞান খুবই ব্যাপক, এর পরও কি তোমরা উপদেশ গ্রহণ করবে না?

৮১. তোমাদের মনগড়া ও বানানো শরীকদেরকে আমি কী রূপে ভয় করতে পারি? অথচ তোমরা এই ভয় করছো না যে, আল্লাহর সাথে যাদেরকে তোমরা শরীক করছো তাদের ব্যাপারে আল্লাহ তোমাদের কাছে কোন দলীল প্রমাণ অবতীর্ণ করেননি, আমাদের দুই দলের মধ্যে কারা অধিকতর শান্তি ও নিরাপত্তা লাভের অধিকারী যদি তোমাদের জানা থাকে, তবে বল তো?

৮২. প্রকৃতপক্ষে তারাই শান্তিও নিরাপত্তার অধিকারী। যারা ঈমান এনেছে এবং নিজেদের ঈমানকে যুলুমের সাথে (শিরকের সাথে) সংমিশ্রিত করেনি এবং তারাই হেদায়েতপ্রাপ্ত।

৮৩. আর এটাই ছিল আমার যুক্তি-প্রমাণ, যা আমি ইবরাহীম (ﷺ)-কে তার স্বজাতির মোকাবিলায় দান وَحَاجَهُ قُوْمُهُ ﴿ قَالَ اَتُحَاجُّوَنِيْ فِى اللَّهِ وَقَدُ هَلْ سِ ﴿ وَلَاۤ اَخَافُ مَا تُشْرِكُوْنَ بِهَ اِللَّاۤ اَنُ يَشَاءَ رَبِّىُ شَيْئًا ﴿ وَسِعَ رَبِّى كُلَّ شَى ۚ عِلْمًا ۗ اَفَلَا تَتَنَاكُنُوْنَ ۞

وَكَيْفَ آخَافُ مَآ آشُرَكْتُمُ وَلَا تَخَافُوْنَ آئَكُمُ آشُرَكْتُمُ بِاللهِ مَآلَمُ يُنَزِّلْ بِهِ عَلَيْكُمُ سُلْطْنًا ﴿ فَاَيُّ الْفَرِيْقَيْنِ آحَقُ بِالْاَمْنِ عَلَيْكُمُ سُلْطُنَا مُ تَعْلَمُوْنَ ﴿

ٱلَّذِيْنَ امَنُوْا وَلَمْ يَلْبِسُوْٓا إِيْمَانَهُمْ بِظُلْمِهِ اُولَيْهِكَ لَهُمُ الْأَمُنُ وَهُمْ مُّهْتَدُوْنَ ﴿

وَ تِلْكَ حُجَّتُنَا اللَّيْنَهَا إِبْرَاهِيْمَ عَلَى قَوْمِهِ مَ نَرْفَعُ دَرَجْتٍ مَّنْ نَشَآءُ مَ إِنَّ رَبَّكَ حَكِيْمٌ عَلِيْمٌ ﴿ করেছিলাম, আমি যাকে ইচ্ছা করি সম্মান-মরতবা ও মহত্ত্ব বাড়িয়ে দিয়ে থাকি, নিঃসন্দেহে তোমার প্রভূ প্রজ্ঞাময় ও বিজ্ঞ।

৮৪. আমি তাকে, (ইব্রাহীম ব্রুট্রা)কে ইসহাক (ব্রুট্রা) ও ইয়াকুব
(প্রুট্রা)-কে দান করেছি এবং
প্রত্যেককেই সঠিক পথের সন্ধান
দিয়েছি, আর তার পূর্বে (এমনি
ভাবে) নৃহ (প্রুট্রা)-কেও সঠিক পথের
হিদায়াত দিয়েছি; আর তার
(ইবরাহীমের) বংশের মধ্যে দাউদ,
সুলাইমান, আইয়ুব, ইউসুফ, মূসা ও
হারন (প্রুট্রা)-কে এমনিভাবেই সঠিক
পথের সন্ধান দিয়েছি; এমনিভাবেই
আমি সং ও পুণ্যশীল লোকদেরকে
প্রতিদান দিয়ে থাকি।

৮৫. আর যাকারিয়া প্রুট্রা, ইয়াহ্ইয়া প্রুট্রা, ঈসা প্রুট্রা ও ইলিয়াস প্রুট্রা, তারা প্রত্যেকেই সৎ লোকদের অন্তর্ভুক্ত ছিলেন।

৮৬. আর ইসমাঈল প্রান্ত্রা, ইয়াসাঅ' প্রান্ত্রা, ইউনুস প্রান্ত্রা ও লৃত প্রান্ত্রা এদের প্রত্যেককেই আমি নবুওয়াত দান করে সমগ্র বিশ্বের উপর মহত্ত্ব ও শ্রেষ্ঠত্ব দান করেছি।

৮৭. আর এদের বাপ-দাদা, সম্ভান-সম্ভতি, ভাইদের মধ্যে অনেককে আমি নির্বাচিত করে নিয়েছি এবং সঠিক ও সোজা পথে পরিচালিত করেছি। وَوَهُبُنَاكَةَ اِسْخَقَ وَيَعْقُوْبَ مَ كُلَّاهَدَيْنَا ۚ وَنُوْحًا هَدَيْنَا مِنْ قَبْلُ وَمِنْ ذُرِّيَّتِهِ دَاوْدَ وَسُلَيْلَنَ وَاَيُّوْبَ وَيُوسُفَ وَمُوْسَى وَهْرُوْنَ مُ وَكَذْلِكَ نَجْزِى الْمُحْسِنِيْنَ ﴿

وَزُكِرِيًّا وَيَخِيلُ وَعِيْلُى وَالْيَاسُ كُلٌّ مِّنَ الصّْلِحِيْنَ ﴿

وَاِسْلِعِیْلَ وَالْیَسَعَ وَیُوْشُ وَلُوْطًا ۗ وَکُلَّا فَطَّلْنَا عَلَى الْعَلَمِیْنَ ﴿

وَمِنُ ابَالِهِمُ وَ ذُرِّيْتِهِمُ وَالْخَوَانِهِمُ ۚ وَاجْتَبَيْنَاهُمُ وَهَنَيْنَاهُمُ اللَّ صِرَاطٍ مُّسْتَقِيْمٍ۞

و اذاسمعوا ک

৮৮. এটাই আল্লাহর হিদায়াত; তিনি তাঁর বান্দার মধ্যে যাকে চান এ পথে পরিচালিত করেন; কিন্তু তারা যদি শির্ক করতো তবে তারা যা কিছুই করতো, সবই নষ্ট হয়ে যেতো।

৮৯. এরা ছিল সেই লোক, যাদেরকে আমি কিতাব, প্রজ্ঞা বা বিচক্ষণতা ও নবুওয়াত দান করেছি, সুতরাং যদি এরা অস্বীকারও করে, তবে তাদের স্থলে আমি এমন এক জাতিকে নিয়োগ করবো, যারা ওটা অস্বীকার করে না।

৯০. এরা হচ্ছে ওরাই, যাদেরকে আল্লাহ হিদায়াত দান করেছিলেন, সুতরাং তুমিও তাদের হিদায়াতের পথ অনুসরণ করে চল, তুমি বলে দাওঃ আমি এর বিনিময়ে তোমাদের কাছে কোন কিছুই পারিশ্রমিক প্রার্থনা করি না, আর এই কুরআন সমগ্র জগতবাসীর জন্যে উপদেশ ছাড়া কিছুই নয়।

৯১. এই লোকেরা আল্লাহ তা'আলার যথাযথ মর্যাদা উপলব্ধি করেনি। কেননা, তারা বললাঃ আল্লাহ কোন মানুষের উপর কোন কিছুই অবতীর্ণ করেনিন; (হে নবী 變) তুমি তাদেরকে জিজ্ঞেস করঃ মানুষের হিদায়াত ও আলোকবর্তিকারূপে যে কিতাব মৃসা (冷學) এনেছিলেন, তা কে অবতীর্ণ করেছিল? তোমরা সেকিতাব খন্ড খন্ড করে বিভিন্ন পত্রে রেখেছো, ওর কিয়দাংশ তোমরা প্রকাশ করছো এবং বহুলাংশ গোপন

ذٰلِكَ هُكَى الله يَهُدِى بِهٖ مَنْ يَّشَاءُ مِنْ عِبَادِهٖ ۖ وَلَوْ اَشْرَكُوْا لَحَبِطَ عَنْهُمُ مَّا كَانُوا يَعْمَلُوْنَ ۞

اُولَلِكَ الَّذِيْنَ التَّيْنَهُمُ الْكِتْبَ وَالْحُكْمَ وَالنَّبُوَّةَ * فَانَ يَكُفُرُ بِهَا هَؤُكَرَ فَقَدُ وَكَلْنَا بِهَا قَوْمًا لَّيُسُوْا بِهَا بِكُفِرِيْنَ ﴿

ٱوْلَيْكَ الَّذِيْنَ هَدَى اللَّهُ فَبِهُلْ هُمُ اقْتَدِهُ ﴿ قُلْ لِاَّ اَسْتَكُكُمْ عَلَيْهِ اَجْرًا لِأِنْ هُوَ اِلَّا ذِكْرَى لِلْعَلَمِيْنَ ﴿

وَمَا قَدَرُوا اللهَ حَقَّ قَدْرِةَ إِذْ قَالُواْ مَا آنُوَلَ اللهُ عَلَى بَشَرٍ مِّنْ شَيْءٍ لَا قُلُمَنْ آنُوَلَ الْكِتْبَ الَّذِي جَاءَ بِهِ مُولِمِي نُوْرًا وَّهُدًى لِلنَّاسِ تَجْعَلُونَهُ قَرَاطِيسَ تُبْدُونَهَا وَتُخْفُونَ كَثِيْرًا ۚ وَعُلِّمُتُمُ مَّا لَمُ تَعْلَمُوْآ آنَتُمْ وَلَا آبَا وَكُمْ لِقُلِ اللهُ لِأَثْمَ ذَرُهُمْ فِي خَوْضِهِمْ يَلْعَبُونَ ۞

রাখছো, (ঐ কিতাব দ্বারা) তোমাদেরকে বহু বিষয়ে অবহিত করা হয়েছে, যা তোমরা ও তোমাদের পূর্বপুরুষরা জানতে না; তুমি বলে দাওঃ তা আল্লাহই অবতীর্ণ করেছেন। সূতরাং তুমি তাদেরকে তাদের বাতিল ধারণার উপর ছেড়ে দাও, তারা (নিরর্থক আলোচনার) খেলা করতে থাকুক।

৯২. আর এ কিতাবও (কুরআন) আমিই অবতীর্ণ করেছি; যা খুব বরকতময় কিতাব এবং পূর্বের সকল কিতাবকে সত্যায়িত করে থাকে, যেন তুমি কেন্দ্রীয় মক্কা নগরী এবং ওর চতুম্পার্শ্বস্থ জনপদের লোকদেরকে এর দ্বারা সতর্ক কর। যারা আখেরাতে বিশ্বাস করবে তারা এর প্রতি ঈমান আনবে, আর তারা নিয়মিতভাবে শ্বীয় নামাযের সংরক্ষণ করে থাকে।

৯৩. আর ঐ ব্যক্তি অপেক্ষা অধিক অত্যাচারী কে হতে পারে আল্লাহর প্রতি মিথ্যারোপ করেছে? অথবা এরূপ বলেঃ আমার উপর ওহী নাযিল করা হয়েছে, অথচ তার উপর প্রকৃতপক্ষে কোন ওহীই নাযিল করা হয়নি এবং যে ব্যক্তি এরূপ বলেঃ নাযিল যেরূপ কালাম আল্লাহ আমি করেছেন তদ্মপ আনয়ন করছি; আর তুমি যদি দেখতে পেতে (ঐ সময়ের অবস্থা) যে যালিমরা সম্মুখীন হবে মৃত্যু যন্ত্রণায়; ফেরেশ্তারা হাত আর বলবেঃ নিজেদের প্রাণগুলো

وَهٰنَاكِتُكُ اَنْزَلْنَهُ مُلِرَكٌ مُّصَدِّقُ الَّذِيْنَ بَيْنَ يَكَيْهِ وَلِتُنْذِرَ المَّ الْقُرْى وَمَنْ حَوْلَهَا ﴿ وَالَّذِيْنَ يُؤْمِنُونَ بِالْخِرَةِ يُؤْمِنُونَ بِهِ وَهُمْ عَلَى صَلاتِهِمْ يُحَافِظُونَ ﴿

وَمَنُ اَظْلُمُ مِثِّنِ افْتَرَى عَلَى اللهِ كَذِبًا أَوْ قَالَ أُوْجِى إِلَىٰ وَلَمْ يُؤْحِ إِلَيْهِ شَمَّءٌ وَمَنْ قَالَ سَائْذِلُ مِثْلَ مَا أَنْزَلَ اللهُ ﴿ وَلَوْ تَزَى إِذِ الظّٰلِمُونَ فِى غَمَارِتِ الْمَوْتِ وَالْمَلَلْيِكَةُ بَاسِطُوْا آيُدِيفِهِمْ الْخِرُجُوا آنفُسُكُمْ ﴿ الْيُوْمَ تُجُزُونَ عَذَابَ الْهُونِ بِمَا كُنْتُمْ تَقُولُونَ عَلَى اللهِ غَيْرَ الْحَقِّ وَكُنْتُمْ عَنْ اليتِهِ تَسْتَكْبِرُونَ ﴿

কর, আজ তোমাদেরকে সেসব অপরাধের শান্তি হিসেবে লাঞ্ছনাময় শান্তি দেয়া হবে যে, তোমরা আল্লাহর উপর মিথ্যা দোষারোপ করে অকারণ প্রলাপ বকছিলে এবং তাঁর আয়াতসমূহ কবূল করা হতে অহংকার করছিলে।

৯৪. আর তোমরা আমার কাছে এককভাবে এসোছো, যেভাবে প্রথমবারে আমি তোমাদেরকে সৃষ্টি করেছিলাম, আর যা কিছু আমি তোমাদেরকে দিয়েছিলাম তা তোমরা নিজেদের পশ্চাতেই ছেড়ে এসেছো. আর আমি তো তোমাদের সাথে তোমাদের সেই সুপারিশকারীদেরকে দেখছি না যাদের সম্বন্ধে তোমরা দাবী করতে যে, তারা তোমাদের কাজেকর্মে (আমার) শরীক, বাস্ত বিকই তোমাদের পরস্পরের সম্পর্ক وَلَقُلْ جِئْتُمُونَا فُرَادَى كَبَا خَلَقُنُكُمْ أَوَّلَ مَرَّةٍ وَتَرَكْتُمُ مَّا خَوِّلْنَكُمْ وَرَآءَ ظُهُورِكُمْ ، ومَا نَزى مَعَكُمْ شُفَعَاءَكُمُ الَّذِيْنَ زَعَمْتُمْ الْهُمْ فِيْكُمْ شُرَكَوا م لَقَلْ تَقَطَّعَ بَيْنَكُمْ وَضَلَّ عَنْكُمْ مَّا كُنْتُمْ تَزْعُمُونَ ﴿

১। (ক) বারা ইবনে আযেব (রাযিআল্লান্থ আনন্ধ) থেকে বর্ণিত, নবী (সাল্লাল্লান্থ আলাইথি ওয়াসাল্লাম) বলেছেন, ঈমানদার ব্যক্তিকে যখন তার কবরে তুলে বসান হয় এবং তার কাছে কেরেশৃতা পাঠান হয়। সে তখন এ বলে সাক্ষ্য প্রদান করে, লা-ইলাহা ইল্লাল্লান্থ ওয়া আন্না মুহাম্মাদার রাস্পুল্লাহ্ (অর্থঃ আল্লাহ্ ব্যতীত সত্য কোন প্রভু নেই, আর মুহাম্মাদ [সাল্লাল্লান্থ আলাইথি ওয়াসাল্লাম] আল্লাহ্র রাসূল) এ সম্পর্কেই আল্লাহ্ বলেছেন, একটি প্রতিষ্ঠিত কথা দ্বারা আল্লাহ্ তা'আলা দুনিয়া ও আঝেরাতে ঈমানদারদেরকে অবিচল রাখবেন। (বুখারী, হাদীস নং ১৩৬৯)

⁽খ) আনাস (রাযিআল্লাছ আনহু) থেকে বর্ণিত, নবী (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, বান্দাকে যখন কবরে রাখা হয় এবং তার বন্ধু-বান্ধব সেখান থেকে ফিরে চলে যায়। সে তখনও তাদের জুতার আওয়াজ শুনতে পায়। এমন সময় তার নিকট দু'জন ফেরেশ্তা আসেন এবং তাকে বসিয়ে দেন। মুহাম্মাদ (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) কে দেখিয়ে জিজ্ঞেস করেন এ লোকটি সম্পর্কে তুমি কি বলতে? সে তখন বলবে, আমি সাক্ষ্য প্রদান করছি, তিনি আল্লাহ্র বান্দা ও তার রাস্লা! তখন তাকে বলা হবে, দোযথে তোমার স্থানটি দেখে নাও। সেটি পরিবর্তন করে আল্লাহ্ তোমাকে বেহেশ্তে একটি জায়গা প্রদান করেছেন। সে দু'টিই একসাথে দেখতে পাবে। কিম্ব কাক্ষের বা মুনাক্ষেক বলবে, আমি কিছু জানিনা অন্যান্য লোকেরা যা বলত আমিও তাই বলতাম। তখন তাকে বলা হবে, তুমি জানতেও না বুঝতেও না। এরপর লোহার একটি মুগুর দিয়ে উভয় কানে এমন জোরে আঘাত করা হবে যে, সে ভয়ানকভাবে চিৎকার করতে থাকবে। জ্বিন ও মানুষ্ব ছাড়া নিকটবর্তী স্বাই তার এ চিৎকার শুনতে পাবে। (বুখারী, হাদীস নং ১৩৩৮)

তো বিচ্ছিন্ন হয়ে গেছে. আর তোমরা যা কিছু ধারণা করতে তা সবই আজ ভ্রান্ত প্রমাণিত হয়েছে।

৯৫. নিশ্চয়ই দানা ও বীজ উৎপাদন-হচ্ছেন আল্লাহ, কারী তিনিই জীবন্তকে প্রাণহীন থেকে বের করেন এবং তিনিই প্রাণহীনকে নির্গতকারী জীবন্ত হতে, তিনিই তো আল্লাহ, তোমরা উদভান্ত তাহলে (লক্ষভ্ৰষ্ট হয়ে) কোথায় যাচ্ছো?

৯৬. তিনিই রাত্রির আবরণ বিদীর্ণ করে সুপ্রভাতের উন্মেষকারী তিনিই রজনীকে বিশ্রামকাল এবং সূর্য ও সময়ের নিরূপক চন্দ্ৰকে দিয়েছেন; এটা হচ্ছে সেই পরম পরাক্রান্ত ও মহাজ্ঞানী (আল্লাহর) নিৰ্ধাবণ 🛭

৯৭. আর তিনিই তোমাদের জন্যে নক্ষত্ররাজিকে^১ সৃষ্টি করেছেন তোমরা এগুলোর সাহায্যে অন্ধকারে পথের সন্ধান পেতে পার, স্থলভাগেও নিশ্চয়ই সমূদ্রেও; এবং প্রমাণসমূহ খুব বিশদভাবে বর্ণনা করে দিয়েছি ঐসব লোকের জন্যে যারা জ্ঞান রাখে।

৯৮. তিনিই তোমাদেরকে এক ব্যক্তি সৃষ্টি হতে করেছেন সুতরাং انَّ اللهَ فَإِلَّقُ الْحَبِّ وَالنَّوْيِ لِيُغْرِجُ الْحَيَّ مِنَ الْمَيِّتِ وَمُغْرِجُ الْمَيِّتِ مِنَ الْحَقِّ طَذَٰلِكُمُّ اللهُ فَأَنَّى ثُونُونُ اللَّهُ اللَّهُ إِنَّ اللَّهُ اللَّهُ إِنَّ فَاللَّهُ إِنَّ فَاللَّهُ أَنَّ فَاللَّهُ أَنَّ

و اذاسبعوا ک

فَالِقُ الْإِصْبَاحِ وَجَعَلَ الَّيْلَ سَكَنَّا وَالشَّبْسَ وَالْقَبُرَ حُسْبَانًا طذلك تَقُدِيرُ الْعَزِيْزِ الْعَلِيْمِ الْ

وَهُوَ الَّذِي جَعَلَ لَكُمُّ النُّجُوْمَ لِتَهُتَدُوا بِهَا فِي ظُلُبتِ الْكِرِّ وَالْمَحْرُ قُلْ فَصَّلْنَا الْأَيْتِ لِقَوْمٍ يَعْلَمُونَ ٠

وَهُوَ الَّذِينَى ٱنْشَاكُمْ مِّنُ نَّفْسٍ وَّاحِدَةٍ فَمُسْتَقَرُّ

১। কাতাদা বলেনঃ আল্লাহ্ তা'আলার বাণী "আমি নিকটবর্তী আকাশকে সুশোভিত করেছি প্রদীপমালা দ্বারা।" (সূরাঃ মূলক-৫) আল্লাহ্ তা'আলা এ সমস্ত প্রদীপমালাকে তিন উদ্দেশ্যে সৃষ্টি করেছেন। (১) তিনি (প্রথম) আকাশকে এর মাধ্যমে সুশোভিত করেছেন, (২) শয়তানের প্রতি নিক্ষেপের উপকরণ হিসেবে ও (৩) পথিকের পথ নির্দেশনার জন্য।

যে ব্যক্তি এ'তিন কারণ ছাড়া অন্য কোন অর্থে এর ব্যাখ্যা করবে সে ভূল করবে এবং তার সময় ও অংশ (অর্থাৎ ঈমান) নষ্ট করল এবং যে সম্পর্কে তার কোন জ্ঞান নেই তার প্রতি ব্যর্থ চেষ্টা করল। (বুখারী)

(প্রত্যেকের জন্যে) একটি স্থল অধিক
দিন থাকবার জন্যে এবং একটি স্থল
অল্প দিন থাকবার জন্যে রয়েছে
(অর্থাৎ দীর্ঘ ও স্বল্পকালীন বাসস্থান)।
এই নিদর্শনসমূহ আমি তাদের জন্যে
সুস্পষ্টভাবে বর্ণনা করলাম যাদের
বৃদ্ধি-বিবেচনা আছে।

৯৯. আর তিনি আকাশ হতে পানি বর্ষণ করেছেন, এর সাহায্যে সব রকমের উদ্ভিদ আমি (আল্লাহ) উৎপন্ন করেছি: অতঃপর তা থেকে সবুজ শাখা বের করেছি, ফলতঃ তা থেকে আমি উপর্যুপরি (অর্থাৎ একটি উপর একটি) শষ্যদানা উৎপন্ন করে থাকি। আর খেজুর বৃক্ষ থেকে অর্থাৎ ওর পুল্পকলিকা থেকে ছড়া হয় যা নিম্ন দিকে ঝুঁকে পড়ে, আর আঙ্গুরসমূহের উদ্যান এবং যায়তুন ও আনার যা পরস্পর সাদৃশ্যযুক্ত ও সাদৃশ্যহীন, প্রত্যেক ফলের প্রতি লক্ষ্য কর যখন ওটা ফলে এবং এর পরিপক্ক হওয়ার প্রতি লক্ষ্য কর; এ সমূদয়ের মধ্যে নিদর্শনসমূহ রয়েছে তাদেরই জন্যে যারা ঈমান রাখে।

১০০. আর এ (অজ্ঞ) লোকেরা জ্বিনদেরকে আল্লাহ্র শরীক বানিয়ে নিয়েছে, অথচ আল্লাহই ওদেরকে সৃষ্টি করেছেন, আর না জেনে না বুঝে তারা তাঁর জন্যে পুত্র-কন্যা রচনা করে; তিনি মহিমান্বিত (পবিত্র), এদের আরোপিত বিশেষণ-গুলো হতে বহু উর্ধ্বে তিনি।

১০১. তিনি আসমান ও যমীনের স্রষ্টা; তাঁর সম্ভান হবে কী করে? وَمُسْتَوْدِيَ اللَّهِ قُلْ فَصَّلْنَا الْأَيْتِ لِقَوْمِ يَفْقَهُونَ ®

وَهُوالَّانِئَ اَنُزَلَ مِنَ السَّهَا مِمَاءً ۚ فَاخْرَخِنَا لِهِ نَبَاتَ كُلِّ شُّى ۚ فَاخْرَجْنَا مِنْهُ خَضِرًا تُّخْرِجُ مِنْهُ حَبَّا مُّتَوَاكِبًا ۚ وَمِنَ النَّخْلِ مِنْ طَلْحِهَا قِنُوانَّ دَانِيَةٌ وَّجَنَّتٍ مِّنْ اَعْنَابٍ وَالزَّيْتُونَ وَالرُّمَّانَ مُشْتَبِهًا وَعَيْر مُتَشَابِهٍ لِمَانُظُرُوۤ اللَّ ثَيْرِةَ إِذَا اَثْهَرَ وَيَنْعِهِ لَا إِنَّ فِي ذٰلِكُمْ لَالِتٍ لِقَوْمٍ يُؤْمِنُونَ ۞

وَجَعَلُوْا بِللهِ شُرَكَا ٓءَالْجِنَّ وَخَلَقَهُمْ وَخَرَقُوا لَهُ بَنِيْنَ وَبَنْتٍ بِغَيْرِعِلْمِ السُبْحَنَةُ وتَعَلَىٰ عَبَا يَصِفُونَ ﴿

بَدِنْيُّ السَّمْوٰتِ وَالْأَرْضُ أَنَّى يَكُوْنُ لَهُ وَلَكُّ وَلَمْ تَكُنُ

অথচ তাঁর জীবন সঙ্গিনীই কেউ নেই! তিনিই প্রত্যেকটি জিনিস সৃষ্টি করেছেন এবং প্রত্যেকটি জিনিস সম্পর্কে সর্বজ্ঞাত।

১০২. তিনি আল্লাহ তোমাদের প্রতিপালক, তিনি ছাড়া অন্য কেউই সত্য মা'বৃদ নেই, প্রত্যেক বস্তুরই স্রষ্টা তিনি, অতএব তোমরা তাঁরই ইবদত করতে থাকবে, তিনিই সব জিনিসের কার্যনির্বাহী।

১০৩. তাঁকে তো কারও দৃষ্টি পরিবেট্টন করতে পারে না, আর তিনি সকল দৃষ্টি পরিবেট্টনকারী এবং তিনি অতীব সৃক্ষদর্শী এবং সব বিষয়ে ওয়াকিফহাল।

১০৪. এখন নিশ্চয়ই তোমাদের কাছে তোমাদের প্রতিপালকের পক্ষ হতে সত্য দর্শনের উপায়সমূহ পৌছেছে, এখন যে ব্যক্তি নিজের গভীর দৃষ্টিতে অবলোকন করবে, সেনিজেরই কল্যাণ সাধন করবে, আর যে অন্ধ থাকবে সেনিজেই ক্ষতিপ্রস্ত হবে, আর আমি তো তোমাদের প্রহরী নই।

১০৫. এরপেই আমি বিভিন্নভাবে দলীল প্রমাণাদি সমূহ বর্ণনা করে থাকি যাতে লোকেরা বলেঃ তুমি কারও নিকট থেকে পড়ে নিয়েছো, আর যেন আমি একে বুদ্ধিমান লোকদের জন্যে প্রকাশ করে দেই।

১০৬. (হে মুহাম্মাদ 囊)! তোমার প্রতি তোমার প্রভুর পক্ষ থেকে যে ওহী নাযিল হয়েছে, তুমি তারই অনুসরণ করে চল, তিনি ছাড়া অন্য ڷؙؙۜۿؙڝٵؘڝؚڹڎٞ۠^ڐۅؘڂؘڶؘقؘػ۠ڷ*ۺٛ۫ۦٛ*ٷۿۅڽؚڴؙڷؚۺؽۛۦؚ عَلِيۡهُڙٛ؈

ۮ۬ڸڬؙؙٛؗؗؗۿؙؙؙۯڶڷ۠ۿؙۯڣٛٛڴۄؙ۫ٷٙٳڶۿٳڷۜٳۿۅٛٷ۫ڂؘٳڮؙۛػؙڸؚؖۺٛؽ۫ؖ ڣؙؙؙؙٛۼؠؙڎؙۏؙٷۿۅؘعڶؽػؙڸؚٞۺؘؽ۫ۦ۫ٷڮؽڵٞ؈

لَا تُنْرِكُهُ الْاَبْصَارُ نَوهُوَ يُنُارِكُ الْاَبْصَارَ ۚ وَهُوَ اللَّطِيفُ الْخَهِيْرُ۞

قَدْ جَاءَكُهُ بَصَا بِرُمِنْ رَبِّكُهُ ۚ فَكَنْ ٱبْصَرَ فَلِنَفْسِهِ ۗ وَمَنْ عَنِى فَعِلَيْهَا ﴿ وَمَا آنَا عَلَيْكُمْ بِحَفِيْظٍ ۞

وَكَذَٰلِكَ نُصَرِّفُ الْأَيْتِ وَلِيَقُوْلُواْ دَرَسْتَ وَلِبُكَيِّنَهُ لِقَوْمِ يَعْلَمُوْنَ ⊕

اِتَّعِعْ مَاَ اُوْتِيَ اِلَيْكِ مِنْ تَتِكَ ۖ لَاۤ اِلْهَ اِلاَّهُوَ ۗ وَاَعْرِضْ عَنِ الْمُشْرِكِيْنَ ۞

কেউই সত্য মা'বৃদ নেই, আর মুশরিকদের থেকে বিমুখ থাক।

১০৭. আর যদি আল্লাহর অভিপ্রায় হতো তবে এরা শিরক করতো না; আর আমি তোমাকে এদের পর্যবেক্ষক নিযুক্ত করিনি এবং তুমি তাদের উপর ক্ষমতা প্রাপ্তও নও।

মু'মিনগণ)! (হে আল্লাহকে বাদ দিয়ে যাদেরকে আহ্বান করে (ও ইবাদত করে) তোমরা তাদেরকে গালাগালি করো না, তাহলে তারা অজ্ঞানতাবশতঃ বৈরীভাবে আল্লাহকেই গালাগালি করবে, আমি শুরু এরূপেই প্রতিটি জনগোষ্ঠীর জন্যে তাদের আমলকে চাকচিক্যময় করে দিয়েছি. শেষ পর্যন্ত তাদেরকে তাদের প্রভুর কাছে ফিরে যেতে হবে, তখন তারা যা কিছু করতো তা তিনি তাদেরকে জানিয়ে দিবেন ।

وَلُوْشَاءَ اللَّهُ مَا اَشُرَّلُوا ﴿ وَمَاجَعَلُنْكَ عَلَيْهِمْ حَفِيْظًا ۚ وَمَا اَنْتَ عَلَيْهِمْ بِوَلِيْلِ ۞

وَلَا تَسُبُّوا الَّذِيْنَ يَكُعُونَ مِنْ دُوْنِ اللهِ فَيَسُبُّوا اللهَ عَنْ وَّا بِغَيْرِ عِلْمٍ لَكُنْ لِكَ زَيَّنَّا لِكُلِّ أُمَّةٍ عَمَلَهُمْ مُ ثُمَّ إِلَى رَبِّهِمْ مَّرْجِعُهُمْ فَيُنَتِئُهُمْ بِمَا كَانُواْ يَعْمَلُوْنَ ﴿

১। ইবনে উমর (রাযিআল্লান্থ্ আনন্থমা) থেকে বর্ণিত। রাস্লুল্লান্থ্ (সাল্লাল্লান্থ্ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ তোমাদের পূর্ববর্তী যুগের লোকদের মধ্যে তিনজন লোক ছিল। তারা পথ চলছিল। হঠাৎ তারা বৃষ্টির মধ্যে পড়ে গেল। তখন তারা এক গুহায় আশ্রয় নিল। অমনি তাদের গুহার মুখ (একটি পাথর চাপা পড়ে) বন্ধ হয়ে গেল। তাদের একজন অন্যজনকে বলল, বন্ধুগণ! আল্লাহ্র কসম! এখন সত্য ছাড়া আর কিছুই তোমাদেরকে মুক্ত করতে পারবে না। কাজেই তোমাদের প্রত্যেকের সেই জিনিসের উসীলায় দোয়া করা উচিত যে, ব্যাপারে জানা আছে যে, এ কাজটিতে সে সত্যতা বহাল রেখেছে। তখন তাদের একজন (এই বলে) দো'আ করলঃ হে আল্লাহ্! তুমি ভালো করেই জান যে, আমার একজন মজদুর ছিল। সে এক ফারাক চালের বিনিময়ে আমার কাজ করে দিয়েছিল। পরে সে চলে গিয়েছিল এবং মজুরিও নেয়নি। আমি তার মজুরী দিয়ে কিছু একটা করতে মনস্থ করলাম এবং কৃষি কাজে লাগালাম। এতে যা উৎপাদন হয়েছে, তার বিনিময়ে আমি একটি গাভী কিনলাম। অনেক দিন পর সেই মজদুরটি আমার নিকট এসে তার মজুরী দারী করল। আমি তাকে বললাম, এ গাভীটির দিকে তাকাও এবং তা হাকিয়ে নিয়ে যাও। সে জবাব দিল, ঠাটা করবেন না, আমার তো আপনার কাছে মাত্র এক ফারাক চালই পাওনা। আমি তাকে বললাম গাভীটি নিয়ে যাও। কেননা (তোমার) সেই এক ফারাক দ্বারা যা উৎপাদিত হয়েছে, তারই বিনিময়ে এটি খরিদ করা হয়েছে। তখন সে গাভীটি হাঁকিয়ে নিয়ে গেল। হে আল্লাহ্ যদি তুমি মনে কর তা আমি একমাত্র তোমার ভয়েই করেছি, তাহলে আমাদের (গুহার মুখ) থেকে (এ পাথরটি) সরিয়ে দাও। অতঃপর পাথরটি কিছুটা

১০৯. আর কঠিন অঙ্গীকার সহকারে আল্লাহর নামে কসম করে তারা বলেঃ কোন একটা নিদর্শন (মু'জিযা) তাদের কাছে আসলে তারা অবশ্যই ঈমান আনবে। (হে মুহাম্মাদ 變)! তুমি বলে দাওঃ নিদর্শনগুলো সমস্তই আল্লাহর অধিকারে। আর (হে মুসলমানরা)! কী করে তোমাদেরকে বুঝানো যাবে যে, নিদর্শন আসলেও তারা ঈমান আনবে না।

১১০. আর আমিও তাদের অন্তরের ও দৃষ্টির পরিবর্তন করে দিবো যেমনিভাবে তারা এর উপর প্রথমবার ঈমান আনেনি এবং আমি তাদেরকে তাদের অবাধ্যতার মধ্যেই বিভ্রাম্ভ থাকতে দিবো। وَاقْسَنُواْ بِاللَّهِ جَهْدَ اَيْمَانِهِمْ لَكِنْ جَاءَتْهُمُ اِيَةً لَيُوْمِنْنَ بِهَا لَا قُلُ إِنَّمَا الْأَلِثُ عِنْدَ اللهِ وَمَا يُشْعِرُكُمُ لِا أَنَّهَا إِذَا جَاءَتْ لَا يُؤْمِنُونَ @

وَنُقَلِّبُ اَفِيْ اَتُهُمْ وَاَبْصَارَهُمْ كَنَا لَمْ يُؤْمِنُوا بِهَ اَوَّلَ مَرَّةٍ وَّنَذَادُهُمْ فِي طُغْيَانِهِمْ يَعْمَهُونَ ﴿

সরে গেল। দ্বিতীয় যুবক দো'আ করল; হে আল্লাহ! তোমার যদি জানা থাকে (অর্থাৎ তোমার জানাই আছে) যে, আমার মা-বাপ খুব বুড়ো ছিলেন। আমি প্রতিরাতে তাঁদের জন্য আমার ছাগলের দুধ নিয়ে তাঁদের কাছে যেতাম। ঘটনাক্রমে একরাতে তাদের কাছে (দুধ নিয়ে) যেতে আমি দেরী করে ফেললাম। তারপর এমন সময় গেলাম, যখন তাঁরা উভয় ঘুমিয়ে পড়েছেন। আর আমার সম্ভানগুলো ক্ষুধায় ছটফট করছে। কিন্তু আমি আমার মা-বাপকে দুধ পান না করান পর্যন্ত আমার ক্ষুধায় কাতর ছেলেপেলেকে দুধ পান করাইনি। কেননা, তাঁদেরকে ঘুম থেকে জাগানটা আমি পছন্দ করিনি। অপরদিকে তাঁদেরকে বাদ দিতেও ভাল লাগেনি। কারণ, এ দুধটুকু পান না করালে তাঁরা উভয়েই খুবই দুর্বল হয়ে যাবেন। তাই (দুই হাতে) আমি (সারারাত) ভোর হয়ে যাওয়া পর্যন্ত (তাদের জাগার) অপেক্ষাই করেছিলাম। যদি তুমি জেনে থাক যে এটা করেছি আমি একমাত্র তোমারই ভয়ে, তাহলে আমাদের থেকে (পাথরটি) সরিয়ে দাও। অতঃপর পাথরটি তাদের থেকে আরেকটু সরে গেল। এমনকি তারা আসমান দেখতে পেল। সর্বশেষ যুবকটি দো'আ করল হে আল্লাহ্! তুমি জান যে, আমার একটি চাচাত বোন ছিল। সবার চেয়ে সে আমার নিকট অধিক প্রিয় ছিল। আমি তার সাথে (যৌনমিলনের) বাসনা করেছিলাম। কিন্তু আমি তাকে একশ দিনার না দেয়া পর্যন্ত সে রাজী হলো না। তখন আমি তা সংগ্রহে লেগে গেলাম। শেষ পর্যন্ত তা সংগ্রহে সক্ষম হলাম। তা নিয়ে তার নিকট আসলাম এবং এ একশ দিনার তাকে দিয়ে দিলাম। অতঃপর সে নিজেই নিজকে আমার নিকট সোপর্দ করল। আমি যখন তার দু'পায়ের মাঝখানে বসলাম, তখন সে বলে উঠল, আল্লাহকে ভয় কর এবং (শরীয়াতের বিধান মতে) অধিকার লাভ করা ছাড়া আমার কুমারীত্ব নষ্ট করো না। আমি তখন উঠে গিয়েছিলাম এবং একশ দিনারও ত্যাগ করেছিলাম। তুমি যদি জান যে, আমি একমাত্র তোমার ভয়েই তা করেছি, তাহলে তুমি আমাদের থেকে (পাধরটি) সরিয়ে দাও। তখন আল্লাহ্ তা'আলা তাদের (শুহার মুখ) থেকে (পাধরটি) সরিয়ে দিলেন। অতঃপর তারা (শুহা থেকে) বেরিয়ে আসল। (বুখারী, হাদীস নং ৩৪৬৫)

১১১. আর যদি আমি তাদের কাছে ফেরেশ্তাও অবতীর্ণ করতাম, আর মৃতগণও যদি তাদের সাথে কথাবার্তা বলতো এবং দুনিয়ার সমস্ত বস্তুও যদি আমি তাদের চোখের সামনে সমবেত করতাম, তবুও তারা ঈমান আনতো না আল্লাহর ইচ্ছা ব্যতীত; কিন্তু তাদের অধিকাংশই অজ্ঞ।

১১২. আর এমনিভাবেই প্রত্যেক নবীর জন্যে বহু শয়তানকে শত্রুরূপে সষ্টি করেছি, তাদের কতক শয়তান মানুষের মধ্যে এবং কতক শয়তান জিনদের হতে হয়ে থাকে. এরা একে অন্যকে কতগুলো মনোমুগ্ধকর ও চাকচিক্য কথা দ্বারা প্ররোচিত করে থাকে। কারণ যেন তারা ধোঁকায় পতিত হয়। তোমার প্রতিপালকের ইচ্ছা হলে তারা এমন কাজ করতে পারতো না, সুতরাং তুমি তাদেরকে এবং তাদের মিথ্যা রচনাগুলোকে বর্জন করে চলবে।

১১৩. (তাদের এরপ প্ররোচনামূলক কথার উদ্দেশ্য হলো) যারা পরকালের প্রতি ঈমান রাখে না তাদের অন্তরকে ঐ দিকে অনুরক্ত করা; এবং তারা যেন তাতে সম্ভষ্ট থাকে আর তারা যেসব কাজ করে তা যেন তারাও করতে থাকে।

১১৪. (হে মুহাম্মাদ ﷺ! তুমি তাদেরকে জিজ্জেস কর) তবে কি আমি আল্লাহকে বর্জন করে অন্য কাউকে মীমাংসাকারী ও বিচারকরূপে অনুসন্ধান করবো? অথচ তিনিই

وَكَنْ لِكَ جَعَلْنَا لِكُلِّ نَبِيِّ عَدُوًّا شَيْطِيْنَ الْإِنْسِ وَالْجِنِّ يُوْجِيُ بَعْضُهُمْ إلى بَعْضٍ زُخْرُفَ الْقَوْلِ غُرُوْرًا ﴿ وَلَوْشَاءَ رَبُّكَ مَا فَعَلُوْهُ فَنَادُهُمْ وَمَا يَفْتَرُوْنَ ﴿

وَلِتَصْغَى اِلَيْهِ اَفْلِكَةُ الَّذِيْنَ لَا يُؤْمِنُونَ لِا يُؤْمِنُونَ لِا يُؤْمِنُونَ لِا يُؤْمِنُونَ لِا يُؤْمِنُونَ لِالْخِرَةِ وَلِيَقْتَرِفُواْ مَا هُمْ

اَفَغَيْدَ اللهِ اَبْتَغِى حَكَمًا وَّهُوَ الَّذِيِّ اَنْزَلَ اِلَيْكُمُ الْكِتٰبَ مُفَصَّلًا ﴿ وَالَّذِيْنَ اتَيْنَهُمُ الْكِتٰبَ يَعْلَمُونَ اَنَّهُ مُنَزَّلٌ مِّنْ تَتِكَ بِالْحَقِّ فَلَا পারা ৮

তোমাদের কাছে এই কিতাবকে বিস্তারিতভাবে অবতীর্ণ করেছেন! আর আমি যাদেরকে কিতাব দান করেছি তারা জানে যে. এ কিতাব তোমার প্রতিপালকের পক্ষ হতেই যথার্থ ও সঠিকভাবে অবতীর্ণ করা হয়েছে, সুতরাং তুমি সন্দেহ পোষণ-কারীদের মধ্যে শামিল হয়ো না।

১১৫. তোমার প্রতিপালকের বাণী সত্যতা ও ইনসাফের দিক দিয়ে পূর্ণতা লাভ করেছে, তাঁর বাণী পরিবর্তনকারী কেউই নেই. তিনি সবকিছু শোনেন ও সবকিছু জানেন।

১১৬. (হে নবী 鑑)! তুমি যদি দুনিয়াবাসীদের অধিকাংশ লোকের কথার অনুসরণ কর. তবে তারা তোমাকে আল্লাহর পথ হতে বিভ্রান্ত করে ফেলবে, তারা তো নিছক ধারণা ও অনুমানেরই অনুসরণ করে, আর তারা ধারণা ও অনুমান ছাড়া কিছুই করছে না।

১১৭. কোন্ ব্যক্তি আল্লাহর পথ হতে বিভ্ৰান্ত হয়েছে তা তোমার প্রতিপালক নিশ্চিতভাবে অবগত তিনি আছেন, আর হেদায়েত প্রাপ্তদের সম্পর্কেও খব ভালভাবে জ্ঞাত রয়েছেন।

১১৮. অতএব, যে জীবকে আল্লাহর নাম নিয়ে যবাই করা হয়েছে তা তোমরা ভক্ষণ কর, যদি তোমরা আল্লাহর বিধানের প্রতি ঈমান রাখ। ১১৯. যে জন্তু যবাই করার সময় আল্লাহর নাম উচ্চারণ করা হয়েছে.

تَكُونَنَّ مِنَ الْمُهُتَرِيْنَ ﴿

وَتَنَّتُ كُلِمَتُ رَبِّكَ صِدْقًا وَّعَدْلًا ﴿ لَامُبَدِّلَ لِكَلِمْتِهِ وَهُوَ السِّمِيْعُ الْعَلِيْمُ الْ

وَإِنْ تُطِعُ آكُثُرَ مَنْ فِي الْأَرْضِ يُضِلُّونَكَ عَنْ سَمِيْلِ اللهِ إِنْ يَتَبِعُونَ إِلَّا الظَّنَّ وَإِنْ هُمْ الاً يَخْرُصُونَ 🖽

إِنَّ رَبُّكَ هُوَ ٱعْلَمُ مَنُ يَّضِكُ عَنْ سَبِيهُ وَهُو اَعْلَمُ بِالْمُهْتِدِينَ ١

فَكُلُوا مِنا ذُكِرَ اسْمُ اللهِ عَلَيْهِ إِنْ كُنْتُمُ بِأَيْتِهِ مُغُمِندُن ١

وَمَا لَكُمْ اللَّا تَأْكُلُوا مِمَّا ذُكِرَ اسْمُ اللَّهِ عَلَيْهِ

তা ভক্ষণ না করার তোমাদের কাছে কি কারণ থাকতে পারে? অথচ আল্লাহ পাক তোমাদের উপর যা কিছ হারাম করেছেন, তা তিনি সবিস্তারে বর্ণনা করেছেন, তবে কঠিনভাবে বাধ্য হলে তোমরা উক্ত হারাম বস্তুও আহার কতে পার. নিঃসন্দেহে বহুলোক অজ্ঞানতাবশতঃ নিজেদের প্রবৃত্তির ইচ্ছা, বাসনা હ অবশ্যই অন্যকে পথভ্ৰষ্ট নিশ্যুই তোমার প্রতিপালক সীমা-লজ্ঞানকারীগণ সম্পর্কে ভালভাবেই ওয়াকিফহাল ।

১২০. তোমরা প্রকাশ্য ও গোপনীয় পাপকার্য পরিত্যাগ কর, যারা পাপের কাজ করে, তাদেরকে অতিসত্বরই নিজেদের কৃতকার্যের প্রতিফল দেয়া হবে।

১২১. আর যে জন্তু যবাই করার সময় আল্লাহর নাম উচ্চারণ করা হয়নি, তা তোমরা ভক্ষণ করো না, কেননা এটা ফাসেকী বা অন্যায়, শয়তানরা নিজেদের সঙ্গী-সাথীদের মনে এমন কিছু কুমন্ত্রণা প্রবেশ করিয়ে দেয়, যেন তারা তোমাদের সাথে ঝগড়া ও বিতর্ক করে; যদি তোমরা তাদের আকীদা-বিশ্বাস ও কাজ-কর্মে আনুগত্য কর, তবে নিঃসন্দেহে তোমরা মুশরিক হয়ে যাবে।

وَقَنْ فَصَّلَ لَكُمْ مَّا حَرَّمَ عَلَيْكُمْ اِلاَ مَااضُطُرِدْتُمْ الَيْهِ * وَانَّ كَثِيْرًا لَيُضِلُّونَ بِاَهُوَ آيِهِمْ بِغَيْرِعِلْمِ * اِنَّ رَبَّكَ هُوَ اَعْلَمُ بِالْمُعْتَدِيْنَ ﴿

وَذَرُوْا ظَاهِرَالْاِثْمِ وَبَاطِنَهُ ۖ إِنَّ الَّذِيْنَ يَكْسِبُوْنَ الْإِثْمَ سَيُجْزَوْنَ بِمَا كَانُوْا يَقْتَرِفُوْنَ ⊛

وَلَا تَاٰكُلُواْ مِمَّا لَمُ يُنْكُرِ اسْمُ اللهِ عَلَيْهِ وَاِنَّهُ لَفِسْقٌ ﴿ وَإِنَّ الشَّلِطِيْنَ لَيُوْحُونَ إِلَى اَوْلِيْهِمْ لِيُجَادِلُوُكُمْ ۚ وَإِنَّ اَطَّعْتُنُوْهُمْ اِنَّكُمْ لَمُشْرِكُوْنَ شَّ

১। আদী ইবনে হাতেম থেকে বর্ণিত, তিনি বলেনঃ আমি কাঁধে করে একটি স্বর্ণের তৃষ্ণ নিয়ে নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম)-এর নিকট আসলাম, তখন তিনি বললেনঃ হে আদী তোমার কাঁধ থেকে এই মূর্তিটি সরিয়ে ফেল এবং তাঁকে সূরা তাওবার এই আয়াতটি পাঠ করতে শুনলামঃ অর্থঃ "তারা আল্লাহ্ ব্যতীত তাদের পন্তিত ও সংসার বিরাগীদেরকে তাদের পালন কর্তার্নপে গ্রহণ করেছে।" (সূরাঃ তাওবা, আয়াত-৩১) (তিরমিয়ী, তাফসীরে তাবারী)

১২২. এমন ব্যক্তি যে ছিল প্রাণহীন (মৃত) তৎপর তাকে আমি জীবন প্রদান করি এবং তার জন্যে আমি এমন আলোকের (ব্যবস্থা) করে দেই, যার সাহায্যে সে জনগণের মধ্যে চলাফেরা করতে থাকে, সে কি এমন কোন লোকের মত হতে পারে যে (ডুবে) আছে অন্ধকার পুঞ্জের মধ্যে, তা হতে বের হওয়ার পথ পাচ্ছে না, এরূপেই কাফিরদের জন্যে তাদের কার্যকলাপ মনোহর বানিয়ে দেয়া হয়েছে।

১২৩. আর এরপভাবেই আমি প্রত্যেক জনপদে এর শীর্ষস্থানীয় লোকদেরকে পাপাচারী করেছি, যাতে তারা সেখানে নিজেদের ধোঁকা, প্রতারণা ও ষড়যন্ত্রের জাল বিস্তার করে, মূলতঃ তারা শুধু নিজেদের-কেই নিজেরা প্রবঞ্চিত করে থাকে, অথচ তারা (এ সত্যটাকে) অনুভব করতে পারে না।

১২৪. তাদের সামনে যখন কোন নিদর্শন আসে তখন তারা বলেঃ আল্লাহর রাসূলদেরকে যা কিছু দেয়া হয়েছিল, আমাদের অনুরূপ জিনিস না দেয়া পর্যন্ত আমরা ঈমান আনবো না, নবুওয়াতের দায়িত্ব কার উপর অর্পণ করবেন তা আল্লাহ ভালভাবেই অবগত, এই অপরাধী লোকেরা অতিসত্ত্বই তাদের ষড়যন্ত্র ও প্রতারণার ফলে আল্লাহর নিকট লাঞ্ছনা ও কঠিন শান্তিপ্রাপ্ত হবে।

اَوَمَنْ كَانَ مَيْتًا فَاحْيَيْنَهُ وَجَعَلْنَا لَهُ نُوْرًا يَّشْفُ بِهِ فِي التَّاسِ كَمَنْ مَّثَلُهُ فِي الظُّلُمَٰتِ لَيْسَ بِخَارِجٍ مِّنْهَا ﴿ كَنْ لِكَ زُيِّنَ لِلْكُفِرِيْنَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ۞

وَكَذَٰ لِكَ جَعَلْنَا فِي كُلِّ قَرْيَةٍ آكْبِرَ مُجْرِمِيْهَا لِيَمْكُرُواْ فِيْهَا * وَمَا يَمْكُرُونَ اللَّا بِٱنْفُسِهِمْ وَمَا يَشْعُرُونَ @

وَإِذَا جَاءَتُهُمُ اللَّهُ قَالُوا لَنْ نُؤْمِنَ حَتَّى نُؤُنَّى مِثْلَ مَا اُوْتِى رُسُلُ اللهِ ﴿ اَللّٰهُ اَعْلَمُ حَيْثُ يَجْعَلُ رِسَالَتَكُ ﴿ سَيُصِيْبُ الَّذِينَ اَجْرَمُوا صَغَارٌ عِنْدَ اللهِ وَعَذَابٌ شَدِيْنُ إِمَا كَانُواْ يَمْكُرُونَ ﴿ ১২৫. অতএব আল্লাহ যাকে হিদায়াত করতে চান, ইসলামের জন্যে তার অন্তঃকরণ খুলে দেন, আর যাকে পথভ্রষ্ট করার ইচ্ছা করেন, তার অন্তঃকরণ খুব সংকুচিত করে দেন, এমনভাবে সংকুচিত করেন যে, মনে হয় যেন সে আকাশে আরোহণ করছে, এমনিভাবেই যারা ঈমান আনে না তাদের উপর আল্লাহ অপবিত্রতা ও পঞ্চিলতাকে বিজয়ী করে দেন।

১২৬. আর এটাই হচ্ছে তোমার প্রতিপালকের সহজ-সরল পথ, আমি উপদেশ গ্রহণকারী লোকদের জন্যে আয়াতসমূহ বিশদভাবে বর্ণনা করে দিয়েছি।

১২৭. তাদের জন্যে তাদের প্রতিপালকের নিকট রয়েছে এক শান্তি নিকেতন, আর তাদের কৃতকর্মের কারণে, তিনিই হচ্ছেন তাদের অভিভাবক।

১২৮. আর যেদিন আল্লাহ তাদের সকলকে একত্রিত করবেন, সেদিন তিনি বলবেন হে জ্বিন সম্প্রদায়! তোমরা তো মানুষের মধ্যে অনেককে বিভ্রান্ত করে নিজেদের অনুগত করে নিয়েছিলে, আর মানুষের মধ্যে فَمَنُ يُّرِدِ اللهُ أَنْ يَّهْدِيهُ يَشْرُخُ صَدْرَةُ لِلْإِسْلَامِ ۚ وَمَنْ يُّرِدُ أَنْ يُضِلَّهُ يَجْعَلُ صَدْرَةُ ضَيِّقًا حَرَجًا كَائَمًا يَضَعَّدُ فِي السَّمَآءِ ﴿ كَذَٰ لِكَ يَجْعَلُ اللهُ الرِّجُسَ عَلَى الَّذِيْنَ لَا يُؤْمِنُونَ ﴿

وَهٰذَا صِرَاطُرَ تِكَ مُسْتَقِينَمًا ﴿ قَلْ فَصَّلْنَا الْالْلِتِ لِقَوْمِ يَّنَّكُ كَرُّوْنَ ۞

لَهُمُ دَارُ السَّلْمِ عِنْنَ رَبِّهِمْ وَهُوَ وَلِيُّهُمُ بِمَا كَانُوْا يَعْمَلُونَ ﴿

وَيَوْمَ يَحْشُرُهُمْ مَجِينِعًا ۚ يَمَعُشَرَ الْجِنِّ قَلِ اسْتَكُثُرُتُمْ مِّنَ الْإِنْسِ ۚ وَقَالَ اَوْلِيَوُهُمْ مِّنَ الْإِنْسِ رَبَّنَا اسْتَنْتَعَ بَعُضْنَا بِبَعْضٍ وَّبَلَغُنَاۤ اَجَلَنَا

১। হুমাইদ বিন আব্দুর রহমান বলেনঃ আমি মু'আবিয়া (রাযিআল্লাছ্ আনহ্ছ)-কে খুতবারত অবস্থায় বলতে জনেছি যে, তিনি (মু'আবিয়া) বলেনঃ আমি নবী করীম (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম)-কে বলতে জনেছি যে, যার প্রতি আল্লাহ্ কল্যাণ কামনা করেন তাকেই দ্বীন ইসলামের জ্ঞান দান করেন। নবী (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) বলেনঃ আর আমি বন্টনকারী, এবং দেন আল্লাহ্। এই উন্মতের একদল লোক কিয়ামত পর্যন্ত দ্বীন ও হকের উপর সুদৃঢ়ভাবে কায়েম থাকবে। যারা তাদের বিরোধিতা করবে তারা কিয়ামত আসা পর্যন্ত কেউ এদের কোনই ক্ষতি করতে পারবে না। (বুখারী, হাদীস নং ৭১)

তাদের বন্ধুগণ বলবেঃ হে আমাদের প্রতিপালক! আমরা একে অপরের দারা উপকৃত হয়েছি এবং আমরা সে নির্ধারিত সময়ে উপনীত হয়েছি যা আপনি আমাদের জন্যে নির্দিষ্ট করে রেখেছিলেন, তখন (কিয়ামতের দিন) আল্লাহ (সমস্ত কাফের জ্বিন ও মানুষকে) বলবেনঃ জাহান্নামই হচ্ছে তোমাদের বাসস্থান, তাতে তোমরা চিরস্থায়ীভাবে থাকবে, তবে আল্লাহ্ যাদেরকে চাইবেন (তারাই তা থেকে মুক্তি পেতে পারে) তোমাদের প্রতিপালক অতিশয় কশলী এবং অত্যন্ত জ্ঞানবান।

১২৯. এমনিভাবেই আমি যালিম-দেরকে (কাফিরদেরকে) তাদের কৃতকর্মের ফলে পরস্পরের উপর পরস্পরকে প্রভাবশালী ও কর্তৃত্বশালী বানিয়ে দিবো।

(কিয়ামতের দিন আল্লাহ জিজ্ঞেস করবেন) হে জ্বিন ও মানব জাতি! কি তোমাদের কাছে তোমাদের মধ্য হতেই নবী রাসূল আসেনি. তোমাদের কাছে যারা আমার আয়াতসমূহ বর্ণনা করতো এবং আজকের দিনের সাথে ভীতি তোমাদের সাক্ষাত হওয়ার প্রদর্শন করতো? তারা জবাব দিবে. হ্যা, আমরাই আমাদের সাক্ষ্য দিচ্ছি (অর্থাৎ আমরা অপরাধ করেছি), পার্থিব জীবনই তাদেরকে ধোঁকায় নিপতিত রেখেছিল, আর তারাই নিজেদের বিরুদ্ধে সাক্ষ্য দিবে যে, তারা কাফির ছিল।

الَّذِيِّ آجَّلُتَ لَنَا ﴿ قَالَ النَّارُ مَثُولِكُمْ خُلِدِيْنَ فِيْهَا إِلَّا مَا شَاءَ اللهُ ﴿ إِنَّ رَبَّكَ حَكِيْمٌ عَلِيْمٌ ﴿

وَكُذَٰ لِكَ نُولِّى بَعْضَ الظَّلِمِيْنَ بَعْضًا بِمَا كَانُوْا يَكْسِبُوْنَ ﴿

يَمَعْشَرَ الْجِنِّ وَ الْإِنْسِ اَلَمْ يَاٰتِكُمْ رُسُلٌّ مِّنْكُمْ يَقُصُّونَ عَلَيْكُمْ الْيَّيْ وَيُنْنِ ارُوْنَكُمْ لِقَاءَ يَوْمِكُمُ هٰذَا الْقَالُوٰ الشَّهِلُ نَا عَلَى اَنْفُسِنَا وَ غَرَّتْهُمُ الْحَلِوةُ اللَّانُيَا وَشَهِلُ وَاعَلَى اَنْفُسِهِمُ اَنَّهُمُ كَانُوْا كَفِرِيْنَ ﴿ ১৩১. (এ রাসূল প্রেরণ) এ জন্যে যে, তোমার প্রতিপালক কোন জনপদকে এর অধিবাসীবৃন্দ সত্য সম্পর্কে অজ্ঞাত থাকা অবস্থায় অন্যায়ভাবে ধ্বংস করেন না।

১৩২. আর প্রত্যেক লোকই নিজ নিজ আমলের কারণে মর্যাদা লাভ করবে, তারা যা আমল করতো সে বিষয়ে তোমার প্রতিপালক উদাসীন নন।

১৩৩, এবং তোমার প্রতিপালক অমুখাপেক্ষী ও দয়াশীল, তাঁর ইচ্ছা অপসারিত তোমাদেরকে করবেন এবং তোমাদের পর তোমাদের স্থানে যাকে ইচ্ছা স্থলাভিষিক্ত করবেন, যেমন তিনি জাতির তোমাদেরকে অন্য এক বংশধর হতে সৃষ্টি করেছেন।

১৩৪. তোমাদের নিকট যে বিষয় সম্পর্কে প্রতিশ্রুতি দেয়া হয়েছে তা অবশ্যম্ভাবী, তোমরা আল্লাহকে অক্ষম করতে পারবে না

১৩৫. (হে মুহাম্মাদ ﷺ)! তুমি বলে দাওঃ হে আমার সম্প্রদায়! তোমরা নিজ নিজ অবস্থায় আমল করতে থাক, আমিও আমল করছি, অতঃপর শীঘ্রই তোমরা জানতে পারবে যে, কার পরিণাম কল্যাণকর, নিঃসন্দেহে অত্যাচারীরা কখনও মুক্তি ও সাফল্য লাভ করতে পারবে না।

১৩৬. আর আল্লাহ যেসব শস্য ও পশু সৃষ্টি করেছেন, তারা (মুশরিকরা) ذٰلِكَ اَنْ لَّمْ يَكُنْ رَّبُّكَ مُهْلِكَ الْقُرَٰى بِظُلْمٍ وَّ اَهْلُهَا غُفِلُونَ ®

وَلِكُلِّ دَرَجْتُ مِّمَّا عَبِلُوا ﴿ وَمَا رَبُّكَ بِغَافِلِ عَمَّا يَعْبَلُونَ ۞

وَرَبُّكَ الْعَنِیُّ ذُو الرَّحْمَةِ ﴿ اِنْ يَشَأْ يُذُهِبُكُمُ وَيَسْتَخُلِفُ مِنُ بَعْدِكُمْ مِّا يَشَاءُكُمَّا ٱنْشَاكُمْ مِّنْ ذُرِّيَّةِ قَوْمِ اخَرِيْنَ ۞

إِنَّ مَا تُوْعَدُونَ لَاتٍ ﴿ وَّمَآ أَنْتُمْ بِمُعْجِزِيْنَ ﴿

قُلْ لِقَوْمِ اعْمَلُوا عَلَى مَكَاتَتِكُمْ اِنِّي عَامِلٌ اللهِ اللهِ عَلَى مَكَاتَتِكُمْ اِنِّي عَامِلٌ السَّالِ فَسَوْفَ تَعْلَمُونَ مَنْ تَكُونُ لَهُ عَاقِبَةُ السَّالِ اللهِ لَا يُغْلِحُ الظِّلِمُونَ ﴿

وَجَعَلُواْ لِللهِ مِمّا ذَراً مِنَ الْحَرْثِ وَالْاَنْعَامِ نَصِيْباً

এর একটি অংশ আল্লাহর জন্যে
নির্ধারিত করে থাকে, আর নিজেদের
ধারণা মতে তারা বলে যে, এ অংশ
আল্লাহর জন্যে এবং এ অংশ
আমাদের শরীকদের জন্যে; কিন্তু যা
তাদের শরীকদের জন্যে নির্ধারিত
হয়ে থাকে, তা তো আল্লাহর দিকে
পৌছতে পারে না, পক্ষান্তরে যা
আল্লাহর জন্যে নির্ধারণ করা
হয়েছিল, তা তাদের শরীকদের কাছে
পৌছে থাকে, এ লোকদের ফায়সালা
ও বন্টন নীতি কতইনা খারাপ!

১৩৭. আর এমনিভাবে অনেক মুশরিকের দৃষ্টিতে তাদের শরীকরা (দেব-দেবীগণ) তাদের সন্তান হত্যা করাকে শোভনীয় করে দিয়েছে, যেন তারা তাদের সর্বনাশ করতে পারে এবং তাদের কাছে তাদের দ্বীনকে তারা সন্দেহময় করে দিতে পারে, আল্লাহ চাইলে তারা এসব কাজ করতে পারতো না, সুতরাং তুমি তাদেরকে এবং তাদের ভ্রান্ত উক্তিগুলোকে ছেড়ে দাও।

১৩৮. আর তারা (নিজেদের বাতিল ধারণা মতে) এও বলে থাকে যে, এ সব বিশেষিত পশু ও বিশেষিত ক্ষেতের ফসল সুরক্ষিত কেউই তা ভক্ষণ করতে পারবে না, তবে যাদেরকে আমরা অনুমতি দিব (তারাই ভক্ষণ করতে পারবে), আর (তারা বলে) এ বিশেষ পশুগুলার উপর আরোহণ করা ও ভার বহন নিষেধ করে দেয়া হয়েছে, আর

فَقَالُوْا هٰنَا يِلْهِ بِزَغْمِهِمْ وَهٰنَا لِشُكَابِنَا ۗ فَمَا كَانَ لِشُرَكَا بِهِمْ فَلَا يَصِلُ إِلَى اللهِ ۚ وَمَا كَانَ يِلْهِ فَهُوَ يَصِلُ إِلَى شُرَكَا بِهِمْ اللهِ مَا يَحُلُنُونَ ۞

وَكُنْ الِكَ زَنَّىٰ لِكَثِيْدٍ مِّنَ الْمُشُوكِيْنَ قَتُلَ اَوُلَادِهِمْ شُرَكَا وُهُمْ لِلْدُدُوهُمْ وَلِيَكْسِسُوا عَلَيْهِمْ دِيْنَهُمْ اللَّهِسُوا عَلَيْهِمْ دِيْنَهُمْ اللَّهِ وَكُوْشَاءَ اللَّهُ مَا فَعَلُوْهُ فَ نَارُهُمْ وَمَا يَفْتَرُوْنَ ۞

وَقَالُواْ هَٰنِهَ اَنْعَامٌ وَّحَرْثٌ حِجُرٌ ۗ لَا يَطْعَمُهَا ۗ اِلاَّ مَنْ نَّشَآءُ بِزَعْمِهِمْ وَانْعَامٌ حُرِّمَتُ ظُهُوْرُهَا وَانْعَامٌ لَا يَنْكُرُونَ اسْمَ اللهِ عَلَيْهَا افْتِرَاءً عَلَيْهِ ۚ سَيَجْزِيْهِمْ بِمَا كَانُواْ يَفْتَرُونَ ۞

কতগুলো বিশেষ পশু রয়েছে যেগুলোকে যবাই করার সময় তারা আল্লাহর নাম উচ্চারণ করে না, (এসব কথা) শুধু আল্লাহর প্রতি মিথ্যারোপ করার উদ্দেশ্যে (বলে), এসব মিথ্যা আরোপের প্রতিফল অতিসত্বই তিনি তাদেরকে দান করবেন।

১৩৯ আর তারা এ কথাও বলে থাকে যে, এসব বিশেষ পশুগুলোর গর্ভে যা কিছু রয়েছে, তা বিশেষভাবে আমাদের পুরুষদের জন্যে রক্ষিত; আর আমাদের নারীদের জন্যে এটা হারাম; কিন্তু গর্ভ হতে প্রসূত বাচ্চা যদি মৃত হয়, তবে নারী-পুরুষ সবাই তা বক্ষণে অংশী হতে এসব বিশেষণের তাদের কৃত প্রতিদান অতিসত্তরই আল্লাহ তাদেরকে দিবেন, নিঃসন্দেহে তিনি হচ্ছেন প্রজ্ঞাময়, মহাজ্ঞানী।

১৪০. বাস্তবিকই ঐ সমস্ত লোকেরা ক্ষতিগ্রস্ত হল যারা নিজেদের সন্তান-দেরকে মুর্খতা ও অজ্ঞানতার কারণে হত্যা করেছে এবং আল্লাহ সম্পর্কে মিথ্যা রচনা করে তাঁর প্রদত্ত রিযিককে হারাম করে নিয়েছে, তারা নিশ্চিতরূপে পথভ্রস্ত হয়েছে, বস্তুতঃ তারা হিদায়াতপ্রাপ্ত হতে পারেনি।

১৪১. আর সেই আল্লাহই নানা প্রকার বাগান ও গুলালতা সৃষ্টি করেছেন যার কতক স্বীয় কান্ডের উপর সন্নিবিষ্ট হয়, আর কতক কান্ডের উপর সন্নিবিষ্ট হয় না, আর وَقَالُواْ مَا فِى بُطُوْنِ هَنِهِ الْأَنْعَامِ خَالِصَةً لِّذُكُوْدِنَا وَمُحَرَّمٌ عَلَى اَنْوَاجِنَا ۚ وَانَ يَّكُنُ مَّيْتَةً فَهُمْ فِيْهِ شُرَكَاءً ﴿ سَيَجْزِيْهِمْ وَصُفَهُمْ ﴿ اِنَّهُ حَكِيْمٌ عَلِيْمٌ ۚ

قَلْ خَسِرَ الَّذِيْنَ قَتَلُوْٓا اَوُلادَهُمْ سَفَهَّا بِغَيْرِ عِلْمِهِ وَّحَرَّمُوْا مَا رَزَقَهُمُ اللهُ افْتِرَاءً عَلَى اللهِ ﴿ قَلْ ضَلُّوْا وَمَا كَانُوْا مُهْتَدِيْنَ ۚ

> وَهُوَ الَّذِينَ آنَشَا جَنَٰتٍ مَّعُرُوشْتٍ وَّغَيْرَ مَعْرُوشْتٍ وَّالنَّخْلَ وَالزَّنْعَ مُخْتَلِفًا ٱكُلُهُ وَالزَّيْتُوْنَ وَالرُّمَّانَ مُتَشَابِهًا وَّغَيْرَ

খেজুর বৃক্ষ ও শস্যক্ষেত্র যাতে বিভিন্ন প্রকারের খাদ্যবস্তু উৎপন্ন হয়ে থাকে, আর তিনি যয়তুন (জলপাই) ও (ডালিমের) কতক করেছেন যা সাদৃশ্যপূর্ণ আর কতক অসাদৃশ্যপূর্ণও হয়। এসব তোমরা আহার কর যখন এতে ফল ধরে, আর এতে শরীয়তের নির্ধারিত যে অংশ রয়েছে তা ফসল কাটার দিন আদায় করে দাও, অপব্যয় করো নিশ্চয়ই তিনি না. (আল্লাহ) অপব্যয়কারীদের ভালবাসেন না ।

১৪২. আর চতুলপদ জন্তুগুলোর মধ্যে কতগুলো (উঁচু আকৃতির) ভারবাহী জন্তু সৃষ্টি করেছেন, আর কতগুলো ছোট আকৃতির জন্তু। আল্লাহ যা কিছু দান করেছেন তোমরা তা ভক্ষণ কর, আর শয়তানের পদান্ধ অনুসরণ করো না, নিঃসন্দেহে সে তোমাদের প্রকাশ্য শক্রা।

১৪৩. আর তিনি এ পশুগুলোকে আট প্রকারে সৃষ্টি করেছেন, ভেড়ার مُتَشَابِهٍ ۚ كُلُوا مِنْ ثَكَرِهَ إِذَاۤ اَثَٰمَرَوَاٰتُوا حَقَّهُ يَوْمَ حَصَادِهٖ ۚ وَلَا تُسُرِفُوا ۚ إِنَّهُ لَا يُحِبُّ الْمُسْرِفِيْنَ ۞

وَ مِنَ الْاَنْعَامِرِ حَمُوْلَةً وَّ فَرْشًا ﴿ كُلُواْمِمَّا رَزَقَكُمُ اللَّهُ وَلَا تَتَبِعُواْ خُطُوٰتِ الشَّيْطِنِ ﴿ إِنَّانَا لَكُمْ عَكُوُّ مُّمِينُنُّ ﴿

ثَلْمِنِيَةَ ٱذْوَاجٍ "مِنَ الضَّأْنِ اثْنَكْيْنِ وَمِنَ الْمَعْزِ

১। আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাস্লুল্লাহ্ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-কে বলতে শুনেছি, একদা এক রাখাল তার বকরীর পালের নিকট উপস্থিত থাকাকালে হঠাৎ এক নেকড়ে বাঘ এসে থাবা মেরে পাল থেকে একটি বকরী নিয়ে যেতে থাকলো। রাখাল নেকড়ে বাঘের কবল থেকে বকরীটাকে উদ্ধার করতে চাইল। নেকড়েটি তখন রাখালের দিকে চেয়ে বলল, আজ তো আমার থেকে ছিনিয়ে নিলে; কিন্তু হিংস্র জন্তুর আক্রমণের দিন এ বকরীর রক্ষাকারী কে থাকবে, যেদিন আমি ছাড়া এ বকরীর কোন রাখাল থাকবে না।

অনুরূপভাবে একদা এক ব্যক্তি একটি গাভীর পিঠে চড়ে তাকে হাকিয়ে নিয়ে যাচ্ছিল। তখন গাভীটি তার দিকে চেয়ে তার সাথে কথা বলল। গাভীটি বলল, আমাকে তো এ কাজের জন্য সৃষ্টি করা হয়নি। আমাকে সৃষ্টি করা হয়েছে কৃষি কাজের জন্য। লোকেরা বলে উঠল, সুবহানাল্লাহ্! নবী (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, আমি আবৃ বকর ও উমর ইবনে খান্তাব (রাযিআল্লাহ্ আনহ্মা) এ ঘটনায় বিশ্বাস স্থাপন করলাম। (বুখারী, হাদীস নং ৩৬৬৩)

দৃ'প্রকার (স্ত্রী-পুরুষ) এবং বকরীর দৃ'প্রকার (স্ত্রী-পুরুষ), হে নবী (紫)! তুমি জিজ্ঞেস কর তোঃ আল্লাহ কি উভয় পুরুষ পশুগুলোকে হারাম করেছেন, না উভয় স্ত্রী পশুগুলোকে, না স্ত্রী দু'টির গর্ভে যা আছে তা হারাম করেছেন? তোমরা জ্ঞানের সাথে আমাকে উত্তর দাওঃ যদি তোমরা সত্যবাদী হয়ে থাক।

১৪৪. আর উটের দু'প্রকার (স্ত্রী-পুরুষ) এবং গরুর দু'প্রকার (স্ত্রী-পুরুষ) পশু, তুমি তাদেরকে জিজ্ঞেস করঃ আল্লাহ কি উভয় পুরুষ পশুগুলোকে বা উভয় স্ত্রী পশুগুলোকে হারাম করেছেন, অথবা স্ত্রী দু'টির (গরু ও উটের) গর্ভে যা রয়েছে তা হারাম করেছেন? না আল্লাহ যখন এসব পশু হালাল-হারাম হওয়ার বিধান জারি করেন তখন কি তোমরা হাযির ছিলে? যে ব্যক্তি বিনা প্রমাণে না জেনে মানুষকে বিভ্রান্ত করার উদ্দেশ্যে আল্লাহর নামে এরূপ মিথ্যা আরোপ করে তার চেয়ে বড যালিম আর কে হতে পারে? আল্লাহ যালিম-দেরকে সুপথ প্রদর্শন করেন না :

১৪৫. (হে মুহাম্মাদ ﷺ)! তুমি বলঃ ওহীর মাধ্যমে আমার কাছে যে বিধান পাঠানো হয়েছে, তাতে কোন আহারকারীর জন্যে কোন বম্ভ হারাম করা হয়েছে— এমন কিছু আমি পাইনি, তবে মৃতজন্তু, প্রবাহিত রক্ত ও শৃকরের গোশত কেননা, এটা অবশ্যই নাপাক অথবা যা শরীয়ত

اثُنَيُنِ مُقُلُ خَالنَّا كَرَيْنِ حَرَّمَ آمِ الْأُنْثَيَيْنِ اَمَّا اشْتَهَكَتْ عَكَيْهِ اَرْحَامُ الْأُنْثَيَيْنِ الْبَعُونِيُ بِعِلْمِ إِنْ كُنْتُمُ صٰدِقِيْنَ ﴿

وَمِنَ الْإِبِلِ اثْنَانِي وَمِنَ الْبَقَرِ اثْنَانِي ﴿ قُلْ

﴿ الذَّكَرَانِ حَرَّمَ اَمِ الْأَنْثَيَانِ اَمَّا اشْتَكَ لَتُ

عَلَيْهِ اَرْحَامُ الْأَنْثَيَانِ ﴿ اَمْ كُنْتُهُ شُهَا اَهُ الْفَهُ مُنَّالًا اللَّهُ مِنْنَ اَظْلَمُ مِنَّنِ افْتَرَى عَلَى اللَّهِ كَذِبًا لِيُضِلَّ النَّاسَ بِغَيْرِ افْتَرَى عَلَى اللَّهِ كَذِبًا لِيضِلَّ النَّاسَ بِغَيْرِ عِلْمِهِ اللَّهِ كَذِبًا لِيضِلَّ النَّاسَ بِغَيْرِ عِلْمِهِ اللَّهِ كَذِبًا لِيصِفِلَ النَّاسَ بِغَيْرِ عِلْمِهِ اللَّهِ لَا يَهْدِي الْقَوْمَ الظَّلِمِينَ شَ

قُلْ لَآ اَجِكُ فِي مَآ أُوْجِيَ إِلَىّٰ مُحَرِّمًا عَلَى طَاعِمٍ يُطْعَمُ لَا آجِكُ فِي مَآ أُوْجِي إِلَىّٰ مُحَرِّمًا مَّسُفُوْحًا اَوْلَحْمَ خِنْزِيْرٍ فِإِلَّهُ رِجْسٌ اَوْفِسُقًا أُهِلَّ لِغَيْرِ اللهِ بِهِ * فَمَنِ اضْطُرَّ غَيْرَ بَاغِ قَلَا عَادٍ فَإِنَّ رَبِّكَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿

গর্হিত বস্তু (শিরকের মাধ্যমে) যে আল্লাহ ছাড়া অন্যের নামে উৎসর্গ করা হয়েছে; কিন্তু যদি কোন লোক নিরূপায় হয়ে পড়ে, এই শর্তে যে সে খাওয়ার প্রতি লোভী ও কামনাকারী নয় এবং প্রয়োজনের অতিরিক্ত ও খায় না তবে (তার জন্য এটা খাওয়া বৈধ) কেননা, আল্লাহ ক্ষমাশীল ও অনুগ্রহশীল।

১৪৬. ইয়াহ্দীদের প্রতি আমি সর্বপ্রকার নখ বিশিষ্ট জীব হারাম করেছিলাম; আর গরু ও ছাগল হতে তাদের জন্যে উভয়ের চর্বি হারাম করেছিলাম; কিন্তু পৃষ্ঠদেশের চর্বি, নাড়ি-ভূঁড়ির চর্বি ও হাড়ের সাথে মিশ্রিত চর্বি এই হারামের অন্তর্ভুক্ত ছিল না। তাদের বিদ্রোহমূলক আচরণের জন্যে আমি তাদেরকে এই শাস্তি দিয়েছিলাম, আর আমি নিঃসন্দেহে সত্যবাদী।

১৪৭. সুতরাং (হে নবী ﷺ)! এ সব বিষয়ে যদি তারা তোমাকে মিথ্যাবাদী মনে করে তবে তুমি বলে দাওঃ তোমাদের প্রভু বড়ই করুণাময়, আর অপরাধী সম্প্রদায় হতে তাঁর শাস্তি বিধান কখনই প্রত্যাহার করা হবে না।

১৪৮. এই মুশরিকরা (তোমার কথার উত্তরে) অবশ্যই বলবেঃ আল্লাহ যদি চাইতেন তবে আমরা শিরক করতাম না এবং আমাদের বাপ-দাদারাও করতো না, আর কোন জিনিসও وَعَلَى الَّذِيْنَ هَادُوا حَرَّمْنَا كُلَّ ذِي ظُفُرٍ وَمِنَ الْبَقَرِ وَالْغَنِ عَلَفُرٍ وَمِنَ الْبَقَرِ وَالْغَنَمِ حَرَّمُنَا عَلَيْهِمْ شُحُوْمَهُمَّ الِّلَا مَا حَمَلَتُ طُهُورُهُمَّ آ أَو الْحَوَايَّ آوْ مَا اخْتَلَطَ بِعَظْمِ ، ذلِكَ جَزَيْنُهُمْ بِبَغِيهِمْ ﴿ وَ إِنَّا لَصْدِقُونَ ۞

فَإِنْ كُذَّابُوْكَ فَقُلْ تَرَّبُّكُمْ ذُوْرَحْمَةٍ وَّاسِعَةٍ ۗ وَلا يُرَدُّ بَأْسُهُ عَنِ الْقَوْمِ الْمُجْرِمِيْنَ ﴿

سَيَقُونُ الَّذِيْنَ اَشُرَّكُواْ لَوْ شَآءَ اللّٰهُ مَاۤ اَشُرَكُنَا وَلَآ اٰبَآؤُنَا وَلَاحَرَّمُنَا مِنْ شَىٰءُ كَذٰرِكَ كَذَّرِكَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمُ حَتَّى ذَاقُواْ بَاْسَنَا ۚ قُلْ هَلْ পারা ৮

আমরা হারাম করতাম না. বস্তুতঃ এভাবেই তাদের পূর্ব যুগের কাফিররা (রাসলদেরকে) মিথ্যা প্রতিপর করেছিল, শেষ পর্যন্ত তারা আমার শাস্তির স্বাদ গ্রহণ করতে হয়েছিল, তুমি জিজ্ঞেস তোমাদের কাছে কি কোন দলীল প্রমাণ আছে? থাকলে আমার সামনে পেশ কর. তোমরা ধারণা ও অনুমান ব্যতীত আর কিছুরই অনুসরণ কর না, তোমরা সম্পূর্ণ আনুমানিক কথা ছাডা আর কিছুই বলছো না।

১৪৯. তুমি বলে দাওঃ সত্য ভিত্তিক পূৰ্ণাঙ্গ দলীল-প্ৰমাণ তো একমাত্ৰ আল্লাহরই রয়েছে, সুতরাং তিনি চাইলে তোমাদের সকলকেই হিদায়াত দান করতেন।

১৫০. তুমি আরও বলে দাওঃ আল্লাহ এসব পশু হারাম করেছেন, এর সাক্ষ্য যারা দেবে সেই সাক্ষীদেরকে তোমরা নিয়ে এসো, তারা যদি সাক্ষ্যও দেয়, তবে তুমি তাদের সাথে সাক্ষ্য দিবে না, আর তুমি এমন লোকদের প্রবৃত্তির অনুসরণ না করবে যারা আমার আয়াতসমূহকে মিথ্যা প্রতিপন্ন করে এবং পরকালের প্রতি ঈমান আনে না এবং তারা অন্যান্যদেরকে (দেবতা-দেরকে) নিজেদের প্রতিপালকের সমান স্থির করে।

১৫১. (হে মুহাম্মাদ 鱉)! ④ লোকদেরকে বলঃ তোমরা এসো! প্রতিপালক তোমাদের তোমাদের عِنْدَاكُمْ مِّنْ عِلْمِ فَتُخْرِجُوهُ لَنَا اللهِ تَتَّبِعُوْنَ إلاَّ الظَّنَّ وَإِنْ أَنْتُمْ إِلَّا تَخُرُصُونَ ٠

قُلُ فَيلَّهِ الْحُجَّةُ الْبَالِغَةُ ۚ فَكُو شَاءَ لَهَلْ كُمُ اَجْمُعِينُ 🕅

قُلُ هَلُمٌ شُهِنَ إِذَكُمُ الَّذِينَ بَشُهَدُونَ انَّ اللَّهَ حَرِّمَ هٰنَا ، فَإِنْ شَبِهِكُوا فَلَا تَشْهُلُ مَعَهُمْ، وَلَا تَتَّبِغُ آهُوَآءَ الَّذِيْنَ كَنَّابُوا بِالْيِتِنَا وَالَّذِيْنَ لَا يُؤْمِنُونَ بِالْاٰخِرَةِ وَهُمْ بِرَبِّهِمْ يَعْدِلُونَ ﴿

قُلْ تَعَالُواْ اتْلُ مَا حَرَّمَ رَبُّكُمْ عَلَيْكُمْ اللَّا تُشُرِكُوْ ا بِهِ شَيْئًا وَّ بِالْوَالِدَيْنِ إِحْسَانًا ، وَلَا تَقْتُلُوْآ

প্রতি কি কি হারাম করেছেন, তা পাঠ আমি তোমাদেরকে শুনাবো, আর তা এই যে, তোমরা তাঁর সাথে কাউকেও শরীক করবে না. পিতা-মাতার সাথে সদ্যবহার করবে, দারিদ্রতার ভয়ে নিজেদের সম্ভানদেরকে হত্যা করবে না. কেননা আমিই তোমাদেরকে ও তাদেরকে জীবিকা দিবো, আর অশ্লীল কাজ ও কথার নিকটেও যেও না প্রকাশ্যই হোক বা গোপনীয়ই হোক. আর আল্লাহ যার হত্যা নিষিদ্ধ করেছেন: যথার্থ কারণ (অর্থাৎ যে শরীয়তে হত্যা করা অনুমোদিত তা) ছাড়া তাকে হত্যা করো না, এসব বিষয় তোমাদেরকৈ নির্দেশ দিয়েছেন, যেন তোমরা অনুধাবন করতে পার।

১৫২, আর ইয়াতীমদের বয়ঃপ্রাপ্ত না হওয়া পর্যন্ত সদুদ্দেশ্য ব্যতীত তাদের বিষয় সম্পত্তির কাছেও যেও না. আদান-প্রদানে পরিমাণ আর ওজন সঠিকভাবে করবে, আমি কারো ওপর তার সাধ্যাতীত ভার (দায়িত্ত-কর্তব্য) অর্পণ করি না, আর তোমরা যখন কথা বলবে তখন স্বজনের বিরুদ্ধে হলেও ন্যায়ানুগ কথা বলবে, আর আল্লাহর সাথে কৃত করবে, আল্লাহ অঙ্গীকার পুরণ তোমাদেরকে এসব বিষয় নির্দেশ দিয়েছেন, যেন তোমরা তাঁর এ নির্দেশ ও উপদেশ গ্রহণ কর।

১৫৩. আর এ পথই আমার সরল পথ; সূতরাং তোমরা এ পথেরই

أَوْلَادَكُمْ مِّنْ إِمْلَاقٍ وَنَحْنُ نَرْزُقُكُمْ وَإِيَّاهُمْ، وَلَا تَقْرَبُوا الْفَوَاحِشَ مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ، وَلاَ تَقْتُلُوا النَّفْسَ الَّتِي حَرَّمَ اللَّهُ إِلَّا بِالْحَقِّ ﴿ ذٰلِكُمْ وَصَّكُمْ بِهِ لَعَلَّكُمْ تَعْقِلُونَ ﴿

وَلاَ تَقُرُبُوْا مَالَ الْيَتِيْدِ إِلَّا بِالَّتِيْ هِيَ أَحْسَنُ حَتَّى يَبُلُغُ أَشُكَّ لَا وَأَوْفُوا الْكَيْلَ وَالْبِيْزَانَ بِالْقِسْطِ ۚ لَا نُكَلِّفُ نَفْسًا إِلَّا وُسْعَهَا ۚ وَ إِذَا قُلْتُمْ فَاغْيِلُواْ وَلَوْ كَانَ ذَا قُرْنَيْ وَبِعَهْ بِاللَّهِ أَوْفُوا اللَّهُ وَصَّلُمْ بِهِ لَعَكَّكُمْ تَنَكَّرُونَ ﴿

وَأَنَّ هٰذَا صِرَاطِي مُسْتَقِيِّماً فَأَتَّبِعُونُهُ ءَوَ لَا تَتَّبِعُوا

অনুসরণ কর। এ পথ ছাড়া অন্যান্য কোন পথের অনুসরণ করো না, অন্যথায় তোমাদেরকে তাঁর পথ থেকে বিছিন্ন করে দূরে সরিয়ে দেবে, আল্লাহ তোমাদেরকে এই নির্দেশ দিলেন, যেন তোমরা বেঁচে থাকতে পার।

১৫৪. অতঃপর (আবার বলছি) মূসা (প্রাঞ্জ্রা)-কে আমি একখানা কিতাব প্রদান করেছিলাম, যাতে সং ও পুণ্য কর্মপরায়ণদের উপর আমার নেয়ামত পূর্ণাঙ্গ হয় এবং প্রত্যেকটি বস্তুর বিশদ বিবরণ হয়ে যায় এবং পথ নির্দেশ সম্বলিত ও রহমত হয়, (উদ্দেশ্য ছিল) যাতে তারা তাদের প্রতিপালকের সাথে সাক্ষাৎ হওয়া সম্বন্ধে পূর্ণ বিশ্বাস লাভ করতে পারে।

১৫৫. আর (এমনিভাবে) আমি এই কিতাব (কুরআন) অবতীর্ণ করেছি যা বরকতময় ও কল্যাণময়! সুতরাং তোমরা এটার অনুসরণ করে চল এবং ভয় কর, যেন তোমাদের প্রতি দয়া ও অনুগ্রহ করা হয়!

১৫৬. (এটা নাযিল করার কারণ হলো এই যে,) যেন তোমরা না বলতে পার যে, সে কিতাব তো আমাদের পূর্ববর্তী দুই সম্প্রদায়ের প্রতি অবতীর্ণ করা হয়েছিল এবং আমরা তাদের শিক্ষা থেকে সম্পূর্ণ অমনোযোগী ছিলাম।

১৫৭. অথবা তোমরা যেন এ কথাও বলতে না পার, আমাদের প্রতি السُّبُلَ فَتَفَرَّقَ بِكُمْ عَنْ سَبِيْلِهِ وَ ذَٰلِكُمْ وَسُّمِيْلِهِ وَذَٰلِكُمْ وَسُّمُ مُن سَبِيْلِهِ وَذَٰلِكُمْ وَسَّتَقُوْنَ ﴿

ثُمَّرَ اٰتَیْنَا مُوْسَی الْکِتْبَ تَبَامًاعَیَ الَّذِیِیَٓ اَحْسَنَ وَتَفْصِیُلًا لِّکُلِّ شَیْءٍ قَهُدًی قَرَحْبَةً لَّعَلَّهُمْ بِلِقَاءِ رَبِّهِمْ یُؤْمِنُوْنَ۞

وَهٰذَا كِتُبُّ اَنْزَلْنَهُ مُلِرَكٌ فَاتَّبِعُوْهُ وَاتَّقُوُا لَعَلَّكُمْ تُرْحَمُونَ ﴿

اَنْ تَقُولُوْآ اِنَّهَا أُنْزِلَ الْكِتْبُ عَلَى طَآلِفَتَيْنِ مِنْ قَبْلِنَا وَإِنْ كُنَّا عَنْ دِرَاسَتِهِمُ لَغْفِلِيْنَ ﴿

آوْ تَقُوُّلُوا لَوْ آئَآ ٱنْزِلَ عَلَيْنَا الْكِتْبُ لَكُنَّآ اَهُلَى

কিতাব নাযিল করা হলে আমরা তাদের তুলনায় বেশি হিদায়াত লাভ করতাম; এখন তো তোমাদের কাছে তোমাদের প্রভুর পক্ষ থেকে এক সুস্পষ্ট দলীল এবং পথ পাবার দিক নির্দেশ ও রহমত সমাগত হয়েছে. অতএব (এরপর আল্লাহর) আয়াতকে যে মিথ্যা প্রতিপন্ন করবে এবং তা থেকে এডিয়ে থাকবে তার চেয়ে বড অত্যাচারী আর কে হতে পারে? যারা আমার আয়াতসমূহ এড়িয়ে চলবে তাদেরকে আমি এই এডিয়ে চলার কারণে অতিসত্তর কঠিন শাস্তি দিব। ১৫৮, তারা কি শুধু এ প্রতীক্ষায় রয়েছে যে, তাদের কাছে ফেরেশতা কিংবা আসবে? স্বয়ং তোমার প্রতিপালক আসবেন? অথবা তোমার প্রতিপালকের কোন কোন নিদর্শন প্রকাশ হয়ে পডবে? যেদিন তোমার প্রতিপালকের কতক নিদর্শন প্রকাশ হয়ে পড়বে, (পশ্চিম দিক থেকে যেদিন সূর্যোদয় ঘটবে) সেই দিনের পূর্বে যারা ঈমান আনেনি, তাদের ঈমান তখন কোন উপকারে আসবে না, অথবা যারা নিজেদের ঈমান দারা কোন নেক কাজ করেনি (তখন নেক কাজ দ্বারা কোন ফলোদয় হবে না). তুমি এসব পাপিষ্ঠকে জানিয়ে দাও-তোমরা (এরূপ আশা নিয়ে) প্রতীক্ষা করতে থাক. আমিও প্রতীক্ষা করছি 🟱

مِنْهُمُ أَفَقَلُ جَاءَكُمْ بَيِّنَةٌ مِّنَ تَتِكُمْ وَهُرَى وَرَحْمَةٌ ، فَمَنَ اَظْلَمُ مِثَنَ كَنَّبَ بِالْتِ اللهِ وَصَدَفَ عَنْهَا م سَنَجُزِى الَّذِينَ يَصْدِفُونَ عَنْ الْيَتِنَاسُوْءَ الْعَذَابِ بِمَا كَانُواْ يَصْدِفُونَ

هَلْ يَنْظُرُونَ إِلَّا اَنْ تَأْتِيَهُمُ الْمَلْلِكَةُ اَوْ يَأْقَ رَبُّكَ اَوْيَأْتِيَ بَعْضُ الْبِ رَبِّكَ ﴿ يَوْمَ يَأْتِيَ بَعْضُ الْبِ رَبِّكَ لَا يَنْفَعُ نَفْسًا إِيْمَانُهَا لَمْ تَكُنُ امَنَتُ مِنْ قَبْلُ اَوْ كَسَبَتْ فِنْ إِيْمَانِهَا خَيْرًا ﴿ قُلِ انْتَظِرُوْ الْأَا مُنْتَظِرُونَ ﴿

১। (ক) আবৃ স্থরাইরা (রাযিআল্লান্থ আনহু) হতে বর্ণিত, তিনি বলেনঃ রাস্লুল্লান্থ সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ পশ্চিম দিক থেকে সূর্যোদয় না হওয়া পর্যন্ত কিয়ামত হবে না। সূর্য যখন পশ্চিম দিক থেকে উদিত হবে এবং মানুষ তা দেখে তখন সবাই ঈমান আনবে (কিন্তু কেউ পূর্বে ঈমান গ্রহণ না করে

১৫৯. নিশ্চয়ই যারা নিজেদের দ্বীনকে খন্ড-বিখন্ড করেছে এবং বিভিন্ন দলে উপদলে বিভক্ত হয়ে পড়েছে, তাদের সাথে তোমার কোন সম্পর্ক নেই, তাদের বিষয়টি নিশ্চয়ই আল্লাহর হাওলায় রয়েছে, পরিশেষে তিনিই তাদেরকে তাদের কার্যকলাপ সম্পর্কে অবহিত করবেন।

১৬০. কেউ কোন ভাল কাজ করলে সে তার দশগুণ প্রতিদান পাবে, আর কেউ পাপ ও অসং কাজ করলে তাকে শুধু ততটুকুই প্রতিফল দেয়া হবে যতটুকু সে করেছে, আর তারা অত্যাচারিত হবে না (অর্থাৎ বেশি প্রতিফল ভোগ করিয়ে তাদের প্রতি অত্যাচার করা হবে না)।

১৬১. (হে মুহাম্মাদ 🍇)! তুমি বলঃ প্রতিপালক নিঃসন্দেহে আমার আমাকে সঠিক নির্ভল পথে હ ওটাই পরিচালিত করেছেন, সূপ্রতিষ্ঠিত দ্বীন ইবরাহীম এবং (২৬৯)-এর অবলম্বিত আদর্শ যা সে ঐকান্তিক নিষ্ঠার সাথে গ্রহণ সে মুশরিকদের করেছিল। আর অন্তর্ভুক্ত ছিল না।

إِنَّ الَّذِيْنَ فَرَّقُوا دِيْنَهُمْ وَكَانُوا شِيَعًا لَّسْتَ مِنْهُمْ فِي اللَّهِ ثُمَّ مِنْهُمْ فِي اللَّهِ ثُمَّ مِنْهُمْ فِي اللَّهِ ثُمَّ اللَّهُ الللّهُ اللللللّهُ الللّهُ الللّهُ الللللّهُ الللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّهُ اللّهُ الللّهُ الللّهُ الللّهُ الللّهُ الللّهُ الللّهُ اللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّهُ اللّهُ الللّهُ اللللّهُ الللّهُ اللللّهُ اللّهُ الللّهُ اللللّهُ الللّهُ اللللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللل

مَنْ جَآءَ بِالْحَسَنَةِ فَلَهُ عَشُرُ آمْثَالِهَا ۚ وَمَنَ جَآءَ بِالسَّيِّتَ عَةِ فَلَا يُجْزَى إِلَّا مِثْلَهَا وَهُمْ لَا يُظْلَمُونَ ۞

قُلْ إِنَّنِيْ هَلَى نِي رَبِّيْ إِلَى صِرَاطٍ مُسْتَقِيْمٍ هُ دِيْنًا قِيَمًا مِّلَةَ إِبُرْهِيْمَ حَنِيْفًا * وَمَا كَانَ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿

থাকলে তখনকার ঈমান গ্রহণ তার কোন কাজে আসবে না।) আয়াতের অর্থঃ "সে দিন কোন ব্যক্তির ঈমান কাজে আসবে না যদি সে পূর্বেই ঈমান গ্রহণ না করে থাকে।" (সূরা আল-আনআমঃ ১৫৮) [বুখারী, হাদীস নং ৪৬৩৫]

(খ) আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত, তিনি বলেনঃ রাস্লুল্লাহ্ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ কিয়ামতের তিনটি নির্দশন) প্রকাশ পাওয়ার পর কোন ব্যক্তি ঈমান আনলে তার এ ঈমান কোনই কাজে আসবেনা। সে যদি ইতিপূর্বে পূর্বে ঈমানা না এনে থাকে। (১) পশ্চিম দিকে সূর্য উদিত হওয়া। (২) দাজ্জালের আগমন ঘটা। (৩) দাব্বাতুল আরজ। (মুসলিম)

⁽গ) আনাস (রাথিআল্লাহু আনহু) থেকে বর্ণিত, তিনি বলেনঃ নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ এমন কোন নবীর আগমন ঘটেনি যে, তার উন্মতকে একচোখ অন্ধ মিথ্যুক থেকে (দাজ্জাল) সাবধান করে নি। নিশ্চয়ই তার এক চোখ অন্ধ আর তোমাদের প্রভু অন্ধ নন এবং নিশ্চয়ই তার চোখের মাঝে, লিখা থাকবে কাফের।

১৬২. তুমি বলে দাওঃ আমার নামায, আমার সকল ইবাদত, (কুরবানী ও হজ্জ) আমার জীবন ও আমার মরণ সব কিছু সারা জাহানের রব আল্লাহর জন্যে।

১৬৩. তাঁর কোন শরীক নেই, আমি এর জন্যে আদিষ্ট হয়েছি, (অর্থাৎ আমি যেন তাঁর সাথে অন্য কাউকে শরীক স্থির না করি।) আর আত্মসমর্পণকারীদের মধ্যে আমিই হলাম প্রথম।

১৬৪. (হে মুহাম্মাদ 鑑)! ඉমি জিজ্ঞেস করঃ আমি কি আল্লাহকে বাদ দিয়ে অন্য প্রতিপালকের সন্ধান করবো? অথচ তিনিই হচ্ছেন প্রতিটি বম্বর প্রতিপালক! প্রত্যেক ব্যক্তিই স্বীয় কৃতকর্মের জন্যে দায়ী হবে. কোন বোঝা বহনকারীই অপর কারো বোঝা বহন করবে না, পরিশেষে প্রতিপালকের নিকট তোমাদের প্রত্যাবর্তন করতে তোমাদেরকে হবে. তৎপর তিনি তোমরা যে বিষয়ে মতবিরোধ করেছিলে সে তোমাদেরকে অবহিত করবেন।

যিনি তিনি এমন, ১৬৫. আর দুনিয়ার প্রতিনিধি তোমাদেরকে করেছেন এবং তোমাদের কতককে উপর মর্যাদায় কতকের উন্নত করেছেন, উদ্দেশ্য হলো তোমাদেরকে তিনি যা কিছ দিয়েছেন, তাতে তোমাদের পরীক্ষা নিঃসন্দেহে করবেন, তোমার প্রতিপালক তুরিত শাস্তিদাতা, আর ক্ষমাশীল নিঃসন্দেহে তিনি কপানিধান ৷

قُلُ إِنَّ صَلَاقِ وَنُسُكِىٰ وَمَحْيَاىَ وَمَمَاقِنَ بِللهِ رَبِّ الْعَلَمِيْنَ شَ

لَاشَرِيْكَ لَهُ وَبِذَٰ لِكَ أُمِرُتُ وَانَا آوَّلُ الْمُسْلِيِيْنَ ﴿

قُلْ اَغَيْرَ اللهِ اَبْغِیْ رَبَّا وَّهُوَرَبُّ كُلِّ شَیْءٍ ﴿
وَلَا تَكْسِبُ كُلُّ نَفْسٍ اِلَّاعَلَيْهَا ۚ وَلَا تَزِرُ وَازِرَةٌ وَلَا تَكْسِبُ كُلُّ نَفْسٍ اِلَّاعَلَيْهَا ۚ وَلَا تَزِرُ وَازِرَةٌ وِزَرَ اُخْرَى ۚ ثُمَّةً إِلَى رَبِّكُهُ مَّرْجِعُكُمُ فَيُنَبِّكُكُمُ بِمَا كُنْتُهُ فِيْهِ تَخْتَلِفُوْنَ ﴿

وَهُوَ الَّذِي جَعَلَكُمْ خَلِيفَ الْاَرْضِ وَرَفَعَ بَعْضَكُمُ فَوْقَ بَعْضٍ دَرَجْتٍ لِّيَـبُلُوكُمْ فِي مَاۤ الْمُكُمُّ لِيَّ رَبَّكَ سَرِ نِمُ الْعِقَابِ ﴿ وَإِنَّهُ لَغَفُورٌ رَّحِيْمٌ ۚ

সূরাঃ আ'রাফ, মাক্কী

(আয়াতঃ ২০৬, রুকুঃ ২৪)

দয়াময় মেহেরবান আল্লাহর নামে শুরু করছি।

১. আলিফ-লাম-মীম-সুয়াদ।

২. (হে মুহাম্মাদ ﷺ)! তোমার
নিকট এ জন্যে কুরআন অবতীর্ণ করা
হয়েছে যাতে তৃমি এর দ্বারা মানুষকে
সতর্ক করতে পার, আর এটা
মুমিনদের জন্যে উপদেশ (ভাভার),
অতএব, তোমার মনে যেন এটা
সম্পর্কে কোনরূপ দ্বিধা-সন্দেহ না
থাকে (বা তা প্রচার করতে যেন
তোমার অন্তর সংকীর্ণ না হয়)।

- তেমাদের নিকট তোমাদের প্রতিপালকের পক্ষ হতে যা অবতীর্ণ করা হয়েছে, তোমরা তার অনুসরণ কর, আর তোমরা আল্লাহকে ছেড়ে অন্য কোন বন্ধু ও অভিভাবকের অনুসরণ করো না, তোমরা খুব অল্পই উপদেশ গ্রহণ করে থাক।
- আর কত জনপদকেই না আমি
 ধ্বংস করেছি। ফলে আমার শাস্তি
 তাদের উপর রাত্রিকালে ঘুমন্ত
 অবস্থায় অথবা দ্বিপ্রহরে যখন তারা
 বিশ্রামরত ছিল তখনই আপতিত
 হয়েছে।
- ৫. আমার শাস্তি যখন তাদের কাছে এসে পড়েছিল, তখন তাদের মুখে 'বাস্তবিকই আমরা অত্যাচারী ছিলাম' এই কথা ছাড়া আর কিছুই ছিল না।

التِّض أَ

كِتْبُ ٱنْذِلَ اِلَيْكَ فَلَا يَكُنُ فِي صَدْدِكَ حَيَّ مِّنْهُ لِتُنْذِرَبِهِ وَذِكْرَى لِلْمُؤْمِنِيْنَ ۞

اِتَّبِعُوْا مَآ اُنْزِلَ اِلَيُكُمُّ مِّنْ دَّبِكُمُ وَلَا تَتَّبِعُوا مِنْ دُوْنِهَ اَوْلِيَاءَ ⁴ قَلِيُلًا مِّا تَذَكَّرُوْنَ ⊕

وَكُمْ مِّنْ قَرْيَةٍ ٱهْلَكُنْهَا فَجَآءَهَا بَاسُنَا بَيَاتًا ٱوْهُمْ قَآبٍلُوْنَ ۞

فَهَا كَانَ دَعُولِهُمُ اِذْ جَاءَهُمُ بَاٰسُنَاۤ اِلَّاۤ اَنۡ قَالُوۡۤاَ اِنَّا كُنَّا ظٰلِمِیۡنَ⊙ ৬. অতঃপর আমি (কিয়ামতের দিন) যাদের কাছে রাসূল প্রেরণ করা হয়েছিল তাদেরকে এবং রাসূল-অবশ্যই জিজ্ঞাসাবাদ দেৱকেও করবো ।

৭. তখন আমি তাদের সমস্ত বিবরণ পূর্বজ্ঞান অনুযায়ী প্রকাশ করে দেবো. আর আমি তো বে-খবর ছিলাম না।

৮. আর সেই দিনের ওজন হবে সঠিক ¹² সুতরাং যাদের (পুণ্যের) পাল্লা ভারী হবে তারাই হবে কৃতকার্য ও সফলকাম।

৯. আর যাদের (পুণ্যের) হালকা হবে, তারা হবে সেসব লোক যারা নিজেদের ক্ষতি ধবংস নিজেরাই করেছে, কেননা, আমার নিদর্শনসমূহকে (বাণীকে) প্রত্যাখ্যান করতো।

১০, আর নিশ্চয়ই আমি দেরকে ভূ-পৃষ্ঠে থাকবার দিয়েছি এবং আমি তোমাদের জন্যে ওতে জীবিকা নির্বাহের উপকরণগু*লো* সৃষ্টি করেছি, তোমরা খুব কৃতজ্ঞতা প্রকাশ করে থাকো।

<u>তোমাদেরকে</u> সৃষ্টি 22. আমিই করেছি, অতঃপর তোমাদেরকে রূপ আমি করেছি. দান তারপর ফেরেশতাদেরকে নির্দেশ দিয়েছি তোমরা আদম (ৣ৺৴)-কে সিজদা فَكَنَسْعُكُنَّ الَّذِينَ أَرْسِلَ إِلَيْهِمْ وَلَنَسْعَكَنَّ البرسلين 🛈

ولوانناً ٨

فَلَنَقُصَّنَّ عَلَيْهِمُ بِعِلْمٍ وَّمَا كُنَّا غَلْبِينَ ۞

وَالْوَزْنُ يَوْمَبِنِدِ الْحَقُّ ۚ فَكُنْ ثَقْلَتُ مَوَازِينُكُ فَأُولِيكَ هُمُ الْمُفْلِحُونَ ۞

وَمَنْ خَفَّتُ مَوَازِينُهُ فَأُولِيكَ الَّذِيْنَ خَسِرُوۤآ اَنْفُسَهُمْ بِمَا كَانُوْا بِالْيِتِنَا يَظْلِمُوْنَ ©

وَلَقَكُ مَكَّنَّكُمْ فِي الْأَرْضِ وَجَعَلْنَا لَكُمْ فنْ عَامَعَا بِشَ قَلْلًا مَّا تَشْكُرُونَ ۞

وَلَقَالُ خَلَقُنَاكُمْ ثُمَّ صَوَّرُنَكُمْ ثُمَّ قُلْنَا لِلْمَلْلِيكَةِ اسُجُكُوْا لِأَدَمَ ۚ فَسَجَكُوْۤ اللَّآ اِبْلِيْسَ ۗ لَمْ يَكُنْ مِّنَ السَّجِدِينَ السَّ

১। আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত, তিনি বলেনঃ রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ দু'টি বাক্য এমন যা, করুণাময় আল্লাহ্র নিকট প্রিয়, যবানে উচ্চারণ করতে সহজ, (কিয়ামতের দিন), মিজানের পাল্লায় ভারী, আর তা' হল- অর্থঃ " আল্লাহ্ পৃত ও পবিত্র এবং তাঁর জন্য সকল প্রশংসা। মহান আল্লাহ্ পাকের পবিত্রতা বর্ণনা করছি। (বুখারী, হাদীস নং ৭৫৬৩)

কর, তখন ইবলীস ছাড়া সবাই সিজদা করলো, সে সিজদাকারীদের অন্তর্ভুক্ত হল না।

১২. তিনি (আল্লাহ) তাকে (ইবলীসকে) জিজ্ঞেস করলেনঃ আমি যখন তোমাকে আদমকে সেজদা করতে আদেশ করলাম, তখন কোন বস্তু তোমাকে সেজদা করা হতে নিবৃত্ত করলো? সে উত্তরে বললোঃ আমি তার চেয়ে শ্রেষ্ঠ, আপনি আমাকে আগুন দ্বারা সৃষ্টি করেছেন, আর তাকে সৃষ্টি করেছেন কাদামাটি হতে।

১৩. আল্লাহ বললেনঃ এ স্থান থেকে নেমে যাও, এখানে থেকে তুমি অহংকার করবে তা হতে পারে না; সুতরাং বের হয়ে যাও, নিশ্চয়ই তুমি নীচ ও লাঞ্জিতদের অন্তর্ভুক্ত।

১৪. সে বললোঃ (হে আল্লাহ!) আমাকে পুনরুখান দিবস পর্যন্ত (বেঁচে থাকার) অবকাশ দিন।

১৫. আল্লাহ বললেনঃ (ঠিক আছে) তোমাকে অবকাশ দেয়া হলো।

১৬. (ইবলীস) বললোঃ আপনি যে আমাকে পথভ্রষ্ট করলেন এ কারণে আমিও শপথ করে বলছিঃ আমি (বানী আদমকে) তাদের (বিভ্রান্ত করার) জন্যে সরল পথের (মাথায়) অবশ্যই ওঁৎ পেতে বসে থাকবো।

১৭. অতঃপর আমি (পথভ্রষ্ট করার উদ্দেশ্যে) তাদের সম্মুখ দিয়ে, পিছন দিয়ে, ডান দিক দিয়ে এবং বাম দিক قَالَ مَا مَنَعَكَ الآتَسْجُنَ إِذْ اَمَرُتُكَ عَقَالَ اَنَا خَيْرُ مِنْ مَا مَنْكَ عَقَالَ اَنَا خَيْرٌ مِنْ خَيْرٌ مِنْهُ عَخَلَقْتَنِي مِنْ ثَادٍ وَّخَلَقْتَهُ مِنْ طِيْنِ®

قَالَ فَاهْبِطْ مِنْهَا فَمَا يَكُوْنُ لَكَ اَنْ تَتَكَبَّرَ فِيْهَا فَاخُرُجُ إِنَّكَ مِنَ الصِّغِرِيْنَ ﴿

قَالَ ٱنْظِرْنِيْ إِلَى يَوْمِر يُبْعَثُونَ ﴿

قَالَ إِنَّكَ مِنَ الْمُنْظِرِيْنَ ﴿

قَالَ فَبِما ٓ اغْوَيْتَنِي لَاقَعُكَ نَّ لَهُمْ صِرَاطَكَ الْسُتَقِيْمَ ﴿

ثُمَّ لَاتِيَنَّهُمُ مِّنُ بَيْنِ اَيْدِيْهِمُ وَمِنُ خَلْفِهِمُ وَعَنُ اَيْمَانِهِمْ وَعَنْ شَمَا إِلهِمُ ۖ وَلَا تَجِنُ দিয়ে তাদের কাছে আসবো, আপনি তাদের অধিকাংশকেই কৃতজ্ঞরূপে পাবেন না।

১৮. তিনি (আল্লাহ) বললেনঃ তুমি এখান থেকে লাঞ্ছিত ও বিতাড়িত অবস্থায় বের হয়ে যাও, তাদের (বানী আদমের) মধ্যে যারা তোমার অনুসরণ করবে, নিশ্চয়ই আমি তোমাদের সকলের দ্বারা জাহান্নাম পূর্ণ করবো।

১৯. আর হে আদম! তুমি এবং তোমার স্ত্রী জানাতে বসবাস কর এবং এখানে তোমাদের মনে যা চায় তাই খাও; কিন্তু এই বৃক্ষের নিকটবর্তী হয়ো না, অন্যথায় অত্যাচারীদের মধ্যে গণ্য হয়ে পড়বে।

২০. অতঃপর তাদের লজ্জাস্থান যা পরস্পরের কাছে গোপন রাখা হয়েছিল তা প্রকাশ করার জন্যে শয়তান তাদেরকে কুমন্ত্রণা দিলো, আর বললোঃ তোমাদের প্রতিপালক এই বৃক্ষের কাছে যেতে নিষেধ করেছেন এর কারণ এ ছাড়া কিছুই নয় যে, তোমরা যেন ফেরেশ্তা হয়েনা যাও অথবা (এই জান্নাতে) চিরন্তন জীবন লাভ করতে না পার। ২১. সে তাদের উভয়ের নিকট শপথ করে বললোঃ আমি তোমাদের

২২. সুতরাং সে (ইবলীস) তাঁদের উভয়কে প্রতারণা ও ছলনা দ্বারা নীচে নিয়ে আসল (অর্থাৎ বিভ্রান্ত

হিতাকাঙ্খীদের অন্যতম।

ٱكْثَرَهُمُ شَكِرِيْنَ ٠

قَالَ اخْرُجُ مِنْهَا مَنْءُوْمًا مَّلْحُورًا ﴿ لَمَنْ تَبِعَكَ مِنْهُمُ لَاَمُكَنَّ جَهَلَّمَ مِنْكُمُ ٱجْمَعِيْنَ⊙

وَيَأْدَمُ اسُكُنْ آنْتَ وَزَوْجُكَ الْجَنَّةَ فَكُلامِنْ حَيْثُ شِئْتُمًا وَلا تَقْرَبا هٰذِهِ الشَّجَرَةَ فَتَكُوْنَامِنَ الظِّلِمِيْنَ®

فَوَسُوَسَ لَهُمَا الشَّيْطُنُ لِيُبْدِى لَهُمَا مَا وُرِى عَنْهُمَا مِنْ سَوْاتِهِمَا وَقَالَ مَا نَهْكُمُا رَبُّكُمَا عَنْ هٰذِهِ الشَّجَرَةِ اِلَّآ اَنْ تَكُوْنَا مَلَكَيْنِ آوْ تَكُوْنَا مِنَ الْخٰلِدِيْنَ ۞

وَقَاسَمُهُمَّا إِنِّي لَكُمًّا لَمِنَ النَّصِحِينَ ﴿

فَكَاللهُمَا بِغُرُورٍ ۚ فَلَمَّا ذَاقَا الشَّجَرَةَ بَكَتُ لَهُمَا سَوْاتُهُمَا وَطَفِقَا يَخْصِفْنِ عَلَيْهِمَا مِنْ وَرَقِ করলো)। ফলে যখন তারা সেই নিষিদ্ধ গাছের ফলের স্বাদ গ্রহণ করে ফেললো ় তখন তাদের লজ্জাস্থান তাদের কাছে প্রকাশ হয়ে পড়লো এবং জান্লাতের গাছের পাতা দারা নিজেদেরকে আবৃত করতে লাগলো, প্রতিপালক তাদের তাদেরকে সম্বোধন করে বললেনঃ বৃক্ষ সম্পর্কে কি এ তোমাদেরকে নিষেধ করি নি? আর শয়তান যে তোমাদের প্রকাশ্য শত্রু তা কি আমি তোমাদেরকে বলি নিং

২৩. তখন তারা বললোঃ হে আমাদের প্রতিপালক! আমরা নিজেদের প্রতি অন্যায় করেছি, আপনি যদি আমাদেরকে ক্ষমা না করেন এবং আমাদের দয়া না করেন তবে অবশ্যই আমরা ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হয়ে পড়বো।

২৪. তিনি (আল্লাহ) বললেনঃ তোমরা একে অন্যের শক্রুরূপে এখান থেকে নেমে যাও, তোমাদের জন্যে পৃথিবীতে এক নির্দিষ্ট সময় পর্যন্ত বসবাস করা এবং তথায় জীবন ধারণের উপযোগী সামগ্রীর ব্যবস্থা রয়েছে।

২৫. তিনি আরও বললেনঃ সেই
পৃথিবীতেই তোমরা জীবন-যাপন
করবে, সেখানেই তোমাদের মৃত্যু
সংঘটিত হবে এবং তথা হতেই
তোমাদেরকে বের করা হবে।

২৬. হে বানী আদম! আমি তোমাদেরকে লজ্জাস্থান আবৃত করার الْجَنَّةِ ﴿ وَنَا دُبُهُمَا رَبُّهُمَا اللَّهُ الْهُمَا عَنَ تِلْكُمَا الشَّجَرَةِ وَاقُلُ تَكُمَا إِنَّ الشَّيْطَنَ لَكُمَا عَكُوُّ مُّمِينِيُّ ﴿

قَالَا رَبَّنَا ظَلَمْنَا ٓ انْفُسَنَا ﷺ وَإِنْ لَّـمُ تَغْفِرْلَنَا وَتُرْحَمُنَا لَنَكُوْنَى مِنَ الْخُسِرِيْنَ ﴿

قَالَ اهْبِطُوْا بَعْضُكُمْ لِبَعْضٍ عَدُوَّ وَلَكُمُ فِي الْاَرْضِ مُسْتَقَرُّ وَّ مَتَاعٌ اللهِ حِيْنِ ﴿

قَالَ فِيْهَا تَخْيَوْنَ وَفِيْهَا تَثُوْتُوْنَ وَمِنْهَا تُخْرَجُونَ شَ

ينبني أدَمَ قُلْ ٱنْزَلْنَا عَلَيْكُمْ لِبَاسًا يُوادِي

বেশভূষার তোমাদের পরিচ্ছদের উপকরণ পোশাক অবতীর্ণ করেছি (বেশভুষার তুলনায়) আল্লাহ-ভীতি পরিচ্ছদই সর্বোত্তম পরিচ্ছদ নিদর্শন এটা আল্লাহর সমূহের অন্যতম নিদর্শন, সম্ভবতঃ মানুষ এটা হতে উপদেশ গ্রহণ করবে। ২৭. হে আদম সন্তানগণ! শয়তান যেন তোমাদেরকে সেরূপ ফিৎনায় জডিয়ে ফেলতে না পারে যেরূপ তোমাদের পিতা-মাতাকে (ফিৎনায় জড়িয়ে ফেলে) জান্নাত হতে বহিষ্কৃত করেছিল এবং তাদেরকে তাদের লজ্জাস্থান দেখাবার জনো করেছিল, সে নিজে এবং তার দল তোমাদেরকে এমনভাবে দেখতে পায় যে. তোমরা তাদেরকে দেখতে পাও না. নিঃসন্দেহে শয়তানকে আমি বেঈমান লোকদের বন্ধু ও অভিভাবক বানিয়ে দিয়েছে।

২৮. যখন তারা কোন নিকৃষ্ট ও অশ্রীল কর্ম করে, তখন তারা বলেঃ পূর্বপুরুষদেরকে আমাদের এসব কাজ করতে পেয়েছি এবং আল্লাহও আমাদেরকে এটা করতে দিয়েছেন, निर्फ्रभ মুহাম্মাদ হে (鑑)! তুমি ঘোষণা করে দাও যে. আল্লাহ অশ্লীল ও নিকৃষ্ট কর্মের নির্দেশ দেন না. তোমরা কি আল্লাহ সম্পর্কে এমন সর কথা বলছো যে বিষয়ে তোমাদের কোন জ্ঞান নেই?

২৯. তুমি ঘোষণা করে দাওঃ আমার প্রতিপালক ন্যায়ের নির্দেশ দিয়েছেন سَوْاتِكُهْ وَرِنْشًا ۚ وَلِبَاسُ التَّقُوٰى ذٰلِكَ خَيْرٌ ۚ ذٰلِكَ مِنْ الْبِ اللهِ لَعَلَّهُمْ يَنَّ كَرُّوْنَ ﴿

يلَبَنِيَّ اَدَمَرُ لا يَفْتِنَنَّكُمُ الشَّيْطُنُ كَمَا ٓ اَخْتَ اَبُوَيْكُمُ مِّنَ الْجَنَّةِ يَنْزِعُ عَنْهُمَا لِبَاسَهُمَا لِيُرِيَهُمَا سَوُاتِهِمَا وَلَقَا يَرْكُمُ هُوَ وَقَلِيْكُ مِنْ حَيْثُ لَا تَرَوْنَهُمُ وَلِنَّا جَعَلْنَا الشَّلِطِيْنَ اَوْلِيَا عَلِيَّالِيْنَ لَا يُؤْمِنُونَ ۞

وَإِذَا فَعَلُوْا فَاحِشَةً قَالُوْا وَجَلُنَا عَلَيْهَا أَبَاءَنَا وَاللّٰهُ آمَرَنَا بِهَا قُلُ إِنَّ اللّٰهَ لَا يَأْمُرُ بِالْفَحْشَاةِ آتَقُوْلُوْنَ عَلَى اللّٰهِ مَا لَا تَعْلَمُونَ ﴿

قُلُ اَمَرَرَتِيْ بِالْقِسْطِ وَاقِيْمُوا وُجُوهَكُمْ عِنْكَ

এবং (আরও নির্দেশ দিয়েছেন যে,)
তোমরা প্রত্যেক নামাযের সময়
তোমাদের মুখমন্ডলকে (ক্বিবলার
দিকে) স্থির রাখ ও তাঁরই আনুগত্যে
বিশুদ্ধ মনে একনিষ্ঠভাবে তাঁকেই
ডাক, তোমাদেরকে প্রথমে যেভাবে
সৃষ্টি করা হয়েছে, তোমরা
তেমনিভাবে ফিরে আসবে।

৩০. এক দলকে আল্লাহ হেদায়েত দান করেছেন এবং অপর দলের জন্যে ভ্রান্তি স্থির হয়েছে, কারণ তারা আল্লাহকে ছেড়ে শয়তানকে অভিভাবক ও বন্ধু বানিয়েছিল এবং নিজদেরকে হেদায়েতপ্রাপ্ত মনে করত।

৩১. হে আদম সন্তানগণ! প্রত্যেক নামাযের সময় সুন্দর পোশাক-পরিচছদ গ্রহণ কর, আর খাও এবং পান কর (তবে পরিচছদ ও পানাহারে) অপব্যয় ও অমিতাচার করবে না, কেননা, আল্লাহ অপব্যয়কারীদের ভালবাসেন না।

৩২. (হে মুহাম্মাদ ﷺ)! তুমি জিজ্ঞেস কর যেঃ আল্লাহ তাঁর বান্দাদের জন্যে যেসব শোভনীয় বস্তু ও পবিত্র জীবিকা সৃষ্টি করেছেন, তা কে নিষিদ্ধ করেছে? তুমি ঘোষণা করে দাওঃ এ সব বস্তু পার্থিব জীবনে, বিশেষ করে কিয়ামতের দিনে ঐসব লোকের জন্যে যারা মুমিন হবে,

كُلِّ مَسْجِدٍ وَّادُعُوْهُ مُخْلِصِيْنَ لَهُ السِّيْنَ هُ لَيْ السِّيْنَ هُ لَكُمَّ البَّايِّنَ هُ

فَرِيُقًاهَانَ وَفَرِيْقًا حَقَّ عَلَيْهِمُ الضَّلَلَةُ ﴿ انَّهُمُ الضَّلَلَةُ ﴿ انَّهُمُ التَّالِمِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ وَيَحْسَبُونَ اللَّهِ عَلَيْهُ وَلَيْ اللَّهِ وَيَحْسَبُونَ اللَّهِ عَلَيْهُ وَلَيْ اللَّهِ وَيَحْسَبُونَ اللَّهِ وَيَحْسَبُونَ اللَّهُ عَلَيْهُ وَلَيْ اللَّهُ الللَّهُ اللَّهُ الللللِّهُ اللللِّهُ اللَّهُ الللِّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّ

لِبَغِنَى ادَمَخُنُوا زِيْنَتَكُمْ عِنْنَ كُلِّ مَسْجِدٍ قَكُلُوا وَاشْرَبُوُا وَلَا تُسْرِفُوا اللهِ اللهِ لَيُحِبُّ الْمُسْرِفِيْنَ شَ

قُلْ مَنْ حَرَّمَ زِيْنَةَ اللهِ الَّذِيِّ اَخْنَجَ لِعِبَادِهِ وَالطَّيِّبَاتِ مِنَ الرِّذْقِ * قُلْ هِيَ لِلَّذِيْنَ امَنُوا فِي الْحَيْوةِ الدُّنْيَا خَالِصَةً يَّوْمَ الْقِيْمَةِ * كَذٰلِكَ نُفَصِّلُ الْأَيْتِ لِقَوْمٍ يَعْلَمُونَ ۞

১। আয়েশা (রাযিআল্লাহু আনহা) থেকে বর্ণিত, তিনি বলেনঃ রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) ফজরের নামায এমন সময়ে পড়তেন যে, তার সাথে সাথে যে সমস্ত মুসলমান রমণীগণ শরীরে চাদর জড়িয়ে নামাযে শরীক হতেন। অতঃপর তারা এত অন্ধকার থাকাতে নামায থেকে বাড়িতে ফিরতেন যে কেউ তাদেরকে চিনতে পারত না। (বুখারী, হাদীস নং ৩৭২)

এমনিভাবে আমি জ্ঞানী সম্প্রদায়ের জন্যে নিদর্শনসমূহ বিশদভাবে বর্ণনা করে থাকি।

৩৩. (হে মুহাম্মাদ 鑑)! তুমি ঘোষণা করে দাওঃ আমার প্রতিপালক প্রকাশ্য ও অপ্রকাশ্য অশ্লীলতা, পাপকাজ, অসংগত ও অত্যাচার ও বাডাবাডি এবং আল্লাহর সাথে কোন কিছুকে শরীক করা যার পক্ষে আল্লাহ কোন দলীল-প্রমাণ অবতীর্ণ করেন নি. আর আল্লাহ সম্বন্ধে এমন কিছু বলা যে সম্বন্ধে তোমাদের কোন জ্ঞান নেই: (ইত্যাদি বিষয়সমূহ) নিষিদ্ধ করেছেন।

৩৪. প্রত্যেক জাতির জন্যে একটি নির্দিষ্ট সময় রয়েছে। সুতরাং যখন সেই নির্দিষ্ট সময় উপস্থিত হবে তখন তা এক মুহূর্তকালও আগে এবং পরে হবে না।

৩৫. হে আদম সন্তান! স্মরণ রাখ, তোমাদের মধ্য হতে যদি এমন কোন রাসূল তোমাদের নিকট আসে এবং আমার বাণী ও নিদর্শন তোমাদের কাছে বর্ণনা করে; তখন যারা (আল্লাহকে) ভয় করবে এবং নিজেদেরকে সংশোধন করে নেবে, তাদের কোন ভয়-ভীতি থাকবে না এবং তারা দুঃখিত ও চিন্তিত হবে না।

৩৬. আর যারা আমার বাণী ও বিধানকে মিথ্যা প্রতিপন্ন করেছে এবং অহংকার করে তা হতে দূরে সরে قُلُ إِنَّمَا حَرَّمَ رَبِّى الْفَوَاحِشَ مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ وَالْإِثْمَ وَالْبَغْيَ بِغَيْرِ الْحَقِّ وَآنُ تُشْرِكُوا بِاللهِ مَا لَمْ يُنَزِّلْ بِهِ سُلطنًا وَآنُ تَقُوْلُوا عَلَى اللهِ مَا لاَ تَعْلَمُونَ ﴿

وَلِكُلِّ أُمَّةٍ اَجَلُّ ۚ فَإِذَا جَاءَ اَجَلُهُمْ لَا يَسْتَأْخِرُونَ سَاعَةً وَّلاَ يَسْتَقْنِ مُونَ۞

يلَبَنِنَ أَدَمَ إِمَّا يَأْتِيَنَّكُمُ رُسُلٌ مِّنْكُمْ يَقُصُّوْنَ عَكَيْكُمُ أَيْتِيُ فَنَنِ اتَّقَى وَاصْلَحَ فَلَاخُوفٌ عَلَيْهِمُ وَلَاهُمْ يَحْزَنُونَ ۞

وَالَّذِيْنَ كَنَّهُوُا بِأَيْتِنَا وَاسْتَكْمَبُوُا عَنْهَا اُولِيِكَ اَصُحٰبُ النَّارِّ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ⊙ রয়েছে, তারাই হবে জাহান্নামী, সেখানে তারা চিরকাল অবস্থান করবে।

৩৭, যে ব্যক্তি আল্লাহর উপর মিথ্যা আরোপ করে এবং তাঁর বাণী ও নিদর্শনসমূহকে মিথ্যা প্রতিপন্ন করে; তার চেয়ে বড অত্যাচারী আর কে হতে পারে? তাদের ভাগ্যলিপিতে লিখিত নির্ধারিত অংশ তাদের নিকট পৌছবেই. পরিশেষে যখন আমার প্রেরিত ফেরেশতা তাদের প্রাণ হরণের জন্যে তাদের নিকট আসবে. তখন ফেরেশতারা জিজ্ঞেস করবেঃ আল্লাহকে বাদ দিয়ে যাদেরকে তোমরা ডাকতে তারা কোথায়? তখন তারা উত্তরে বলবেঃ আমাদের হতে অদশ্য হয়ে গেছে. তারা নিজেরাই স্বীকারোক্তি করবে তারা কাফির বা সত্য প্রত্যাখ্যানকারী ছिল ।

৩৮, আল্লাহ বলবেনঃ তোমাদের পূর্বে মানুষ ও জ্বিন হতে যেসব সম্প্রদায় গত হয়েছে, তাদের সাথে তোমরাও জাহানামে প্রবেশ কর, যখনই কোন দল তাতে প্রবেশ করবে তখনই অপর দলকে তারা অভিসম্পাত করবে, পরিশেষে যখন তাতে সকলে জামায়েত হবে, তখন পূর্ববর্তীদের পরবর্তীগণ বলবেঃ হে আমাদের প্রতিপালক! এরাই আমাদেরকে বিভ্রান্ত করেছে. সূতরাং আপনি এদের জাহানামের শাস্তি দ্বিগুণ দিন তখন

فَكُنُ أَظْلَمُ مِنِّنِ افْتَرَى عَلَى اللهِ كَذِبًا أَوْكَذَّبَ بِأَيْتِهِ الْوَلْمِكَ يَنَالُهُمُ نَصِينُبُهُمُ مِّنَ الْكِتْبِ الْمَاتِّقَ إِذَا جَاءَتُهُمُ رُسُلْنَا يَتَوَقَّوْنَهُمْ قَالُوْا اَيُنَ حَتَّى إِذَا جَاءَتُهُمُ رُسُلْنَا يَتَوَقَّوْنَهُمْ قَالُوْا اَيُنَ مَا كُنْتُمُ تَلُمُونَ مِنُ دُونِ اللهِ اقَالُوا ضَلُوا عَنَا وَشَهِلُوا عَلَى اَنْفُيهِمْ اللهِ مَا نَهُمْ كَانُوا كَفِرِيْنَ ۞

قَالَ ادْخُلُوا فِي النَّادِّ كُلَّتُ مِن قَبْلِكُمْ مِّن الْجِنِّ وَالْإِنْسِ فِي النَّادِّ كُلَّماً دَخَلَتُ المَّهُ لَّكَمَنَتُ الْخَتَهَا لَمَ مَنْ إِذَا ادَّارَكُو افِيها جَمِيْعًا لَّقَالَتُ الْخُرْبَهُمُ لِأُولِمهُمُ رَبَّنَا هَوُلَاء اَضَالُونَ فَأْتِهِمُ عَذَا ابًا ضِعْفًا مِّنَ النَّادِ لَهُ قَالَ لِكُلِّ ضِعْفٌ وَلَكِنْ لَا تَعْلَمُونَ ﴿ বলবেনঃ প্রত্যেকের জন্যেই দ্বিগুণ রয়েছে; কিন্তু তোমরা তা জ্ঞাত নও।

৩৯. আর পূর্ববর্তী লোকেরা পরবর্তী লোকদের উদ্দেশ্যে বলবেঃ আমাদের উপর তোমাদের কোন শ্রেষ্ঠত্ব নেই, সুতরাং তোমরা তোমাদের কৃতকর্মের ফলস্বরূপ শাস্তি ভোগ করতে থাক।

80. নিশ্চয়ই যারা আমার আয়াতকে মিথ্যা প্রতিপন্ন করে এবং অহংকার বশতঃ তা থেকে ফিরে থাকে, তাদের জন্যে আকাশের দ্বার উন্মুক্ত করা হবে না এবং তারা জান্নাতেও প্রবেশ করতে পারবে না, যতক্ষণ না সূচেঁর ছিদ্র পথে উষ্ট্র প্রবেশ করে, এমনিভাবেই আমি অপরাধীদেরকে প্রতিফল দিয়ে থাকি।

৪১. তাদের জন্যে হবে জাহান্নামের (আগুনের) বিছানা এবং তাদের উপরে হবে আগুনের চাদর (যা তাদেরকে আচ্ছাদন করে নেবে)। এমনিভাবেই আমি যালিমদেরকে প্রতিফল দিয়ে থাকি।

8২. আর যারা ঈমান এনেছে ও ভাল কাজ করেছে এমন কোন ব্যক্তিকে আমি তার সাধ্যাতীত দায়িত্ব অর্পণ করি না; তারাই হবে জান্নাতবাসী, এবং তারাই হবে সেখানে চিরকাল অবস্থানকারী।

8৩. আর তাদের অন্তরে যা কিছু ঈর্ষা ও বিদ্বেষ রয়েছে তা আমি দূর করে দেবো, তাদের নিম্নদেশ দিয়ে নদীসমূহ প্রবাহিত হবে, তখন তারা ۅؘۘۊؘۜٲڵؾؗٲٷڶۿؙؗؗؗؗ؞۫ٳڎٛڂٛڔۿؙ؞ٝڣؘٵػٵڽؘڵڴؙۯ۫ۼڵؽڹٵڡؚڹ ڡؘٛڝ۬۫ڸؚ؋ؙۮؙٷۛۊٳٳڵۼڹؘٳڔۜؠٵػؙڹٚؾؙٛؗؗؗؗؗۄؾؙۜڵڛؚڹ۠ۅؙڹ۞ؖ

إِنَّ الَّذِينَ كَنَّ بُوْا بِأَيْتِنَا وَاسْتَكُبُرُوْا عَنْهَا لَا تُفَتَّحُ لَهُمْ اَبُوابُ السَّهَآءِ وَلَا يَنْخُلُوْنَ الْجَنَّةَ حَتَّى يَلِجَ الْجَهَلُ فِي سَحِّد الْخِيَاطِ * وَكَذْلِكَ نَجْزِى الْمُجْرِمِيْنَ ۞

لَهُمْ مِّنَ جَهَنَّمَ مِهَادٌّ وَّمِنْ فَوْقِهِمْ غَوَاشٍ ؕ وَكَذَٰ لِكَ نَجْزِى الظِّلِمِيْنَ ۞

وَالَّذِيْنَ أَمَنُوْا وَعَبِلُوا الصَّلِحْتِ لَا ثُكَلِّفُ نَفْسًا اللَّا وُسْعَهَآنَ أُولَيْكَ أَصْحُبُ الْجَنَّةِ عَ هُدُ فِيْهَا خْلِدُونَ ﴿

وَنَزَعْنَا مَا فِي صُدُورِهِمُ مِّنْ غِلِّ تَجُرِي مِنْ تَخْتِهِمُ الْاَنْهُرُ ۚ وَقَالُوا الْحَمْثُ بِلَّهِ الَّذِي هَلْ مَنَا

বলবেঃ সমস্ত প্রশংসা সেই আল্লাহর জন্যে যিনি আমাদেরকে এর পথ-প্রদর্শন করেছেন, আল্লাহ আমাদেরকে হেদায়েত দান না করলে আমরা হেদায়েতপ্রাপ্ত হতাম না, আমাদের প্রতিপালকের প্রেরিত রাসূলগণ সত্যবাণী নিয়ে এসেছিলেন, আর তাদেরকে সম্বোধন করে বলা হবে, তোমরা যে (ভাল) আমল করতে তারই জন্যে এই জানাতের তোমাদেরকে উত্তরাধিকারী বানানো হয়েছে।

88. আর তখন জান্লাতবাসীরা জাহান্লাম বাসীদেরকে (উপহাস করে) বলবেঃ আমাদের প্রতিপালক অঙ্গীকার প্রতিশ্রুতি હ আমাদেরকে দিয়েছিলেন, আমরা তা বাস্তবভাবে পেয়েছি; কিন্তু তোমাদের প্রতিপালক যে প্রতিশ্রুতি দিয়েছিলেন তা কি তোমরা সত্য ও বাস্তবরূপে পেয়েছো? তখন তারা বলবে হাঁা. পেয়েছি, (এ সময়) তাদের মধ্যে জনৈক ঘোষক ঘোষণা করে দেবেন যে, যালিমদের উপর আল্লাহর অভিসম্পাত।

8৫. যারা আল্লাহর পথে চলতে (মানুষকে) বাধা দিতো এবং ওতে বক্রতা অনুসন্ধান করতো, আর তারা পরকালকেও অস্বীকার করতো।

৪৬. এই উভয় শ্রেণীর লোকদের মাঝে পার্থক্যকারী একটি পর্দা রয়েছে, আর আ'রাফে (জান্লাত ও জাহান্লামের মধ্যবর্তী স্থানে অবস্থিত لِهٰنَا وَمَا كُنَّا لِنَهُتَدِى لَوُ لَآ أَنُ هَلْ مَنَا اللَّهُ عَلَى اللَّهُ الْمُودُو آاَنُ اللَّهُ الْمُحَالَّةُ اللَّهُ الْمُحَالَّةُ اللَّهُ اللللْمُولِ الللْمُولِمُ اللللْمُ اللللْمُ اللللْمُ اللللْمُ اللَّهُ الْمُولِمُ اللللْمُ اللللْمُ الللْمُ الللْمُ اللللْمُ الللِمُ اللللْمُ اللَّلْمُ اللْمُولِمُ الللْمُ الللْمُ الللْمُ اللَّهُ الْمُوا

وَ نَاذَى اَصْحَابُ الْجَنَّةِ اَصْحَبُ النَّادِانُ قَلُ وَجَلُنَا مَا وَعَدَنَا رَبُّنَا حَقَّا فَهَلُ وَجَلُتُّمُ مَّا وَعَدَرَبُّكُمْ حَقَّا ﴿ قَالُوا نَعَمْ ﴿ فَاَذَّنَ مُؤَذِّنُ بَيْنَهُمُ اَنْ لَعَنْهُ اللهِ عَلَى الظّٰلِمِيْنَ ﴿

الَّذِيْنَ يَصُنُّونَ عَنْ سَدِيْلِ اللهِ وَيَبْغُونَهَا عِوَجًا ۚ وَهُمْ بِالْاِخِرَةِ كِفِرُونَ ۞

وَبَيْنَهُمَا حِجَابٌ وَعَلَى الْاَعْرَافِ رِجَالٌ يَعْرِفُونَ كُلَّا بِسِيْمِلَهُمْ وَنَادَوْا اَصْحٰبَ

পারা ৮

উঁচু দেয়ালের উপরে) অনেক লোক থাকবে, তারা প্রত্যেককে তাদের লক্ষণ ও চিহ্ন দ্বারা চিনতে পারবে, আর জান্নাত বাসীদেরকে ডেকে বলবেঃ তোমাদের প্রতি শান্তি বর্ষিত হোক, তখনো এরা (আ'রাফবাসীরা) জান্নাতে প্রবেশ করেনি বটে; কিন্তু ওর আকাজ্ফা করে।

89. আর যখন জাহান্নাম বাসীদের প্রতি তাদের দৃষ্টি ফিরিয়ে দেয়া হবে, তখন তারা (আ'রাফবাসীরা) বলবেঃ হে আমাদের প্রতিপালক! আপনি আমাদেরকে যালিম সম্প্রদায়ের সঙ্গী করবেন না।

৪৮. আ'রাফবাসীরা যেসব জাহান্নামী লোককে তাদের লক্ষণ দ্বারা চিনতে পারবে তাদেরকে ডাক দিয়ে বলবেঃ তোমাদের বাহিনী (ও পার্থিব জীবনের ধন-সম্পদ) এবং তোমাদের গর্ব-অহংকার তোমাদের কোনই উপকারে আসল না।

8৯. আর সেই জান্নাতবাসীরা কি সে সমস্ত লোক যাদের সম্পর্কে তোমরা কসম করে বলতে যে, এদের প্রতি আল্লাহ দয়া করবেন না? (অথচ তাদের জন্যে এই ফরমান জারী হলো যে,) তোমরা জান্নাতে প্রবেশ কর, তোমাদের কোন ভয় নেই এবং তোমরা চিন্তিত ও দুঃখিত হবে না।

৫০. আর জাহান্নামবাসীরা জান্নাত-বাসীদেরকে ডেকে বলবেঃ আমাদের উপর কিছু পানি ঢেলে দাও অথবা তোমাদের আল্লাহ প্রদত্ত জীবিকা الْجَنَّةِ أَنْ سَلَمُّ عَلَيْكُمُ سَ لَمْ يَلْخُلُوْهَا وَهُمْ يَلْخُلُوْهَا وَهُمْ يَطْبُعُوْنَ ۞

وَإِذَا صُرِفَتُ آبُصَارُهُمُ تِلْقَآءَ اَصْحٰبِ النَّارِ ۗ قَالُوا رَبَّنَا لَا تَجْعَلُنَا مَعَ الْقَوْمِ الظَّلِيدِينَ ﴿

وَنَاذَى اَصُحٰبُ الْاَعُرَافِ رِجَالًا يَّعْرِفُوْنَهُمُ بِسِيْلهُمُ مَّقَالُوْامَاۤ اَغْنَى عَنْكُمْرَجَمْعُكُمْ وَمَا كُنْتُمْ تَشْتَكْبِرُوْنَ ۞

اَهَٰؤُلاَهِ الَّذِيْنَ اَقْسَنْتُمْ لَا يَنَالُهُمُ اللهُ بِرَحْمَةٍ ﴿ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهَ اللَّهُ اللَّهُ اللَّهُ الْمُخَدُّ اَلْمُتُمْ اللَّهُ وَلَا اَلْتُمُ اللَّهُ مَالَيْكُمْ وَلَا اَلْتُمُ اللَّهُ اللّلَهُ اللَّهُ الللَّهُ اللَّهُ الل

وَ نَاذَى اَصْحٰبُ النَّارِ اَصْحٰبَ الْجَنَّةِ اَنُ اَفِيْضُوْا عَلَيْنَا مِنَ الْمَاّءِ اَوْمِهَّا رَزَقَكُمُ اللَّهُ ۚ قَالُوْآ إِنَّ হতে কিছু প্রদান কর, তারা বলবেঃ আল্লাহ এসব জিনিষ কাফেরদের প্রতি হারাম করে দিয়েছেন।

৫১, যারা নিজেদের দ্বীনকে খেল-তামাসার বস্তুতে পরিণত করেছিল পার্থিব জীবন যাদেরকে প্রতারণা ও গোলক ধাঁধাঁয় নিমজ্জিত করে রেখেছিল, সূতরাং আজকের দিনে আমি তাদেরকে তেমনিভাবে ভূলে থাকবো যেমনিভাবে তারা এ দিনের সাক্ষাতের কথা ভলে গিয়েছিল এবং যেমন তারা আমার নিদর্শন ও আয়াতসমূহকে অস্বীকার করছিল।

৫২, আর আমি তাদের নিকট এমন একখানা কিতাব পৌছিয়ে ছিলাম যাকে আমি জ্ঞান তথ্যে সমৃদ্ধ ও সুবিস্তৃত করেছিলাম এবং যা ছিল ঈমানদার সম্প্রদায়ের হেদায়েত ও রহমতের প্রতীক।

৫৩. তারা আর কোন কিছুর অপেক্ষা করছে না, ভধুমাত্র ওর সর্বশেষ পরিণতির অপেক্ষায় রয়েছে, যেদিন এর সর্বশেষ পরিণতি এসে সমুপস্থিত হবে এবং সে দিন যারা এর আগমনের কথা ভূলে গিয়েছিল তারা বাস্তবিকই বলবেঃ আমাদের প্রতিপালকের রাসূলগণ সত্য কথা এনেছিলেন, সুতরাং (এখন) এমন কোন সুপারিশকারী আছে কি যারা আমাদের জন্যে সুপারিশ করবে? অথবা আমাদেরকে কি দুনিয়ায় পাঠানো যেতে পারে যাতে

اللهَ حَرَّمَهُمَا عَلَى الْكَفِرِيْنَ ﴿

الَّيْنِينَ اتَّخَنُّوادِيْنَهُمُ لَهُوًا وَّلَعِبَّاوَّ غَرَّتُهُمُ الْحَلِوةُ الدُّنْيَا ۚ فَالْيَوْمَ نَنْسُهُمْ كَبَا نَسُوْا لِقَاءَ يَوْمِهِمُ هٰذَا ' وَمَا كَانُواْ بِأَيْتِنَا يَجْحُلُونَ ۞

وَلَقَلُ جِئُنْهُمْ بِكِتْبٍ فَصَّلْنَهُ عَلَى عِلْمِرهُدًى وَّرَحُهُةً لِقُوْمِ يُّؤُمِنُونَ ﴿

هَلْ يَنْظُرُونَ إِلَّا تَأُويْلُهُ ﴿ يَوْمَ يَأْتِي تَأُويْلُهُ يَقُولُ الَّذِينَ نَسُوهُ مِنَ قَبْلُ قَلْ جَآءَتُ رُسُلُ رَبِّنَا بِالْحَقِّ ۚ فَهَلُ لَّنَا مِنُ شُفَعَآ ۚ فَيَشُفَعُوٰ الْنَآ ٱوْنُودُ فَنَعْمَلَ غَيْرَالَّذِي كُنَّا نَعْمَلُ ۚ قَدُ خَسِرُوۤا ٱنْفُسَهُمْ وَضَلَّ عَنْهُمْ مَّا كَانُوْا يَفْتَرُوْنَ ﴿

আমরা পূর্বের কৃতকর্মের তুলনায় ভিন্ন কিছু করতে পারি? নিঃসন্দেহে তারা নিজেরাই নিজেদের ক্ষতি করেছে, আর তারা যেসব মিথ্যা (মা'বৃদ ও রসম-রেওয়াজ) রচনা করেছিল, তাও তাদের হতে অদৃশ্য হয়েছে।

৫৪. নিশ্চয়ই তোমাদের প্রতিপালক হচ্ছেন সে আল্লাহ যিনি আসমান ও যমীনকে ছয়দিনে সৃষ্টি করেছেন, অতঃপর তিনি স্বীয় আরশের উপর সমুন্নীত হন, তিনি দিবসকে রাত্রি দ্বারা আচ্ছাদিত করেন, এমন ভাবে যে রাত্রি ও দিবস একে অন্যকে অনুসরণ করে চলে তৃড়িত গতিতে; সূর্য, চন্দ্র ও নক্ষত্ররাজী সবই তাঁর হুকুমের অনুগত, জেনে রাখো, সৃষ্টির একমাত্র ফর্তা তিনিই আর হুকুমের একমাত্র মালিক তিনিই, সারা জাহানের প্রতিপালক আল্লাহ হলেন বরকতময়।

৫৫. তোমরা বিনীতভাবে ও সংগোপনে তোমাদের প্রতিপালককে ডাকবে, তিনি সীমালজ্ঞনকারীকে ভালবাসেন না।

৫৬. দুনিয়ার শান্তি-শৃঙ্খলা স্থাপনের পর ওতে বিপর্যয় ও বিশৃংখলা সৃষ্টি করো না, আর আল্লাহকে ভয়-ভীতি ও আশা-আকাজ্ফার সাথে ডাক, নিঃসন্দেহে আল্লাহর রহমত সৎকর্মশীলদের অতি সন্লিকটে।

৫৭. সেই আল্লাহই স্বীয় রহমতের (বৃষ্টির) আগে আগে বাতাসকে إِنَّ رَبَّكُمُ اللهُ الَّذِئِ خَكَ السَّلُوتِ وَالْأَرْضَ فِي سِتَّةِ اَيَّامِ ثُمَّ اسْتَوْى عَلَى الْعَرْشِ سَيُغْشِي الَّيْلَ النَّهَارَيَطُلُبُهُ حَثِيْثًا لَوَّ الشَّبْسَ وَالْقَبَرَ وَالنَّجُوْمَ مُسَخَّرَتٍ بِأَمْرِهِ ۖ أَلَا لَهُ الْخَلُقُ وَالْأَمْرُ تَبْرَكَ اللَّهُ رَبُّ الْعُلِيدُينَ ﴿

ٱدْعُوا رَبَّكُمُ تَضَرُّعًا وَّخُفْيَةً ﴿إِنَّهُ لَا يُحِبُّ الْمُعْتَىٰ يُنَ ۚ

وَلَا تُفْسِدُوا فِي الْأَرْضِ بَعْلَ اِصْلَاحِهَا وَادْعُوٰهُ خَوْقًا وَّطَمَعًا ﴿ اِنَّ رَحْمَتَ اللهِ قَرِيْبٌ مِّنَ الْمُحْسِنِيْنَ ۞

وَهُوَ الَّذِي يُرُسِلُ الرِّيٰحَ بُشُرًّا بَيْنَ يَكَىٰ

সসংবাদ রূপে প্রেরণ করেন, অবশেষে যখন ঐ বাতাস ভারী মেঘমালাকে বহন করে. তখন আমি এই মেঘমালাকে নিৰ্জীব কোন দিকে ভূ-খন্ডের করি, প্রেরণ অতঃপর ওটা হতে বারিধারা বর্ষণ করি, তারপর সেই পানির সাহায্যে সর্বপ্রকার ফল-ফলাদি সেখানে উৎপাদন করি, এমনভাবেই আমি (কিয়ামতের দিন) মৃতকে জীবিত করবো, সম্ভবত তোমরা এটা থেকে শিক্ষা গ্রহণ করবে।

৫৮. আর ভাল উৎকৃষ্ট ভূমি ওর প্রতিপালকের নির্দেশক্রমে খুব ভাল ফল ফলায়, আর যা নিকৃষ্ট ভূমি, তাতে খুব কমই ফসল ফলে থাকে, এমনিভাবেই আমি কৃতজ্ঞতা পরায়ণদের জন্যে আমার নিদর্শন বিবত করে থাকি।

৫৯. আমি নৃহ (ৣৣৣয়)-কে তার জাতির নিকট প্রেরণ করেছিলাম, সুতরাং সে তাদেরকে সম্বোধন করে বলেছিলঃ হে আমার জাতি! তোমরা শুধু আল্লাহর ইবাদত কর, তিনি ছাড়া তোমাদের আর কোন সত্য মা'বৃদ নেই, আমি তোমাদের প্রতি এক মহা দিবসের শান্তি আশঙ্কা করছি।

৬০. তখন তার জাতির প্রধান ও নেতাগণ বললোঃ নিশ্চয়ই আমরা তোমাকে স্পষ্ট বিভ্রান্তির মধ্যে দেখছি।

৬১. তিনি বললেনঃ হে আমার জাতি! আমি কোন ভুল-দ্রান্তি ও رَحْمَتِه ﴿ حَتَى إِذَآ اَقَلَتُ سَحَابًا ثِقَالًا سُقَنَهُ لِبَكِهِ مَّيِّتٍ فَانْزَلْنَا بِهِ الْمَآءَ فَاَخْرَجْنَا بِهِ مِنْ كُلِّ الثَّمَرٰتِ لَا كَذٰلِكَ نُخْرِجُ الْمَوْثُ لَعَلَّكُمْ تَذَكَرُونَ ۞

وَالْبَكَكُ الطَّيِّبُ يَخْرُجُ نَبَا تُكْ بِإِذْنِ رَبِّهِ ۚ وَالَّذِنِ كُ خَبُثَ لَا يَخْرُجُ اِلَّا نَكِدًا ﴿ كَذَٰ لِكَ نُصَرِّفُ الْالِيْتِ لِقَوْمِ يَّشُكُرُونَ ۚ

لَقَنْ اَدُسَلْنَا نُوْحًا إِلَى قُوْمِهِ فَقَالَ لِقَوْمِ اعْبُدُوا الله مَالَكُمْ مِّنَ إِلَّهٍ غَيْرُهُ ﴿ إِنِّيَ اَخَافُ عَلَيْكُمْ عَنَابَ يَوْمِ عَظِيْمٍ ﴿

قَالَالْمَلَأُ مِنْ قَوْمِهَ اِنَّا لَنَزْىكَ فِي ْضَلْلٍ مُّبِيْنٍ⊕

قَالَ يْقُوْمِ لَيْسَ بِنْ ضَلَلَةٌ وَّالْكِنِّي رَسُولٌ مِّنْ

গুমরাহীর মধ্যে লিপ্ত নই; বরং আমি প্রতিপালকের সারা জাহানের (প্রেরিত) একজন রাসূল।

৬২ আমি আমার প্রতিপালকের পয়গাম তোমাদের কাছে পৌছিয়ে দিচ্ছি আর আমি তোমাদেরকে হিতোপদেশ দিচ্ছি, আর তোমরা যা জান না আমি তা আল্লাহর নিকট থেকে জেনে থাকি !

৬৩ তোমাদের মধ্যকার একজন তোমাদের মারফত প্রতিপালকের পক্ষ হতে উপদেশ বাণী আসায় কি তোমরা বিস্মিত হয়েছো? যাতে তিনি তোমাদেরকে সতর্ক ও হুঁশিয়ার করতে পারেন এবং যাতে (তোমরা সাবধান হও.) করতে পার. তাকওয়া অবলম্বন হয়তো তোমাদের প্রতি অনুগ্রহ করা হবে ৷

৬৪. কিন্তু তারা তাঁকে মিথ্যা প্রতিপন্ন করলো, ফলে তাকে এবং তাঁর সাথে নৌকায় যারা ছিল তাদেরকে (আযাব হতে) রক্ষা করলাম. আর যারা আমার আয়াতসমূহকে মিথ্যা প্রতিপন্ন তাদেরকে করেছিল, (প্লাবনের পানিতে) ডুবিয়ে মারলাম. বস্তুতঃ নিঃসন্দেহে তারা ছিল এক অজ্ঞ ও ভ্ৰান্ত সম্প্ৰদায়।

৬৫, আর আমি আ'দ জাতির নিকট তাদের ভাই হুদ (খ্রাম্রা)-কে পাঠিয়েছিলাম. (নবীরূপে) বললোঃ হে আমার জাতি! তোমরা আল্লাহর ইবাদত কর, আল্লাহ ছাড়া رَّبِّ الْعٰلَمِيْنَ 🖫

أُبَلِّقُكُمُ رِسَلْتِ رَبِّيْ وَٱنْصَحُ لَكُمْ وَٱعْلَمُ مِنَ اللهِ مَالاتَعْكَمُوْنَ ﴿

أَوَعَجِبْتُمْ أَنْ جَاءَكُمْ ذِكُرُ مِّنُ رَّبِّكُمْ عَلَى رَجُلِ مِّنْكُمْ لِيُنْنِ زَكُمْ وَلِتَتَّقُوا وَ لَعَلَّكُمْ يوو بروو بر ترحيون (۱۲)

فَكُنَّانُوهُ فَأَنْجَيْنَهُ وَالَّذِينَ مَعَهُ فِي الْفُلْكِ وَٱغۡرَقۡنَاالَّٰذِيۡنَكَذَّبُوۡ إِبَالِيتِنَا ۚ إِنَّهُمۡ كَانُوۡا قَوْمًا عَمِيْنَ شَ

وَ إِلَى عَادِ أَخَاهُمْ هُودًا وَالَى يَقُومِ اعْبُدُوا الله مَا لَكُوْرُ مِنْ إِلَّهِ غَيْرُهُ اللَّهُ مَا لَكُوْرٌ مِنْ إِلَّهِ غَيْرُهُ الْفَكُرُ تَتَّقُونَ ١٠٠٠ তোমাদের আর কোন সত্য মা'বৃদ নেই, তোমরা কি (এখনো) সাবধান হবে না? (আল্লাহভীতি অর্জন করবে না?)

৬৬. তখন তার জাতির কাফির লোকদের নেতাগণ বললােঃ অবশ্যই আমরা তােমাকে নির্বোধ দেখছি এবং আমরা তাে তােমাকে নিশ্চিতরূপে মিথ্যাবাদীদের অন্তর্গত ধারণা করছি।

৬৭. সে (হৃদ প্রাঞ্জী) বললোঃ হে আমার জাতি! আমি নির্বোধ নই; বরং আমি হলাম সারা জাহানের প্রতিপালকের প্রেরিত রাসূল।

৬৮. আমি আমার প্রতিপালকের পয়গাম তোমাদের নিকট পৌছিয়ে দিচ্ছি, আর আমি তোমাদের একজন বিশ্বস্ত হিতাকাঞ্জী।

৬৯, তোমরা কি এতে বিস্মিত হচ্ছো যে তোমাদের জাতিরই একটি লোকের মাধ্যমে তোমাদের প্রতিপালকের পক্ষ হতে তাঁর বিধান উপদেশ তোমাদেরকে সতর্ক করার উদ্দেশ্যে তোমাদের কাছে এসেছে, তোমরা সেই অবস্থার কথা স্মরণ কর, যখন নৃহের (১৯৯৯) সম্প্রদায়ের পর আল্লাহ তোমাদেরকে তাদের স্থলাভিষিক্ত করেছেন এবং তোমাদের আকার-আকৃতি অন্যদের অপেক্ষা শক্তিতে অধিকতর সমৃদ্ধ করেছেন। সুতরাং তোমরা আল্লাহর অনুগ্রহ স্মরণ কর, হয়তো তোমরা সফলকাম হবে।

قَالَالْمَلَا الَّذِينَ كَفَرُوا مِنْ قَوْمِ آلِنَّا كَنَرْىكَ فِي سَفَاهَةٍ وَّ إِنَّا كَنَظْنُكَ مِنَ الْكَذِيدِينَ ﴿

قَالَ يَقُوْمِ لَيْسَ بِي سَفَاهَةٌ وَّلَكِنِّيُ رَسُوْلٌ مِّنُ رَّبِ الْعُلَمِيْنَ ﴿

> اُبَلِّغُكُمُ رِسُلْتِ رَبِّنُ وَاَنَا لَكُمُ نَاصِحُ اَمِيْنُ ۞

اَوَعَجِبْتُمُانُ جَاءَكُمْ ذِنْرٌ مِّنْ تَبِّكُمْ عَلَى رَجُلِ مِّنْ تَبِّكُمْ عَلَى رَجُلِ مِّنْكُمْ لِيُنْفِرَكُمْ وَاذْكُرُ وَالْذَجَعَلَكُمْ خَلَفَاءَ مِنْ بَعْدِ قَوْمِنُوْ حَ وَزَادَكُمْ فِي الْخَلْقِ بَعْطَةً عَنَاذُكُرُ وَالْآذَاللهِ لَعَلَّكُمْ تُقْفِلِ حُوْنَ ﴿

তারা বললােঃ তুমি কি আমাদের নিকট শুধু এই উদ্দেশ্যে এসেছো, যেন আমরা একমাত্র আল্লাহরই ইবাদত করি এবং পূর্বপুরুষগণ আমাদের যাদের ইবাদত করতো তাদেরকে করি? তাহলে তুমি তোমার কথা ও দাবীতে সত্যবাদী হলে আমাদেরকে যে শাস্তির ভয় দেখাচ্ছ তা আনয়ন কর।

 ৭১. সে বললোঃ তোমাদের প্রতিপালকের শাস্তি ক্রোধ তোমাদের উপর এসেই পডবে, তোমরা কি আমার সাথে এমন কতগুলো নাম সম্বন্ধে বিতর্ক করছো যার নামকরণ করেছো ভোমরা এবং তোমাদের বাপ-দাদারা, যে বিষয়ে আল্লাহ কোন দলীল-প্রমাণ অবতীর্ণ করেন নিং সূত্রাং তোমরা (শাস্তির জন্যে) অপেক্ষা করতে থাক, আমিও তোমাদের সাথে অপেক্ষা করছি।

৭২. অতঃপর আমি তাঁকে (হুদকে) এবং তার সঙ্গী-সাথীদেরকে (শাস্তি হতে) আমার অনুগ্রহে রক্ষা করলাম. নিদর্শনকে আর যারা আমার (বিধানকে) মিথ্যা প্রতিপন্ন করেছিল এবং যারা ঈমানদার ছিল না তাদের মূলোৎপাটন করে ছাডলাম।

৭৩. আর আমি সামৃদ জাতির নিকট তাদের ভ্রাতা সালেহ (২৬৯৯)-কে করেছিলাম সে বললোঃ প্রেরণ হে আমার জাতি! তোমরা আল্লাহর ইবাদত কর, আল্লাহ ছাড়া তোমাদের মা'বুদ আর কোন সত্য

قَالُوْآآجِعْتَنَالِنَعُبُكَ اللهَ وَحُكَاةُ وَنَكَارَ مَا كَانَ يَعْبُدُ ابَآ وُنَاء فَأْتِنَا بِهَا تَعِدُ نَأَ اِنْ كُنْتَ مِنَ الطِّدِقِينَ @

ۊؘٵڶۊؘۮۅؘڤۼؘۘۼڷؽڴۄ۬ڝؚؖڹڗؖؾڮۿۯڔۻۺۊؘۼۻ*ۘ* ٱتُجَادِلُوْنَنِي فِي آسُمَاءٍ سَتَّيْتُتُوْهَا ٱنْتُمْ وَالْإِلَّوْكُمُ مَّا نَزَّلَ اللهُ بِهَا مِنْ سُلْطِن ط فَانْتَظِرُوۡۤ الِنِّهُ مَعَكُمُ مِّنَ الْمُثْتَظِرِيْنَ @

فَأَنْكِيْنَهُ وَالَّذِينَ مَعَهُ بِرَحْمَةٍ مِّنَّا وَقُطَعْنَا دَابِرَالَّنِيْنَ كَلَّ بُوْابِأَ لِيَنَا وَمَا كَانُوْا مُؤْمِنِيْنَ ^{شَ}

وَ إِنَّى ثُنُوْدَ أَخَاهُمْ صِلِحًامِ قَالَ لِقَوْمِ اعْتُدُوا الله مَا لَكُمْ مِّن إِلَّهِ غَيْرُهُ ﴿ قَلْ جَآءَ ثُكُمْ بَيِّنَةٌ صِّنُ رَّبِّكُمُرْ ﴿ هٰنِ ﴿ نَاقَةُ اللَّهِ لَكُمُ إِيَةً فَنَارُوْهَا তোমাদের প্রতিপালকের পক্ষ হতে এক স্পষ্ট নিদর্শন তোমাদের নিকট এই আল্লাহর (নামে এসেছে. উৎসর্গিত) উষ্ট্রী তোমাদের জন্যে নিদর্শন স্বরূপ। সতরাং তোমরা একে ছেডে দাও— আল্লাহর যমীনে চরে খাবে, উদ্দেশ্যে স্পর্শ করো না. (ওকে কোন কষ্ট দিলে) এক যন্ত্রণাদায়ক শান্তি তোমাদেরকে গ্রাস করে ফেলবে ৷

৭৪. তোমরা স্মরণ কর সেই বিষয়টি যখন তিনি আ'দ জাতির তোমাদেরকে তাদের স্থলাভিষিক্ত করেছিলেন, আর তিনি তোমাদেরকে পথিবীতে এমনভাবে প্রতিষ্ঠিত করেছেন যে, তোমরা সমতল ভূমিতে প্রাসাদ ও পাহাড কেটে আবাস গহ নির্মাণ করেছো। সুতরাং তোমরা আল্লাহর অনুগ্রহের কথা স্মরণ কর এবংপৃথিবীতে বিপর্যয় ছড়িয়ে দিয়ো না।

৭৫. (অতঃপর) তার সম্প্রদায়ের অহংকারী প্রধানরা তখন তাদের উৎপীডিত দুৰ্বল છ মুমিনদেরকে বললোঃ তোমরা কি বিশ্বাস কর যে, সালেহ (﴿﴿﴿﴿﴾) তার প্রতিপালক কর্তৃক প্রেরিত হয়েছেন? তারা উত্তরে বললোঃ নিশ্চয়ই যে পয়গামসহ তিনি প্রেরিত হয়েছেন, আমরা তা বিশ্বাস করি।

৭৬. তখন অহংকারীরা তোমারা যা বিশ্বাস কর আমরা তা অবিশ্বাস করি।

تَأْكُلُ فِي آرْضِ اللهِ وَلَا تَكَسُّوْهَا بِسُوْءٍ فَيَأْخُذَكُمْ عَنَاكُ ٱلنَّمُ ﴿

> وَاذُكُرُ وُآاذُ حَعَلَكُمْ خُلَفّاءً مِنْ يَعْسِ عَادٍ وَّ بَوَّاكُمْ فِي الْأَرْضِ تَتَّخِذُونَ مِنْ سُهُوْلِهَا قُصُوْرًا وَ تَنْحِثُونَ الْجِبَالَ بُيُوْتًا ۚ فَاذْكُرُ وَۤۤ اللّاءَ اللهِ وَلا تَعْتُوا فِي الْأَرْضِ مُفْسِدِينَ @

قَالَ الْمَلَا الَّذِينَ اسْتَكُبُرُوا مِنْ قُومِهِ لِلَّذِيْنَ اسْتُضْعِفُوا لِمَنْ امَنَ مِنْهُمْ ٱتَعْلَمُونَ أَنَّ صَلِحًا مُّرْسَلٌ مِّنْ رَّبِّهِ مِقَالُوْآ إِنَّا بِهِ أَرْسِلَ بِهِ مُؤْمِنُوْنَ @

قَالَ الَّذِينَ اسْتَكُبُرُوۤۤ النَّا بِالَّذِي ٓ اٰمَنْتُمْ بِهِ كفرون ⊕

৭৭. অতঃপর তারা সেই উষ্ট্রীটিকে মেরে ফেললো এবং (গর্ব ও দাস্টিকতার সাথে) তাদের প্রতিপালকের নির্দেশের বিরুদ্ধাচরণ করে চলতে লাগলো এবং বললোঃ হে সালেহ! তুমি সত্য রাসূল হয়ে থাকলে আমাদেরকে যে শাস্তির ভয় দেখাচ্ছ তা আনয়ন কর।

৭৮. সুতরাং তাদেরকে একটি প্রলয়ংকরী ভূমিকম্প এসে গ্রাস করে নিলো, ফলে তারা নিজেদের গৃহের মধ্যেই (মৃত্যু অবস্থায়) উপুড় (অধোমুখী) হয়ে পড়ে গেল।

৭৯. অতঃপর তিনি (সালেহ ক্রিট্রা) একথা বলে তাদের জনপদ হতে বেব হয়ে গেলেনঃ হে আমার সম্প্রদায়! আমি আমার প্রতিপালকের পয়গাম তোমাদের কাছে পৌছিয়ে দিয়েছি, আর আমি তোমাদেরকে উপদেশ দিয়েছি: কিন্তু তোমরা তো উপদেশ দাতাদেরকে পছন্দ কর না।

bo. আর আমি লৃত (﴿﴿﴿﴿﴾﴾)-কে
নবুওয়াত দান করে পাঠিয়েছিলাম,
যখন তিনি তাঁর সম্প্রদায়কে
বলেছিলেনঃ তোমরা এমন অশ্লীল ও
কুকর্ম করছো; যা তোমাদের পূর্বে
বিশ্বে আর কেউই করেনি।

৮১. তোমরা স্ত্রীলোকদের বাদ দিয়ে পুরুষদের সাথে নিজেদের যৌন ইচ্ছা নিবারণ করে নিচ্ছো। প্রকৃতপক্ষে তোমরা হচ্ছো সীমালজ্ঞনকারী সম্প্রদায়। فَعَقَرُواالنَّاقَةَ وَعَتَوُاعَنَ آمُرِرَبِّهِمْ وَقَالُوا يُطلِحُ اثْتِنَا بِمَا تَعِدُ نَآ إِنْ كُنْتَ مِنَ الْمُرْسَلِيْنَ @

> فَكَخَذَاتُهُمُ الرَّجُفَةُ فَأَصْبَحُوا فِي دَارِهِمْ لِجْشِهِيْنَ @

فَتَوَلَّى عَنْهُمُ وَقَالَ لِقَوْمِ لَقَلُ ٱبْلَغْتُكُمْ رِسَالَةَ رَبِّيْ وَضَحْتُ لَكُمْ وَلَكِنْ لاَ تُحِبُّونَ النِّصِحِيْنَ ﴿

وَلُوْطًا إِذْ قَالَ لِقَوْمِهَ آتَانُوُنَ الْفَاحِشَةَ مَاسَبَقَكُمْ بِهَامِنَ آحَدٍ مِّنَ الْعَلَمِيْنَ ۞

إِنَّكُمْ لَتَاْتُوْنَ الرِّجَالَ شَهُوَةً مِّنْ دُوْنِ النِّسَآءِ ﴿ بَلْ أَنْتُمُ قَوْمٌ مُّسْرِفُونَ ۞ ৮২. কিন্তু তার জাতির লোকদের এটা ছাড়া আর কোন উত্তরই ছিল না যে, এদেরকে তোমাদের জনপদ থেকে বের করে দাও, এরা নিজেদেরকে বড় পবিত্র লোক বলে প্রকাশ করছে।

৮৩. পরিশেষে, আমি লৃত (প্রা)-কে এবং তার পরিবারের লোকদেরকে শুধুমাত্র তার স্ত্রী ছাড়া শাস্তি হতে রক্ষা করেছিলাম, তার স্ত্রী ছিল ধ্বংসপ্রাপ্ত লোকদের অন্তর্ভুক্ত।

৮৪. অতঃপর আমি তাদের উপর মুষলধারে (পাথরের) বৃষ্টি বর্ষণ করেছিলাম। সুতরাং অপরাধী লোকদের পরিণাম কি হয়েছিল তা লক্ষ্য কর।

৮৫ আর আমি মাদিয়ানবাসীদের কাছে তাদেরই ভাই শু'আইব (মুখ্র্রা) পাঠিয়েছিলাম. স্বজাতিকে সম্বোধন করে বলেছিলো ঃ হে আমার জাতি! তোমরা (শিরক করে) একমাত্র আল্লাহর ইবাদত কর. তিনি ছাড়া তোমাদের মা'বৃদ আর কোন নেই. সত্য প্রভুর পক্ষ হতে তোমাদের তোমাদের কাছে সুস্পষ্ট দলীল এসে গেছে। সুতরাং তোমরা ওজন ও পরিমাপ পূর্ণ মাত্রায় দেবে, মানুষকে তাদের প্রাপ্য বস্তু কম দিয়ে ক্ষতিগ্রস্ত করবে না. আর দুনিয়ায় শান্তি-শৃঙ্খলা স্থাপনের পর ঝগড়া-ফাসাদ ও বিপর্যয় ঘটাবে না, তোমরা বাস্ত বিক পক্ষে ঈমানদার হলে এই পথই হলো তোমাদের জন্যে কল্যাণকর।

وَمَا كَانَ جَوَابَ قَوْمِهَ اِلَّا اَنُ قَالُوْٓا اَخْرِجُوْهُمْ مِّنُ قَرْيَتِكُمْ ۚ اِنَّهُمْ اُنَاسٌ يَّتَطَهَّرُوْنَ ۞

فَانْجَيْنَهُ وَاهْلَةَ إِلَّا امْرَاتَهُ ﴿ كَانَتْ مِنَ الْخَيْرِيْنَ ﴿ كَانَتْ مِنَ الْخَيْرِيْنَ ﴿

وَامُطُرْنَا عَلَيْهِمُ مُّطَرًا ﴿ فَانْظُرْكَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُجْرِمِيْنَ ﴿

وَإِلَى مَدُينَ آخَاهُمْ شُعَيْبًا فَالَ يَقُومِ اعْبُدُوا الله مَا لَكُمْ مِّنَ إِلَهٍ غَيْرُهُ فَ لَ جَاءَ تُكُمْ بَيِّنَةً مِّنَ رَّبِّكُمْ فَا وَفُوا الْكَيْلَ وَالْمِيْزَانَ وَلَا تَبْخَسُوا النَّاسَ آشْيَاءَ هُمْ وَلَا تُفْسِدُ وَافِي الْأَرْضِ بَعْلَ إِصْلاحِهَا ذِلِكُمْ خَيْرٌ لَكُمْ أَنْ لَكُمْ أَنْ كُنْ تُمُومُ وَمِنِيْنَ فَى

৮৬, আর তোমরা প্রতিটি পথে এই উদ্দেশ্যে যে. থেকো ভয়-ভীতি ঈমানদার লোকদেরকে প্রদর্শন করবে ও আল্লাহর পথ হতে বিরত রাখবে সহজ-সরল এবং পথকে ছেড়ে দিয়ে বক্রতা অন্বেষণে থাকবে। আর ঐ অবস্থাটির ব্যস্ত কথা স্মরণ কর. যখন তোমরা সংখ্যায় স্বল্প ছিলে, অতঃপর তিনি (আল্লাহ) তোমাদের সংখ্যা বেশি করে দিলেন, আর এ জগতে বিপর্যয় সষ্টিকারীদের পরিণতি কী হয়েছে তা লক্ষ্য কর।

৮৭. আমার নিকট যা (আল্লাহর পক্ষ হতে) প্রেরিত হয়েছে তা যদি তোমাদের কোন দল বিশ্বাস করে এবং কোন দল অবিশ্বাস করে তবে (সেই পর্যন্ত) ধৈর্যধারণ কর যতক্ষণ না আল্লাহ আমাদের মধ্যে চূড়ান্ত ফায়সালা করে দেন, কারণ তিনিই হলেন উত্তম ফায়সালাকারী। وَلَا تَقْعُنُ وَا بِكُلِّ صِرَاطٍ تُوْعِدُونَ وَتَصُدُّونَ عَنْ سَبِيْلِ اللهِ مَنْ أَمَنَ بِهُ وَتَنْغُونَهَا عِوجًا وَاذْكُرُوْآ اِذْ كُنْتُهُ قَلِيلًا فَكَثَّرَ كُهُ وَانْظُرُوا كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُفْسِدِيْنَ ﴿

وَانَ كَانَ طَآبِفَةً مِّنْكُمُ امْنُوا بِالَّذِيِّ أَرْسِلْتُ بِهِ وَطَآبِفَةً لَّمْ يُؤْمِنُوا فَاصْبِرُوا حَتَّى يَحْكُمَ الله بَيْنَنَاء وَهُوَ خَيْرُ الْخِكِينِينَ ﴿

১। (ক) আব্দুল্লাহ ইবনে উমার (রাযিআল্লাহ্ন আনহ্মা) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ তোমরা সাবধান হও! তোমরা প্রত্যেকেই একজন দায়িত্বশীল। আর (কিয়ামতের দিন) তোমাদের প্রত্যেকের দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসাবাদ করা হবে। সুতরাং জনগণের শাসকও একজন দায়ত্বশীল ব্যক্তি। আর তার দায়ত্ব সম্পর্কে (কিয়ামতের দিন) জিজ্ঞেস করা হবে। আর পুরুষ ও তার পরিবারের একজন দায়ত্বশীল। (কিয়ামতের দিন) তার এ দায়ত্ব সম্পর্কে জিজ্ঞাসাবাদ করা হবে। স্ত্রীও তার স্বামীর পরিবার ও সন্তানের ওপর দায়ত্বশীলা। (কিয়ামতের দিন) তার এ দায়ত্ব সম্পর্কে জিজ্ঞেস করা হবে। এমনকি কোন ব্যক্তির গোলাম বা দাসও তার প্রভুর সম্পদের ব্যাপারে একজন দায়ত্বশীল। আর (কিয়ামতের দিন) তার এ দায়ত্ব সম্পর্কে জিজ্ঞেস করা হবে। অতএব সাবধান! তোমরা প্রত্যেকেই একজন দায়ত্বশীল। আর তোমাদের এ দায়িত্ব সম্পর্কে (কিয়ামতের দিন) জিজ্ঞাসাবাদ করা হবে। (বুখায়ী, হাদীস নং ৭১৩৮)

⁽খ) তারীফ আবৃ তামীমা থেকে বর্ণিত। তিনি বলেন, আমি (একদা) সাফওয়ান, জুন্দুব ও তাঁর সঙ্গীগণের নিকট উপস্থিত ছিলাম। তখন তিনি (জুন্দুব) তাঁর সঙ্গীগণকে উপদেশ দিচ্ছিলেন। তাঁরা (সঙ্গীগণ) জিজ্ঞেস করলেন, আপনি কি রাস্লুল্লাহ্ (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) থেকে কিছু শুনতে পেয়েছেন? তখন জুন্দুব বললেন, আমি রাস্লুল্লাহ্ (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম)- কে বলতে শুনেছি, যে ব্যক্তি সুনামের জন্য সৎ কাজ করে, আল্লাহ্ তার উদ্দেশ্য কিয়ামতের দিন প্রকাশ করে দিবেন। আর যে ব্যক্তি মানুষকে বিপদে

ফেলবে, কিয়ামতের দিন আল্লাহ্ও তাকে বিপদে পতিত করবেন। তাঁরা বললেন, আমাদেরকে (আরও) উপদেশ প্রদান করুন। অতঃপর তিনি বললেন, (কবরে) সর্বপ্রথম মানুষের পেট গলে ও পচে যাবে। অতএব যে ব্যক্তি পাক-পবিত্র বস্তুই আহার করতে সক্ষম সে যেন তাই আহার করে। আর যে ব্যক্তি কামনা করে যে, তার ও বেহেশ্তের মাঝে তার দ্বারা অন্যায়ভাবে প্রবাহিত অঞ্জলী পরিমাণ রক্তও যেন প্রতিবন্ধকতা সৃষ্টি না করে, সে যেন তাই করে বা তদনুরূপ কাজ করে। (বুখারী, হাদীস নং ৭১৫২)

⁽গ) আনাস ইবনে মালেক (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা আমি ও রাস্ল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) মসজিদ থেকে বের হচ্ছিলাম। তখন এক ব্যক্তি মসজিদের আঙ্গিনার নিকটে আমাদের সাথে সাক্ষাত করলো ও বললো, হে আল্লাহ্র রাস্লা! (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কিয়ামত কখন সংঘটিত হবে? তখন নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তুমি কিয়ামতের জন্য কি পাথেয় সংগ্রহ করেছ? লোকটি তখন যেন একটু অপ্রস্তুত হয়ে গেল এবং পরে বলল, হে আল্লাহ্র নবী! (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আমি তজ্জন্য বেশি পরিমাণ রোযা, নামায ও সাদকা করতে পারিনি। তবে আমি আল্লাহ্কে ও তাঁর রাস্ল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-কে অত্যধিক মুহবরত করি। অতঃপর রাস্লুল্লাহু (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ যাকে তুমি ভালবাস (কিয়ামতের দিন) তুমি তারই সঙ্গী বা সাথী হবে। (বুখারী, হাদীস নং ৭১৫৩)

⁽ঘ) আবৃ যার (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি একদা নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নিকট গেলাম। তিনি বললেনঃ ঐ সন্তার কসম যাঁর হাতে আমার প্রাণ, অথবা (বলেছেন) ঐ সন্তার কসম যিনি ছাড়া অন্য কোন মা'বৃদ নেই, অথবা অনুরূপ কোন হলফ করে (তিনি বললেন) যারই উট কিংবা গরু অথবা বকরী রয়েছে- যদি সে তার হক (যাকাত) আদায় না করে, তবে কিয়ামতের দিন ঐ জানোয়ারগুলোকে পূর্বের চাইতেও অধিক বড় ও মোটাতাজা অবস্থায় ঐ ব্যক্তির নিকট উপস্থিত করা হবে এবং ঐ জানোয়ার শীয় খুর ঘারা উক্ত ব্যক্তিকে দলন করতে থাকবে এবং শিং ঘারা তাকে গুঁতোতে থাকবে। যখন শেষ জানোয়ারটি তাকে অতিক্রম করে যাবে তখন প্রথমটি আবার তার কাছে ফিরে আসবে (এবং পালাক্রমে তাকে দলন করতে শুরু করবে)। এমনিভাবে চূড়ান্ত ফয়সালার দিন পর্যন্ত চলতে থাকবে। (বুখারী, হাদীস নং ১৪৬০)

৮৮. আর তাঁর সম্প্রদায়ের দান্তিক ও অহংকারী প্রধানরা বলেছিলঃ হে শো'আইব (প্রুক্ত্রা)! আমরা অবশ্যই তোমাকে ও তোমার সঙ্গী-সাথী মুমিনদেরকে আমাদের জনপদ হতে বহিস্কার করবো অথবা তোমরা আমাদের দলে (দ্বীনে) ফিরে আসবে, তখন তিনি বললেনঃ আমরা যদি তাতে রাযী না হই (তবুও কি জোর করে ফিরিয়ে দিবে)?

৮৯. তোমাদের দল বা দ্বীন হতে আল্লাহ আমাদেরকে মুক্তি দেয়ার পর আমরা যদি তাতে আবার ফিরে যাই তবে নিশ্চিতভাবে আল্লাহর প্রতি মিথ্যা আরোপকারী হবো, আমাদের প্রতিপালক আল্লাহ না চাইলে ওতে আবার ফিরে যাওয়া আমাদের পক্ষে কোনক্রমেই সম্ভব নয়, প্রতিটি বস্তুই আমাদের প্রতিপালকের জ্ঞানায়ত্তে, আমরা আল্লাহর উপরই নির্ভর করছি. হে আমাদের প্রতিপালক! আমাদের আমাদের সম্প্রদায়ের মধ্যে সঠিকভাবে ফায়সালা আপনিই তো সর্বোত্তম ফায়সালাকারী।

৯০. আর তাদের সম্প্রদায়ের কাফির লোকদের প্রধানগণ (সর্বসাধারণকে) বলেছিলঃ তোমরা যদি শোআ ইব (প্রাঞ্জা)-কে অনুসরণ করে চল, তবে তোমরা অবশ্যই ক্ষতিগ্রস্ত হবে।

৯১. অতঃপর ভ্-কম্পন তাদেরকে গ্রাস করে ফেললো, ফলে তারা নিজেদের গৃহেই (মৃত্যু অবস্থায়) উপুড় হয়ে পড়ে রইলো। قَالَ الْمَكُلُّ الَّذِيْنَ الْسَكَلْبَرُوْا مِنْ قَوْمِهِ لَنُخْرِجَنَّكَ لِشُعَيْبُ وَالَّذِيْنَ امَنُوْا مَعَكَ مِنْ قَرْيَتِنَا آوُ لَتَعُوْدُنَّ فِى مِلَّتِنِنَا لَا قَالَ اَوَ لَوْكُنَّا كُرِهِيْنَ ﴿

قَبِ افْتَرَيْنَا عَلَى اللهِ كَذِبًا إِنْ عُدُنَا فِي مِلَّتِكُمُ بَعْدَ إِذْ نَجْسَنَا اللهُ مِنْهَا وَمَا يَكُوْنُ لَنَا آنُ نَّعُوْدَ فِيْهَا لِلْآ آنُ يَّشَاءَ اللهُ رَبَّنَا وَسِعَ رَبَّنَا كُلَّ شَى ﴿ عِلْبًا وَعَلَى اللهِ تَوَكَّلُنَا وَبَّنَا افْتَحُ بَيْنَنَا وَبَيْنَ قَوْمِنَا بِالْحَقِّ وَانْتَ خَيْرُ الْفْتِحِيْنَ ﴿

وَقَالَ الْمَلَاُ الَّذِينَ كَفَرُوا مِنْ قَوْمِهِ لَإِنِ اتَّبَعُتُمُ شُعَيْبًا إِنَّكُمْ إِذًا تَّخْسِرُونَ ۞

فَاخَنَاتُهُمُ الرَّخْفَةُ فَاصَبَحُوا فِي دَارِهِمُ جٰشِينِينَ ﴿ لِللَّهِ عَلَيْهِ اللَّهِ عَلَيْهِ اللَّهِ عَلَيْهِ اللَّهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ ع

৯২. (অবস্থা দেখে মনে হলো,) যারা শোআ'ইব (XEE))-(P প্রতিপন্ন করেছিল, তারা যেন কখনো সেখানে বসবাস করেনি, শো'আইব (২৬৯)-কে মিথ্যা প্রতিপন্নকারী ক্ষতিগ্ৰস্ত লোকেরাই শেষ পর্যন্ত হয়েছিল।

৯৩. তিনি (শো'আইব (العلية) তাদের নিকট হতে এ কথা বলে বেরিয়ে আসলেন— হে আমার জাতি! আমি প্রভুর আমার পয়গাম তোমাদের নিকট পৌছিয়েছি. আর আমি তোমাদেরকে উপদেশ প্রদান সূতরাং আমি সম্প্রদায়ের জন্যে কি করে আক্ষেপ করতে পারি!

৯৪. আমি কোন জনপদে নবী-রাসল পাঠালে. ওর অধিবাসীদেরকে দুঃখ-কষ্ট ও বিপদে আক্রান্ত করে থাকি. উদ্দেশ্য হলোঃ তারা যেন নম ও বিনয়ী হয়।

৯৫, অতঃপর আমি তাদের দুরবস্থাকে সুখ-স্বাচ্ছন্য দারা পরিবর্তন করে দিয়েছি. অবশেষে তারা খুব প্রাচুর্যের অধিকারী হয়, আর তারা (অকৃতজ্ঞ স্বরে) বলেঃ আমাদের পূর্ব পুরুষরাও এইভাবে ভোগ করেছে (এটাই সুখ-দুঃখ প্রাকৃতিক নিয়ম), অতঃপর অকস্মাৎ আমি তাদেরকে পাকড়াও করলাম কিন্তু তারা কিছুই বুঝতে পারলো না। অধিবাসীগণ যদি bb. জনপদের ঈমান আনতো এবং তাকওয়া

الَّذِيْنَ كَذَّبُوا شُعَيْبًا كَانَ لَّمْ يَغْنُوا فِيهَا عَ اَكَٰنِيْنَ كَنَّ بُوا شُعَيْبًا كَانُوا هُمُ الْخْسِرِيْنَ ®

قال البلا ٩

فَتُولُّى عَنْهُمْ وَقَالَ لِقَوْمِ لَقَدْ اللَّهُ تُكُمُّ رِسْلْتِ رَبِّي وَنَصَحْتُ لَكُمْ ۚ فَكَيْفَ اللَّى عَلَى قَوْمٍ كفرين ੌ

وَمَآ اَرْسَلْنَا فِي قَرْيَةٍ مِّنْ نَّبِيِّ اللَّا آخَذُنَّا آهْلَهَا بِالْبَاْسَآءِ وَالضَّرَّآءِ لَعَلَّهُمْ يَضَّرَّعُونَ ®

ثُمَّ بَدَّ لَنَا مَكَانَ السَّيِّعَةِ الْحَسَنَةَ حَتَّى عَفُوا وَّ قَالُوْا قُلْ مَسَّ إِيَّاءَنَا الضَّرَّاءُ وَالسَّرَّاءُ فَأَخِذُ نَهُمُ يَغْتُكُ وَهُمُ لَا يَشْعُرُونِ ۞

وَلَوْ إِنَّ آهُلَ الْقُزِّي أَمَنُواْ وَاتَّقَوْ الْفَتَحْنَا

অবলম্বন করতো, তবে আমি তাদের জন্যে আকাশ ও পৃথিবীর বরকতের দ্বার খুলে দিতাম; কিন্তু তারা নবী-রাসূলদেরকে মিথ্যা প্রতিপন্ন করেছে, ফলে তাদের কৃতকর্মের জন্যে আমি তাদেরকে পাকড়াও করলাম।

৯৭. জনপদের লোকেরা কি এটা থেকে নির্ভয় হয়ে মনে করছে য়ে, রাত্রিকালে ঘুমন্ত থাকা অবস্থায় আমার শাস্তি তাদেরকে গ্রাস করে ফেলবে না?

৯৮. অথবা জনপদের লোকেরা কি এই ভয় রাখে না যে, আমার শাস্তি তাদের উপর তখন আপতিত হবে যখন তারা পূর্বাহ্নে আমোদ-প্রমোদে রত থাকবে?

৯৯. তারা কি আল্লাহর পাকড়াও ও শাস্তি থেকে নিরাপদ হয়ে গেছে? ক্ষতিগ্রস্ত সম্প্রদায় ছাড়া আল্লাহর শাস্তি থেকে কেউই নিঃশঙ্ক বোধ করতে (নিরাপদ হতে) পারে না।

১০০. কোন এলাকার অধিবাসী ধ্বংস হওয়ার পর সেই এলাকার যারা উত্তরাধিকারী হয়, তাদের কাছে কি এই পথ নির্দেশ দেয়া হয়নি য়ে, আমি ইচ্ছা করলে তাদের পাপের কারণে তাদেরকে শাস্তি দিতে পারি? আর তাদের অন্তঃকরণের উপর মোহর মেরে দিতে পারি অবশেষে তারা কিছুই শুনতে পাবে না?

১০১. ঐ জনপদগুলোর কিছু বৃত্তান্ত আমি তোমার নিকট বর্ণনা করছি, তাদের কাছে রাসূলগণ সুস্পষ্ট দলীল عَلَيْهِمْ بَرَكْتٍ مِّنَ السَّمَآءِ وَالْاَرْضِ وَالْكِنَ كَذَّبُواْ فَاَخَذُنْهُمْ بِمَا كَانُواْ يَكْسِبُونَ ﴿

ٱفَامِنَ ٱهُلُ الْقُرْى اَنْ يَّاٰتِيَهُمْ بَاٰسُنَا بَيَاتًا وَّهُمْ نَاۡجِمُونَ ۞

ٱۅَ ٱمِنَ ٱهۡلُ الۡقُرۡى آنُ يَّاۡتِيَهُمۡ بَاٰسُنَا ضُعَّى وَّهُمۡ يَلۡعَبُوۡنَ۞

ٱفَامِنُوْامَلُرَ اللَّهِ ۚ فَلَا يَاٰمَنُ مَكْرَ اللَّهِ إِلَّا الْقَوْمُر الْخْسِرُوْنَ ۚ

اَوَ لَمُ يَهُدِ لِلَّذِيْنَ يَدِثُونَ الْأَرْضَ مِنْ بَعُدِ اَهُلِهَاۤ اَنْ لَّوۡ نَشَآءُ اَصَٰبُنٰهُمۡ بِنُنُوبِهِمْ ۗ وَلَطُبَحُ عَلَىٰ قُلُوبِهِمۡ فَهُمۡ لَا يَسۡمَعُونَ ۚ

تِلْكَ الْقُرْى نَقُصُّ عَلَيْكَ مِنُ اَثَبَا إِبِهَاءَ وَلَقَلُ جَاءَتُهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنْتِ ۚ فَمَا كَانُوا প্রমাণসহ এসেছিল; কিন্তু পূর্বে তারা যা প্রত্যাখ্যান করেছিল তার প্রতি ছিল না. তারা ঈমান আনবার এমনিভাবেই আল্লাহ অবিশ্বাসীদের অন্তঃকরণের উপর মোহর মেরে দেন। ১০২. আমি তাদের অধিকাংশকে অঙ্গীকার ও প্রতিশ্রুতি রক্ষাকারীরূপে পাইনি, তবে তাদের অধিকাংশকে আমি ফাসেক (সত্যত্যাগী) পেয়েছি। ১০৩. অতঃপর আমি মূসা (ৠ্র্র্ট্রা)-কে তাদের পর আমার আয়াত ও নিদর্শনসহ ফিরাউন 3 পরিষদবর্গের নিকট পাঠালাম: কিন্তু তারা যুলুম করলো (অর্থাৎ আমার নিদর্শন অস্বীকার করলো), সুতরাং এই বিপর্যয় সৃষ্টিকারীদের পরিণাম কি হয়েছিল তা তুমি লক্ষ্য কর।

১০৪. মুসা (১৬৯৯) বললেনঃ হে ফিরাউন! আমি বিশ্ব-প্রতিপালকের পক্ষ হতে একজন রাসূল।

১০৫. আমার জন্য এটাই উপযুক্ত যে, আমি আল্লাহ সম্বন্ধে সত্য কথা ছাড়া আর কিছু বলবো না (অর্থাৎ আল্লাহ সম্পর্কে সত্য কথা বলতে আমি দঢ় প্রতিজ্ঞ) আমি তোমাদের প্রতিপালকের পক্ষ হতে তোমাদের কাছে সুস্পষ্ট দলীল ও প্রমাণ নিয়ে এসেছি, সুতরাং বানী ইসরাঈলকে আমার সাথে পাঠিয়ে দাও।

১০৬. তখন ফিরাউন বললোঃ তুমি যদি বাস্তবিকই (আল্লাহর পক্ষ হতে) স্পষ্ট দলীল ও নিদর্শন এনে থাক لِيُؤْمِنُوا بِمَا كَنَّابُوا مِنْ قَيْلُ ءَكَلُ لِكَ يَطْبَعُ الله على قُلُوب الْكَفِرِيْنَ ١٠

قال البلا ٩

وَمَا وَجَدُنَا لِأَكْثَرِهِمْ مِّنْ عَهْبٍ ۚ وَإِنْ وَجَدُنَآ اَكْتُرَهُمُ لَفْسِقِينَ ٠

ثُمَّ بَعَثْنَا مِنْ بَعْدِهِمْ مُّولِي بِأَيْتِنَا إِلَى فِرْعَوْنَ وَمَلَابِهِ فَظَلَمُوا بِهَا ۚ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ المفسدين ٠

> وَقَالَ مُوْسَى لِفِرْعَوْنُ إِنِّي رَسُولٌ مِّنْ رَّبِّ الْعٰلَمِينَ ﴿

حَقِيْقٌ عَلَى أَنْ لَآ أَقُولَ عَلَى اللهِ إِلَّا الْحَقَّ اللهِ عَلَى اللهِ إِلَّا الْحَقَّ اللهِ جِئْتُكُمْ بِبَيِّنَةٍ مِّن رَّبِّكُمْ فَأَرْسِلْ مَعِي بَنِيَ اِسُرَاءِيلُ 🎂

قَالَ إِنْ كُنْتَ جِئْتَ بِأَيَةٍ فَأْتِ بِهَآ إِنْ كُنْتَ مِنَ الصِّدرِقِينَ ؈ তবে তুমি সত্যবাদী হলে ত উপস্থাপিত কর।

১০৭. তখন মূসা (প্রাঞ্জী) তাঁর লাঠি নিক্ষেপ করলেন এবং সহসাই ওটা এক প্রকাশ্য (জীবিত) সাপে পরিণত হলো।

১০৮. আর তিনি তার হাত বের করলেন, তৎক্ষণাৎই ওটা দর্শকদের দৃষ্টিতে শুদ্র ও উজ্জ্বল আলোকময় প্রতিভাত হলো।

১০৯. এ দেখে ফিরাউন সম্প্রদায়ের প্রধানরা বললোঃ নিঃসন্দেহে এ ব্যক্তি বড় সুদক্ষ যাদুকর।

১১০. তিনি তোমাদেরকে তোমাদের জমি-জায়গা থেকে বের করে দিতে চান, এখন তোমাদের পরামর্শ কি?

১১১. তারা বললোঃ তাকে এবং তার ভাই (হারন)-কে কিছুদিনের অবকাশ দাও, আর শহরে শহরে সংগ্রাহক পাঠিয়ে দাও।

১১২. যেন তারা তোমার (ফিরাউন) নিকট প্রত্যেক সুদক্ষ যাদুকরকে উপস্থিত করে।

১১৩. যাদুকররা ফিরাউনের কাছে এসে বললাঃ আমরা যদি বিজয় লাভ করতে পারি তবে আমাদের জন্যে পুরস্কার থাকবে তো?

১১৪. সে উত্তরে বললোঃ হাা, অবশ্যই তোমরাই হবে আমার দরবারের নিকটতম ব্যক্তি।

১১৫. অতঃপর যাদুকরগণ বললোঃ হে মুসা (ﷺ)! (প্রথমে) তুমিই কি فَالْقِي عَصَاهُ فَإِذَا هِيَ ثُعْبَانٌ مُّبِيْنٌ ﴿

وَّنَزَعَ يَدَهُ فَإِذَا هِيَ بَيْضَاءُ لِلنَّظِرِيْنَ شَ

قَالَ الْمَلَا مِنْ قَوْمِ فِرْعَوْنَ إِنَّ هٰذَالَسْجِرُ عَلِيْمُ

يُّرِيْكُ أَنْ يُّخْرِجَكُمْ مِّنْ أَرْضِكُمْ ۚ فَمَا ذَا تَأْمُرُونَ ﴿

قَالُوْٓا اَرْجِهُ وَاخَاهُ وَاَرْسِلْ فِي الْمَكَالَمِينِ خشِرِيْنَ ﴿

يَأْتُوْكَ بِكُلِّ سُحِرٍ عَلِيْمٍ ﴿

وَجَاءَ السَّحَوَةُ فِرْعَوْنَ قَالُوَّا إِنَّ لَنَا لَاَجُرًا إِنْ كُنَّا نَحْنُ الْغِلِمِيْنَ

قَالَ نَعَمْ وَإِنَّكُمْ لَئِنَ الْمُقَرَّبِيْنَ ﴿

قَالُواْ لِيُمُوسَى إِمَّا آنُ تُلْقِى وَ إِمَّا آنُ تُكُونَ

তোমার লাঠি নিক্ষেপ করবে, না আমরাই (প্রথমে) নিক্ষেপ করবো?

১১৬. তিনি (মৃসা ৠ্রা) উত্তরে বললেনঃ প্রথমতঃ তোমরাই নিক্ষেপ কর, সুতরাং যখন তারা নিক্ষেপ করলো তখন লোকের চোখে যাদু করলো এবং তাদেরকে ভয় দেখালো ও আতংকিত করলো, তারা খুব বড় রকমের যাদু দেখালো।

১১৭. তখন আমি মূসা-এর নিকট এই প্রত্যাদেশ পাঠালামঃ তুমি তোমার লাঠিখানা নিক্ষেপ কর, মূসা (প্রাঞ্জ্ঞা) তা নিক্ষেপ করলে ওটা একটা বিরাট সাপ হয়ে সহসা ওদের অলীক (মিথ্যা) সৃষ্টিগুলোকে গিলে ফেলল।

১১৮. পরিশেষে যা হক ছিল তা সত্য প্রমাণিত হলো, আর যা কিছু বানানো হয়েছিল তা বাতিল প্রতিপন্ন হলো।

১১৯. আর ফিরাউন ও তার দলবলের লোকেরা মুকাবিলার ময়দানে পরাজিত হলো এবং লাঞ্ছিত ও অপমানিত হয়ে গেল।

১২০. যাদুকরগণ তখন সিজদায় পড়ে গেল।

১২১. তারা পরিস্কার ভাষায় বললোঃ আমরা বিশ্ব প্রতিপালকের প্রতি অকপটে ঈমান আনলাম।

১২২. (জিজ্ঞেস করা হলো— কোন বিশ্ব প্রতিপালকের প্রতি? তারা উত্তরে বললো) মূসা ও হার্য়নের প্রতিপালকের প্রতি। نَحْنُ الْمُلْقِيْنَ ١

قال البلا 9

قَالَ ٱلْقُواءَ فَلَيَّآ ٱلْقَوْا سَحَرُوۤۤا ٱعْدُنَ النَّاسِ وَاسۡتَرُهُبُوۡهُمۡ وَجَاءُوۡ بِسِحْرٍ عَظِیْمِرٖ ﴿

وَاوْحَيْنَاۤ إِلَى مُوْسَى اَنْ اَلْقِ عَصَاكَ ۚ فَإِذَا هِيَ تَلْقَفُ مَا يَاْفِكُوْنَ شَ

فَوَقَعَ الْحَقُّ وَبَطَلَ مَا كَانُوا يَعْمَلُونَ ﴿

فَغُلِبُوا هُنَالِكَ وَانْقَلَبُوا صِغِرِيْنَ ﴿

وَ ٱلْقِيَ السَّحَرَةُ سٰجِدِيْنَ ﴿

قَالُوْاَ أُمَنَّا بِرَبِّ الْعٰلَمِينَ ﴿

رَبِّ مُوْسَى وَ هٰرُوْنَ ﴿

১২৩. ফিরাউন বললো অনুমতি দেয়ার আগেই তোমরা তার উপর
ঈমান আনলে? এটা অবশ্যই একটা
চক্রান্ত আর তোমরা এ চক্রান্ত
পাকিয়েছ শহরবাসীদের সেখান
থেকে তাড়িয়ে দেয়ার জন্যে? সত্ত্রই
তোমরা এর পরিণাম জানতে পারবে।
১২৪. অবশ্যই আমি তোমাদের হাত
ও পা উল্টোভাবে কেটে ফেলবে,
তারপর তোমাদের সবাইকে আমি
শূলে চড়াবো।

১২৫. তারা (যাদুকররা) বললোঃ নিশ্চয়ই আমরা আমাদের প্রতি-পালকের নিকটে ফিরে যাবো।

১২৬. তুমি আমাদের সাথে শক্রতা করছো এই কারণে যে, আমাদের কাছে যখন আমাদের প্রতিপালকের নিদর্শনাবলী এসেছে তখন আমরা ওগুলোর উপর ঈমান এনেছি, হে আমাদের প্রতিপালক! আমাদেরকে ধৈর্য দান করুন এবং মুসলমানরূপে আমাদের মৃত্যু দান করুন!

১২৭. ফিরাউন সম্প্রদায়ের সরদারগণ তাকে বললাঃ তুমি কি মূসা (ৠৣৠ) ও তার সম্প্রদায়কে রাজ্যে অশান্তি ও বিপর্যয় সৃষ্টির জন্যে মুক্ত ছেড়ে দিবে এবং তোমাকে ও তোমার দেবতাগণকে বর্জন করে চলার সুযোগ দিবে? সে উত্তরে বললাঃ আমি তাদের ছেলে সন্তানদের হত্যা করবো এবং তাদের নারীদেরকে জীবিত রাখবা, নিশ্চয় আমরা পরাক্রমশালী।

قَالَ فِرْعَوْنُ امَنْتُمْ بِهِ قَبْلَ اَنْ اٰذَنَ لَكُمْ اَ إِنَّ هٰذَا لَمَكُرُّ مُّكَرُّتُهُوْهُ فِي الْمَدِينَةِ لِتُخْرِجُوا مِنْهَا اَهْلَهَا فَسَوْفَ تَعْلَمُونَ ﴿

لاُ قَطِّعَنَّ آيُدِيكُمْ وَآرُجُلَكُمْ مِّن خِلَافٍ ثُمَّ لَاصِّلِبَنَّكُمْ آجُمَعِيْنَ ﴿

قَالُوْٓ إِنَّ إِلَى رَبِّنَا مُنْقَلِبُونَ ﴿

وَمَا تَنْقِمُ مِئَا الآآنُ امَنَا بِالدِّ رَبِّنَا لَبَّا جَاءَتُنَا ﴿ رَبِّنَا ٓ ا فِرِغْ عَلَيْنَا صَابُرًا وَ تَوَفَّنَا مُسْلِمِينَ ﴿

وَقَالَ الْهَلَا مِنْ قَوْمِ فِرْعَوْنَ آتَذَارُ مُوْسَى وَقَوْمَ اَتَذَارُ مُوْسَى وَقَوْمَهُ لِيُفْسِدُوا فِي الْاَرْضِ وَيَذَرَكَ وَالِهَتَكَ اللهَ عَلَى اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ اللهُولِي اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ

মূসা **32b.** (<u>XX</u>LEII) সম্প্রদায়কে বললেনঃ তোমরা আল্লাহর নিকট সাহায্য প্রার্থনা কর এবং ধৈৰ্য অবলম্বন কর, এই পথিবীর সার্বভৌম আল্লাহ, তিনি তাঁর বান্দাদের মধ্যে যাকে ইচ্ছা ওর উত্তরাধিকারী করে থাকেন, শুভ পরিণাম ও শেষ সাফল্য তো মুত্তাকী বান্দাদেরই জন্যে।

১২৯. তারা (মূসা র্ট্ড্র্রা-এর কওম) তাঁকে বললেনঃ আপনি আমাদের নিকট (নবীরূপে) আগমনের পূর্বেও আমরা (ফিরাউন কর্তৃক) নির্যাতিত হয়েছি এবং আপনার আগমনের পরও নির্যাতিত হচ্ছি. তখন তিনি (মৃসা (العَلَيْقُلِيَّ) শীঘুই বললেনঃ প্রতিপালক তোমাদের তোমাদের শত্রুকে ধ্বংস করবেন এবং তোমাদেরকে রাজে তাদের স্তলাভিষিক্ত করবেন, অতঃপর তোমরা কিরূপ কাজ কর তা তিনি দেখবেন :

১৩০. আমি ফিরাউনের অনুসারী-দেরকে কয়েক বছর পর্যন্ত দুর্ভিক্ষ ও ফসলহানির মধ্যে বিপন্ন রেখেছিলাম. উদ্দেশ্য ছিল, তারা হয়তো উপদেশ গ্রহণ করে ঈমান আনবে।

১৩১ যখন তাদের সুখ-শান্তি ও কল্যাণ হতো তখন তারা বলতোঃ এটা তো আমাদের জন্য, আর যদি তাদের দৃঃখ্র দৈন্য ও বিপদ-আপদ ওটাকে মূসা হতো তখন তারা সঙ্গী-সাথীদের (الظيلة) છ তার

قَالَ مُولِي لِقَوْمِهِ اسْتَعِيْنُواْ بِأَللَّهِ وَاصْبِرُوْا عَ إِنَّ الْأَرْضَ بِلَّهِ لِنَّ يُؤْرِثُهَا مَنَ لِّشَاءُ مِنْ عِيَادِةٍ وَ الْعَاقِيَةُ لِلْبُتَّقِيْنَ ١

قَالُوْاَ أُوْذِيْنَا مِنْ قَبْلِ أَنْ تَأْتِينَا وَمِنْ بَعْبِ مَاجِئْتَنَا وَقَالَ عَلَى رَبُّكُمْ أَنْ يُتَّهْلِكَ عَدُوَّكُمْ وَيَسْتَخْلِفَكُمْ فِي الْأَرْضِ فَيَنْظُرَ كَيْفَ تعملون س

وَلَقُدُ آخَٰنُنَّا أَلَ فِرْعَوْنَ بِالسِّنِيْنَ وَنَقُصٍ مِّنَ الثَّهُرُتِ لَعَلَّهُمْ يَنَّ كُرُونَ ﴿

فَاذَا حَاءَتُهُمُ الْحَسَنَةُ قَالُوالَنَا هٰنِهِ وَإِنْ تُصِبْهُمْ سَيِّعَةٌ يَّطَيَّرُوا بِمُوسَى وَمَنْ مَّعَكَ الْ ٱلآ إِنَّمَا ظَيِرُهُمْ عِنْكَ اللَّهِ وَلَكِنَّ ٱكْثَرَهُمْ

মন্দভাগ্যের কারণরূপে নিরূপণ করতো, তোমরা জেনে রেখো যে, তাদের অকল্যাণ আল্লাহরই নিয়ন্ত্রণাধীন; কিন্তু তাদের অধিকাংশ সে সম্পর্কে কোন জ্ঞান রাখে না।

১৩২. তারা বললোঃ আমাদেরকে যাদু করবার জন্যে যে কোন নিদর্শনই পেশ কর না কেন আমরা তোমার প্রতি ঈমান আনবো না।

১৩৩. শেষ পর্যন্ত আমি তাদের উপর প্লাবন, পঙ্গপাল, উকুন, ব্যাঙ ও রক্তধারার শাস্তি পাঠিয়ে কষ্ট দেই, এগুলো ছিল আমার সুস্পষ্ট নিদর্শন; কিন্তু তারা শেষ পর্যন্ত দান্তিকতা ও অহংকারেই মেতে রইলো, তারা ছিল একটি অপরাধী জাতি।

১৩৪. তাদের উপর কোন বালামুসিবত ও বিপদ-আপদ আপতিত
হলে তারা বলতাঃ হে মূসা (প্রাঞ্জা)
আমাদের এই বিপদ দূর হওয়ার
নিমিত্তে তোমার প্রতিপালকের নিকট
দু'আ কর, যার প্রতিশ্রুতি তিনি
তোমার সাথে করেছেন, যদি
আমাদের বিপদ দূর করে দিতে পার
তবে আমরা তোমার প্রতি ঈমান
আনবো এবং তোমার সাথে বানী
ইসরাঈলগণকে পাঠিয়ে দেবো।

১৩৫. অতঃপর যখনই আমি তাদের হতে সেই আযাবকে এক নির্দিষ্ট সময় পর্যন্ত অপসারিত করতাম যাতে তারা উপনীত হতো, তখনই আবার তারা প্রতিশ্রুতি ভঙ্গ করতো। لا يَعْلَمُوْنَ 🖫

وَقَالُوْا مَهْمَا تَأْتِنَا بِهِ مِنْ أَيَةٍ لِّتَسُحَرَنَا بِهَا ۗ فَمَا نَحُنُ لَكَ بِمُؤْمِنِيْنَ ۞

فَارْسُلْنَا عَلَيْهِمُ الطُّوْفَانَ وَالْجَرَادَ وَالْقُبَّلَ وَالضَّفَادِعُ وَاللَّامَ الْيَتِ مُّفَصَّلَتٍ ۖ فَاسْتَكُبَرُوْا وَكَانُوْا قَوْمًا مُّجْرِمِيْنَ ﴿

وَلَمَّا وَقَعَ عَلَيْهِمُ الرِّجُزُ قَالُوا يِلْمُوْسَى ادْعُ لَنَا رَبَّكَ بِمَا عَهِدَ عِنْدَكَ الْإِنْ كَشَفْتَ عَنَّا الرِّجْزَ لَنُوُمِنَتَ لَكَ وَلَنُرُسِكَنَّ مَعَكَ بَنِنَ اِسْرَآءِيْلَ ﴿

فَكَمَّا كَشَفْنَا عَنْهُمُ الرِّجُزَ إِلَى اَجَلِ هُمُ بِلِغُوْهُ إِذَا هُمْ يَنْكُثُونَ ® ১৩৬. সুতরাং আমি (এই প্রতিশ্রুতি ভঙ্গের জন্যে) তাদের হতে প্রতিশোধ নিলাম এবং তাদেরকে অতল সমুদ্রে ছবিয়ে মারলাম, কেননা তারা আমার নিদর্শনসমূহকে মিথ্যা প্রতিপন্ন করেছে, আর এই ব্যাপারে তারা ছিল সম্পূর্ণ গাফিল বা উদাসীন।

১৩৭. যে জাতিকে দুর্বল ভাবা হতো আমি তাদেরকে আমার কল্যাণপ্রাপ্ত রাজ্যের পূর্ব ও পশ্চিমের উত্তরাধিকারী বানাই, আর বানী ইসরাঈল জাতি সম্পর্কে তোমার প্রতিপালকের শুভ ও কল্যাণময় বাণী (প্রতিশ্রুতি) পূর্ণ হলো, কেননা তারা ধৈর্যধারণ করেছিল, আর ফিরাউন ও তার সম্প্রদায়ের নির্মিত কীর্তিকলাপ ও উচ্চ প্রাসাদসমূহকে আমি ধ্বংস করেছি।

ٱكُمۡ يَعۡكُمُوۡۤۤۤٱ اَنَّااللّٰهَ يَعۡكُمُ سِرَّهُمۡ وَنَجُوٰلهُمۡ وَاَنَّ اللّٰهَ عَـٰلَامُ الْغُيُوْبِ ۚ

ٱلَّذِيْنَ يَلْمِزُونَ الْمُطَّوِّعِيْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ

দোষারোপ করে এবং (বিশেষ করে) সেই লোকদের প্রতি যাদের পরিশ্রম ও মজুরী করা ছাড়া আর কোনই সম্বল নেই, তারা তাদেরকে উপহাস করে, আল্লাহও তাদেরকে উপহাস করেন এবং তাদের জন্যে রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

৮০. (হে মুহাম্মদ ﷺ!) তুমি তাদের জন্যে ক্ষমা প্রার্থনা কর অথবা তাদের জন্যে ক্ষমা প্রার্থনা না কর (উভয়ই সমান) যদি তুমি তাদের জন্যে সত্তর বারও ক্ষমা প্রার্থনা কর তব্ও আল্লাহ তাদেরকে ক্ষমা করবেন না; এর কারণ এই যে, তারা আল্লাহ ও তাঁর রাসলের সাথে কুফরী করেছে। আর আল্লাহ এরূপ ফাসেক লোকদেরকে হেদায়েত দান করেন না।

৮১. পশ্চাদবর্তী লোকেরা (তাবুকের যুদ্ধে) উৎফুল্ল হয়ে গেল রাসূলুল্লাহর বিরুদ্ধাচারণ করে নিজেদের গৃহে বসে থেকে এবং তারা আল্লাহর পথে নিজেদের ধন ও প্রাণ দিয়ে জিহাদ করাকে অপছন্দ করলো, অধিকম্ভ (এই বলতে লাগলোঃ তোমরা ভীষণ) গরমের মধ্যে বের হয়ো না; তুমি (হে নবী!) বলে দাওঃ জাহান্নামের আগুন (এর চেয়ে) অধিকতর গরম, যদি তারা বুঝতে পারতো!

(দুনিয়ায়) ৮২. অতএব, তারা সামান্য হেসে নিক কেননা তারা কতকর্মের কারণে (আখিরাতে) অধিক মাত্রায় কাঁদবে।

ڣۣٵڵڞۜٙۮۊ۠ؾؚۘۘۅؘٵڷۜڹؚؽؗڽؘڵٳۑؘڿ۪ۮؙۏۛؽٳڵؖٳڿؙۿ۪ۘۘۮۿؙؖؖۿ فَيُسْخُرُونَ مِنْهُمُ لَا سَخِرَ اللَّهُ مِنْهُمُ وَ لَهُمُ عَنَاكُ لِلنَّمُ ۞

اِسْتَغْفِرْ لَهُمْ أَوْ لَا تَسْتَغُفِرْ لَهُمْ طَانُ تَسْتَغُفِرْ لَهُمْ سَبْعِيْنَ مَرَّةً فَكَنْ يَغْفِرَ اللهُ لَهُمْ طَذْلِكَ بِٱنَّهُمْ كَفَرُوْا بِٱللَّهِ وَرَسُولِهِ ﴿ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الْفْسِقِيْنَ ﴿

فَرِحَ الْمُخَلَّفُونَ بِمَقْعَى هِمْ خِلْفَ رَسُولِ اللهِ وَكُرِهُوْ آنُ يُّجَاهِلُ وَا بِأَمُوالِهِمْ وَأَنْفُسِهِمْ فِيُ سَبِيلِ اللهِ وَقَالُوا لَا تَنْفِرُوا فِي الْحَرِّوْقُلُ نَارُجَهَنَّمَ اَشَكُّ حَرًّا ﴿ لَوْ كَانُوا يَفْقَهُونَ ۞

فَلْمِضْحَكُواْ قَلِيلُلَا وَ لَيَكِكُواْ كَثِيْرًاهِ جَزَآءًا بِمَا كَانُوْ الْكُسْدُون ﴿

৮৩. অতঃপর যদি আল্লাহ তোমাকে (মদীনায়) তাদের কোন সম্প্রদায়ের কাছে ফিরিয়ে আনেন, অতঃপর তারা (কোন জিহাদে) বের হতে অনুমতি চায়, তবে তুমি বলে দাওঃ তোমরা কখনো আমার সাথে (কোন জিহাদে) বের হবে না এবং আমার সাথী হয়ে কোন শত্রুর বিরুদ্ধে যুদ্ধও করবে না; প্রথমবারই বসে কারণ তোমরা থাকাকে পছন্দ করেছিলে, অতএব তোমরা ঐসব লোকের সাথে বসে পশ্চাদবর্তী থাকার থাকো যারা যোগ্য।

৮৪. (হে রাসূল!) আর তাদের মধ্য হতে কেউ মরে গেলে তার উপর কখনো (জানাযার) নামায পড়বেন না এবং তার কবরের দাঁড়াবেন না; তারা আল্লাহ ও তাঁর রাসূলের সাথে কুফরী করেছে এবং তারা ফাসেকী অবস্থাতেই মৃত্যুবরণ করেছে।

৮৫. আর তাদের ধন-সম্পদ ও সম্ভান-সম্ভতি তোমাকে যেন বিশ্মিত না করে; আল্লাহ শুধু এটাই চাচ্ছেন যে, এ সমস্ত বস্তুর কারণে দুনিয়ায় তাদেরকে শাস্তিতে আবদ্ধ রাখেন কুফরীর প্রাণবায়ু এবং তাদের অবস্থাতেই বের হয়।

৮৬. আর যখনই কুরআনের কোন সূরা (অংশ) বিষয়ে অবতীর্ণ করা হয় যে. তোমরা আল্লাহর উপর ঈমান আন এবং তাঁর রাসল (ﷺ)-এর সাথী হয়ে জিহাদ কর, তখন তাদের মধ্যকার ক্ষমতাবান ব্যক্তিরা তোমার

فَإِنْ تَجَعَكَ اللَّهُ إِلَى طَآلِفَةٍ مِّنْهُمْ فَاسْتَأْذَنُوكَ لِلْخُرُوجِ فَقُلْ لَّنْ تَخْرُجُوا مَعِي آبَدًا وَّكُنْ اَوَّلَ مَرَّةٍ فَاقَعُنُ وَا مَعَ الْخُلِفِيْنَ @

وَلا تُصَلَّ عَلَى آحَدٍ مِّنْهُمْ مَّاتَ ٱبَدًّا وَّلَا تَقُمُ عَلَى قَابِرِم لِ إِنَّهُمْ كَفَرُوا بِاللَّهِ وَرَسُولِهِ وَمَا تُوا وَهُمْ فٰسِقُونَ ۞

وَلا تُعْجِبُكَ أَمْوَالُهُمْ وَ أَوْلَادُهُمْ طَ إِنَّهَا يُرِيْكُ اللهُ أَنْ يُعَنِّ بَهُمْ بِهَا فِي اللَّهُ نَيَا وَتَزْهَقَ اَنْفُسُهُمْ وَهُمْ كَفِرُونَ ١

وَإِذَآ ٱلنِّزِلَتُ سُوْرَةٌ أَنْ أَمِنُوا بِاللَّهِ وَجَاهِلُوا مَعَ رَسُوْ لِهِ اسْتَأْذَنَكَ أُولُوا الطَّوْلِ مِنْهُمْ وَ قَالُوْا ذَرُنَا نَكُنُ مَّعَ الْقَعِدِينِينَ ۞

পারা ১০

অব্যাহতি চায় কাছে আমাদেরকে ছেডে দিন আমরাও এখানে অবস্থানকারীদের সাথে থেকে যাই।

৮৭, তারা অন্তঃপুরবাসিনী নারীদের সাথে থাকতেই সম্মত হলো এবং তাদের অন্তরসমূহের উপর মোহর লাগিয়ে দেয়া হলো, কাজেই তারা বুঝে না।

৮৮. কিন্তু রাসূল ও তাঁর সাথীদের মধ্যে যারা মু'মিন ছিলো তারা (অবশ্যই এই আদেশ মানলো এবং) নিজেদের ধন-সম্পদ ও প্রাণ দ্বারা জিহাদ করলো: আর তাদেরই জন্যে রয়েছে যাবতীয় কল্যাণ এবং তারাই হচ্ছে সফলকাম।

৮৯ আল্লাহ তাদের জন্যে জানাত প্রস্তুত করে রেখেছেন যেগুলোর নিম্নদেশ দিয়ে নহরসমূহ বয়ে চলবে, আর তারা ওর মধ্যে অনন্তকাল অবস্থান করবে; এটা হচ্ছে (তাদের) বিরাট সফলতা।

৯০. আর আরব গ্রামবাসীদের মধ্য হতে কতিপয় বাহানাকারী লোক আসলো, যেন তাদের অনুমতি দেয়া হয়, আর যারা আল্লাহর সাথে ও তাঁর রাসূলের সাথে সম্পূর্ণরূপেই মিথ্যা বলেছিল, তারা একেবারেই বসে রইল: তাদের মধ্যে যেসব লোক কাফির থাকবে, তাদের যন্ত্রণাদায়ক শাস্তি হবে।

৯১. দুর্বল লোকদের উপর কোন গুনাহ নেই, আর না রুগুদের উপর, رَضُوا بِأَنْ يَكُونُوا مَعَ الْخَوَالِفِ وَطُلِعَ عَلَى قُلُوْبِهِمْ فَهُمْ لَا يَفْقَهُوْنَ ۞

لكِن الرَّسُولُ وَ الَّذِينَ امَنُوا مَعَهُ جَهَدُوا بِٱمْوَالِهِمْ وَٱنْفُسِهِمْ ۗ وَٱوْلَيِكَ لَهُمُ الْخَيْرِكُ لِ وَ أُولِيكَ هُمُ الْمُفْلِحُونَ ۞

> اَعَدَّااللهُ لَهُمُ جَنَّتٍ تَجُرِيُ مِنْ تَحْتِهَا الْاَنْهُرُ خَلِينِينَ فِيْهَا ﴿ ذَٰلِكَ الْفُوْزُ الْعَظِيْمُ ٨

وَجَاءَ الْمُعَنِّ رُوْنَ مِنَ الْأَعْرَابِ لِيُؤْذَنَ لَهُمْ وَقَعَدَ الَّذِينَ كُنَّ بُوا اللَّهَ وَرَسُولَهُ ﴿ سَيُصِيبُ الَّذِيْنَ كَفَرُوا مِنْهُمْ عَنَابٌ ٱلِيُمُّ®

كَيْسَ عَلَى الصُّعَفَآءِ وَلا عَلَى الْيَرْضَى وَلا عَلَى

واعلموآ ١٠

আর না ঐসব লোকের উপর যাদের খরচ করার সামর্থ্য নেই, যদি এসব লোক আল্লাহ ও তাঁর রাসলের প্রতি নিষ্ঠা রাখে (এবং আন্তরিকতার সাথে আনুগত্য স্বীকার করে); এসব সৎ লোকের প্রতি কোন প্রকার অভিযোগ নেই: আর আল্লাহ অতিশয় ক্ষমাশীল. পরম করুণাময়।

৯২ আর ঐ লোকদের উপরও কোন গোনাহ নেই, যখন তারা তোমার নিকট এই উদ্দেশ্যে আসে যে, তুমি তাদেরকে বাহন দান করবে, আর তুমি বলে দিয়েছো আমার নিকট তো কোন কিছু নেই যার উপর আমি তোমাদেরকে আরোহণ করাই. তখন তারা এমন অবস্থায় ফিরে যায় যে, তাদের চক্ষুসমূহ হতে অশ্রু বইতে থাকে এ অনুতাপে যে, তাদের ব্যয় করার মত কোন সম্বল নেই।

৯৩. অভিযোগ তো শুধুমাত্র ঐ লোকদের উপরই যারা সম্পদশালী হওয়া সত্ত্রেও (যুদ্ধে গমন না করার)^২ অনুমতি চাচ্ছে, তারা অন্তঃপুরবাসিনী মহিলাদের সাথে থাকতে সম্মত হয়ে গেল এবং আল্লাহ তাদের অন্ত রসমূহের উপর মোহর মেরে দিলেন. কাজেই তারা (পাপ-পুণ্যকে) জানেই না ৷

الَّذِيْنَ لَا يَجِدُونَ مَا يُنْفِقُونَ حَرَجٌ إِذَانَصَحُواً بِتُّهِ وَرَسُولِهِ مَا عَلَى الْمُحْسِنِينَ مِنْ سَبِيلِ ط وَاللَّهُ غَفُورٌ رَّحِنْمٌ ﴿

وَّلا عَلَى الَّذِيْنَ إِذَا مَأَ آتُوكَ لِتَحْمِلَهُمْ قُلْتَ لاَ أَجِكُ مَا أَخْبِلُكُمْ عَكَيْهِ مِ تُوَكَّوْا وَّ أَغْيُنُهُمْ تَفِيْضُ مِنَ الدَّهُمِ حَزَنًا اللَّا يَجِكُ وَا مَا يُنْفِقُونَ ﴿

إِنَّهَا السَّبِيلُ عَلَى الَّذِينَ يَسْتَأْذِنُونَكَ وَهُمْ اَغُنِيّآا ءُ ۚ رَضُوا بِاَنْ يُّكُونُواْ مَعَ الْخَوَالِفِ وَطَبَعَ اللهُ عَلَى قُلُوْبِهِمْ فَهُمْ لَا يَعْلَمُوْنَ ®

^{🕽 ।} জারীর ইবনে আব্দুল্লাহ্ (রাযিআল্লাছ আনহু) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম)-এর নিকট বাইয়াত গ্রহণ করেছি, নামায প্রতিষ্ঠা, যাকাত প্রদান, প্রত্যেক মসলমানকে উপদেশ দেয়ার ব্যাপারে। (বুখারী, হাদীস নং ৫৭)

২। আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত। নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, (পূর্বের জামানার) কোন একজন নবী জিহাদ করতে মনস্থ করে নিজের কওমের লোকদের বললেন, যে

ব্যক্তি বিবাহ করেছে; কিন্তু বাসর রাত্রি যাপন করেনি অথচ সে বাসররাত্রি যাপনের প্রত্যাশী, সে যেন আমার (এ যুদ্ধে) গমন না করে। যে ব্যক্তি গৃহ নির্মাণ করেছে কিন্তু এখনো ছাদ উত্তোলন করেনি অথবা যে ব্যক্তি গর্ভিণী বকরী কিংবা উট ক্রয় করে বাচ্চা পাবার জন্য অপেক্ষায় আছে; কিন্তু এখনো বাচ্চা লাভ করেনি এসব ব্যক্তিও যেন আমার সাথে না যায়। অতঃপর তিনি জিহাদের জন্য বের হলেন এবং এক জনপদের নিকটবর্তী হলে আসরের নামাযের সময় হলে অথবা প্রায় আসরের সময় হয়ে গেলে তিনি সূর্যকে উদ্দেশ্য করে বললেন, তুমি আল্লাহ্র নির্দেশমত কাজ করছো আমিও আল্লাহ্র নির্দেশমত কাজ করছি। (অতঃপর তিনি আল্লাহ্র কাছে ফরিয়াদ করলেন,) হে আল্লাহ্! তুমি তাকে আমাদের জন্য থামিয়ে দাও। তাই বিজয় লাভ করা পর্যন্ত তা থামিয়ে দেয়া হল। তিনি গণীমত কুড়িয়ে স্তৃপ করলেন, ঐগুলো জ্বালিয়ে দেয়ার জন্য আগুন আগমন করলো; কিন্তু জ্বালিয়ে দিল না। তিনি বললেন, তোমাদের মধ্যে গণীমত আত্মসাতকারী আছে। কাজেই প্রত্যেক গোত্রের একজন করে লোককে আমার হাতে হাত দিয়ে বাইয়াত করতে হবে। বাইয়াত করার সময় একজন লোকের হাত তাঁর হাতের সাথে আটকে গেল তিনি বললেন, তোমাদের গোত্রের মধ্যে আত্মসাতকারী আছে। সুতরাং গোটা গোত্রের লোককেই আমার হাতে বাইয়াত করতে হবে। এভাবে (বাইয়াত করার সময়) দু' অথবা তিন ব্যক্তির হাত তাঁর হাতের সাথে আটকে গেল। তিনি বললেন, আৰসাতকৃত মাল তোমাদের কাছেই আছে। এরপর তারা গরুর মাথার ন্যায় একখন্ড স্বর্ণ এনে স্তূপের মধ্যে রাখলে আগুন এসে তা জ্বালিয়ে দিল। একথা বলার পর নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, পরে আল্লাহ্ আমাদের জন্য গণীমতের অর্থকে হালাল করে দিয়েছেন। তিনি আমাদের দুর্বলতা ও অক্ষমতা দেখেই আমাদের জন্য গণীমতের মাল হালাল করেছেন। (বুখারী, হাদীস নং ৩১২৪)

380

يَعْتَنِ رُونَ النِّكُمُ إِذَا رَجَعْتُمُ النَّهِمْ اللَّهِمْ اللَّهِمْ اللَّهِمْ اللَّهِمْ اللَّهِمُ اللَّهُ اللَّهِمُ اللَّهُ اللَّا اللَّالِي اللَّهُ اللَّا اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّا اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّا اللّ قُلُ لاَ تَعْتَنِ رُوا لَنَ نُّوْمِنَ لَكُمْ قَدْ نَبَّانَا اللهُ مِنْ أَخْبَارِكُمْ وَسَيْرَى اللهُ عَمَلَكُمْ وَرَسُولُهُ ثُمَّ تُرَدُّونَ إِلَى عٰلِمِ الْغَيْبِ وَالشُّهَادَةِ فَيُنْبَعُّكُمْ بِمَا كُنْتُمُ تَعْمَلُونَ ۞

يعتذرون 11

৯৪, তারা তোমাদের কাছে ওযর পেশ করবে যখন তোমরা তাদের কাছে ফিরে যাবে; (হে নবী 🆔) তুমি বলে দাওঃ তোমরা ওযর পেশ না. আমরা তোমাদেরকে সত্যবাদী বলে মনে করবো না. আল্লাহ আমাদেরকে তোমাদের (জিহাদে না যাওয়ার) বৃত্তান্ত জানিয়ে দিয়েছেন, আর ভবিষ্যতেও আল্লাহ এবং তাঁর রাসল কাৰ্যকলাপ তোমাদের পর্যবেক্ষণ করবেন, অতঃপর প্রত্যাবর্তিত হবে এমন সন্তার কাছে যিনি অদৃশ্য এবং প্রকাশ্য সকল বিষয়ই অবগত আছেন, অনন্তর তিনি তোমাদেরকে জানিয়ে দিবেন যা কিছ তোমরা করছিলে।

৯৫. (হ্যা.) তারা তখন তোমাদের সামনে শপথ করে বলবে, যখন তোমরা তাদের কাছে ফিরে যাবে. যেন তোমরা তাদেরকে তাদের অবস্থার উপর ছেড়ে দাও; অতএব তোমরা তাদেরকে তাদের অবস্থার উপর ছেডেই দাও; তারা হচ্ছে অপবিত্র, আর অতিশয় তাদের ঠিকানা হচ্ছে জাহান্লাম, ঐসব কর্মের বিনিময়ে যা তারা করতো।

৯৬, তারা এ জন্যে শপথ করবে যেন তোমরা তাদের প্রতি রাজী হয়ে যাও. অনন্তর যদি তোমরা তাদের প্রতি রাজী হয়ে যাও তবে আল্লাহ তো এমন দৃষ্কর্মকারী লোকদের প্রতি রাজী হন না।

سَيَحْلِفُونَ بِاللَّهِ لَكُمْ إِذَا انْقَلَبْتُمْ الَّيْهِمْ لِتُعْرِضُوا عَنْهُمْ ﴿ فَأَغِرِضُوا عَنْهُمْ وَإِنَّهُمْ رِجْسٌ وْمَأُولِهُمْ جَهَنَّمُ ۚ جَزَآءً إِمَا كَانُوا يَكْسِبُونَ ۞

يَحْلِفُوْنَ لَكُمْ لِتَرْضُوا عَنْهُمْ ۚ فَأَنْ تَرْضُوا عَنْهُمْ فَأَنَّ اللَّهَ لَا يَرْضَى عَنِ الْقَوْمِ الْفُسِقِينَ اللَّهِ اللَّهِ مِنْ اللَّهُ لَا يَرْضَى عَنِ الْقَوْمِ الْفُسِقِينَ

৯৭. বেদুঈন লোকেরা কুফরী ও কপটতায় অতি কঠোর, আর এটাই স্বাভাবিক কেননা তাদের আহকামের জ্ঞান নাই যা আল্লাহ তাঁর রাসলের প্রতি অবতীর্ণ করেছেন: আর আল্লাহ হচ্ছেন মহাজ্ঞানী. অতি প্রজ্ঞাময়।

৯৮. আর এই বেদুঈনদের মধ্যে এমন লোক রয়েছে যে, তারা যা কিছু ব্যয় করে তা জরিমানা মনে করে এবং তোমাদের প্রতি (কালের) আবর্তনসমূহের প্রতীক্ষায় থাকে: (বম্ভতঃ) অশুভ আবর্তন উপরই হয়, আর আল্লাহ খুব ওনেন, খব জানেন।

৯৯. আর বেদুঈনদের মধ্যে কতিপয় লোক এমনও আছে, যারা আল্লাহর প্রতি এবং কিয়ামত দিবসের প্রতি (পূর্ণ) ঈমান রাখে, আর যা কিছু ব্যয় করে ওকে আল্লাহর সান্নিধ্য লাভের উপকরণ ও রাসূলের দুআ' লাভের উপকরণরূপে গ্রহণ করে; এই ব্যয়কার্য রাখো! তাদের নিঃসন্দেহে তাদের জন্যে (আল্লাহর) লাভের কারণ: নৈকট্য নিশ্চয়ই আল্লাহ তাদেরকে নিজের রহমতে দাখিল করে নিবেন: নিশ্চয়ই আল্লাহ অতি ক্ষমাশীল, হচ্ছেন পরম করুণাময় ।

মুহাজির ১০০. আর যেসব আনসার (ঈমান আনয়নে) অগ্রবর্তী এবং প্রথম, আর যেসব লোক একান্ত নিষ্ঠার সাথে তাদের অনুগামী, আল্লাহ ٱلْاَعْرَابُ ٱشَتُّ كُفُرًا وَّنِفَاقًا وَّٱجْكَادُ ٱلَّا يَعْلَمُوْا حُكُودَ مَآ اَنْزَلَ اللهُ عَلَى رَسُولِهِ مِوَاللَّهُ عَلِيْهٌ حَكنُهُ ؈

وَمِنَ الْأَغْرَابِ مَنْ يَّتَّخِذُ مَا يُنْفِقُ مَغْرَمًا وَّ يَتَرَبُّصُ بِكُمُ اللَّاوَآيِرَ ﴿ عَلَيْهِمْ دَآيِرَةُ السَّوْءِ وَاللَّهُ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿

وَمِنَ الْأَغْرَابُ مَنْ يُؤْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الْأَخِرِ وَيَتَّخِذُ مَا يُنْفِقُ قُرُاتٍ عِنْكَ اللهِ وَصَلَوْتِ الرَّسُوْلِ ﴿ ٱلاَّ إِنَّهَا قُرْبَةٌ لَّهُمُ ﴿ سَيُدُخِلُهُمُ اللهُ فِي رَحْمَتِهِ ﴿ إِنَّ اللَّهَ غَفُورٌ رَّحِيمٌ ﴿

وَالسَّيقُونَ الْأَوَّلُونَ مِنَ الْمُهٰجِدِيْنَ وَالْأَنْصَارِ وَالَّذِيْنَ اتَّبُعُوهُمْ بِإِحْسَانِ ﴿ رَّضِيَ اللَّهُ عَنْهُمْ

তাদের প্রতি সম্ভষ্ট হয়েছেন এবং তারাও তাঁর প্রতি সম্লষ্ট হয়েছেন আর তাদের জনে এমন উদ্যানসমূহ প্রস্কৃত করে রেখেছেন বইতে তলদেশে নহরসমূহ থাকবে. যার মধ্যে তারা চিরস্থায়ীভাবে অবস্থান করবে হচ্ছে বিরাট কৃতকার্যতা।

১০১. আর ভোমাদের চতুর্দিকস্থ লোকদের মধ্য হতে কতিপয় বেদুঈন এবং মদীনাবাসীদের মধ্য হতেও কতিপয় লোক এমন মুনাফিক রয়েছে যারা নিফাকের চরমে পৌছে গেছে. তুমি তাদেরকে জান না. আমিই তাদেরকে জানি, আমি তাদেরকে দ্বিগুণ শাস্তি প্রদান করবো, তৎপর তারা মহা শাস্তির দিকে প্রত্যাবর্তিত হবে।

১০২, এবং আরো কতকগুলো লোক আছে যারা নিজেদের অপরাধসমূহ স্বীকার করেছে, যারা মিশ্রিত আমল করেছিল, কিছু ভালো আর কিছু মন্দ, আশা রয়েছে যে, আল্লাহ তাদের প্রতি করুণা-দৃষ্টি নিঃসন্দেহে আল্লাহ অতিশয় ক্ষমাশীল প্রম করুণাময় ১

وَرَضُوا عَنْهُ وَاَعَكَّالَهُمْ جَنَّتٍ تَجْرِي تَحْتَهَا الْاَنْفِرُخْلِدِيْنَ فِيهُآ أَبَدًا ﴿ ذَٰلِكَ الْفَوْزُ الْعَظِيْمُ ۞

وَمِنَّنَ حُولَكُمْ مِّنَ الْأَعْرَابِ مُنْفِقُونَ مْ وَمِنُ أَهْلِ الْهَدِينَاةِ شَ مَرَدُوا عَلَى النِّفَاقِ لَا تَعْلَيْهُمُ وَنَحْنُ نَعْلَيْهُمُ وَسُنْعَنَّ بَهُمُ مُّرَّتَكِيْنِ ثُمَّرَ يُرَدُّونَ إِلَى عَنَالِ عَظِيمٍ ﴿

وَ اَخَرُونَ اعْتَرَفُوا بِنُ نُوْبِهِمْ خَكَطُوا عَمَلًا صَالِحًا وَاخْرَسَيِّعًا عَسَى اللَّهُ أَنْ يَتُوْبَ عَلَيْهِمْ اللهُ عَفْوْرٌ رَّحِيْمٌ ١٠

১ ৷ সামুরা ইবনে জুন্দুব (রাযিআল্লাহু আনন্ধ) বর্ণনা করেছেন, রাস্পুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, রাত্রে দু'জন ফেরেশতা এসে আমাকে ঘুম থেকে তুলে এমন এক শহরে (প্রাসাদে) নিয়ে গেল, যা সোনা ও রূপার ইট দ্বারা নির্মিত। সেখানে আমরা এমন কিছু লোকের দেখা পেয়েছি, যাদের দেহের একাংশ খুবই সুশ্রী এবং অপরাংশ অত্যন্ত বিশ্রী। এমনটি তুমি আর কখনো দেখনি। ফেরেশ্তা দু'জন তাদেরকে বলল, এই ঝর্ণায় গিয়ে তোমরা ডুব দাও। তারা ওতে গিয়ে লাফিয়ে পড়ল এবং তারপর ফিরে আসল। তখন ডানের কুৎসিত আকৃতি সম্পূর্ণ দূর হয়ে গেল। এখন তারা সুন্দর আকৃতি লাভ করল। ক্ষেরেশ্তারা আমাকে বলল, এটি 'আদন' বেহেশ্ত। এটাই হলো আপনার স্থায়ী ঠিকানা। তারপর ফেরেশতারা বৃঝিয়ে বললো, আপনি যেসৰ লোকের শরীরের অর্ধেক সুশ্রী এবং অর্ধেক কুশ্রী দেখেছেন, তারা হলো এমন সব লোক, যারা দুনিয়াতে ভালো–মন্দ দু'ধরনের কাজই করেছে এবং নেক ও বদুআমলকে মিশিয়ে ফেলেছে, আল্লাহ তা'আলা তাদেরকে মাফ করে দিয়েছেন। (বুখারী, হাদীস নং ৪৬৭৪)

১০৩. (হে নবী 變)! তুমি তাদের ধন-সম্পদ হতে যাকাত গ্রহণ কর, যা দ্বারা তুমি তাদেরকে পাক-সাফ করে দেবে, আর তাদের জন্যে দু'আ কর, নিঃসন্দেহে তোমার দুআ' হচ্ছে তাদের জন্যে শান্তির কারণ, আর আল্লাহ খুব শুনেন, খুব জানেন।

১০৪. তারা কি এটা অবগত নয় যে, আল্লাহই নিজ বান্দাদের তাওবা কব্ল করেন, আর তিনিই দান-খ্যরাত কব্ল করে থাকেন আর এটাও যে, আল্লাহ হচ্ছেন তাওবা কব্ল করতে এবং অনুগ্রহ করতে পূর্ণ সমর্থবান?

১০৫. হে নবী ﷺ! তুমি বলে দাওঃ
তোমরা কাজ করতে থাকো, অনন্তর
তোমাদের কার্যকে অচিরেই দেখে
নিবেন আল্লাহ, তাঁর রাসূল ও
ঈমানদারগণ, আর নিশ্চয়ই
তোমাদেরকে প্রত্যাবর্তিত হতে হবে
এমন এক সন্তার নিকট যিনি হচ্ছেন
সকল অদৃশ্য ও প্রকাশ্য বিষয়ের
জ্ঞাতা, অতঃপর তিনি তোমাদেরকে
তোমাদের সকল কৃতকর্ম জানিয়ে
দিবেন।

১০৬. এবং আরও কতক লোক আছে যাদের (সিদ্ধান্তের) ব্যাপার মূলতবী রয়েছে আল্লাহর আদেশ আসা পর্যন্ত, হয় তিনি তাদেরকে শান্তি প্রদান করবেন, অথবা তাদের তাওবা কবৃল করবেন, আর আল্লাহ মহাজ্ঞানী প্রজ্ঞাময়।

خُنُ مِنْ اَمُوالِهِمُ صَدَقَةً تُطَقِّرُهُمْ وَتُزَكِّيْهِمُ بِهَا وَصَلِّ عَلَيْهِمْ النَّ صَلُوتَكَ سَكَنَّ لَّهُمُ ا وَاللَّهُ سَمِيْعٌ عَلِيْمُ

اَلَمْ يَعْلَمُوْاَ اَنَّ اللَّهَ هُوَ يَقْبَلُ التَّوْبَةَ عَنُ عِبَادِمٖ وَيَاٰخُذُ الصَّدَقْتِ وَاَنَّ اللَّهَ هُوَ التَّوَّابُ الرَّحِيْمُ ۞

وَقُلِ اعْمَلُوْا فَسَيَرَى اللهُ عَمَلَكُمْ وَرَسُولُهُ وَالْمُؤْمِنُوْنَ ﴿ وَسَتُرَدُّوْنَ إِلَى عٰلِمِ الْغَيْبِ وَالشَّهَادَةِ فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿

وَأَخُرُونَ مُرْجَوْنَ لِأَمْرِ اللهِ إِمَّا يُعَنِّ بُهُمْ وَالمَّا يَتُوْبُ عَلَيْهِمْ وَاللهُ عَلِيْمٌ حَكِيْمٌ اللهِ

يعتذرون اا

১০৭. আর কেউ কেউ এমন আছে যারা এ উদ্দেশ্যে মসজিদ নির্মাণ করেছে যেন তারা (ইসলামের) ক্ষতি -সাধন করে এবং কুফুরীর কথাবার্তা বলে আর মু'মিনদের মধ্যে বিভেদ সৃষ্টি করে, আর ঐ ব্যক্তির অবস্থানের ব্যবস্থা করে যে এর পূর্ব হতেই আল্লাহ ও তাঁর রাসূলের বিরোধী, আর তারা শপথ করে বলবেঃ মঙ্গল ভিন্ন আমাদের আর কোন উদ্দেশ্য নেই; আর আল্লাহ সাক্ষী আছেন যে, তারা সম্পূর্ণ মিথ্যাবাদী।

১০৮. (হে মুহাম্মাদ ﷺ)! তুমি কখনো ওতে (নামাযের জন্যে) দাঁড়াবে না; অবশ্য যে মসজিদের ভিত্তি প্রথম দিন হতেই তাকওয়ার উপর স্থাপিত হয়েছে তা এর উপযোগী যে, তুমি তাতে (নামাযের জন্যে) দাঁড়াবে; ওতে এমন সব লোক রয়েছে যারা উত্তমরূপে পাক হওয়াকে পছন্দ করে, আর আল্লাহ উত্তমরূপে পবিত্রতা সম্পাদন-কারীদেরকে পছন্দ করেন।

১০৯. তবে কি এমন ব্যক্তি উত্তম, যে স্বীয় ইমারতের ভিত্তি আল্লাহর ভীতির উপর প্রাপন করেছে অথবা সেই ব্যক্তি, যে স্বীয় ইমারতের ভিত্তি স্থাপন করেছে কোন গহ্বরের কিনারায়, যা ধ্বসে পড়ার উপক্রম, অতঃপর তা তাকে নিয়ে জাহান্নামের আগুনে পতিত হয়। আর আল্লাহ এমন যালিমদেরকে সংপথ প্রদর্শন করেন না।

وَالَّذِيْنَ اتَّخَذُهُوا مَسْجِمًا ضِرَارًا وَّكُفُرًا وَّتَفُرِيْقًا اللهِ اللهُ بَنْنَ الْمُؤْمِنِيْنَ وَارْصَادًا لِبَنْ حَارَبَ اللهَ وَرَسُولَهُ مِنْ قَبْلُ وَلَيَحْلِفُنَّ إِنْ اَرَدُنَا اللهَ الْحُسْنَى اللهَ اللهِ اللهُ يَشْهَكُ إِنَّهُمُ لَكُذِبُونَ ﴿

لَا تَقَثُمُ فِيْهِ أَبَكَا الْمُسْجِلُ أُسِّسَ عَلَى التَّقُوٰى مِنَ أَوَّلِ يَوْمِ اَحَقُّ أَنْ تَقُوْمَ فِيْهِ لِفِيْهِ رِجَالٌ يُّحِبُّوْنَ آنْ يَّتَطَهَّرُوْا لَا وَاللَّهُ يُحِبُّ الْمُطَّهِّرِيْنَ ۖ

> اَفَمَنْ اَسَّسَ بُنْيَانَهُ عَلَى تَقُوٰى مِنَ اللهِ وَرِضُوانِ خَيْرٌ اَمْ مَّنْ اَسَّسَ بُنْيَانَهُ عَلَى شَفَا جُرُفٍ هَادٍ فَانْهَا رَبِهِ فِي نَادِجَهَنَّمَ ا وَاللهُ لَا يَهْدِى الْقَوْمَ الظَّلِمِيْنَ ۞

يعتذرون أأ

১১০, তাদের এই ইমারত যা তারা নির্মাণ করেছে, তা সদা তাদের মনে খটকা সৃষ্টি করতে থাকবে, হ্যা, যদি তাদের (সেই) অন্তরই ধ্বংস হয়ে যায়, তবে তো কথাই নাই, আর আল্লাহ হচ্ছেন মহাজ্ঞানী, প্রজ্ঞাময়।

১১১. নিঃসন্দেহে আল্লাহ মু'মিনদের নিকট থেকে তাদের প্রাণ ও তাদের ধন-সম্পদ সমূহকে এর বিনিময়ে ক্রয় করে নিয়েছেন যে, তাদের জন্যে জান্নাত রয়েছে, তারা আল্লাহর পথে যুদ্ধ করে, অতএব তারা হয় হত্যা করে অথবা তাদেরকে হত্যা করা হয়. এর (এই যুদ্ধের) দরুন (জানাত প্রদানের) সত্য অঙ্গীকার করা হয়েছে তাওরাতে, ইনজীলে এবং কুরআনে; আর কে আছে নিজের অঙ্গীকার পালনকারী আল্লাহ অপেক্ষা অধিক? অতএব তোমরা আনন্দ থাকো তোমাদের এই ক্রয়-বিক্রয়ের উপর, যা তোমরা সম্পাদন করেছো, আর এটা হচ্ছে বিরাট সফলতা ৷^১

لَا يَزَالُ بُنْيَانُهُمُ الَّذِي بَنَوَارِيْبَةً فِي قُلُوبِهِمُ إِلَّا آنْ تَقَطَّعُ قُلُونُهُمُ ﴿ وَاللَّهُ عَلِيمٌ حَكِيمٌ ﴿

إِنَّ اللَّهَ اشْتَرٰى مِنَ الْمُؤْمِنِينَ ٱنْفُسَهُمُ وَٱمُوالَهُمْ بِأَنَّ لَهُمُ الْجَنَّةَ ﴿ يُقَاتِلُونَ فِي سَبِيلِ اللهِ فَيَقُتُلُونَ وَيُقُتَلُونَ أَنْ وَعُمَّا عَلَيْهِ حَقًّا فِي التَّوْرُلِةِ وَالْإِنْجِيْلِ وَالْقُرُّانِ ﴿ وَمَنْ اَوْفَى بِعَهْدِهٖ مِنَ اللهِ فَأَسْتَبْشِرُوا بِبَيْعِكُمُ الَّذِي بَايَعْتُمُ بِهِ ﴿ وَذٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيْمُ ١٠

১। (ক) আবু হুরাইরা (রাযিআল্লাহু আনহু) বর্ণনা করেন, নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যে ব্যক্তি আল্লাহ্র পথে জিহাদ করে এবং একমাত্র আল্লাহ্র পথে জিহাদ ও তার বিধানের সত্যতার প্রতি স্বীয় বিশ্বাস প্রতিপন্ন করে দেখানো ছাড়া আর কিছুই যাকে বাড়ি থেকে বের করতে পারে না, আল্লাহ স্বয়ং তাঁর ব্যাপারে এ জিম্মাদারী গ্রহণ করেছেন যে, তাঁকে জান্নাতে প্রবেশ করাবেন (যদি সে জিহাদে শাহাদাত লাভ করে থাকে) অথবা সে যা কিছু পুরস্কার এবং গণীমাত লাভ করেছে সে সবসহ, যেখান থেকে সে (জিহাদে) বের হয়েছে সেখানে তাঁকে (সহিসালামতে) ফিরিয়ে আনবেন। (বুখারী, হাদীস নং ৩১২৩)

⁽খ) আমর ইবনে দীনার থেকে বর্ণিত। তিনি জাবের ইবনে আবদুল্লাহ্কে বলতে শুনেছেন যে, ওহুদ যুদ্ধের দিন এক ব্যক্তি নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম)-কে বললঃ বলুন তো, আমি যদি শহীদ হই তাহলে আমার অবস্থা কি হবে অর্থাৎ কোপায় অবস্থান করবো? নবী (সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ জান্লাতে পাকবে। তখন সে তার হাতের খেজুরগুলো- যা সে খেতেছিলো-ছুঁড়ে ফেলে দিয়ে জিহাদের ময়দানে ঝাঁপিয়ে পড়ে লড়াই করলো এবং শহীদ হলো। (বুখারী, হাদীস নং ৪০৪৬)

⁽গ) ইবনে উমর (রাযিআল্লাহু আনহুমা) থেকে বর্ণিত, তিনি বলেনঃ আমি রাসূলুল্লাহু (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-কে বলতে ন্তনেছি যে, (ঈনা) ভাল সম্পদ বাকীতে বেশি দামে বিক্রি করা নিয়ে ব্যস্ত থাকবে

পারা ১১

১১২, তারা হচ্ছে তাওবাকারী. ইবাদতকারী প্রশংসাকারী সিয়াম পালনকারী, রুকু ও সিজদাকারী, সং বিষয় শিক্ষা প্রদানকারী এবং মন্দ বিষয়ে বাধা প্রদানকারী, আল্লাহর সীমাসমূহের সংরক্ষণকারী; আর তুমি মু'মিনদেরকে সুসংবাদ শুনিয়ে দাও।^১ ১১৩. নবী ও অন্যান্য মু'মিনদের জায়েয নয় যে, তারা মুশরিকদের জন্যে ক্ষমা প্রার্থনা করে. যদিও তারা আত্মীয়ই হোক না কেন. একথা প্রকাশ হওয়ার পর যে তারা জাহান্নামের অধিবাসী।

১১৪. আর ইবরাহীমের নিজ পিতার জন্যে ক্ষমা প্রার্থনা করা, তা তো গুধু সেই ওয়াদার কারণে ছিল, যে ওয়াদা তিনি করেছিলেন। সাথে অতঃপর যখন তাঁর নিকট প্রকাশ পেলো যে, সে (পিতা) আল্লাহর দুশমন, তখন তিনি সম্পর্ক ছিনু করেন। বাস্তবিকই ইবরাহীম ছিলেন অতিশয় ইবাদত গুজার, সহনশীল। ১১৫. আর আল্লাহ এরূপ নন যে.

কোন জাতিকে হিদায়াত করার পর পথভ্রষ্ট করে দেন, যে পর্যন্ত না তাদেরকে সেসব বিষয় পরিষ্কারভাবে বলে দেন, যা হতে তারা বেঁচে ٱلتَّآبِبُوْنَ الْعُبِدُونَ الْحِبِدُ وْنَ السَّآبِحُونَ الرُّكِعُوْنَ السَّحِدُونَ الْأَمِرُوْنَ بِالْمَعْرُوْفِ وَ النَّاهُونَ عَنِ الْمُنْكَرِ وَ الْحَفِظُونَ لِحُكُودِ الله و كَبِشِّرِ الْمُؤْمِنِينَ ﴿

يعتذرون ١١

مَا كَانَ لِلنَّبِيِّ وَ الَّذِيْنَ أَمَنْوَٓا أَنْ يَّسْتَغْفِرُوْا لِلْمُشْرِكِيْنَ وَلَوْ كَانُوْآ أُولِيُ قُرُلِي مِنْ بَعْدِ مَا تَبَارَى لَهُمْ أَنَّهُمُ أَصْحُبُ الْجَحِيْمِ الْجَحِيْمِ

وَمَا كَانَ اسْتِغْفَارُ إِبْرُهِيْمَ لِأَبِيْهِ اِلْآعَنُ مُّوْعِدَةٍ وَّعَدُهُمَا إِتَّاهُ وَفَلَتَا تَيُتَنَ لَهُ أَنَّهُ عَدُوًّ بِتلهِ تَبَرَّا مِنْهُ ﴿ إِنَّ إِبْرِهِيْمَ لَأَوَّاهٌ حَلِيمٌ ﴿

وَمَا كَانَ اللَّهُ لِيُضِلُّ قَوْمًا بَعْدَ إِذْ هَلْ بِهُمُ حَتَّى يُبَيِّنَ لَهُمْ مَّا يَتَّقُونَ اللَّهَ بِكُلِّ شَيْءٍ عَلِيْهُ 🕲

এবং গরুর লেজ ধরে থাকবে ও চাষাবাদ নিয়ে ব্যস্ত থাকবে, আর জিহাদ ছেড়ে দিবে। তখন আল্লাহ তোমাদের উপর লাঞ্জনা চাপিয়ে দিবেন। আর যতক্ষণ পর্যন্ত তোমরা তোমাদের দ্বীনের দিকে ফিরে না আসবে, ততক্ষণ পর্যন্ত আল্লাহ্ তোমাদেরকে এ থেকে মুক্তি দিবেন না। (আবু দাউদ, হাদীস নং ৩৪৬২) ১। সাহাল বিন সায়াদ রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) থেকে বর্ণনা করেছেন যে, রাসূলুল্লাহ (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, যে ব্যক্তি তার দুই চোয়ালের হাডিডর (যবানের) এবং দু'পায়ের মাখানের (লজ্জাস্থানের) যামানত আমাকে দিবে, আমি তার জানাতের যামীন হব। (বুখারী, হাদীস নং ৬৪৭৪)

থাকবে; নিশ্চয়ই আল্লাহ হচ্ছেন সর্বজ্ঞ।^১

১১৬. নিশ্চয়ই আল্লাহরই রাজত্ব রয়েছে আসমানসমূহে ও যমীনে; তিনিই জীবন দান করেন এবং মৃত্যু ঘটিয়ে থাকেন; আর তোমাদের জন্যে আল্লাহ ছাড়া না কোন বন্ধু আছে আর না কোন সাহায্যকারী।

১১৭. আল্লাহ অনুগ্রহ করলেন নবীর মুহাজির এবং আনসারদের প্রতি যারা নবীর আনুগত্য করেছিলেন সংকট মহর্তে (তাবুকের যুদ্ধে). এমন কি যখন তাদের মধ্যকার এক দলের অন্তর বিচলিত হওয়ার উপক্রম হয়েছিল প্রতি তৎপর আল্লাহ তাদের অনুগ্রহপরায়ণ হলেন। নিঃসন্দেহে উপর আল্লাহ তাদের সকলের স্নেহশীল, করুণাময়।

১১৮. আর ঐ তিন^২ ব্যক্তির প্রতিও (অনুগ্রহ করলেন) যাদেরকে পিছে ছেড়ে দেয়া হয়েছিল (মুসলমানদের সাথে বের হওয়া থেকে) এই পর্যন্ত যে, যখন ভূ-পৃষ্ঠ নিজ প্রশন্ততা সত্ত্বেও তাদের প্রতি সংকীর্ণ হতে লাগলো এবং তারা নিজেরা নিজেদের জীবনের প্রতি বিভৃষ্ণ হয়ে পড়লো إِنَّ اللهَ لَهُ مُلُكُ السَّلْوٰتِ وَالْاَرْضِ ﴿ يُحْيَ وَيُعِيْتُ ۖ وَمَا لَكُمُّ مِّنُ دُوْنِ اللهِ مِنْ قَلِيِّ وَّلاَ نَصِيْرٍ ۞

لَقَلْ ثَابَ اللهُ عَلَى النَّبِيِّ وَالْمُهْجِرِيْنَ وَالْاَنْصَارِ الَّذِيْنَ النَّبُعُولُهُ فِي سَاعَةِ الْعُسْرَةِ مِنْ بَعْدِ مَا كَادَ يَزِيْخُ قُلُوبُ فَرِيْقٍ مِّنْهُمُ ثُمَّ تَابَ عَلَيْهِمُ لَٰ إِنَّهُ بِهِمْ رَءُوفٌ تَحِيْمٌ ﴿

وَّعَلَى الشَّلْثَةِ الَّذِينَ خُلِفُوا ﴿ حَتَّى اِذَا ضَاقَتُ عَلَيْهِمُ الْاَرْضُ بِمَا رَحُبَتُ وَضَاقَتُ عَلَيْهِمُ انْفُسُهُمُ وَظُنُّوْاَ اَنْ لاَ مَلْجَا مِنَ اللهِ الآلَ اللهِ مُثَمَّ تَابَ عَلَيْهِمُ لِيَتُوْبُواْ ﴿ اِنَّ اللهَ هُوَ التَّوَّابُ الرَّحِيْمُ شَ

১। আব্দুল্লাহ্ ইবনে উমর (রাযিআল্লাহ্ন আনহুমা) হারুরিয়াদের (খারেজীদের) সম্পর্কে বর্ণনা করেছেন। নবী করীম (সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ তারা ইসলাম থেকে এমনভাবে বেরিয়ে যাবে যেমন তীর ধনুকের ছিলার মধ্য থেকে বের হয়ে যায়। (অর্থাৎ তারা ইসলাম থেকে সম্পূর্ণ বের হয়ে যাবে) (বুখারী, হাদীস নং ৬৯৩২)

২। তাবুক যুদ্ধে অংশগ্রহণ থেকে বিরত থাকা কা'ব বিন মালেকসহ তিন সাহাবী।

يعتذرون اا

আর তারা বুঝতে পারলো আল্লাহর পাকডাও হতে কোথাও আশ্রয় পাওয়া যেতে পারে না তাঁরই প্রত্যাবর্তন দিকে ব্যতীত: করা তৎপর তাদের প্রতি অনুগ্রহ-দৃষ্টি করলেন, যাতে তারা তাওবা করে নিশ্চয়ই আল্লাহ অতিশয় অনুগ্রহকারী, করুণাময়।

১১৯. হে মু'মিনগণ! আল্লাহকে ভয় কর এবং (কথায়-কাজে) সত্য-বাদীদের সঙ্গে থাকো।^১

১২০. মদীনার অধিবাসীদের এবং তাদের আশে-পাশে যেসব বেদুঈন রয়েছে, তাদের পক্ষে এটা উচিত ছিল না যে, তারা আল্লাহর রাসলের সঙ্গী না হয়, আর এটাও (উচিত ছিল) না যে, নিজেদের প্রাণ তাঁর প্রাণ অপেক্ষা প্রিয় মনে করে, এর কারণ এই যে, আল্লাহর পথে তাদের যে পিপাসা দেখা দেয়, যে ক্লান্তি স্পর্শ করে, আর যে ক্ষুধা পায় আর তাদের এমন পদক্ষেপ কাফিরদের

يَاَيُّهَا الَّذِينَ أَمَنُوا اتَّقُوا اللَّهَ وَكُوْنُوْا مَعَ الصِّدِ قِنُنَ 🖲

مَا كَانَ لِاَهْلِ الْمِي يُنَةِ وَمَنْ حُولَهُمْ مِّنَ الْأَعْرَابِ أَنْ يَّتَخَلَّفُواْ عَنْ رَّسُولِ اللهِ وَلَا يَرْغَبُواْ بِٱنْفُسِهِمْ عَنْ نَّفْسِهِ ﴿ ذٰلِكَ بِٱنَّهُمْلَا يُصِيْبُهُمُ ظَمَأُ وَلَا نَصَبُّ وَلَا مَخْمَصَةٌ فِي سَبِيْلِ اللهِ وَلا يَطُونُ مَوْطِئًا يَغِيظُ الْكُفَّادَ وَلا يَنَالُونَ مِنْ عَنْ وِ نَيْلًا اِلَّاكْتِبَ لَهُمْ بِهِ عَمَلٌ صَالِحٌ اللَّهُ اللَّهُ

১। (ক) আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাযিআল্লাহু আনহুমা) হতে বর্ণিত। নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, নিশ্চয় সত্যবাদিতা (মানুষকে) নেকীর দিকে পথ দেখায় এবং নেকী জান্নাতের দিকে চালিত করে। আর মানুষ সত্য বলতে বলতে শেষ পর্যন্ত সিন্দীক (সত্যবাদী) হয়ে যায়। আর মিধ্যা (মানুষকে) বদ-আমলের দিকে এবং জাহান্নামের দিকে নিয়ে যায়। মানুষ মিপ্যা বলতে থাকে। শেষ পর্যন্ত আল্লাহর নিকট জঘন্য মিথ্যাবাদী হিসেবে তার নাম লিখা হয়ে যায়। (বুখারী, হাদীস নং ৬০৯৪)

⁽খ) আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) হতে বর্ণিত। রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, মুনাফিকের আলামত তিনটি- (১) যখন সে কথা বলে, মিথ্যা বলে, (২) যখন ওয়াদা করে, ভঙ্গ করে, (৩) যখন তার নিকট কিছু আমানত রাখা হয়, তাতে খেয়ানত করে। (বুখারী, হাদীস নং ৬০৯৪)

⁽গ) সামুরা ইবনে জুন্দুব (রাযিআল্লাহ আনহু) বর্ণনা করেছেন, নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ আমি (স্বপ্নে) দেখলাম, দু'জন লোক আমার নিকট এসে বলতে লাগলো, আপনি (মি'রাজের রাতে) যে লোকটি দেখতে পেয়েছিলেন, তার মুখ চিরে ফেলা হচ্ছিল, সে জঘন্য মিথ্যাবাদী ছিল। আর সে এমনভাবে মিধ্যা রটাতো যে, দুনিয়ার প্রতি কোণে কোণে তা ছড়িয়ে যেত। কিয়ামত পর্যন্ত এ মিধ্যাবাদীর অনুরূপ শান্তি হতে থাকবে। (বুখারী, হাদীস নং ৬০৯৬)

ক্রোধের কারণ হয়ে থাকে, আর দুশমনদের হতে তারা যা কিছু প্রাপ্ত হয়, এর প্রত্যেকটির বিনিময়ে তাদের জন্যে এক একটি নেক আমল লিপিবদ্ধ হয়ে যায়, নিশ্চয়ই আল্লাহ সৎ কর্মশীলদের পুণ্যফল বিনষ্ট করবেন না।

১২১. আর ছোট-বড় যা কিছু তারা ব্যয় করেছে. আর যত প্রান্তর তাদের অতিক্রম করতে হয়েছে. লিখিত তৎসমুদয়ও তাদের জন্যে আল্লাহ হয়েছে. যেন তাদের কৃতকর্মসমূহের অতি উত্তম বিনিময় প্রদান করেন ^১

১২২. আর মু'মিনদের এটা (ও) সমীচীন নয় যে, (জিহাদের জন্যে) সবাই একত্রে বের হয়ে পড়ে; সুতরাং এমন কেন করা হয় না যে, তাদের প্রত্যেকটি বড় দল হতে এক একটি ছোট দল বহির্গত হয়, যাতে তারা ধর্মজ্ঞান অর্জন করতে পারে, আর যাতে তারা নিজ কওমকে (নাফরমানী হতে) ভয় প্রদর্শন করে যখন তারা ওদের নিকট প্রত্যাবর্তন করে, যেন তারা সতর্ক হয়।

وَلا يُنْفِقُونَ نَفَقَةً صَغِيْرَةً وَّلاَ كَبِيْرَةً وَّلاَ كَبِيْرَةً وَّلاَ يَفْفُونَ وَادِيًا اِلاَّ كُتِبَ لَهُمُ لِيَجْزِيَهُمُ اللهُ يَقْطَعُونَ مَا كَانُوْا يَعْمَلُونَ ﴿

وَمَا كَانَ الْمُؤْمِنُونَ لِيَنْفِرُوا كَاقَةً ا فَكُولا نَفَرَ مِنْ كُلِّ فِرْقَةٍ مِّنْهُمُ طَايِفَةٌ لِيَتَفَقَّهُوا فِي البِّيْنِ وَلِيُنْذِرُوا قَوْمَهُمُ إِذَارَجَعُوا اللهِهِمُ لَعَلَّهُمُ يَحْذَرُونَ شَ

১। (ক) আবৃ সাঈদ খুদরী (রাযিআল্লাহু আনহু) রাস্লুল্লাহ্ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-কে বলতে শুনেছেন, বান্দাহ যখন ইসলাম গ্রহণ করে এবং তার ইসলামটা সুন্দর হয়, আল্লাহ্ তার পূর্বেকার প্রত্যেকটি শুনাহ ঢেকে (মাফ করে) দেন। তারপর (ভাল-মন্দ কাজের এরূপ) প্রতিদান দেয়া হয়- ভালর বদলে দশশুণ থেকে সাতশ' শুণ পর্যন্ত; আর মন্দের বদলে ঠিক ততটুকু মন্দ, তবে আল্লাহ্ তাও মাফ করে দিতে পারেন। (বুখারী, হাদীস নং ৪১)

⁽খ) আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত, রাসূলুরাহু (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেনঃ যখন তোমাদের কেউ তাঁর ইসলামকে সুন্দর করে তোলে, তখন সে যে ভাল কাজ করে তার বিনিময় দশ থেকে সাতশ' গুণ পর্যন্ত তার জন্য সওয়াব লেখা হয়; কিছু সে যে মন্দ কাজ করে তার বিনিময় তার জন্য (কেবলমাত্র) তত্টুকুই লেখা হয়। (বুখারী, হাদীস নং ৪২)

১২৩. হে মু'মিনগণ! ঐ কাফিরদের সাথে যুদ্ধ কর যারা তোমাদের আশে-পাশে অবস্থান করে, আর যেন তারা তোমাদের মধ্যে কঠোরতা পায়; আর জেনে রেখো যে, আল্লাহ পরহেযগারদের সাথে রয়েছেন।

১২৪. আর যখন কোন সূরা অবতীর্ণ করা হয় তখন তাদের মধ্যে কিছু লোক বলেঃ তোমাদের মধ্যে এই সূরা কার ঈমান বৃদ্ধি করলো? অনন্ত র যেসব লোক ঈমান এনেছে, এই সুরা তাদের ঈমানকে বর্ধিত করেছে এবং তারাই আনন্দ লাভ করেছে।

১২৫. আর যাদের অন্তরসমূহে রোগ রয়েছে, এই সূরা তাদের কলুষের সাথে আরো কলুষতা বর্ধিত করেছে, আর তাদের কুফরী অবস্থাতেই মৃত্যু হয়েছে।

১২৬. আর তারা কি দেখে না যে. তারা প্রতি বছর একবার বা দু'বার কোন না কোন বিপদে পতিত হয়ে থাকে? তবুও প্রত্যাবর্তন করে না. আর না তারা উপদেশ গ্রহণ করে।

১২৭. আর যখন কোন সূরা নাযিল করা হয় তখন তারা একে অপরের দিকে তাকাতে থাকে (এবং ইঙ্গিতে বলে); তোমাদেরকে কেউ দেখছে না তো? অতঃপর তারা চলে যায়: আল্লাহ তাদের অন্তরগুলোকে ফিরিয়ে দিয়েছেন, কারণ তারা হচ্ছে নির্বোধ সমাজ মাত্র।

১২৮. তোমাদের নিকট করেছে তোমাদেরই মধ্যকার এমন

يَايُّهَا الَّذِيْنَ امَنُوا قَاتِلُوا الَّذِيْنَ يَكُونَكُمُ مِّنَ الْكُفَّادِ وَلْيَجِدُوْ افِيْكُمْ غِلْظَةً ﴿ وَاعْلَمُوۤ آ اَنَّ اللهُ مَعَ الْمُتَّقِيْنَ 🕾

وَإِذَا مَآ أَنْزِلَتْ سُورَةٌ فَمِنْهُمْ مِّنْ يَقُولُ ٱيُّكُمْ زَادَتُهُ هٰنِهَ إِيْمَانًا ۚ فَأَمَّا الَّذِيْنَ امَنُوْا فَزَادَتْهُمْ إِنْهَانًا وَّهُمْ يَسْتَنْشِرُونَ 🜚

وَاَمَّا الَّذِيْنَ فِي قُلُوبِهِمْ مَّرَضٌ فَزَادَتُهُمْ رِجْسًا إلى رِجُسِهِمْ وَ مَاتُوْا وَهُمْ كُلِفِرُوْنَ 🜚

ٱۅؘۘڵٳؽۯۅٛڹٲڵۧڰۿۯۑؙڡٛ۬ؾڹؙۅٛ۫ڹٷٚػؙڸؖٵۣڡؚڴڗؖڰٙ ٱوْ مَرَّتَيْنِ ثُمَّ لا يَتُوْبُونَ وَلا هُمْ يَنَّكُرُّونَ ₪

وَإِذَا مَآ أُنْزِلَتْ سُورَةٌ نَظَرَ بَعْضُهُمْ إِلَى بَعْضٍ ا هَلْ يَرْكُمُ مِّنْ آحَدِ ثُمَّ انْصَرَقُوا المَصَرَفَ اللهُ قُلُوبُهُمْ بِاَنَّهُمْ قَوْمٌ لاَ يَفْقَهُونَ ®

لَقَدُ جَاءَكُمْ رَسُولٌ مِّن ٱنْفُسِكُمْ عَزِيْزٌ عَلَيْهِ

একজন রাসূল যার কাছে তোমাদের ক্ষতিগ্রস্ত হওয়া অতি কষ্টদায়ক মনে হয়, যিনি হচ্ছেন তোমাদের খুবই হিতাকাঙ্খী, মু'মিনদের প্রতি বড়ই স্নেহশীল, করুণাপরায়ণ।

১২৯. অতঃপর যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে তুমি বলে দাওঃ আমার জন্যে তো আল্লাহই যথেষ্ট, তিনি ছাড়া অন্য কোন সত্য মা'বৃদ নেই আমি তাঁরই উপর নির্ভর করছি, আর তিনি হচ্ছেন মহা আরশের মালিক।

مَاعَنِتُّمْ حَرِيْطٌ عَلَيْكُمْ بِالْمُؤْمِنِيْنَ رَءُوْفٌ رَّحِيْمٌ®

فَإِنْ تَوَكَّوْا فَقُلْ حَسْبِى اللهُ اللهِ الآالهُ الآهُوط عَلَيْهِ تَوَكَّلْتُ وَهُورَبُّ الْعَرْشِ الْعَظِيْمِ ﴿

স্রাঃ ইউনুস, মাক্কী

(আয়াতঃ ১০৯, রুকু'ঃ ১১)

দয়াময় মেহেরবান আল্লাহর নামে শুরু করছি।

 আলিফ-লাম-রা, এটা অতি সৃক্ষ তত্ত্বপূর্ণ কিতাবের আয়াত।

২. লোকদের জন্যে এটা কি বিস্ময়কর হয়েছে যে, আমি তাদের মধ্য হতে একজনের নিকট ওহী প্রেরণ করেছি এই মর্মে তুমি সকলকে ভয় প্রদর্শন কর এবং যারা ঈমান এনেছে তাদেরকে এই সুসংবাদ দাও যে, তারা তাদের প্রতিপালকের নিকট (পূর্ণ মর্যদা) করবে; কাফিররা লাগলো যে, এ ব্যক্তি তো নিঃসন্দেহে প্রকাশ্য যাদুকর ।

سُوْرَةُ يُونشُ مَكِيَّةٌ ايَاتُهُا ١٠٩ رَنُوعَاتُهُا ١١ بِسْعِدِ اللهِ الرَّحْلِنِ الرَّحِيْمِ

الزن تِلْكَ اللَّهُ الْكِتْبِ الْحَكِيْمِ ٠

اكَانَ لِلنَّاسِ عَجَبًّا اَنْ اَوْحَيْنَآ اِلَى رَجُلٍ مِّنْهُمُهُ اَنْ اَنْدِرِ النَّاسَ وَبَشِّرِ الَّذِيْنَ اَمَنُوْۤا اَنَّ لَهُمْ قَدَمَ صِدُقٍ عِنْدَ دَتِّهِمْ ۚ قَالَ الْكَفِرُوْنَ اِنَّ هٰذَا لَلْحِرُّ مُّمِيدُنُ ۚ ﴿ ৩. নিশ্চয় আল্লাহই হচ্ছেন তোমাদের প্রতিপালক, যিনি আসমানসমূহকে যমীনকে সষ্টি করেছেন ছয়দিনে, অতঃপর তিনি আরশে সমুন্নীত হলেন, তিনি প্রত্যেক কাজ পরিচালনা করে থাকেন: অনুমতি ব্যতীত কোন সুপারিশকারী নেই. আল্লাহই তোমাদের প্রতিপালক, অতএব তোমরা তাঁরই ইবাদত কর; তবুও কি তোমরা বুঝছো না।

8. তোমাদের সকলকে তাঁরই দিকে ফিরে যেতে হবে, আল্লাহর ওয়াদা সত্য; নিশ্চয়ই তিনিই প্রথমবার সৃষ্টি করেন, অতঃপর তিনিই পুনর্বারও সৃষ্টি করবেন, যাতে এরূপ লোকদের, যারা ঈমান আনয়ন করেছে এবং ভাল কাজ করেছে তাদেরকে ইনসাফ মত প্রতিফল প্রদান করেন; আর যারা কুফরী করেছে তারা পাবে উত্তপ্ত পানি এবং যন্ত্রণাদায়ক শাস্তি তাদের কফরীর কারণে।

৫. তিনি (আল্লাহ), যিনি সূর্যকে দীপ্তিমান এবং চন্দ্রকে আলোকময় বানিয়েছেন এবং ওর (গতির) জন্যে মঞ্জিলসমূহ নির্ধারিত করেছেন যাতে তোমরা বছরসমূহের সংখ্যা ও হিসাব জানতে পার: আল্লাহ এসব বস্তু অযথা সৃষ্টি করেননি. তিনি এই প্রমাণাদি বিশদভাবে বর্ণনা করেন ঐসব লোকের জন্যে যারা জ্ঞানবান।

৬. নিঃসন্দেহে রাত্রি ও দিবসের পরিবর্তন এবং আল্লাহ

إِنَّ رَبُّكُمُ اللَّهُ الَّذِي خَلَقَ السَّلْوٰتِ وَالْاَرْضَ فِي سِتَّةِ أَيَّامِ ثُمَّ اسْتَوٰى عَلَى الْعَرْشِ يُدَبِّرُ الْأَمْرَ مَا مِنْ شَفِيْعِ إِلَّا مِنَّ بَعْدِ إِذْنِهِ ۚ ذَٰلِكُمُ اللَّهُ رَبُّكُمُ فَاعْدُورُهُ الْفَلَا تَنْكُرُونَ ٣

إِلَيْهِ مَرْجِعُكُمْ جَمِيْعًا ﴿ وَعُنَ اللَّهِ حَقًّا ﴿ إِنَّهُ يَبْنَ وُّا الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهُ لِيَجْزِى الَّذِيْنَ امَنُوا وَعَمِلُوا الصَّلِحْتِ بِالْقِسُطِ وَالَّذِينَ كَفَرُوْ اللَّهُمْ شَرَابٌ مِّنْ حَيِيْمٍ وَّعَنَابٌ اَلِيُمُّا بِمَا كَانُوْا يَكُفُرُونَ ۞

> هُوَالَّذِي يُجَعَلَ الشَّبْسَ ضِيَاءً وَّالْقَبَرَ نُوْرًا وَّ قَتَّ رَهُ مَنَازِلَ لِتَعْلَمُوا عَدَدَ السِّنِيْنَ وَ الْحِسَابَ طَمَا خَكَنَ اللَّهُ ذٰلِكَ إِلَّا بِالْحَقِّ عَ يُفَصِّلُ الْأَيْتِ لِقَوْمِ يَعْلَمُونَ ۞

إِنَّ فِي اخْتِلَافِ الَّيْلِ وَالنَّهَارِ وَمَاخَلَقَ اللَّهُ

আসমানসমূহে করেছেন তৎসমৃদয়ের মধ্যে রয়েছে ঐ প্রমাণসমূহ লোকদের জন্যে যারা আল্লাহর ভয় পোষণ করে।

- ৭. যারা আমার সাথে সাক্ষাতের আশা পোষণ করে না এবং পার্থিব জীবনেই পরিতৃপ্ত থাকে এবং এতেই যারা নিশ্চিন্ত থাকে এবং যারা আমার নিদর্শনাবলী সম্বন্ধে গাফিল।
- ৮. এইরূপ লোকদের ঠিকানা হচ্ছে কার্যকলাপের জাহান্নাম, তাদের কারণে।
- ৯. নিশ্চয়ই যারা ঈমান এনেছে এবং ভাল কাজ করেছে তাদের প্রতিপালক তাদেরকে (জান্নাতে) লক্ষ্যস্তলে পৌছিয়ে দিবেন, তাদের ঈমানের কারণে. শান্তির উদ্যানসমূহে তাদের দিয়ে (বাসস্থানের) তলদেশ নহরসমূহ বইতে থাকবে।
- ১০. সেখানে তাদের আহ্বান হবেঃ হে আল্লাহ! তুমি মহান, পবিত্র! এবং পরস্পরের শুভেচ্ছা হবেঃ সালাম. শেষ কথা তাদের আলহামদুলিল্লাহি রাব্বিল আলামীন।
- ১১. আর যদি আল্লাহ মানবের উপর ত্রিত ক্ষতি ঘটাতেন, যেমন তারা ত্রিত উপকার লাভ করতে আগ্রহ রাখে. তবে তাদের নির্ধারিত সময় কবেই পূর্ণ হয়ে যেতো; অনন্তর আমি সেই লোকদেরকে যারা আমার নিকট উপস্থিত হওয়ার চিন্তা করে না. ছেডে

فِي السَّلْوٰتِ وَالْأَرْضِ لَاٰلِتِ لِّقَوْمِ يَتَّقُوُنَ ۞

إِنَّ الَّذِيْنَ لَا يَرْجُونَ لِقَلَّوْنَا وَرَضُوْ إِبِالْحَيْوةِ اللَّهُ نَيَّا وَاظْمَاتُوا بِهَا وَالَّذِينَ هُمْ عَنْ أَيْتِنَا غَفِلُونَ ﴾

اُولِيكَ مَا وْلَهُمُ النَّارُبِمَا كَانُواْ يَكْسِبُونَ ۞

إِنَّ الَّذِينَ أَمَنُوا وَعَمِلُوا الصِّلِحْتِ يَهُدِينُهِمْ رَبُّهُوْ بِإِيْمَانِهِمْ ۚ تَجْرِيْ مِنْ تَحْتِهِمُ الْأَنْهُرُ في جَنّْتِ النَّعِيْمِ (٥

دَعُولِهُمْ فِيْهَا سُبْحِنَكَ اللَّهُمَّ وَتَحِيَّتُهُمْ فِيْهَا سَلَمْ وَاخِرُ دَعُولِهُمْ آنِ الْحَمْلُ لِلَّهِ رَبِّ الْعٰلَمِينَ أَنَّ

وَلَوْ يُحَجِّلُ اللَّهُ لِلنَّاسِ الشُّرَّ اسْتِعْحَالَهُمْ بِالْحَيْرِ لَقُضِيَ اِلَيْهِمْ اَجَلُهُمْ الْمَنْ لَا يَرْجُونَ لِقَاءَنَا فِي طُغْيَانِهِمُ يَعْمَهُوْنَ 🛈

দেই তাদের অবস্থার উপর, তারা তাদের অবাধ্যতার মধ্যে ঘুরপাক খেতে থাকে।

১২. আর যখন মানুষকে কোন ক্লেশ-কষ্ট স্পর্শ করে তখন আমাকে ডাকতে থাকে শুয়ে, বসে এবং দাঁড়িয়েও, অতঃপর যখন আমি সেই কষ্ট ওর হতে দূর করে দেই তখন সে নিজের পূর্ব অবস্থায় ফিরে আসে, যে কষ্ট তাকে স্পর্শ করেছিল তা মোচন করার জন্যে সে যেন আমাকে কখনো ডাকেইনি। এই সীমালংজ্যন-কারীদের কার্যকলাপ তাদের কাছে এইরূপই চাকচিক্যময় মনে হয়।

১৩. আমি তোমাদের পূর্বে বহু সম্প্রদায়কে ধ্বংস করে দিয়েছি. যখন তারা যুলুম করেছিল, অথচ তাদের নিকট তাদের রাসূলগণও স্পষ্ট প্রমাণাদিসহ আগমন করেছিল, আর তারা কখনই ঈমান আনয়নকারী ছিল না। আর আমি অপরাধীদেরকে এইরূপেই শাস্তি দিয়ে থাকি।

১৪. অতঃপর, আমি তাদের স্থলে তোমাদেরকে তাদের পর ভূ-মন্ডলে প্রতিনিধি বানালাম যেন আমি প্রত্যক্ষ করি যে তোমরা কিরূপ কাজ কর। ১৫. আর যখন তাদের সামনে আমার আয়াতসমূহ পাঠ করা হয় যা অতি স্পষ্ট, তখন ঐ সব লোক যারা আমার সাক্ষাতের আশা করে না.

এইরূপ বলেঃ এটা ছাড়া অন্য কোন

করআন আনয়ন করুন অথবা এতেই কিছু পরিবর্তন করে দিন; তুমি বলে

وَإِذَا مَسَّ الْإِنْسَانَ الضُّرُّ دَعَانَا لِجَنْكِهَ أَوْ قَاعِدًا أَوْ قَالِمًا * فَلَتَا كَشَفْنَا عَنْهُ صُرَّةٌ مَرَّكَانُ لَّهُ يَدُعُنَا إِلَى ضُرِرٌ مَّسَّهُ الكَذَالِكَ زُيِّنَ لِلْمُسْرِفِيْنَ مَا كَانُوا يَعْبَدُونَ ٠

وَلَقَكُ أَهْلَكُنَّا الْقُرُونَ مِنْ قَبْلِكُمْ لَبًّا ظَلَمُوا " وَجَاءَتُهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنْتِ وَمَا كَانُوْ الْيُؤْمِنُواط كَذَٰلِكَ نَجُزِي الْقَوْمَ الْيُجْرِمِيْنَ ®

ثُمَّ جَعَلْنُكُمْ خَلِّيفَ فِي الْأَرْضِ مِنْ بَعْدِهِمُ لِنَنْظُرَ كَيْفَ تَعْمَلُونَ اللَّهِ

وَإِذَا تُتُلُّ عَلَيْهِمُ أَيَاتُنَا بَيِّنْتٍ وَقَالَ الَّذِينَ لَا يَرْجُونَ لِقَاءَنَا اثْتِ بِقُرْأِنِ عَيْرِ هِٰنَ ٓ ٱوُبَرِّ لُهُ ۗ قُلْ مَا يَكُونُ لِنَ آنَ أُبَرِّلَهُ مِنْ تِلْقَاعِ نَفْسِيهُ عَ إِنْ ٱتَّبِعُ إِلَّا مَا يُوْلَى إِنَّ اللَّهِ إِنَّ آخَافُ إِنْ عَصَيْتُ দাওঃ আমার দ্বারা এটা সম্ভব নয় যে, আমি নিজের পক্ষ হতে এতে পরিবর্তন করে দেই, আমি তো শুধু তারই অনুসরণ করবো যা ওহী যোগে আমার কাছে পৌছেছে, যদি আমি আমার প্রতিপালকের নাফরমানী করি তবে আমি এক অতি ভীষণ দিনের শাস্তির ভয় করি।

১৬. তুমি বলে দাওঃ যদি আল্লাহর আমি ইচ্ছা হতো তবে না এটা পাঠ তোমাদেরকে করে আল্লাহ শুনাতাম আর না তোমাদেরকে ওটা জানাতেন, কেননা আমি এর পূর্বেওতো জীবনের এক **मीर्घ** সময় তোমাদের অতিবাহিত করেছি: তবে কি তোমরা এতটুকু জ্ঞান রাখো না?

১৭. অতএব সে ব্যক্তির চেয়ে অধিক অত্যাচারী কে হবে, যে ব্যক্তি আল্লাহর প্রতি মিথ্যা আরোপ করে অথবা তাঁর আয়াতসমূহকে মিথ্যা প্রতিপন্ন করে? নিঃসন্দেহে এমন পাপাচারীদের কিছুতেই মঙ্গল (মুক্তি) হবে না।

১৮. আর তারা আল্লাহ ছাড়া এমন
বস্তুসমূহেরও ইবাদত করে যারা
তাদের কোন অপকারও করতে পারে
না এবং তাদের কোন উপকারও
করতে পারে না, আর তারা বলেঃ
এরা হচ্ছে আল্লাহর নিকট আমাদের
সুপারিশকারী; তুমি বলে দাওঃ
তোমরা কি আল্লাহকে এমন বিষয়ের
সংবাদ দিচ্ছ যা তিনি অবগত নন, না
আকাশসমূহে, আর না যমীনে? তিনি

رَبِّيُ عَنَابَ يَوْمِ عَظِيْمٍ @

قُلُ لَّذُ شَاءَ اللهُ مَا تَكُوْتُهُ عَلَيْكُمْ وَلاَ اَدُالِكُمْ بِهِ ﴿ فَقَلْ لِبِثْتُ فِيْكُمْ عُمُرًا مِّنْ قَبْلِهِ ﴿ اَفَلا تَعْقِلُونَ ﴿

فَمَنُ اَظُلَمُ مِثَنِ افْتَرَى عَلَى اللهِ كَذِبًا اَوْكَذَّ بَ بِأَلِيْتِهِ ﴿ اِنَّهُ لَا يُقْلِحُ الْمُجْرِمُونَ ۞

وَيَعْبُدُونَ مِنْ دُوْنِ اللهِ مَا لَا يَضُرُّهُمُ وَلَا يَنْفَعُهُمُ وَيَقُولُونَ لَهُؤُلَا شَفْعًا وَتَا عِنْدَا اللهِ فِي قُلُ آتُنَبِّؤُنَ الله بِمَا لَا يَعْلَمُ فِي السَّلُوتِ وَلَا فِي الْوَرْضِ اللهَ بِمَا لَا يَعْلَمُ عَمَّا يُشْرِكُونَ ﴿ পবিত্র ও তাদের মুশরিকী কার্যকলাপ হতে অনেক উর্ধের্ব।

১৯. আর সমস্ত মানুষ (প্রথম) এক উন্মতই ছিল, অতঃপর তারা মতভেদ সৃষ্টি করলো; আর যদি তোমার প্রতিপালকের পক্ষ হতে এক নির্দেশবাণী প্রথমে সাব্যস্ত হয়ে না থাকতো তবে যে বিষয়ে তারা মতভেদ করছে তার চূড়ান্ত মীমাংসা হয়ে যেতো।

২০. আর তারা বলেঃ তাঁর প্রতি তাঁর প্রতিপালকের পক্ষ হতে কোন মু'জিযা কেন নাযিল হলো না? সুতরাং তুমি বলে দাওঃ গায়েবের খবর শুধুমাত্র আল্লাহই জানেন, অতএব তোমরাও প্রতীক্ষায় থাকো, আমিও তোমাদের সাথে প্রতীক্ষায় থাকলাম।

২১. আর যখন আমি মানুষকে কোন
নিয়ামতের স্বাদ উপভোগ করাই
তাদের উপর কোন বিপদ পতিত
হওয়ার পর, তখনই তারা আমার
আয়াতসমূহ সম্বন্ধে দূরভিসন্ধি
(কুমতলব) করতে থাকে; তুমি বলে
দাওঃ আল্লাহ সবচেয়ে দ্রুত কৌশল
গ্রহণ করতে পারেন। নিশ্চয়ই আমার
ফেরেশতারা তোমাদের সকল
দূরভিসন্ধি লিপিবদ্ধ করছেন।

وَمَا كَانَ النَّاسُ إِلَّا أُمَّلَةً وَّاحِدَةً فَاخْتَلَفُواط وَلُولَا كَلِمَةٌ سَبَقَتْ مِن رَّبِكَ لَقُضِى بَيْنَهُمُ فِيْمَا فِيْهِ يَخْتَلِفُونَ ®

وَيَقُوْلُوْنَ لَوْلاَ ٱنْزِلَ عَلَيْهِ أَيَةٌ مِّنْ رَّبِّهِ * فَقُلْ إِنَّهَا الْغَيْبُ لِلْهِ فَانْتَظِرُوْا ۚ إِنِّى مَعَكُمُر مِّنَ الْمُنْتَظِرِيْنَ ﴿

وَإِذَا اَذَقْنَا النَّاسَ رَحْمَةً مِّنْ بَعْنِ ضَرَّاءَ مَسَّتُهُمُ إِذَا لَهُمْ مَّكُرُّ فِي آيَاتِنَا وقُلِ اللهُ اَسُرَعُ مَكُرًا و إِنَّ رُسُلَنَا يَكُتُبُونَ مَا تَهْكُرُونَ ﴿

১। আবৃ হুরাইরা (রাযিআল্লাহ্ আনহু) থেকে বর্ণিত। তিনি বর্ণনা করেন যে, নবী (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, প্রত্যেকটি নবজাত শিশু ইসলামী স্বভাব নিয়ে জন্মগ্রহণ করে; কিন্তু পরে পিতা-মাতা তাকে ইয়াহুদ করে গড়ে তুলে অথবা নাসারা করে গড়ে তুলে অথবা অগ্নিপৃজক করে গড়ে তুলে। ঠিক যেমন চতুম্পদ পশু চতুম্পদ পশু জন্ম দেয়। তোমরা তার নাক বা অন্যান্য অংশ কাটা দেখতে পাও কি? (বুখারী, হাদীস নং ১৩৮৫)

পারা ১১

২২. তিনি এমন, যিনি তোমাদেরকে স্থলভাগে હ জলভাগে করান: এমন কি যখন তোমরা নৌকায় অবস্থান কর, আর সেই নৌকাগুলো লোকদের নিয়ে অনুকূলে বায়ুর সাহায্যে চলতে থাকে. আর তারা তাতে আনন্দিত হয়, (হঠাৎ) তাদের উপর এক প্রচন্ড (প্রতিকৃল) বায় এসে পড়ে এবং প্রত্যেক দিক হতে তাদের উপর তরঙ্গমালা ধেয়ে আসে, আর তারা মনে করে যে তারা (বিপদে) বেষ্টিত হয়ে (তখন) সকলে খাঁটি বিশ্বাসের সাথে আল্লাহকেই ডাকতে থাকে. (হে আল্লাহ!) যদি আপনি আমাদেরকে এটা হতে রক্ষা করেন, তবে আমরা অবশ্যই কৃতজ্ঞ হয়ে যাবো।

যখনই অনন্তর আল্লাহ তাদেরকে উদ্ধার করে নেন, তখনই ভূ-পূর্চ্চে অন্যায়ভাবে বিদ্রোহচারণ করতে থাকে. হে লোক সকল! (শুনে রেখো), তোমাদের বিদ্রোহচারণ তোমাদেরই প্রাণের জন্যে বিপদ হবে. পার্থিব জীবনে (এটা দারা কিছু) ফলভোগ করছো, তৎপর আমারই পানে তোমাদেরকে ফিরে আসতে হবে, অতঃপর আমি যাবতীয় কৃতকর্ম তোমাদের তোমাদেরকে জানিয়ে দেবো।

২৪. বস্তুতঃ পার্থিব জীবনের অবস্থা তো এরূপ, যেমন আমি আসমান হতে পানি বর্ষণ করলাম তৎপর তা দ্বারা উৎপন্ন হয় যমীনের উদ্ভিদগুলো هُوَ الَّذِي يُسَيِّرُكُمْ فِي الْبَرِّوَ الْبَحْوِ حَتَّى إِذَا كُنْ تُمُ فِي الْفُلُكِ وَجَرَيْنَ بِهِمْ بِرِيْحَ طَيِّبَةٍ وَّ فَرِحُوْا بِهَا جَآءَ ثُهَا رِئْحٌ عَاصِفٌ وَ جَآءَهُمُ الْبَوْجُ مِنْ كُلِّ مَكَانٍ وَظَنُّوْا النَّهُمُ أُحِيْطَ بِهِمْ لا دَعُوا اللهَ مُخْلِصِيْنَ لَهُ الرِّيْنَ وَلَا يَوْنَ الْجَيْتَنَا مِنْ لَانِهُ لَيْنَ الْمُحْيَثَنَ مِنَ الشَّكِرِيْنَ ﴿

فَكَتَّا آنْجُهُمُ إِذَاهُمُ يَبُغُوْنَ فِي الْأَرْضِ بِغَيْرِ الْحَقِّ الْكَانُّ اَنْجُهُمُ الْخَيْكُمُ عَلَى الْفُسِكُمُ لَا تَعْلَيْكُمُ عَلَى الْفُسِكُمُ لَا تَمْتَاعَ الْحَيْوةِ النَّالْفِيا وَثُمَّرِ الْكِنْا مَرْجِعُكُمُ فَنُنَتِّ عُكُمُ بِمَاكُونَ ﴿ لَكُنْ اللَّهُ لَا لَهُ اللَّهُ اللَّا اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّالِمُ اللَّالِمُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّا

اِنَّهَا مَثَلُ الْحَيْوةِ اللَّانُيَا كَمَّآءِ اَنْزَلْنَهُ مِنَ السَّمَاءِ اَنْزَلْنَهُ مِنَ السَّمَآءِ وَانْزَلْنَهُ مِنَ السَّمَآءِ وَانْزَلْنَهُ مِنَا يَأْكُلُ السَّمَآءِ وَانْزَلْعُ مِنْاً يَأْكُلُ النَّاسُ وَالْاَنْعَامُ الْحَتَّى إِذَا الْخَلَتِ الْوَرْضُ

অতিশয় ঘন হয়ে. যা মানুষ ও পশুরা ভক্ষণ করে; এমন কি. যখন সেই যমীন নিজের সুদৃশ্যতার পূর্ণ রূপ ধারণ করলো এবং তা শোভনীয় হয়ে উঠলো, আর ওর মালিকরা মনে করলো যে. তারা এখন ওর পূর্ণ অধিকারী হয়েছে. তখন দিবাকালে অথবা রাত্রিকালে ওর উপর আমার পক্ষ হতে কোন আপদ এসে পড়লো. সূতরাং আমি ওকে এমন নিশ্চিহ্ন করে দিলাম যেন গতকল্য ওর অস্তিত্ই ছিল এরপেই না. নিদর্শনাবলীকে আমি বিশদরূপে বর্ণনা করি এমন লোকদের জন্যে, যারা ভেবে দেখে।

২৫. আর আল্লাহ তোমাদেরকে শান্তির আবাসের (জান্নাতের) দিকে আহ্বান করেন এবং যাকে ইচ্ছা সরল পথে চলার ক্ষমতা দান করেন। ২৬. যারা নেক কাজ করেছে তাদের জন্যে উত্তম বস্তু (জান্নাত) রয়েছে; অতিরিক্ত আরো জিনিস (আল্লাহর দীদার)। আর না তাদের মুখমন্ডলকে মলিনতা আচ্ছনু করবে. আর না অপমান; তারাই হচ্ছে জানাতের অধিবাসী, তারা ওর মধ্যে অনন্তকাল থাকবে।

২৭. পক্ষান্তরে যারা মন্দ কাজ করে তারা তাদের মন্দ কাজের শাস্তি পাবে ওর অনুরূপ এবং অপমান তাদেরকে আচ্ছাদিত করে নেবে; আল্লাহ (এর শান্তি) হতে কেউই তাদেরকে রক্ষা করতে পারবে না যেন তাদের

زُخْرُفَهَا وَازَّيَّنَتْ وَظَنَّ آهَلُهَا آنَّهُمْ قٰبِرُونَ عَلَيْهَا ﴿ اَتُّهَا آمُرُنَا لَيُلَّا أَوْ نَهَارًا فَجَعَلْنُهَا حَصِيلًا كَانَ لَكُمْ تَغُنَ بِالْأَمْسِ لِأَكَاٰلِكَ نُفَصِّلُ الْأَيْتِ لِقَوْمِ تَتَفَكَّرُونَ 🕾

> وَاللَّهُ يَذْعُوٓا إِلَى دَارِ السَّلْمِ ﴿ وَيَهْدِي مَن يَّشَاءُ إلى صِرَاطٍ مُّسْتَقِيْمِ @

لِلَّذِيْنَ آحْسَنُوا الْحُسْنَى وَزِيَادَةٌ طُولَا يَرْهَقُ وُجُوْهَهُمْ قَتَرٌّ وَلا ذِلَّةٌ ﴿ أُولِلِكَ أَصْحُبُ الْجَنَّةِ عُهُمُ فِنُهَا خِلْدُونَ ١٠

وَالَّذِيْنَ كَسَبُوا السَّيِّاتِ جَزَآءُ سَيِّعَةٍ بِمِثْلِهَا ﴿ وَتَرْهَقُهُمْ ذِنَّكُ اللَّهُمْ مِّنَ اللَّهِ مِنْ عَاصِمٍ ۚ كَانَّهَا ٱغْشِيَتُ وُجُوهُهُمْ قِطَعًا مِّنَ الَّذِلِ مُظْلِمًا ط মুখমন্ডলকে আচ্ছাদিত করে দেয়া হয়েছে অন্ধকার রাত্রির পরতসমূহ দারা; এরা হচ্ছে জাহান্নামের অধিবাসী, তারা ওর মধ্যে অনন্তকাল থাকবে।

২৮. আর সেদিনটিও (উল্লেখযোগ্য.) যেদিন আমি তাদের সকলকে একত্রিত করবো, অতঃপর মুশরিকদেরকে বলবোঃ তোমরা ও শরীকরা তোমাদের স্ব-স্ব স্থানে অবস্থান কর, অনন্তর আমি তাদের মধ্যে পরস্পর বিভেদ সৃষ্টি করে দেবো এবং তাদের সেই শরীকরা বলবেঃ তোমরা আমাদের তো ইবাদত করতে না।

২৯. বস্তুতঃ আমাদের ও তোমাদের মধ্যে আল্লাহই হচ্ছেন যথোপযুক্ত সাক্ষী যে, আমরা তোমাদের ইবাদত সমন্ধে অবগত ছিলাম না।

৩০. তথায় প্রত্যেক ব্যক্তিই স্বীয় পূর্ব কৃতকর্মগুলো পরীক্ষা করে নেবে এবং তাদেরকে আল্লাহর দিকে প্রত্যাবর্তিত করা হবে, যিনি তাদের প্রকৃত মালিক, আর যেসব মিথ্যা মা'বৃদ তারা বানিয়ে নিয়েছিল তা সব কিছু নিমিষেই হারিয়ে যাবে।

৩১. তুমি বলঃ কে, তোমাদেরকে আসমান ও যমীন হতে রিযিক পৌছিয়ে থাকেন? অথবা কে কর্ণ ও চক্ষুসমূহের উপর পূর্ণ অধিকার রাখেন? আর কে জীবস্তকে প্রাণহীনকে জীবস্ত হতে বের করেন, আর প্রাণহীনকে জীবস্ত হতে বের করেন, আর প্রাণহীনকে জীবস্ত হতে বের করেন, আর প্রাণহীনকে

ٱولَيْكَ آصُحْبُ النَّادِ عُمْمُ فِيهَا خُلِدُونَ ٠

وَيَوْمَ نَحُشُوهُمُ جَمِيْعًا ثُمَّرَ نَقُولُ لِلَّذِيْنَ اَشُرَكُواْ مَكَانَكُمْ اَنْتُمْ وَشُرَكَا وَكُمْ ۚ فَزَيَّلْنَا بَيْنَهُمْ وَقَالَ شُرَكَا وَهُمْ مَّا كُنْتُمُ إِيَّانَا تَعْبُدُونَ ۞

فَكَفَى بِاللهِ شَهِينًا ابَيْنَنَا وَبَيْنَكُمْ اِن كُنَّاعَنَ عِبَادَتِكُمْ لَغْفِلِيْنَ ®

هُنَالِكَ تَبُلُوْا كُلُّ نَفْسٍ مَّا اَسْلَفَتُ وَ رُدُّوْا اللهِ مَوْلِهُمُ الْحَقِّ وَضَلَّ عَنْهُمُ مَّا اللهِ مَوْلِهُمُ الْحَقِّ وَضَلَّ عَنْهُمُ مَّا كَانُوْا يَفْتُرُوْنَ أَ

قُلْ مَنْ يَّرْزُقُكُمُ مِّنَ السَّمَآءِ وَالْاَرْضِ اَمَّنَ يَّمُلِكُ السَّمُعَ وَالْاَبْصَارَ وَمَنْ يُّخْرِجُ الْحَقَ مِنَ الْمَيِّتِ وَيُخْرِجُ الْمَيِّتَ مِنَ الْحَيِّ وَمَنْ يُّدَيِّرُ الْاَمْرَ ﴿ فَسَيَقُولُونَ اللَّهُ ۚ فَقُلْ اَفَلا تَتَقَوُّنَ ۞ সমস্ত কাজ পরিচালনা করেন? তখন অবশ্যই তারা বলবে যে, আল্লাহ; অতএব, তুমি বলঃ তবে কেন তোমরা ভয় কর না?

৩২. সুতরাং তিনিই হচ্ছেন আল্লাহ, যিনি তোমাদের সত্য প্রতিপালক, অতএব সত্যের পর ভ্রষ্টতা ছাড়া আর কি রইলো? তবে তোমরা (সত্যকে ছেড়ে) কোথায় ফিরে যাচ্ছ?

৩৩. এইভাবে সমস্ত অবাধ্য লোকের সম্পর্কে তোমার প্রতিপালকের এই কথা সাব্যস্ত হয়ে গেল যে, তারা ঈমান আনবে না।

৩৪. (হে নবী ﷺ) তুমি বলঃ
তোমাদের (নিরূপিত) শরীকদের
মধ্যে এমন কেউ আছে কি যে
প্রথমবারও সৃষ্টি করে, আবার
পুনর্বারও সৃষ্টি করে, তুমি বলঃ
আল্লাহ্ই প্রথমবারও সৃষ্টি করেন।
অতঃপর তিনিই পুনর্বারও সৃষ্টি
করবেন। অতএব, তোমরা (সত্য
হতে) কোথায় ফিরে যাচছং

৩৫. তুমি বলঃ তোমাদের শরীকদের মধ্যে এমন কেউ আছে কি যে সত্য বিষয়ের সন্ধান দেয়? তুমি বলে দাও যেঃ আল্লাহই সত্য বিষয়ের পথ প্রদর্শন করেন; তবে কি যিনি সত্য বিষয়ের পথ প্রদর্শন করেন, তিনিই অনুসরণ করার সমধিক যোগ্য, না ঐ ব্যক্তি যে অন্যের পথ প্রদর্শন করা ছাড়া নিজেই পথ প্রাপ্ত হয় না? তবে তোমাদের কি হলো? তোমরা কিরূপ সিদ্ধান্ত গ্রহণ করছো?

فَنْ لِكُمُ اللهُ رَبُّكُمُ الْحَقُّ ، فَهَا ذَا بَعْدَ الْحَقِّ اللَّا الْحَقِّ اللَّا الْحَقِّ اللَّا الضَّللُ ، فَأَنَّى تُضُرَفُونَ ﴿

كَذٰلِكَ حَقَّتُ كَلِمَتُ رَبِّكَ عَلَى الَّذِيْنَ فَسَقُّوْاً اَنَّهُمْ لَا يُؤْمِنُونَ ۞

قُلُ هَلْ مِنْ شُرَكَا بِكُمْ مَّنْ يَبُنَ وَّالْخَلْقَ ثُمَّ يُعِينُكُ اللَّهُ يَبُكَ وَّالْخَلْقَ ثُمَّ يُعِينُكُ الْكَلْقَ ثُمَّ يُعِينُكُ الْكَالْيُ تُؤُفَّكُونَ ۞

قُلْ هَلْ مِنْ شُرَكَا إِلْكُوْ مَّنْ يَهْدِئَ إِلَى الْحَقِّ الْ الْحَقِّ الْ الْحَقِّ الْ اللهُ يَهْدِئَ اللهُ يَهْدِئَ الْحَقِّ الْحَقِّ اللهُ يَهْدِئَ اللهُ يَهْدِئَ الْحَقِّ الْحَقِّ الْحَقُّ اَنْ يُهْدَى الْحَقِّ الْحَقُّ اَنْ يُهْدَى الْحَقِّ الْمَرْ اللهُ اللهُ

৩৬. আর তাদের অধিকাংশ লোক শুধু অলীক কল্পনার পিছনে চলছে: নিশ্চয়ই অলীক কল্পনা বাস্তব ব্যাপারে মোটেই ফলপ্রস নয়; নিশ্চয়ই আল্লাহ সবই জানেন, যা কিছু তারা করছে।

৩৭. আর এই কুরআন কল্পনাপ্রসূত নয় যে, আল্লাহ ছাড়া অন্য কারো দ্বারা প্রকাশিত হয়েছে? এটা তো সেই কিতাবের সত্যতা প্রমাণকারী যা এর পর্বে (নাযিল) হয়েছে. অবশ্যকীয় বিধানসমূহের তফসীল বর্ণনাকারী, (এবং) এতে (এটা) বিশ্বপ্রতি-সন্দেহ নেই. (নাযিল) পালকের পক্ষ হতে হয়েছে।

৩৮. তারা কি এরূপ বলে যে. এটা তার (নবীর) স্বরচিত? তুমি বলে দাওঃ তবে তোমরা এর অনুরূপ একটি সুরাই আনয়ন কর এবং আল্লাহকে বাদ দিয়ে যাকে যাকে নিতে পার ডেকে নাও, যদি তোমরা সত্যবাদী হও।

৩৯. বরং তারা এমন বিষয়কে মিথ্যা সাব্যস্ত করেছে, যা তাদের বোধগম্য নয়। আর এখনো তাদের প্রতি এর বিশ্লেষণ আসেনি: এরূপভাবে তারাও মিথ্যা সাব্যস্ত করেছিল, যারা তাদের

وَمَا يَتَّبِعُ أَكْثُوهُمُ إِلَّا ظَنَّا مِإِنَّ الظَّرَّ، لَا يُغَنىُ مِنَ الْحَقِّ شَيْئًا مِ إِنَّ اللهُ عَلِيْمٌ بِمَا يَفْعَلُونَ 🗇

وَمَا كَانَ هٰذَا الْقُرْانُ آنَ يُّفْتَرَى مِنْ دُوْنِ اللَّهِ وَلَكِنْ تَصْدِينَ الَّذِي بَيْنَ يَكَيْهِ وَتَفْصِيلَ الْكِتْبِ لَارَيْبَ فِيْهِ مِنْ رَّبِّ الْعُلَمِيْنَ ١٠٠

اَمْ يَقُولُونَ افْتَرَاهُ ﴿ قُلُ فَأْتُوا بِسُورَةٍ مِّتْلِهِ وَادْعُوا مَنِ اسْتَطَعْتُمْ مِّنْ دُوْنِ اللهِ إِنْ كُنْتُمُ طِيرِقِينَ ۞

بَلْ كَذَّ بُوْا بِمَا لَهُ يُحِيْطُوا بِعِلْمِهِ وَلَمَّا يَأْتِهِمُ تَأُويْلُهُ ﴿ كَنْ لِكَ كَنَّابَ الَّذِينَ مِنْ قَبْلِهِمُ فَانُظُرُ كَيْفَ كَانَ عَاقِبَةُ الظّٰلِينِينَ®

১। আবু হুরাইরা (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত। তিনি নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) থেকে বর্ণনা করেছেন। তিনি বলেছেন, প্রত্যেক নবীকেই তার (যুগ) উপযোগী মু'জেযা (বিশেষ নিদর্শন) প্রদান করা হয়েছে। সে অনুসারে ঈমান আনা হয়েছে। অথবা বলেছেন, তাঁর ওপরই লোকেরা ঈমান এনেছে। আর নিশ্চয়ই আমাকে ওহী দেয়া হয়েছে, যা আল্লাহ্ তা'আলা আমার ওপর নাথিল করেছেন। অতএব আমি আশা করছি যে, কিয়ামতের দিন আমার অনুগামী তাদের থেকে অধিক সংখ্যায় হবে। (বুখারী, হাদীস নং 9298)

পূর্বে গত হয়েছে; অতএব, দেখো সেই অত্যাচারীদের পরিণাম কি হলো।

- ৪০. আর তাদের মধ্যে কতক লোক এর প্রতি ঈমান আনবে এবং কতক লোক তারা এর প্রতি ঈমান আনবে না, আর তোমার প্রতিপালক বিপর্যয় সৃষ্টিকারীদেরকে ভালরূপে জানেন।
- 8১. আর (এতদসত্ত্বেও) যদি তারা তোমাকে মিথ্যা সাব্যস্ত করতে থাকে. তবে তমি বলে দাওঃ আমার কর্মফল আমি পাবো আর তোমাদের কর্মফল তোমরা পাবে, তোমরা তো আমার কৃতকর্মের জন্যে দায়ী নও, আর আমিও তোমাদের কর্মের জন্যে দায়ী নই।
- ৪২, আর তাদের অনেকে তোমার কথা কান পেতে শোনে: তবে কি তুমি বধিরদেরকে শুনাচ্ছ. তাদের বোধশক্তি না থাকে।
- ৪৩, আর তাদের কতক লোক তোমাকে দেখছে; তবে কি তুমি অন্ধকে পথ দেখাতে চাচ্ছ, যদিও তাদের অন্তদৃষ্টি না থাকে?
- 88. নিশ্চয়ই আল্লাহ মানুষের প্রতি কোন যুলুম করেন না, পরম্ভ মানুষ নিজেরাই নিজেদের প্রতি করে।
- ৪৫. আর (ঐ দিনটি তাদেরকে স্মরণ করিয়ে দাও) যে দিন তিনি (আল্লাহ) তাদেরকে এইরূপ অবস্থায় একত্রিত করবেন, যেন তারা পূর্ণ

وَمِنْهُمْ مَّنْ يُّؤْمِنُ بِهِ وَمِنْهُمْ مَّنْ لاَّ يُؤْمِنُ بِهُ * وَرَبُّكَ آعُكُمُ بِالْمُفْسِدِيْنَ ﴿

وَإِنْ كُنَّا بُوْكَ فَقُلْ لِي عَمِلِي وَلَكُمْ عَمَلُكُمْ ٱنْتُمْ بَرِيْكُونَ مِتَّا آغْمَلُ وَأَنَا بَرِثُيٌّ مِّتًّا تَعْمَلُونَ ®

وَمِنْهُمْ مَّنُ يَّسُتَبِعُونَ إِلَيْكَ مِ أَفَانْتَ تُسْمِعُ الصَّمَّ وَكُ كَانُ الْا يَعْقِلُونَ @

> وَمِنْهُمُ مُنْ تَنْظُرُ إِلَيْكَ الْأَلْتُ تَهْدِي الْعُهُيَّ وَ لَوْ كَانُوْ الْإِيْبُصِرُونَ ۞

إِنَّ اللَّهَ لَا يَظْلِمُ النَّاسَ شَيْئًا وَّ لَكِنَّ النَّاسَ اَنْفُسُهُمْ نَظْلُمُونَ ®

وَيُومَ يَحْشُرُهُمْ كَانَ لَّمْ يَلْبَثُوْ ٓ إِلَّا سَاعَةً مِّنَ النَّهَارِ يَتَعَارَفُوْنَ بَيْنَهُمُو قَلْ خَسِرَ الَّذِيْنَ كُنَّابُوْا

দিবসের মুহূর্তকাল মাত্র অবস্থান করেছিল, এবং তারা একে অপরকে চিনবে; বাস্তবিকই ক্ষতিগ্রস্থ হলো ঐসব লোক যারা আল্লাহর সাক্ষাৎকে মিথ্যা প্রতিপন্ন করেছে এবং তারা হিদায়াত প্রাপ্ত ছিল না।

8৬. আর আমি তাদের সাথে যে শাস্তির অঙ্গীকার করছি, যদি ওর সামান্য অংশও তোমাকে দেখিয়ে দেই, অথবা তোমাকে মৃত্যু দান করি, সর্বাবস্থায় তাদেরকে আমারই পানে আসতে হবে, আর আল্লাহ তাদের সকল কৃতকর্মেরই সাক্ষী।

89. প্রত্যেক উন্মতের জন্যে এক একজন রাসূল রয়েছেন, সুতরাং তাদের সেই রাসূল যখন এসে পড়েন (তখন) তাদের মীমাংসা করা হয় ন্যায়ভাবে, আর তাদের প্রতি কোন অবিচার করা হয় না।

৪৮. আর তারা বলেঃ (আমাদের এই অঙ্গীকার কখন (সংঘটিত) হবে? যদি তোমরা সত্যবাদী হও।

8৯. তুমি বলে দাওঃ আমি তো আমার নিজের জন্যে কোন উপকার বা ক্ষতির অধিকারী নই; কিন্তু যতটুকু আল্লাহ চান, প্রত্যেক উন্মতের জন্যে একটি নির্দিষ্ট সময় আছে; যখন তাদের সেই নির্দিষ্ট সময় এসে পৌছে, তখন তারা মুহূর্তকাল না পশ্চাদপদ হতে পারবে, আর না অগ্রসর হতে পারবে।

৫০. তুমি বলে দাওঃ বলতো, যদি তোমাদের উপর আল্লাহর আযাব بِلِقَاءِ اللهِ وَمَا كَانُوا مُهْتَدِيْنَ ۞

وَ إِمَّا نُوِيَنَّكَ بَعْضَ الَّذِي نَعِدُهُمْ اَوْنَتُوَقِّيَنَّكَ فَالَيْنَا مَرْجِعُهُمْ ثُمَّاللهُ شَهِيْدٌ عَلَى مَا يَفْعَلُوْنَ®

وَلِكُلِّ اُمَّةٍ رَّسُولٌ ۚ فَإِذَا جَاءَ رَسُولُهُمْ قُضِىَ بَيْنَهُمْ بِالْقِسْطِ وَهُمْرَلايُظْلَبُونَ ۞

> وَيَقُولُونَ مَتَّى هٰنَا الْوَعْلُ اِنْ كُنْتُمُ طيقِيُنَ®

قُلُ لَآ آمُلِكُ لِنَفْسِىٰ ضَرًّا وَّ لَانَفْعًا اِلَّا مَا شَآءَ اللهُ الِكُلِّ أُمَّةٍ آجَلُّ الإَذَا جَآءَ آجَلُهُمْ فَلَا يَسْتَأْخِرُوْنَ سَاعَةً وَّلَا يَسْتَقْدِمُوْنَ ®

قُلْ اَرْءَيْتُمْ إِنْ اَتْكُمْ عَنَاابُهُ بَيَاتًا أَوْ نَهَارًا

রাত্রিকালে অথবা দিবাভাগে এসে পড়ে, তবে তাতে অপরাধীদের তাড়াতাড়ি চাওয়ার কি আছে?

৫১. তবে ওটা যখন এসে পড়বে, তখন কে ওটা বিশ্বাস করবে? (বলা হবে) হাঁ এখন মানলে, অথচ তোমরা ওর জন্যে তাড়াহুড়া করছিলে।

৫২. অতঃপর যালিমদেরকে বলা হবেঃ চিরস্থায়ী শাস্তির স্বাদ গ্রহণ করতে থাকো, তোমরা তো তোমাদেরই কৃতকর্মের ফল পাচছ।

৫৩. তারা তোমাকে জিজ্ঞেস করেঃ ওটা (শাস্তি) কি যথার্থ বিষয়? তুমি বলে দাওঃ হাঁ আমার প্রতিপালকের কসম। ওটা নিশ্চিত সত্য; আর তোমরা কিছুতেই আল্লাহকে অপারগ করতে পারবে না।

৫৪. আর যদি প্রত্যেক (মুশরিকের) জুলুমকারীর কাছে দুনিয়া ভরা সম্পদও থাকে, তবে সে তা দান করেও নিজের প্রাণ রক্ষা করতে উদ্যত হবে এবং যখন তারা আযাব দেখতে পাবে, তখন অনুতাপকে গোপন রাখবে, আর তাদের ফায়সালা করা হবে ন্যায়ভাবে এবং তাদের প্রতি অবিচার করা হবে না।

কে. স্মরণ রাখো যে, সবই আল্লাহর সত্ত্ব যা কিছু আকাশসমূহে এবং যমীনে রয়েছে; স্মরণ রাখো যে, আল্লাহর অঙ্গীকার সত্য; কিন্তু তাদের অধিকাংশই তা জানে না।

مًا ذَا يَسْتَعْجِلُ مِنْهُ الْمُجْرِمُونَ @

ٱثُمَّرَ إِذَا مَا وَقَعَ امَنْتُمْ بِهِ ﴿ ٱلْكُنَ وَقُلُ كُنْتُمْ بِهِ تَسْتَغْجِلُونَ @

ثُمَّ قِيْلَ لِلَّذِيْنَ ظَلَمُوا ذُوْقُوا عَذَابَ الْخُلُبِ عَ هَلْ تُجُزَوْنَ اِلَّا بِمَا كُنْتُمْ تَكْسِبُونَ ﴿

ۅؘؽڛؗٛؾؙڷٛؽؚٷٛڒؘڮٲڂؾٞ۠ۿۅٙڐ۬ڰؙڶٳؽۅٙڒڽؚٞؽٙٳٮۜۜڎڵڂؾ۠ؖۼؖ ۅؘڡٵٙٲڹٛؿؙۮؠؚؠؙۼڿؚڔ۬ؽؘؽؘۿۧ

وَكُوْاَنَّ لِكُلِّ نَفْسِ ظَلَمَتُ مَا فِي الْأَدْضِ لَا فُتَى تُ بِهِ ﴿ وَاسَرُّوا النَّااَمَةَ لَبَّا دَاوُا الْعَنَابَ ۚ وَ قُضِى بَيْنَهُمْ بِالْقِسْطِ وَهُمْ لَا يُظْلَمُونَ ۞

ٱلَاۤ إِنَّ لِللهِ مَا فِي السَّلْمُوتِ وَالْاَرْضِ ۗ اَلآَ إِنَّ وَعْنَ اللهِ حَقُّ وَالْكِنَّ ٱلْثَرَهُمْ لَا يَعْلَمُوْنَ ۞ ৫৬. তিনিই জীবন দান করেন এবং তিনিই মৃত্যু ঘটান, আর তোমরা সবাই তাঁরই পানে প্রত্যাবর্তিত হবে।
৫৭. হে মানব জাতি! তোমাদের কাছে তোমাদের প্রতিপালকের তরফ হতে সমাগত হয়েছে এক নসীহত এবং অন্তরসমূহের সকল রোগের আরোগ্যকারী, আর মু'মিনদের জন্যে পথ প্রদর্শক ও রহমত।

৫৮. তুমি বলে দাওঃ আল্লাহর এই দান ও রহমতের (কুরআনের) প্রতি সকলেরই আনন্দিত হওয়া উচিত; এটা (পার্থিব সম্পদ) হতে বহুগুণ উত্তম যা তারা সঞ্চয় করছে।

কে. তুমি বলঃ আচ্ছা বলতো, আল্লাহ তোমাদের জন্যে যা কিছু রিযিক পাঠিয়েছেন, অতঃপর তোমারা ওর কতক অংশ হারাম এবং কতক অংশ হালাল সাব্যস্ত করে নিলে; তুমি জিজ্ঞেস করঃ আল্লাহ কি তোমাদেরকে অনুমতি দিয়েছেন, নাকি তোমরা আল্লাহর উপর মিথ্যা আরোপ করছো?

৬০. আর যারা আল্লাহর উপর মিথ্যা আরোপ করে, তাদের কিয়ামত দিবস সম্বন্ধে কি ধারণা? বাস্তবিক, মানুষের উপর আল্লাহর খুবই অনুগ্রহ রয়েছে; কিন্তু অধিকাংশ লোকই অকৃতজ্ঞ।

৬১. আর তুমি যে অবস্থাতেই থাক না কেন? আর তুমি (নবী 纖) যে কোন স্থান হতে কুরআন পাঠ কর এবং তোমরা (অন্যান্য লোক) যে هُوَ يُحْي وَيُبِيثُ وَ اللَّهِ تُرْجَعُونَ ﴿

يَاكِيُّهَا النَّاسُ قَلُ جَاءَتُكُمْ مَّوْعِظَةٌ مِّنَ تَبِّكُمُ وَشِفَاءٌ لِّمَا فِي الصُّلُودِ لَا وَهُلَّى وَرَحْمَةٌ لِلْمُؤْمِنِيْنَ @ لِلْمُؤْمِنِيْنَ @

قُلْ بِفَضِٰلِ اللهِ وَبِرَحْمَتِهِ فَبِلَٰ لِكَ فَلْيَفْرَحُواطِ هُوَ خَيْرٌ مِّتًا يَجْمَعُونَ @

قُلُ اَرَءَ يُتُمْ مَّا اَنْزَلَ اللهُ لَكُمُ مِّنَ رِّذْقٍ فَجَعَلْتُمْ مِّنْهُ حَرَامًا وَّحَللًا ﴿ قُلُ اللهُ اَذِنَ لَكُمْ اَمْ عَلَى اللهِ تَفْتَرُونَ ﴿

وَمَا ظَنُّ الَّذِيْنَ يَفْتَرُونَ عَلَى اللهِ الْكَذِبَ يَوْمَ الْقِيلَمَةِ ﴿إِنَّ اللهَ لَذُوْ فَضْلِ عَلَى النَّاسِ وَلاكِنَّ ٱكْثَرَهُمْ لَا يَشْكُرُونَ ۚ

وَمَا تَكُونُ فِي شَانٍ وَمَا تَشُلُوا مِنْهُ مِنْ قُرُانٍ وَلا تَعْمَلُونَ مِنْ عَمَلٍ اِلَّا كُنَّا عَكَيْكُمُ

কাজই কর, আমার সব কিছুরই খবর থাকে, যখন তোমরা সেই কাজ করতে শুরু কর; কণা পরিমাণও কোন বস্তু তোমার প্রতিপালকের (জ্ঞানের) অগোচরে নয়ঃ না যমীনে, না আসমানে, আর না কোন বস্তু তা হতে ক্ষুদ্রতর, না তা হতে বৃহত্তর; কিন্তু এই সমস্তই স্পষ্ট কিতাবে (লাওহে মাহ্ফুজে) লিপিবদ্ধ রয়েছে।

৬২. মনে রেখো যে, আল্লাহর বন্ধুদের না কোন আশঙ্কা আছে, আর না তারা বিষণ্ণ হবে।

৬৩. তারা হচ্ছে সেই লোক যারা ঈমান এনেছে এবং (গুনাহ্ হতে) পরহেয় করে থাকে।

৬৪. তাদের জন্যে সুসংবাদ রয়েছে পার্থিব জীবনে এবং পরকালেও; আল্লাহর থাকায় কোন পরিবর্তন হয় না; এটা হচ্ছে বিরাট সফলতা।

৬৫. আর তোমাকে যেন তাদের উক্তিগুলো বিষণ্ণ না করে, সকল ইয্যত-সম্মান আল্লাহরই জন্যে রয়েছে; তিনি শুনেন, জানেন। شُهُوْدًا إِذْ تُفِيضُونَ فِيهِ طُومَا يَعُزُبُ عَنَ رُبِّكَ مِنْ مِّثْقَالِ ذَرَّةٍ فِي الْأَرْضِ وَلَا فِي السَّهَاءِ وَلَا اَصْغَرَ مِنْ ذَلِكَ وَلَا اَكْبَرَ إِلَّا فِيْ كِتْبٍ مُّبِيْنِ ﴿

ٱلاَ إِنَّ ٱوْلِيَاءَ اللهِ لَاخُوفٌ عَلَيْهِمْ وَلَاهُمْ يَخْزَنُونَ ﴿

اَتَّذِيْنَ أَمَنُوا وَ كَانُوا يَتَّقُونَ ﴿

لَهُمُ الْبُشُرَى فِي الْحَلِوةِ الدُّنْيَا وَفِي الْخِرَةِ الدُّنْيَا وَفِي الْخِرَةِ الدُّنْيَا وَفِي الْخِرةِ اللهِ المِلْمُ المُلْمُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ المُلْمُ المُلْمُو

وَ لَا يَحْزُنُكَ قَوْلُهُمْ مَ اِنَّ الْعِزَّةَ لِللهِ جَمِيْعًا لَا هُوَ السَّمِنِيُّ الْعَلِيْمُ ۞

১। আবৃ সাঈদ খুদরী (রাযিআল্লান্থ আনহু) হতে বর্ণিত। তিনি বলেন, নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, যখন মৃতকে খাটে রেখে লোকেরা তাদের কাঁধে উঠায়ে নেয়, যদি সে পুণ্যবান হয়, তখন সে বলে, আমাকে নিয়ে এগিয়ে চল। আর যদি সে পুণ্যবান না হয়, তাহলে বলে হায়! এরা এটা কোথায় নিয়ে যাচেছে? তার এ চীৎকার মানুষ ছাড়া সকলেই শুনতে পায়। যদি (মানুষ) শুনত (এ চীৎকার) তাহলে সে সজ্ঞা হারিয়ে ফেলত। (বুখারী, হাদীস নং ১৩১৪)

২। (ক) আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) বলেন, আমি রাস্লুল্লাহ্ (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম)-কে বলতে শুনেছি, সুসংবাদ প্রদানকারী জিনিসসমূহ ছাড়া নবুওয়াতের আর কিছুই অবশিষ্ট নেই। লোকেরা জিজ্ঞেস করল, সুসংবাদ প্রদানকারী জিনিসসমূহ কি? তিনি বললেন, ভাল স্বপু। (বুখারী, হাদীস নং ৬৯৯০) (খ) আবৃ হুরাইরা (রাযিআল্লাহ্ আনহু) থেকে বর্ণিত, রাস্লুল্লাহ (সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, মু'মিনের ভাল স্বপু নবুওয়াতের ছিচল্লিশ ভাগের একভাগ। (বুখারী, হাদীস নং ৬৯৮৮)

৬৬. মনে রাখো, যত কিছু আসমান-সমূহে আছে এবং যত কিছু যমীনে আছে, এই সমস্তই আল্লাহরই; আর যারা আল্লাহকে ছেড়ে অন্য শরীকদের অনুসরণ করে, তারা কোন বস্তুর অনুসরণ করছে? তারা শুধু অবাস্তব খেয়ালের তাবেদারী করে চলছে এবং শুধু অনুমানপ্রসূত (মিথ্যা) কথা বলছে।

৬৭. তিনি এমন, যিনি তোমাদের জন্যে রাত্রি বানিয়েছেন, যেন তোমরা তাতে স্বস্তি লাভ কর, আর দিবসকেও সৃষ্টি করেছেন যে, তা হচ্ছে দেখাশুনার উপকরণ; ওতে নিদর্শনাবলী রয়েছে তাদের জন্যে যারা শোনে।

৬৮. তারা বলেঃ আল্লাহর সন্তান আছে, তিনি পবিত্র! তিনি তো কারো মুখাপেক্ষী নন; তাঁরই স্বত্বে রয়েছে যা কিছু আসমানসমূহে আছে এবং যা কিছু যমীনে আছে; তোমাদের কাছে এর (উক্তি দাবীর) কোন প্রমাণও নেই; আল্লাহ সম্বন্ধে কি তোমরা এমন কথা আরোপ করছো যা তোমাদের জানা নেই?

৬৯. তুমি বলে দাওঃ যারা আল্লাহর উপর মিথ্যা রচনা করে তারা সফলকাম হবে না।

৭০. এটা দুনিয়ার সামান্য আরাম-আয়েশ মাত্র, তৎপর আমারই দিকে তাদের ফিরে আসতে হবে,তখন আমি তাদেরকে তাদের কুফরীর বিনিময়ে কঠিন শাস্তির স্বাদ গ্রহণ করাবো। اَلاَ إِنَّ بِلَٰهِ مَنْ فِي السَّلُوتِ وَمَنْ فِي الْأَرْضِ الْكَرْضِ الْكَرْضِ اللهِ وَمَا يَتَّبِعُ الَّذِينَ يَلُعُونَ مِنْ دُوْنِ اللهِ وَمَا يَتَّبِعُ الَّذِينَ يَلُعُونَ مِنْ دُوْنِ اللهِ شُركاءَ وَإِنْ هُمُ اللَّا الظَّنَّ وَإِنْ هُمُ اللَّا يَخُرُصُونَ ﴿

هُوَ الَّذِي جَعَلَ لَكُمُّ الَّيْلَ لِتَسْكُنُوْ ا فِيهِ وَ النَّهَارَ مُبُصِرًا ﴿ إِنَّ فِي ذَٰلِكَ لَأَيْتٍ لِقَوْمِ يَسْمَعُونَ ۞

قَالُوا اتَّخَذَ اللهُ وَلَدًّا سُبُطنَكُ اللهُ هُوَ الْغَنِيُ اللهُ وَلَدًّا سُبُطنَكُ اللهُ هُوَ الْغَنِيُ ا لَهُ مَا فِي السَّلُوتِ وَمَا فِي الْاَرْضِ اللهِ اِنْ عِنْدَكُدُّ مِّنْ سُلْطِنٍ بِهِذَا الْآتَقُولُونَ عَلَى اللهِ مَا لَا تَعْلَبُونَ ﴿

قُلْ إِنَّ الَّذِيثَنَ يَفْتَرُونَ عَلَى اللهِ الْكَذِبَ لَا يُفْلِحُونَ أَهُ

مَتَاعٌ فِي النَّانُيَا ثُمَّرً إِلَيْنَا مُرْجِعُهُمْ ثُمَّرُنْنِيْقُهُمُ الْعَنَابَ الشَّدِيْدَ بِمَا كَانُواْ يَكْفُرُونَ ۞

৭১. আর তুমি তাদেরকে নৃহের ইতিবৃত্ত পড়ে শোনাও, যখন তিনি নিজের কওমকে বললেনঃ হে আমার কওম! যদি তোমাদের কাছে কঠিন মনে হয় আমার অবস্থান এবং আল্লাহর আদেশাবলী নসীহত করা. তবে আমার তো আল্লাহরই উপর ভরসা, সুতরাং তোমরা তোমাদের (কল্পিত) শরীকদেরকে সঙ্গে নিয়ে নিজেদের তদবীর মজবুত করে নাও. অতঃপর তোমাদের সেই তদবীর (গোপন ষড়যন্ত্র) যেন তোমাদের দুশ্চিন্তার কারণ না হয়, তারপর আমার সাথে (যা করতে চাও) করে ফেলো, আর আমাকে মোটেই অবকাশ দিও না।

৭২. এরপরও যদি তোমরা মুখ ফিরিয়ে নাও, তবে আমি তো তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাই (না. আমার পারিশ্রমিক তো শুধু আল্লাহরই যিম্মায় রয়েছে, আমাকে হুকুম করা হয়েছে যে, আমি যেন অনুগতদের অন্তর্ভক্ত থাকি।

৭৩. অনন্তর তারা তাঁকে মিথ্যা প্রতিপন্ন করলো, অতএব আমি তাঁকে এবং যারা তাঁর সাথে নৌকায় ছিল দিলাম তাদেরকে নাজাত তাদেরকে আবাদ করলাম, আর যারা আমার আয়াতসমূহকে মিথ্যা সাব্যস্ত করেছিল, তাদেরকে নিমজ্জিত করে দিলাম, সুতরাং দেখো কি পরিণাম হয়েছিল তাদের, যাদেরকে ভীতি প্রদর্শন করা হয়েছিল।

وَاتُلُ عَلَيْهِمُ نَبَا نُوْجٍ مِإِذْ قَالَ لِقَوْمِهِ لِقَوْمِ إِنْ كَانَ كَبُرَ عَلَيْكُمْ مَّقَافِي وَتَذْكِيْرِي بِأَيْتِ اللهِ فَعَلَى اللهِ تَوَكَّلْتُ فَأَجْمِعُوْآ آمْرِكُمْ وَشُرَكَاءَكُمْ ثُمَّ لَا يَكُنُ آمُرُكُمْ عَلَنكُمْ غُتَّةً ثُمَّ اقْضُوۤ [إِنَّ وَلاَ تُنْظِرُون ۞

فَإِنْ تَوَلَّيْتُمْ فَمَا سَالْتُكُمْ مِّنْ آجْرٍ الْ آجْرِي الا عَلَى اللهِ وَأُمِرْتُ أَنْ أَكُوْنَ مِنَ الْمُسْلِمِيْنَ @

فَكَنَّابُوٰهُ فَنَجَّيْنَهُ وَمَنْ مَّعَهُ فِي الْقُلْكِ وَجَعَلْنَهُمُ خَلَيِفَ وَٱغْرَقْنَا الَّذِينَ كَنَّابُوا بِالْيِنِنَا ، فَٱنْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُنْذَرِيْنَ ﴿ পারা ১১

৭৪. আবার আমি তার (নৃহ 💥 🗐 -এর পরে) অপর নবীদেরকে তাদের কওমের নিকট প্রেরণ করলাম, সূতরাং তারা তাদের নিকট মু'জিযাসমূহ নিয়ে আসলো. এতদসত্ত্বেও তারা যে বস্তুকে পূর্বে মিথ্যা সাব্যস্ত করেছিল, পরেও তা নেয়নি ৷ এভাবেই আমি মেনে সীমালজ্ঞানকারীদের অন্তরসমূহের উপর মোহর লাগিয়ে দেই।

৭৫. অতঃপর আমি তাদের পর মূসা ও হারূনকে আমার মু'জিযাসমূহ সহকারে ফিরাউন ও তার পরিষদ-বর্গের নিকট পাঠালাম, অনন্তর তারা অহংকার করলো. আর লোকগুলো ছিল পাপাচারী সম্প্রদায়।

৭৬. অতঃপর যখন তাদের প্রতি আমার পক্ষ হতে প্রমাণ পৌছলো. তখন তারা বলতে লাগলো, নিশ্চয়ই এটা সুস্পষ্ট যাদু।

৭৭. মুসা বললেনঃ তোমরা কি এ হক সম্পর্কে এমন কথা বলছো. ওটা তোমাদের পৌছলো? এটা কি যাদু? অথচ যাদুকররা তো সফলকাম হয় না!

৭৮. তারা বলতে লাগলোঃ তুমি কি আমাদের নিকট এই জন্যে এসেছো যে, আমাদেরকে সরিয়ে দিবে সেই তরীকা হতে, যাতে আমরা আমাদের পূর্বপুরুষদের পেয়েছি. আর পৃথিবীতে তোমাদের আধিপত্য স্থাপিত হয়ে যায়? আর ثُمَّ بَعَثْنَا مِنُ بَعْدِهِ رُسُلًا إِلَى قَوْمِهِمْ فَجَاءُوْهُمْ بِٱلْبِيِّنْتِ فَهَا كَانُواْ لِيُؤْمِنُوا بِمَا كَنَّابُوابِهِ مِن قَبُلُ المُعْتَدِ يُضَاعُ عَلَى قُلُوْبِ الْمُعْتَدِ يُنَ @

يعتذرون اا

ثُمَّ بَعَثْنَا مِنْ بَعْنِ هِمْ مُّوْسِي وَهُرُونَ إلى فِرْعَوْنَ وَمَلاَّبِهِ بِأَيْدِينَا فَاسْتَكْبَرُوْا وَكَانُوا قَوْمًا مُّجْرِمِيْنَ @

فَكَتّا حَاءَهُمُ الْحَقُّ مِنْ عِنْدِنَا قَالُوْآ إِنَّ هٰنَا لَسِحْرٌ مُّبِينٌ ۞

قَالَ مُولَنِي اَتَقُوْلُونَ لِلْحَقِّ لَيَّا جَاءَكُهُ ﴿ اَسُحُرٌّ هٰنَاطُولًا يُفْلِحُ السَّحِرُونَ @

قَالُوْآ أَجِئْتَنَا لِتَلْفِتَنَا عَبًّا وَجَلْنَا عَلَيْهِ أَيَّاءَنَا وَتُكُونَ لَكُمُا الْكِيْرِيَاءُ فِي الْأَرْضِ ﴿ وَمَا نَحْنُ لَكُمَا بِيُؤْمِنِيْنَ @ আমরা তোমাদের দু'জনের প্রতি কখনও ঈমান আনব না।

৭৯. এবং ফিরাউন বললোঃ আমার কাছে সমস্ত সুদক্ষ যাদুকরকে উপস্থিত কর।

৮০. অনন্তর যখন যাদুকররা আসলো, তখন মূসা (প্রাঞ্জা) তাদেরকে বললেনঃ নিক্ষেপ কর যা কিছু তোমরা নিক্ষেপ করতে চাও।

৮১. অতঃপর যখন তারা নিক্ষেপ করলো, তখন মূসা (সাট্রা) বললেনঃ যাদু এটাই; নিশ্চয়ই আল্লাহ এখনই এটাকে বানচাল করে দিবেন; (কেননা) আল্লাহ এমন বিপর্যয় সৃষ্টিকারী কাজ সম্পন্ন হতে দেন না।

৮২. আর আল্লাহ স্বীয় অঙ্গীকার অনুযায়ী হক প্রতিষ্ঠিত করে দেন, যদিও পাপাচারীরা তা অপ্রীতিকর মনে করে।

৮৩. বস্তুতঃ মূসা (প্রাট্রা)-এর প্রতি
তার স্বগোত্রীয় লোকদের মধ্যে
(প্রথমে) শুধু অল্প সংখ্যক লোকই
ঈমান আনলো, ভীত-সত্রস্ত অবস্থায়
ফিরাউন ও তার প্রধানবর্গের ভয়ে
যে, তারা তাদেরকে নির্যাতন করবে;
আর বাস্তবিক পক্ষে ফিরাউন সেই
দেশে ক্ষমতাবান ছিল, আর সে ছিল
সীমাতিক্রম কারীদের অন্তর্ভুক্ত।

৮৪. আর মৃসা (স্থ্রা) বললেনঃ হে আমার সম্প্রদায়! যদি তোমরা আল্লাহর উপর ঈমান রাখো, তবে তাঁরই উপর ভরসা কর, যদি তোমরা মুসলিম হও।

وَقَالَ فِرْعَوْنُ ائْتُوْنِي بِكُلِّ سُجِرِ عَلِيْمٍ @

فَكَبَّا جَاءَ السَّحَرَةُ قَالَ لَهُمْ مُّوْلَى الْقُوْا مَّا اَنْتُمْ مُّلْقُوْنَ ۞

فَكَتَا اَلْقُواْ قَالَ مُوْسَى مَاجِئُتُمْ بِهِ السَّحُولِ اللَّهَ اللهَ اللهِ السَّمُ اللهُ ا

وَيُحِثُّ اللهُ الْحَقَّ بِكَلِمْتِهِ وَلَوْكُرِهَ الْمُجْرِمُونَ ﴿

فَكَ آَمَنَ لِمُوْسَى إِلَّا ذُرِّيَّةٌ مِّنْ قَوْمِهِ عَلْ خُوْنٍ مِّنْ فِرْعَوْنَ وَمَلاْ بِهِمْ آنْ يَّفْتِنَهُمْ لَا وَإِنَّ فِرْعَوْنَ لَعَالٍ فِي الْارْضِ وَإِنَّهُ لِمِنَ الْمُسْرِفِيْنَ ﴿ فِرْعَوْنَ لَعَالٍ فِي الْارْضِ وَإِنَّهُ لِمِنَ الْمُسْرِفِيْنَ ﴿

وَقَالَ مُوْسَى لِقَوْمِ إِنْ كُنْتُمُ امَنْتُمُ بِاللهِ فَعَلَيْهِ تَوَكَّلُوْاَ إِنْ كُنْـتُمُ مُّسْلِمِيْنَ ۞ ৮৫. তারা বললোঃ আমরা আল্লাহরই উপর ভরসা করলাম, হে আমাদের প্রতিপালক! আমাদেরকে এই যালিমদের লক্ষ্যস্থল বানাবেন না। ৮৬. আর আমাদেরকে তোমার নিজ রহমতে এই কাফিরদের (কবল) হতে মুক্তি দিন।

৮৭. আর আমি মৃসা ও তার ভ্রাতার প্রতি ওহী পাঠালাম— তোমরা উভরে তোমাদের এই লোকদের জন্যে মিসরে(ই) বাসস্থান বহাল রাখো, আর তোমরা সবাই নিজেদের সেই গৃহগুলোকে নামায পড়ার স্থানরূপে গণ্য কর এবং নামায কায়েম কর, আর মু'মিনদেরকে শুভ সংবাদ জানিয়ে দাও।

৮৮. আর মূসা (১৬৯৯) বললেনঃ হে প্রতিপালক! আমাদের আপনি ফিরাউন ও তার পরিষদবর্গকে দান করেছেন জাঁকজমকের সাম্গ্রী এবং বিভিন্ন পার্থিব রকমের সম্পদ জীবনে, হে আমাদের রব! যার পথ হতে কারণে তারা আপনার (মানবমন্ডলীকে) বিভ্রান্ত করে, হে প্রতিপালক! আমাদের তাদের সম্পদগুলোকে নিশ্চিহ্ন করে দিন এবং তাদের অন্তরসমূহকে কঠিন করুন, যাতে তারা ঈমান না আনতে পারে যতক্ষণ, তারা যন্ত্রণাময় আযাবকে দেখে নেয়।

৮৯. তিনি (আল্লাহ) বললেনঃ তোমাদের উভয়ের দুআ' কবৃল করা হলো, অতএব তোমরা দৃঢ় থাকো, আর তাদের পথ অনুসরণ করো না যাদের জ্ঞান নেই। فَقَالُوا عَلَى اللهِ تَوَكَّلُنَا ۗ رَبَّنَا لَا تَجْعَلْنَا فِتُنَةً لِلْقَوْمِ الظّٰلِمِيْنَ ﴿

وَنَجِّنَا بِرَحْمَتِكَ مِنَ الْقَوْمِ الْكَفِرِيْنَ ١٠

وَ اَوْحَيُنَآ اِلَى مُوْلَى وَ اَخِيْهِ اَنْ تَبَوَّا لِقَوْمِكُماَ بِمِصْرَ بُيُوْتًا وَّاجْعَلُوْا بُيُوْتَكُمْ قِبْلَةً وَّاقِيْمُوا الصَّلُوةَ ﴿ وَبَشِّرِ الْمُؤْمِنِيْنَ ۞

وَقَالَ مُوْسَى رَبَّنَآ إِنَّكَ الْكِنْتَ فِرْعَوْنَ وَمَلَاةُ
زِيْنَةً وَّامُوالَا فِي الْحَيْوةِ النَّانْيَا لارَبَّنَا لِيُضِنُّوُا
عَنْ سَنِيلِكَ وَرَبَّنَا اطْمِسْ عَلَى اَمُوالِهِمُ
وَاشْدُدْ عَلَى قُلُوبِهِمْ فَلَا يُؤْمِنُوا حَتَّى يَرَوُا
الْعَنَابَ الْالِيْمَ

قَالَ قَلْ أُجِيْبَتْ دَّعُوتُكُمُنَا فَاسْتَقِيْمَا وَلا تَتَّبِغَنِّ سَبِيْلَ الَّذِيْنَ لا يَعْلَمُونَ ۞

৯০. আর আমি বানী ইসরাঈলকে সমুদ্র পার করে দিলাম, অতঃপর ফিরাউন তার সৈন্যদলসহ তাদের পশ্চাদানুসরণ করলো নির্যাতনের উদ্দেশ্যে, এমন কি যখন সে নিমজ্জিত হতে লাগলো. তখন বলতে লাগলোঃ আমি ঈমান আনছি বানী ইসরাঈল যাঁর উপর ঈমান এনেছে, তিনি ছাড়া অন্য কোন সত্য মা'বৃদ নেই এবং আমি মুসলিমদের অন্তর্ভুক্ত হচ্ছি।

৯১. এখন ঈমান আনছো? অথচ পূর্ব (মুহুর্ত) পর্যন্ত তুমি নাফরমানী কর্ছিলে এবং ফাসাদীদের অন্তর্ভুক্ত **ছিলে**।

৯২. অতএব, আমি আজ বাঁচিয়ে দিচ্ছি তোমার দেহকে যেন তুমি পরবর্তী লোকদের তোমার উপকরণ উপদেশ গ্রহণের হয়ে প্রকৃতপক্ষে অনেক থাকো; আর লোক আমার উপদেশাবলী উদাসীন রয়েছে।

৯৩ আর আমি বানী ইসরাঈলকে থাকবার জন্য অতি উত্তম বাসস্থান প্রদান করলাম. আর আমি তাদেরকে আহার করবার জন্যে উৎকৃষ্ট বস্তুসমূহ দান করলাম, সুতরাং তারা মতভেদ করেনি এই পর্যন্ত যে, তাদের নিকট পৌছলো: (আহকামের) জ্ঞান প্রতিপালক নিঃসন্দেহে তোমার কিয়ামত দিবসে তাদের মধ্যে সেই সব বিষয়ের মীমাংসা করবেন, যাতে তারা মতভেদ করছিল।

وَجُوزُنَا بِبَنِي إِسُرَاءِيْلَ الْيَحْرَ فَٱتْبِعَهُمْ فِرْعَوْنُ وَجُنُودُهُ بَغْيًا وَّعَنُاوًا لا لَحَتَّى إِذَا آدْرَكُهُ الْغَرَقُ قَالَ امَنْتُ آنَّهُ لَآ إِلَهَ إِلَّا الَّذِينَ امَنَتُ بِهِ بَنُوْآ اِسْرَآءِيْلَ وَأَنَامِنَ الْمُسُلِمِينَ ٠٠

يعتذرون اا

الْكُن وَقُلُ عَصَيْتَ قَبْلُ وَكُنْتَ مِنَ الْمُفْسِدِيْنَ ٠

فَالْيَوْمَ نُنَجِّيْكَ بِبَكِينِكَ لِتَكُونَ لِمَنْ خَلْفَكَ إِنَّةً م وَإِنَّ كَثِيرًا مِّنَ النَّاسِ عَنْ إَلِيْنَا لَغْفِلُونَ ﴿

وَ لَقَكُ بَوَّأُنَا بَنِيْ إِسْرَآءِيْلَ مُبَوًّا صِدْقِ وَّ رَزَقُنْهُمْ مِّنَ الطَّيِّبَاتِ، فَمَا اخْتَكَفُوا حَتَّى جَاءَ هُمُ الْعِلْمُ لِ إِنَّ رَبُّكَ يَقْضِي بَيْنَهُمُ كُوْمَ الْقَلْمَةِ فِنْمَا كَانُوْا فِنْهِ يَخْتَلْفُونَ @

৯৪. অতঃপর (হে নবী 🎉)! যদি তুমি এই (কিতাব) সম্পর্কে সন্দিহান হও, যা আমি তোমার পাঠিয়েছি, তবে তুমি তাদেরকে জিজ্ঞেস করে দেখো, যারা তোমার পূর্বেকার কিতাবসমূহ পাঠ করে, নিঃসন্দেহে তোমার নিকট এসেছে তোমার প্রতিপালকের পক্ষ হতে সত্য কিতাব, সুতরাং তুমি কখনই সংশয়ীদের অন্তর্ভুক্ত হয়ো না।

সুরা ইউনুস ১০

৯৫. আর ঐ সব লোকেরও অন্তর্ভুক্ত যারা হয়ো না. আল্লাহর প্রতিপর মিথ্যা আয়াতগুলোকে করেছে, যেন তুমি ধ্বংস হয়ে না যাও।

নিঃসন্দেহে યહ যাদের সম্বন্ধে তোমার প্রতিপালকের কথা সাব্যস্ত হয়ে গিয়েছে, তারা কখনো ঈমান আনবে না।

৯৭, যদিও তাদের নিকট সমস্ত প্রমাণ পৌছে যায়, যে পর্যন্ত না তারা যন্ত্রণাদায়ক শাস্তি দেখে নেয় (কিন্তু তখন ঈমান আনা বৃথা)।

৯৮. সুতরাং এমন কোন জনপদই ঈমান আনেনি যে, তাদের ঈমান আনয়ন উপকারী হয়েছে, ইউনুসের কওম ছাড়া, যখন তারা ঈমান আনলো, তখন আমি তাদের থেকে পার্থিব জীবনে অপমানজনক শাস্তি বিদূরিত করে দিলাম এবং তাদেরকে সুখ-স্বাচ্ছন্দ্যে থাকতে দিলাম এক নির্ধারিত কাল পর্যন্ত ।

فَأَنُ كُنْتَ فِي شَلِقٍ مِّهَا آنْزُلْنَا إِلَيْكَ فَسُعَلِ الَّذِيْنَ يَقْرَءُونَ الْكِتْبَ مِنْ قَيْلِكَ لَقَدُ جَآءَكَ الْحَقُّ مِنْ رَّبِّكَ فَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُمْتَرِيْنَ شَ

> وَلَا تُكُونَنَّ مِنَ الَّذِينَ كُنَّ بُوا بِأَلِتِ اللهِ فَتَكُونَ مِنَ الْخِسِرِيْنَ @

إِنَّ الَّذِينُ كَقَّتُ عَلَيْهِمْ كَلِمَتُ رَبِّكَ الا يُؤْمِنُونَ إِلَ

وَلُوْ جَاءَتُهُمْ كُلُّ إِيَةٍ حَتَّى يَرُوا الْعَذَابَ الألنه ®

فَكُوْ لَا كَانَتُ قَرْبَةٌ امِّنَتُ فَنَفَعَمَّآ إِيْمَانُهُمَّآ إِلاَّ قَوْمَ يُونْشَ مِ لَيَّآ أَمَنُوْ اكْشَفْنَا عَنْهُمْ عَنَاكَ الْخِزْي فِي الْحَيْوةِ التَّانْيَا وَمَتَّعْنَهُمْ إِلَّى ১৯. আর যদি ভোমার প্রতিপালক ইচ্ছা করতেন তাহলে বিশ্বের সকল লোকই ঈমান আনতো; তবে তুমি কি মানুষের উপর জবরদন্তি করতে পার, যাতে তারা ঈমান আনয়ন করে?

১০০. অথচ আল্লাহর হুকুম ছাড়া কারো ঈমান আনা সম্ভব নয়; আর আল্লাহ নির্বোধ লোকদের উপর (কুফরীর) অপবিত্রতা স্থাপন করে দেন।

১০১. তুমি বলে দাওঃ তোমরা চোখ খুলে দেখো, কি কি বস্তু রক্ত্রেছে, আসমানসমূহে ও যমীনে; আর ষারা স্ক্রমান আনয়ন করে না, প্রমাণাদি ও ভয় প্রদর্শন তাদের কোন উপকার সাধন করতে পারে না।

১০২. অতএব, তারা শুধু ঐ লোকদের অনুরূপ ঘটনাবলীর প্রতীক্ষা করছে, যারা তাদের পূর্বে গত হয়ে গেছে, তুমি বলে দাওঃ আচ্ছা তবে তোমরা (ওর) প্রতীক্ষায় থাকো, আমিও তোমাদের সাথে প্রতীক্ষারতদের মধ্যে রইলাম।

১০৩. পরম্ভ আমি স্বীয় রাসূলদেরকে এবং মু'মিনদেরকে বাঁচিয়ে রাখতাম, এরূপেই, আমার উচিত যে আমি মু'মিনদেরকে নাজাত দেই।

১০৪. তুমি বলে দাওঃ হে লোক সকল! যদি তোমরা আমার দ্বীন সম্বন্ধে সন্দিহান হও, তবে আমি সেই মা'বৃদদের ইবাদত করি না وَلُوْشَاءَ رَبُّكَ لَامَنَ مَنْ فِي الْاَرْضِ كُلُّهُمُ جَمِيْعًا ﴿ اَفَانُتَ تُكْرِهُ النَّاسَ حَتَّى يَكُوْنُوْا مُؤْمِنِيْنَ ۞

وَمَا كَانَ لِنَفْسِ اَنْ تُؤْمِنَ اِلاَّ بِإِذْنِ اللهِ ط وَيَجْعَلُ الرِّجْسَ عَلَى الَّذِيْنَ لاَ يَعْقِلُوْنَ ⊕

قُلِ انْظُرُوْا مَا ذَا فِي السَّلُوٰتِ وَالْاَرْضِ ۗ وَمَا تُغْنِي الْالِيْتُ وَالنَّنُّ رُعَنْ قَوْمٍ لَّا يُؤْمِنُوْنَ ۞

> فَهَلْ يَنْتَظِرُوْنَ اِلَّا مِثْلَ اَيَّامِ الَّذِيْنَ خَكُوا مِنْ قَبْلِهِمْ ۚ قُلْ فَانْتَظِرُوْاَ اِلِّيْ مَعَكُمُ مِّنَ الْمُنْتَظِرِيْنَ ⊕

ثُمَّ نُنَبِّى رُسُلَنَا وَ الَّذِينَ المَنُوا كَلْ الكَ عَلَا اللهِ عَلَيْنَ الْمَنُوا كَلْ اللهَ عَلَيْنَ المُنُوا كَلْ اللهُ عَلَيْنَ عَلَيْنَ اللهُ عَلَيْنَ عَلَيْنِ عَلَيْنَا اللّهُ عَلَيْنَ عَلَيْنَ عَلَيْنَ عَلَيْنَ عَلَيْنَ عَلَيْنَ عَلَيْنَ عَلَيْنَ عَلَيْنَا عَلَيْنَ عَلَيْنَا عَلَيْنَ عَلَيْنَا عَلَيْنَ عَلَيْنَا عَلَيْنَا عَلَيْنَا عَلَيْنَا عَلَيْنَا عَلَيْنَ عَلَيْنَا عَلَيْنَا عَلَيْنَا عَلَيْنَا عَلَيْنَا عَلَيْنَانِكَ عَلَيْنَا عَلَيْنِ عَلَيْنَا عَلَيْنَا عَلَيْنَا عَلَيْنَا عَلَيْنَا عَلَيْنَا عَلَيْنَا عَلَيْنَا عَلَيْنَا عَلَيْنِ عَلَيْنَا عَلَيْنَا عَلَيْنَا عَلَيْنِ عَلَيْنَا عَلَيْنَا عَلَيْنِ عَلَيْنِ عَلَيْنِ عَلَى الْعَلَانِ عَلَيْنَا عَلَيْنَا عَلَيْنَا عَلَيْنَا عَلَيْنِ عَلِي عَلَيْنِ عَلَى عَلَيْنِ عَلَيْنِ عَلِيْنَا عَلَيْنِكَ عَلَى عَلَيْنِ عَلَيْنِ عَ

قُلْ يَايَّهُا النَّاسُ اِنْ كُنْتُهُمْ فِى شَكِّ مِّنُ دِيْفِي فَلاَ اَعْبُدُ الَّذِيْنَ تَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللهِ

আল্লাহকে ছেডে তোমরা যাদের ইবাদত কর; কিন্তু আমি সেই ইবাদত মা'বূদের করি. যিনি তোমাদের জান কবজ করেন, আর আমাকে এই আদেশ করা হয়েছে যে, আমি যেন ঈমান আনয়ন-কারীদের দলভুক্ত থাকি।

১০৫. তুমি নিজেকে এই দ্বীনের উপর সুদৃঢ়ভাবে প্রতিষ্ঠিত রাখবে। আর কখনও মুশরিকদের অন্তর্ভুক্ত হয়ো না।

১০৬. আর আল্লাহকে ছেড়ে এমন কিছুকে আহ্বান করো না, যা না তোমার কোন উপকার করতে পারে. না কোন ক্ষতি করতে পারে বস্তুতঃ তুমি যদি এরূপ কর তবে এমতাবস্থায় যালিমদের অন্তর্ভুক্ত হয়ে যাবে।

১০৭, যদি আল্লাহ তোমাকে কোন কষ্টে নিপতিত করেন, তবে তিনি ছাড়া কেউ তা মোচনকারী নেই, আর যদি তিনি তোমার প্রতি কোন কল্যাণ চান, তবে তাঁর অনুগ্রহের কোন অপসারণকারী নেই: তিনি স্বীয় অনুগ্রহ নিজের বান্দাদের মধ্য হতে যাকে চান দান করেন: এবং তিনি অত্যন্ত ক্ষমাশীল, অতিশয় দয়ালু।

১০৮. তুমি বলে দাওঃ হে লোক সকল! তোমাদের কাছে তোমাদের প্রতিপালকের পক্ষ হতে সত্য (ধর্ম) এসেছে, অতএব, যে ব্যক্তি সঠিক পথে আসবে. বস্তুত সে নিজের জন্যেই পথে আসবে. আর যে ব্যক্তি وَلَكِنُ اَعْبُدُ اللهَ الَّذِي يَتَوَفَّى كُمُ اللهَ وَأُمِرْتُ أَنْ أَكُونَ مِنَ الْمُؤْمِنِدُنَ ﴿

وَ أَنْ أَقِهُ وَجُهَكَ لِلدِّيْنِ حَنِيْفًا ۚ وَلَا تُكُونَٰنَ مِنَ الْمُشْرِكِيْنَ ؈

> وَلَا تَكُعُ مِن دُوْنِ اللهِ مَا لَا يَنْفَعُكَ وَلَا يَضُرُّكَ ۚ فِأَنُ فَعَلْتَ فِائَّكَ إِذًّا مِّنَ الظُّلِمِيْنَ الطُّلِمِيْنَ

وَإِنْ يَهْسَسُكَ اللهُ بِضُرِّ فَلَا كَاشِفَ لَهُ إِلَّا هُوَةَ وَإِنْ يُرِدُكَ بِخَيْرٍ فَلَا رَآدٌ لِفَضْلِهِ ﴿ يُصِيْبُ بِهِ مَنْ يَشَاءُ مِنْ عِبَادِهِ ﴿ وَهُو الْغَفُورُ الرَّحِبُمُ ؈

قُلْ لَاَتُهَا النَّاسُ قَلْ جَاءَكُمُ الْحَقُّ مِنُ رَبِّكُمْ الْمُتَالِي فَإِنَّا اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّ لِنَفْسِه * وَمَنْ ضَلَّ فَإِنَّهَا يَضِلُّ عَلَيْهَا *

পথভ্রষ্ট থাকবে, তার পথভ্রষ্টতা তারই উপর বর্তাবে, আর আমাকে তোমাদের উপর দায়বদ্ধ করা হয়নি।
১০৯. আর তুমি তোমার প্রতি প্রেরিত ওহার অনুসরণ কর, আর ধৈর্যধারণ কর এই পর্যন্ত যে, আল্লাহ মীমাংসা করে দেন এবং তিনিই উত্তম মীমাংসাকারী।

وَمَآانَا عَلَيْكُمْ بِوَكِيْلٍ الله

وَاتَّبِغُ مَا يُوْنَى اِلَيْكَ وَاصْدِرُ حَتَّى يَحُكُمَ اللهُ عَوَّهُ مَا يُوْنَى اللهُ عَوْمُ اللهُ عَوْمُ وَخُذِرُ الْخُكِمِينُ فَ

সূরাঃ হুদ, মাক্কী

(আয়াতঃ ১২৩ রুকৃঃ ১০) শুরু করছি আল্লাহর নামে যিনি পরম করুণাময়, অতি দয়ালু।

আলিফ-লাম-রা। এটা (কুরআন)
এমন কিতাব যার আয়াতগুলি
(প্রমাণাদি দ্বারা) মজবুত অকাট্য
করা হয়েছে, অতঃপর বিশদভাবে
বর্ণনা করা হয়েছে, প্রজ্ঞাময়,
মহাজ্ঞাতার পক্ষ হতে।

২. এই (উদ্দেশ্যে) যে, আল্লাহ ছাড়া কারো ইবাদত করো না; আমি (নবী 鑑) তাঁর পক্ষ থেকে তোমাদেরকে ভয় প্রদর্শনকারী ও সুসংবাদদাতা।

৩. আর এই (উদ্দেশ্যে) যে, তোমরা নিজেদের প্রতিপালকের নিকট ক্ষমা প্রার্থনা করো, তৎপর তাঁর প্রতি নিবিষ্ট থাকো, তিনি তোমাদেরকে সুখ-সম্ভোগ দান করবেন, নির্দিষ্ট কাল পর্যন্ত এবং প্রত্যেক অধিক আমলকারীকে অধিক সওয়াব

الَّاسِ كِتْبُ أَخْكِمَتُ الْتُهُ ثُمَّ فُصِّلَتُ مِنَ لَّكُ نُ حَكِيْمِ خَبِيْرٍ أَ

ٱلَّا تَعُبُّكُ وَالِلَّا اللهَ طَاِنَّنِي لَكُمُ مِّمْنُهُ نَنِ يُرُّ وَبَشِيْرٌ ﴿

وَّانِ اسْتَغْفِرُوا رَبَّكُمْ ثُمَّةَ ثُوْبُوَّا اِلَيْهِ يُمَتِّعُكُمْ مَّتَاعًا حَسَنًا اِلَى اَجَلِ مُّسَتَّى وَّيُوْتِ كُلَّ ذِي فَضْلِ فَضُلَهُ ﴿ وَإِنْ تَوَكُوا فَالِّيُّ اَخَافُ عَلَيْكُمُ عَنَابَ يَوْمِ كَبِيْرٍ ﴿ দিবেন, আর যদি তোমরা মুখ ফিরাতেই থাকো, তবে আমি তোমাদের জন্য কঠিন দিনের শাস্তির আশঙ্কা করি।

- আল্লাহরই নিকট তোমাদেরকে
 ফিরে যেতে হবে এবং তিনি প্রত্যেক বস্তুর উপর পূর্ণ ক্ষমতা রাখেন।
- ৫. জেনে রাখো, তারা কৃঞ্চিত করে নিজেদের বক্ষকে যাতে নিজেদের কথাগুলি আল্লাহ হতে লুকাতে পারে; জেনে রেখো, তারা যখন নিজেদের কাপড় (নিজেদের দেহে) জড়ায়, তিনি তখনও সব জানেন যা কিছু তারা চুপে চুপে আলাপ করে এবং যা কিছু প্রকাশ্যে আলাপ করে, নিশ্চয় তিনি তো মনের ভিতরের কথাগুলিও জানেন।

إِلَى اللهِ مَرْجِعُكُمْ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ۞

اَلَّا إِنَّهُمُ يَثْنُوْنَ صُدُورَهُمْ لِيَسْتَخْفُوْا مِنْهُ ﴿ اَلَا حِيْنَ يَسْتَغْشُوْنَ ثِيَابَهُمْ لَا يَعْلَمُ مَا يُسِرُّوْنَ وَمَا يُعْلِنُوْنَ ۚ إِنَّهُ عَلِيْمٌ إِنَاتِ الصُّدُوْدِ ۞ ৬. আর ভূ-পৃষ্ঠে বিচরণকারী এমন কোন প্রাণী নেই যে, তার রিয্ক আল্লাহর যিন্মায় না রয়েছে, আর তিনি তার আবাস (এ জীবদ্দশায়) সম্পর্কে আর তাকে যেখানে সোপর্দ করা হবে (মৃত্যুর পরে) তিনি অবহিত। সবই এক সুস্পষ্ট কিতাবে লোওহে মাহফুযে) লিপিবদ্ধ রয়েছে।

৭. আর তিনিই আসমান ও যমীনকে
সৃষ্টি করেছেন ছ'দিনে এবং সেই
সময় তাঁর আরশ পানির উপরে ছিল
যেন তোমাদেরকে পরীক্ষা করে নেন
যে, তোমাদের মধ্যে উত্তম
আমলকারী কে? আর যদি তুমি বলঃ
নিশ্চয়ই তোমাদেরকে মৃত্যুর পর
জীবিত করা হবে, তখন যে সব
লোক কাফির তারা বলেঃ এটা তো
নিছক স্পষ্ট যাদু।

৮. আর যদি আমি কিছু সময়ের জন্যে তাদের থেকে শান্তিকে মূলতবী করে রাখি তবে তারা বলতে থাকে, সেই শান্তিকে কিসে আটকিয়ে রাখছে? স্মরণ রেখো, যেদিন ওটা তাদের উপর এসে পড়বে, তখন তা কিছুতেই নিবারিত হবে না, আর যা নিয়ে তারা উপহাস করছিল তা এসে তাদেরকে ঘিরে নেবে।

 ৯. আর যদি আমি মানুষকে স্বীয় অনুগ্রহ আস্বাদন করিয়ে তার হতে وَ مَمَا مِنُ كُمَا بِهِ فِي الْاَرْضِ اللَّاعَلَى اللَّهِ مِنْ كُمَا بَعْكَ اللَّهِ مِنْ وَمُسْتَوْدَعَهَا اللهِ رِزْقُهَا وَمُسْتَوْدَعَهَا اللهِ رِزْقُهَا وَمُسْتَوْدَعَهَا اللهِ مِنْ فِي اللهِ عَلَيْهِ فَي كُلُّ فِي كُونِ مِنْ اللهِ عَلَيْهِ فَي اللهِ عَلَيْهِ اللهِ عَلَيْهِ فَي اللهِ عَلَيْهِ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهُ عَلَيْهِ عَلَيْ

وَهُوَ الَّذِي خَكَقَ السَّلُوتِ وَالْأَرْضَ فِي سِتَّةِ

اَيَّامِ وَّكَانَ عَرْشُهُ عَلَى الْهَاءِ لِيَبُلُوكُمْ الْيُكُمُ

اَيَّامِ وَّكَانَ عَرْشُهُ عَلَى الْهَاءِ لِيَبُلُوكُمْ الْيُكُمُ

اَحْسَنُ عَمَلًا وَلَيِن قُلْتَ اِنَّكُمْ مَّبُعُوثُونَ مِنْ

بَعْدِ الْمُوتِ لَيَقُولَنَّ الَّذِينَ كَفَرُوْ النَّ هَنَ اللَّهِ اللَّهُ الللَّهُ اللَّهُ الْمُنْ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الْمُؤْمِنِ اللَّهُ الْمُنْ اللَّهُ اللَّهُ اللَّهُ الْمُنْ الْمُؤْمُ اللَّهُ اللَّهُ الْمُؤْمُ اللَّهُ الْمُؤْمُ اللَّهُ الْمُنْ اللَّهُ الْمُؤْمُ الللَّهُ الْمُؤْمُ الْمُؤْمُ الْمُؤْمُ اللَّهُ الْمُؤْمُ الللَّهُ الْمُؤْمُ اللَّهُ الْمُؤْمُ اللَّهُ الْمُؤْمُ اللللْمُ اللَّهُ الْمُؤْمُ الللَّهُ الْمُؤْمُ اللَّهُ الْمُؤْمُ ا

وَلَيِنُ اَخْرُنَا عَنْهُمُ الْعَنَابَ إِلَى اُمَّةٍ مَّعُدُ وُدَةٍ لَيَقُولُنَّ مَا يَخْسِسُهُ ﴿ اَلَا يَوْمَ يَأْتِيُهُمُ لَيُسَ مَصْرُوفًا عَنْهُمُ وَحَاقَ بِهِمُ مَّا كَانُوا بِهِ يَسْتَهْزِءُونَ ۞

وَلَيِنُ اَذَ قُنَا الْإِنْسَانَ مِنَّا رَحْمَةً ثُمَّ نَزَعْنُهَا

১। আবু হুরাইরা (রাযিআল্লাহ্ আনহ্) নবী করীম (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) থেকে বর্ণনা করেছেন। নবী করীম (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ আল্লাহ্ ডান হাত ভরা। রাত ও দিন ভর খরচ করলেও তা কমে না। তোমরা কি দেখ না আসমান ও যমীনের সৃষ্টির সময় থেকে (আজ পর্যস্ত) তিনি কত (বিপুল পরিমাণে) খরচ করেছেন। তবুও তার ডান হাতের কিছুই কমেনি। আর তাঁর আরশ পানির ওপর অবস্থিত ছিল। তার অন্য হাতে রয়েছে ফয়েয বা কবয। তিনি কখনো তা উত্তোলিত করেন আবার কখানো ভা নিয়মুখী করেন। (বুখারী, হাদীস নং ৭৪১৯)

419

তা ছিনিয়ে নেই, তবে সে নিরাশ ও অকৃতজ্ঞ হয়ে পড়ে।

১০. আর যদি তাকে কোন নিয়ামত আস্বাদন করাই কোন কষ্টের পর যা তার উপর আপতিত হয়েছিল, তখন বলতে শুরু করে, আমার সব দুঃখ-কষ্ট দূর হয়ে গেল; সে গর্ব করতে থাকে।

১১. কিন্তু যারা ধৈর্য ধরে ও ভাল কাজ করে, তারা ব্যতীত। এমন লোকদের জন্যে রয়েছে ক্ষমা এবং বিরাট পুরস্কার।

১২. ফলে হয়তো তুমি অংশ বিশেষ বর্জন করতে চাও ঐ নির্দেশাবলী হতে যা তোমার প্রতি ওহী যোগে প্রেরিত হয়, আর তোমার মন সঙ্কুচিত হয় এই কথায় যে, তারা বলেঃ তার প্রতি কোন ধনভান্ডার কেন নাযিল হলো না? অথবা তার সাথে কোন ফেরেশতা কেন আসলো না? (হে নবী 變)! তুমি তো শুধু ভয় প্রদর্শক আর আল্লাহই হচ্ছেন প্রত্যেক বস্তুর উপর পূর্ণ দায়িত্বভার গ্রহণকারী।

১৩. তবে কি তারা বলে যে, ওটা সে
নিজেই রচনা করেছে? তুমি বলে
দাওঃ তাহলে তোমরাও ওর অনুরূপ
রচিত দশটি সূরা আনয়ন কর এবং
আল্লাহ ছাড়া যাকে যাকে পার ডাক,
যদি তোমরা সত্যবাদী হও।

১৪. অতঃপর যদি তারা তোমাদের ফরমাইশ পূর্ণ করতে না পারে তবে مِنْهُ إِنَّهُ لِيَوْسٌ كَفُورٌ ۞

وَلَيِنُ اَذَ قُنْكُ نَعْمَاءَ بَعْنَ ضَوَّاءَ مَسَّتُهُ لَيَقُولَنَّ ذَهَبَ السَّيِّبَاتُ عَنِّىُ النَّكَ لَفَرِحٌ فَخُورٌ ﴿

إِلَّا الَّذِيْنَ صَبَرُوا وَعَمِلُوا الطَّلِحَتِ الْوَلَيِكَ لَهُمْ مَّغْفِرَةٌ وَّ اَجْرٌ كَبِيرٌ ﴿

فَلَعَلَّكَ تَارِكُ بَعُضَ مَا يُوخَى اِلَيْكَ وَضَالِقُ بِهِ صَدْرُكَ آنَ لَيْقُولُواْ لَوْ لَاۤ اُنْزِلَ عَلَيْهِ كَنْزُ آوْجَاءَ مَعَهُ مَلَكُ النَّبَاۤ آنْتَ نَنِيْدُو وَاللهُ عَلَى كُلِّ شَيْءٍ وَكِيْلُ ﴿

ٱمۡرِيَقُوْلُونَ افۡتَرَٰكُ ۖ قُلُ فَٱتُواۡ بِعَشۡرِسُورٍ مِّثَٰلِهِ مُفۡتَرَٰئِتٍ قَادُعُوا مَنِ اسۡتَطَعۡتُمۡ مِّنُ دُونِ اللّٰهِ إِنۡ كُنۡتُمُ طِهِ قِيۡنَ ۞

فَإِلَّهُ يَسْتَجِيْبُوا لَكُمْ فَاعْلَمُوۤا ٱنَّهَاۤ ٱنْزِلَ بِعِلْمِ

তোমরা দৃঢ় বিশ্বাস রাখো যে, এই কুরআন অবতীর্ণ হয়েছে আল্লাহরই জ্ঞান (ক্ষমতা) দ্বারা, আর এটাও যে, তিনি ছাড়া আর কোন সত্য মা'বৃদ নেই. তবে এখন তোমরা আত্মসম্পর্ণ করবে কিং

১৫. যারা তথু পার্থিব জীবন ও ওর জাঁকজমক কামনা করে. আমি তাদেরকে তাদের কৃতকর্মগুলি (-র ফল) দুনিয়াতেই পরিপূর্ণরূপে প্রদান করে দেই এবং দুনিয়াতে তাদের জন্যে কিছুই কম করা হয় না।

১৬. এরা এমন লোক যে, তাদের জন্যে আখেরাতে জাহান্নাম ছাড়া আর কিছুই নেই. আর তারা যা কিছ করেছিল তা সবই আখেরাতে অকেজো হয়ে যাবে এবং যা কিছু করছে তাও বিফল হবে।

১৭. অতঃপর যে তার রবের পক্ষ থেকে আসা সুস্পষ্ট প্রমাণের উপর রয়েছে এবং তাকে তেলাওয়াত করেন তাঁর পক্ষ থেকে একজন সাক্ষী (মুহাম্মাদ 🍇) এবং তাঁর পূর্ববর্তী মৃসার কিতাব যা পথ প্রদর্শক ও রহমত স্বরূপ। এমন লোকেরাই এর (কুরআনের) প্রতি ঈমান রাখে; আর অন্যান্য সম্প্রদায়ের যে ব্যক্তি এই কুরআন অমান্য করবে, তবে দোযখ হবে তার প্রতিশ্রুত স্থান, অতএব তুমি এই (কুরআন) সম্পর্কে সন্দেহে পতিত হয়ো না, নিঃসন্দেহে কিতাব এটা সত্য তোমার প্রতিপালকের সন্নিধান হতে; কিন্তু

الله وَأَنْ لَا الْهَ إِلَّا هُو اللَّهِ أَنْ فَهُلُ أَنْتُمْ مُّسْلِمُونَ ﴿

مَنْ كَانَ يُرِيْكُ الْحَلِوةَ الدُّنْيَا وَ زِيْنَتَهَا نُوَفِّ اِلَيْهِمُ اَعْمَالَهُمْ فِيْهَا وَهُمْ فِيْهَا لا يُبْخَسُونَ @

أُولَيْكَ الَّذِينَ لَيْسَ لَهُمْ فِي الْأَخِرَةِ إِلَّا النَّارُ اللَّهِ وَحَبِطُ مَا صَنَعُوْا فِيْهَا وَلِطِلُّ مَّا كَانُوا يَعْمَلُونَ 🛈

ٱفَكَنُ كَانَ عَلَى بَيِّنَةٍ مِّنُ رَّبِّهِ وَيَتُلُوٰهُ شَاهِدٌ مِّنْهُ وَمِنْ قَبْلِهِ كِتْبُ مُوْسَى إِمَامًا وَّرَحْمَةً مُ أُولِيكَ يُؤْمِنُونَ بِهِ مَ وَمَنْ يَكُفُرُ بِهِ مِنَ الْاَحْزَابِ فَالنَّارُ مُوْعِدُهُ وَ فَلا تَكُ فِي مِرْيَةٍ مِّنْهُ ۚ إِنَّهُ الْحَقُّ مِنْ رَّبِّكَ وَلَكِنَّ ٱكْثُرَ النَّاسِ لَا يُؤْمِنُونَ @ অধিকাংশ লোক ঈমান আনয়ন করে না।

১৮. আর ঐ ব্যক্তি অপেক্ষা অধিক অত্যাচারী কে হবে, যে আল্লাহর প্রতি মিথ্যা আরোপ করে? এরূপ লোকদেরকে তাদের প্রতিপালকের সামনে পেশ করা হবে এবং সাক্ষীগণ (ফেরেশতাগণ) বলবেনঃ এরা ঐ লোক যারা নিজেদের প্রতিপালকের সম্বন্ধে মিথ্যা কথা আরোপ করেছিল, জেনে রেখো, এমন অত্যাচারীদের উপর আল্লাহর অভিশাপ।

১৯. যারা অপরকে আল্লাহর পথ হতে নিবৃত্ত রাখতো এবং ওতে বক্রতা বের করার চেষ্টায় লিপ্ত থাকতো; আর তারা পরকালেরও অমান্যকারী ছিল।

২০. তারা (সমগ্র) ভূ-পৃষ্ঠে আল্লাহকে অক্ষম করতে পারে নাই, আর না তাদের জন্যে আল্লাহ ছাড়া কেউ সহায়কও হলো, এরূপ লোকদের وَمَنُ اَظْلَمُ مِثَنِ افْتَرَى عَلَى اللهِ كَنِبًا الْهِ الْآلِيكَ يُعْدَرُ اللهِ كَنِبًا اللهِ اللهِ كَنِبًا اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ عَلَى اللهِ اللهِ عَلَى اللهِ اللهِ اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ اللهِ اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ اللهُ اللهِ الللهِ اللهِ ا

الَّذِيْنَ يَصُنُّ وُنَ عَنْ سَبِيْلِ اللَّهِ وَيَبْغُوْنَهَا عِوَجًا ۗ وَهُمُ بِالْاٰخِرَةِ هُمُ كُفِرُونَ ۞

ٱولَٰإِكَ لَمْ يَكُونُواْ مُعْجِزِيْنَ فِي الْأَرْضِ وَمَا كَانَ لَهُمُ مِّنْ دُوْنِ اللهِ مِنْ اَوْلِيَآءَ مَ يُضْعَفُ لَهُمُ

১। সাফওয়ান ইবনে মুহরিয বর্ণনা করেছেন। একদিন আমি ইবনে উমর (রাযিআল্লান্থ আনন্থমা)-এর সঙ্গে (কাবা শরীফ) তাওয়াফ করছিলাম। এমনি সময় এক ব্যক্তি এসে হাযির হলো এবং ইবনে উমর (রাযিআল্লান্থ আনন্থ) কে সমোধন করে বললো, হে আবু আবদুর রহমান, কিংবা বলেছে, হে ইবনে উমর (রাযিআল্লান্থ আনন্থ), আপনি কি নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) থেকে কিয়ামতের দিন আল্লান্থ তা'আলা এবং ঈমানদারদের মধ্যকার গোপন আলোচনা সম্পর্কে কিছু গুনেছেন? তিনি জবাব দিলেন, হাা, আমি গুনেছি, নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বলেন, (কিয়ামতের দিন) ঈমানদারকে রাব্দুল আলামীনের এত নিকটে আনা হবে যে, আল্লাহ্ তা'আলা ঈমানদারের কাঁধে হাত রেখে তার গুনাহ সমূহের স্বীকারোজি আদায় করিয়ে নেবেন। তাকে জিজ্ঞেস করবেন, অমুক গুনাহ জানা আছে কি? মনে আছে কি? ঈমানদার বলবে, হে আমার পরওয়ারদিগার, আমি আমার গুনাহর কথা স্বীকার করছি, এমন এমন গুনাহ অবশ্যই আমার থেকে সংঘটিত হয়েছে। সুতরাং এভাবে দু'বার ঈমানদার স্বীকার করবে। অতঃপর আল্লাহ্ তা'আলা বলবেন, আমি দুনিয়ায় তোমার গুনাহ ও অপরাধ গোপন রেখেছি; কিন্তু আজ তোমাকে মাফ করে দিচ্ছি। তারপর তার নেক কাজসমূহের আমলনামা ভাঁজ করে (তার হাতে) দেয়া হবে।

পক্ষান্তরে অপর দল তথা কাফেরদেরকে সাক্ষী-সমক্ষে ডেকে বলা হবে, এরাই ছিল সেসব লোক, যারা তাদের রবের ওপর মিথ্যারোপ করেছিল। (বুখারী, হাদীস নং ৪৬৮৫)

জন্যে দিগুণ শাস্তি হবে, এরা না শুনতে সক্ষম হচ্ছিল, আর না তারা (সত্যপথ) দেখতে ছিল।

২১ এরা সেই লোক যারা নিজেরা নিজেদের সর্বনাশ করে ফেলেছে. আর তারা যা কিছু রচনা করেছিল তা সবই তাদের নিকট হতে হারিয়ে গেছে।

২২. এটা সুনিশ্চিত যে, আখেরাতে এরাই হবে সর্বাধিক ক্ষতিগ্রস্থ।

২৩, নিশ্চয় যারা ঈমান এনেছে এবং সৎ কার্যাবলী সম্পন্ন করেছে, আর নিজেদের প্রতিপালকের প্রতি ঝুঁকে পডেছে. এরূপ লোকেরাই হচ্ছে জান্লাতবাসী, তাতে তারা অনন্তকাল থাকবে।

২৪. দু'টি সম্প্রদায়ের দৃষ্টান্ত এরূপ— যেমন এক ব্যক্তি যে অন্ধ ও বধির এবং আর এক ব্যক্তি যে দেখতেও পায় ও শুনতে পায় এই দু'ব্যক্তি কি তুলনায় সমান হবে? (কখনও নয়) তবুও কি তোমরা বুঝ না?

২৫. আর আমি নূহকে (﴿﴿إِلَٰهُ) তাঁর কওমের নিকট রাসূলরূপে প্রেরণ করেছি, (নৃহ বললেন) আমি তোমাদের স্পষ্ট জন্যে ভয় প্রদর্শনকারী।

২৬. যে. তোমরা আল্লাহ ছাড়া আর কারো ইবাদত করো না. আমি ভীষণ উপর তোমাদের এক যন্ত্রণাদায়ক দিনের শাস্তির আশঙ্কা করছি ।

الْعَذَابُ ﴿ مَا كَانُواْ يَسْتَطِينُعُونَ السَّيْعَ وَمَا كَانُواْ روم پیصرون ⊕

ٱولٓؠِكَ الَّذِيْنَ خَسِرُوٓۤا ٱنْفُسَهُمْ وَضَلَّ عَنْهُمْ مَّا كَانُوا يَفْتُرُونَ ٠

لَا جَرَمَ انَّهُمْ فِي الْأَخِرَةِ هُمُ الْأَخْسَرُونَ ٠

إِنَّ الَّذِينَ أَمَنُوا وَ عَمِكُوا الصَّلِحْتِ وَ أَخْبَتُوْآ إلى رَبِّهِمُ لا أُولَلِّكَ أَصْحُبُ الْجَنَّةِ * هُمْ فِيْهَا خلىكۇن 🕝

مَثَلُ الْفَرِيْقَيْنِ كَالْأَعْلِي وَالْاَصَةِ وَالْبَصِيْرِ وَالسَّمِيْعِ d هَلْ يَسْتُولِن مَثَلًا ﴿ أَفَلَا تَلُكُّونَ شَ

> وَلَقَكُ ٱزْسَلُنَا نُوْحًا إِلَى قَوْمِهَ نَا نِيْ لَكُمْ زِن بُرُّ مُّبِينٌ [۞]

اَنْ لاَّ تَعْمِدُ وَآ اِلاَّ اللهَ طَ إِنِّيْ اَخَافُ عَلَيْكُمُ ا عَنَابَ يَوْمِ ٱلِيْمِ 🛈 পারা ১২ 423

২৭. অনন্তর তার সম্প্রদায়ের মধ্যে যেসব নেতৃস্থানীয় লোক কাফির ছিল তারা বলতে লাগলোঃ আমরা তো তোমাকে আমাদেরই মতো মানুষ দেখতে পাচ্ছি, আর আমরা দেখছি যে, শুধু ঐ লোকেরাই তোমার অনুসরণ করছে যারা আমাদের মধ্যে নিতান্তই হীন ও গরীব, তাও আবার শুধু স্কুল বুদ্ধি অনুসারে; আর আমাদের উপর তোমাদের কোন শ্রেষ্ঠত্বও আমরা দেখছি না; বরং আমরা তোমাদেরকে মিথ্যাবাদীই মনে করছি।

২৮. তিনি বললেনঃ হে আমার কওম! আছো বলতো আমি যদি স্বীয় প্রতিপালকের পক্ষ হতে প্রমাণের উপর থাকি এবং তিনি আমাকে নিজ সন্নিধান হতে রহমত (নবুওয়াত) দান করে থাকেন, অতঃপর ওটা তোমাদের বোধগম্য না হয়, তবে কি আমি ওটা তোমাদের উপর জোরপূর্বক চাপিয়ে দেবো, অথচ তোমরা ওটা অবজ্ঞা করতে থাকো?

২৯. আর হে আমার কওম! আমি এতে তোমাদের কাছে কোন ধনসম্পদ চাচ্ছি না; আমার বিনিময়
তো শুধু আল্লাহর যিন্মায় রয়েছে,
আর আমি তো এই মু'মিনদেরকে
ধাক্কা দিয়ে বের করে দিতে পারি না;
নিশ্চয় তারা নিজেদের প্রতিপালকের
সমীপে গমনকারী, পরম্ভ আমি
তোমাদেরকে নির্বোধ কওমরূপে
দেখছি।

فَقَالَ الْمَلَاُ الَّذِيْنَ كَفَرُوا مِنْ قَوْمِهِ مَا نَزْكَ إِلَّا بَشَرًا مِّثُلُنَا وَمَا نَزْكَ النَّبَعَكَ إِلَّا الَّذِيْنَ هُمُ اَدَاذِلُنَا بَادِى الرَّانِيَّ وَمَا نَزٰى لَكُمُ عَلَيْنَا مِنْ فَضْلٍ بَلْ نَظْئُكُمُ كُذِبِيْنَ ®

قَالَ لِقَوْمِ آرَءَيْتُمْ اِنْ كُنْتُ عَلَى بَيِّنَةٍ مِّنْ رَقِيْ وَالْمَنِيْ رَحْمَةً مِّنْ عِنْمِامٍ فَعُتِّيَتُ عَلَيْكُمُ ا ٱنْلُذِهُكُمُوْهَا وَٱنْتُمْ لَهَا كُرِهُوْنَ ۞

وَ لِقُوْمِ لَآ اَسْئَلُكُمْ عَلَيْهِ مَالَا ﴿إِنْ اَجْرِى اِلاَّ عَلَى اللهِ وَمَا آنَا بِطَارِدِ الَّذِيْنَ اَمَنُوْا ﴿ إِنَّهُمُ مُّلْقُوْا رَبِّهِمْ وَلَكِنِّنَّ اَرْكُمْ قَوْمًا تَجْهَانُونَ ۞

هود ۱۱

৩০. আর হে আমার কওম! আমি যদি তাদেরকে বের করেই দেই তবে আল্লাহর পাকডাও হতে কে আমাকে রক্ষা করবে? তোমরা কি এতটুকু বুঝ না?

৩১ আর আমি তোমাদেরকে এই কথা বলছি না যে, আমার নিকট আল্লাহর সকল ধন-ভান্ডার রয়েছে এবং আমি (একথা বলছি না যে আমি) অদশ্যের কথা জানি। আর আমি এটাও বলি না যে, আমি ফেরেশতা। আর যারা তোমাদের চোখে হীন আমি তাদের সম্বন্ধে এটা বলতে পারি না যে, আল্লাহ কখনো নিয়ামত তাদেরকে কোন করবেন না। তাদের অন্তরে যা কিছ আছে তা আল্লাহ উত্তমরূপে জানেন. আমি তো এরূপ বললে অন্যায়ই করে ফেলব।

৩২. তারা বললোঃ হে নূহ (﴿﴿اللَّهُ اللَّهُ اللَّالِي اللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ তুমি আমাদের সাথে বিতর্ক করেছো, অনন্তর সেই বিতর্ক অনেক বেশি করেছো, সুতরাং যে সম্বন্ধে আমাদেরকে ভয় আমাদের সামনে আনয়ন কর. যদি তুমি সত্যবাদী হও।

৩৩. তিনি বললেনঃ ওটা তো আল্লাহ তোমাদের সামনে আনয়ন করবেন যদি তিনি ইচ্ছা করেন এবং তোমরা তাঁকে অক্ষম করতে পারবে না।

৩৪, আর আমার দিক নির্দেশনা (নসীহত) তোমাদের উপকারে আসতে পারে না, আমি তোমাদের যতই মঙ্গল কামনা করতে চাই না وَيْقُوْمِ مَنْ يَّنْصُرُنِيُّ مِنَ اللهِ إِنْ طَرَدْتُهُمْ لِمَ أَفَلَا تَنَاكُّدُونَ @

وَلاَ ٱقُولُ لَكُمْ عِنْدِي خَزَآيِنُ اللَّهِ وَلاَ ٱعْلَمُ الْغَيْبَ وَلَا آقُولُ إِنِّي مَلَكٌ وَّلَا آقُولُ لِلَّذِينَ تَزْدَرِي آعْيُنْكُمْ لَنُ يُؤْتِيهُمُ اللهُ خَيْرًا اللهُ ٱعُكُمُ بِمَا فِي ٱنْفُسِهِمُ ﴿ إِنِّي ٓ إِذًا لَّهِنَ الظّلِينُن 🖫

قَالُوا لِنُوْحُ قَلُ لِمِلْلَتُنَا فَٱكْثُرْتَ حِدَالَنَا فَأْتِنَا بِمَا تَعِدُنَا إِنْ كُنْتَ مِنَ الصِّدِقِيْنَ ®

قَالَ إِنَّهَا يَأْتِيَكُمُ بِهِ اللَّهُ إِنْ شَاءَ وَمَآ ٱنْتُمُ بِبُغُجِزِيْنَ 🕾

وَلَا يَنْفَعُكُمُ نُصُحِيْ إِنْ اَرَدُتُ اَنْ اَنْصَحَ لَكُمْ إِنْ كَانَ اللهُ يُرِيْدُ أَنْ يُغُويَكُمْ لَهُ هُوَ

هود ۱۱

কেন. যদি আল্লাহরই তোমাদেরকে পথভ্রম্ভ করার ইচ্ছা হয়; তিনিই তোমাদের প্রতিপালক, আর তাঁরই কাছে তোমাদেরকে ফিরে হবে।

৩৫. তবে কি তারা বলেঃ সে (মুহাম্মদ 🆔 এটা (কুরআন) নিজেই রচনা করেছে। তুমি বলে দাওঃ যদি আমি তা নিজে রচনা করে থাকি তবে আমার এই অপরাধ আমার উপর বর্তিবে, আর আমি তোমাদের এই অপরাধ হতে সম্পর্ণ মুক্ত।

৩৬. আর নৃহের (রুট্রা) প্রতি ওহী প্রেরিত হলো, যারা ঈমান এনেছে তারা ছাডা তোমার কওম হতে আর কেউ ঈমান আনবে না, কাজেই যা তারা করছে তাতে তুমি মোটেই দুঃখ করো না।

৩৭. আর তুমি আমার চোখের সামনে ও আমার নির্দেশক্রমে নৌকা নির্মাণ কর, আর আমার যালিমদের সম্পর্কে কোন কথা বলো না, তাদের সকলকে নিমজ্জিত করা হবে।

৩৮. তিনি নৌকা নির্মাণ করতে লাগলেন, আর যখনই তাঁর কওমের সরদারদের মধ্যে যে তাঁর নিকট দিয়ে গমন করতো, তখনই তাঁর সাথে উপহাস করতো, বলতেনঃ যদি তোমরা আমাদেরকে رَتُكُمُ مَّ وَ إِلَيْهِ تُرْجَعُونَ ۗ

أَمْ يَقُولُونَ افْتَرَابِهُ ﴿ قُلْ إِنِ افْتَرَيْتُهُ فَعَلَيَّ اجْرَاهِيْ وَأَنَا بَرِيْءٌ قِبًّا تُجْرِمُونَ ﴿

وَ أُوْجِيَ إِلَى نُوْجٍ أَنَّهُ لَنْ يُؤْمِنَ مِنْ قَوْمِكَ إِلَّا مَنْ قَدُ امَنَ فَلَا تُبْتَرِسُ بِمَا كَانُوْا نفعلون ۾

وَاصُنَعِ الْفُلُكَ بِاَعْيُنِنَا وَوَحْبِنَا وَلَا تُخَاطِبْنِي فِي الَّذِيْنَ ظَلَبُواءِ انَّهُمُ مُّغُودُونَ ۞

وَ يَضْنُعُ الْفُلْكَ وَكُلَّمَا مَرَّ عَكَيْهِ مَلاٌّ مِّنْ قَوْمِهِ سَخِرُوا مِنْهُ مِقَالَ إِنْ تَسْخَرُوا مِنَّا فَإِنَّا نَسُخَرُ مِنْكُمْ كَيَا تَسْخُوْنَ أَمُ

১। টীকাঃ এই আয়াতে আল্লাহ পাকের "চোখ"-এর প্রমাণ করে। এর প্রতি বিশ্বাস রাখা অপরিহার্য কর্তব্য। চোখকে অন্য অর্থে প্রকাশ করা আহলে সুন্নাত ওয়াল জামা'আতের আকীদা পরিপন্থী।

هود اا

উপহাস কর তবে আমরাই (একদিন) তোমাদের উপহাস করবো, যেমন তোমরা আমাদেরকে উপহাস করছো।

৩৯. সুতরাং সত্তরই তোমরা জানতে পারবে যে, সে কোন ব্যক্তি যার উপর এমন আযাব আসার উপক্রম হয়েছে যা তাকে লাঞ্ছিত করে দেবে এবং তার উপর চিরস্তায়ী আযাব নাযিল হবে ৷

৪০. অবশেষে যখন আমার ফরমান এসে পৌছলো এবং চুলা (হতে পানি) উথলিয়ে উঠতে লাগলো আমি বললাম, প্রত্যেক জীবের এক-এক জোড়া, দু'দুটি করে তাতে (নৌকাতে) উঠিয়ে নাও এবং নিজ পরিবার বর্গকেও, তাকে ছাড়া যার সম্বন্ধে পূর্বে নির্দেশ হয়ে গেছে এবং অন্যান্য মু'মিনদেরকে; আর অল্প কয়েকজন ছাডা কেউই তাঁর সাথে ঈমান আনে নাই।

৪১. আর তিনি (নৃহ র্ট্ড্রা) বললেনঃ তোমরা এতে (নৌকায়) আরোহণ করো, এর গতি ও এর অবস্থান আল্লাহরই নামে: নিশ্চয় क्रभागील. আমার প্রতিপালক দয়াবান।

৪২. আর সেই নৌকাটিই তাদেরকে নিয়ে পর্বত তুল্য তরঙ্গের মধ্যে চলতে লাগলো, আর নৃহ (২৬টা) স্বীয় পত্ৰকে ডাকতে লাগলেন এবং সে ছিল ভিন্ন স্থানে, হে আমার পুত্র! আমাদের সাথে সওয়ার হও এবং কাফিরদের সাথে থেকো না।

فَسَوْفَ تَعُلَبُونَ مَنْ يَأْتِيْهِ عَذَابٌ يُخْزِيْهِ وَ يَجِلُّ عَلَيْهِ عَنَاكٌ مُّقَيْمٌ 🗇

حَتِّي إِذَا جَاءَ أَمْرُنَا وَفَارَ التَّنُّورُ " قُلْنَا احْبِلْ فَهُا مِنْ كُلِّ زُوْجَانِينِ اثْنَانِينَ وَأَهْلَكَ إِلَّا مَنْ سَبَقَ عَلَيْهِ الْقَوْلُ وَمَنْ أَمَنَ لَ وَمَنْ أَمَنَ مَعَةً الاً قَليُكُ ®

وَ قَالَ ازْكَبُوْا فِيْهَا بِسُمِ اللَّهِ مَجْرِيهَا وَمُرْسِبِهَا ۗ ِانَّ رَبِّنُ لَغَفُوْرٌ رَّحِيْمُ @

وَهِيَ تَجْرِيُ بِهِمْ فِيْ مَوْجٍ كَالْهِجَالِ^جُ وَنَادَى نُوْحُ^جُ ابْنَهُ وَكَانَ فِي مَعْزِلِ يُنْبُقُ الْكَبْ مَّعَنَا وَلا تُكُنْ مَّعَ الْكَفِرِينَ @

هـود ۱۱

৪৩. সে বললোঃ আমি এখনই কোন পাহাড়ে আশ্রয় গ্রহণ করবো যা আমাকে পানি হতে রক্ষা করবে। তিনি (নৃহ ক্লেন্ড্রা) বললেনঃ আজ আল্লাহর শাস্তি হতে কেউই রক্ষাকারী নেই: কিন্তু যার উপর তিনি দয়া করেন, ইতিমধ্যে তাদের উভয়ের মাঝে একটি তরঙ্গ অন্তরাল হয়ে নিমজ্জিত পড়লো. ফলে সে লোকদের অন্তর্ভুক্ত হয়ে গেল।

88. আর আদেশ হলোঃ হে যমীন স্বীয় পানি গিলে নাও এবং হে আসমান! থেমে যাও, তখন পানি কমে গেল ও ঘটনার পরিসমাপ্তি ঘটলো, আর নৌকা জুদী (পাহাড়)-এর উপর এসে থামলো, আর বলা হলোঃ অন্যায়কারীরা আল্লাহর রহমত হতে দূরে।

86. নূহ (১৬৯৯৯) নিজ প্রতিপালককে ডাকলেন এবং বললেনঃ হে আমার প্রতিপালক! আমার এই প্রতটি আমার পরিবারবর্গেরই অন্তর্ভক্ত আর আপনার ওয়াদাও সম্পূর্ণ সত্য এবং শ্ৰেষ্ঠ আপনি সমস্ত বিচারকের বিচারক।

৪৬. তিনি (আল্লাহ) বললেনঃ হে নুহ! এই ব্যক্তি তোমার পরিবারের

قَالَ سَاٰوِي إِلَى جَبِلِ يَعْصِينِي مِنَ الْبَاّءِ مِقَالَ لَاعَاصِمَ الْيَوْمَ مِنُ أَمُو اللهِ إِلاَّ مَنْ رَّحِمَ عَ وَحَالَ بَيْنَهُمَا الْبَوْجُ فَكَانَ مِنَ الْبُغُ قَانَ @

وَقِيْلَ يَأْرُضُ ابْلَعِيْ مَآءِكِ وَلِيسَمَآءُ أَقْلِعِيْ وَغِيْضَ الْيَاءُ وَ قُضِيَ الْأَمْرُ وَاسْتَوَتُ عَلَى الْجُوْدِيّ وَقِيْلَ يُعُمَّا لِلْقَوْمِ الظِّلِمِيْنَ ۞

وَنَادِي نُوْحٌ رَّبُّهُ فَقَالَ رَبِّ إِنَّ ابْنِي مِنْ ٱهْلِي وَ إِنَّ وَعْدَاكَ الْحَقُّ وَ أَنْتَ أَحْكُمُ الْحَكِمِيْنَ ®

قَالَ لِنُوْحُ إِنَّهُ لَيْسَ مِنْ آهْلِكَ ۚ إِنَّهُ عَمَلٌ عَمَلٌ

১। আবৃ সাঈদ খুদরী (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহু (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এরশাদ করেছেনঃ যখন কোন ব্যক্তিকে খলিফা বা প্রতিনিধি নিযুক্ত করা হয় তার জন্য দু'দল পরামর্শদাতা থাকে একদল পরামর্শ দাতা তাকে ভাল ও সংকাজ করার পরামর্শ প্রদান করে এবং ভাল ও সংকাজ করার জন্য উৎসাহিত করে থাকে। আর একদল পরামর্শদাতা তাকে খারাপ ও অন্যায় কাজ করার পরামর্শ প্রদান করে এবং অন্যায় ও খারাপ কাজের প্রতি উৎসাহিত করে থাকে। আর মা'সম হবে সেই ব্যক্তি আল্লাহ যাকে রক্ষা করবেন। (বুখারী, হাদীস নং ৬৬১১)

অন্তর্ভুক্ত নয়, সে অসৎ কর্মপরায়ণ, অতএব, তুমি আমার কাছে এমন বিষয়ের আবেদন করো না, যে সম্বন্ধে তোমার জ্ঞান নেই; আমি তোমাকে উপদেশ দিচ্ছি যে, তুমি অজ্ঞ লোকদের অন্তর্ভুক্ত হয়ো না।

89. সে (নূহ ব্রুট্রা) বললোঃ হে আমার প্রতিপালক! আমি আপনার নিকট এমন বিষয়ের আবেদন করা থেকে আশ্রয় চাচ্ছি, যে সম্বন্ধে আমার জ্ঞান নেই, আর যদি আপনি আমাকে ক্ষমা না করেন এবং আমার প্রতি দয়া না করেন, তবে আমি সম্পূর্ণরূপে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হয়ে যাবে।

8৮. বলা হলোঃ হে নৃহ (﴿﴿﴿﴿﴾﴾)!
অবতরণ কর আমার পক্ষ হতে
সালাম ও বরকতসমূহ তোমার উপর
এবং সেই দলসমূহের উপর যারা
তোমার সাথে রয়েছে; আর অনেক
দল এরূপও হবে যাদেরকে আমি
(কিছুকাল দুনিয়ার) সুখ-সাচ্ছন্দ্য
দান করবো, তৎপর তাদেরকে স্পর্শ
করবে আমার পক্ষ হতে কঠিন
শান্তি।

8%. এটা হচ্ছে গায়েবী সংবাদ
সমূহের অন্তর্ভুক্ত, যা আমি তোমার
(হে মুহাম্মাদ ﷺ) কাছে ওহী
মারফত পৌছিয়ে দিচ্ছি, ইতিপূর্বে
এটা না তুমি জানতে, আর না
তোমার কওম; অতএব, তুমি ধৈর্য
ধারণ কর; নিশ্চয় শুভ পরিণাম
মুত্তাকীদের জন্যেই।

غَيْرُ صَالِحٍ وَ فَلَا تَسْعَلُنِ مَا لَيْسَ لَكَ بِهِ عِلْمٌ اللَّهِ عَلَمٌ اللَّهِ عَلَمٌ الْجَهِلِيْنَ ﴿

قَالَ رَبِّ إِنِّنَ آعُودُ بِكَ آنُ آسُنَكَكَ مَاكَيْسَ لِيُ بِهِ عِلْمٌ ﴿ وَإِلاَّ تَغْفِرُ لِي وَ تَرْحَمُنِنَ آكُنُ مِّنَ الْخُسِرِيْنَ ۞

قِيْلَ لِنُوْخُ اهْبِطْ بِسَلْمِرِقِنَّا وَبَرَّكْتٍ عَكَيْكَ وَعَلَّى ٱمَمِرِقِّتَنْ مَّعَكَ لَا ٱمَمَّ سَنُبَتِّعُهُمْ ثُمَّ يَمَسُّهُمُ قِنَّا عَنَابٌ ٱلِيُمُّ

تِلْكَ مِنْ اَنْبَآءِ الْغَيْبِ نُوْحِيْهَآ اِلَيْكَ مَا كُنْتَ تَعْلَمُهَآ اَنْتَ وَلاَ قَوْمُكَ مِنْ قَبْلِ هٰذَا هُ فَاصْبِرْ مَا إِنَّ الْعَاقِبَةَ لِلْمُتَّقِيْنَ أَهُ ৫০. আর আ'দ (সম্প্রদায়)-এর প্রতি তাদের ভাই হুদ (﴿﴿﴿﴿﴾﴾)-কে (রাসূলরূপে প্রেরণ করলাম;) তিনি বললেনঃ হে আমার কওম! তোমরা আল্লাহর ইবাদত করু তিনি ছাডা তোমাদের কোন সত্য মা'বৃদ নেই, তোমরা শুধু মিথ্যা উদ্ভাবনকারী।

৫১. হে আমার কওম! আমি এর জন্যে তোমাদের কাছে কোন বিনিময় চাই না. আমার বিনিময় শুধু তারই যিম্মায় রয়েছে যিনি আমাকে সৃষ্টি করেছেন; তবুও কি তোমরা বুঝ না? ৫২, আর হে আমার কওম! তোমরা তোমাদের প্রতিপালকের নিকট ক্ষমা প্রার্থনা কর, অতঃপর তাঁরই পানে নিবিষ্ট হও, তিনি তোমাদের উপর প্রচুর বৃষ্টি বর্ষণ করবেন তোমাদেরকে আরো শক্তি প্রদান করে তোমাদের শক্তিকে বর্ধিত করে দেবেন, আর তোমরা অপরাধী হয়ে মুখ ফিরিয়ে নিয়ো না।

৫৩. তারা বললোঃ হে হুদ (২৬৯৯) তুমি তো আমাদের সামনে কোন প্রমাণ উপস্থাপন কর নাই এবং তোমার কথায় তো আমাদের উপাস্য দেবতাদেরকে বর্জন করতে পারি না. আর আমরা কিছুতেই তোমার প্রতি বিশ্বাস স্থাপনকারী নই।

৫৪. আমাদের কথা তো এই যে. আমাদের উপাস্য দেবতাদের মধ্য হতে কেউ তোমাকে দুর্দশায় ফেলে দিয়েছে: তিনি আমি বললেনঃ সাক্ষী করছি এবং আল্লাহকে

وَإِلَّى عَادِ آخَاهُمُ هُودًا مِ قَالَ لِقُوْمِ اعْبُدُوا اللَّهَ مَا لَكُمْ مِّنَ إِلَهِ غَيْرُهُ ﴿ إِنْ أَنْتُمْ إِلَّا مُفْتَرُونَ @

لِقُوْمِ لَآ ٱسْئُلُكُمْ عَلَيْهِ ٱجْرًا ﴿إِنْ ٱجُرِي إِلَّا عَلَى الَّذِي فَطَرَ فِي اللَّهِ اللَّهِ لَعُقِلُونَ @

وَ لِقُوْمِ اسْتَغْفِرُوْا رَبَّكُمْ ثُمَّ تُوْيُوْآ الَّهُ يُرْسِلِ السَّهَاءَ عَكَيْكُمْ مِّنُ رَارًا وَّ يَزِدُكُمْ قُوَّةً إِلَّ قُوْتِكُمْ وَلَا تَتَوَلَّوْا مُجْرِمِيْنَ @

قَالُوا لِهُوْدُ مَا جُمُّتَنَا بِبَيِّنَةٍ وَّمَا نَحْنُ بِتَادِكِيَّ الهَتِنَا عَنْ قَوْلِكَ وَمَا نَحْنُ لَكَ بِمُؤْمِنِيْنَ ﴿

إِنْ نَقُولُ إِلَّا اعْتَرْبِكَ بَعْضُ إِلَهَتِنَا بِسُوَّةٍ طَقَالَ إِنِّي ٱشْهِدُ الله وَاشْهَدُ وَا أَنِّي بَرِي عُ مِّهَا تُشُرِكُونَ ﴿

তোমরাও সাক্ষী থেকো, আমি ঐ সব কিছু থেকে মুক্ত যাদেরকে তোমরা শরীক সাব্যস্ত করছো।

৫৫. তাঁকে (আল্লাহকে) ছেড়ে, অনন্তর তোমরা সবাই মিলে আমার বিরুদ্ধে ষড়যন্ত্র চালাও, অতঃপর আমাকে সামান্য অবকাশও দিয়ো না।

৫৬. আমি আল্লাহর উপর ভরসা করেছি, যিনি আমারও প্রতিপালক এবং তোমাদেরও প্রতিপালক, ভূ-পৃষ্ঠে যত বিচরণকারী রয়েছে সবারই ঝুঁটি তাঁর মুষ্টিতে আবদ্ধ; নিশ্চয় আমার প্রতিপালক সরল পথে অবস্থিত।

৫৭. অতঃপর যদি তোমরা ফিরে যাও. তবে আমাকে যে পয়গাম দিয়ে তোমাদের প্রতি পাঠানো হয়েছে. আমি তো ওটা তোমাদের কাছে পৌছিয়ে দিয়েছি: আর আমার (ভূ-পর্ষ্ঠে) প্রতিপালক তোমাদের স্থলে অন্য লোকদের আবাদ করে দিবেন, এবং তোমরা তাঁর কিছই ক্ষতি করতে পারবে না; আমার প্রতিপালক প্রত্যেক বস্তুর রক্ষণাবেক্ষণ করে থাকেন।

৫৮. আর যখন আমার (শান্তির)
হুকুম এসে পৌছলো তখন আমি
হুদকে (প্রাঞ্জা) এবং যারা তাঁর সাথে
ঈমানদার ছিল তাদেরকে স্বীয়
অনুগ্রহে রক্ষা করলাম, আর
তাদেরকে বাঁচিয়ে নিলাম অতি কঠিন
শান্তি হতে।

مِنْ دُوْنِهِ فَكِيْدُ وَنِي جَمِيْعًا ثُمَّ لَا تُنْظِرُونِ ۞

إِنِّ تَوَكَّلْتُ عَلَى اللهِ رَبِّيُ وَرَبَّكُمُ مَمَا مِنْ دَآبَّةٍ إِلَّا هُوَ اخِنُ إِنَاصِيَتِهَا الَّ رَبِّيُ عَلَى صِرَاطٍ مُّسْتَقِيْدٍ

فَإِنْ تَوَكَّواْ فَقَلْ اَبُلَغْتُكُمْ مِّنَا أُرْسِلْتُ بِهَ إِلَيْكُمْ لِمَّ وَكَانَ الْمُعْكُمُ لِمَّ وَكَا وَيَسْتَخُلِفُ رَبِّيْ قَوْمًا غَيْرَكُمْ وَلَا تَضُرُّوُنَهُ شَيْعًا لَا إِنَّ رَبِّيْ عَلَى كُلِّ شَيْءٍ حَفِيْظً ۞

وَلَيَّا ِجَاءَ اَمُرُنَا نَجَّيْنَا هُوْدًا وَّالَّذِيْنَ اَمَنُوْا مَعَهُ بِرَحْمَةٍ مِّنَا ۚ وَنَجَّيْنُهُمْ مِّنُ عَنَابٍ غَلِيْظٍ ۞ ৫৯, আর এরা ছিল আ'দ সম্প্রদায়, নিজেদের প্রতিপালকের নিদর্শনগুলিকে অস্বীকার করলো এবং তাঁর রাস্লদেরকে অমান্য সম্পূর্ণরূপে এবং তারা এমন লোকদের কথামত চলতে লাগলো যারা ছিল যালিম হঠকারী।

এই দুনিয়াতেও **60.** অভিসম্পাত তাদের সঙ্গে সঙ্গে রইলো এবং কিয়ামতের দিনেও: রেখো! জেনে (সম্প্রদায়) নিজ প্রতিপালকের সাথে কুফরী করলো; আরো জেনে রেখো, দূরে পড়ে গেল আ'দ (রহমত হতে) যারা হুদের (﴿﴿) কওম ছিল।

৬১. আর আমি সা'মৃদ (সম্প্রদায়) এর নিকট তাদের ভাই সালেহ (Katell)- (4 প্রেরণ (নবীরূপে), তিনি বললেনঃ আমার কওম! তোমরা ইবাদত কর তিনি ছাডা কেউ তোমাদের সত্য মা'বৃদ নেই। তিনি যমীন তোমাদেরকে হতে করেছেন এবং তোমাদেরকে তাতে আবাদ করেছেন, অতএব তোমরা তাঁর কাছে ক্ষমা প্রার্থনা করু অতপর মনোনিবেশ কর তাঁরই দিকে: নিশ্চয়ই আমার প্রতিপালক একান্ত নিকটবর্তী, ডাকে সাড়া দানকারী।

৬২. তারা বললোঃ হে সালেহ তুমি তো ইতোপূর্বে আমাদের মধ্যে ছিলে, তুমি কি আশা-ভরসাস্থল আমাদেরকে 3 বম্ভর

وَتِلْكَ عَادُ لِلْجَحَلُوا بِأَيْتِ رَبِّهِمْ وَعَصَوْا رُسُلَهُ وَاتَّبَعُوْآ اَمُرَكُلِّ جَتَّارِ عَنِيْنِ ۞

وَأَتُبِعُوا فِي هٰذِهِ التَّانِيَا لَعُنَةً وَّيَوْمَ الْقِيلِمَةِ ط ٱلآ إِنَّ عَادًا كَفَرُوا رَبَّهُمْ لِا اللَّهِ بُعْدًا لِّعَادٍ قَوْمِ هُودٍ ⊕َ

وَإِلَّى ثُمُوْدٌ آخَاهُمْ صِلِحًا مِقَالَ لِقَوْمِ اغْبُكُ وَا الله مَا لَكُمْ مِّنْ إِلَّهِ غَيْرُهُ ﴿ هُوَ انْشَا كُمْ مِّنَ الْأَرْضِ وَاسْتَعْمَرُكُمْ فِيْهَا فَاسْتَغْفِرُوهُ ثُمَّ تُوبُوَّا اِلَيْهِ اللَّهِ اللَّهِ لَوْيَبٌ مُّجِيبٌ ٣

قَالُوا يُطْلِحُ قَلْ كُنْتَ فِيْنَا مَرْجُوًّا قَبْلَ لَمْنَا ٱتَنْطِيناً آنُ نَعْدُكُ مَا يَعْدُكُ أَيَا وُنَا وَإِنَّنَا لَغِنْ

هود ۱۱

নিষেধ করছো: করতে যাদের পিতৃপুরুষেরা উপাসনা আমাদের করে এসেছে? আর যে ধর্মের দিকে তুমি আমাদেরকে ডাকছো বম্ভতঃ গভীব তৎসম্বন্ধে আমরা তো রয়েছি, সন্দেহের মধ্যে যা আমাদেরকে দ্বিধাদ্বন্দ্বে ফেলে রেখেছে।

৬৩. সে (সালেহ খুট্টা) বললোঃ হে আমার কওম! আচ্ছা তোমরা ভেবে দেখেছ কি. যদি আমি প্রতিপালকের পক্ষ হতে প্রমাণের উপর থাকি এবং তিনি আমার প্রতি নিজের রহমত (নুবওয়াত) দান করে থাকেন: আর আমি যদি আল্লাহর কথা না মানি. তবে আমাকে আল্লাহ (-র শাস্তি) হতে কে রক্ষা করবে? তবে তোমরা আমার ক্ষতির মধ্যে নিক্ষেপ ছাড়া আর কিছুই বন্ধি করতে পারবে না।

৬৪. আর হে আমার কওম! এটা হচ্ছে আল্লাহর উদ্ভী যা তোমাদের জন্যে নিদর্শন। অতএব ওকে ছেড়ে দাও, যেন আল্লাহর যমীনে চরে খায়, আর ওকে খারাপ উদ্দেশ্যে স্পর্শ করো না. অন্যথায় তোমাদেরকে আকস্মিক শাস্তি এসে পাকডাও করবে।

৬৫. অনন্তর তারা ওকে মেরে ফেললো, তখন সে বললো; তোমরা নিজেদের ঘরে আরো তিনটি দিন এটা এমন সুখভোগ করে নাও ওয়াদা যাতে বিন্দুমাত্র মিথ্যা নেই।

شَكِّ مِّهَا تَدُعُوْنَا إِلَيْهِ مُرِيْبِ ®

قَالَ لِقَوْمِ آرَءَيْتُمْ إِنْ كُنْتُ عَلَى بَيِّنَةٍ مِّنْ رِّبِينُ وَاللَّهِي مِنْهُ رَحْمَةً فَمَنْ يَّنْصُرُ فِي مِنَ اللهِ إِنْ عَصَيْتُهُ ﴿ فَهَا تَزِيْدُ وَنَنِي غَيْرَ تَخُسِيُر 🏵

وَيْقُوْمِ هٰنِهِ نَاقَةُ اللهِ لَكُمُ أَيَّةً فَنَارُوْهَا تَأْكُلُ فِي آرْضِ اللهِ وَلا تَكَشُّهُ هَا بِسُوْءٍ فَيَأْخُذَكُمْ عَنَابٌ قِرِيبٌ ﴿

فَعَقَرُوْهَا فَقَالَ تَمَتَّعُوا فِي دَارِكُمْ ثَلَاثَةَ آيَامِطُ ذٰلِكَ وَعُنَّ غَيْرُ مَكُنُّونِ ﴿

هود ۱۱

৬৬. অতঃপর যখন আমার হুকুম এসে পৌছলো, আমি সালেহকে (র্ম্ব্রেম্রা) এবং যারা তার ঈমানদার ছিল তাদেরকে অনুগ্রহে রক্ষা করলাম, আর বাঁচালাম সেই দিনের বড় লাঞ্ছনা হতে; নিশ্চয় প্রতিপালক তোমার পরাক্রমশালী।

৬৭. আর সেই যালিমদেরকে এক প্রচন্ড ধ্বনি এসে আক্রমণ করলো. যাতে তারা নিজ নিজ গৃহে (মৃত অবস্থায়) উপুড় হয়ে পড়ে রাইলো।

৬৮. যেন তারা সেই গৃহগুলিতে কখনো বসবাস করে নাই: ভালরূপে জেনে রাখো! সামৃদ সম্প্রদায় নিজ প্রতিপালকের সাথে কুফরী করলো; জেনে রাখো, সামৃদ সম্প্রদায়কে দূরে নিক্ষেপ করা হয়েছে। (ধ্বংস হয়ে গেছে)।

৬৯. আর আমার প্রেরিত রাস্লগণ (ফেরেশতারা) ইবরাহীমের (র্ক্স্ট্রা) নিকট সুসংবাদ নিয়ে আগমন করলেন, (এবং) তাঁরা বললেন সালাম, ইবরাহীমও (ব্রুট্রা) সালাম করলেন, অতঃপর অনতিবিলম্বে একটা কাবাব করা গো বৎস আনয়ন কর্লেন।

৭০. কিন্তু যখন তিনি দেখলেন যে. তাঁদের হাত সেই খাদ্যের দিকে অগ্রসর হচ্ছে না. তখন তাঁদেরকে অদ্ভত ভাবতে লাগলেন এবং মনে মনে তাদের থেকে শঙ্কিত হলেন; (এ দেখে) তারা বললেনঃ ভয় করবেন

فَلَتَّاجَاءَ أَمُرُنَا نَجَّيْنَا صلِحًا وَّالَّذِينَ أَمَنُوا مَعَهُ بِرَحْمَةٍ مِّنَّا وَمِنْ خِذْي يَوْمِينِ ا إِنَّ رَبِّكَ هُوَ الْقَوِيُّ الْعَزِيْزُ ١٠

وَ اَخَذَا الَّذِينَ ظَلَمُواالصَّيْحَةُ فَأَصُبَحُوا في ديارهم خشيان الله

كَانَ لَّمْ يَغْنَوُ ا فِيْهَا مِ ٱلآ إِنَّ ثَمُوْدُا كَفَرُوْا رَتُّهُمْ طَالًا يُعَمُّ النَّبُودُ وَشَيَّ

وَلَقَانُ جَاءَتُ رُسُلُنآ إِبْرُهِيْمَ بِالْبُشُرِي قَالُوا سَلْمًا ﴿ قَالَ سَلْمٌ فَمَا لَبِثَ أَنْ جَاءَ بِعِجُلِ حَنيُنِ 🖲

فَلَتَّا رَآ اَيْدِيَهُمُ لَا تَصِلُ إِلَيْهِ نَكِرَهُمُ وَاَوْجَسَ مِنْهُمْ خِيْفَةً ﴿ قَالُوا لاَ تَحَفُّ إِنَّا ٱرْسِلْنَا إِلَّ قَوْمِ لُوطٍ 🖒

না, আমরা লৃত সম্প্রদায়ের প্রতি প্রেরিত হয়েছি।

৭১. আর তাঁর স্ত্রী দন্ডায়মান ছিলেন, তিনি হেঁসে উঠলেন, তখন আমি তাকে (ইব্রাহীমের (ক্ষুট্রা) স্ত্রীকে) সুসংবাদ দিলাম ইসহাকের (ক্ষুট্রা) পর ইয়াকুবের (ক্ষুট্রা)।

৭২. তিনি বললেনঃ হায় আমার কপাল! এখন আমি সন্তান প্রসব করবো বৃদ্ধা হয়ে; আর আমার এই স্বামী অতি বৃদ্ধ! বাস্তবিকই এটা তো একটা বিস্ময়কর ব্যাপার!

৭৩. তারা (ফেরেশতারা) বললেনঃ
আপনি (ইব্রাহীমের স্ত্রীকে) কি
আল্লাহর কাজে বিস্ময় বোধ করছেন?
(হে) এই পরিবারের লোকেরা!
আপনাদের প্রতি তো আল্লাহর
রহমত ও তাঁর বরকতসমূহ (নাযিল
হয়ে আসছে); নিশ্চয় তিনি প্রশংসার
যোগ্য, মহামহিমান্বিত।

98. অতঃপর যখন ইব্রাহীমের (প্রান্ত্রী) সেই ভয় দূর হয়ে গেল এবং তিনি সুসংবাদ প্রাপ্ত হলেন, তখন আমার সাথে লৃত-কওম সম্বন্ধে তর্ক-বিতর্ক করতে শুরু করলো।

৭৫. বাস্তবিক ইব্রাহীম (র্ক্স্মা) ছিলেন বড় সহিষ্ণু প্রকৃতির, ইবাদত গুজার ও প্রত্যাবর্তনকারী।

৭৬. হে ইব্রাহীম (ব্রুড্রা)! একথা ছেড়ে দাও, তোমার প্রতিপালকের ফরমান এসে গেছে এবং তাদের উপর এমন এক শাস্তি আসছে যা কিছুতেই টলবার নয়।

وَامُرَاتُكُ قَالِمِهُ فَضَحِكَتُ فَبَشُرُنْهَا بِالْمُحَقَّ وَمِنْ قَرَاءِ السُّحَقَ يَعْقُونَ @

৮৭. হে আমার পুত্রগণ! তোমরা যাও, ইউসুফ (৪৩৯) ও তাঁর سَرَقَ ۚ وَمَا شَهِلُ نَآ اِلَّا بِهَا عَلِمُنَا وَمَا كُنَّا لِلْغَيْبِ حٰفِظِيُنَ ۞

وَسُعَلِ الْقَرْيَةُ الَّتِيُ كُنَّا فِيْهَا وَالْعِيْرَالَّتِيَّ اَقْبَلْنَا فِيْهَا مُوَ إِنَّا لَطْدِقُونَ ﴿

قَالَ بَلْ سَوَّلَتُ لَكُمْ اَنْفُسُكُمْ اَمُوَّا فَصَبُرٌ جَمِيْلٌ عَسَى اللهُ اَنْ يَأْتِيَنِيْ بِهِمْ جَمِيْعًا ﴿ إِنَّهُ هُوَ الْعَلِيْمُ الْحَكِيْمُ ﴿

وَتُوَلَّى عَنْهُمْ وَقَالَ يَاسَفَى عَلَى يُوْسُفَ وَابْيَضَّتْ عَيْنَهُ مِنَ الْحُزْنِ فَهُوَ كَظِيْمٌ ﴿

قَالُوْا تَاللّٰهِ تَفْتَوُّا تَنْكُرُ يُوْسُفَ حَتَّى تَكُوْنَ حَرَضًا ٱوْتَكُوْنَ مِنَ الْهٰلِكِيْنَ ۞

قَالَ إِنَّهَا آشُكُوا بَثِي وَحُزْنِيَ إِلَى اللهِ وَاعْلَمُ مِنَ اللهِ مَالا تَعْلَمُونَ ﴿

لِبَنِيَّ اذْهَبُوا فَتَحَسَّسُوا مِن يُّوسُفَ وَآخِيْهِ

সহোদরের অনুসন্ধান কর এবং আল্লাহর করুণা হতে তোমরা নিরাশ হয়ো না, কারণ কাফিরগণ ব্যতীত কেউই আল্লাহর করুণা হতে নিরাশ হয় না।

৮৮. যখন তারা তাঁর নিকট উপস্থিত হলো তখন বললোঃ হে আযীয! আমরা ও আমাদের পরিবার-পরিজন বিপন্ন হয়ে পড়েছি এবং আমরা তুচ্ছ পণ্য নিয়ে এসেছি; আপনি আমাদের রসদ পূর্ণ মাত্রায় দিন এবং আমাদেরকে দান করুন; আল্লাহ দাতাদেরকে পুরস্কৃত করে থাকেন।

৮৯. তিনি বললেনঃ তোমরা কি জান, তোমরা ইউসুফ (ক্র্র্র্র্রে) ও তার (সহোদর) ভাইয়ের সাথে কিরূপ আচরণ করেছিলে, যখন তোমরা ছিলে অজ্ঞ?

৯০. তারা বললোঃ তবে কি তুমিই ইউসুফ (প্রান্তা)? তিনি বললেনঃ আমিই ইউসুফ (প্রান্তা) এবং এই আমার (সহোদর;) আল্লাহ আমাদের প্রতি অনুগ্রহ করেছেন, যে ব্যক্তি মুক্তাকী ও ধৈর্যশীল, আল্লাহ সেইরূপ সংকর্মপরায়ণদের শ্রমফল নষ্ট করেন না।

৯১. তারা বললোঃ আল্লাহর শপথ! আল্লাহ নিশ্চয় তোমাকে আমাদের উপর প্রাধান্য দিয়েছেন এবং আমরা নিশ্চয় অপরাধী ছিলায়।

৯২. তিনি বললেনঃ আজ তোমাদের বিরুদ্ধে কোন অভিযোগ নেই, আল্লাহ وَلَا تَالِيَّكُسُوا مِنْ رَّوْجِ اللهِ لِإِنَّاهُ لَا يَالْيُكُسُ مِنْ رَّوْجِ اللهِ إِلَّا الْقَوْمُ الْكَفِرُونَ ۞

فَكَتَّا دَخَلُواْ عَكَيْهِ قَالُواْ يَايَّهُا الْعَزِيْدُ مَسَّنَا وَ اَهْكَنَا الضُّرُّ وَجِئْنَا بِبِضَاعَةٍ مُّنْجُهِةٍ فَاوْفِ لَنَا الْكَيْلَ وَتَصَدَّقُ عَلَيْنَا مُ إِنَّ اللهَ يَجْزِى الْمُتَصَدِّقِيْنَ ۞

قَالَ هَلُ عَلِمْتُمْ مَّا فَعَلْتُمْ بِيُوسُفَ وَاخِيْهِ إِذْ اَنْتُمْ جِهِلُوْنَ ۞

قَانُوْآ ءَاِنَّكَ لَائْتَ يُوْسُفُ ﴿ قَالَ آنَا يُوْسُفُ وَهٰنَآ آخِیْ ٰ قَکْمَتَّ اللهُ عَلَيْنَا ﴿ اِنَّهُ مَنُ يَنَّقِ وَيَصْبِرُ فَإِنَّ اللهَ لَا يُضِيْعُ آجُرَ الْبُحْسِنِيْنَ ۞

قَالُواْ تَاللهِ لَقَدُ اثْرَكَ اللهُ عَلَيْنَا وَانَ كُنَّا لَخُطِينَنَ وَانَ كُنَّا لَخُطِينِنَ ®

قَالَ لاَ تَثْرِيْبَ عَلَيْكُمُ الْيَوْمَ لِمَغْفِرُ اللَّهُ لَكُمُ لَا

তোমাদেরকে ক্ষমা করুন এবং তিনি দয়ালুদের মধ্যে শ্রেষ্ঠ দয়ালু।

৯৩. তোমরা আমার এ জামাটি নিয়ে যাও এবং এটা আমার পিতার মুখমন্ডলের উপর রেখো, তিনি দৃষ্টি শক্তি ফিরে পাবেন, আর তোমরা তোমাদের পরিবারের সকলকেই আমার নিকট নিয়ে এসো।

৯৪. অতঃপর যাত্রীদল যখন (মিশর হতে) বের হয়ে পড়লো তখন তাদের পিতা (কেনান থেকে নিকটস্থদেরকে) বললেনঃ তোমরা যদি আমাকে দিশেহারা মনে না কর তবে বলিঃ আমি ইউসুফের (স্ক্রিট্রা) ঘ্রাণ পাচ্ছি।

৯৫. তারা (ঘরের লোকেরা) বললোঃ আল্লাহর শপথ! আপনি তো আপনার পূর্ব বিভ্রান্তিতেই রয়েছেন।

৯৬. অতঃপর যখন সুসংবাদ দাতা উপস্থিত হলো এবং তাঁর মুখমন্ডলের উপর জামাটি রাখলো তখন তিনি দৃষ্টিশক্তি ফিরে পেলেন, তিনি বললেনঃ আমি কি তোমাদেরকে বলি নাই যে, আমি আল্লাহর নিকট হতে জানি, যা তোমরা জান না।

وَهُوَ أَرْحَمُ الرِّحِمِينَ ٠

اِذْهَبُوْا بِقَينِصِى هٰذَا فَٱلْقُوْهُ عَلَى وَجُهِ اَبِى يَأْتِ بَصِيْرًا ۚ وَٱتُونِي بِٱهْلِكُمْ ٱجْمَعِيْنَ ﴿

> وَلَيَّا فَصَلَتِ الْعِلْيُرُ قَالَ اَبُوْهُمُ إِنِّى لَاَجِلُ رِنْحَ يُوْسُفَ لَوُلاَ اَنْ تُفَنِّدُونِ ۞

> > قَالُواْ تَاللهِ إِنَّكَ لَفِيْ ضَللِكَ الْقَدِيْمِ @

فَلَمَّا آَنْ جَاءَ الْبَشِيُرُ الْفُهُ عَلَى وَجُهِمَ فَارْتَكَّ بَصِيْرًا ﴿ قَالَ المُرَاقُلُ لَكُمْ ﴿ إِنِّيْ آعْلَمُ مِنَ اللهِ مَالا تَعْلَمُونَ ﴿

১। আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি রাসূলুল্লাহু (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-কে বলতে শুনেছি, যেদিন আল্লাহ্ রহমতকে সৃষ্টি করেছেন, সেদিন তাকে একশত ভাগে বিভক্ত করেছেন। তার মধ্যে নিরানক্ষই ভাগই তাঁর নিকট রেখে দিয়েছেন। আর বাকী এক ভাগ তাঁর সমস্ত সৃষ্টিজীবকে দিয়েছেন। যদি কোন কাফের আল্লাহ্র নিকট যে রহমত আছে, তার পরিমাণ সম্পর্কে জানতো তা'হলে সে জান্নাতের ব্যাপারে নিরাশ হতো না। (অপরপক্ষে) কোন মু'মিন যদি আল্লাহ্র কাছে যে শাস্তি রয়েছে তার পরিমাণ সম্পর্কে জানতো, তবে (দোযখের) আগুন থেকে নিরোপদ মনে করতো না। (বুখারী, হাদীস নং ৬৪৬৯)

৯৭. তারা বললোঃ হে আমাদের পিতা! আমাদের পাপের জন্যে ক্ষমা প্রার্থনা করুন; আমরা তো অপরাধী।

৯৮. তিনি বললেনঃ আমি আমার প্রতিপালকের নিকট তোমাদের জন্যে ক্ষমা প্রার্থনা করবো, তিনি তো অতি ক্ষমাশীল, পরম দয়ালু।

১০০. আর ইউসুফ (ক্ষুট্রা) তাঁর পিতা-মাতাকে উচ্চাসনে বসালেন এবং তারা সবাই তার সামনে লুটিয়ে পডলো. তিনি সিজদায় বললেনঃ হে আমার পিতা! এটাই পূর্বেকার আমার স্বপ্লের ব্যাখ্যা প্রতিপালক আমার ওটা সত্যে পরিণত করেছেন এবং তিনি আমাকে কারাগার হতে মুক্ত করে শয়তান আমার ও আমার ভাতাদের সম্পর্ক নষ্ট পরও করার আপনাদেরকে মরু অঞ্চল হতে এখানে এনে দিয়ে আমার প্রতি অনুগ্রহ করেছেন, আমার প্রতিপালক যা ইচ্ছা তা নিপুণতার সাথে করে থাকেন, তিনি তো সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।

১০১. হে আমার প্রতিপালক! আপনি আমাকে রাজ্য দান করেছেন এবং স্বপ্লের ব্যাখ্যা শিক্ষা দিয়েছেন; হে قَانُوْا يَابَانَا اسْتَغْفِرْ لَنَا ذُنُوْبَنَاۤ اِنَّاكُنَّا خُطِهِیۡنَ ۞

قَالَ سَوْفَ اَسْتَغُفِرُ لَكُمْ رَبِّنَ اللَّهُ هُوَ الْغَفُورُ الرَّحِيْمُ ۞

فَكَمَّا دَخَلُوا عَلَى يُوسُفَ اوْى اِلَيْهِ ٱبُويْهِ وَقَالَ ادْخُلُواْ مِصْرَانْ شَآءَ اللهُ اٰمِنِيْنَ ﴿

وَرَفَعَ اَبُوَيْهِ عَلَى الْعَرْشِ وَخَرُّوا لَلاَ سُجَّدًا وَقَالَ يَابَتِ لَهٰ اَتَاْوِيْلُ رُءْيَاى مِنْ قَبُلُ اللهِ عَلَى الْعَرْشِ وَخَرُّوا لَلاَ سُجَّدًا قَدُ جَعَلَهَا رَبِّنْ حَقَّا وَقَلْ آحُسَنَ بِنَ إِذْ اَخْرَجِنْ مِنَ السِّجْنِ وَجَآءَ بِكُمْ مِّنَ الْبَلْ وِ مِنْ بَعُدِانُ ثَنْ خَالشَّيْطُنُ بَيْنِي وَبَيْنَ الْبَلْ وِ اِخْوَقِيُ اللَّهُ الْحَيْدُ وَ لِللَّهُ يُطْنُ لِبَا يَشَا آءً اللَّهُ هُو الْعَلِيْمُ الْحَكِيْمُ اللَّهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللَّهُ اللهُ اللّهُ اللّهُ اللهُ اللّهُ اللهُ اللّهُ الللّهُ اللّهُ الللّهُ الللّهُ الللّهُ الللللّهُ اللّهُ الللّهُ الللللّهُ الللّهُ الللللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللللللّهُ الللللّهُ اللّهُ الللللللّهُ الللّهُ الللللللّهُ الللل

رَبِّ قَدُ اتَيُتَنِي مِنَ الْمُلُكِ وَعَلَّمُتَنِي مِنْ تَأْوِيْلِ الْاَحَادِيْثِ ۚ فَاطِرَ السَّلُوتِ আকাশমন্তলী ও পৃথিবীর সৃষ্টিকর্তা!
আপনিই ইহলোক ও পরলোকে
আমার অভিভাবক, আপনি আমাকে
মুসলিম হিসেবে মৃত্যু দান করুন,
এবং আমাকে সৎকর্ম পরায়ণদের
অন্তর্ভুক্ত করুন।

১০২. এটা অদৃশ্য ঘটনাবলীর অন্যতম তোমাকে আমি ওহী দ্বারা অবহিত করছি, ষড়যন্ত্রকালে যখন তারা মতৈক্যে পৌছেছিল তখন তুমি তাদের ওখানে উপস্থিত ছিলে না।

১০৩. তুমি যতই চাও না কেন, অধিকাংশ লোকই বিশ্বাস করবার নয়।

১০৪. আর তুমি তো তাদের কাছে কোন পারিশ্রমিক দাবী করছো না, এটা তো বিশ্বজগতের জন্যে উপদেশ ছাড়া কিছু নয়।

১০৫. আকাশমন্ডলী ও পৃথিবীতে অনেক নিদর্শন রয়েছে, তারা এ সমস্ত প্রত্যক্ষ করে; কিন্তু তারা এগুলো থেকে বিমুখতা অবলম্বন করে।

১০৬. তাদের অধিকাংশই আল্লাহকে বিশ্বাস করে; কিন্তু সাথে সাথে শিরকও করে।

১০৭. তবে কি তারা আল্লাহর সর্বগ্রাসী শান্তি হতে অথবা তাদের অজ্ঞাতসারে কিয়ামতের আকস্মিক উপস্থিতি হতে নিরাপদ?

১০৮. তুমি বলঃ এটাই আমার পথ, আল্লাহর প্রতি মানুষকে আমি আহ্বান وَالْاَرْضِ اللهِ عَلَى اللهُ نُيَا وَالْاِخِرَةِ عَ تَوَفَّذِي مُسْلِمًا وَالْحِقْنِي بِالطَّلِحِيْن ﴿

ذٰلِكَ مِنْ أَثْبَآء الْغَيْبِ نُوْحِيْهِ اِلَيْكَ وَمَاكُنْتَ لَدَيْهِمْ اِذْ أَجْمَعُوْٓا أَمْرَهُمْ وَهُمْ يَمْكُرُوْنَ ۞

وَمَا ٱكْثَرُ النَّاسِ وَلَوْ حَرَضْتَ بِمُؤْمِنِيْنَ 🐨

وَمَا تَسْئَلُهُمْ عَلَيْهِ مِنْ اَجْرِطِانَ هُوَ اللهَ ذِكْرٌ لِلْعُلَمِيْنَ شَ

وَكَايِّنُ مِّنُ أَيَةٍ فِي السَّلُوٰتِ وَالْاَرْضِ يَكُرُّوْنَ عَلَيْهَا وَهُمْ عَنْهَا مُغْرِضُوْنَ ₪

وَمَا يُؤْمِنُ ٱكْثَرُهُمْ بِاللهِ إلاَّ وَهُمُرُّمُّشُورِكُونَ ۞

اَفَاَمِنُوۡۤا اَنۡ تَأْتِيهُمۡ غَاشِيَةٌ مِّنۡ عَذَابِ اللهِ اَوۡ تَأْتِيهُمُ السَّاعَةُ بَغۡتَةً وَّهُمۡ لاَيشُعُرُونَ ۚ

قُلْ هٰذِهٖ سَبِيْلِيَّ ٱدْعُوْا إِلَى اللَّهِ ۚ عَلَى بَصِيْرَةٍ

করি সজ্ঞানে, আমি এবং আমার অনুসারীগণও, আল্লাহ মহান পবিত্র। আর আমি মুশরিকদের অন্তর্ভুক্ত নই।

পূৰ্বেও ১০৯. তোমার জনপদ-বাসীদের মধ্য হতে পুরুষদেরকেই পাঠিয়েছিলাম, যাদের নিকট ওহী পাঠাতাম; তারা কি পৃথিবীতে ভ্রমণ করে নাই এবং তাদের পূর্ববর্তীদের কি পরিণাম হয়েছিল তা কি দেখে নাই? তারা মুন্তাকী তাদের জন্যে পরলোকই শ্রেয়; তোমরা কি বুঝ না? ১১০. অবশেষে যখন নিরাশ হলেন এবং লোকে ভাবলো যে, রাস্লদেরকে মিথ্যা সাব্যস্ত করা হয়েছে। তখন তাদের কাছে আমার সাহায্য আসলো, এভাবে আমি যাকে ইচ্ছা উদ্ধার করি, আর অপরাধী সম্প্রদায় হতে আমার শাস্তি রদ করা হয় না ৷

১১১. তাদের বৃত্তান্তে বোধশক্তি সম্পন্ন ব্যক্তিদের জন্যে আছে শিক্ষা, এটা এমন বাণী যা মিথ্যা রচনা নয়; কিন্তু মু'মিনদের জন্যে এটা পূর্ব গ্রন্থে যা আছে তার সমর্থন এবং সমস্ত কিছুর বিশদ বিবরণ, হিদায়াত ও রহমত। اَنَا وَمَنِ النَّبَعَنِيُ ﴿ وَسُبُحٰنَ اللهِ وَمَا اَنَا مِنَ اللهِ وَمَا اَنَا مِنَ النَّهِ وَمَا اَنَا مِنَ النَّهِ وَمَا اَنَا مِنَ النَّهِ وَمَا اَنَا مِن

وَمَاۤ اَرْسَلُنَا مِنْ قَبُلِكَ الآرِجَالَا نُوْخِیۡ اِلَیْهِمُصِّنَ اَهۡلِ الْقُرٰی اَفَکُمُ یَسِیْرُوْا فِی الْاَرْضِ فَیَنُظُرُوا کیف کان عَاقِبَهُ الَّذِیْنَ مِنْ قَبْلِهِمُ وَلَكَ ارُّ الْاِخِرَةِ خَیْرٌ لِلَّذِیْنَ اتَّقَوْا الْفَلَا تَعْقِلُونَ ﴿

حَتَّى إِذَا اسْتَيْعَسَ الرُّسُلُ وَظَنُّوْآ اَنَّهُمْ قَلُ كُنِ بُوْاجَآءَهُمُ نَصُرُنَا ﴿ فَنُجِّى مَنُ نَّشَآءُ ۗ وَلَا يُرَدُّ بَأْسُنَا عَنِ الْقَوْمِ الْمُجْرِمِيْنَ ®

لَقُلُ كَانَ فِى قَصَصِهِمْ عِلْرَةٌ لِأُولِى الْأَلْبَابِ الْمَاكِ الْمَاكِ الْمَاكِ الْمَاكِ الْمَاكِ الْمَاكَ كَانَ حَلِينَةًا يُّفْتَرَى وَلَكِنَ تَصُدِيْقَ الَّذِي مَا كَانَ حَلِينَةً يَّقُومِينَ كُلِّ شَيْءٍ وَهُ هُلًى بَيْنَ يَكَايِٰهِ وَتَغْصِيلَ كُلِّ شَيْءٍ وَهُ هُلًى وَرَحْمَةً لِتَقَوْمٍ يُتُؤْمِئُونَ شَ

সুরাঃ রা'দ, মাদানী

(আয়াতঃ ৪৩, রুকু'ঃ ৩)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

- আলিফ-লাম-মীম-রা; এগুলি কুরআনের আয়াত; যা তোমার প্রতিপালক হতে তোমার প্রতি অবতীর্ণ হয়েছে তা-ই সত্য; কিন্তু অধিকাংশ মানুষ এতে বিশ্বাস করে না।
- ২. আল্লাহই উর্ধ্বদেশে আকাশমন্ডলী স্থাপন করেছেন স্বস্তু ব্যতীত, তোমরা এটা দেখছো; অতঃপর তিনি আরশে সমুন্নীত হলেন এবং সূর্য ও চন্দ্রকে নিয়মানুবর্তী করলেন; প্রত্যেকে নির্দিষ্টকাল পর্যন্ত আবর্তন করে, তিনি সকল বিষয় নিয়ন্ত্রণ করেন এবং নিদর্শনসমূহ বিশদভাবে বর্ণনা করেন, যাতে তোমরা তোমাদের প্রতিপালকের সাথে সাক্ষাৎ সম্বন্ধে নিশ্চিত বিশ্বাস করতে পার।
- ৩. তিনিই ভূতলকে বিস্তৃত করেছেন এবং ওতে পর্বত ও নদী সৃষ্টি করেছেন এবং প্রত্যেক প্রকারের ফল সৃষ্টি করেছেন জোড়ায় জোড়ায়; তিনি দিবসকে রাত্রি দ্বারা আচ্ছাদিত করেন; এতে অবশ্যই নিদর্শন রয়েছে চিন্তাশীল সম্প্রদায়ের জন্যে।
- পৃথিবীতে রয়েছে পরস্পর সংলগ্ন ভূ-খন্ড; ওতে আছে আঙ্গুর-কানন, শস্যক্ষেত্র, একাধিক শীষ বিশিষ্ট

سُوْرَةُ الرَّعْدِ مَكَ نِيَّةُ ايَاتُهَا ٢٣ رَكُوْعَاتُهَا ٢ بِسْمِ اللهِ الرَّحْلِنِ الرَّحِيْمِ

الْمَمَّرْتُ تِلْكَ الْنُتُ الْكِتْبِ ُ وَالَّذِنِ مِنْ أَنْزِلَ الْنَيْكَ مِنْ تَرْتِكَ الْحَقُّ وَلَكِنَّ أَكْثَرُ النَّاسِ لَا يُؤْمِنُونَ ①

ٱللَّهُ الَّذِئُ رَفَّعَ السَّلُوتِ بِغَيْرِ عَمَٰكٍ تَرَوُنَهَا ثُمَّةً اسْتَوٰى عَلَى الْعَرْشِ وَسَخَّرَ الشَّلْسَ وَالْقَلَمَرَ ا كُلُّ يَّجْرِئُ لِاَجَلِ مُّسَمَّى اليَّدَائِرُ الْاَمْرَ يُفَصِّلُ الْآلِيتِ لَعَلَّكُمْ بِلِقَآءِ رَبِّكُمْ تُوْقِئُونَ ۞

وَهُوَ الَّذِي مَكَّ الْاَرْضَ وَجَعَلَ فِيهَا رَوَاسِيَ وَاَنْهُرًا هُوَ مِنْ كُلِّ الشَّهُرَٰتِ جَعَلَ فِيهَا زَوْجَدُنِ اثْنَدُنِ يُغْشِى الَّيْلَ النَّهَارَ لَا إِنَّ فِي ذَٰلِكَ لَالْتٍ لِقَوْمِ يَتَفَكَّرُونَ ۞

وَفِى الْاَرْضِ قِطَعٌ مُّتَجْوِرْتٌ وَّجَنَّتٌ مِّنُ اَعُنَابٍ وَّ زَرْعٌ وَّ نَخِيْلٌ صِنْوَانٌ وَّ غَيْرُ صِنْوَانٍ يُّسْفَى بِهَآءٍ অথবা এক শীষ বিশিষ্ট খেজুর বৃক্ষ,
সিঞ্চিত একই পানিতে এবং স্বাদে
ওগুলির কতককে কতকের উপর
আমি শ্রেষ্ঠত্ব দিয়ে থাকি, অবশ্যই
বোধশক্তি সম্পন্ন সম্প্রদায়ের জন্যে
এতে রয়েছে নিদর্শন।

৫. যদি তুমি বিস্মিত হও, তবে বিস্ময়ের বিষয়় তাদের কথাঃ (মৃত্যুর পর) মাটিতে পরিণত হওয়ার পরও কি আমরা নতুন জীবন লাভ করবো? ওরাই ওদের প্রতিপালককে অস্বীকার করে এবং ওদেরই গলদেশে থাকবে লৌহ শৃঙ্খল, ওরাই জাহারামী এবং সেখানে ওরা চিরস্থায়ীভাবে অবস্থানকারী।

৬. কোন কল্যাণের পূর্বে তারা তোমাকে শাস্তি ত্বরান্বিত করতে বলে, যদিও তাদের পূর্বে এর বহু দৃষ্টান্ত গত হয়েছে; মানুষের যুলুম-অত্যাচার সত্ত্বেও তোমার প্রতিপালক তো মানুষের প্রতি ক্ষমাশীল এবং তোমার প্রতিপালক তো শাস্তি দানেও কঠোর।

৭. যারা কৃষ্ণরী করেছে তারা বলেঃ তার প্রতিপালকের নিকট হতে তার নিকট কোন নিদর্শন অবতীর্ণ হয়না কেন? (হে নবী 變) (কথা এই যে,) তুমি তো শুধুমাত্র ভয় প্রদর্শনকারী এবং প্রত্যেক সম্প্রদায়ের জন্যেই পথ প্রদর্শক রয়েছে।

৮. প্রত্যেক নারী যা গর্ভে ধারণ করে এবং জরায়ুতে যা কিছু কমে ও বাড়ে আল্লাহ তা জানেন এবং তাঁর বিধানে وَّاحِدٍ سَ وَنُفَضِّلُ بَعُضَهَا عَلَى بَعْضٍ فِي الْأَكُلِ طَّ اِنَّ فِيُ ذٰلِكَ لَاٰلِتٍ لِقَوْمٍ يَّعْقِلُوْنَ ۞

وَاِنْ تَعْجَبْ فَعَجَبٌ قَوْلُهُمْ ءَاِذَا كُنَّا تُحْرَبًا ءَاِنَّا لَفِيْ خَلْقِ جَدِيْدٍ لَهُ أُولَلِيكَ الَّذِيْنَ كَفَرُوْا بِرَيِّهِمْ وَاُولَلِيكَ الْاَغْلُلُ فِئَ اَعْنَاقِهِمُ وَاُولَلْإِكَ اَصْحُبُ النَّارِ عَهُمْ فِيْهَا خْلِدُونَ ۞

وَيَسْتَعُجِلُونَكَ بِالسَّيِّعَةِ قَبُلَ الْحَسَنَةِ وَقَلْ خَلَتُ مِنْ قَبُلِهِمُ الْمَثُلْتُ وَاِنَّ رَبَّكَ لَنُوْ مَغْفِرَةٍ لِلنَّاسِ عَلَى ظُلْمِهِمُ ۚ وَإِنَّ رَبَّكَ لَشَدِيْدُ الْعِقَابِ ۞

وَيَقُوْلُ اِلَّذِيْنَ كَفَرُوْا لَوُلَآ اُنْزِلَ عَلَيْهِ اَيَةٌ مِّنْ رَّتِهٖ ﴿ اِنَّهَآ اَنْتَ مُنْذِيدٌ وَّلِكُلِّ قَوْمٍ هَادٍ ۚ

> اَللهُ يَعْلَمُ مَا تَحْمِلُ كُلُّ أُنْثَى وَمَا تَغِيْضُ الْاَرْحَامُ وَمَا تَزُدَادُ لَا وَكُلُّ شَيْءٍ عِنْكَهُ

প্রত্যেক বস্তুরই এক নির্দিষ্ট পরিমাণ আছে।

৯. যা অদৃশ্য ও যা দৃশ্যমান তিনি তা তিনি মহান, সর্বোচ্চ অবগত: মর্যাদাবান।

১০. তোমাদের মধ্যে যে কথা গোপন রাখে এবং যে তা প্রকাশ করে, রাত্রে যে আত্মগোপন করে এবং দিবসে যে প্রকাশ্যে বিচরণ করে. তারা সমভাবেই আল্লাহর জ্ঞান গোচর (রয়েছে)।

১১. মানুষের জন্যে তার সামনে ও পেছনে একের পর এক প্রহরী থাকে: আল্লাহর আদেশে রক্ষণাবেক্ষণ করে. নিশ্চয় আল্লাহ কোন সম্প্রদায়ের অবস্থা পরিবর্তন করেন না যতক্ষণ না তারা নিজেদের অবস্থা নিজেরা পরিবর্তন করে. কোন সম্প্রদায়ের সম্পর্কে যদি আল্লাহ অণ্ডভ কিছু ইচ্ছা করেন তবে তা রদ করবার কেউ নেই এবং তিনি ছাড়া তাদের কোন অভিভাবক নেই।

১২. তিনিই তোমাদেরকে দেখান বিজলী যা ভয় ও ভরসা সঞ্চার করে এবং তিনিই সৃষ্টি করেন ঘন মেঘ।

১৩. বজ্র নির্ঘোষ ও ফেরেশ্তাগণ স্বভয়ে তাঁর সপ্রশংসা মহিমা ও পবিত্রতা ঘোষণা করে এবং তিনি বজপাত করেন এবং যাকে ইচ্ছা ওটা দ্বারা আঘাত করেন: তথাপি ওরা আল্লাহ সম্বন্ধে বিতন্তা করে; যদিও তিনি মহাশক্তিশালী।

بيقُكادٍ ۞

عْلِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ الْكَبِيْرُ الْمُتَعَالِ ٠

سَوَاعٌ مِّنْكُمْ مَّنْ أَسَرَّ الْقَوْلَ وَمَنْ جَهَرَبِهِ وَمَنْ هُوَمُسْتَخْفٍ بِالَّيْلِ وَسَارِبٌ بِالنَّهَارِ ٠٠

لَهُ مُعَقَّبِكُ مِّنْ بَيْنِ يَدَيْهِ وَمِنْ خَلْفِهِ يَحْفَظُوْنَهُ مِنْ آمْرِاللهِ ﴿ إِنَّ اللَّهَ لَا يُعَيِّرُ مَا بِقُوْمِ حَتَّى يُعَيِّرُوْا مَا بِٱنْفُسِهِمُ وَاذَآ اَرَادَ اللهُ بِقَوْمِ سُوْءًا فَلا مَرَدَّ لَهُ وَمَا لَهُمْ مِّنْ دُونِهِ مِنْ وَالِ ١

هُوَالَّذِي يُرِيُكُمُ الْبَرْقَ خَوْفًا وَّطَمَعًا وَّيُنْشِئُ السَّحَاك الثِّقَالَ شَ

وَيُسَيِّحُ الرَّعْلُ بِحَمْدِم وَالْمَلَيْكَةُ مِنْ خِيْفَتِهِ ٤ وَيُرْسِلُ الصَّوَاعِقَ فَيُصِيْبُ بِهَا مَنْ يَّشَآءُ وَهُمْ يُجَادِنُونَ فِي اللهِ وَهُو شَيِ يُدُ الْبِحَالِ ﴿

১৪. সত্যের আহ্বান তাঁরই; যারা তাঁকে ছাড়া আহ্বান করে অপরকে, তাদেরকে তারা কোনই সাড়া দেয় না; তাদের দৃষ্টান্ত সেই ব্যক্তির মত, যে তার মুখে পানি পৌছবে এই আশায় তার হস্তদ্বয় প্রসারিত করে এমন পানির দিকে যা তার মুখে পৌছবার নয়, কাফিরদের আহ্বান নিস্ফল।

১৫. আল্লাহ প্রতি সিজদাবনত হয় আকাশমন্ডলী ও পৃথিবীতে যা কিছু আছে. ইচ্ছায় অথবা অনিচ্ছায় এবং তাদের ছায়াগুলিও সকাল ও সন্ধ্যায়।

১৬. বলঃ কে আকাশমন্ডলী ও পৃথিবীর প্রতিপালক? বলঃ (তিনি) আল্লাহ; বলঃ তবে কি তোমরা অভিভাবকরূপে গ্রহণ করছো আল্লাহর পরিবর্তে অপরকে, যারা নিজেদের লাভ বা ক্ষতি সাধনে সক্ষম নয়? বলঃ অন্ধ ও চক্ষমান কি সমান অথবা অন্ধকার ও আলো কি এক? তবে কি তারা আল্লাহর এমন শরীক স্থাপন করেছে যারা তাঁর সৃষ্টির মত সৃষ্টি করেছে যে কারণে সৃষ্টি তাদের মধ্যে বিভ্রান্তি ঘটিয়েছে? বলঃ আল্লাহ সকল বম্ভর স্রষ্টা; তিনি এক, পরাক্রমশালী।

১৭. তিনি আকাশ হতে বৃষ্টি বর্ষণ করেন, ফলে উপত্যকাসমূহ ওদের পরিমাণ অনুযায়ী প্লাবিত হয় এবং প্লাবন তার উপরিস্থিত ফেনা বহন ফেনা উপরিভাগে করে. এভাবে আসে যখন অলংকার অথবা

لَهُ دَعُوةُ الْحَقِّ وَالَّذِينَ يَلْعُونَ مِنْ دُونِهِ لَا يَسْتَجِيْبُوْنَ لَهُمْ بِشَيْءٍ اللَّا كَبَاسِطٍ كَفَّيْهِ إِلَى الْمَآءِ لِيَبُلُغُ فَأَهُ وَمَا هُوَ بِبَالِغِهُ ۗ وَمَا دُعَاءُ الْكُفِرِيْنَ إِلَّا فِي ضَلْلِ @

وَيِلَّهِ يَسُجُنُّ مَنْ فِي السَّلَوْتِ وَالْأَرْضِ طَوْعًا وَّكُرُهًا وَّظِلْلُهُمْ بِالْغُكْرِةِ وَالْرَاصَالِ ١

قُلْ مَنْ رَّبُّ السَّلْمُوتِ وَالْأَرْضِ وَقُلِ اللَّهُ لَا قُلْ ٱفَاتَّخَذُ تُمُرِّضُ دُونِهَ ٱولِيَاءَ لا يَمْلِكُونَ لِأَنْفُسِهِمْ نَفْعًا وَّلَاضَرًّا ﴿ قُلْ هَلْ يَسْتَوِى الْأَعْلَى وَالْبَصِيْرُهُ آمُرهَلْ تَسْتَوى الظُّلُهاتُ وَالنُّورُ مُ آمُرجَعَكُوا يِتَّاهِ شُركاء خَلَقُوا كَخُلْقِه فَتَشَابَهَ الْخَلْقُ عَلَيْهِمْ ط قُلِ اللهُ خَالِقُ كُلِّ شَيْءٍ وَّهُوَ الْوَاحِدُ الْقَهَّادُ اللهُ عَلَى اللهُ عَالَمُ اللهُ عَلَا اللهُ

ٱنْزُلُ مِنَ السَّهَاء مَاءً فَسَالَتُ ٱوْدِيَةً إِقَدَارِهَا فَاحْتَهَلَ السَّيْلُ زَبكًا ارَّابِيًّا لَوَمِتَّا يُوْقِدُونَ عَلَيْهِ فِي النَّارِ ابْتِغَاءَ حِلْيَةٍ أَوْ مَتَاعٍ زَبَنٌ مِّثُلُهُ ﴿

তৈজসপত্র নির্মাণ উদ্দেশ্যে কিছু
অগ্নিতে উত্তপ্ত করা হয়; এভাবে
আল্লাহ সত্য ও অসত্যের দৃষ্টান্ত দিয়ে
থাকেন; যা আবর্জনা তা ফেলে দেয়া
হয় এবং যা মানুষের উপকারে আসে
তা জমিতে থেকে যায়, এভাবেই
আল্লাহ উপমা দিয়ে থাকেন।

১৮. মঙ্গল তাদের যারা তাদের প্রতিপালকের আহ্বানে সাড়া দেয় এবং যারা তাঁর ডাকে সাড়া দেয় না, তাদের যদি পৃথিবীতে যা কিছু আছে তা সমস্তই থাকতো এবং তার সাথে সমপরিমাণ আরো থাকতো তবে অবশ্যই তারা মুক্তিপণ স্বরূপ তা প্রদান করতো; তাদের হিসাব হবে কঠোর এবং জাহান্নাম হবে তাদের আবাস, ওটা কত নিকৃষ্ট আশ্রয়স্থল।

১৯. তোমার প্রতিপালক হতে তোমার প্রতি যা অবতীর্ণ হয়েছে তা যে ব্যক্তি সত্য বলে জানে সে আর অন্ধ কি সমান? উপদেশ গ্রহণ করে শুধু বিবেক শক্তিসম্পন্ন ব্যক্তিরাই।

২০. যারা আল্লাহকে প্রদত্ত অঙ্গীকার রক্ষা করে এবং প্রতিজ্ঞা ভঙ্গ করে না।

২১. আর আল্লাহ যে সম্পর্ক অক্ষুন্ন রাখতে আদেশ করেছেন যারা তা অক্ষুন্ন রাখে, ভয় করে তাদের প্রতিপালককে এবং ভয় করে কঠোর হিসাবকে।

২২. আর যারা তাদের প্রতিপালকের সম্ভুষ্টি লাভের জন্যে ধৈর্যধারণ করে, নামায সুপ্রতিষ্ঠিত করে এবং আমি كَنْ لِكَ يَضْرِبُ اللهُ الْحَقَّ وَالْبَاطِلَ لَهُ فَاَمَّا الزَّبَّنُ فَيَكُ هَبُ جُفَّاءً ۚ وَاَمَّا مَا يَنْفَعُ النَّاسَ فَيَمْكُثُ فِى الْاَرْضِ ۚ كَذْ لِكَ يَضْرِبُ اللهُ الْاَمْثَالَ ۞

لِلَّذِيْنَ الْسَتَجَابُوُا لِرَبِّهِمُ الْحُسْنَى الْوَالَّذِيْنَ لَمُ مَا لَكُونَى الْاَرْضِ جَمِيْعًا لَمُ مَسَلَّةً الْالْارْضِ جَمِيْعًا وَمِثْلَة مُعَة لَا فُتَكَ وَابِهِ الْوَلَيْكَ لَهُمُ سُوّءُ الْحِسَابِ لَا وَمَا وَلَهُمْ جَهَنَّمُ الْوَلِيكَ لَهُمُ الْمِهَادُ الْمِهَادُ الْمِهَادُ اللهِ اللهُ اللهُ

ٱفَمَنُ يَّعُكُمُ ٱنَّمَا ۗ ٱنْزِلَ إِلَيُكَ مِنْ رَّبِّكَ الْحَقُّ كَمَنْ هُوَ ٱعْلَى النَّهَا يَتَنَكَّرُ ٱولُوا الْأَلْبَابِ ﴿

الَّذِيْنَ يُوفُونَ بِعَهْدِاللَّهِ وَلَا يَنْقُضُونَ الْمِيثَاقَ ﴿

وَالَّذِيْنَ يَصِلُونَ مَا آمَرَ اللهُ بِهَ آنُ يُّوْصَلَ وَيَخْشُونَ رَبَّهُمْ وَيَخَافُونَ سُوْءَ الْحِسَابِ أَنْ

وَالَّذِيْنَ صَبُرُوا ابْتِغَاءَ وَجُهِ رَبِّهِمْ وَاقَامُوا الصَّلَوْةَ وَانْفَقُوْ امِبًّا دَرْقُنْهُمْ سِرًّا وَعَلانِيةً তাদেরকে যে রুযী দিয়েছি তা হতে গোপনে ও প্রকাশ্যে ব্যয় করে আর যারা ভাল দ্বারা মন্দ দ্রীভূত করে, তাদের জন্যে শুভ পরিণাম।

২৩. স্থায়ী জান্নাত, তাতে তারা প্রবেশ করবে এবং তাদের পিতা-মাতা, পতি-পত্নী ও সন্তান-সন্ততিদের মধ্যে যারা সংকর্ম করেছে তারাও এবং ফেরেশ্তাগণ তাদের কাছে হাজির হবে প্রত্যেক দরজা দিয়ে।

২৪. (এবং বলবেন) তোমরা ধৈর্যধারণ করেছো বলে তোমাদের প্রতি শান্তি! কতই না ভাল এই পরিণাম।

২৫. যারা আল্লাহর সাথে দৃঢ়
অঙ্গীকারে আবদ্ধ হওয়ার পর তা ভঙ্গ
করে, যে সম্পর্ক অক্ষুণ্ন রাখতে
আল্লাহ আদেশ করেছেন, তা ছিন্ন
করে এবং পৃথিবীতে অশান্তি সৃষ্টি
করে বেড়ায়, তাদের জন্যে আছে
অভিসম্পাত এবং তাদের জন্যে
আছে মন্দ আবাস।

২৬. আল্লাহ যার জন্যে ইচ্ছা তার ক্রমী বর্ধিত করেন এবং সংকুচিত করেন; কিন্তু তারা পার্থিব জীবন নিয়েই উল্লাসিত, অথচ ইহজীবন তো পরজীবনের তুলনায় ক্ষণস্থায়ী ভোগ মাত্র।

২৭. যারা কৃষ্ণরী করেছে, তারা বলেঃ তার প্রতিপালকের নিকট হতে তার নিকট কোন নিদর্শন অবতীর্ণ হয় না وَّ يَدُرَءُونَ بِالْحَسَنَةِ السَّيِّئَةَ أُولَلٍكَ لَهُمْ عُقْبَى النَّارِشُ

جَنَّتُ عَدُنِ يَّدُخُلُونَهَا وَمَنْ صَلَحَ مِنْ اَبَالِهِمُ وَ اَزْوَاجِهِمُ وَذُرِّيَّتِهِمْ وَالْمَلْلِكَةُ يَدُخُلُونَ عَلَيْهِمُ مِّنْ كُلِّ بَابٍ شَ

سَلَمٌ عَلَيْكُمْ بِمَا صَبَرْتُمْ فَنِعْمَ عُقْبَى الدَّارِشَ

وَالَّذِيْنَ يَنْقُضُونَ عَهْدَاللهِ مِنْ بَعْدِ مِيْثَاقِهِ وَيَقْطَعُونَ مَا آمَرَاللهُ بِهَ اَنْ يُوْصَلَ وَيُفْسِدُونَ فِى الْاَرْضِ اُولَإِكَ لَهُمُ اللَّعْنَكُ وَلَهُمْ سُوْءُ النَّالِ @

ٱللهُ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَآءُ وَيَقْدِرُ ط وَفَرِحُوْا بِالْحَلُوةِ اللَّهُ نَيَا ﴿ وَمَا الْحَلُوةُ اللَّهُ نَيَا فِي الْاِخِرَةِ الاَّمَتَاعُ شَ

وَيَقُوْلُ الَّذِيْنَ كَفَرُوْ الوَّلَ انْزِلَ عَلَيْهِ ايَةٌ مِّنُ رَبِّهِ وَقُلُ إِنَّ اللهَ يُضِلُّ مَنْ يَشَاءُ وَيَهْدِيَ কেন? তুমি বলঃ আল্লাহ যাকে ইচ্ছা বিভ্রান্ত করেন এবং তিনি তাদেরকেই তাঁর পথ দেখান যারা তাঁর অভিমুখী।

২৮. ওরা যারা ঈমান আনে এবং আল্লাহর যিকিরে তাদের অন্তর প্রশান্ত হয়; জেনে রাখো, আল্লাহর জিকিরেই অন্তর প্রশান্ত হয়।

২৯. যারা ঈমান আনে ও সৎকর্ম করে, কল্যাণ ও শুভ পরিণাম তাদেরই।

৩০. এইভাবে আমি তোমাকে পাঠিয়েছি এমন এক জাতির নিকট যার পূর্বে বহুজাতি গত হয়েছে, তাদের নিকট আবৃত্তি করার জন্যে, যা আমি তোমার প্রতি প্রত্যাদেশ করেছি; তথাপি তারা দয়াময়কে অস্বীকার করে; তুমি বল তিনিই আমার প্রতিপালক; তিনি ছাড়া অন্য কোন (সত্য) মা'বৃদ নেই, তাঁরই উপর আমি নির্ভর করি এবং আমার প্রত্যাবর্তন তাঁরই কাছে।

اِلَيْهِ مَنْ أَنَابَ اللهِ

اَكَّنِيْنَ الْمَنُوا وَ تَطْمَدِنُّ قُلُوبُهُمْ بِنِكْرِ اللهِ طَالَا بِنِكْرِ اللهِ تَطْمَدِنُّ الْقُلُوبُ ﴿

اَلَّذِينَ امَنُوا وَعَمِلُوا الطَّلِحْتِ طُوْبِي لَهُمْ وَكُولِي لَهُمْ وَكُولِي لَهُمْ وَكُولِي لَهُمْ وَكُمُن مَأْبِ®

كُذْلِكَ أَنْسُلْنُكَ فِنَ أُمَّةٍ قَدُ خَلَتُ مِنْ قَبْلِهَ ۗ أُمَمَّ لِتَتَنُّكُواْ عَلَيْهِمُ الَّذِئَ آوْعَيْنَاۤ اِلَيْكَ وَهُمُ يَكُفُرُونَ بِالرَّحْلِنِ الْقُلْ هُوَ رَبِّيُ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ عَكَيْهِ تَوَكَّلْتُ وَ اِلَيْهِ مَتَابِ ۞

১। (ক) আবৃ মৃসা (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত তিনি বলেন, নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন যে, যে ব্যক্তি তার প্রভূর (স্মরণ) যিকির করে আর যে করে না তাদের উদাহরণ হল জীবিত এবং মৃত ব্যক্তির ন্যায়। (বুখারী, হাদীস নং ৬৪০৭)

⁽খ) আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত। নিশ্চয়ই রাস্লুল্লাহু (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেনঃ যে ব্যক্তি প্রতিদিন একশতবার (সুবহানাল্লাহি বিহামদিহি) এই দু'আটি পাঠ করবে, তার গুনাহ্ যদি সমুদ্রের ফেনাতুল্যও হয় তবুও আল্লাহ্ দয়া করে তা ক্ষমা করে দিবেন। (বুখারী, হাদীস নং ৬৪০৫)

⁽গ) আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) হতে বর্ণিত। রাসূলুল্লাহু (সাল্লাল্লাহু অলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যে, ব্যক্তি দিনে একশবার এটা পড়েঃ "লা-ইলাহা ইল্লাল্লাছু ওয়াহ্দাহু লা-শারীকালাছু, লাহুলমূলকু ওয়ালা হুল হামদু ওয়াহয়া 'আলা কুল্লি শাইয়িয়ন কাদির।" অর্থঃ "একমাত্র আল্লাহু ছাড়া আর কোন সত্য ইলাহ নেই; তাঁর কোন শরীক বা অংশীদারও নেই, সার্বভৌমত্ব ও সকল প্রকার প্রশংসা একমাত্র তাঁরই আর তিনি সমস্ত বস্তুর ওপরে সর্বশক্তিমান।" তবে "সে দশটা গোলাম আঘাদ করার সমান সওয়াব পায়। একশটা নেকী তার জন্য লেখা হয় এবং তার একশটা শুনাহ মিটিয়ে দেয়া হয়। ওই দিন সন্ধ্যা হওয়া পর্যন্ত শয়তান থেকে তার রক্ষা পাওয়ার ব্যবস্থা হয় এবং তার চেয়ে উত্তম আর কেউ হবে না। তবে যে ব্যক্তি এটা তার চেয়ে বেশি পড়ে (সে হতে পারবে)। (বুখারী, হাদীস নং ৬৪০৩)

৩১. যদি কোন কুরআন এমন হতো যার দ্বারা পর্বতকে গতিশীল করা যেতো অথবা পৃথিবীকে বিদীর্ণ করা যেতো অথবা মৃতের সাথে কথা বলা যেতো, (তবুও তারা তাতে বিশ্বাস করতো না;) কিন্তু সমস্ত বিষয়ই আল্লাহর ইখতিয়ারভুক্ত; তবে কি যারা ঈমান এনেছে তারা নিরাশ হয়ে পড়েনি যে. আল্লাহ ইচ্ছা করলে নিশ্চয় সকলকে সৎপথে পরিচালিত করতে পারতেন; যারা কুফরী করেছে তাদের কর্মফলের জন্যে তাদের বিপর্যয় ঘটতেই থাকবে. অথবা বিপর্যয় তাদের আশে পাশে আপতিত হতেই থাকবে, যতক্ষণ পর্যন্ত না আল্লাহর প্রতিশ্রুতি ঘটবে. নিশ্চয় আল্লাহ প্রতিশ্রুতির ব্যতিক্রম করেন না।

৩২. তোমার পূর্বেও অনেক রাসূলের সাথে ঠাটা বিদ্রূপ করা হয়েছে, যারা কুফরী করেছে তাদেরকে অবকাশ দিয়েছিলাম, তারপর করেছিলাম: পাকডাও তাদেরকে কেমন ছিল আমার পাকড়াও!

৩৩. তবে কি প্রত্যেক মানুষ যা করে তার যিনি পর্যবেক্ষক তিনি এদের অক্ষম উপাস্যগুলির মত? (আল্লাহর পর্যবেক্ষণ সত্ত্বেও) অথচ তারা আল্লাহর বহু শরীক করেছে, তুমি বলঃ তোমরা তাদের পরিচয় দাও: তোমরা কি পৃথিবীর মধ্যে অথবা প্রকাশ্য বর্ণনা হতে এমন কিছুর সংবাদ তাঁকে দিতে চাও যা তিনি

وَكُوْ أَنَّ قُرْأَنَّا سُيِّرَتْ بِهِ الْحِبَالُ أَوْقُطِّعَتْ بِهِ الْأَرْضُ أَوْ كُلِّمَ بِهِ الْمَوْتُي وَبِلْ تِللهِ الْأَمْرُ جَبِيْعًا ۗ اَفَكُمْ يَايْعَسِ الَّذِيْنَ امَنُوْاَ اَنُ لَّوْيَشَاءُ الله كهكى النَّاسَ جَمِيْعًا وَلَا يَزَالُ الَّذِينَ كَفَرُوْا تُصِيْبُهُمْ بِمَا صَنَعُوْا قَارِعَةٌ أَوْ تَحُلُّ قَرِيبًا صِّنُ دَارِهِمُ حَتَّى يَأْتِيَ وَعُدُ اللهِ طَانَّ اللهَ لا يُخُلِفُ الْبِيْعَادَ ﴿

وَلَقَدِ اسْتُهُزِئَ بِرُسُلِ مِّنْ قَبْلِكَ فَامْلَيْتُ لِلَّذِيْنَ كَفَرُوا ثُمَّ آخَذُتُهُمُ اللَّهِ كَانَ عِقَابٍ 🕾

ٱفَمَنُ هُوَ قَالِيمٌ عَلَى كُلِّ نَفْسٍ بِمَا كَسَبَتُ ۚ وَجَعَلُوا بِلَّهِ شُرَكَآءَ وَقُلْ سَبُّوهُمُ الْمَرْتُنَبِّعُونَ لَا بِمَا لَا يَعْلَمُ فِي ٱلْأَرْضِ آمُر بِظَاهِدٍ مِّنَ الْقَوْلِ ﴿ بَلْ زُبِّنَ لِلَّذِيْنَ كَفُرُوا مَكْرُهُمْ وَصُدُّوا عَنِ السَّبِيلِ ع وَمَنْ يُضْلِلِ اللهُ فَمَا لَهُ مِنْ هَادٍ اللهُ জাহান্নাম।

জানেন না? না, বরং কাফিরদের নিকট প্রতারণা তাদের শোভন প্রতীয়মান হয় এবং তারা সৎপথ হতে নিবৃত্ত হয়; আল্লাহ যাকে বিভ্ৰান্ত করেন তার কোন পথ প্রদর্শক নেই। ৩৪. তাদের জন্যে পার্থিব জীবনে আছে শাস্তি এবং পরকালের শাস্তি তো আরো কঠোর এবং আল্লাহর শাস্তি হতে রক্ষা করার তাদের কেউ নেই। ৩৫. মুত্তাকীদেরকে যে জানাতের প্রতিশ্রুতি দেয়া হয়েছে, তার উপমা এইরূপঃ নদী ওর পাদদেশে প্রবাহিত, ওর ফলসমূহ ও ছায়া চিরস্থায়ীঃ যারা মুত্তাকী এটা তাদের কর্মফল এবং কাফিরদের কর্মফল

৩৬. আমি যাদেরকে কিতাব দিয়েছি তারা যা তোমার প্রতি অবতীর্ণ হয়েছে তাতে আনন্দ পায়, তবে কোন কোন দল ওর কতক অংশ অস্বীকার করে; তুমি বলঃ আমি তো আল্লাহরই ইবাদত করতে ও তাঁর কোন শরীক না করতে আদিষ্ট হয়েছি; আমি তাঁরই প্রতি আহ্বান করি এবং তাঁরই নিকট আমার প্রত্যাবর্তন।

৩৭. আর এভাবে আমি ওটা (কুরআন) অবতীর্ণ করেছি এক নির্দেশ, আরবী ভাষায়; জ্ঞান প্রাপ্তির পর তুমি যদি তাদের খেয়াল-খুশীর অনুসরণ কর তবে আল্লাহর বিরুদ্ধে তোমার কোন অভিভাবক ও রক্ষক থাকবে না।

لَهُمْ عَنَابٌ فِي الْحَيُوةِ اللَّهُ نَيَا وَلَعَنَابُ الْالْحِرَةِ اَشَقُّ عَوَمَا لَهُمْ مِّنَ اللهِ مِنْ وَاقِ

مَثَلُ الْجَنَّةِ الَّتِي وُعِدَ الْمُثَقَّوُنَ لَا تَجْرِي مِنُ تَخْتِهَا الْاَنْهُرُ لِللَّهَا دَآلٍ هُ وَظِلُّهَا لِا تِلْكَ عُقْبَى الَّذِيْنَ التَّقَوْلِ فَي عُقْبَى الْكَفِرِيْنَ النَّارُ ۞

> وَالَّذِيْنَ الْتَيْنَهُمُ الْكِتْبَ يَفُرُحُوْنَ بِمَا اُنْزِلَ إِلَيْكَ وَمِنَ الْوَحْزَابِ مَنْ يُّنْكِرُ بَعْضَهُ ﴿ قُلْ إِنَّهَا أَمِرْتُ اَنْ اَعْبُدَ اللهَ وَلاَ اُشْرِكَ بِهِ ﴿ إِنَّهَا آمِرُتُ اَنْ اَعْبُدَ اللهَ وَلاَ اُشْرِكَ بِهِ ﴿ إِلَيْهِ اَدْعُوْا وَإِلَيْهِ مَأْبِ ۞

وَكُنْ لِكَ أَنْزَلُنْهُ حُكُمًا عَرَبِيًّا ﴿ وَلَهِنِ التَّبَعْتَ الْفِلْمِ الْبَعْتَ الْفِلْمِ الْبَعْتَ الْفِلْمِ مَا لَكَ مِنَ اللهِ مِنْ وَلِيَّ وَلَا وَإِنْ ﴿

৩৮. তোমার পূর্বেও আমি অনেক রাসূল প্রেরণ করেছিলাম এবং তাদেরকে স্ত্রী ও সন্তান-সন্ততি দিয়েছিলাম; আল্লাহর অনুমতি ছাড়া কোন নিদর্শন উপস্থিত করা কোন রাসূলের কাজ নয়; প্রত্যেক বিষয়ের নির্ধারিত কাল লিপিবদ্ধ।

৩৯. আল্লাহ যা ইচ্ছা তা নিশ্চিহ্ন করেন এবং প্রতিষ্ঠিত রাখেন এবং তাঁরই নিকট আছে মূল গ্রন্থ।

80. আমি তাদেরকে যে শান্তির কথা বলি, তার কিছু যদি তোমাকে দেখিয়ে দিই অথবা যদি এর পূর্বে তোমার মৃত্যু ঘটিয়েই দিই (সর্বাবস্থায়) তোমার কর্তব্য তো শুধু প্রচার করা, আর হিসাব-নিকাশ তো আমার কাজ।

83. তারা কি দেখে না যে, আমি তাদের যমীনকে (দেশকে) চারদিক হতে সংকৃচিত করে আনছি? আল্লাহ আদেশ করেন, তার আদেশ রদ করার কেউ নেই এবং তিনি হিসাব গ্রহণে তৎপর।

8২. তাদের পূর্বে যারা ছিল তারাও চক্রান্ত করেছিল, কিন্তু সমস্ত চক্রান্ত আল্লাহর ইখতিয়ারে; প্রত্যেক ব্যক্তি যা করে তা তিনি জানেন এবং কাফিররা শীঘ্রই জানবে শুভ পরিণাম কাদের জন্যে।

8৩. যারা কৃষ্ণরী করেছে তারা বলেঃ
তুমি আল্লাহর প্রেরিত নও; তুমি বলঃ
আল্লাহ এবং যাদের নিকট কিতাবের
জ্ঞান আছে, (যেমন আব্দুল্লাহ্ ইবনে
সালাম) তারা আমার ও তোমাদের
মধ্যে সাক্ষী হিসেবে যথেষ্ট।

وَلَقُدُ اَرْسَلْنَا رُسُلًا مِّنْ قَبْلِكَ وَجَعَلْنَا لَهُمْ اَزُواجًا وَّ ذُرِّيَّةً ﴿ وَمَا كَانَ لِرَسُوْلِ آنَ يَّأَتِى بِأَيْةٍ اِلرَّبِادُنِ اللهِ ﴿ لِكُلِّ اَجَلٍ كِتَابُ ۞

يَمُحُوا اللهُ مَا يَشَآءُ وَيُثَبِتُ ﴾ وَعِنْدَةً اللهُ الْكِتْبِ ۞ وَإِنْ مَّا نُوِيَنَّكَ بَعْضَ الَّذِي نَعِدُهُمُ اوْ نَتُوفَيَيَنَّكَ فَإِنَّهَا عَلَيْكَ الْبَلْغُ وَعَلَيْنَا الْحِسَابُ ۞

اَوَلَمُ يَرُوا اَنَّا نَاْقِ الْاَرْضَ نَنْقُصُهَا مِنَ اَطُرَافِهَا ﴿ وَاللَّهُ يَحْكُمُ لَامُعَقِّبَ لِحُكْمِهِ ﴿ وَهُوَ سَرِيْعُ الْحِسَابِ ۞

وَقَلْ مَكَرَالَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ فَيِلَّهِ الْمَكُرُ جَبِيْعًا ﴿ يَعْلَمُ مَا تَكْسِبُ كُلُّ نَفْسٍ ﴿ وَسَيَعْلَمُ الْكُفُّرُ لِمَنْ عُقْبَى الدَّادِ۞

وَيَقُولُ الَّذِيْنَ كَفَرُوْا لَسُتَ مُرْسَلًا قُلْ كَفَٰى بِاللهِ شَهِيُكًا بَيْنِي وَبَيْنَكُمْ لوَمَنْ عِنْدَ لاَ عِلْمُ الْكِتْبِ شَ

সূরাঃ ইবরাহীম, মাকী

(আয়াতঃ ৫২, রুকৃ'ঃ ৭)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

- ১. আলিফ-লাম-রা; এই কিতাব, এটা আমি তোমার প্রতি অবতীর্ণ করেছি যাতে তুমি মানব জাতিকে তাদের প্রতিপালকের নির্দেশক্রমে বের করে আনতে পার অন্ধকার হতে আলোকের দিকে, তাঁর পথে, যিনি পরাক্রমশালী, সর্বপ্রশংসিত।
- আল্লাহ, আসমানসমূহ ও যমীনে যা কিছু আছে তা তাঁরই; কঠিন শাস্তির দুর্ভোগ কাফিরদের জন্যে।
- ৩. যারা ইহজীবনকে পরজীবনের উপর প্রাধান্য দেয়, মানুষকে নিবৃত্ত করে আল্লাহর পথ হতে এবং আল্লাহর পথ বক্র করতে চায়; তারাই তো ঘোর বিভ্রান্তিতে রয়েছে।
- 8. আমি প্রত্যেক রাসূলকেই তার স্বজাতির ভাষাভাষী করে পাঠিয়েছি। তাদের নিকট পরিস্কারভাবে ব্যাখ্যা করবার জন্যে, আল্লাহ যাকে ইচ্ছা বিভ্রান্ত করেন এবং যাকে ইচ্ছা সৎপথে পরিচালিত করেন এবং তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়।
- ৫. মৃসাকে (প্রাঞ্জী) আমি আমার নিদর্শনসহ প্রেরণ করেছিলাম এবং বলেছিলামঃ তোমার সম্প্রদায়কে অন্ধকার হতে আলোতে আনয়ন কর এবং তাদেরকে আল্লাহর দিবসগুলির

سُورَةُ إِبُراهِيْمَ مَكِيَّةُ ايَاتُهَا ۵۲ رَكُوْعَاتُهَا ٤ بِسْمِ اللهِ الرَّحْلِنِ الرَّحِيْمِ

الَّا َ كِتُبُّ اَنْزَلْنُهُ اِلَيُكَ لِتُخْرِجَ النَّاسَ مِنَ الظُّلُمٰتِ إِلَى النُّوْرِ لَا بِإِذْنِ رَبِّهِمُ اِلْ صِرَاطِ الْعَزِيُزِ الْحَمِيْلِ أَ

اللهِ الَّذِي لَهُ مَا فِي السَّلُوتِ وَمَا فِي الْاَدْضِ وَوَيْلٌ لِّلْكُفِرِيْنَ مِنْ عَذَابٍ شَدِيْدِي ﴿

الَّذِيْنَ يَسْتَحِبُّوْنَ الْحَيْوةَ النُّانِيَا عَلَى الْأَخِرَةِ وَيَصُنُّوْنَ عَنْ سَبِيْلِ اللهِ وَيَبْغُوْنَهَا عِوَجًا ﴿ اُولِيكَ فِيْ ضَلْلٍ بَعِيْدٍ ۞

> وَمَّا اَرْسَلْنَا مِنْ رَّسُوْلٍ الآلِ بِلِسَانِ قَوْمِهِ لِيُبَيِّنَ لَهُمُ طَفَيْضِلُّ اللهُ مَنْ يَّشَاءُ وَيَهُدِى مَنْ يَشَاءُ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ۞

وَلَقُلُ أَرْسَلُنَا مُوْسَى بِالْيِنَا آنُ آخِرِجُ قَوْمَكَ مِنَ الظُّلُلْتِ إِلَى النُّوْرِلُا وَذَكِّرْهُمْ مِ بِاَيْتِمِ اللهِ ط إِنَّ فِي ذَٰلِكَ لَالْتٍ لِّكُلِّ صَبَّارٍ شَكُوْدٍ ۞ দ্বারা উপদেশ দাও, এতে তো নিদর্শন রয়েছে প্রত্যেক অধিক ধৈর্যশীল ও কৃতজ্ঞ ব্যক্তির জন্যে।

মূসা (ইউটা) যখন সম্প্রদায়কে বলেছিলেনঃ তোমরা তোমাদের প্রতি আল্লাহর স্মরণ কর যখন তিনি নিয়ামতকে রক্ষা করেছিলেন তোমাদেরকে ফিরাউনীয় সম্প্রদায়ের কবল হতে. যারা তোমাদেরকে নিকৃষ্ট দিতো. তোমাদের পুত্রদেরকে যবাহ করতো ও তোমাদের নারীদেরকে জীবিত রাখতো; এবং এতে ছিল তোমাদের প্রতিপালকের পক্ষ হতে এক মহাপরীক্ষা।

 মখন তোমাদের প্রতিপালক ঘোষণা করেনঃ তোমরা কৃতজ্ঞ হলে তোমাদেরকে অবশ্যই অধিক দিবো, আর অকৃতজ্ঞ হলে অবশ্যই আমার শাস্তি হবে কঠোর।

৮. মৃসা (ৠয়) বলেছিলেনঃ তোমরা এবং পৃথিবীর সকলেই যদি অকৃতজ্ঞ হও তথাপি আল্লাহ অভাবমুক্ত এবং সর্বপ্রশংসিত।

 وَإِذْ قَالَ مُوسَى لِقَوْمِهِ اذْكُرُوْا نِعْمَةَ اللهِ عَلَيْكُمْ إِذْ اَنْجُكُمْ مِّنْ الِ فِرْعَوْنَ يَسُوْمُوْنَكُمْ سُوَّءَ الْعَذَابِ وَيُذَبِّحُونَ اَبْنَاءَكُمْ وَيَسْتَحْيُونَ نِسَاءَكُمْ لَا وَيُنْ ذَٰلِكُمْ بَلَاّءٌ مِّنْ تَرْبِكُمْ عَظِيْمٌ ﴿

وَاِذْ تَاَذَّنَ رَبُّكُمْ لَهِنَ شَكْرُتُمْ لَازِيْرَنَّكُكُمْ وَلَهِنَ كَفَرْتُمْ اِنَّ عَذَانِي لَشَدِينٌ ۞

وَ قَالَ مُوْلَى إِنْ تُكْفُرُوْآ اَنْتُمُ وَ مَنْ فِى الْاَرْضِ جَمِيْعًا ۚ فَإِنَّ اللهَ لَغَنِيُّ حَمِيْكٌ ۞

اَلَمْ يَاٰتِكُمْ نَبَوُّا الَّذِينَ مِنْ قَبُلِكُمْ قَوْمِ نُوْجَ وَّعَادٍ وَّثَمُوُدَ أَهُ وَالَّذِينَ مِنْ بَعْدِهِمْ أَ لاَ يَعْلَمُهُمْ اللَّا اللهُ اللهُ عَاءَتُهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنْتِ فَرَدُّ وَآايُدِيهُمْ فِي آفُواهِهِمْ وَقَالُوْآ اِنَّا كَفَرُنَا بِمَا أَرْسِلْتُمْ بِهِ وَانَّا لَفِي شَكِّ বলতোঃ যা সহ তোমরা প্রেরিত হয়েছো তা আমরা প্রত্যাখ্যান করি এবং আমরা অবশ্যই বিভ্রান্তিকর সন্দেহ পোষণ করি সে বিষয়ে, যার প্রতি তোমরা আমাদেরকে আহ্বান করছো।

১০. তাদের রাসূলগণ বলেছিলেনঃ আল্লাহ সম্বন্ধে কি কোন সন্দেহ আছে আকাশসমূহ সষ্টিকর্তা? তিনি তোমাদেরকে আহ্বান করেন তোমাদের পাপ মার্জনা করবার জন্যে এবং নির্দিষ্ট সময় পর্যন্ত তোমাদেরকে অবকাশ দিবার জন্যে: তারা বলতোঃ তোমরা তো আমাদের মতই মানুষ; আমাদের পিতৃ পুরুষগণ যাদের ইবাদত করতো তোমরা তাদের ইবাদত হতে আমাদেরকে বিরত রাখতে অতএব তোমরা আমাদের কোন অকাট্য প্রমাণ উপস্থিত কর।

১১. তাদের রাসূলগণ তাদেরকে বলেছিলেনঃ আমরা তোমাদের মত মানুষ; কিন্তু আল্লাহ তাঁর বান্দাদের মধ্যে যাকে ইচ্ছা অনুগ্রহ করে থাকেন; আল্লাহর অনুমতি ছাড়া তোমাদের নিকট প্রমাণ উপস্থিত করা আমাদের কাজ নয়; মু'মিনদের আল্লাহর উপরই নির্ভর করা উচিত।

১২. আমরা আল্লাহর উপর নির্ভর করবো না কেন? তিনিই তো আমাদেরকে পথ প্রদর্শন করেছেন; তোমরা আমাদেরকে যে ক্লেশ দিচ্ছ, আমরা অবশ্যই তা ধৈর্যের সাথে সহ্য مِّبًا تَنُعُونَنَا إلَيْهِ مُرِيْبٍ ٠

قَالَتُ رُسُلُهُمُ أَفِي اللهِ شَكَّ فَاطِرِ السَّهٰوْتِ
وَالْاَرْضِ ﴿ يَلْ عُوْلُمُ لِيَغْفِرَ لَكُمُ مِّنَ ذُنُوْبِكُمُ
وَيُؤَخِّرَكُمُ إِلَى اَجَلٍ مُّسَمَّى ﴿ قَالُوْاۤ إِنَ اَنْتُمُ

اِلاَّ بَشَرٌ مِّ ثُلُنَا ﴿ تُرِيدُهُونَ اَنْ تَصُدُّونَا
عَمَّا كَانَ يَعْبُلُ ابَا وَنَا فَاتُوْنَا فِاتُوْنَا فِسُلْطِنِ
عَمَّا كَانَ يَعْبُلُ ابَا وَنَا فَاتُوْنَا فِسُلْطِنِ

قَالَتْ لَهُمْ رُسُلُهُمْ إِنْ نَكُنُ إِلَّا بَشَرَّ مِّ ثُلُكُمُ وَلَكِنَّ اللهَ يَنُنُّ عَلَى مَنْ يَّشَآءُ مِنْ عِبَادِم ا وَمَا كَانَ لَنَا آنُ تَأْتِيكُمْ لِسُلْطِنِ إِلَّا بِإِذْنِ اللهِ وَعَلَى اللهِ فَلْيَتَوَكِّلِ الْمُؤْمِنُونَ ﴿

وَمَا لَنَاۚ اللَّا نَتَوَكَّلَ عَلَى اللهِ وَقَدُ هَلَمَنَا سُبُلَنَا وَ وَلَنَصْبِرَتَّ عَلَى مَاۤ اذَيْتُنُوْنَا ﴿ وَعَلَى اللهِ فَلْيَتَوَكِّلِ الْمُتَوَكِّدُونَ شَ

নির্ভরকারীদের এবং করবো আল্লাহরই উপর নির্ভর করা উচিত।

১৩. কাফিরগণ তাদের রাসৃলদেরকে বলেছিলঃ আমরা তোমাদেরকে অবশ্যই আমাদের দেশ হতে বহিষ্কৃত করবো, অথবা তোমাদেরকে আমাদের ধর্মাদর্শে ফিরে আসতেই হবে: অতঃপর তাঁদের নিকট তাঁদের প্রতিপালক ওহী প্রেরণ করলেনঃ যালিমদেরকে আমি অবশ্যই বিনাশ করবো i

১৪, তাদের পরে আমি তোমাদেরকে দেশে প্রতিষ্ঠিত করবই; এটা তাদের জন্যে, যারা ভয় রাখে আমার সম্মুখে উপস্থিত হওয়ার এবং ভয় রাখে আমার শাস্তির।

১৫. তারা বিজয় কামনা করলো এবং প্রত্যেক উদ্ধৃত স্বৈরাচারী ব্যর্থকাম হলো।

S&. তাদের প্রত্যেকের জন্যে পরিণামে এবং জাহান্নাম রয়েছে প্রত্যেককে পান করানো হবে গলিত পূঁজ।

১৭ যা সে অতি কট্টে গলধঃকরণ করবে এবং তা গলধঃকরণ করা প্রায় অসম্ভব হয়ে পডবে: সর্বদিক হতে তার নিকট আসবে মৃত্যু যন্ত্রণা; কিন্তু তার মৃত্যু ঘটবে না এবং সে কঠোর শাস্তি ভোগ করতেই থাকবে।

وَ قَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِرُسُلِهِمُ لَنُخُرِجَنَّكُمُ مِّنَ ٱرْضِنَآ اَوُ لَتَعُودُنَّ فِي مِلَّتِنَا ﴿ فَٱوْتَى اِلَّهِمْ رَبُّهُمْ لَنُهُلِكُنَّ الظُّلِيدِينَ ﴿

وَلَنُسُكِنَتَّكُمُ الْأَرْضَ مِنْ بَعْدِدِهِمْ لَا ذَٰلِكَ لِمَنْ خَافَ مَقَاهِي وَخَافَ وَعِنْد اللهِ

وَاسْتَفْتَحُوا وَخَابَ كُلُّ جَبَّادٍ عَنِيْدٍ ﴿

صِّنُ وَّرَآبِهِ جَهَنَّمُ وَيُسْقَى مِنْ مِّآءِ صَدِيْكِ ﴿

يَّتَجَرَّعُهُ وَلا يَكَادُ يُسِيغُهُ وَيَأْتِيهِ الْمَوْتُ مِنْ كُلِّ مَكَانِ وَمَا هُوبِمَيِّتِ ﴿ وَمِنْ وَرَآبِهِ عَنَاكُ غَلِيْظٌ 🛈

১। আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত। নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এরশাদ করেছেনঃ (জাহান্নামে) কাফেরের এক কাঁধ থেকে অপর কাঁধ পর্যন্ত দূরত্বের পরিমাণ হবে দ্রুতগামী আরোহীর তিন দিনের পথের সমান। (বুখারী হাদীস নং ৬৫৫১)

১৮. যারা তাদের প্রতিপালককে অস্বীকার করে তাদের উপমা তাদের কর্মসমূহ ভত্ম সদৃশ্য যা ঝড়ের দিনে বাতাস প্রচন্ড বেগে উড়িয়ে নিয়ে যায়; যা তারা উপার্জন করে তার কিছুই তারা তাদের কাজে লাগাতে পারে না; এটা তো ঘোর বিভ্রান্তি।

১৯. তুমি কি লক্ষ্য কর না যে, আল্লাহ আকাশমন্ডলী ও পৃথিবী যথাবিধি সষ্টি করেছেন? তিনি ইচ্ছা করলে তোমাদের অস্তিত্ব বিলোপ করতে পারেন এবং এক নতুন সৃষ্টি অস্তিত্বে আনতে পারেন।

২০. আর এটা আল্লাহর জন্যে আদৌ কঠিন নয়।

২১. সবাই আল্লাহর নিকট উপস্থিত হবেই; যারা অহংকার করতো তখন দুর্বলেরা তাদেরকে বলবেঃ আমরা তো তোমাদের অনুসারী ছিলাম; এখন তোমরা আল্লাহর শাস্তি হতে আমাদেরকে কিছুমাত্র রক্ষা করতে পারবে? তারা বলবেঃ আল্লাহ আমাদেরকে সৎ পথে পরিচালিত করলে আমরাও তোমাদেরকে সং পথে পরিচালিত করতাম: এখন আমাদের ধৈর্যচ্যত হওয়া অথবা ধৈৰ্যশীল হওয়া একই কথা: আমাদের কোন নিষ্কৃতি নেই।

২২. যখন সব কিছুর মীমাংসা হয়ে যাবে তখন শয়তান বলবেঃ আল্লাহ তোমাদেরকে প্রতিশ্রুতি দিয়েছিলেন সত্য প্রতিশ্রুতি, আমিও তোমা- مَثَلُ الَّذِيْنَ كَفَرُوْ ابِرَبِّهِمُ اَعْمَالُهُمْ كَرَمَادِ اشْتَكَّ فَ بِهِ الرِّيْحُ فِي يَوْمِ عَاصِفٍ لَا يَقْدِرُوْنَ مِبَّا كَسَبُوْ اعَلَى شَيْءٍ ذٰلِكَ هُوَ الضَّلْلُ الْبَعِيْدُ ۞

ٱكُمْ تَرَ ٱنَّ اللهَ خَلَقَ السَّلْوٰتِ وَالْأَرْضَ بِالْحَقِّ السَّلْوٰتِ وَالْأَرْضَ بِالْحَقِّ ا إِنْ يَشَا يُنْ هِبُكُمُ وَيَاْتِ بِخَلْقٍ جَدِيْدٍ ﴿

وَّمَا ذٰلِكَ عَلَى اللهِ بِعَزِيْزِ ٠٠

وَبَرُدُوْ اللهِ جَمِيْعًا فَقَالَ الضَّعَفَّوُّ الِلَّذِينَ السَّكُمْرُوَّا الضَّعَفَوُّ الِلَّذِينَ السَّكُمْرُوَّا النَّاكُمُ مُّغُنُوُنَ عَنَّا اللَّهُ مِنْ عَذَالِ اللهِ مِنْ شَيْءٍ ﴿قَالُوْا لَوْهَلَ مِنَا اللَّهُ لَهَرَيْنَا لَهُ مُصَارِّدُنَا لَهَرَانَا اللَّهُ مَا لَنَامِنُ مَّحِيْصٍ أَلَّهُ مَا لَنَامِنُ مَّحِيْصٍ أَلَّهُ مَا لَنَامِنُ مَّحِيْصٍ أَلَّهُ

وَقَالَ الشَّيُطْنُ لَكَّا قُضِى الْاَمُوُ إِنَّ اللَّهَ وَعَلَاكُمُ وَعُدَ الْحَقِّ وَوَعَلْ تُكُمُّ فَاَخْلَفْتُكُمْ ا وَمَا كَانَ

দেরকে প্রতিশ্রুতি দিয়েছিলাম; কিন্তু আমি তোমাদেরকে প্রদত্ত প্রতিশ্রুতি করি নাই: আমার তোমাদের উপর কোন আধিপত্য ছিল না. আমি শুধু তোমাদেরকে আহ্বান করেছিলাম আর তোমরা আমার আহ্বানে সাড়া দিয়েছিলে; স্তরাং আমার প্রতি তোমরা দোষারোপ তোমরা করো না. তোমাদের প্রতিই দোষারোপ কর; আমি তোমাদের উদ্ধারে করতে সক্ষম নই এবং তোমরাও আমার উদ্ধারে সাহায্য করতে সক্ষম পূর্বে আমাকে নও; তোমরা যে আল্লাহর শরীক করেছিলে তার সাথে কোনই আমার সম্পর্ক যালিমদের জন্যে তো বেদনাদায়ক শাস্তি আছেই।

২৩. যারা ঈমান আনে ও সৎকর্ম করে তাদেরকে প্রবেশ করানো হবে জানাতে যার পাদদেশে নদী প্রবাহিত; সেখানে তারা চিরস্থায়ী-ভাবে অবস্থানকারী হবে তাদের প্রতিপালকের অনুমতিক্রমে; সেখানে তাদের অভিবাদন হবে 'সালাম'।

২৪. তুমি কি লক্ষ্য কর না আল্লাহ কিভাবে উপমা দিয়ে থাকেন? সৎবাক্যের তুলনা উৎকৃষ্ট বৃক্ষ যার মূল সুদৃঢ় ও যার শাখা-প্রশাখা উর্ধ্বে বিস্তৃত।

২৫. যা প্রতি মুহুর্তে ফল দান করে তার প্রতিপালকের অনুমতিক্রমে এবং আল্লাহ মানুষের জন্যে উপমা

وَاُدُخِلَ الَّذِيْنَ امَنُوا وَعَبِلُوا الصَّلِطَتِ جَنَّتٍ تَجْرِىٰ مِنْ تَخْتِهَا الْاَنْهُارُ خُلِدِيْنَ فِيْهَا بِإِذْنِ رَبِّهِمُ الْتَحِيَّتُهُمُ فِيْهَا سَلَمٌ ﴿

ٱلَمُ تَوَكَيْفَ ضَرَبَ اللّٰهُ مَثَلًا كَلِمَةً طَيِّبَةً كَشَجَرَةٍ طَيِّبَةٍ ٱصْلُهَا ثَابِتٌ وَّفَرْعُهَا فِي السَّمَاءِ ﴾

تُؤُقِّ أَكُلَهَا كُلَّ حِيْنٍ بِإِذُنِ رَبِّهَا ﴿ وَيَضْرِبُ اللهُ الْاَمُثَالَ لِلتَّاسِ لَعَلَّهُمْ يَتَنَكَّرُونَ ۞ দিয়ে থাকেন যাতে তারা শিক্ষা গ্রহণ করে।

২৬. কুবাক্যের তুলনা এক মন্দ বৃক্ষ, যার মূল ভূ-পৃষ্ঠ হতে বিচ্ছিন্ন, যার কোন স্থায়িত্ব নেই।

২৭. যারা বিশ্বাসী তাদেরকে ইহজীবনে ও পরজীবনে আল্লাহ সুপ্রতিষ্ঠিত রাখবেন শাশ্বত বাণী দ্বারা এবং যারা যালিম আল্লাহ তাদেরকে বিভ্রান্ডিতে রাখবেন; আল্লাহ যা ইচ্ছা তাই করেন।

২৮. তুমি কি তাদের প্রতি লক্ষ্য কর না যারা আল্লাহর নিয়ামতের বদলে অকৃতজ্ঞতা প্রকাশ করে এবং তাদের সম্প্রদায়কে নামিয়ে আনে ধ্বংসের ক্ষেত্রে।

২৯. জাহান্নামে, যার মধ্যে তারা প্রবেশ করবে কত নিকৃষ্ট এই আবাস স্থল।

৩০. আর তারা আল্লাহর সমকক্ষ উদ্ভাবন করে তাঁর পথ হতে বিশ্রান্ত করার জন্যে; তুমি বলঃ ভোগ করে নাও, পরিণামে জাহান্নামই তোমাদের প্রত্যাবর্তন স্থল।

৩১. আমার বান্দাদের মধ্যে যারা মু'মিন তাদেরকে বলঃ নামায কায়েম করতে এবং আমি তাদেরকে যা দিয়েছি তা হতে গোপনে ও প্রকাশ্যে ব্যয় করতে সেদিন আসার পূর্বে যেদিন ক্রয়-বিক্রয় ও বন্ধুত্ব থাকবে না।

৩২. তিনিই আল্লাহ যিনি আকশমন্ডলী ও পৃথিবী সৃষ্টি وَمَثَلُ كَلِمَةٍ خَبِيْثَةٍ كَشَجَرَةٍ خَبِيْثَةِ اجْتُثَّتُ مِنْ فَوْقِ الْأَرْضِ مَالَهَا مِنْ قَرَادٍ ®

يُثَبِّتُ اللهُ الَّذِيْنَ امَنُوا بِالْقَوْلِ الثَّابِتِ فِى الْحَيْوةِ اللَّانْيَا وَفِى الْاَخِرَةِ ، وَيُضِلُّ اللهُ الظَّلِيدِيْنَ ﴿ وَيَفْعَلُ اللهُ مَا يَشَاۤا ۗ ﴿

اَلَهُ تَرَ إِلَى الَّذِيْنَ بَكَّلُواْ نِعْمَتَ اللَّهِ كُفُرًا وَّ اَحَلُّواُ قَوْمَهُمْ دَارَ الْبَوَارِ ﴿

جَهَنَّمَ عَصْلُونَهَا ﴿ وَبِئْسَ الْقَرَارُ اللَّهِ الْقَرَارُ اللَّهِ الْقَرَارُ اللَّهِ اللَّهِ اللَّهُ وَالرُّ

وَجَعَلُوْا لِلهِ اَنْدَادًا لِيُضِلُّوُا عَنْ سَبِيلِهِ ﴿ قُلْ تَمَتَّعُوْا فَإِنَّ مَصِيْرَكُمُ إِلَى النَّارِ ۞

قُلْ لِعِبَادِى الَّذِيْنَ امَنُوا يُقِينُوا الصَّلَوَةَ وَيُنْفِقُوا مِتَّا رَزَقُنْهُمْ سِرًّا وَعَلانِيكَ مِّنْ قَبْلِ اَنْ يَّا ثِي يَوْمُ لَا بَيْعٌ فِيْلِهِ وَلاخِللُ ۞

ٱللهُ الَّذِي خَلَقَ السَّلْوتِ وَالْأَرْضَ وَٱنْزَلَ مِنَ

করেছেন, যিনি আকাশ হতে পানি
বর্ষণ করে তার দ্বারা তোমাদের
জীবিকার জন্যে ফল-মূল উৎপাদন
করেন, যিনি নৌযানকে তোমাদের
অধীনে করে দিয়েছেন যাতে তাঁর
হুকুমে ওটা সমুদ্রে বিচরণ করে এবং
যিনি তোমাদের কল্যাণে নিয়োজিত
করেছেন নদীসমূহকে।

৩৩. তিনি তোমাদের কল্যাণে নিয়োজিত করেছেন সূর্য ও চন্দ্রকে যারা অবিরাম একই নিয়মের অনুবর্তী এবং তোমাদের কল্যাণে নিয়োজিত করেছেন রাত্রি ও দিবসকে।

৩৪. আর তিনি তোমাদেরকে দিয়েছেন তোমরা তাঁর নিকট যা কিছু চেয়েছো তা হতে; তোমরা আল্লাহর নেয়ামত গণনা করলে ওর সংখ্যা নির্ণয় করতে পারবে না; মানুষ অবশ্যই অতি মাত্রায় যালিম, অকৃতজ্ঞ।

৩৫. আর যখন (স্মরণ কর) ইবরাহীম (ক্র্রান্ত্রা) বলেছিলেনঃ হে আমার প্রতিপালক! এই শহরকে (মক্কাকে) নিরাপদ করুন এবং আমাকে ও আমার পুত্রগণকে প্রতিমা পূজা হতে দূরে রাখুন।

৩৬. হে আমার প্রতিপালক! এসব প্রতিমা বহু মানুষকে বিভ্রান্ত্র করেছে; সুতরাং যে আমার অনুসরণ করবে সে আমার দলভুক্ত; কিন্তু কেউ আমার অবাধ্য হলে আপনি তো ক্ষমাশীল পরম দয়ালু। السَّمَاْءِ مَاْءً فَأَخْرَجَ بِهِ مِنَ الثَّمَاٰتِ رِذُقًا لَكُهُوْ وَسَخَّرَ لَكُمُ الْفُلُكَ لِتَجْدِى فِي الْبَحْرِ بِاَمْرِهِ عَ وَسَخَّرَ لَكُمُ الْأَنْهُرَ ﴿

ۅۘڛڿۜۧۯڶڴۄ۠ٳڶۺۧؠؙ؈ؘۅٲڶٛقؠۜۯۮٳٚڽٟڹؽڹۣٷڝڿۜۧۯڶڴۄؙ ٵڵۜؽڶۘۅؘٵڶڹٞۿٲۮ۞ٞ

> وَالْمُكُمُّرُ مِِّنْ كُلِّ مَاسَالْتُمُونُهُ ﴿ وَإِنْ تَعُثُّوا اللَّهِ لَا تُحُمُّوُهَا ﴿ إِنَّ الْإِنْسَانَ نِعْبَتَ اللَّهِ لَا تُحْصُوها ﴿ إِنَّ الْإِنْسَانَ لَظَاوُمٌ كَفَّادٌ ﴿

وَإِذْ قَالَ إِبْرُهِيْمُ رَبِّ اجْعَلْ هٰذَا الْبَلَدَ امِنًا وَّاجُنُبْنِيْ وَبَنِيَّ اَنْ تَعْبُدَ الْرَصْنَامَ ﴿

> رَبِّ إِنَّهُنَّ ٱضْلَمُنَ كَثِيرًا مِّنَ النَّاسِ ، فَمَنْ تَبِعَنِىٰ فَإِنَّهُ مِنِّىٰ ، وَمَنْ عَصَانِیْ فَإِنَّكَ خَفُورٌ رَّحِیْمُ

487

৩৭. হে আমাদের প্রতিপালক! আমি আমার বংশধরদের কতককে বসবাস করালাম অনুর্বর উপত্যকায় আপনার পবিত্র গৃহের নিকট। হে আমাদের প্রতিপালক! এই জন্যে যে, তারা যেন নামায কায়েম করে; সূতরাং আপনি কিছু লোকের অন্তর ওদের প্রতি অনুরাগী করে দিন এবং ফল-ফলাদি দ্বারা তাদের রুষীর ব্যবস্থা করুন; যাতে তারা কৃতজ্ঞতা প্রকাশ করে ।১

رَبَّنَاۚ إِنَّ آسُكُنْتُ مِنَ ذُرِّيَّتِي بِوَادٍ غَيْرِذِي ذَنْ عَ عِنْكَ بَيْتِكَ الْمُحَرِّمِ (رَبَّنَا لِيُقِيْمُواالصَّلْوةَ فَاجْعَلْ ٱفْيِكَةً مِّنَ النَّاسِ تَهُوِئَي إِلَيْهِمْ وَارْزُقُهُمْ مِّنَ الثَّدَاتِ لَعَلَّهُمْ يَشْكُرُونَ 🕾

[অতপর ইবরাহীম (আলাইহিস্সালাম) চলে গেলেন] তখন ইসমাঈলের মাতা ইসমাঈলকে (নিজের বুকের) দুধ খাওয়াতেন আর নিজে ঐ মশক থেকে পানি পান করতেন। পরিশেষে মশকে যা পানি ছিল তা ফুরিয়ে গেল। তখন তিনি নিজেও তৃষ্ণার্ত হলেন এবং (এ কারণে বুকের দুধ শুকিয়ে যাওয়ায়) তাঁর শিশু পুত্রটিও পিপাসায় কাতর হয়ে পড়ল। তিনি শিশুর প্রতি দেখতে লাগলেন, (পিপাসায়) শিশুর বুক ধড়ফড় করছে কিংবা বলেছেন, সে জমিনে ছটফট করছে। শিশু পুত্রের (এই করুণ অবস্থার) দিকে তাকানো তাঁর পক্ষে

১। ইবনে আব্বাস (রাযিআল্লাহু আনহুমা) বলেছেন, নারীজাতি সর্বপ্রথম ইসমাঈল (আলাইহিস্ সালাম)-এর মাতা (হাজেরা) থেকেই কোমরবন্ধ বানানো শিখেছে। হাজেরা সারা থেকে আপন নির্দেশনাবলী গোপন করার উদ্দেশ্যেই কোমরবন্ধ লাগাতেন। অতপর (উভয়ের মনোমালিন্য চরমে পৌছলে আল্লাহ্র আদেশে) ইবরাহীম (আলাইহিস্সালাম) হাজেরা ও তাঁর শিশুপুত্র ইসমাঈলকে সাথে নিয়ে (নির্বাসন দানের জন্য) বের হলেন। পথে হাজেরা শিশুকে দুধ পান করাতেন। শেষ পর্যন্ত ইবরাহীম (আলাইহিস্সালাম) তাদের উভয়কে নিয়ে যেখানে খানা-এ-কাবা অবস্থিত সেখানে এসে উপস্থিত হলেন এবং মসজ্জিদের উর্চু অংশে যমযমের উপরিস্থ এক বিরাট বৃক্ষতলে তাদেরকে রাখলেন। তখন মক্কায় না ছিল কোন জনমানব, না ছিল পানির কোনরূপ ব্যবস্থা। অতপর সেখানেই তাদেরকে রেখে গেলেন এবং একটি থলের মধ্যে কিছু খেজুর আর একটি মশকে স্বল্প পরিমাণ পানি দিয়ে গেলেন। তারপর ইবরাহীম (আলাইহিস্সালাম) (নিজ্ঞ গৃহ অভিমুখে) ফিরে চললেন : ইসমাঈলের মাতা (হাজেরা) তাঁর পিছু পিছু ছুটে আসলেন এবং চীৎকার করে বলতে লাগলেন, হে ইবরাহীম! কোথায় চলে যাচছ? আর আমাদেরকে রেখে যাচছ এমন এক ময়দানে, যেখানে না আছে কোন সাহায্যকারী, না আছে (পানাহারের) কোন বস্তু। তিনি বার বার একধা বলতে লাগলেন; কিন্তু ইবরাহীম (আলাইহিস্সালাম) সেদিকে ফিরেও তাকালেন না। তখন হাজেরা তাঁকে জিজেস করলেন, (এই নির্বাসন)-এর আদেশ কি আপনাকে আল্লাহ দিয়েছেন? তিনি জবাব দিলেন, হাাঁ। (জবাব ন্তনে) হাজেরা বললেন, তাহলে আল্লাহ আমাদের ধ্বংস ও বরবাদ করবেন না। তারপর তিনি ফিরে আসলেন। ইবরাহীমও (পেছনে না চেয়ে) সামনে চললেন। শেষ পর্যন্ত যখন তিনি গিরিপথের বাঁকে এসে পৌছলেন, যেখানে স্ত্রী-পুত্র আর তাঁকে দেখতে পাচ্ছিল না, তখন তিনি কাবা ঘরের দিকে মুখ করে দাঁড়ালেন এবং দু'হাত তুলে এই দু'আ করলেনঃ "হে আমাদের প্রতিপালক, তোমার পবিত্র ঘরের নিকটে এমন এক ময়দানে আমার সন্তান ও পরিজনের বসতি স্থাপন করে যাচ্ছি, যা কৃষির অনুপযোগী (এবং জনশূন্য মরুভূমি)। হে প্রভু! উদ্দেশ্য এই, তারা সালাত কায়েম করবে। অতএব তুমি লোকদের মনকে এদিকে আকৃষ্ট করে দাও এবং (হে আল্লাহ) প্রচুর ফলফলাদি দিয়ে এদের রিষিক-এর ব্যবস্থা করে দাও। যাতে করে তারা (তোমার নিয়ামতের) শুকরিয়া আদায় করতে পারে।" (সূরাঃ ইব্রাহীম-৩৭ আয়াত)

488

প্রতিপালক! ৩৮. হে আমাদের আপনি তো জানেন যা আমরা গোপন করি ও প্রকাশ করি, আকাশমন্ডলী ও পথিবীর কোন কিছুই আল্লাহর নিকট গোপন থাকে না।

رَبَّنَاۚ إِنَّكَ تَعُلَمُهُمَا نُخُفِيٰ وَهَا نُعُلِنُ ۗ وَهَا يَخْفَى عَلَى اللهِ مِنْ شَيْءٍ فِي الْأَرْضِ وَلَا فِي السَّمَاءِ @

অসহনীয় হয়ে উঠল। তিনি সরে পড়লেন এবং তাঁর অবস্থানের সংলগ্ন পর্বত 'সাফা'-কেই একমাত্র নিকটতম পর্বত হিসেবে পেলেন অতঃপর তিনি এর উপর উঠে দাঁড়ালেন, তারপর ময়দানের দিকে মুখ করলেন, এদিক সেদিক তাকিয়ে দেখলেন কাউকে দেখা যায় কি না। কিন্তু না কাউকে তিনি দেখলেন না। তখন দ্রুত সাফা পর্বত থেকে নেমে পড়লেন। যখন তিনি নিচু ময়দানে পৌছলেন তখন আপন কামিজের এক দিক তুলে একজন শ্রান্ত ক্লান্ত ব্যক্তির ন্যায় দৌড়ে চললেন। শেষে ময়দান অতিক্রম করলেন, মারওয়া পাহাডের নিকট এসে গেলেন এবং তার উপর উঠে দাঁড়ালেন। অতঃপর চারদিকে নজর করলেন, কাউকে দেখতে পান কি না। কিন্তু কাউকে দেখলেন না। (মানুষের খোঁজে) তিনি (পাহাড়দ্বয়ের মধ্যে) অনুরূপভাবে সাতবার (দৌডাদৌডি) করলেন।

ইবনে আব্বাস বর্ণনা করেন। নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, এজন্যেই (হজ্জের সময়) মানুষ এই পাহাডদ্বয়ের মধ্যে (সাতবার) সায়ী বা দৌড়াদৌড়ি করে। (এবং এটা হচ্জের একটি অঙ্গ।)

অতপর যখন তিনি (শেষবার) মারওয়া পাহাড়ের উপর উঠলেন, একটি আওয়াজ তনলেন। তখন নিজেকেই নিজে বললেন, একটু অপেক্ষা কর (মনোযোগ দিয়ে শোন)। তিনি (একাগ্রতার সাথে ঐ আওয়াজের দিকে) কান দিলেন। আবারও শব্দ শুনলেন। তখন বললেন, তোমার আওয়াজ তো শুনছি। যদি তোমার কাছে সাহায্যকারী কেউ থাকে তবে আমায় সাহায্য কর। অকস্মাৎ তিনি, যমযম যেখানে অবস্থিত সেখানে একজন ফেরেশ্তাকে দেখতে পেলেন। সেই ফেরেশ্তা আপন পায়ের গোড়ালি দ্বারা আঘাত করলেন। কিংবা তিনি বলেছেন-আপন ডানা দ্বারা আঘাত হানলেন। ফলে (আঘাতের স্থান থেকে) পানি উপছে উঠতে লাগল। হাজেরা এর চার পাশে বাঁধ দিয়ে তাকে হাউযের আকার দান করলেন এবং অঞ্চলি ভরে তাঁর মশকটিতে পানি ভরতে লাগলেন। হাজেরার অঞ্চলি ভরার পরে পানি উছলে উঠতে লাগল।

ইবনে আব্বাস (রাযিআল্লাহু আনহুমা) বর্ণনা করেন, নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, আল্লাহ্ ইসমাঈলের মাতাকে রহম করুন-যদি তিনি যমযমকে (বাঁধ না দিয়ে ঐভাবে) ছেড়ে দিতেন, কিংবা তিনি বলেছেন, যদি তিনি অঞ্জলি ভরে ভরে পানি (মশকে) না ভরতেন, তাহলে যমযম (কুপ না হয়ে) হতো একটি প্রবাহমান ঝরণা।

বর্ণনাকারী বলেন, অতঃপর হাজেরা পানি পান করলেন এবং শিশুপুত্রকেও দুধ পান করালেন। তখন ফেরেশৃতা তাঁকে বললেন, ধ্বংসের কোন আশঙ্কা আপনি করবেন না। কেননা, এখানেই আল্লাহর ঘর রয়েছে। এই শিশু তার পিতার সাথে মিলে এটি পুনঃনির্মাণ করবে এবং আল্লাহ তাঁর পরিজনকে কখনও ধ্বংস করেন না। ঐ সময় বায়তুল্লাহ্ (আল্লাহ্র ঘরের পরিত্যক্ত স্থানটি) জমিন থেকে টিলার ন্যায় উর্চ ছিল। বন্যার পানি আসতো এবং ডান বাম থেকে ভেঙ্গে নিয়ে যেতো।

হাজেরা এভাবেই দিন যাপন করছিলেন। শেষ পর্যন্ত (ইয়ামন দেশীয়) 'জুরহুম' গোত্রের একদল লোক তাদের পাশ দিয়ে অতিক্রম করে গেল। কিংবা তিনি বলেছেন, 'জুরহুম' গোত্রের কিছু লোক 'কাদা'-এর পথে (এদিকে) আসছিল। তারা মক্কার নিচুভূমিতে অবতরণ করল এবং দেখতে পেল কতগুলো পাখি চক্রাকারে উড়ছে। তখন তারা বলল, নিশ্চয় এ পাখিগুলো পানির ওপরই ঘুরছে। অথচ আমরা এ ময়দানে বহুকাল কাটিয়েছি। কিন্তু কোন পানি এখানে ছিল না। অতঃপর তারা একজন বা দু'জন লোক (সেখানে) পাঠাল। তারা গিয়েই পানি দেখতে পেল। ফিরে এসে সবাইকে পানির খবর দিল। (খবর শুনে) সবাই ৩৯. সমস্ত প্রশংসা আল্লাহরই প্রাপ্য, যিনি আমাকে আমার বার্ধক্যে ইসমাঈল (প্রশ্রো) ও ইসহাককে (প্রশ্রো) দান করেছেন; আমার প্রতিপালক অবশ্যই দু'আ শুনে থাকেন।

ٱلْحَمُّدُ لِللهِ الَّذِئ وَهَبَ لِيُ عَلَى الْكِبَرِ السَّلْعِيْلَ وَالسَّحْقَ دانَّ رَبِّيُ لَسَيِيْعُ اللَّاعَآءِ ۞

সেদিকে অগ্নসর হল। বর্ণনাকারী বলেছেন, ইসমাঈলের মাতা পানির কাছে বসা ছিলেন। তারা তাঁকে জিজ্ঞেস করল, আমরা আপনার নিকটবর্তী স্থানে বসবাস করতে চাই; আপনি আমাদেরকে অনুমতি দিবেন কি? তিনি জ্বাব দিলেন হাঁা, তবে এ পানির ওপর তোমাদের কোন অধিকার থাকবে না। তারা হাঁা বলে সম্মতি জানাল। ইবনে আব্বাস বলেন, নবী (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) ইরশাদ করেছেনঃ এ ঘটনা ইসমাঈলের মাতার জন্য এক সুবর্ণ সুযোগ এনে দিল এবং তিনিও মানুষের সাহচর্য কামনা করেছেন। অতঃপর আগদ্ভক দলটি সেখানে বসতি স্থাপন করল এবং পরিবার-পরিজনের কাছেও খবর পাঠাল। তারাও এসে এদের সাথে বসবাস করতে লাগল। শেষ পর্যন্ত সেখানে তাদের কয়েকটি খান্দান জন্ম নিল। ইসমাঈলও (আস্তে আস্তে) বড় হলেন। তাদের থেকে (তাদের ভাষা) আরবী শিখলেন। জওয়ান হলে তিনি তাদের অধিক আগ্রহের বস্তু ও প্রিয়পাত্র হয়ে উঠলেন। যখন তিনি যৌবনপ্রাপ্ত হলেন, তখন তারা তাদেরই এক মেয়েকে তার সঙ্গে বিয়ে দিল। বিয়ের পর ইসমাঈলের মাতা (হাজেরা) ইন্তিকাল করলেন।

489

ইসমাঈলের বিয়ের পর ইবরাহীম (আলাইহিস্সালাম) তাঁর পরিত্যক্ত পরিজনকে দেখার জন্য এখানে আসলেন; কিন্তু (এসে) ইসমাঈলকে পেলেন না। পরে তাঁর ন্ত্রীর নিকট তাঁর সম্বন্ধে জিজ্ঞেস করলেন। স্ত্রী বলল, তিনি আমাদের রিয়িকের সন্ধানে বেরিয়ে গেছেন। পুনরায় তিনি পুত্রবধুকে তাদের জীবনযাত্রা ও অবস্থা সম্বন্ধে প্রশ্ন করলেন। বধু বলল, আমরা অতিশয় দ্রাবস্থা, টানাটানি এবং ভীষণ কন্তে আছি। সেইবরাহীম (আলাইহিস্সালাম)-এর নিকট (তাদের দুর্দশার) অভিযোগ করল। তিনি (বধুকে) বললেন, তোমার স্বামী (বাড়ি) আসলে তাকে আমার সালাম জানিয়ে বলবে, সে যেন তার ঘরের চৌকাঠ বদলিয়ে নেয়। (এ বলে তিনি চলে গেলেন।)

ইসমাঈল যখন (বাড়ি) আসলেন, তখন তিনি [ইবরাহীম (আলাইহিস্সালাম)-এর আগমন সম্পর্কে] একটা কিছু আভাস পেলেন। (স্ত্রীকে) জিজ্ঞেস করলেন, তোমাদের কাছে কেউ কি এসেছিলেন? স্ত্রী বলল. হাাঁ. এমন এমন আকৃতির একজন বৃদ্ধ এসেছিলেন। আপনার সম্পর্কে আমাকে জিজ্ঞেস করেছিলেন? আমি তাকে (আপনার) খবর জানালাম। তিনি পুনরায় আমাকে আমাদের জীবনযাত্রা সম্বন্ধে প্রশ্ন করলেন। আমি তাঁকে জানালাম যে, আমরা অত্যন্ত কষ্ট ও অভাবে আছি। ইসমাঈল জিজ্ঞেস করলেন, তিনি কি তোমাকে আর কোন অসিয়ত করে গেছেন? স্ত্রী জবাব দিল, হ্যাঁ, তিনি আমাকে নির্দেশ দিয়ে গেছেন, যেন আপনাকে সালাম পৌছাই এবং তিনি বলে গেছেন, আপনি যেন আপনার ঘরের দরজার চৌকাঠ বদলিয়ে ফেলেন। ইসমাঈল (আলাইহিস্সালাম) বললেন, তিনি ছিলেন আমার পিতা এবং আমাকে নির্দেশ দিয়ে গেছেন. যেন তোমাকে আমি পৃথক করে দেই। সূতরাং তুমি তোমার (পিত্রালয়ে) আপন লোকদের কাছে চলে যাও। (এ বলে) ইসমাঈল (আলাইহিস্সালাম) তাকে তালাক দিয়ে দিলেন এবং জুরহুম গোত্রের অন্য একটি মেয়েকে বিয়ে করলেন। অতপর আল্লাহ্ যদিন চাইলেন, ইবরাহীম (আলাইহিস্সালাম) তদিন এদের থেকে দূরে রইলেন। পরে আবার দেখতে আসলেন। কিন্তু ইসমাঈল (আলাইহিস্সালাম)-কে পেলেন না। তিনি পুত্রবধুর ঘরে ঢুকলেন এবং তাকে ইসমাঈল (আলাইহিস্সালাম) সম্বন্ধে জিজ্ঞেস করলেন। স্ত্রী জানালেন, তিনি আমাদের খাদ্যের সন্ধানে বেরিয়ে গেছেন। ইবরাহীম (আলাইহিস্সালাম) জিজ্ঞেস করলেন, তোমরা কেমন আছু? তিনি তার কাছে তাদের জীবনযাত্রা ও সাংসারিক অবস্থা সম্পর্কেও জিজ্ঞেস করলেন। পুত্রবধু জবাব দিলেন, আমরা ভাল অবস্থা ও সচ্ছলতার মধ্যেই আছি ৷ (এ বলে) তিনি আল্লাহর প্রশংসাও করলেন। ইবরাহীম (আলাইহিস্সালাম) তাকে জিজ্ঞেস করলেন, তোমাদের প্রধান খাদ্য কি? বধু জবাবে বললেন, গোশ্ত। তিনি আবার জানতে চাইলেন, তোমাদের পানীয় কি? তিনি জবাব দিলেন, পানি। ইবরাহীম (আলাইহিস্সালাম) দু'আ করলেনঃ "আয় আল্লাহ্! তাদের গোশত ও পানিতে বরকত দান কর।"

নবী (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, ওই সময় তাদের (সেখানে) খাদ্যশস্য উৎপন্ন হতো না। যদি হতো, ইবরাহীম (আলাইহিস্সালাম) সে ব্যাপারেও তাঁদের জন্য দু'আ করতেন।

বৰ্ণনাকারী বলেছেন, কোন লোকই মক্কা ছেড়ে অন্য কোথাও শুধু গোশত এবং পানি দ্বারা জীবন অতিবাহিত করতে পারে না। কারণ, শুধু গোশত ও পানি (সব সময়) তার প্রকৃতির অনুকূল হতে পারে না।

ইবরাহীম (আলাইহিস্সালাম) (আলাপ শেষে) পুত্রবধুকে বললেন, তোমার স্বামী যখন আসবে, তখন তাকে আমার সালাম বলবে এবং তাকে (আমার পক্ষ থেকে) হুকুম করবে, সে যেন তার দরজার চৌকাঠ বহাল রাখে।

وَاللهُ جَعَلَ لَكُمْ مِّمَّا خَلَقَ ظِلْلًا وَّجَعَلَ لَكُمُ مِّمَّا خَلَقَ ظِلْلًا وَّجَعَلَ لَكُمُ مِّنَ الْجِبَالِ اَكْنَانًا وَجَعَلَ لَكُمُ سَرَابِيلَ تَقِيْكُمُ الْحَرَّوَ سَرَابِيلَ تَقِيْكُمُ بَالْسَكُمُ اللَّالِكَ يُتِمَّ الْحَرَّوَ سَرَابِيلَ تَقِيْكُمُ بَالْسَكُمُ اللَّالِكَ يُتِمَّ لِعُمْتَهُ عَلَيْكُمُ لَعَلَّكُمُ أَسُلِمُونَ ﴿

فَإِنْ تُوَلَّوْا فَإِنَّهَا عَلَيْكَ الْبَلْغُ الْسُبِينُ ﴿

يَعُرِفُونَ نِعْمَتَ اللهِ ثُمَّ يُثْكِرُونَهَا وَأَكْثَرُهُمُ الْكَفِرُونَ ﴿

وَيَوْمَ نَبُعَتُ مِنْ كُلِّ اُمَّةٍ شَهِيْدًا ثُمَّ لا يُؤْذَنُ لِلَّذِيْنَ كَفَرُوْا وَلا هُمُ يُسْتَعُتَبُوْنَ ۞ পারা ১৪

৮৫. যখন যালিমরা শাস্তি প্রত্যক্ষ করবে, তারপর তাদের শাস্তি লঘু করা হবে না এবং তাদেরকে কোন বিরাম দেয়া হবে না।

৮৬. মুশরিকরা যাদেরকে (আল্লাহর) শরীক করেছিল, তাদেরকে যখন দেখবে তখন বলবেঃ হে আমাদের প্রতিপালক! এরাই তারা, যাদেরকে আমরা আপনার শরীক করেছিলাম, যাদেরকে আমরা আহ্বান করতাম আপনার পরিবর্তে: অতঃপর তদ্তরে অবশ্যই তারা বলবেঃ তোমরা মিথ্যাবাদী।

৮৭ সে দিন তারা আল্লাহর কাছে আত্যসমর্পণ করবে এবং তারা যে মিথ্যা উদ্ভাবন করতো তা তাদের জন্যে নিক্ষল হবে।

৮৮. আমি শান্তির উপর শান্তি বৃদ্ধি করবো কাফিরদের ও আল্লাহর পথে বাধাদানকারীদের: কারণ তারা অশান্তি সৃষ্টি করতো।

৮৯, সে দিন উত্থিত করবো প্রত্যেক সম্প্রদায়ে তাদেরই মধ্য হতে তাদের বিষয়ে এক একজন সাক্ষী এবং তোমাকে আমি আনবো সাক্ষীরূপে এদের বিষয়ে: আমি আতাসমর্পণ কারীদের জন্যে প্রত্যেক বিষয়ে স্পষ্ট ব্যাখ্যা স্বরূপ, পথ নির্দেশ, দয়া ও সসংবাদ স্বরূপ তোমার প্রতি কিতাব অবতীর্ণ করেছি।

৯০, নিশ্চয় আল্লাহ ন্যায়পরায়ণতা, সদাচরণ ও আত্মীয়-স্বজনকে দানের নির্দেশ দেন এবং তিনি নিষেধ করেন وَإِذَا رَأَالَّذِينَ ظَلَمُوا الْعَذَابَ فَلَا يُخَفَّفُ عَنْهُمْ وَلَاهُمْ يُنْظُرُونَ ٨

وَ إِذَا رَا الَّذِينَ اَشُرَكُوا شُرَكَّاءَهُمُ قَالُوا رَبَّنَا هَوُّ لَآءِ شُرَكًا وُنَا الَّذِيْنَ كُنَّا نَلُعُوْا مِنُ دُونِكَ ۚ فَٱلْقَوْا إِلَيْهِمُ الْقَوْلَ إِنَّكُمُ لَكُذِبُونَ ﴿

وَٱلْقَوْ إِلَى اللَّهِ يَوْمَعِنْ ِالسَّلَمَ وَضَلَّ عَنْهُمُ مّا كَانُدُا بَفْتُدُونَ ٨

ٱكَّذِيْنَ كُفَرُوْا وَصَدُّوْا عَنْ سَبِيلِ اللَّهِ زِدُ نَهُمُ عَذَابًا فَوْقَ الْعَنَابِ بِمَا كَانُوْا يُفْسِدُونَ

وَيُوْمَ نَبُعَثُ فِي كُلِّ أُمَّةٍ شَهِيْدًا عَلَيْهِمْ مِّنْ ٱنْفُسِهِمْ وَجِئْنَا بِكَ شَهِيْكًا عَلَى هَؤُلَآءِ ط وَنَزَّلْنَا عَلَيْكَ الْكِتٰبَ تِبْيَانًا لِّكُلِّ شَيْءٍ وَّهُكَّى وَّرَحْمَةً وَّ بُشُرِى لِلْمُسْلِمِيْنَ ﴿

إِنَّ اللَّهُ يَأْمُرُ بِالْعَدُلِ وَالْإِحْسَانِ وَإِيْتَآتَى ذِي الْقُرُبِي وَيَنْهِي عَنِ الْفَحْشَآءِ وَالْمُنْكَرِوَالْبَغِي عَ 521

অশ্লীলতা, অসৎকার্য ও সীমালজ্ঞান; তিনি তোমাদেরকে উপদেশ দেন যাতে তোমরা শিক্ষা গ্রহণ কর।

৯১. তোমরা আল্লাহর অঙ্গীকার পূর্ণ করো যখন পরস্পর অঙ্গীকার কর এবং তোমরা আল্লাহকে তোমাদের যামিন করে শপথ দৃঢ় করবার পর তা ভঙ্গ করো না; তোমরা যা কর আল্লাহ তা জানেন।

৯২. সে নারীর মত হয়ো না, যে তার সুতা মজবুত করে পাকাবার পর ওর পাক খুলে নষ্ট করে দেয়; তোমাদের শপথ তোমরা পরস্পরকে প্রবঞ্চনা করবার জন্যে ব্যবহার করে থাকো, যাতে একদল অন্যদল অপেক্ষা অধিক লাভবান হও; আল্লাহ তো এটা দ্বারা শুধু তোমাদের পরীক্ষা করেন; তোমরা যে বিষয়ে মতভেদ করছিলে আল্লাহ কিয়ামতের দিন তা নিশ্চয়ই স্পষ্টভাবে প্রকাশ করে দিবেন।

৯৩. যদি আল্লাহ ইচ্ছা করতেন তবে তোমাদেরকে এক জাতি করতে পারতেনঃ কিন্তু তিনি যাকে ইচ্ছা, বিভ্রান্ত করেন এবং যাকে ইচ্ছা, সৎপথে পরিচালিত করেন; তোমরা যা কর সে বিষয়ে অবশ্যই তোমাদেরকে প্রশ্ন করা হবে।

৯৪. পরস্পর প্রবঞ্চনা করবার জন্যে তোমরা তোমাদের শপথকে ব্যবহার করো না; করলে, পা স্থির হওয়ার পর পিছলিয়ে যাবে এবং আল্লাহর পথে বাধা দেয়ার কারণে তোমরা

يَعِظْكُمْ لَعَلَّكُمْ تَنَكَرُّوْنَ ٠

وَاوُفُوا بِعَهٰلِ اللهِ إِذَا عُهَانُ تُمْ وَلَا تَنْقُضُوا الْاَيْمَانَ بَعْلَ تَوْكِيْلِهَا وَقَلْ جَعَلْتُمُ اللهَ عَكَيْكُمْ كَفِيْلًا مِإِنَّ اللهَ يَعْلَمُ مَا تَفْعَلُونَ ۞

وَلَا تَكُونُوا كَالَّتِي نَقَضَتُ غَزُلَهَا مِنْ بَعُلِ قُوَّةٍ اَنْكَاثًا مُتَتَّخِذُونَ اَيُمَانَكُمُ دَخَلًا بَيْنَكُمُ اَن تَكُوْنَ اُمَّةً هِي اَرْبِي مِنْ اُمَّةٍ مِإِنَّمَا يَبُلُونُكُمُ الله بِه مُولَيْبَيِّنَنَّ لَكُمْ يَوْمَ الْقِيلَةِ مَا كُنْتُمُ فِيْهِ تَخْتَلِفُونَ ﴿

وَكُوْشَآءَ اللّٰهُ لَجَعَلَكُمُ اُمَّـةً وَّاحِـكَةً وَّالْكِنُ يُّضِلُّ مَنْ يَّشَآءُ وَيَهْدِىٰ مَنْ يَّشَآءُ ا وَلَشُنْئُكَنَّ عَبَّا كُنْتُمُ تَعْمَلُوْنَ ۞

وَلا تَتَّخِذُ فَآآيُهَا نَكُمْ دَخَلًا بَيْنَكُمْ فَتَزِلَّ قَكَمُّا بَيْنَكُمْ فَتَزِلَّ قَكَمُّا بَعْنَ ثَبُونِهَا وَتَذُوقُوا السُّوْءَ بِمَا صَكَدُتُّمُ عَنُ سَبِيْلِ اللَّهِ وَلَكُمْ عَذَابٌ عَظِيْمٌ ﴿

522

শাস্তির আশ্বাদ গ্ৰহণ করবে: তোমাদের জন্যে রয়েছে মহাশাস্তি।

৯৫. তোমরা আল্লাহর সঙ্গে কৃত অঙ্গীকার তুচ্ছ মূল্যে বিক্রি করো না; আল্লাহর কাছে যা আছে শুধু তাই তোমাদের জন্যে উত্তম যদি তোমরা জানতে।

৯৬. তোমাদের কাছে যা কিছু আছে তা নিঃশেষ হয়ে যাবে এবং আল্লাহর কাছে যা আছে তা-স্থায়ী; যারা ধৈর্য ধারণ করে আমি নিশ্চয়ই তাদেরকে তারা যা করে তা অপেক্ষা শ্রেষ্ঠ পুরস্কার দান করবো।

৯৭. মু'মিন হয়ে পুরুষ ও নারীর মধ্যে যে কেউ সৎ কর্ম করবে, তাকে আমি নিশ্চয়ই আনন্দময় জীবন দান করবো এবং তাদেরকে তাদের কর্মের শ্রেষ্ঠ পুরস্কার দান করবো।

৯৮. যখন তুমি কুরআন পাঠ করবে. তখন অভিশপ্ত শয়তান হতে আল্লাহর আশ্রয় প্রার্থনা করবে।

৯৯, তার (শয়তানের) কোন আধিপত্য নেই তাদের উপর, যারা ঈমান আনে ও তাদের প্রতিপালকের উপরই নির্ভর করে।

১০০, তার আধিপত্য শুধু তাদেরই উপর, যারা তাকে অভিভাবকরূপে গ্রহণ করে এবং যারা আল্লাহর শরীক করে।

১০১, আমি যখন কোন এক আয়াত পরিবর্তন করে তার স্থলে অন্য এক আয়াত উপস্থিত করি আর আল্লাহ যা

وَلَا تَشْتَرُوا بِعَهْدِ اللَّهِ ثَمَنَّا قَلِيْلًا ﴿ إِنَّهَا ۗ عِنْدَ اللهِ هُوَخَيْرٌ لَّكُوْ إِنْ كُنْتُو تَعْلَمُونَ @

> مَاعِنْدَكُمْ يَنْفَدُ وَمَا عِنْدَ اللهِ بَآتِ ط وَلَنَجْزِينَ الَّذِينَ صَبَرُوْا آجُرَهُمُ بأحُسِن مَا كَانُوا يَعْمَلُونَ ٠

مَنْ عَبِلَ صَالِحًا مِّنْ ذَكِرِ أَوْ أُنْثَى وَهُوَ مُؤْمِنَّ فَكُنُحْيِيَنَّهُ كَيُوةً طَيِّبَةً ٤ وَلَنَجْزِيَنَّهُمْ آجْرَهُمْ بِأَحْسَنِ مَا كَانُوا يَعْمَلُونَ ٠

فَإِذَا قَرَأْتَ الْقُرْانَ فَاسْتَعِنْ بِاللهِ مِنَ الشَّيُطِنِ الرَّجِيْمِ ٠ إِنَّهُ لَيْسَ لَهُ سُلْطِنٌ عَلَى الَّذِينَ امَنُوا وَعَلَى رَبِّهِمْ يَتُوكِّلُوْنَ 🟵

إِنَّهَا سُلْطُنُهُ عَلَى الَّذِينَ يَتَوَلَّوْنَهُ وَالَّذِينَ هُمْ بِهِ مُشْرِكُونَ ﴿

وَإِذَا بَكَّ لُنَا اَيَةً مَّكَانَ اٰيَةٍ لا وَّاللهُ اَعْلَمُ بِمَا يُنَزِّلُ قَالُوْٓا إِنَّهَآ اَنْتَ مُفْتَرِ ﴿ بَلُ اَكْثُرُهُمُ অবতীর্ণ করেন তা তিনিই ভাল জানেন, তখন তারা বলেঃ তুমি তো তথ মিথ্যা উদ্ভাবনকারী; কিন্তু তাদের অধিকাংশই জানে না।

তুমি বলঃ **Sos.** তোমার প্রতিপালকের নিকট হতে রহুল-কুদুস (জিবরাঈল 💥 🗐) সত্যসহ অবতীর্ণ করেছে, মু'মিন তাদেরকে দৃঢ় প্রতিষ্ঠিত করার জন্যে এবং হিদায়াত ও সুসংবাদ স্বরূপ আতাসমর্পণকারীদের জন্যে।

১০৩, আমি তো জানিই, তারা বলেঃ তাকে শিক্ষা দেয় এক মানুষ; তারা যার প্রতি এটা সমন্ধ করে তার ভাষা তো আরবী নয়; কিন্তু কুরআনের ভাষা স্পষ্ট আরবী ভাষা।

১০৪, যারা আল্লাহর নিদর্শনে বিশ্বাস করে না, তাদেরকে আল্লাহ হিদায়াত করেন না এবং তাদের জন্যে আছে বেদনাদায়ক শাস্তি।

১০৫, যারা আল্লাহর নিদর্শনে বিশ্বাস করে না তারা তো তথু মিথ্যা উদ্ভাবক এবং তারাই মিথ্যাবাদী।

১০৬, কেউ ঈমান আনার আল্লাহকে অস্বীকার করলে; কিন্তু যে. কুফরীর জন্য তার হৃদয়কে উন্মুক্ত করে দিল তাদের উপর আল্লাহর গজব আর তাদের জন্য ভয়াবহ শাস্তি। তবে তার জন্যে নয়. যাকে কুফ্রীর জন্যে বাধ্য হয়েছে: কিন্তু তার চিত্ত অবিচল।

قُلُ نَزَّلُهُ رُوْحُ الْقُدُسِ مِنْ رَّبِّكَ بِالْحَقِّ لِيُثَبِّتَ الَّذِيْنَ امَنُوا وَهُدَّى وَّ بُشُـرٰى لِلْمُسْلِمِينَ 🟵

وَلَقُلُ نَعْلُمُ أَنَّهُمْ يَقُوْلُونَ إِنَّهَا يُعَلِّمُهُ بَشَرٌ ﴿ لِسَانُ الَّذِي يُلْحِدُونَ إِلَيْهِ اَعْجَمِينٌ وَهٰذَا لِسَانٌ عَرَبِيٌّ ثُمْبِيْنُ ·

إِنَّ الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِأَيْتِ اللَّهِ لا لَا يَهُن يُهِمُ اللهُ وَلَهُمْ عَنَاتٌ اَلِيْمٌ اللهُ

إِنَّهَا يَفْتَرِي الْكَنْبَ الَّذِيْنَ لَا يُؤْمِنُونَ بِأَيْتِ اللَّهِ ، وَأُولَيْكَ هُمُ الْكَذِبُونَ ۞ مَنْ كَفَرَ بِاللَّهِ مِنْ بَعُدِ إِيْمَانِهَ إِلَّا مَنْ ٱكْرِةَ وَقَلْبُهُ مُظْمَدِينً إِلْإِيْمَانِ وَلَكِنَ مَّنْ شَرَحَ بِالْكُفْرِ صَدُرًا فَعَلَيْهِمُ غَضَبٌ مِّنَ الله وَلَهُمْ عَنَاتٌ عَظِيْمٌ اللهِ

১০৭. এটা এজন্যে যে, তারা দুনিয়ার জীবনকে আখেরাতের উপর প্রাধান্য দেয় আর নিশ্চয়ই আল্লাহ কাফির সম্প্রদায়কে হিদায়াত করেন না।

১০৮. ওরাই তারা আল্লাহ যাদের অন্তর, কর্ণ ও চক্ষুসমূহে মোহর করে দিয়েছেন এবং তারাই গাফিল।

১০৯. নিশ্চয় তারা আখেরাতে হবে ক্ষতিগ্রস্ত।

১১০. যারা নির্যাতিত হবার পর হিজরত করে, পরে জিহাদ করে এবং ধৈর্যধারণ করে; তোমার প্রতিপালক এই সবের পর, তাদের প্রতি অবশ্যই ক্ষমাশীল, পরম দয়ালু।

১১১. (স্মরণ কর সে দিনকে) যে
দিন আত্মপক্ষ সমর্থনে যুক্তি উপস্থিত
করতে আসবে প্রত্যেক ব্যক্তি এবং
প্রত্যেককে তার কৃতকর্মের পূর্ণ ফল
দেয়া হবে এবং তাদের প্রতি যুলুম
করা হবে না।

১১২. আল্লাহ দৃষ্টান্ত দিচ্ছেন এক জনপদের যা ছিল নিরাপদ ও নিশ্চিন্ত যেথায় আসতো সর্বদিক হতে প্রচুর জীবনোপকরণ; অতঃপর তারা আল্লাহর নিয়ামতসমূহকে অস্বীকার করলো; ফলে তারা যা করতো তজ্জন্যে আল্লাহ তাদেরকে স্বাদ গ্রহণ করালেন ক্ষুধা ও ভীতির আচ্ছাদন ঘারা। ذٰلِكَ بِاَنَّهُمُ اسْتَحَبُّواالُحَيٰوةَ الدُّنْيَاعَلَى الْاٰخِرَةِ لا وَاَنَّ اللَّهَ لَا يَهْدِى الْقَوْمَ الْكِفِرِيُنَ ۞

ٱۅڵڸٟڬٳڷۜڹؽ۬ڽؘڟؠۜۼٛٳڵڷؙؙؙ۠ڡٛۘؗؗۼڸۊؙڷۅؙۑؚۿ۪ۄؙۅؘڛؠٝۼۿ۪ۄ ۅٵؠؙڞٳڔۿؚۄ۫ٷٲۅڵڸٟڬۿؙۄؙٳڶۼ۬ڣڵۅؙڹ۞ ڵڿڒؘڡٳؘٮۜٞۿؙۄؙ؈۬ٳڶٳڿڒۊؚۿؙۄؙٳڶڂ۬ڛڒؙۅؙڹ۞

ثُمَّ إِنَّ رَبَّكَ لِلَّذِينَ هَاجَرُوا مِنْ بَعُ لِ مَا فُتِنُوْا ثُمَّ جُهَدُوا وَصَبَرُوْا لالِنَّ رَبَّكَ مِنْ بَعْدِهَا لَعَفُورٌ رَّحِيْمٌ شَّ

يَوْمَ تَا نِنْ كُلُّ نَفْسٍ تُجَادِلُ عَنْ نَفْسِهَا وَتُومِّ لَكُنْ نَفْسِهَا وَتُومِّ لَكُنُونَ اللهُ اللهُ اللهُ اللهُ وَاللهُ اللهُ اللهُ

وَضَرَبَ اللهُ مَثَلًا قَرُيةً كَانَتُ امِنَةً مُّطْمَدٍنَّةً يَّأْتِيهُا رِزْقُهَا رَغَدًا مِّنُ كُلِّ مَكَانٍ فَكَفَرَتُ بِاَنْعُمِ اللهِ فَاذَاقَهَا اللهُ لِبَاسَ الْجُوْعَ وَالْخَوْفِ بِمَا كَانُوا يَصْنَعُونَ ﴿

১। ইবনে আব্বাস (রাযিআল্লাহু আনহুমা) থেকে বর্ণিত, নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেনঃ আমাকে দোয়খ দেখান হল। আমি দেখলাম তার অধিবাসীদের অধিকাংশই স্ত্রীলোক। তারা কুফরী করে। জিজ্ঞেস করা হল, 'তারা কি আল্লাহ্র প্রতি কুফরী করে?' তিনি বললেনঃ 'তারা স্বামী এবং উপকারের প্রতি

\\$ 525

১১৩. তাদের নিকট তো এসেছিলেন এক রাসূল তাদের মধ্য হতে; কিন্তু তারা তাকে অস্বীকার করেছিল; ফলে যুলুম করা অবস্থায় শাস্তি তাদেরকে গ্রাস করলো।

১১৪. আল্লাহ তোমাদেরকে যা দিয়েছেন তন্মধ্যে যা বৈধ ও পবিত্র তা তোমরা আহার কর এবং তোমরা যদি শুধু আল্লাহরই ইবাদত কর তবে তাঁর অনুগ্রহের জন্যে কৃতজ্ঞতা প্রকাশ কর।

১১৫. আল্লাহ তো শুধু মৃত, রক্ত, শৃকরের গোশত এবং যা যবাহ কালে আল্লাহর পরিবর্তে অন্যের নাম নেয়া হয়েছে তা-ই তোমাদের জন্যে অবৈধ করেছেন; কিন্তু কেউ আকাঞ্চ্মিত কিংবা সীমালজ্ঞ্যনকারী না হয়ে অনন্যেপায় হলে আল্লাহ তোক্ষমাশীল, পরম দয়ালু।

১১৬. তোমাদের জিহ্বার দ্বারা আল্লাহর প্রতি মিথ্যা আরোপ করে তোমরা বলো না, এটা হালাল এবং এটা হারাম, যারা আল্লাহ সম্বন্ধে মিথ্যা উদ্ভাবন করবে তারা সফলকাম হবে না।

১১৭. (তাদের) সুখ-সম্ভোগ সামান্য এবং তাদের জন্যে রয়েছে বেদনাদায়ক শাস্তি।

১১৮. ইয়াহুদীদের জন্যে আমি তো শুধু তাই নিষিদ্ধ করেছিলাম যা وَلَقَلُ جَاءَهُمْ رَسُولٌ مِّنْهُمْ فَلَكَنَّ بُوهُ فَأَخَلَهُمُ الْعَنَابُ وَهُمْ ظٰلِمُونَ ۞

> فَكُلُوْا مِنَّا رَزَقَكُمُ اللهُ حَلَلًا طَيِّبًا سَ وَاشْكُرُوْا نِعْمَتَ اللهِ إِنْ كُنْتُمُ إِيَّاهُ تَعْبُكُوْنَ @

إِنَّمَا حَرَّمَ عَلَيْكُمُ الْمَيْتَةَ وَاللَّامَ وَلَحْمَ الْجَنْزِيْرِ وَمَا آهِلَّ لِغَيْرِ اللهِ بِهِ عَنَنِ اللهِ بِهِ عَنَنِ اللهِ بِهِ عَنَنِ اللهِ بِهِ عَنَنِ اللهَ اللهَ اللهَ عَادٍ فَإِنَّ اللهَ عَنْوُرٌ رَّحِيْمٌ ﴿

وَلاَ تَقُوُلُوْ الِمَا تَصِفُ اَلْسِنَتُكُمُ الْكَذِبَ هٰذَا حَلْلٌ وَّهٰذَا حَرَامٌ لِّتَفْتَرُوْ اعْلَى اللهِ الْكَذِبَ ط إِنَّ الَّذِيْنَ يَفْتَرُوْنَ عَلَى اللهِ الْكَذِبَ لاَ يُفْلِحُوْنَ أَنْ

مَتَاعٌ قَلِيْلٌ ﴿ وَلَهُمْ عَذَابٌ ٱلِيُمْ ﴿

وَعَلَى الَّذِيْنَ هَادُوْا حَرَّمُنَا مَا قَصَصْنَا

কুফরী বা অকৃতজ্ঞতা প্রকাশ করে। যদি তুমি এক যুগ ধরে তাদের কারও উপকার কর, তারপরও সে তোমার কোন ক্রটি দেখলে বলে, 'আমি তোমার কাছ থেকে কখনও ভাল কিছু পাইনি।' (বুখারী, হাদীস নং ২৯)

তোমার নিকট আমি পূর্বে উল্লেখ করেছি এবং আমি তাদের উপর কোন যুলুম করি নাই; কিন্তু তারাই যুলুম করতো তাদের নিজেদের প্রতি।

১১৯. যারা অজ্ঞতাবশতঃ মন্দ কর্ম করে অতঃপর তাওবা করে ও নিজেদেরকে সংশোধন করে নেয় তাদের জন্যে তোমার প্রতিপালক অবশ্যই অতি ক্ষমাশীল, পরম দয়ালু।

১২০. নিশ্চয় ইবরাহীম (ৠৠ) ছিলেন (একাই) এক উন্মত, (একটি জাতির জীবন্ত প্রতীক) আল্লাহর অনুগত, একনিষ্ঠ এবং তিনি ছিলেন না মুশ্রিকদের অন্তর্ভুক্ত।

১২১. তিনি ছিলেন আল্লাহর অনুগ্রহের প্রতি কৃতজ্ঞ; আল্লাহ তাকে মনোনীত করেছিলেন এবং তাকে পরিচালিত করেছিলেন সরল পথে। عَكَيْكَ مِنْ قَبْلُ ۚ وَمَا ظَلَمْنٰهُمْ وَلَكِنْ كَانُوۡۤآ ٱنۡفُسَهُمۡ يَظۡلِمُوۡنَ ۞

ثُمَّ إِنَّ رَبَّكَ لِلَّذِي يُنَ عَمِلُواالسُّوَّ عَبِجَهَا لَةٍ ثُمَّ تَابُوْا مِنْ بَعْدِ ذٰلِكَ وَاصْلَحُوْآ إِنَّ رَبَّكَ مِنْ بَعْدِهَا لَغَفُوْرٌ تَحِيْمٌ شَ

اِنَّ اِبْرَاهِیْمَ کَانَ اُمَّةً قَانِتًا یِّلُهِ حَنِیْفًا ﴿ وَلَهُ یَكُ مِنَ الْمُشْرِکِیْنَ ﴿

شَاكِرًا لِآنُعُمِهُ إِجْتَلِمهُ وَهَلْمَهُ إِلَى صِرَاطٍ مُّسْتَقِيْمِ ﴿

১। আবৃ ছরাইরা (রাযিআল্লান্থ আনন্থ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাস্পুল্লাহ্ (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, ইবরাহীম (আলাইহিস্ সালাম) কখনও মিথ্যা বলেননি; তবে তিনবার। (অন্য বর্ণনায় আছে) আবৃ ছরাইরা (রাযিআল্লান্থ আনন্থ) থেকে বর্ণিত। তিনি বলেন, ইবরাহীম (আলাইহিস্ সালাম) তিনবার মাত্র মিথ্যা বলেছেন। এর মধ্যে দু'বার ছিল আল্লাহ্র অস্তিত্বের ব্যাপারে। যেমন তিনি বলেছিলেন, আমি পীড়িত এবং তাঁর অপর কথাটি ছিল 'বরং তাদের এই বড় মূর্তিটিই তো করেছে।" বর্ণনাকারী বলেন, একদা ইবরাহীম (আলাইহিস্ সালাম) ও (তাঁর পত্নী) সারা এক জালিম শাসনকর্তার এলাকায় (মিসরে)এসে পৌছলেন। শাসনকর্তাকে খবর দেরা হল যে, এই এলাকায় একজন বিদেশী লোক এসেছে। তার সাথে আছে সুন্দরী শ্রেষ্ঠা এক রমণী। রাজা তখন ইবরাহীম (আলাইহিস্ সালাম)-এর কাছে লোক পাঠিয়ে তাঁকে ডেকে আনলেন। সে তাঁকে রমণীটি সম্পর্কে জিজ্ঞেস করলঃ এই রমণীটি কে? ইবরাহীম (আলাইহিস্ সালাম) জবাব দিলেন, আমার বোন। অতঃপর তিনি সারার কাছে আসলেন এবং বললেন, হে সারা আমি এবং তুমি ছাড়া যমীনের ওপর আর কোন মু'মিন নেই। এই লোকটি আমাকে (তোমার সমন্ধে) জিজ্ঞেস করেছিল। আমি তাকে বলেছি যে, তুমি আমার বোন। সুতরাং আমাকে মিথ্যা প্রতিপন্ন কর না। তারপর রাজা সারার নিকট (তাঁকে আনার জন্য) লোক পাঠাল। সারা যখন রাজ প্রাসাদে প্রবেশ করলেন এবং রাজা তাঁর দিকে হাত বাড়ালো তখনই সে (আল্লাহ্র গেযবে) পাকড়াও হল। যালিম (অবস্থা বেগতিক দেখে সারাকে) বলল, আমার জন্য আল্লাহ্র কাছে দু'আ কর; আমি তোমাকে কোন কট্ট দিব না। তখন

১২২. আমি তাঁকে দুনিয়ায় দিয়েছিলাম মঙ্গল এবং আখেরাতেও নিশ্চয়ই তিনি হবেন সংকর্ম-পরায়ণদের অন্যতম।

১২৩. অতঃপর আমি তোমার প্রতি প্রত্যাদেশ করলাম, তুমি একনিষ্ঠ-ভাবে ইবরাহীমের (প্রাঞ্জা) ধর্মাদর্শ অনুসরণ কর; এবং তিনি মুশরিকদের অন্তর্ভক্ত ছিলেন না।

১২৪. শনিবার পালন তো শুধু
তাদের জন্যে বাধ্যতামূলক করা
হয়েছিল, যারা এ সম্বন্ধে মতভেদ
করতো; যে বিষয়ে তারা মতভেদ
করতো তোমার প্রতিপালক তো
অবশ্যই কিয়ামতের দিন সে বিষয়ে
তাদের বিচার মীমাংসা করে দিবেন
যে বিষয়ে তারা মতভেদ করতো।

১২৫. তুমি মানুষকে তোমার প্রতিপালকের পথে আহ্বান কর হিকমত ও সদুপদেশ দ্বারা এবং তাদের সাথে যুক্তিতর্ক কর সদ্ভাবে; তোমার প্রতিপালক, তাঁর পথ ছেড়ে কে বিপদগামী হয় সে সম্বন্ধে وَاتَيُنْهُ فِي النَّانِيَاحَسَنَةً الْوَاتَّةُ فِي الْأَخِرَةِ لَمِنَ الصَّلِحِيْنَ شَ

ثُمَّا أَوْحَيْنَا إلَيْكَ آنِ الَّبِغُ مِلَّةَ اِبْرُهِيْمَ حَنِيْقًا مُوَمَا كَانَ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿

إِنَّهَاجُعِلَ السَّبْتُ عَلَى الَّذِيْنَ اخْتَكَفُوْ افِيهُ وَ وَإِنَّ رَبَّكَ لِيَحْكُمُ بَيْنَهُمْ يَوْمَ الْقِيلَمَةِ فِينُهَا كَانُوْ افِيْهِ يَخْتَلِفُوْنَ ﴿

أَدُعُ إِلَى سَمِيُلِ رَبِّكَ بِالْحِكْمَةِ وَالْمَوْعِظَةِ الْحَسَنَةِ وَجَادِلْهُمْ بِالَّتِيْ هِىَ اَحْسُنُ الِنَّ رَبَّكَ هُوَ اَعْلَمُ بِمَنْ ضَلَّ عَنْ سَبِيْلِهِ وَهُوَ اَعْلَمُ بِالْهُهُمَّدِيْنَ ۞

সারা আল্লাহ্র কাছে (তার জন্য) দু'আ করলেন। ফলে সে মুক্তি পেয়ে গেল। যালিম আবার তাঁর দিকে হাত বাড়াল। তখনই পূর্বের অনুরূপ কিংবা আরো তয়য়য়র গয়বে পতিত হল। এবারও বলল, আমার জন্য আল্লাহ্র কাছে দু'আ কর। আমি তোমার কোন ক্ষতি করব না। আবারও তিনি দু'আ করলেন এবং সে মুক্তি পেয়ে গেল। অতঃপর রাজা তার কোন একজন দারওয়ানকে ডাকল এবং বলল, তোমরা আমার কাছে কোন মানুষকে আননি। এনেছ একজন শয়তানকে। পরে রাজা সারার খেদমতের জন্য হাজেরা (নামে এক রমণী)-কে দান করল। অতঃপর সারা ইবরাহীম (আলাইহিস্ সালাম)-এর কাছে এসে গেল। তখন তিনি দাঁড়িয়ে নামায পড়ছিলেন। (নামাযের অবস্থায়) হাতের ইশারায় সারাকে জিজ্ঞেস করলেন কি ঘটল? সারা বলল, আল্লাহ্ যালিম কাফেরের চক্রান্ড তারই বক্ষে উল্টো নিক্ষেপ করেছেন অর্থাৎ নস্যাৎ করে দিয়েছেন। আর রাজা হাজেরাকে আমার খেদমতের জন্য দান করেছে।

আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) (হাদীস বর্ণনান্তে) বললেন, হে আকাশের পানির সন্তান-অর্থাৎ হে আরববাসীগণ! এ 'হাজেরা'ই তোমাদের আদি মাতা। (বুখারী, হাদীস নং ৩৩৫৪) সবিশেষ অবহিত এবং কে সৎপথে আছে তাও সবিশেষ অবহিত।

১২৬. যদি তোমরা প্রতিশোধ গ্রহণ কর, তবে ঠিক ততখানি প্রতিশোধ গ্রহণ করবে যতখানি অন্যায় তোমাদের প্রতি করা হয়েছে; তবে তোমরা ধৈর্যধারণ করলে ধৈর্যশীলদের জন্যে ওটাও তো উত্তম।

১২৭. তুমি ধৈর্যধারণ করো, তোমার ধৈর্য তো হবে আল্লাহরই সাহায্যে; তাদের দরুণ দুঃখ করো না এবং তাদের ষড়যন্ত্রে তুমি মনক্ষুণ্ণ হয়ো না।

১২৮. নিশ্চয় আল্লাহ তাদেরই সঙ্গে আছেন, যারা তাকওয়া অবলম্বন করে এবং যারা সৎকর্মপরায়ণ।২ وَإِنْ عَاقَبُنُّهُ فَعَاقِبُوا بِمِثْلِ مَاعُوْقِبُنَّهُ بِهِ ﴿ وَلَبِنْ صَبَرْتُهُ لَهُوَ خَيْرٌ لِّلصِّبِرِيْنَ ۞

وَاصْبِرُوَمَا صَبُرُكَ اِلاَّ بِاللهِ وَلَا تَحْزَنْ عَلَيْهِمْ وَلاتَكُ فِي ضَيْقٍ مِّمَّا يَمُكُرُوْنَ ⊛

إِنَّ اللهَ مَعَ الَّذِيْنَ اتَّقَوُا وَّالَّذِيْنَ هُمُ مُّحُسِنُونَ ﴿

১। (ক) আবৃ মৃসা (রাযিআল্লান্থ আনন্থ) হতে বর্ণিত। নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ কষ্ট ও পীড়াদায়ক কথা শোনার পরও আল্লাহ্র তা'আলার ন্যায় এত বেশি সবর ধারণ আর কেউ করতে পারে না। এক শ্রেণীর মানুষ তাঁর জন্য সন্তান সাব্যস্ত করে। এরপরও আল্লাহ্ তা'আলা তাদেরকে মাফ করে দেন এবং রিযিক দিয়ে থাকেন। (বুখারী, হাদীস নং ৬০৯৯)

⁽খ) আব্দুল্লাহ্ ইবনে মাসউদ (রাযিআল্লাছ আনহ্) বর্ণনা করেছেন, একবার নবী (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) (গণীমতের মাল) যথারীতি বন্টন করলেন। এ সময় একজন আনসারী মন্তব্য করলোঃ আল্লাহ্র কসম! এ ভাগ-বাটোয়ারায় আল্লাহ্র সম্ভষ্টি উদ্দেশ্য নয়। [আবদুল্লাহ্ (রাযিআল্লাছ আনহ্) বলেন], আমি বললামঃ আমি অবশ্যই নবী (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম)-এর নিকট একথা বলে দেব। সুতরাং আমি রাসূল (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম)-এর নিকট আসলাম। এ সময় তিনি তাঁর সাহাবীদের মাঝে বসা ছিলেন। আমি গোপনে তাঁর নিকট কথাটি বর্ণনা করলাম। কথাটি নবী (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম)-এর ওপর অত্যন্ত কঠিন বোধ হলো। তাঁর চেহারার রং বদলে গেল। তিনি অত্যন্ত রাগান্বিত হলেন। এমন কি, আমি মনে মনে এটাই পোষণ করতে লাগলাম য়ে, আহ্! আমি যদি তাঁর নিকট কথাটি বিলক্ল না বলতাম।! অতপর তিনি বললেনঃ মুসা (আলাইহিস্ সালাম)-কে এর চেয়েও বেশি কষ্ট দেয়া হয়েছে; কিম্ভ তিনি সবর করেছেন। (বুখারী, হাদীস নং ৬১০০)

২। আবৃ ছরাইরা (রাযিআল্লান্থ আনন্থ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্পুল্লার্থ (সাল্লাল্লান্থ আলাইথি ওয়াসাল্লাম) বলেছেনঃ তোমাদের মধ্যে কেউ তার কাজের দ্বারা নাজাত পাবে না। লোকেরা বলল, আপনিও (আপনার কাজের দ্বারা নাজাত) পাবেন না? তিনি বললেনঃ না, আমিও না। তবে আল্লাহ্ তাঁর রহমত দিয়ে আমাকে ঢেকে রেখেছেন। সুতরাং সঠিক এবং কর্তব্যনিষ্ঠভাবে কাজ করে আল্লাহ্র নৈকট্য অর্জন করো, সকাল-বিকাল এবং রাতের শেষাংশে আল্লাহ্র ইবাদত করো। (এসব কাজে) মধ্যম পস্থা অবলম্বন করো, মধ্যম পস্থাই তোমাদেরকে লক্ষ্যে পৌছাবে। (বুখারী, হাদীস নং ৬৪৬৩)

সুরাঃ বানী ইসরাইল, মাক্রী

(আয়াতঃ ১১১, রুকু'ঃ ১২)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

১ তিনি পবিত্র যিনি তাঁর বান্দাকে (রাস্পুল্লাহ্ 鑑 কে) এক রজনীতে ভ্রমণ করিয়েছিলেন মসজিদুল হারাম হতে মসজিদুল আকসায়. (বায়তুল মাকদিস) যার চতুষ্পার্শ্বকে আমি করেছিলাম বরকতময়, তাকে আমার নিদর্শন দেখাবার জন্যে: সর্বশ্রোতা সর্বদ্রষ্টা।

- ২. আমি মৃসাকে (২৬১৯) কিতাব দিয়েছিলাম এবং তাকে করেছিলাম বানী ইসরাঈলের জনো পথ নির্দেশক: (আমি আদেশ করেছিলাম;) তোমরা আমাকে ব্যতীত অপর কাউকেও কর্মবিধায়ক রূপে গ্রহণ করো না।
- ৩. (তোমরা তো) তাদের বংশধর যাদেরকে আমি নৃহের (২৩৯৯) সাথে (নৌকায়) আরোহণ করিয়েছিলাম, অবশ্যই তিনি ছিলেন আমার এক কতজ্ঞ বান্দা।
- 8. এবং আমি কিতাবে (তাওরাতে) বানী ইসরাঈলকে জানিয়েছিলাম. নিশ্চয়ই তোমরা পৃথিবীতে দু'বার

سُوْرَةُ بَنِيۡ اِسۡرَاءِ يۡلَ مَكِّيَّةٌ الاَلْقُا الا رَكْهُ عَالُقًا ال بسبيم الله الرَّحْلِن الرَّحِيْمِ

بخنالذي 1

سُبُحٰنَ الَّذِي أَسُرِى بِعَبْدِهٖ لَيْلًا مِّنَ الْمَسْجِدِ الْحَرَامِ إِلَى الْمَسْجِي الْأَقْصَا الَّذِي إِرَّكْنَا حَوْلَهُ لِنُرِيَّهُ مِنُ إِلِيْنَا ﴿ إِنَّهُ هُوَ السَّمِيعُ ٱلْبَصِيْرُ ۞

> وَأَتَيْنَا مُوْسَى الْكِتْبَ وَجَعَلْنَهُ هُدِّي لِيَنِيُّ إِسُرَاءِ بُلَ إِلَّا تَتَّخِذُ وَا مِنْ دُوْنِي وَكِيلًا ﴿

> ذُرِّيَّةَ مَنْ حَمَلْنَا مَعَ نُوْجٍ ﴿ إِنَّهُ كَانَ عَبْمًا شُكُورًا ۞

وَقَضَيْنَا إلى بَنِي إِسْرَاءِيل فِي الْكِتْبِ لَتُفْسِدُنَّ فِي الْإِرْضِ مَرَّتِينِ وَلَتَعُلْنَ عُلُوًّا كَبِيرًا ®

১। জাবের ইবনে আব্দুল্লাহ্ (রাযিআল্লাছ আনহু) থেকে বর্ণিত। তিনি রাস্লুল্লাহ্ (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) কে বলতে শুনেছেন, মি'রাজের ব্যাপারে কুরাইশরা যখন আমাকে মিথ্যা প্রতিপন্ন করতে চেষ্টা করল তখন আমি (কা'বার) হিজর অংশে দাঁড়ালাম। আর আল্লাহ্ বাইতুল মাক্দিস (মসজিদটি)-কে আমার সামনে উদ্ভাসিত করলেন। ফলে আমি তার দিকে তাকিয়ে তার চিহ্ন ও নিদর্শনগুলো তাদেরকে বলে দিতে থাকলাম। (বুখারী, হাদীস নং ৩৮৮৬)

বিপর্যয় সৃষ্টি করবে এবং তোমরা অতিশয় বাড়াবাড়ি করবে।

৫. অতঃপর এই দু'এর প্রথমটির নির্ধারিত কাল যখন উপস্থিত হলো তখন আমি তোমাদের বিরুদ্ধে প্রেরণ করেছিলাম আমার এমন ছিল, বান্দাকে যারা শক্তিশালী: অতঃপর তারা ঘরে ঘরে কিছ প্রবেশ করে সমস্ত করেছিল: আর আল্লাহর এ ওয়াদা কার্যকরী হওয়ারই ছিল।

অতঃপর আমি তোমাদেরকে প্রতিষ্ঠিত তাদের পুনরায় উপর করলাম, তোমাদেরকে ধন ও সন্তান-সন্ততি দ্বারা সাহায্য করলাম এবং গরিষ্ঠ তোমাদেরকে সংখ্যা শক্তিশালী করলাম।

 তোমরা সংকর্ম করলে সংকর্ম নিজেদেরই জন্যে করবে মন্দকর্ম নিজেদের ভাত জন্যে: অতঃপর পরবর্তী দ্বিতীয় প্রতিশ্রুতি উপস্থিত (আমি হলে আমার বান্দাদেরকে প্রেরণ করলাম) মুখমন্ডল কালিমাচ্ছন তোমাদের করবার জন্যে. প্রথমবার তারা যেভাবে মসজিদে প্রবেশ করেছিল পুনরায় সেই ভাবেই তাতে প্রবেশ করবার জন্যে এবং তারা যা অধিকার সম্পূর্ণভাবে করেছিল তা ধ্বংস করবার জন্যে।

৮. সম্ভবতঃ তোমাদের প্রতিপালক তোমাদের প্রতি দয়া করবেন: কিন্তু যদি পূৰ্ব তোমরা তোমাদের পুনরাবৃত্তি আচরণের কর: তবে

فَإِذَا جَاءَ وَعُنُ أُولِيهُمَا بِعَثْنَا عَلَيْكُمْ عِبَادًا لَّنَّا ٱولِيْ بَأْسِ شَدِيْدٍ فَجَاسُوْاخِلْلَ الدِّيَارِطُ وَكَانَ وَعَدَّا مَّفْعُولًا ۞

بخن الذي 10

تُمَّ رَدَدُنَا لَكُمُ الْكُرَّةَ عَلَيْهِمْ وَٱمْبَدُنْكُمْ بِأَمُوالِ وَّيَنِيْنَ وَجَعَلْنُكُمُ ٱكْثُرَ نَفِيُرًا ۞

إِنْ أَحْسَنْتُومُ أَحْسَنْتُمْ لِأَنْفُسِكُمْ لِسَاتُهُمْ فَلَهَا لَمْ فَأَذَا حَاءَ وَعْنُ الْأَخِرَةِ لِيَسُوِّءُا وُجُوْهَكُمْ وَلِيَنُ خُلُوا الْمُسْجِدَكُمُا دَخَلُوْهُ أَوَّلَ مَرَّةِ وَّلِيْتَبِّرُوْا مَا عَكُوْا تَثِيرًا ۞

عَلَى رَبُّكُمْ أَنْ بِّرْحَكُمْ عَوَانَ عُلُقُّمْ عُلْنَاكُم وَحَعَلْنَا جَفَنَّهُ لِلْكُفِرِيْنَ حَصِارًا ۞

আমিও পুনরাবৃত্তি করবো; জাহান্নামকে আমি করেছি সত্য প্রত্যাখ্যানকারীদের জন্যে কারাগার।

৯. এ কুরআন সর্বশ্রেষ্ঠ পথ নির্দেশ করে এবং সংকর্মপরায়ণ বিশ্বাসী-দেরকে সুসংবাদ দেয় য়ে, তাদের জন্যে রয়েছে মহাপুরস্কার।

১০. আর যারা পরলোকে বিশ্বাস করে না তাদের জন্যে আমি প্রস্তুত করে রেখেছি মর্মান্তিক শাস্তি।

১১. মানুষ যেভাবে কল্যাণ কামনা করে সেভাবেই অকল্যাণ কামনা করে; মানুষ বড়ই তাড়াহুড়াকারী।

১২. আমি রাত্রি ও দিবসকে করেছি
দু'টি নিদর্শন ও রাত্রিকে করেছি
নিরালোক এবং দিবসকে করেছি
আলোকময়, যাতে তোমরা
তোমাদের প্রতিপালকের অনুগ্রহ
সন্ধান করতে পার এবং যাতে
তোমরা বর্ষ সংখ্যা ও হিসাব স্থির
করতে পার এবং আমি সব কিছু
বিশদভাবে বর্ণনা করেছি।

১৩. প্রত্যেক মানুষের কৃতকর্ম আমি তার গলায় লাগিয়ে দিয়েছি এবং কিয়ামতের দিন আমি তার জন্যে বের করবো এক কিতাব, যা সে পাবে উনাক্ত। إِنَّ هٰذَا الْقُرْانَ يَهْدِئَ لِلَّتِیْ هِیَ اَقُومُ وَيُبَشِّرُ الْمُؤْمِنِیْنَ الَّذِیْنَ یَعْمَلُوْنَ الصَّلِحْتِ اَنَّ لَهُمْ اَجْرًا کَبِیْرًا ﴾

وَّاَنَّ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِالْأَخِرَةِ اَعْتَدُنَا لَهُمْ عَذَامًا لَلِمْنًا شَ

> وَيَلْعُ الْإِنْسَانُ بِالشَّرِّ دُعَاءَةُ بِالْخَيْرِ لَا وَ كَانَ الْإِنْسَانُ عَجُوْلًا (()

وَجَعَلْنَا الَّيْلَ وَالنَّهَارَ أَيْتَيْنِ فَمَحَوْنَا آيَةَ الَّيْلِ
وَجَعَلْنَا آلِيُلَ النَّهَارِ الْمَبْصِرَةُ لِتَبْتَغُواْ فَضُلَّا
مِّنْ تَرْبِّكُمْ وَلِتَعْلَمُواْ عَدَدَ السِّنِيْنَ وَالْحِسَابَ لَمُ
وَكُلَّ شَيْءٍ فَصَّلْنَهُ تَفْصِيلًا
﴿

وَكُلَّ إِنْسَانِ ٱلْزَمْنَهُ ظَيْرَةً فِي عُنُقِهِ ﴿ وَنُخُرِجُ لَكُلُ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهُ وَاللَّهُ مَنْشُورًا ﴿ لَا لَكُنُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ وَاللَّهُ اللَّهُ اللَّهُ وَاللَّهُ اللَّهُ اللَّهُ وَاللَّهُ اللَّهُ اللَّهُ وَاللَّهُ اللَّهُ اللَّا اللَّهُ اللَّهُ اللَّا اللّالِمُ اللَّاللَّالِمُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الل

১। আব্দুল্লাহ্ ইবনে মাসউদ (রাযিআল্লাহ্ আনহ্) থেকে বর্ণিত, এক ব্যক্তি নবী (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম)-কে জিজ্ঞেস করলঃ কোন কাজটি সর্বোত্তম তিনি বললেনঃ সময়মত নামায পড়া, মাতা-পিতার সাথে সং ব্যবহার করা, অতঃপর আল্লাহ্র পথে জিহাদ করা। (বুখারী, হাদীস নং ৭৫৩৪)

১৪. (আমি বলবোঃ) তুমি তোমার আমলনামা পাঠ কর; আজ তুমি নিজেই তোমার হিসাব-নিকাশের জন্যে যথেষ্ট।

১৫. যারা সৎপথ অবলম্বন করবে তারা তো নিজেদেরই মঙ্গলের জন্যে সংপথ অবলম্বন করবে এবং যারা পথভ্ৰষ্ট হবে তারা তো পথভ্ৰষ্ট হবে নিজেদেরই ধ্বংসের জন্যে এবং কেউ অন্য কারো ভার বহন করবে না: আমি রাসুল না পাঠান কাউকেও শাস্তি দেই না।

১৬ যখন আমি কোন জনপদকে ধ্বংস করার ইচছা করি তখন ওর ব্যক্তিদেরকে সমদ্ধশালী (সৎকর্ম করতে) আদেশ করি; কিন্তু তারা সেথায় অসৎকর্ম করে: অতঃপর ওর প্রতি দভাজ্ঞা ন্যায়সঙ্গত হয়ে যায় এবং ওটাকে সম্পূর্ণরূপে বিধ্বস্ত করি।

মানব গোষ্ঠী ধ্বংস করেছি। তোমার প্রতিপালকই তাঁর বান্দাহদের পাপাচারণের সংবাদ রাখা পর্যবেক্ষণের জন্যে যথেষ্ট।

১৮. কেউ পার্থিব সুখ-সম্ভোগ কামনা করলে আমি যাকে যা ইচ্ছা সত্র দিয়ে থাকি: পরে তার জন্যে জাহানাম নির্ধারিত করি, সেখানে সে প্রবেশ করবে নিন্দিত ও অনুগ্রহ হতে দূরীকৃত অবস্থায়।

১৯. যারা বিশ্বাসী হয়ে পারলোক কামনা করে এবং ওর জন্যে যথাযথ إِقْرَأَ كِتْنَكَ مَكَفِّي بِنَفْسِكَ الْيَوْمَ عَلَيْكَ حَسِيبًا ۞

سبطنالذي 10

مَنِ اهْتَلَى فَإِنَّهَا يَهْتَدِي لِنَفْسِهِ ، وَمَنْ ضَلَّ فَإِنَّهَا يَضِكُّ عَلَيْهَا ﴿ وَلَا تَزِرُ وَازِرَةٌ يِّوْزُرَ أُخُرى ﴿ وَمَا كُنَّا مُعَنِّ بِئِنَ حَتَّى نَبْعَثَ رَسُولًا @

وَإِذْ آارَدُنَّا آنُ نُهُلِكَ قَرْبَةً آمَرُنَا مُثَرَفِهَا فَفَسَقُوْا فِيْهَا فَحَقَّ عَلَيْهَا الْقَوْلُ فَكَمَّرُنْهَا تَنُمِيرًا 🛈

وَكُمْ آهْلَكُنَّا مِنَ الْقُرُونِ مِنْ بَعْدِ نُوْجٍ ﴿ وَكَفَى بِرَبِّكَ بِنُ نُوْبِ عِبَادِهِ خَبِيْرًا بَصِيْرًا ﴿

مَنْ كَانَ يُرِيْدُ الْعَاجِلَةَ عَجَّلْنَا لَهُ فِيْهَامَا نَشَاءُ لِمَنْ نُرِيْكُ ثُمَّ جَعَلْنَا لَهُ جَهَنَّمَ عَصْلَهَا مَنْ مُومًا مِّلُ حُورًا ١

وَمَنْ أَدَادَ الْلَاخِرَةُ وَسَعَى لَهَا سَعْمَهَا وَهُوَ

চেষ্টা করে তাদের চেষ্টা স্বীকৃত হয়ে থাকে।

২০. তোমার প্রতিপালক তাঁর দান দারা এদেরকে ও ওদেরকে সাহায্য করেন এবং তোমার প্রতিপালকের দান (কারো জন্যই) নিষিদ্ধ নয়।

২১. লক্ষ্য কর, আমি কিভাবে তাদের এক দলকে অপরের উপর শ্রেষ্ঠত্ব দিয়েছিলাম, পরকাল তো নিশ্চয়ই মর্যাদায় শ্রেষ্ঠ ও শ্রেয়ত্বে শ্রেষ্ঠতর।

২২. আল্লাহর সাথে অপর কোন মা'বৃদ স্থির করো না; করলে নিন্দিত ও নিঃসহায় হয়ে পড়বে।

২৩. তোমার প্রতিপালক নির্দেশ দিয়েছেন যে, তোমরা তিনি ছাড়া অন্য কারো ইবাদত করবে না এবং পিতা-মাতার প্রতি সদ্যবহার করবে; তাদের একজন অথবা উভয়েই তোমার জীবদ্দশায় বার্ধক্যে উপনীত হলেও তাদেরকে বিরক্তি সূচক কিছু বলো না এবং তাদেরকে ধমক দিওনা; তাদের সাথে বলো সম্মান সূচক ন্মু কথা।

২৪. অনুকম্পায় তাদের প্রতি বিনয়াবনত থেকো এবং বলোঃ হে আমার প্রতিপালক! তাঁদের উভয়ের প্রতি দয়া করুন যেভাবে শৈশবে তাঁরা আমাকে প্রতিপালন করেছিলেন।

২৫. তোমাদের প্রতিপালক তোমাদের অন্তরে যা আছে তা ভাল জানেন: তোমরা সংকর্মপরায়ণ হলে مُؤْمِنٌ فَأُولِيكَ كَانَ سَعْيُهُمْ مَّشَكُوْرًا ١٠

كُلَّا نُبِيدٌ هَؤُلاَءِ وَهَؤُلاَءِ مِنْ عَطَاءِ رَبِّكَ طَ وَمَا كَانَ عَطَاءُ رَبِّكِ مَحْظُوْرًا ۞

ٱنْظُرْكَيْفَ فَضَّلْنَا بَعْضَهُمُ عَلَى بَعْضِ ۗ وَلَلْاِخِرَةُ ٱكْبُرُ دَرَجْتٍ وَّٱكْبَرُ تَغْضِيلًا ۞

لَا تَجْعَلُ مَعَ اللهِ اللهَا أَخَرَ فَتَقَعُلُ مَنْ مُوْمًا مَنْ مُوْمًا مَنْ مُوْمًا مَنْ مُوْمًا مَنْ مُومًا مَخُنُ وُلًا ﴿

وَقَضْى رَبُّكَ الْاَتَعُبُدُوْ الِلَّا إِيَّاهُ وَبِالْوالِدَيْنِ اِحْسَانًا ﴿ إِمَّا يَبُلُغَنَّ عِنْدَكَ الْكِبَرَ اَحَدُهُمَا اَوْكِلْهُمَا فَلَا تَقُلُ لَّهُمَا اَفِّ وَلَا تَنْهَرُهُمَا وَقُلْ لَّهُمَا قَوْلًا كِرِيْمًا ۞

وَاخْفِضُ لَهُمَا جَنَاحَ الذُّلِّ مِنَ الرَّحْمَةِ وَقُلْرَّبٍ ارْحَمْهُمَا كَمَارَتَّانِيْ صَغِيْرًا ﴿

رَبُّكُمْ أَعْلَمُ بِمَا فِي نُفُوْسِكُمْ ﴿ إِنْ تَكُوْنُواْ

سبخنالذي 10

যারা সর্বদা আল্লাহ অভিমুখী আল্লাহ তাদের প্রতিক্ষমাশীল।

২৬. আত্মীয়-স্বজনকে দিবে তার এবং প্রাপ্য অভাবগ্রস্থ মুসাফিরকেও এবং কিছুতেই অপব্যয় করো না।

২৭. নিশ্চয় যারা অপব্যয় করে তারা শয়তানের ভাই এবং শয়তান তার প্রতিপালকের প্রতি অতিশয অকতজ্ঞ।

২৮. আর তুমি নিজেই যখন তোমার প্রতিপালকের নিকট হতে করুণা লাভের প্রত্যাশায় ওর সন্ধানে থাকো তখন তাদেরকে যদি বিমুখই কর. তাদের সাথে ন্মভাবে কথা বলো।

তোমার হাত মৃষ্টিবদ্ধ করে **ک**ھ. গলায় বেঁধনা (কার্পণ্য কর না) আবার তাকে একেবারে খোলাও ছেড়ে দিওনা (অপচয় কর না) এমন করলে তুমি তিরস্কৃত ও নিঃস্ব হবে।

৩০. তোমার প্রতিপালক যার জন্যে ইচ্ছা তার জীবনোপকরণ বর্ধিত করেন এবং যার জন্যে ইচ্ছা তা হ্রাস তিনি তাঁর বান্দাদেরকে করেন: ভালভাবে জানেন ও দেখেন।

৩১ তোমাদের সম্ভানদেরকে তোমরা দারিদ-ভয়ে হত্যা করো না. তাদেরকে ও তোমাদেরকে আমিই রুষী দিয়ে থাকি; তাদেরকে হত্যা করা মহাপাপ।

৩২. তোমরা জিনার নিকটবর্তী হয়ো না. এটা অশ্লীল ও নিক্ষ্ট আচরণ।

طلحِيْنَ فَانَّهُ كَانَ لِلْأَوَّابِيْنَ غَفُورًا ١

وَاتِ ذَاالْقُرُ لِي حَقَّهُ وَالْبِسْكِيْنَ وَابْنَ السَّبِيْلِ وَلا تُكُنَّدُ تَكُنْدُا ۞

إِنَّ الْمُبَدِّرِيْنَ كَانُوْآ إِخْوَانَ الشَّيْطِيْنِ ۗ وَكَانَ الشَّيْطُنُ لِرَبِّهِ كَفُوْرًا ۞

وَاِمَّا تُعُرِضَنَّ عَنْهُمُ ابْتِغَاءَ رَحْمَةٍ مِّنْ رَّبِّكَ تَرْجُوْهَا فَقُلُ لَّهُمُ قَوُلًا مَّيْسُورًا ۞

وَلا تَجْعَلْ يَدَكَ مَغْلُولَةً إِلَى عُنُقِكَ وَلا تَبْسُطُهَا كُلِّ الْيَسْطِ فَتَقْعُنُ مَلُوْمًا مَّحْسُورًا 🕲

إِنَّ رَبُّكَ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَاءُ وَيَقُودُ اللَّهُ كَانَ بعباده خَينُرا بَصِيْرا شَ

وَلاَ يَقْتُلُوْآ اَوْلادَكُمْ خَشْيةً إِمْلاَقٍ النَّحُنُ نَزُزُقُهُمْ وَإِيَّا كُمُواِنَّ قَتْلَهُمْ كَانَ خِطْأً كَبِيرًا ®

وَلا تَقْرُبُوا الزِّنِّي إِنَّهُ كَانَ فَأَحِشَةٌ وسَآءَ سَبِيلًا @

পারা ১৫

৩৩. আল্লাহ যার নিষিদ্ধ হত্যা করেছেন যথার্থ কারণ ছাডা তাকে হত্যা করো না; কেউ অন্যায়ভাবে নিহত হলে তার উত্তরাধিকারীকে তো আমি প্রতিশোধ গ্রহণের অধিকার দিয়েছি; কিন্তু হত্যার ব্যাপারে সে যেন বাড়াবাড়ি না করে; সে তো সাহায্য প্রাপ্ত হয়েছেই।

৩৪ ইয়াতীমরা বয়োপাপ্ত না হওয়া পর্যন্ত সদুদ্দেশ্য ছাড়া তাদের সম্পত্তির নিকটবর্তী হয়ো না এবং প্রতিশ্রুতি পালন করো; নিশ্চয়ই প্রতিশ্রুতি সম্পর্কে কৈফিয়ত তলব করা হবে।

৩৫. মেপে দেয়ার সময় পূর্ণমাপে দিবে এবং ওজন করবে সঠিক দাঁডি-পাল্লায়,এটাই উত্তম ওপরিণামে উৎকৃষ্ট। ৩৬. যে বিষয়ে তোমার কোন জ্ঞান নেই সে বিষয়ের পিছে পড়ো না। (অনুমান দ্বারা) নিশ্চিত কর্ণ, চক্ষু, হ্রদয় ওদের প্রত্যেকের নিকট কৈফিয়ত তলব করা হবে।

৩৭. ভূ-পৃষ্ঠে দম্ভভরে বিচরণ করো না, তুমি তো কখনোই পদভারে ভূ-পৃষ্ঠ বিদীর্ণ করতে পারবে না এবং উচ্চতায় তুমি কখনোই পর্বত প্রমাণ হতে পারবে না।

৩৮. এসবের মধ্যে যেগুলি সেগুলি তোমার প্রতিপালকের নিকট ঘৃণ্য।

৩৯, তোমার প্রতিপালক ওহীর দ্বারা তোমাকে যে হিকমত দান করেছেন وَلا تَقْتُلُوا النَّفْسَ الَّتِي حَرَّمَ اللَّهُ إِلَّا بِٱلْحَقِّ وَمَنْ قُتِلَ مَظْلُوْمًا فَقَلْ جَعَلْنَا لِوَلِيِّهِ سُلْطِنَّا فَلَا يُسُرِفُ فِي الْقَتْلِ ﴿ إِنَّهُ كَانَ مَنْصُورًا ®

وَلا تَقْرَبُوا مَالَ الْيَتِيْمِ إلاَّ بِالَّتِيْ هِيَ آحُسَنُ حَتَّى يَبُكُغُ أَشُكَّةُ ﴿ وَأَوْفُواْ بِالْعَهْنِ ۚ إِنَّ الْعَهْكَاكَ مَسْخُولًا ⊕

وَٱوْفُوا الْكَيْلَ إِذَا كِلْتُمْ وَزِنُوا بِالْقِسْطَاسِ الْمُسْتَقِيْمِ ﴿ ذٰلِكَ خَيْرٌ وَّ أَحْسَنُ تَأْوِيلًا ۞ وَلا تَقْفُ مَالَيْسَ لَكَ بِهِ عِلْمُ السَّهُ عَ وَالْبَصَرَ وَالْفُوَّادَ كُلُّ أُولِيكَ كَانَ عَنْهُ مَسْئُولًا 🕤

وَلَا تُنْشِ فِي الْأَرْضِ مَرَحًا ۚ إِنَّكَ لَنْ تَخْرِقَ الْأَرْضَ وَكَنْ تَنْبُلُغُ الْجِيَالَ طُوْلًا ®

كُلُّ ذٰلِكَ كَانَ سَيِّئُهُ عِنْدَ رَبِّكَ مَكُرُوهُا ۞

ذٰلِكَ مِتَّا ٱوْخَى إِلَيْكَ رَبُّكَ مِنَ الْحِكْمَةِ ﴿ وَلَا تَجْعَلُ

এগুলি তার অন্তর্ভুক্ত; তুমি আল্লাহর সাথে কোন মা'বৃদ স্থির করো না, করলে তুমি তিরস্কৃত ও আল্লাহর অনুগ্রহ হতে দূরীভূত অবস্থায় জাহান্নামে নিক্ষিপ্ত হবে।

সুরা বানী ইসরাইল ১৭

- তোমাদের প্রতিপালক কি তোমাদের জন্যে পুত্র সন্তান নির্ধারিত তিনি করেছেন এবং ফেরেশতাদেরকে গ্ৰহণ কন্যারূপে নিশ্চয়ই করেছেন? তোমরা ত্তো ভয়ানক কথা বলে থাকো।
- 8১. এই কুরআনে (বহু নীতিবাক্য) আমি বিভিন্নভাবে বিবৃত করেছি যাতে তারা উপদেশ গ্রহণ করে; কিন্তু তাতে তাদের বিমুখতাই বৃদ্ধি পায়।
- ৪২. বলঃ তাদের কথামত যদি তাঁর সাথে আরো মা'বৃদ থাকতো তবে তারা আরশ্ অধিপতি পর্যন্ত পৌছে যাওয়ার উপায় অবেষণ করতো।
- ৪৩. তিনি পবিত্র, মহিমান্বিত এবং তারা যা বলে তা হতে তিনি বহু উধ্বের্ব ।
- 88. সপ্ত আকাশ, পৃথিবী এবং ওদের অন্তর্বর্তী সব কিছু তাঁরই পবিত্রতা ও মহিমা ঘোষণা করে এবং এমন কিছু নেই যা তাঁর সপ্রশংস পবিত্রতা না: কিন্ত ঘোষণা করে পবিত্রতা ঘোষণা তোমরা অনুধাবন করতে পার না; নিশ্চয়ই তিনি সহনশীল, ক্ষমাপরায়ণ।
- ৪৫. তুমি যখন কুরআন পাঠ কর তখন তোমার ও যারা পরলোকে

مَعَ اللهِ اللهَ الْحَرَفَتُلْقِ فِي جَهَنَّمَ مِلُومًا مَّلُ حُورًا ا

ٱفَاصْفْكُمْ رَبُّكُمْ بِالْبَنِيْنَ وَاتَّخَنَ مِنَ الْمَلْيِكَةِ إِنَاثًا ﴿ إِنَّكُمْ لَتَقُوْلُوْنَ قَوْلًا عَظِيْمًا ۞

> وَلَقَكُ صَرَّفْنَا فِي هٰذَاالْقُزْانِ لِيَنَّاكُّرُواْ وَمَا يَزِنْ لُهُمُ الْأَنْفُورًا ۞

قُلْ لَّوْكَانَ مَعَةَ الْيَهَةُ كَهَا يَقُوْلُونَ إِذًا لَا بْتَعَوْا الى ذى الْعَرْشِ سَيبُلًا ﴿

سُبُحْنَهُ وَتَعْلَىٰ عَتَّا يَقُولُونَ عُلُوًّا كَبِيرًا ۞

تُسَيِّحُ لَهُ السَّمُوتُ السَّبْعُ وَالْزَرْضُ وَمَنْ فِيْهِنَّ اوَإِنْ مِّنْ شَيْءٍ إِلَّا يُسَبِّحُ بِحَمْدِهِ وَلَكِنُ لِا تَقْفَقُهُونَ تَسْبِيْحَهُمُرِ ﴿ إِنَّهُ كَانَ حَلْبُيًّا غَفُوْرًا ۞

وَاِذَا قُرَأْتَ الْقُرْانَ جَعَلْنَا بَيْنَكَ وَبَيْنَ الَّذِينَ

537

বিশ্বাস করে না তাদের মধ্যে এক প্রচছনু পর্দা রেখে দেই ।

৪৬ আমি তাদের অন্তরের উপর আবরণ দিয়েছি যেন তারা উপলব্ধি করতে না পারে এবং তাদেরকে বধির করেছি এবং যখন তুমি কুরুআনে তোমার একমাত্র রবকে স্মরণ কর তখন তারা মুখ ফিরিয়ে সরে পডে।

৪৭, যখন তারা কান পেতে তোমার কথা শুনে তখন তারা কেন কান পেতে তা শুনে তা আমি ভাল করে জানি এবং (এটাও জানি) গোপনে যালিমরা আলোচনাকালে বলেঃ তোমরা তো এক যাদুগ্রস্ত ব্যক্তির অনুসরণ করছো।

৪৮. দেখো, তারা তোমার কি উপমা দেয়! তারা পথভ্রষ্ট হয়েছে এবং তারা পথ পাবে না।

৪৯. তারা বলেঃ আমরা অস্থিতে পরিণত ও চূর্ণ-বিচূর্ণ হলেও কি নতুন সৃষ্টিরূপে পুনরুত্থিত হবো?

৫০. বলঃ তোমরা হয়ে যাও পাথর অথবা লৌহ।

لَا يُؤْمِنُونَ بِالْآخِرَةِ حِجَانًا مَّسُتُورًا ﴿

وَّجَعَلْنَا عَلَى قُلُوْبِهِمْ آكِنَّةً أَنْ يَّفْقَهُوْهُ وَفِي ٓ اذَانِهِمْ وَقُرًّا ﴿ وَإِذَا ذَكُرْتَ رَبُّكَ فِي الْقُرْانِ وَحُدَا الْمُواْعَلَ اَدْيَارِهِمُ نُفُوْرًا ۞

نَحْنُ أَعْلَمُ بِمَا يَسْتَبِعُونَ بِهَ إِذْ يَسْتَبِعُونَ إِلَيْك وَإِذْ هُمْ نَجْوَى إِذْ يَقُولُ الظَّلِمُونَ إِنْ تَتَّبِعُوْنَ الله رَحُلًا مُّسُحُورًا ۞

ٱنْظُرْكَيْفَ ضَرَبُوا لَكَ الْآمَثْاَلَ فَضَلُّواْ فَلَا يَسْتَطِيْعُونَ سَبِيْلًا ۞ وَقَالُوْآ ءَاِذَا كُنَّا عِظَامًا وَّرُفَاتًاءَ إِنَّا لَمِيْعُوثُونَ خَلْقًا جَدِيْدًا ۞ قُلُ كُونُوْ إحِجَارَةً أَوْحَدِينًا ﴿

১। সাঈদ বিন জুন্দুব (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত, তিনি বলেনঃ সূরা লাহাব অবতীর্ণ হল, তখন আব লাহাবের স্ত্রী নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নিকট আসল, আর তখন তাঁর নিকট আর বকর (রাযিআল্লান্থ আনন্থ) ও ছিলেন। যখন আবূ বকর (রাযিআল্লান্থ আনন্থ)-কে তাকে দেখতে পেলেন, তখন বললেনঃ ইয়া রাসূলাল্লাহ্! (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) আপনি এখান থেকে চলে গেলে ভাল হয়. তিনি বললেনঃ সে আমাকে দেখতে পাবেনা। অতঃপর সে এসে আবৃ বকর (রাযিআল্লান্থ আনহু) লক্ষ্য করে বলতে লাগল, হে আবৃ বকর তোমার সাথী আমাকে তো কবিতার মাধ্যমে নিন্দা করেছে। তখন আবু বকর (রাযিআল্লান্থ আনহু) বললেনঃ এটা আল্লাহ্র তরফ থেকে, সে তো কবিতা জানে না এবং সে (আব লাহাবের স্ত্রী) এই বলে বিদায় হলো, সে তোমার নিকট সত্যবাদী বলে পরিচিত। অতঃপর আবৃ বকর সিদ্দিক (রাযিআল্লান্থ আনহু) বললেন, হে আল্লাহ্র রাসূল সে তো আপনাকে দেখে নাই। তিনি বললেনঃ একজন ফেরেশতা তার এবং আমার মাঝখানে পর্দা করে রেখেছিল। (মুসনাদে আবৃ ইয়া'লা)

৫১. অথবা এমন সৃষ্টি যা তোমাদের ধারণায় খুবই কঠিন; তারা বলবেঃ কে আমাদেরকে পুনরখিত করবে? বলঃ তিনিই যিনি তোমাদেরকে প্রথমবার সৃষ্টি করেছেন; অতপর তারা তোমার সামনে মাথা নাড়বে ও বলবে ওটা কবে? বলঃ হবে সম্ভবত

৫২. যেদিন তিনি তোমাদেরকে আহ্বান করবেন এবং তোমরা প্রশংসার সাথে তাঁর আহ্বানে সাড়া দিবে এবং তোমরা মনে করবেঃ তোমরা অল্পকালই অবস্থান করেছিলে?

শীঘই।

৫৩. আমার বান্দাদেরকে যা উত্তম তা বলতে বলঃ শয়তান তাদের মধ্যে বিভেদ সৃষ্টির উস্কানি দেয়; নিশ্চয়ই শয়তান মানুষের প্রকাশ্য শক্ত।

৫৪. তোমাদের প্রতিপালক তোমাদেরকে ভালভাবে জানেন; ইচ্ছা
করলে তিনি তোমাদের প্রতি দয়া
করেন এবং ইচ্ছা করলে
তোমাদেরকে শাস্তি দেন; আমি
তোমাকে তাদের উপর অভিভাবক
করে পাঠায় নি।

৫৫. যারা আকাশমন্ডলী ও পৃথিবীতে আছে তাদেরকে তোমার প্রতিপালক ভালভাবে জানেন; আমি তো নবীদের কতককে কতকের উপর মর্যদা দিয়েছি; দাউদকে (সঞ্জ্রা) আমি যাবুর দিয়েছি।

اَوْ خَلُقًا مِّمَّا يَكُنُرُ فِي صُدُورِكُمُ فَسَيَقُولُونَ مَنْ يُعِيْدُنَا اللَّهِ قُلِ الَّنِي فَطَرَكُمُ اَوَّلَ مَرَّةٍ عَ فَسَيْنُغِضُونَ إِلَيْكَ رُءُوسَهُمْ وَيَقُولُونَ مَثَى هُوَ اقُلُ عَلَى اَنْ يَكُونَ قَرِيبًا @

يُوْمَ يَدُعُوُكُمُ فَتَسُتَجِيْبُوْنَ بِحَمْدِهٖ وَتَظُنُّوْنَ إِحَمْدِهٖ وَتَظُنُّونَ إِنْ لَيْمُدُهِ وَتَظُنُّونَ إِنْ لَيْمُتُمُ اللَّ قَلِيُلًا ﴿

وَقُلْ لِعِبَادِى يَقُولُوا الَّتِي هِي آخسَنُ ﴿إِنَّ الشَّيْطَنَ يَنْزَعُ بَيْنَهُمُ ﴿ إِنَّ الشَّيْطَنَ كَانَ لِلْإِنْسَانِ عَدُوًّا مُّبِينًا ۞

رَبُّكُمْ أَعْلَمُ بِكُمْ اللهِ يَّشَأْ يَرْحَمْكُمْ أَوْانَ يَّشَأْ يُعَذِّبْكُمُ المَّالَوْسَلْنَكَ عَلَيْهِمُ وَكِيْلًا ۞

وَرَبُّكَ اَعُكُمُ بِمَنْ فِي السَّمَاوٰتِ وَالْأَرْضِ ۗ وَلَقَلُ فَضَّلْنَا بَعُضَ النَّبِيِّنَ عَلَى بَعْضِ وَّالْتَيْنَا دَاوْدَ زَبُورًا۞

৫৬. বলঃ তোমরা তিনি (আল্লাহ) ব্যতীত যাদেরকে মা'বৃদ মনে কর তাদেরকে আহ্বান দেখবে তোমাদের দুঃখ-দৈন্য দূর করবার অথবা পরিবর্তন করবার শক্তি তাদের নেই।

৫৭. তারা যাদেরকে আহ্বান করে তারাই তো তাদের প্রতিপালকের নৈকট্য লাভের উপায় সন্ধান করে যে তাদের মধ্যে কে কত নিকট হতে পারে. তাঁর দয়া প্রত্যাশা করে ও তাঁর শাস্তিকে ভয় করে; প্রতিপালকের শাস্তি ভয়াবহ।

৫৮. এমন কোন জনপদ নেই যা আমি কিয়ামতের দিনের পূর্বে ধ্বংস করবো না অথবা যাকে কঠোর শাস্তি দিবো না: এটা তো কিতাবে লিপিবদ্ধ আছে।

৫৯. পূর্ববর্তীগণ কৃর্তক নিদর্শন অস্বীকার করাই আমাকে নিদর্শন প্রেরণ করা হতে বিরত রাখে: আমি স্পষ্ট নিদর্শনস্বরূপ সামৃদের নিকট উষ্ট্রী পাঠিয়েছিলাম, অতঃপর ওর প্রতি তারা যুলুম করেছিল; আমি ভয় প্রদর্শনের জন্যেই নিদর্শন প্রেরণ করি।

৬০. (স্মরণ কর.) আর যখন আমি তোমাকে বলেছিলাম যে. তোমার প্রতিপালক মানুষকে পরিবেষ্টন করে আছেন; আমি যে দশ্য (মি'রাজের রাতে) তোমাকে দেখিয়েছি তা. ও কুরআনে উল্লিখিত অভিশপ্ত বৃক্ষ শুধু মানুষের পরীক্ষার জন্যে:

قُلِ ادْعُوا الَّذِينَ زَعَمْتُهُ مِّنْ دُونِهِ فَلا يَمْلِكُونَ كَشْفَ الضُّرِّ عَنْكُمْ وَلَا تَحْوِيْلًا ۞

ٱولَيِكَ الَّذِينَ يَدْعُونَ يَنْتَعُونَ إِلَى رَبِّهِمُ الْوَسِيلَةَ أَيُّهُمْ أَقْرَبُ وَيَرْجُونَ رَحْمَتُهُ وَ يَخَافُونَ عَنَابَهُ ﴿ إِنَّ عَنَابَ رَبِّكَ كَانَ مَحُنُّ وَرَّا ﴿

وَإِنْ مِّنْ قَرْيَةٍ إِلَّا نَحْنُ مُهْلِكُوْهَا قَبْلَ يَوْمِ الْقِيمَةِ <u>ٱ</u>وُمُعَنِّرُوُهَا عَذَابًا شَيرِيْرًا طِكَانَ ذٰلِكَ فِي الْكِتٰبِ مَسْطُورًا ۞

وَمَا مَنَعَنَآآنُ ثُوسِلَ بِالْأَيْتِ اللَّآنُ كُنَّبَ بِهَا الْأَوَّلُونَ وَاتِّينَا تُمُودُ النَّاقَةَ مُنْصِرَةً فَظُلُمُوا بِهَا ط وَمَا نُرُسِلُ بِالْأَيْتِ إِلَّا تَخُونِفًا ۞

وَاذْ قُلْنَا لَكَ إِنَّ رَبِّكَ آحَاطَ بِالنَّاسِ * وَمَا جَعَلْنَا الرُّوْنَا الَّتِيَّ اَرَيْنِكَ إِلَّا فِتُنَةً لِلنَّاسِ وَالشَّجَرَةَ الْمُلْعُونَةَ فِي الْقُرْانِ وَنُخَوِّفُهُمْ لَهُمَا يَزِيْدُهُ هُمْر اِلاَّطُغْيَانَا كَبِيْرًا ۞ 540

তাদেরকে ভীতি প্রদর্শন করি; কিন্তু এটা তাদের তীব্র অবাধ্যতাই বৃদ্ধি করে।

কর, ৬১. স্মরণ যখন আমি ফেরেশতাদেরকে বললামঃ আদমের (র্ম্ব্রেম্মা) প্রতি সিজদাবনত হও: ইবলীস তখন ছাডা সবাই সিজদাবনত হলো: সে বললোঃ আমি কি তাকে সিজদা করবো যাকে আপনি কাঁদা মাটি সৃষ্টি হতে করেছেন?

৬২. সে (আরো) বললোঃ দেখুন!
তাকে যে আপনি আমার উপর মর্যাদা
দান করলেন? কিয়ামতের দিন পর্যন্ত
যদি আমাকে অবকাশ দেন তাহলে
আমি অল্প কয়েকজন ছাড়া তার
বংশধরদের সমূলে নষ্ট করে
ফেলবো।

৬৩. আল্লাহ বললেনঃ যাও, জাহান্নামই সম্যক শাস্তি তোমার এবং তাদের যারা তোমার অনুসরণ করবে।

৬৪. তোমার আহ্বানে তাদের মধ্যে যাকে পার সত্যচ্যুত কর, তোমার অশ্বারোহী ও পদাতিক বাহিনী দ্বারা তাদেরকে আক্রমন কর এবং তাদের ধনে ও সন্তান-সন্ততিতে শরীক হয়ে যাও, ও তাদেরকে প্রতিশ্রুতি দেও; শয়তান তাদেরকে যে প্রতিশ্রুতি দেয় তা ছলনা মাত্র।

৬৫. আমার বান্দাহদের উপর তোমার কোন ক্ষমতা নেই; কর্ম বিধায়ক হিসেবে তোমার প্রতিপালকই যথেষ্ট। وَاذْ قُلْنَا لِلْمَلَيْهِ كَةِ اسْجُدُوا لِأَدَمَ فَسَجَدُوَا اللَّهَ وَاللَّهَ الْهَبُدُوا لِلْآَ اِبْلِيُسَ ۚ قَالَءَاسُجُدُ لِمَنْ خَلَقْتَ طِيْنَا ۚ

قَالَ اَرَءَيْتَكَ هٰذَا الَّذِئُ كُرَّمُتَ عَكَّ نَكِيْنَ اَخْرُتَنِ إِلَى يَوْمِ الْقِيْمَةِ لِكُمْتَنِكَنَّ ذُرِّيَّتَةَ اِلَّا قَلِيُلًا ﴿

قَالَ اذْهَبُ فَكُنْ تَبِعَكَ مِنْهُمْ فَإِنَّ جَهَنَّمَ جَزَآؤُكُمْ جَزَآءً مَّوْفُورًا ﴿

وَاسْتَفُزِزُ مَنِ اسْتَطَعْتَ مِنْهُمْ بِصَوْتِكَ وَآجُلِبُ عَلَيْهِمْ بِخَيْلِكَ وَ رَجِلِكَ وَشَادِكُهُمْ فِي الْأَمُوالِ وَالْأَوْلَادِ وَعِنْهُمُ لَا وَمَا يَعِنْهُمُ الشَّيْطُنُ إِلَّا غُرُورًا ﴿

اِتَّ عِبَادِیُ لَیْسَ لَکَ عَلَیْهِمُرُسُلُطُنُّ وَکَفَی بِرَبِّکَ وَکِیْلاَ® ৬৬. তোমাদের প্রতিপালক তিনিই যিনি তোমাদের জন্যে সমুদ্রে জলযান পরিচালিত করেন, যাতে তোমরা তাঁর অনুগ্রহ সন্ধান করতে পার; তিনি তোমাদের প্রতি পরম দয়াল। ৬৭. সমুদ্রে যখন তোমাদেরকে বিপদ স্পর্শ করে তখন শুধু তিনি ছাড়া অপর যাদেরকে তোমরা আহ্বান করে থাকো তারা তোমাদের মন হতে সরে যায়: অতঃপর তিনি যখন স্থলে ভিড়িয়ে তোমাদেরকে উদ্ধার করেন তখন তোমরা মুখ ফিরিয়ে নাও; মানুষ বড়ই অকৃতজ্ঞ।

৬৮. তোমরা কি নিশ্চিন্ত আছ যে. তিনি তোমাদেরকে স্থলে কোথাও ভূ-গর্ভস্থ করবেন না অথবা তোমাদের উপর কংকর বর্ষণ করবেন না? তখন কৰ্ম তোমরা তোমাদের কোন বিধায়ক পাবে না।

৬৯. অথবা তোমরা কি নিশ্চিন্ত আছ যে, তোমাদেরকে আর সমূদ্রে নিয়ে যাবেন না তোমাদের বিরুদ্ধে প্রচণ্ড পাঠাবেন না এবং প্রত্যাখ্যান করার জন্যে তোমাদেরকে নিমজ্জিত করবেন না? তখন তোমরা এ বিষয়ে আমার বিরুদ্ধে কোন সাহায্যকারী পাবে না। ৭০. আমি তো আদম সন্তানকে মর্যাদা দান করেছি, স্থলে ও সমুদ্রে তাদের চলাচলের বাহন দিয়েছি: তাদের উত্তম রুষী দান করেছি এবং যাদের আমি সৃষ্টি করেছি তাদের অনেকের উপর শ্রেষ্ঠত দিয়েছি।

رَّتُكُمُ الَّذِي يُرْجِي لَكُمُ الْفُلُكَ فِي الْبَحْرِ لِتَبْتَغُوا مِنْ فَضْلِهِ ﴿ إِنَّهُ كَانَ بِكُمْ رَحِيْمًا ١٠

وَإِذَا مَسَّكُمُ الضُّرُّ فِي الْبَحْرِضَلَّ مَنْ تَدُعُونَ إِلاَّ إِيَّاهُ ۚ فَلَتَّا نَجُّكُمُ إِلَى الْبَرِّ أَعْرَضْتُمُ ۗ وَكَانَ الْانْسَانُ كَفُوراً ﴿

ٱفَاصِنْتُمُ أَنْ يَخْسِفَ بِكُمْ جَانِبَ الْبَرِّ أَوْ يُرْسِلَ عَلَيْكُمْ حَاصِبًا ثُمَّ لَا تَجِدُوا لَكُمْ وَكِيْلًا ﴿

آمْرَ اَمِنْتُمْ آنَ يُعِيْدَكُمْ فِيهِ تَارَةً الْخُرى فَيُرْسِلَ عَلَيْكُمْ قَاصِفًا مِّنَ الرِّيْحِ فَيُغْرِقُكُمْ بِمَا كَفَرْتُمْ ثُمَّ لَا تَجِدُوالكُمُ عَلَيْنَا بِهِ تَبِيْعًا ۞

> وَلَقُنُ كُرٌّ مُنَا بَنِينَ أَدَمَ وَحَمَلُنْهُمْ فِي الْبَرِّ وَالْبَحْدِ وَرَزَقُنْهُمُ مِّنَ الطَّيِّبٰتِ وَفَضَّلُنْهُمْ عَلَى كَثِيْرِ مِّ مَّنَ خَلَقُنَا تَفْضِيلًا ﴿

দিন আমি **9**5. প্রত্যেক সম্প্রদায়কে তাদের নেতাসহ আহ্বান করবো; অনন্তর যাদেরকে ডান হাতে তাদের আমলনামা দেয়া হবে তারা তাদের আমলনামা পাঠ করবে এবং তাদের উপর সামান্য পরিমাণও ফুলুম করা হবে না।

৭২. যে ইহলোকে অন্ধ পরলোকেও সে অন্ধ এবং অধিকতর পথভ্রষ্ট।

🚗 আমি তোমার প্রতি প্রত্যাদেশ করেছি তা হতে তোমার পদশ্বলন ঘটাবার জন্যে তারা চূড়ান্ত চেষ্টা করেছে, যাতে তুমি আমার সম্বন্ধে ওর বিপরীত কিছু মিথ্যা উদ্ভাবন কর: সফলকাম হলে তারা অবশ্যই তোমাকে বন্ধুরূপে গ্রহণ করতো।

৭৪, আমি তোমাকে অবিচলিত না রাখলে ভূমি তাদের দিকে প্রায় কিছুটা বাঁকেই পড়তে।

৭৫. (তুমি ঝুঁকে পড়লে) অবশ্যই তোমাকে ইহজীবনে ও পরজীবনে দিওণ (শাস্তি) আস্বাদন কারাতাম তখন আমার বিরুদ্ধে তোমার জন্যে কোন সাহায্যকারী পেতে না।

৭৬, তারা তোমাকে দেশ হতে উৎৰাত করবার চড়ান্ত চেষ্টা করেছিল তোমাকে সেথা হতে বহিষ্কার করার জন্যে; তাহলে তোমার পর তারাও সেধায় অল্পকালই টিকে থাকতো।

يَوْمَ نَدُعُواكُلُّ أَنَاسٍ بِإِمَامِهِمْ فَمَنْ أَوْتِي كِتْبَهُ بِيَمِيْنِهِ فَأُولَإِكَ يَقْرَءُونَ كِتْبَهُمُ وَ لَا يُظْلَبُونَ فَتِنْلًا ۞

وَمَنْ كَانَ فِي هٰذِهَ اَعْلَى فَهُو فِي الْإِخِرَةِ اعْلَى وَاضَلُّ سَبِيلًا ۞

وَإِنْ كَادُوْا لَيَفْتِنُونَكَ عَنِ الَّذِي كَى ٱوْحَيْنَآ إِلَيْكَ لِتَفْتَرِي عَلَيْنَا غَيْرَهُ ﴿ وَإِذًا لَّا تَخَذُوْكَ خَلِيلًا ﴿

> وَلُوْلاَ أَنْ ثَبَّتُنْكَ لَقُلْ كِلْتَ تَرُكُنُ إِلَيْهِمْ شُنُّا قَلْمُلا هُ

إِذًا لَّا ذَقُنْكَ ضِعْفَ الْحَيْوةِ وَضِعْفَ الْمَهَاتِ ثُمَّ لَا تَجِدُ لَكَ عَلَيْنَا نَصِيْرًا @

وَإِنْ كَادُوْا لَيَسْتَفِزُّوْنَكَ مِنَ الْأَرْضِ لِيُخْرِجُوكَ مِنْهَا وَإِذًا لا يُلْبَثُونَ خِلْفَكَ إِلاَّ قَلِيْلًا @ ৭৭. আমার রাসূলদের মধ্যে তোমার পূর্বে যাদেরকে আমি পাঠিয়েছিলাম তাদের ক্ষেত্রেও ছিল এরূপ নিয়ম এবং তুমি আমার নিয়মের কোন পরিবর্তন পাবে না ।

৭৮. সূর্য হেলে পড়বার পর হতে রাত্রির ঘন অন্ধকার পর্যন্ত নামায কায়েম করবে এবং কায়েম করবে ফজরের নামায: ফজরের নামায পরিলক্ষিত হয় বিশেষভাবে ।

রাত্রির কিছ আর অংশে 98. তাহাজ্জ্বদ কায়েম করবে: তোমার এক অতিরিক্ত কর্তব্য: আশা প্রতিপালক করা যায়, তোমার তোমাকে প্রতিষ্ঠিত করবেন প্রশংসিত স্থানে (মহা শাকায়াতের মর্যাদায়) ৷^২

سُنَّةَ مَنْ قَدْ أَرْسَلْنَا قَبْلُكَ مِنْ رُّسُلِنَا وَلا تَجِدُ لِسُنَّتِنَا تَحُويُلًا ﴿

بہخنالذی ۱۵

أقِيدِ الصَّلْوةَ لِدُلُولِكِ الشُّمْسِ اللَّ غَسَقِ الَّيْلِ وَقُرُانَ الْفَجُرِ إِنَّ قُرْانَ الْفَجُرِكَانَ مَشْهُودًا.

> وَمِنَ الَّذِيلِ فَتُهَجَّدُ بِهِ تَأْفِلَةً لَّكَ مُ عَلَى م أَن تَبْعَثُكَ رَبُّكَ مَقَامًا مَّحْمُودًا ۞

১। আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) বলেনঃ আমি রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কে বলতে তনেছি যে, একা নামায় পড়ার চাইতে জামাআতের সাথে পড়লে পঁচিশতণ সওয়াব বেশি। দিনের এবং রাতের ফেরেশ্তাগণ ফজরের নামাযে একত্রিত হন। অতঃপর আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) বলেনঃ যদি তোমরা চাও (এর প্রমাণ স্বরূপ কুরআনের এই আয়াত) তাহলে এই আরাত পাঠ কর- 🚧 🎉 🤯 🥹 🕏 "ফজরের নামাযে, কুরআন পড়ার সময় (ফেরেশতাদের) উপস্থিতির সময়।" [সূরা বানী ইসরাইল, আয়াত-৭৮) (বুখারী, হাদীস নং ৬৪৮)

২। (ক) আদম ইবনে আলী থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি ইবনে উমরকে বলতে তনেছি, কিয়ামতের দিন লোকেরা দলে দলে বিভক্ত হয়ে যাবে। প্রত্যেক উন্মত তার নিজের নবীর কাছে যাবে। তারা বলবেঃ হে অমুক (নবী)! আল্লাহ্র কাছে আমাদের জন্য শাষ্চা আত করুন। হে অমুক (নবী)! আল্লাহ্র কাছে আমাদের জন্য শাফা'আত করুন। (কিন্তু তারা কেউ শাফা'আত করতে রায়ী হবেন না।)। শেষ পর্যন্ত শাফা'আতের দায়িতু এসে পড়বে নবী (মুহাম্মাদ) (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম)-এর ওপর। আর এই দিনেই আল্লাহ্ তাঁকে মাকামে মাহ্মূদে দাঁড় করাকেন (প্রশংসিত ছানে)। (বুখারী, হাদীস নং ৪৭১৮)

⁽খ) জাবের ইবনে আব্দুল্লাহ্ (রাযিআল্লাহ্ আনহ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যে ব্যক্তি আযান ভনার পর বলবে- 'আল্লাহ্মা রকা হাযিহিদ্ দা'ওয়াভিত্ তামাতি ওয়াস সলাতিল কা-ইমা, আতি মুহাম্মাদানিল ওয়াসিলাভা ওয়াল ফা**যীলাভা** ওয়াব**'আসহ** মাকামাম্ মাহ্মুদানিল্লাযী ওয়া'আত্তাহ'। অর্থঃ "হে আল্লাহ্ এই পরিকূর্ণ আহ্বানের মালিক এবং প্রতিষ্ঠিত নামাযের রব। মুহাম্মাদকে অছিলার (মাধ্যম) ও শ্রেষ্ঠত্ব দান করো এবং তাঁকে মাকামে মাহ্মূদে দাঁড় করাও যার ওয়াদা তুমি তাঁর কাছে করেছো।" তার জন্য আমার শাফা'আত হালাল হয়ে যাবে। এ হাদীসটি হামযা ইবনে আবদুল্লাহ্ তার বাপের কাছ থেকে এবং তিনি নবী (সাক্লান্তান্থ আলাইহি ওয়াসাল্লাম) থেকে বর্ণনা করেছেন। (বুখারী, হাদীস নং ৪৭১৯)

544

৮০. আর দু'আ করঃ হে আমার প্রতিপালক! আপনি আমাকে সেখানে নিয়ে যান সত্যতা সহকারে এবং সেখান হতে আমাকে সত্য সহকারে বের করে নিন এবং আপনার নিকট হতে আমাকে দান করুন বিজয় ও সাহায্য (অকাট্য দলীল)।

৮১. আর বলঃ সত্য এসেছে এবং মিথ্যা বিলুপ্ত হয়েছে; মিথ্যা তো বিলুপ্ত হয়েই থাকে।

৮২. আমি অবতীর্ণ করি কুরআন, যা বিশ্বাসীদের জন্যে আরোগ্য ও দয়া, কিন্তু তা সীমালজ্ঞানকারীদের ক্ষতিই বৃদ্ধি করে।

৮৩. যখন আমি মানুষের উপর অনুগ্রহ করি তখন সে মুখ ফিরিয়ে নেয় ও অহংকারে দূরে সরে যায় এবং তাকে অনিষ্ট স্পর্শ করলে সে একেবারে হতাশ হয়ে পড়ে।

৮৪. বল, প্রত্যেকেই নিজ প্রকৃতি অনুযায়ী কাজ করে থাকে এবং চলার পথে কে সর্বাপেক্ষা নির্ভুল তোমার প্রতিপালক তা ভালোভাবে অবগত আছেন।

৮৫. তোমাকে তারা রূহ সম্পর্কে প্রশ্ন করে, তুমি বলঃ রূহ হলো আমার প্রতিপালকের আদেশ (সম্পর্কিত একটি বিষয়।) এ বিষয়ে তোমাদেরকে সামান্য জ্ঞানই দেয়া হয়েছে।

৮৬. ইচ্ছা করলে আমি তোমার প্রতি যা প্রত্যাদেশ করেছি তা অবশ্যই وَقُلْ رَّبِّ اَدْخِلْنِیُ مُلْ خَلَ صِلْقِ وَّ اَخْرِجْنِیُ مُنْ کَلُ رَبِّ اَدْخِلْنِیُ مُلْخَلَ صِلْقِ وَّ اَخْرِجْنِیُ مُخْرَجَ صِلْ اِنْ مِنْ لَکُ نُكَ سُلطنًا نَصِيرًا ﴿

وَقُلْ جَاءَ الْحَقُّ وَزَهَقَ الْبَاطِلُ لِلَّ الْبَاطِلَ كَانَ زَهُوْقًا (()

وَنُنَزِّلُ مِنَ الْقُرْانِ مَا هُوَشِفَاءٌ وَرَحْمَةٌ لِلْمُؤْمِنِيُنَ ﴿ وَلَا يَزِيْدُ الظّٰلِمِيْنَ اللَّاخَسَارًا ۞

وَإِذَا اَنْعَمُنَا عَلَى الْإِنْسَانِ اَعُرَضَ وَنَأْ بِجَانِبِهَ ۚ وَإِذَا مَسَّهُ الشَّرُّكَانَ يَكُوْسًا ۞

> قُلُ كُلُّ يَّعْمَلُ عَلَى شَاكِلَتِهِ ۗ فَرَبُّكُمْ اَعْلَمُ بِمَنْ هُوَ اَهْلَى سَبِيْلًا ﴿

وَيَشْئُلُونَكَ عَنِ الرُّوْجِ لَا قُلِ الرُّوْحُ مِنْ اَمْرِ رَبِّ وَمَا اَوْتِيْتُمُوصِّ الْعِلْمِ الاَّ قَلِيْلاَ

وَكَيِنْ شِئْنَا لَنَكْ هَابَنَّ بِالَّذِئَّ ٱوْحَيْنَآ اِلَيْكَ

প্রত্যাহার করতে পারতাম; তাহলে তুমি এ বিষয়ে আমার বিরুদ্ধে কোন কর্ম বিধায়ক পেতে না।

৮৭. এটা প্রত্যাহার না করা তোমার প্রতিপালকের দয়া; তোমার প্রতি আছে তাঁর মহা অনুগ্রহ।

৮৮. বলঃ যদি মানুষ ও জিন সমবেত হয় এই কুরআনের অনুরূপ কুরআন আনয়নের জন্যে যদিও তারা পরস্পরকে সাহায্য করে. (তবুও) তারা এর অনুরূপ কুরআন আনয়ন করতে পারবে না।

৮৯. আমি মানুষের জন্যে এই কুরআনে বিভিন্ন উপমার দ্বারা আমার বাণী বিশদভাবে বর্ণনা করেছি; কিন্তু অধিকাংশ মানুষ সত্য প্রত্যাখ্যান ব্যতীত ক্ষান্ত হলো না।

৯০, আর তারা বলেঃ কখনই আমরা তোমার উপর বিশ্বাস স্থাপন করবো না, যতক্ষণ না তুমি আমাদের জন্যে ভূমি হতে এক প্রস্রবণ উৎসারিত করবে।

৯১. অথবা তোমার খেজুরের কিংবা আঙ্গুরের এক বাগান হবে যার ফাঁকে ফাঁকে তুমি অজস্র ধারায় প্রবাহিত করে দেবে নদী-নালা ।

৯২. অথবা তুমি যেমন বলে থাকো, তদানুযায়ী আকাশকে খন্ড-বিখন্ড করে আমাদের উপর ফেলবে অথবা હ ফেরেশতাদেরকে আমাদের সামনে উপস্থিত করবে।

৯৩ অথবা তোমার একটি স্বর্ণনির্মিত গৃহ হবে, অথবা তুমি আকাশে ثُمَّ لَا تَجِدُ لَكَ بِهِ عَلَيْنَا وَكِيْلًا ﴿

إِلَّا رَحْمَةً مِّنُ رَّبِّكَ ماِنَّ فَضْلَهُ كَانَ عَلَيْكُ كَبِيُرًا ۞

قُلْ لَيْنِ اجْتَهَعَتِ الْإِنْسُ وَالْجِنُّ عَلَى اَنْ يَّأْتُوْا بِمِثْلِ هٰنَا الْقُرْانِ لَا يَأْتُونَ بِمِثْلِهِ وَلَوْكَانَ بَعْضُهُمْ لِبَعْضٍ ظَهِيْرًا ۞

وَلَقَكُ صَرَّفُنَا لِلنَّاسِ فِي هٰذَا الْقُرْانِ مِنْ كُلِّ مَثَلِ دَ فَأَنِّي أَكْثَرُ النَّاسِ إِلَّا كُفُورًا ١٠

> وَ قَالُوا لَنْ تُؤْمِنَ لَكَ حَتَّى تَفْجُو لَنَا مِنَ الْأَرْضِ يَنْكُوْعًا ﴿

اَوْتَكُوْنَ لَكَ جَنَّةٌ مِّنْ نَّخِيْلٍ وَعِنْبِ فَتُفَجِّرَ الْأَنْهُرَ خِلْلُهَا تَفْجِيْرًا ﴿

أَوْ تُشْقِطُ السَّهَآءَ كَهَا زَعَمْتَ عَلَيْنَا كِسَفًّا اَوْ تَأْنِيَ بِاللهِ وَالْمَلْيِكَةِ قَبِيلًا أَهُ

اَوْ يَكُوْنَ لَكَ بَيْتً مِّنْ زُخُرُفٍ اَوْ تَرُقَّى فِي

আরোহণ করবে; অবশ্য ভোমার আকাশ আরোহণেও আমরা কখনো বিশ্বাস করবো না যতক্ষণ তুমি আমাদের প্রতি এক কিতাব অবতীর্ণ না করবে যা আমরা পাঠ করবো; বলঃ পবিত্র মহান আমার প্রতিপালক! আমি তো শুধু একজন মানুষ, একজন রাসূল।

৯৪. 'আল্লাহ কি মানুষকে রাসূল করে পাঠিয়েছেন?' মানুষকে এই উক্তিই বিশ্বাস স্থাপন হতে বিরত রাখে, যখন তাদের নিকট আসে পথ-নির্দেশ।

৯৫. বলঃ ফেরেশ্তারা যদি নিশ্চিন্ত হয়ে পৃথিবীতে বিচরণ করতো তবে আমি আকাশ হতে ফেরেশ্তাকেই তাদের নিকট রাসূল করে পাঠাতাম।

৯৬. বলঃ আমার ও তোমাদের মধ্যে সাক্ষী হিসেবে আল্লাহই যথেষ্ট, তিনি তাঁর বান্দাদেরকে সবিশেষ জানেন ও দেখেন।

৯৭. আল্লাহ যাদেরকে পথ নির্দেশ করেন তারা তো পথপ্রাপ্ত এবং যাদেরকে তিনি পথভ্রষ্ট করেন, তুমি কখনই তাঁকে ব্যতীত অন্য কাউকেও তাদের অভিভাবক পাবে না, কিয়ামতের দিন আমি তাদেরকে সমবেত করবো তাদের মুখে ভর দিয়ে চলা অবস্থায়; অন্ধ, বোবা ও

السَّمَآء ﴿ وَلَنُ ثُوْمِنَ لِرُقِيِّكَ حَتَّى تُنَزِّلَ عَلَيْنَا كِتْبًا لَقْرَوُهُ ﴿ قُلْ سُبْحَانَ رَبِّى هَلْ كُنْتُ إِلَّا بَشَرًا رَّسُولًا ﴿

وَمَا مَنَحَ النَّاسَ اَنْ يُؤْمِنُوْۤا اِذْ جَاءَهُمُ الْهُلَى اِلَّا اَنْ قَالُوۡاۤ اَبِعَثَ اللهُ بَشَرًا رَّسُوْلًا ۞

قُلْ لَّوْكَانَ فِي الْاَرْضِ مَلَيْكَةٌ يَّنْشُوْنَ مُطْهَيِتِيْنَ كَنَزَّنْنَا عَكِيْهِمْ مِّنَ السَّهَاءِ مَلَكًا رَّسُوْلًا®

> قُلُ كَفِي بِاللهِ شَهِينَّا اللهِ عَلَى وَبَيْنَكُمُو ۗ اِنَّهُ كَانَ بِعِبَادِهٖ خَبِيْرًا بَصِيْرًا ۞

وَمَنْ يَهُفِ اللَّهُ فَهُوَ الْمُهُتَكِ ۚ وَمَنْ يُّضْلِلُ فَكَنْ تَجِدَ لَهُمْ اَوْلِيَا ۚ مِنْ دُوْنِهِ ﴿ وَنَحْشُرُهُمْ يَوْمَ الْقِيلَمَةِ عَلَى وُجُوْهِهِمْ عُمْيًا وَّبُكُمًا وَّصُمَّا لِا مَاوْلُهُمْ جَهَنَّمُ لِ كُلَّماً خَبَتْ زِدْنِهُمْ سَعِيْرًا ۞

১। আনাস ইবনে মালিক (রাযিআল্লান্থ আনহু) থেকে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি বললঃ " হে আল্লাহ্র রাসূল! কাফেরদেরকে কি হাশরের দিন নিম্নমুখী করে একত্রিত করা হবে?" তিনি বললেনঃ "যিনি এ দুনিয়ায় তাকে দু'পায়ের ওপর হাঁটাতে পারলেন তিনি কি হাশরের দিন তাকে নিম্নমুখী করে চালাতে সক্ষম নন?" কাতাদা বলেছেনঃ হাঁা, আমাদের রবের ইজ্জতের শপথ! (তিনি এটা করতে সক্ষম)। (বুখারী, হাদীসনং ৪৭৬০)

বধির করে। তাদের আবাসস্থল জাহান্নাম; যখনই তা স্তিমিত হবে আমি তাদের জন্যে অগ্নি বৃদ্ধি করে দেবো।

৯৮, এটাই তাদের প্রতিফল। কারণ, নিদর্শন তারা আমার অস্বীকার করেছিল ও বলেছিলঃ আমরা অস্থিতে পরিণত ও চূর্ণ-বিচূর্ণ হলেও কি নতুন সৃষ্টি রূপে পুনরুখিত হবো?।

৯৯. তারা কি লক্ষ্য করে না যে. আল্লাহ, যিনি আকাশমন্তলী ও পথিবী সৃষ্টি করেছেন তিনি তাদের অনুরূপ সৃষ্টি করতে সক্ষম? তিনি তাদের জন্যে স্থির করেছেন এক নির্দিষ্ট কাল, যাতে কোন সন্দেহ নেই; তথাপি অত্যাচারীরা সত্য প্রত্যাখ্যান করা ব্যতীত ক্ষান্ত হলো না।

১০০. বলঃ যদি তোমরা আমার প্রতিপালকের দয়ার ভান্ডারের অধিকারী হতে তবুও তোমরা 'ব্যয় হয়ে যাবে' এই আশঙ্কায় ওটা ধরে রাখতে, মানুষ তো অতিশয় কৃপণ।

فَكُلِيُ وَاشْرَبِي وَقَرِّىٰ عَيْنًا ۚ فَإَمَّا تَرَيِنَّ مِنَ الْبَشَرِ اَحَدًا اللهِ فَقُولِي إِنِّي نَنَارُتُ لِلرَّحْلِين صَوْمًا فَكَنْ أُكِلَّمُ الْيَوْمُ إِنْسِيًّا ﴿

فَأَتَتُ بِهِ قُوْمَهَا تَحْمِلُهُ ﴿ قَالُوا لِمَرْيَمُ لَقَنْ جِئْتِ شَيْئًا فَرِيًا ⊕

لَيْكُنْتَ هُرُونَ مَا كَانَ آبُوْكِ امْرَا سَوْءٍ وَمَا كَانَتُ أُمُّكِ بَغِيًّا ﴿

مريم ١٩

২৯. অতঃপর মারইয়াস (ﷺ) সন্তানের দিকে ইঙ্গিত করলেন, তারা বললোঃ যে কোলের শিশু তার সাথে আমরা কেমন করে কথা বলবো?

৩০. শিশুটি বললোঃ আমি তো আল্লাহর বান্দাহ: তিনি আমাকে কিতাব দিয়েছেন আমাকে করেছেন।

 থেখানেই আমি গ¹¹কি না কেন. তিনি আমাকে বরকতময় করেছেন তিনি আমাকে নির্দেশ দিয়েছেন যত দিন জীবিত থাকি. ত দিন নামায ও যাকাত আদায় ক তে।

৩২. আর আমার মাতার প্রতি অনুগত থাকতে এবং তিনি আমাকে করেন নাই অহংকারী ও হতভাগ্য।

৩৩. আমার প্রতি শান্তি, যেদিন আমি জন্ম লাভ করেছি ও যেদিন আমার মৃত্যু হবে ও যেদিন আমি জীবিত অবস্থায় পুনরুত্থিত হবো।

৩৪. ইনিই হলেন মার সাম পুত্র ঈসা (২০০০); সত্য কথা, যে বিষয়ে তারা বিতর্ক করে।

৩৫. সন্তান গ্রহণ করা আল্লাহর কাজ নয়, তিনি পবিত্র, তিনি যখন কিছু স্থির করেন তখন বলেনঃ 'হও' এবং তা হয়ে যায় ৷

৩৬. আল্লাহই আমার প্রতিপালক ও তোমাদের প্রতিপালক, সূতরাং তাঁর ইবাদত করো, এটাই সরল পথ।

৩৭, অতঃপর **मन**श्चि নিজেদের মধ্যে মতানৈক্য সৃষ্টি করলো। فَأَشَارَتُ إِلَيْهِ الآقَالُوا كَيْفَ نُكِلَّمُ مَنْ كَانَ في الْهَهْنِ صَدِيًّا اللهُ

قَالَ إِنَّى عَيْدُ اللَّهِ لَّهُ اللَّهِ مَّا اللَّهِ مَّا اللَّهِ مَّا اللَّهِ مَّا اللَّهِ مَّا اللَّه

وَّجَعَلَنِي مُلِرَكًا آيْنَ مَا كُنْتُ وَأَوْطِينِي بِالصَّلْوةِ وَالزُّكُوةِ مَا دُمْتُ حَيًّا اللهُ

وَّبَرُّا بِوَالِدَقِيُ ۚ وَلَمْ يَجْعَلْنِي جَبَّارًا شَقِيًّا ۞

وَالسَّلْمُ عَلَيَّ يُوْمَ وُلِلْ تُنُّ وَيُوْمَ اَمُوْتُ وَيُوْمَ أَيْعِثُ حَتًّا ﴿

ذٰ لِكَ عِيْسَى ابْنُ مَرْبَعَ قُولَ الْحَقِّ الَّذِي فِيهِ يَمُتُرُونَ 💬

مَا كَانَ بِللهِ أَنُ يَتَكِفِنَ مِنْ وَكِي لِسُبِطْنَهُ ﴿ إِذَا قَضَى آمُرًا فَإِنَّمَا يَقُولُ لَهُ كُنْ فَيَكُونُ اللهِ

وَإِنَّ اللَّهُ رَبِّي وَرَبُّكُمْ فَأَعُبُكُوهُ ﴿ هَٰذَا صِرَاطٌ مُّسْتَقِيْمُ 🕾

فَاخْتَلَفَ الْأَخْزَابُ مِنْ بَيْنِهِمْ ۚ فَوَيْلٌ لِلَّذِيْنَ كَفَرُوٰا

সুতরাং এই কাফিরদের একমহান দিবসের (কিয়ামতের) আগমনে ভীষণ দুর্দশা রয়েছে।

৩৮. তারা যেদিন আমার নিকট আসবে সেই দিন তারা কত স্পষ্ট শুনবে ও দেখবে! কিন্তু সীমা-লজ্ঞানকারীগণ আজ স্পষ্ট বিভ্রান্তিতে আছে।

৩৯. (হে রাসূল ﷺ) তাদেরকে সতর্ক করে দাও পরিতাপের দিবস সম্বন্ধে, যখন সকল সিদ্ধান্ত হয়ে যাবে; তারা অসাবধানতায় আছে তাই তারা ঈমান আনছে না।

80. চূড়ান্ত মালিকানার অধিকারী আমি, পৃথিবীর ও এর উপর যারা আছে তাদের, এবং তারা আমারই নিকট প্রত্যাবর্তিত হবে।

8). বর্ণনা কর এই কিতাবে (উল্লিখিত) ইবরাহীমের (প্রাঞ্জ্রী) কথা; তিনি ছিলেন মহা সত্যবাদী ও নবী।

مِنُ مَّشُهَدِ يَوْمٍ عَظِيْمٍ ﴿

اَسْعِ بِهِمُ وَ اَبْصِرُ لِيَوْمَ يَاثُونَنَا لَكِنِ الظّلِبُونَ الْسَلِمُونَ الْطَلِبُونَ الْطَلِبُونَ الْعَلِبُونَ الْعَلِبُونَ الْعَلِمُونَ الْعَلِمُونَ الْعَلِمُونَ الْعَلِمُ مُعِينًا فَيَ

وَانْنِرْهُمْ يَوْمَ الْحَسْرَةِ إِذْ قُضِى الْأَمُرُ وَهُمُ

إِنَّا نَحُنُ ثَرِثُ الْأَرْضَ وَمَنْ عَلَيْهَا وَالكَيْنَا يُرْجَعُونَ شَ

وَاذْكُرُ فِي الْكِتْبِ اِبْرَهِيْمَ لَهُ اِنَّهُ كَانَ صِدِّيْقًا نَّدِيًّا ۞

১। আবু সাঈদ খুদরী (রাযিআল্লান্থ আনন্থ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ কিয়ামতের দিন মৃত্যুকে আনা হবে একটি কালোর মাঝে সাদা লোম বিশিষ্ট মেষ বা ভেড়ার আকারে। একজন ঘোষক ঘোষণা করবেঃ হে জান্লাতবাসীগণ! (এ আওয়াজ শুনে) তারা মাথা তুলে দেখবে। ঘোষক বলবেঃ তোমরা কি একে চেনো? তারা বলবেঃ হাাঁ, এতো মৃত্যু। আসলে তাদের প্রত্যেকে (মৃত্যুর সময়) তাকে দেখেছিল। তারপর সে ডাক দেবেঃ হে জাহান্লামীরা! (এ ডাক শুনে) তারা মাথা তুলে দেখবে। ঘোষক বলবেঃ তোমরা কি একে চেনো? তারা জবাব দেবে, হাাঁ, এতো মৃত্যু। আসলে তাদের প্রত্যেকে মৃত্যুর সময় তাকে দেখেছিল। তখন তাকে জবাই করা হবে। তারপর সেই ঘোষক বলবেঃ হে জান্লাতবাসীগণ! তোমরা নিশ্চিন্তে জান্লাতে বসবাস করো। আর কখনো তোমাদের মৃত্যু হবে না। হে জাহান্নামবাসীরা! তোমরা জাহান্নামে বসবাস করতে থাকো। তোমাদের আর কখনো মৃত্যু হবে না। এ ঘটনা বর্ণনা করার পর রাস্পুল্লাহ্ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) পড়েনঃ অর্থঃ "(হে রাসূল!) তাদেরকে জয় দেখাও সেই আক্ষেণের দিনের, যে দিনে ফয়সালা হয়ে যাবে। অথচ এরা তবুও গাফলতির মধ্যে ডুবে আছে।" দুনিয়াবাসীরা এখনো গাফলতির সাগরে হাবুড়বু খাচেছ। তারা এখনো ঈমান আনছে না।" (বুখারী, হাদীস নং ৪৭৩০)

8**২.** যখন তিনি তাঁর পিতাকে বললেনঃ হে আমার পিতা! যে শুনে না দেখে না এবং তোমার কোন কাজে আসে না তুমি তার ইবাদত কর কেন?

৪৩. হে আমার পিতা! আমার নিকট তো এসেছে জ্ঞান, যা তোমার নিকট আসে নাই। সুতরাং আমার অনুসরণ করো. আমি তোমাকে সঠিক পথ দেখাবো ৷

88. হে আমার পিতা! শয়তানের ইবাদত করো না: শয়তান দয়াময়ের অবাধ্য।

৪৫. হে আমার পিতা! আমি আশঙ্কা করি. তোমাকে দয়াময়ের শাস্তি স্পর্শ করবে এবং তুমি শয়তানের সাথী হয়ে পডবে।

8**৬.** পিতা বললোঃ হে ইবরাহীম (২৬৯)! তুমি কি আমার দেব-দেবী হতে বিমুখ হচ্ছো? যদি তুমি নিবৃত্ত না হও তবে আমি প্রস্তরাঘাতে তোমার প্রাণ নাশ করবোই; তুমি চিরদিনের জন্যে আমার নিকট হতে দূর হয়ে যাও।

৪৭. ইবরাহীম (ব্রুট্রা) বললেনঃ সালাম তোমার প্রতি: আমি আমার প্রতিপালকের নিকট তোমার জন্যে ক্ষমা প্রার্থনা করবো, নিশ্চয়ই তিনি আমার প্রতি অতিশয় অনুগ্রহশীল।

৪৮. আমি তোমার দিক হতে ও আল্লাহ ব্যতীত যাদের তোমরা ইবাদত কর তাদের নিকট হতে إِذْ قَالَ لِاَہِيْهِ يَاكِتِ لِمَ تَعُبُلُ مَا لَا يَسُمَعُ وَلا يُبْصِرُ وَلا يُغْنِي عَنْكَ شَنْكًا ۞

لَاَيَتِ إِنَّ قُلْ جَاءَنَ مِنَ الْعِلْمِ مَالُمُ يَأْتِكُ فَاتَّبِغُنِيَّ آهُهِ إِنَّ صِرَاطًا سَوِيًّا ۞

يَابَتِ لَا تَعْبُلِ الشَّيْطَنَ لَ إِنَّ الشَّيْطَنَ كَانَ لِلرَّحُلِنِ عَصِيًّا ﴿

يَاكِتِ إِنَّ آخَافُ أَنْ يَّكَسَّكَ عَذَابٌ مِّنَ الرَّحْلِن فَتُكُونَ لِلشَّيْطِنِ وَلِتَّا ۞

قَالَ آرَاغِتُ آنُتَ عَنُ الِهَتِي لِيَابُرُهِنُمُ عَ كَيْنُ لَّمْ تَنْتَهِ لَارْجُنَّكَ وَاهْجُرْنِي مَلِيًّا @

قَالَ سَلَمٌ عَلَيْكَ عَسَاسُتَغُفِرُ لَكَ رَبِّي ما إِنَّهُ كَانَ **پُ حَفِيًّا**۞

وَاعْتَزِ لُكُمْ وَمَا تَنْعُونَ مِنْ دُوْنِ اللهِ وَادْعُوْا رَبِيُ الْعَسْى الا آكُونَ بِدُعَاءِ رَبِيُ شَقِيًّا ® পৃথক হচ্ছি; আমি আমার প্রতিপালককে আহ্বান করি; আশা করি, আমার প্রতিপালককে আহ্বান করে আমি ব্যর্থকাম হবো না।

8%. অতঃপর তিনি যখন তাদের থেকে ও তারা আল্লাহ ব্যতীত যাদের ইবাদত করতো সেই সব হতে পৃথক হলেন, তখন আমি তাঁকে দান করলাম ইসহাক (炎堡) ও ইয়াকুব (ঠেড্রা) এবং প্রত্যেককে নবী করলাম।

৫০. এবং তাদেরকে আমি দান করলাম আমার অনুগ্রহ ও তাদেরকে দিলাম সমুন্নত সত্য বাকশক্তি।

৫১. এই কিতাবে (উল্লিখিত) মূসার (উট্রা) কথা বর্ণনা করো, তিনি ছিলেন বিশুদ্ধচিত্ত এবং তিনি ছিলেন রাসূল, নবী।

৫২. আমি তাঁকে আহ্বান করেছিলাম তৃর পর্বতের ডান দিক হতে এবং আমি গৃঢ়তত্ত্ব আলোচনারত অবস্থায় তাঁকে নিকটবর্তী করেছিলাম।

৫৩. আমি নিজ অনুগ্রহে তাঁকে দিলাম তার ভ্রাতা হার্য়নকে (ॐৣৣর্র্রা) নবীরূপে।

৫৪. এবং এই কিতাবে (উল্লিখিত) ইসমাঈলের (ॐৣৣর্রা) কথা বর্ণনা কর, নিশ্চয়ই তিনি ছিলেন প্রতিশ্রুতি পালনে সত্যাশ্রয়ী এবং তিনি ছিলেন রাসূল, নবী।

৫৫. তিনি তাঁর পরিবার-পরিজনকে নামায ও যাকাত আদায়ের নির্দেশ فَكَتَا اعْتَزَلَهُمْ وَمَا يَعْبُكُونَ مِنْ دُوْنِ اللهِ لَا عَنْزَلَهُمْ وَمَا يَعْبُكُونَ مِنْ دُوْنِ اللهِ لَا وَهُبْنَا لَكَ إِسْطَى وَيَعْقُونَ ﴿ وَكُلاَّ جَعَلْنَا نَبِيًا ۞

وَوَهَبُنَا لَهُمْ مِّنُ رَّحْمَتِنَا وَجَعَلْنَا لَهُمُ لِسَانَ صِدُقِ عَلِيًّا ﴿

وَاذَكُرُ فِي الْكِتْبِ مُوْلَى لِإِنَّهُ كَانَ مُخْلَصًا وَكَانَ رَسُوْلًا تَبِيًّا ۞

> وَنَادَيْنُهُ مِنْ جَانِبِ الطُّوْرِ الْاَيْمَنِ وَقَرَّبُنْهُ نَجِيًّا ۞

وَوَهَبْنَا لَهُ مِن رَّحُمْتِنَا آخَاهُ هٰرُونَ نَبِيًّا ﴿

وَاذْكُرُ فِي الْكِتْبِ اِسْلِعِيْلُ ٰ إِنَّهُ كَانَ صَادِقَ الْوَعْدِ وَكَانَ رَسُولًا نَّبِيًّا ﴿

وَكَانَ يَأْمُرُ آهُلَهُ بِالصَّلْوةِ وَالزَّكُوةِ -

দিতেন এবং তিনি ছিলেন তাঁর প্রতিপালকের সন্তোষভাজন ।

৫৬. আরও এই কিতাবে (উল্লিখিত) ইদ্রীসের (﴿﴿﴿﴿) কথা বর্ণনা কর. তিনি ছিলেন মহা সত্যবাদী নবী।

৫৭. এবং আমি তাঁকে করেছিলাম উচ্চ মর্যাদা।

৫৮. নবীদের মধ্যে যাদেরকে আল্লাহ অনুগ্রহ করেছেন যাঁরা আদমের (﴿﴿) বংশধর ও যাদেরকে আমি নূহের (২৬৯) সাথে নৌকায় করিয়েছিলাম আরোহণ তাদের বংশোদ্ভত, ইবরাহীম (২৬৯) ও ইসরাঈলের বংশোদ্ভূত ও যাদেরকে আমি হেদায়াত দান করেছিলাম ও করেছিলাম, মনোনীত তাদের অন্তর্ভুক্ত। তাদের নিকট দয়াময়ের আয়াত আবৃত্তি করা হলে তারা সিজদায় লুটিয়ে পড়তো ক্রন্দনরত অবস্থায়।

৫৯. তাদের পর আসলো অপদার্থ পরবর্তীরা, তারা নামায নষ্ট করলো আর কুপ্রবৃত্তির অনুসরণ করলো; সুতরাং তারা অচিরেই তারা ধ্বংসে (জাহান্লামের গভীর গর্তে) পতিত হবে_। ৬০. কিন্তু তারা নয় যারা তাওবা করেছে, ঈমান এনেছে ও সৎকর্ম করেছে; তারা তো জান্নাতে প্রবেশ করবে: তাদের প্রতি কোন যুলুম করা হবে না।

৬১. এটা স্থায়ী জান্লাত, যে অদৃশ্য প্রতিশ্রুতি দ্য়াময় বিষয়ের

وَكَانَ عِنْكَ رَبِّهِ مَرْضِيًّا @

وَاذْكُرُ فِي الْكِتْبِ إِدْرِنْسَ لِللَّهُ كَانَ صِبِّيْقًا نَّبِيًّا ﴿

وَّرَفَعُنْهُ مَكَانًا عَلِيًّا @

ٱولَيْكَ الَّذِيْنَ ٱنْعَمَاللَّهُ عَلَيْهِمْ مِّنَ النَّبِيِّنَ مِنْ ذُرِّيَّةِ أَدَمَ وَمِثَنُ حَمَلْنَا مَعَ نُوْجٍ رَوَمِنَ ذُرِّتَةِ إِبْرُهِيْمَ وَإِسْرَآءِيْلُ وَمِثَّنُ هَكَيْنَا فَكَيْنَا وَاجْتَبَيْنَا وَإِذَا تُثْلِي عَلَيْهِمُ اللَّهُ الرَّحْلِي خَدُّوْ السُّحِّلَ الْأَكْتَا اللهِ

> فَخَلَفَ مِنْ بَعْدِهِمْ خَلْفٌ أَضَاعُوا الصَّاوِةَ وَاتَّبَعُوا الشَّهَوٰتِ فَسَوْفَ يَلْقَوْنَ غَيًّا ﴿

إلا مَنْ تَابَ وَأَمَنَ وَعَمِلَ صَالِحًا فَأُولَيْكَ كُلُخُلُوْنَ الْجَنَّةَ وَلَا يُظْلَبُونَ شَيْئًا اللهِ

جَنَّتِ عَلَٰنِ الَّتِي وَعَكَالرَّحُلْنُ عِبَادَةُ

তাঁর দিয়েছেন: বান্দাদেরকে প্রতিশ্রুতি অবশ্যমাবী ৷

৬২ সেখানে তারা 'শান্তি' কোন অসার বাক্য ওনবে না এবং সেথায় সকাল-সন্ধ্যায় তাদের জন্যে থাকবে জীবনোপকরণ।

এটা সেই জান্নাত, যার **60**. অধিকারী করবো আমি আমার বান্দাদের মধ্যে মুন্তাকীদেরকে।

(জিবরাঈল শুলা বলেন) **68**. প্রতিপালকের আপনার আদেশ ব্যতীত অবতরণ করবো না: যা আমাদের সম্মুখে ও পশ্চাতে আছে ও যা এই দু-এর অন্তর্বর্তী তা তাঁরই এবং আপনার প্রতিপালক ভুলে যান না ।

৬৫. তিনি আকাশমণ্ডলী, পৃথিবী এবং এতোদুভয়ের অন্তর্বর্তী যা কিছ আছে, সবারই প্রতিপালক; সূতরাং তুমি তাঁরই ইবাদত করো এবং তাঁরই ইবাদতে প্রতিষ্ঠিত থাকো; তুমি কি তাঁর সমনাম সম্পন্ন কাউকেও জান?

৬৬. মানুষ বলেঃ আমার মৃত্যু হলে আমি কি জীবিত অবস্থায় পুনারুখিত হবো?

৬৭. মানুষ কি স্মরণ করে না যে, আমি তাকে পূর্বে সৃষ্টি করেছি যখন সে কিছুই ছিল না?

সূতরাং শপথ Yb. তোমার প্রতিপালকের! আমি তো তাদেরকেও শয়তানদেরকে সমবেত করবই পরে আমি তাদেরকে নতজানু অবস্থায় بِٱلْغَيْبِ لِنَّهُ كَانَ وَعُدُهُ مَأْتِيًّا ١٠

لَا يَسْمَعُونَ فِيهَا لَغُوَّا إِلَّا سَلْمًا ﴿ وَلَهُمْ رِزْقُهُمْ فنها بُكْرَةً وعشياً

> تِلْكَ الْجَنَّةُ الَّتِي نُوُرِثُ مِنْ عِبَادِنَا مَنْ كَانَ تَقِيًّا 🐨

وَمَا نَتَنُزَّلُ إِلَّا بِأَمْرِ رَبِّكَ لَهُ مَا بَيْنَ أَيْدِينَا وَمَا خُلْفَنَا وَمَا بَيْنَ ذَلِكَ وَمَا كَانَ رَبُّكَ نَسِيًّا ﴿

رَبُّ السَّبِوٰتِ وَالْأَرْضِ وَمَا يَيْنَهُمَا فَاعْتُلُهُ وَاصْطَيرُ لِعِيَادَتِهِ ﴿ هَلْ تَعْلَمُ لَهُ سَبِيًّا ﴿

وَيَقُوْلُ الْإِنْسَانُ ءَاذَا مَامِتُ لَسُوْفَ أُخْرَجُ حَيًّا ﴿

ٱوَلَايَنُ كُرُالُونُسَانُ اَنَّا خَلَقُنٰهُ مِنْ قَبْلُ وَلَمْ يَكُ شَيْئًا ۞

فُو رَبِّكَ لَنَحُشُرنَهُمْ وَالشَّيْطِينَ ثُمَّ لَنُحْضِرَنَّهُمْ خُلَجَهُدُ جِثْيًا ﴿

জাহান্নামের চতুর্দিকে উপস্থিত করবই।

৬৯. অতঃপর প্রত্যেক দলের মধ্যে যে দয়াময়ের প্রতি সর্বাধিক অবাধ্য আমি তাকে টেনে বের করবই।

৭০. তারপর আমি তো তাদের মধ্যে যারা জাহান্নামের প্রবেশের অধিকতর যোগ্য তাদের বিষয় ভাল জানি।

৭১. এবং তোমাদের প্রত্যেকেই ওটা (পুলসিরাত) অতিক্রম করবে; এটা তোমার প্রতিপালকের অমোঘ সিদ্ধান্ত।

৭২. পরে আমি মুন্তাকীদেরকে উদ্ধার করবো এবং যালিমদেরকে সেথায় নতজানু অবস্থায় রেখে দিবো।

৭৩. তাদের নিকট আমার স্পষ্ট আয়াত আবৃত্ত হলে কাফিররা মু'মিনদেরকে বলেঃ দু'দলের মধ্যে কোনটি মর্যাদায় শ্রেষ্ঠতর এবং মজলিস হিসেবে কোনটি উত্তম?

98. তাদের পূর্বে কত মানব গোষ্ঠীকে আমি বিনাশ করেছি যারা তাদের অপেক্ষা সম্পদ ও বাহ্য দৃষ্টিতে শ্রেষ্ঠ ছিল।

৭৫. বলঃ যারা বিভ্রান্তিতে আছে, দরাময় তাদেরকে প্রচুর অবকাশ দিবেন যতক্ষণ না তারা যে বিষয়ে তাদেরকে সতর্ক করা হচ্ছে তা প্রত্যক্ষ করবে, তা শাস্তি হোক অথবা কিয়ামতই হোক; অতঃপর তারা জানতে পারবে কে মর্যাদায় নিকৃষ্ট ও কে দল-বলে দুর্বল।

ثُمَّ لَنَنْذِعَنَّ مِنْ كُلِّ شِيْعَةٍ لَيُّهُمُ اَشَّنُّ عَلَى الرَّحْلِنِ عِتِيًّا ۞

ثُمَّ لَنَحْنُ آعْلَمُ بِالَّذِينَ هُمْ أَوْلَى بِهَا صِلِيًّا ۞

ۅٙٳڹٛڡؚٞڣؙڬؙؙؙۮڔٳڰۜۅٙٳڔۮؙۿٵ؞ػٲڹؘٷڵۯ؆ٟڮ ؘڂؿؙؠٵٞڡٞڠ۫ۻؾًا۞

ثُمَّ نُنَجِّى الَّذِيْنَ الَّقَوُا وَنَذَدُ الظَّلِمِيْنَ فِيهَاجِثِيًّا ۞

وَاذَا تُتُلْ عَلَيْهِمُ النِّنَا بَيِّنْتِ قَالَ الَّذِيْنَ كَفُرُوا لِلَّذِيْنَ امْنُوَّا لَأَيُّ الْفَرِيْقَيْنِ خَيْرٌ مَّقَامًا وَّاحْسَنُ نَدِيًا ﴿

> وَكُمُ اَهْلَكُنَا قَبْلَهُمْ مِّنَ قَرْنٍ هُمُ اَحْسَنُ اَثَاثًا وَ رِءْيًا@

قُلُمَنُ كَانَ فِي الضَّلَكَةِ فَلْيَمُنُدُ لَدُ الرَّحْلُنُ مَنَّا هَ حَتَّى إِذَا رَاوُامَا يُوْعَدُونَ إِمَّا الْعَنَابَ وَإِمَّا السَّاعَةَ لَم فَسَيَعْلَنُونَ مَنْ هُو شَرَّ مَّكَانًا وَإِمَّا السَّاعَةَ لِم فَسَيَعْلَنُونَ مَنْ هُو شَرَّ مَّكَانًا ৭৬. এবং যারা সৎপথে চলে আল্লাহ তাদেরকে অধিক হিদায়াত দান করেন এবং স্থায়ী সৎকর্ম তোমার প্রতিপালকের পুরন্ধার প্রাপ্তির জন্যে শ্রেষ্ঠ এবং প্রতিদান হিসেবেও শ্রেষ্ঠ।

৭৭. তুমি কি লক্ষ্য করেছ তাকে, যে আমার আয়াতসমূহ প্রত্যাখ্যান করে এবং বলেঃ আমাকে ধন-সম্পদ ও সম্ভান-সম্ভতি দেয়া হবেই।

৭৮. সে কি অদৃশ্য সম্বন্ধে অবহিত হয়েছে অথবা দয়াময়ের নিকট হতে প্রতিশ্রুতি লাভ করেছে?

৭৯. কখনই নয়! তারা যা বলে, আমি তা লিখে রাখবো এবং তাদের শাস্তি বৃদ্ধি করতে থাকবো।

৮০. সে যে বিষয়ের কথা বলে, তা থাকবে আমার অধিকারে এবং সে আমার নিকট আসবে একা।

৮১. তারা আল্লাহ ছাড়া অন্য মা'বুদদেরকে গ্রহণ করে এই জন্যে যে, যাতে তারা তাদের সহায় হয়।

৮২. কখনই নয় তারা তাদের ইবাদত অস্বীকার করবে এবং তাদের বিরোধী হয়ে যাবে।

৮৩. তুমি কি লক্ষ্য কর না যে, আমি কাফিরদের জন্যে শয়তানদেরকে পাঠিয়েছি তাদেরকে মন্দ কর্মে বিশেষভাবে প্রলুক্ক করবার জন্যে।

৮৪. সুতরাং তাদের বিষয়ে তড়িঘড়ি করো না; আমি তো গণনা করছি তাদের নির্ধারিত কাল। وَيَزِيْدُاللهُ الَّذِيْنَ اهْتَكَوْاهُلُى ﴿ وَالْبِقِيْتُ اللَّهِيْتُ الْمُتَكَوْاهُ هُلَى الْمُقَيْرُ هُرَدًا ﴿ الطِّيلِطُ تُعَيِّرُ هُرَدًا ﴿ الطِّيلِطُ تُعَيِّرُ هُرَدًا ﴿

اَفَرَءَیْتَ الَّانِیُ کَفَرَبِالْیْتِنَا وَقَالَ لاُوْتَیَنَّ مَالَا ذَوَلَدًا هُ

اَطَّلَعَ الْغَيْبُ آمِر اتَّخَذَ عِنْدَ الرَّحُلِنِ عَهُدًا الْ

كُلَّاء سَنَكُتُبُ مَا يَقُولُ وَنَبُثُ لَهُ مِنَ الْعَذَابِ مَا يَقُولُ وَنَبُثُ لَهُ مِنَ الْعَذَابِ

وَّ نَرِثُهُ مَا يَقُولُ وَيَأْتِيْنَا فَرْدًا ۞

وَاتَّخَذُوا مِن دُونِ اللَّهِ الْهَةَ لِيَكُونُوا لَهُمْ عِزًّا ﴿

كَلَّاطَ سَيَكُفُرُونَ بِعِبَادَتِهِمْ وَيَكُونُونَ عَلَيْهِمُ ضِنَّا ۞

اَكُمْ تَرَ اَنَّا اَرْسَلْنَا الشَّلْطِيْنَ عَلَى الْكَفِرِيْنَ الشَّلْطِيْنَ عَلَى الْكَفِرِيْنَ تَوَدُّرُهُمْ اَذًّا ﴿

فَلَا تَعْجَلُ عَلِيْهِمْ ﴿ إِنَّمَا نَعُثَّ لَهُمْ عَلَّاهَ

৮৫. সে দিন আমি দয়াময়ের নিকট মুত্তাকীদেরকে সম্মানিত মেহমান রূপে সমবেত করবো.

৮৬. এবং অপরাধীদেরকে পিপাসার্ত অবস্থায় জাহান্লামের দিকে তাড়িয়ে নিয়ে যাবো।

৮৭, যিনি দয়াময়ের নিকট প্রতিশ্রুতি গ্রহণ করেছেন, তিনি ব্যতীত অন্য কারো সুপারিশ করবার থাকবে না ৷

৮৮. তারা বলেঃ দয়াময় সন্তান গ্রহণ করেছেন।

৮৯. তোমরা তো এক বীভৎস কথার অবতারণা করেছ।

৯০. এতে যেন আকাশসমূহ বিদীর্ণ হয়ে যাবে, পৃথিবী খন্ড-বিখণ্ড হবে ও পর্বতসমূহ চূর্ণ-বিচূর্ণ হয়ে আপতিত হবে।

৯১. যেহেতু তারা দয়াময়ের উপর সন্তান আরোপ করে।

৯২. অথচ সন্তান গ্ৰহণ করা দয়াময়ের জন্যে শোভনীয় নয়।

৯৩. আকাশসমূহে ও পৃথিবীতে এমন কেউ নেই যে দয়াময়ের নিকট উপস্থিত হবে না বান্দারূপে।

৯৪. তিনি তাদেরকে পরিবেষ্টন করে রেখেছেন এবং তিনি তাদেরকে বিশেষভাবে গণনা করেছেন।

৯৫. এবং কিয়ামতের দিবস তাদের সকলেই তাঁর নিকট আসবে একাকী অবস্থায়।

يَوْمَ نَحْشُرُ الْمُتَّقِينَ إِلَى الرَّحْلِينِ وَفُدًّا ﴿

وَّنُسُوْقُ الْمُجْرِمِيْنَ إِلَى جَهَنَّمَ وِرُدًا۞

لَا يَمْلِكُونَ الشَّفَاعَةَ إِلَّا مَنِ اتَّخَذَ عِنْكَ الرَّحْلِينِ عَفْدًا ۞

وَ قَالُوا التَّخَذَ التَّحْلِنُ وَلَدًّا إِلَّهُ

لَقُلُ جِئُتُمُ شَنًّا إِدًّا ﴿

تَكَادُ السَّلَوْتُ بِتَفَطَّرُنَ مِنْهُ وَتَنْشَقُّ الْأَرْضُ وَتَخِرُّ الْجِبَالُ هَنَّانُ

أَنُ دَعُوا لِلرَّحْمٰنِ وَلَكَّا اَ اللَّ

وَمَا يُنْلَكُغُيُ لِلرَّحْلِنِ أَنْ يَتَّخِذَا وَلَكَّا اللَّهِ

إِنْ كُلُّ مَنْ فِي السَّلْواتِ وَالْأَرْضِ اللَّهَ أَتِي الرَّحْلِنِ عَنْاهُ

لَقُنُ أَحْسُهُمْ وَعَنَّاهُمْ عَنَّاهُمْ عَنَّاهُ

وَكُلُّهُمُ اللَّهِ يَوْمَ الْقَلِّيةِ فَرُدًا ۞

586

৯৬ যারা ঈমান আনে ও সৎকর্ম করে দয়াময় তাদের জন্যে সষ্টি করবেন ভালবাসা।

৯৭ আমি তো তোমার ভাষায় কুরআনকে সহজ করে দিয়েছি যাতে তুমি তা দ্বারা মুন্তাকীদেরকে সুসংবাদ দিতে পার এবং বিতপ্তাপ্রবণ কলহপরায়ণ সতর্ক সম্প্রদায়কে করতে পার।

৯৮. আর তাদের পূর্বে আমি কত মানব গোষ্ঠীকে বিনাশ করেছি! তুমি কি তাদের কাউকেও দেখতে পাও অথবা তাদের ক্ষীণতম শব্দও শুনতে পাও?

إِنَّ الَّذِينِ أَمَنُواْ وَعَمِلُوا الصَّلِحْتِ سَيَجُعَ لَهُمُ الرَّحْينَ وُدُّا ﴿

فَانَّهَا يَشَرُنْهُ بِلِسَانِكَ لِتُبَقِّرَ بِهِ الْمُتَّقِيِّ وَ تُنُنِرَبِهِ قَوْمًا ثُنَّا[®]

وَكَمْ اَهْلَكُنَا قَبْلَهُمْ مِنْ قَرْنٍ ﴿ هَلْ تُحِسُّ مِنْهُمُ مِّنُ آحَٰنِ أَوْ تُلْسُكُمُ لَهُمْ رِكْزًا ﴿

১। আবু হুরাইরা (রাযিআক্সান্থ আনহু) হতে বর্ণিত। নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ আল্লাহ্ তা'আলা যখন কোন বান্দাকে ভালোবাসেন, তখন জিবরাঈল (আলাইহিস সালাম) কে ডেকে বলেন, আল্লাহ্ ভা'আলা অমুক বান্দাকে ভালোবাসেন। এজন্য তুমিও তাকে ভালোবাস। তখন জিবরাঈল (আলাইহিস্ সালাম) ও তাকে ভালোবাসেন। অভপর জিবরাঈল (আলাইহিস্ সালাম) আসমানবাসীদের ষধ্যে ঘোষণা করে দেন যে, আল্লাহ্ তা'আলা অমুক বান্দাকে ভালোবাসেন। এজন্য তোমরাও তাকে আলোবাস । তখন আসমানবাসীরাও তাকে ভা**লোবাসতে থাকে। তারপর পৃথিবীবাসীর অন্তরে**ও তাকে গ্রহণীয় ও বরণীয় করে রাখা হয়। (বুখারী, হাদীস নং ৬০৪০)

সূরাঃ ত্বা-হা, মাকী

(আয়াতঃ ১৩৫, রুক্'ঃ ৮)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)।

১. ত্বা-হা-।

- তোমাকে কট্ট দেয়ার জন্যে আমি তোমার প্রতি কুরআন অবতীর্ণ করি নি।
- ত. বরং যে (আল্লাহকে) ভয় করে
 তাদের উপদেশার্থে।
- যিনি সমুচ্চ আকাশমগুলী ও পৃথিবী সৃষ্টি করেছেন এটা তাঁর নিকট হতে অবতীর্ণ।
- ৫. দয়য়য় (আল্লাহ) আরশের সয়য়ীত।
- ৬. যা আছে আকাশমগুলীতে, পৃথিবীতে, এই দু'য়ের অন্তর্বর্তী স্থানে ও ভূ-গর্ভে তা তাঁরই।
- ৭. তুমি উচ্চ কঠে যা-ই বল, তিনি তো যা গুপ্ত ও অতি গোপন সবই জানেন।
- ৮. আল্লাহ, তিনি ছাড়া অন্য কোন (সত্য) মা'বৃদ নেই, উত্তম (হবার) উত্তম নাম তাঁরই।
- ৯. আর মৃসার (ৣৣয়) বৃত্তান্ত তোমার কাছে পৌছেছে কি?

سُبُوْرَةُ طُله مَكِيْتَةً ايَاتُهَاهِ * رُنُوَاتُهَا ^ بِسْجِ اللهِ الرَّحْلِنِ الرَّحِيْمِ

ظه

مَا آئْزَلْنَا عَلَيْكَ الْقُرُانَ لِتَشْقَى ﴿

اِلَاتَنْكِرَةُ لِمَنْ يَخْشَى ﴿

تَنْزِيْلًا مِّمَّنُ خَلَقَ الْأَرْضَ وَالسَّلُوتِ الْعُلْ الله

الرِّحْلَثُ عَلَى الْعَرْشِ اسْتَوْى ©

لَهُ مَا فِي السَّلَوْتِ وَمَا فِي الْأَرْضِ وَمَا بَيْنَهُمَا وَمَا تَحْتَ الثَّرِي ﴿

وَإِنْ تَجْهُرْ بِإِلْقَوْلِ فَإِنَّهُ يَعْلَمُ السِّرَّوَاَخْفْ⊙

اللهُ لا إله إلا هُوط لَهُ الْاسْمَاءُ الْحُسْفَى ۞

وَهَلُ ٱللَّهِ حَدِيثُ مُولِينَ اللهِ

১। আল্লাহ্ তা'আলা আরশের উপর কিভাবে সমুন্নীত তার কোন সীমাক্ষকতা ও ধরণ কর্ণনা করা ছাড়া বিশ্বাস রাখতে হবে। এ সম্পর্কে আমাদের কোন জ্ঞান নেই। অর্থাৎ তাঁর জ্ঞান্য খেতাবে উপযুক্ত সেভাবে সমুন্নীত, তবে তাঁর জ্ঞান সব জায়গায় পরিব্যপ্ত।

১০. তিনি যখন আগুন দেখলেন তখন তাঁর পরিবারবর্গকে বললেনঃ তোমরা এখানে থাকো আমি আগুন দেখেছি; সম্ভবতঃ আমি তোমাদের জন্যে তা হতে কিছু জ্বলম্ভ অঙ্গার আনতে পারবো অথবা ওর নিকট কোন পথ-প্রদর্শক পাবো।

১১. অতঃপর যখন তিনি আগুনের নিকট আসলেন তখন আহ্বান করে বলা হলোঃ হে মূসা (মুক্ত্র্য্যা)!

১২. আমিই তোমার প্রতিপালক, অতএব তোমার জুতা খুলে ফেলো, কারণ তুমি পবিত্র তুওয়া উপত্যকায় রয়েছ।

১৩. এবং আমি তোমাকে মনোনীত করেছি; অতএব যা ওহী প্রেরণ করা হচ্ছে তুমি তা মনোযোগের সাথে শ্রবণ কর।

১৪. আমিই আল্লাহ, আমি ছাড়া সত্য কোন মা'বৃদ নেই; অতএব আমার ইবাদত কর এবং আমার স্মরণার্থে নামায কায়েম কর।

১৫. কিয়ামত অবশ্যম্ভাবী, আমি এটা গোপন রাখতে চাই যাতে প্রত্যেকেই নিজ কর্মানুযায়ী ফল লাভ করতে পারে।

১৬. সুতরাং যে ব্যক্তি কিয়ামতে বিশ্বাস করে না ও নিজ প্রবৃত্তির অনুসরণ করে, সে যেন তোমাকে কিয়ামতে বিশ্বাস স্থাপন হতে বিরত না রাখে, এতে তুমি ধ্বংস হয়ে যাবে।

১৭. (আল্লাহ্ বলেন) হে মৃসা (ব্রুট্রা)! তোমার ডান হাতে ওটা কি?

فَكُتَّا اللها نُوْدِي لِيُولِي اللهُولِي اللهُ

إِنِّىَ آَنَا رَبُّكَ فَاخْلَحْ نَعْلَيْكَ ۚ إِنَّكَ بِالْوَادِ الْمُقَدَّىسِ طُوًى ﴿

وَانَا اخْتُرْتُكَ فَاسْتَمِعْ لِمَا يُوْخَى ا

إِنَّنِيۡ اَنَا اللهُ لاَ إِلٰهَ اِلَّا اَنَا فَاعْبُدُنِىُ ۗ وَاقِوِ الصَّلُوةَ لِذِيكُرِي ۞

اِنَّ السَّاعَةُ اٰرَيَةٌ اَكَادُ اُخْفِيْهَا لِتُجُزَٰى كُلُّ نَفْسٍ بِهَا تَسُعٰى ۞ فَلَا يَصُكَّنَّكَ عَنْهَا مَنْ لَآ يُؤْمِنُ بِهَا وَ اتَّبَعَ هَوْمِهُ فَتَرُدُى ۞

وَمَا تِلُكَ بِيَبِينِكَ لِتُوسى

طله ۲۰

১৮. তিনি বললেনঃ এটা আমার লাঠি: আমি এতে ভর দিই এবং এটা দারা আঘাত করে আমি আমার মেষ পালের জন্যে বৃক্ষ পত্র ফেলে থাকি এবং এটা আমার অন্যান্য কাজেও লাগে।

১৯. (আল্লাহ) বললেনঃ হে মুসা (४५६॥)! তুমি এটা নিক্ষেপ কর।

২০. অতঃপর সে তা নিক্ষেপ করলো. সাথে সাথে তা সাপ হয়ে ছটতে লাগল।

২১. তিনি বললেনঃ তুমি একে ধর্ ভয় করো না, আমি একে এর পূর্ব রূপে ফিরিয়ে দিব।

২২. এবং তুমি তোমার হাত বগলে রাখো, এটা বের হয়ে আসবে উজ্জুল হয়ে কোন দোষ ছাডাই অপর এক নিদর্শন হয়ে।

২৩. এটা আমি এজন্যে যে. তোমাকে দেখাবো আমার মহা নিদর্শনগুলির কিছ।

২৪ ফির'আউনের নিকট যাও, সে সীমালজ্ঞান করেছে।

২৫. (মুসা 💥) বললেনঃ আমার প্রতিপালক! আমার প্রশস্ত করে দিন।

২৬. এবং আমার কর্ম সহজ করে দিন।

২৭. আমার জিহ্বার জড়তা দূর করে দিন।

২৮. যাতে তারা আমার কথা বুঝতে পারে।

قَالَ هِيَ عَصَايَ * أَتُوكُونُا عَلَيْهَا وَأَهُشُّ بِهَا عَلَى غَنَهِي وَلِيَ فِيهُا مَأْدِثُ أُخُدِي ۞

قَالَ ٱلْقِهَا لِلْمُوْسِي اللَّهُ وَاللَّهِ اللَّهُ وَاللَّهِ اللَّهُ وَاللَّهِ اللَّهُ وَاللَّهُ وَاللَّهِ

فَٱلْقُتُهَا فِالْدَاهِي حَيَّةٌ تَسُعٰي ۞

قَالَ خُنُهُا وَلاَ تَخَفْ سَنُعِيدُهُ هَا سِيْرَتُهَا الْأُولِي اللَّهِ اللَّهُ وَلِي اللَّهُ اللَّهُ وَلِي ا

وَاضْمُوْ يَدَاكَ إِلَى جَنَاجِكَ تَخُرُجُ بَيْضَاءً مِنْ غَيْرِ سُوْءِ أَيَةً أُخْرِي ﴿

لِنُرِيكِ مِنُ الْمِتِنَا الْكُبُرِي ﴿

إِذْهَبُ إِلَى فِرْعَوْنَ إِنَّهُ طَغَى ﴿

قَالَ رَبِّ اشْرَحُ لِيْ صَدُدِي ﴿

وَيَسِّرُ لِنَّ أَمُرِيُ ﴿

وَاحُلُلُ عُقْدَةً مِّن لِسَانِي اللهَ

يَفْقَهُوا قَوْلِي ﴿

২১. আমার জন্যে করে দিন একজন সাহায্যকারী, আমার স্বজনবর্গের মধ্য হতে।

৩০. আমার ভাই হারূনকে (﴿﴿ ﴾)।

৩১. তার দ্বারা আমার শক্তি সুদৃঢ় করুন।

৩২. এবং তাকে আমার কর্মে অংশী করুন।

যাতে আমরা আপনার পবিত্রতা
 মহিমা ঘোষণা করতে পারি প্রচর।

৩৪. এবং আপনাকে স্মরণ করতে পারি অধিক।

৩৫. আপনি তো আমাদের সম্যক দ্রষ্টা।

৩৬. তিনি (আল্লাহ্) বললেনঃ হে
মূসা (﴿﴿﴿ اللَّهُ اللَّا اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّاللَّهُ اللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ

৩৭. এবং আমি তো তোমার প্রতি আরো একবার অনুগ্রহ করেছিলাম।

৩৮. যখন আমি তোমার মাতার কাছে ইলহাম (অন্তরে কোন কিছু সৃষ্টি করে দেয়া) করলাম, যা ইলহাম করার ছিল।

৩৯. এই মর্মে যে, তুমি তাকে সিন্ধুকের মধ্যে রাখো, অতঃপর তা দরিয়ায় ভাসিয়ে দাও যাতে দরিয়া ওকে তীরে ঠেলে দেয়, ওকে আমার শক্র ও তার শক্র নিয়ে যাবে; আমি আমার নিকট হতে তোমার উপর ভালবাসা ঢেলে দিয়েছিলাম, যাতে তুমি আমার চোখের সামনে প্রতিপালিত হও।

وَاجْعَلْ لِّي وَزِيرًا مِّن اَهْلِ ﴿

لْمُرُونَ آخِی ۞ الشُکُدُ بِهَ اَذْرِی ۞

وَاشْرِكُهُ فِنْ اَمْرِي ﴿

كَىٰ نُسَبِّحَكَ كَثِيرًا ﴿

وَّنَنُكُرُكَ كَثِيرًا شَ

إِنَّكَ كُنْتَ بِنَا بَصِيُرًا @

قَالَ قَلُ أُوتِينَتَ سُؤُلِكَ لِمُوسى ۞

وَلَقَدُ مَنَنَّا عَلَيْكَ مَرَّةً أُخْزَى ﴿

إِذْ أَوْحَيْنَاً إِلَّى أُمِّكَ مَا يُوْخَى ﴿

اَنِ اقْنِ فِيْهِ فِي التَّابُونِ فَاقْنِ فِيهِ فِي الْيَدِّ فَلْيُلْقِهِ الْيَدُّ بِالسَّاحِلِ يَاْخُنُهُ عَدُوَّ لِيَّ وَعَدُوُّ لَّهُ الْمَدَّ لِالسَّاحِلِ يَاْخُنُهُ عَدُوَّ لِيَّ وَالْقَيْتُ عَلَيْكَ مَحَبَّةً مِّنِيْ ةَ وَلِتُصْنَعَ عَلَى عَلَيْنِي الْمَ 80. যখন তোমার ভগ্নি এসে বললাঃ আমি কি তোমাদেরকে বলব কে এই শিশুর ভার নেবে? তখন আমি তোমাকে তোমার মায়ের নিকট ফিরিয়ে দিলাম যাতে তার চক্ষু জুড়ায় এবং সে চিন্তিত না হয় এবং তুমি এক ব্যক্তিকে হত্যা করেছিলে; অতঃপর আমি তোমাকে মনঃপীড়া হতে মুক্তি দিই, আমি তোমাকে বহু পরীক্ষা করেছি। অতঃপর তুমি কয়েক বছর মাদইয়ানবাসীদের মধ্যে ছিলে, হে মূসা (ক্রিট্রা)! এর পরে তুমি নির্ধারিত সময়ে উপস্থিত হলে।

8১. এবং আমি তোমাকে আমার নিজের (কর্মের) জন্যে প্রস্তুত করে নিয়েছি।

8২. তুমি ও তোমার ভাই আমার নিদর্শনসমূহসহ যাত্রা শুরু কর এবং আমার স্মরণে শৈথিল্য করো না।

৪৩. তোমরা দু'জন ফিরাউনের নিকট যাও, সে তো সীমালজ্ঞান করেছে।

88. তোমরা তার সাথে ন্ম কথা বলবে, হয়তো সে উপদেশ গ্রহণ করবে, অথবা ভয় করবে।

৪৫. তারা বললোঃ হে আমাদের প্রতিপালক! আমরা আশঙ্কা করছি যে, সে আমাদেরকে শান্তি দিবে অথবা সীমালজ্ঞান করবে।

8৬. তিনি বললেনঃ তোমরা ভয় করো না, আমি তো তোমাদের সঙ্গে আছি, আমি শুনি ও আমি দেখি। اِذْ تَمْشِئَ اُخُتُكَ فَتَقُولُ هَلَ اَدُلُكُمْ عَلَى مَنْ يَكُفُلُهُ الْحَرْدُ لَكُمْ عَلَى مَنْ يَكُفُلُهُ ا فَرَجَعُنْكَ اِلْكَ اُمِّكَ كَنْ تَقَرَّ عَيْنُهَا وَلَا تَحْزَنَ لَا وَقَتَلْتَ نَفْسًا فَنَجَّيْنٰكَ مِنَ الْغَرِّ وَفَتَنَّكَ فُتُونًا آهَ فَكِيثُتَ سِنِيْنَ فِنْ اَهْلِ مَدْيَنَ لَا تُحْرَجِعُتَ عَلَى قَدَرٍ لِيُمُوْسَى ۞

وَاصْطَنَعْتُكَ لِنَفْسِي ﴿

إِذْهَبُ أَنْتَ وَأَخُوْكَ بِأَلِيقِ وَلَا تَنِيا فِي ذِكْرِي ﴿

إِذْهَبَآ إِلَىٰ فِرْعَوْنَ إِنَّا اللَّهُ طَعْي رَجَّ

فَقُولَا لَهُ قَوْلًا لَيِّنَا لَكَالَهُ يَتَنَكَّرُ أَوْيَخْشَى ®

قَالَارَتَّبُنَا اِنَّنَا نَخَافُ اَنْ يَّفُرُطُ عَلَيْنَاً اَوْ اَنْ يَطْلَخِي®

قَالَ لَا تَخَافَآ اِنَّنِيْ مَعَكُمُّاۤ اَسْمَعُ وَالرى ®

8৭. সুতরাং তোমরা তার নিকট যাও এবং বলঃ অবশ্যই আমরা তোমার প্রতিপালকের পক্ষ থেকে প্রেরিত রাসূল, সুতরাং আমাদের সাথে বানী ইসরাঈলকে যেতে দাও তাদেরকে কষ্ট দিয়ো না, আমরা তো তোমার নিকট এনেছি প্রতিপালকের নিকট হতে নিদর্শন এবং শান্তি তাদের প্রতি যারা সৎ পথের অনুসরণ করে।

সূরা ত্বা-হা ২০

৪৮. আমাদের প্রতি ওহী প্রেরণ করা হয়েছে যে, শাস্তি তার জন্যে, যে মিথ্যা আরোপ করে ও মুখ ফিরিয়ে নেয়।

৪৯. ফিরআ'উন বললোঃ হে মূসা (﴿﴿﴿﴿)! কে তোমাদের প্রতিপালক?

(Yalkil) মূসা ŒО. বললেনঃ আমাদের প্রতিপালক তিনি যিনি প্রত্যেক বস্তুকে তার যোগ্য আকতি দান করেছেন, অতঃপর পথ নির্দেশ করেছেন।

৫১. ফিরআ'উন বললোঃ তা হলে অতীত যুগের লোকদের অবস্থা কি?

৫২. মুসা (১৬৯৯) বললেনঃ এর জ্ঞান আমার প্রতিপালকের নিকট লিপিবদ্ধ আছে; আমার প্রতিপালক পথ ভ্রষ্ট হন না এবং ভুলেও যান না।

৫৩. যিনি তোমাদের জন্যে পৃথিবীকে করেছেন বিছানা এবং তাতে করে দিয়েছেন তোমাদের চলবার পথ তিনি আকাশ হতে পানি বর্ষণ করেন এবং আমি তা দারা বিভিন্ন প্রকারের উদ্ভিদ উৎপন্ন করি।

فَأْتِيلُهُ فَقُولِآ إِنَّا رَسُولا رَبِّكَ فَأَرْسِلُ مَعَنَا بَنِيَّ إِسْرَاءِيْلَ لَهُ وَلَا تُعَنِّ بِهُمُوا قَدُ جِئُنْكَ بِأَيَةٍ مِّنْ رَّبِّكَ طُوَالسَّلْمُ عَلَىٰ مَنِ النَّبَعَ الْهُلْبِي @

> إِنَّا قُدُ أُوْجِيَ إِلَيْنَأَ آنَّ الْعَذَابَ عَلَى مَنْ گنَّابَ وَتُولِّيْ

> > قَالَ فَكُنْ رَبُّكُمَا لِيُوْسَى®

قَالَ رَبُّنَا الَّذِي آعُطَى كُلَّ شَيْءٍ خَلْقَهُ ثُمَّ هَالِي ﴿

قَالَ فَهَا بَالُ الْقُرُونِ الْأُولِيٰ ۞

قَالَ عِلْمُهَا عِنْدَ رَبِّي فِي كِتْبِ لَا يَضِكُّ رَبِّي **وَلَا يَنْسَى** شَ

الَّذِي يَحَعَلَ لَكُمُ الْأَرْضَ مَهْدًا وَّسَلَكَ لَكُمْ فِيهَا سُبُلًا وَّٱنْزَلَ مِنَ السَّهَاءِ مَأَءً ﴿ فَأَخْرَجُنَا بِهَ أَزُواجًا مِّنُ ثَمَاتِ شَتِّي ﴿

৫৪. তোমরা আহার কর ও তোমাদের গবাদি পশু চরাও; অবশ্যই এতে নিদর্শন আছে বিবেক সম্পন্নদের জন্যে।

৫৫. আমি মৃত্তিকা হতে তোমাদেরকে সৃষ্টি করেছি, তাতেই তোমাদেরকে ফিরিয়ে দিবো এবং তা হতে পুনর্বার বের করবো।

৫৬. আমি তাকে আমার সমস্ত নিদর্শন দেখিয়েছিলাম; কিন্তু সে মিথ্যা আরোপ করেছে ও অমান্য করেছে।

৫৮. আমরাও অবশ্যই তোমার নিকট উপস্থিত করবো এর অনুরূপ যাদু, সুতরাং আমাদের ও তোমার মাঝে নির্ধারণ কর এক নির্দিষ্ট সময় ও এক মধ্যবর্তী স্থান, যার ব্যতিক্রম আমরাও করবো না এবং তুমিও করবে না।

৫৯. মৃসা (ব্রুট্রা) বললেনঃ তোমাদের নির্ধারিত সময় উৎসবের দিন এবং যেই দিন পূর্বাক্তে জনগণকে সমবেত করা হবে।

৬০. অতঃপর ফিরআ'উন উঠে গেল, এবং পরে তার কৌশলসমূহ একত্রিত করলো ও তৎপর আসলো। كُلُواْ وَارْعَوْا اَنْعَامَكُمْ وَانَّ فِى ذَٰلِكَ لَأَيْتٍ لِرُولِي النُّهٰي ﴿

مِنْهَا خَلَقُنْكُمْ وَفِيْهَا نُعِيْكُاكُمْ وَمِنْهَا نُخْرِجُكُمْ تَارَةً اُخْزى ﴿

وَلَقَنُ اَرَيْنِهُ الْيِنَا كُلُّهَا فَكَنَّبَ وَابِيٰ ®

قَالَ اَجِئْتَنَا لِتُخْرِجَنَا مِن اَرْضِنَا بِسِخْرِكَ لَيُولِكَ الْمُولِكَ الْمُولِكَ الْمُولِكَ اللهُ الله

فَكَنَا تِيَنَّكَ بِسِحُرِ مِّثُلِهِ فَاجْعَلْ بَيُنَنَا وَ بَيْنَكَ مَوْعِدًا لاَ نُخْلِفُهُ نَحْنُ وَلاَ آنْتَ مَكَانًا سُوِّى ﴿

قَالَ مَوْعِدُكُمُ يَوْمُ الزِّنْيَكَةِ وَاَنْ يُّحْشَرَ النَّاسُ ضُعَّى @

فَتُوَلِّي فِرْعَوْنُ فَجَكَعَ كَيُدَهُ اللَّهُ اللَّهِ اللَّي الله

594

মূসা (১৬৯৯) ৬১. তাদেরকে বললেনঃ দুর্ভোগ তোমাদের! তোমরা আল্লাহর প্রতি মিথ্যা আরোপ করো না. করলে তিনি তোমাদেরকে শাস্তি দারা সমূলে ধ্বংস করবেন; যে মিথ্যা প্রতিপন্ন করেছে সেই ব্যর্থ হয়েছে।

৬২, তারা নিজেদের মধ্যে নিজেদের কর্ম সমন্ধে বিতর্ক করলো এবং তারা গোপনে প্রামর্শ করলো।

৬৩. তারা বললোঃ এই দু'জন অবশ্যই যাদুকর, তারা চায় তাদের যাদু দ্বারা তোমাদেরকে তোমাদের দেশ হতে বহিষ্কৃত করতে এবং তোমাদের উৎকৃষ্ট পদ্ধতির অস্তিত্ব নষ্ট করতে।

৬৪. অতএব, তোমরা তোমাদের যাদ ক্রিয়া সংহত কর অতপর সারিবদ্ধ হয়ে উপস্থিত হও এবং যে আজ জয়ী হবে সেই সফল।

৬৫. তারা বললোঃ হে মুসা (খুট্রা) হয় তুমি নিক্ষেপ কর অথবা প্রথমে আমরাই নিক্ষেপ করি।

৬৬. মৃসা (১৯৯৯) বললেনঃ বরং তোমরাই নিক্ষেপ কর; তাদের যাদুর প্রভাবে অকমাৎ মুসার (১৩০৯) মনে হলো যে, তাদের দড়ি ও লাঠিগুলি ছুটাছুটি করছে।

৬৭. মূসার (﴿﴿﴿﴿) অন্তরে কিছুটা ভীতি অনুভূত হল।

৬৮. আমি বললামঃ ভয় করো না, তুমিই বিজয়ী।

قَالَ لَهُمْ مُّوسَى وَيْلَكُمْ لَا تَفْتُرُوا عَلَى اللَّهِ كَنِبًا فَيُسْحِتَّكُمْ بِعَنَابِ وَقَلْ خَابَ مَنِ افْتَرْي ٠

فَتَنَازَعُوْاَ امْرَهُمْ بَيْنَهُمْ وَ اَسَرُّواالنَّجُوى ﴿

قَالُوۡٓآ اِنۡ هٰذُىنِ لَسْحِرْنِ يُرِيۡدِنِ اَنۡ يُّخۡرِجُكُمُ مِّنْ أَرْضِكُمْ بِسِحْرِهِمَا وَيَنْهَبَا بِطَرِيْقَتِكُمُ الْمُثُلِّ 🐨

فَأَجْمِعُوا كَيُنَاكُمُ ثُمَّ اثْتُوا صَفًّا ۚ وَقَدُ ٱفْلَحُ الْدُوْمَ مَن اسْتَعْلَى ﴿

قَالُوا يَلُمُوْسَى إِمَّا آنُ تُلْقِيَ وَإِمَّا آنُ نَكُوْنَ أَوَّلَ مَنْ ٱلْقِي 🐵

قَالَ بَلْ ٱلْقُواء فِاذَا حِبَالُهُمْ وَعِصِيُّهُمُ يُخَيِّلُ إِلَيْهِ مِنْ سِخْرِهِمْ أَنَّهَا تَسُعَى اللَّهِ

فَأُوْجَسَ فِي نَفْسِهِ خِنْفَةً مُّوْسِي ﴿

قُلْنَا لَا تَخَفُ إِنَّكَ أَنْتَ الْأَعْلَ 🟵

পারা ১৬

৬৯. তোমার ডান হাতে যা আছে তা নিক্ষেপ করো, এটা তারা যা করেছে তা গ্রাস করে ফেলবে, তারা যা করেছে তা তো ওধু যাদুকরের কৌশল; যাদুকর যেখানেই আসুক সফল হবে না।

৭০. অতঃপর যাদুকররা সিজদাবনত হলো ও বললোঃ আমরা হারুন (الطيلة) মূসার (الْطِيْقِينَا) હ প্রতিপালকের প্রতি ঈমান আনলাম। ৭১ ফিরআ'উন বললোঃ কী, আমি তোমাদের অনুমতি দেয়ার পূর্বেই তোমরা মুসাতে (শুঞ্জা) বিশ্বাস স্থাপন করলে! দেখছি সে তো তোমাদের প্রধান, তিনি তোমাদেরকে যাদু শিক্ষা দিয়েছেন; সুতরাং আমি তো তোমাদের হাত-পা বিপরীত দিক হতে কর্তন করবোই এবং আমি তোমাদেরকে খেজুর বক্ষের কান্ডে শুলবিদ্ধ করবোই, আর তোমরা অবশ্যই জানতে পারবে আমাদের মধ্যে কার শাস্তি কঠোরতর ও অধিক স্থায়ী।

৭২. তারা বললোঃ আমাদের নিকট যে স্পষ্ট নিদর্শন এসেছে তার উপর এবং যিনি আমাদেরকে সৃষ্টি করেছেন তাঁর উপর তোমাকে কিছুতেই আমরা প্রাধান্য দিবো না, সুতরাং যা তুমি করতে চাও কর, তুমি তো শুধু এই পার্থিব জীবনের উপর কর্তৃত্ব করতে পার ।

৭৩. আমরা আমাদের প্রতিপালকের প্রতি ঈমান এনেছি যাতে তিনি ক্ষমা

وَٱلْقِ مَا فِيْ يَمِيْنِكَ تَلْقَفُ مَاصَنَعُوا لا إِنَّهَا صَنَعُوا كَيْنُ سُحِيرٍ وَلا يُفْلِحُ السَّاحِرُ حَيْثُ أَثَّى ﴿

قأل الماا

فَأُلْقِيَ السَّحَرَةُ سُجَّدًا قَالُوْآ أُمَنَّا بِرَبِّ هُرُونَ وَمُولِئِي ۞

قَالَ امَنْتُمْ لَهُ قَبْلَ اَنْ اذَنَ لَكُمْ اللَّهِ لَكُمِيْرُكُمُ اتَّنِيۡ عَلَّٰمَكُمُ السِّحُرَّ فَكَا قَطِّعَنَّ اَيۡںِ يَكُمُواَ رَجُلَكُمُ ِ مِّنْ خِلَافٍ وَّلَأُوصَلِّبَتَكُمُ فِي جُذُوفِ التَّخْلِ ﴿ وَلَتَعْلَمُنَّ الَّيُّنَا آشَكُ عَنَابًا وَّا أَبْقَى @

قَالُوْا لَنُ نُّؤْثِرُكَ عَلَىٰ مَا جَاءَنَا مِنَ الْبَيّنَةِ وَالَّذِي فَطَرَنَا فَاقْضِ مَا آنْتَ قَاضٍ ط إِنَّ } تَقْضِي هٰذِهِ الْحَيْوةَ اللَّانَيَا أَهُ

إِنَّا أَمَنَّا بِرَبِّنَا لِيَغْفِرَلَنَا خَطْيِنَا وَمَاۤ ٱكْرَهْتَنَا

করেন আমাদের অপরাধসমূহ এবং তুমি আমাদেরকে যে যাদু করতে বাধ্য করেছো তা; আর আল্লাহ শ্রেষ্ঠ ও স্থায়ী।

98. যে তার প্রতিপালকের নিকট অপরাধী হয়ে উপস্থিত হবে তার জন্যে তো আছে জাহানাম, সেথায় সে মরবেও না, বাঁচবেও না।

৭৫. আর যারা তাঁর নিকট উপস্থিত হবে মু'মিন অবস্থায় সংকর্ম করে, তাদের জন্যে আছে উচ্চ মর্যাদা।

৭৬. স্থায়ী জান্নাত যার পাদদেশে নদীসমূহ প্রবাহিত, সেখানে তারা স্থায়ী হবে এবং এই পুরস্কার তাদেরই যারা পবিত্রতা অর্জন করেছে।

99. আমি অবশ্যই মৃসার (সার্ম্মা)
প্রতি প্রত্যাদেশ করেছিলাম এ মর্মে
যে, আমার বান্দাদেরকে নিয়ে
রজনীতে বাহির হও এবং তাদের
জন্যে সমুদ্রের মধ্য দিয়ে এক শুষ্ক
পথ নির্মাণ কর; পশ্চাৎ হতে এসে
তোমাকে ধরে ফেলা হবে এই
আশক্ষা করো না এবং ভয়ও করো
না।

৭৮. অতঃপর ফিরআ'উন সৈন্য বাহিনীসহ তাদের পশ্চাদ্ধাবন করলো, অতঃপর সমুদ্র তাদেরকে সম্পর্ণরূপে নিমজ্জিত করলো।

৭৯. আর ফিরাউন তার সম্প্রদায়কে পথভ্রষ্ট করেছিল এবং সৎ পথ দেখায় নাই। عَلَيْهِ مِنَ السِّحْرِطُ وَاللَّهُ خَيْرٌ وَّ ٱبْقَى ﴿

اِنَّهُ مَنْ يَّأْتِ رَبَّهُ مُجُرِمًا فَإِنَّ لَهُ جَهَنَّمُ اللهُ عَهُنَّمُ اللهُ عَهُنَّمُ اللهُ لَا يَمُوْتُ فِيهُا وَلَا يَحْيِل @

وَ مَنْ يَاْتِهِ مُؤْمِنًا قَلْ عَبِلَ الصَّلِطْتِ فَاُولَلِكَ لَهُمُ الدَّرَجْتُ الْعُلْ

جَنْتُ عَدُنِ تَجُرِي مِنْ تَخْتِهَا الْأَنْهُرُ خُلِدِيْنَ فِيْهَا ﴿ وَذٰلِكَ جَزْؤُا مَنْ تَزَكُنَّ ۞

وَلَقَلُ اَوْحَيْنَا ۚ إِلَى مُوْلَى ۚ لَهُ اَنَ اَسْرِ بِعِبَادِیُ فَاضَارِ بَعِبَادِیُ فَاضُرِبُ لَهُمُ طَرِیْقًا فِی الْبَحْرِ یَبَسًا ﴿ لَا تَخْفُ دَرَگًا وَ لَا تَخْشَی ۞

> فَٱتْبَعَهُمْ فِرْعَوْنُ بِجُنُودِم فَغَشِيَهُمْ مِّنَ الْيَرِّمَا غَشِيَهُمْ ۞

وَاضَلَّ فِرْعُونُ قَوْمَهُ وَمَا هَلَى @

قأل المرأأ

597

৮০. হে বনী ইসরাঈল! আমি তো
তোমাদেরকে তোমাদের শক্র হতে
উদ্ধার করেছিলাম, আমি
তোমাদেরকে প্রতিশ্রুতি দিয়েছিলাম
তূর পর্বতের ডান পার্শ্বে এবং
তোমাদের নিকট মানা ও সালাওয়া
প্রেরণ করেছিলাম।

সূরা ত্বা-হা ২০

৮১. তোমাদেরকে আমি যা দান করেছি তা হতে ভাল ভাল বস্তু আহার কর এবং এই বিষয়ে সীমা-লঙ্ঘন করো না, করলে তোমাদের উপর আমার ক্রোধ অবধারিত এবং যার উপর আমার ক্রোধ অবধারিত সে তো ধ্বংস হয়ে যায়।

৮২. এবং আমি অবশ্যই ক্ষমাশীল তার প্রতি, যে তাওবা করে, ঈমান আনে, সৎকর্ম করে ও সৎপথে অবিচল থাকে।

৮৩. হে মৃসা (ৠৠ)! তোমার সম্প্রদায়কে পশ্চাতে ফেলে তোমাকে তাড়াতাড়ি করতে বাধ্য করলো কিসে?

৮৪. তিনি বললেনঃ এই তো তারা আমার পশ্চাতে এবং হে আমার প্রতিপালক! আমি তাড়াতাড়ি আপনার নিকট আসলাম, যাতে আপনি সম্ভষ্ট হন।

৮৫. তিনি বললেনঃ আমি তোমার সম্প্রদায়কে পরীক্ষায় ফেলেছি তোমার চলে আসার পর এবং সামেরী তাদেরকে পথভ্রম্ভ করেছে। یٰبَنِیۡ اِسُرَآءِیُلَ قَدُ اَنْجَیْنَکُمُدُ مِّنَ عَدُوِّکُمُ وَوْعَلُ نٰکُمُ جَانِبَ الطُّوْرِ الْاَیْمَنَ وَنَزَّلْنَا عَکَیْکُمُ الْمَنَّ وَالسَّلُوٰی ⊕

كُلُوُا مِنْ طَيِّبَاتِ مَا رَزَقُنْكُمُ وَ لَا تَطْغَوْا فِيْهِ فَيَحِلَّ عَلَيْكُمُ غَضَبِىٰ ۚ وَمَنْ يَّحْلِلُ عَلَيْهِ غَضَبِىٰ فَقَدُ هَوٰى ۞

وَ إِنِّىٰ لَغَفَّارُ لِّمَنْ تَابَ وَامَنَ وَعَمِلَ صَالِحًا ثُمَّ اهْتَلَى ﴿ صَالِحًا ثُمَّ اهْتَلَى ﴿

وَمَا آعُجَلَكَ عَنْ قَوْمِكَ لِمُوسَى اللهُوسَى

قَالَ هُمُهُ اُولاَ ﴿ عَلَى اَثَرِي وَعَجِلْتُ اِلَيْكَ رَبِّ لِتَرْضَى ۞

قَالَ فَإِنَّا قَلُ فَتَنَّا قَوْمَكَ مِنْ بَعْدِكَ وَأَضَلَّهُمُ السَّامِرِيُّ ৮৬. অতঃপর মৃসা (প্রাঞ্জা) তাঁর সম্প্রদায়ের নিকট ফিরে গেল ক্ষুদ্ধ অনুতপ্ত হয়ে; তিনি বললেনঃ হে আমার সম্প্রদায়! তোমাদের প্রতিপালক কি তোমাদেরকে এক উত্তম প্রতিশ্রুতি দেন নাই? তবে কি প্রতিশ্রুতি কাল তোমাদের নিকট সুদীর্ঘ হয়েছে, না তোমরা চেয়েছো তোমাদের প্রতি আপতিত হোক তোমাদের প্রতিপালকের ক্রোধ, যে কারণে তোমরা আমার প্রতি প্রদন্ত অঙ্গীকার ভঙ্গ করলে?

৮৭. তারা বললোঃ আমরা তোমার প্রতি প্রদত্ত অঙ্গীকার স্বেচ্ছায় ভঙ্গ করি নাই; তবে আমাদের উপর চাপিয়ে দেয়া হয়েছিল লোকের অলংকারের বোঝা এবং আমরা তা (অগ্নি কুণ্ডে) নিক্ষেপ করি, অনুরূপভাবে সামেরীও নিক্ষেপ করে।

৮৮. অতঃপর সে তাদের জন্যে গড়লো এক গো-বংস দেহ, যা গরুর মত হামা শব্দ করতো; তারা বললোঃ এটা তোমাদের মা'বৃদ এবং মৃসার (প্রাঞ্জ্রী) মা'বৃদ; কিন্তু মৃসা (প্রাঞ্জ্রী) ভুলে গেছেন।

৮৯. তবে কি তারা ভেবে দেখে না যে, ওটা তাদের কথায় সাড়া দেয় না এবং তাদের কোন ক্ষতি অথবা উপকার করবার ক্ষমতাও রাখে না?

৯০. হারূন (ব্র্ক্ট্রা) তাদেরকে পূর্বে বলেছিলেনঃ হে আমার সম্প্রদায়! এটা দ্বারা তো শুধু তোমাদেরকে فَرَجَعَ مُوْلَى إِلَى قَوْمِهِ غَضْبَانَ اَسِفًا ةَ قَالَ لِقَوْمِ اَلَمْ يَعِلُكُمْ رَبُّكُمْ وَعُلَّا حَسَنًا لَهُ اَفَطَالَ عَلَيْكُمُ الْعَهْلُ اَمْ اَدُدْتُنُمْ اَنْ يَحِلَّ عَلَيْكُمْ غَضَبٌ مِّنْ تَتِكُمْ فَاخْلَفْتُمْ مَّوْعِدِى شَ

قَالُوْا مَا آخُلَفْنَا مَوْعِدَكَ بِمَلْكِنَا وَلَكِنَّا حُتِلْنَا آوُزَارًا مِّنُ زِيْنَةِ الْقَوْمِ فَقَنَفُنْهَا فَكُنْ لِكَ ٱلْقَى السَّامِرِيُّ ﴿

فَاخْرَجَ لَهُمْ عِجْلاَجَسَدًا لَهُ خُوَارٌ فَقَالُوا هٰنَآ اِلهُكُمْ وَ إِلهُ مُوْسَى ﴿ فَنَسِى ﴿

ٱفَلَا يَرَوْنَ ٱلَّا يَرُجِعُ اِلَيْهِمْ قَوْلًا لَهْ وَّلَا يَمُلِكُ لَهُمْ ضَرًّا وَلَا نَفْعًا ﴿

وَلَقَنُ قَالَ لَهُمُ هُرُونُ مِنْ قَبْلُ لِقَوْمِ اِنَّهَا فْتِنْتُمُ بِهِ ۚ وَإِنَّ رَبَّكُمُ الرِّحْلُنُ فَاتَّبِعُونِيْ পরীক্ষায় ফেলা হয়েছে; তোমাদের প্রতিপালক দয়াময়, সুতরাং তোমরা আমার অনুসরণ কর এবং আমার আদেশ মেনে চল।

৯১. তারা বলেছিলঃ আমাদের নিকট
মৃসা (প্রাঞ্জ্রা) ফিরে না আসা পর্যন্ত
আমরা এর পূজা হতে কিছুতেই
বিরত হবো না।

৯২. (মূসা প্রাম্রা) বললেনঃ হে হারূন (প্রাম্রা)! তুমি যখন দেখলে যে, তারা পথভ্রম্ভ হয়েছে তখন কিসে তোমাকে নিবৃত্ত করলো।

৯৩. আমার অনুসরণ হতে? তবে কি তুমি আমার আদেশ অমান্য করলে?

৯৪. (হারূন বিশ্রুমা) বললেনঃ হে আমার সহোদর! আমার দাড়ি ও কেশ ধর না; আমি আশস্কা করেছিলাম যে, আপনি বলবেনঃ তুমি বনী ইসরাঈলের মধ্যে বিভেদ সৃষ্টি করেছ ও আমার বাক্য পালনে যত্নবান হও নি।

৯৫. (মূসা বিশ্লী) বললেনঃ হে সামেরী! তোমার ব্যাপার কি?

৯৬. সে বললোঃ আমি দেখেছিলাম যা তারা দেখে নি; অতঃপর আমি সেই দৃতের (জিবরাঈলের) পদচিহ্ন হতে একমুষ্টি (ধূলা) নিয়েছিলাম এবং আমি তা নিক্ষেপ করেছিলাম, আর আমার মন আমার জন্যে শোভন করেছিল এইরূপ করা।

৯৭. (মৃসাপ্রাম্র্র্র্যা) বললেনঃ দূর হও, তোমার জীবদ্দশায় তোমার জন্যে وَاطِيْعُوْآ اَمْرِيُ®

قَالُواْ لَنُ نَّبُرَحُ عَلَيْهِ عٰكِفِيْنَ حَتَّى يَرْجِعُ اِلَيْنَا مُوْسى ®

قَالَ لِهُرُونُ مَا مَنْعَكَ إِذْ رَأَيْتُهُمْ ضَلُّوٓ آ ﴿

ٱلاَّ تَلَيِّعَنِ الْفَصَيْتَ ٱمْرِي ٠

قَالَ يَبْنَؤُمَّرَ لَا تَأْخُنُ بِلِخِيَتِى وَلا بِرَأْسِئُ إِنِّ خَشِيْتُ أَنْ تَقُوُلَ فَرَّقْتَ بَيْنَ بَنِيَ إِسُرَآءِيْلَ وَلَمْ تَرْقُبُ قَوْلِي ﴿

قَالَ فَمَا خَطْبُكَ لِسَامِرِيُّ ۞

قَالَ بَصُّرُتُ بِمَا لَمْ يَبْصُرُوا بِهِ فَقَبَضُتُ قَبْضَةً مِّنْ اَثَرِ الرَّسُولِ فَنَبَنُ تُهَا وَكَنْ لِكَ سَوَّلَتُ لِيُ نَفْسِيُ ۞

قَالَ فَاذُهُبُ فَإِنَّ لَكَ فِي الْحَيْوةِ آنُ تَقُولَ

600

এটাই রইলো যে, তুমি বলবেঃ আমাকে স্পর্শ করবে না এবং তোমার জন্যে রাইলো এক নির্দিষ্ট কাল, তোমার বেলায় যার ব্যতিক্রম হবে না এবং তুমি তোমার সেই মা'বৃদের প্রতি লক্ষ্য কর যার পূজায় তুমি রত ছিলে; আমরা ওকে জ্বালিয়ে দিবই, অতঃপর ওকে বিক্ষিপ্ত করে সাগরে নিক্ষেপ করবই।

সূরা ত্মা-হা ২০

৯৮. আমাদের মা'বৃদ তো ওধুমাত্র আল্লাহই যিনি ছাড়া অন্য (সত্য) মা'বৃদ নেই, তাঁর জ্ঞান সর্ববিষয়ে ব্যাপ্ত ।

৯৯. পূর্বে যা ঘটেছে তার সংবাদ আমি এভাবে তোমার নিকট বিবৃত করি এবং আমি আমার নিকট হতে তোমাকে দান করেছি উপদেশ।

১০০. এটা হতে যে বিমুখ হবে সে কিয়ামতের দিনে মহা ভার বহন করবে।

১০১. তাতে তারা স্থায়ী হবে এবং কিয়ামতের দিন এই বোঝা তাদের জনো কত মন্দ!

১০২. যে দিন শিংগায় ফুৎকার দেয়া হবে সেই দিন আমি অপরাধীদেরকে নীল চক্ষু (দৃষ্টিহীন) অবস্থায় সমবেত করবো।

১০৩. তারা নিজেদের মধ্যে চুপি চুপি বলাবলি করবেঃ তোমরা মাত্র দশ দিন (পৃথিবীতে) অবস্থান করেছিলে।

১০৪. তারা কি বলবে তা আমি ভাল করে জানি তাদের মধ্যে

لا مِساسَ و إِنَّ لَكَ مَوْعِدًا لَّنْ تُخْلَفَهُ ع وَانْظُرُ إِلَّى اللَّهِكَ الَّذِي ظُلْتَ عَلَيْهِ عَاكِفًا ۗ لَنُحَرِّقَنَّهُ ثُمَّ لَنَنْسِفَتَّهُ فِي الْيَمِّرِ نَسُفًا ۞

إِنَّهَآ اللَّهُ اللَّهُ الَّذِي لَاۤ اِللَّهُ اللَّهُ الَّذِي لَاۤ اِللَّهُ هُوَ لَا وَسِعَ كُلَّ شَيْءٍ عِلْيًّا ۞

كَنْ لِكَ نَقُصُ عَلَيْكَ مِنْ أَثْنَا ۚ مَا قَدْ سَبَقَ عَ وَقَدُ اتَيُنكَ مِنْ لَكُنَّا ذِكْرًا ﴿

مَنُ آغُرُضَ عَنْهُ فَانَّهُ يَحْبِلُ يَوْمَ الْقِيلَةِ وِذُرًّا أَنَّ

خْلِدِيْنَ فِيْهِ ﴿ وَسَاء لَهُمْ يَوْمَ الْقِيلَةِ حِمْلًا ۞

يُّوْمُ يُنْفَحُ فِي الصُّورِ وَ نَحْشُرُ الْمُجْرِمِيْنَ يَوْمَ ؙڒڐ**ؙ**

يَّتَخَافَتُونَ بَيْنَهُمُ إِنْ لَّبِثَنَّهُمْ إِلَّا عَشْرًا ﴿

نَحُنُ أَعْلَمُ بِمَا يَقُوْلُونَ إِذْ يَقُوْلُ آمُثَلُهُمُ طَرِيْقَةً

অপেক্ষাকৃত সংপথে ছিল, সে বলবেঃ তোমরা মাত্র একদিন অবস্থান করেছিলে।

১০৫. তারা তোমাকে পর্বতসমূহ সম্পর্কে জিজ্ঞেস করে, তুমি বলঃ আমার প্রতিপালক ওগুলিকে সমূলে উৎপাটন করে বিক্ষিপ্ত করে দিবেন। ১০৬. অতঃপর তিনি ওকে (ভূমিকে) পরিণত করবেন মসৃণ সমতল ময়দানে।

১০৭. যাতে তুমি বক্রতা ও উচ্চতা দেখবে না।

১০৮. সেই দিন তারা আহ্বানকারীর অনুসরণ করবে, এই ব্যাপারে এদিক -ওদিক করতে পারবে না; দয়াময়ের সামনে সব শব্দ স্তদ্ধ হয়ে যাবে; সুতরাং মৃদু পদধ্বনি ছাড়া তুমি কিছুই শুনবে না।

১০৯. দয়াময় যাকে অনুমতি দিবেন ও যার কথা তিনি পছন্দ করবেন সে ব্যতীত কারো সুপারিশ সেই দিন কোন কাজে আসবে না।

১১০. তাদের সম্মুখে ও পশ্চাতে যা কিছু আছে তা তিনি অবগত; কিন্তু তারা জ্ঞান দ্বারা তাঁকে আয়ন্ত করতে পারে না।

১১১. চিরঞ্জীব, চির প্রতিষ্ঠিত আল্লাহর সামনে সকলেই হবে নতমুখ এবং সে-ই ব্যর্থ হবে যে যুলুমের ভার বহন করবে।

১১২. এবং যে সৎকর্ম করে মু'মিন হয়ে তার আশঙ্কা নেই অবিচারের এবং ক্ষতিরও। إِنْ لَيِثْتُمُ إِلَّا يَوْمًا ﴿

وَيَسْعَلُونَكَ عَنِ الْجِبَالِ فَقُلْ يَنْسِفُهَا رَبِّنَ نَسْفًا اللهِ

فَيَذَارُهَا قَاعًا صَفْصَفًا الله

لاَ تَرْى فِيْهَا عِوجًا وَّلاَ ٱمْتًا هُ

يَوُمَ إِنِ يَنَتَبِعُونَ الدَّاعِيَ لَاعِقَ َ لَهُ عَوَخَشَعَتِ الْاَصُواتُ لِلرَّحُلِنِ فَلَا تُسْمَعُ إِلاَّ هَبْسًا

يُوْمَهِنِ لَا تَنْفَعُ الشَّفَاعَةُ إلَّا مَن اَذِنَ لَهُ الشَّفَاعَةُ إلَّا مَن اَذِنَ لَهُ الرَّخْلُ وَرَضِي لَهُ قَوْلًا ال

يَعْلَمُ مَا بَيْنَ آيُدِينِهِمْ وَمَا خَلْفَهُمْ وَلَا يُحِيْطُونَ بِهِ عِلْمًا ®

وَعَنَتِ الْوُجُوْهُ لِلْحَقِّ الْقَيَّوُمِ ۗ وَقَلُ خَابَ مَنْ حَمَلَ ظُلْمًا ﴿

وَمَنْ يَعْمَلُ مِنَ الصَّلِطِةِ وَهُوَ مُؤْمِنٌ فَلَا يَخْفُ ظُلْمًا وَلا هَضْمًا ® ১১৩. এরপেই আমি কুরআনকে অবতীর্ণ করেছি আরবী ভাষায় এবং তাতে বিশদভাবে বিবৃত করেছি সতর্কবাণী, যাতে তারা ভয় করে অথবা এটা হয় তাদের জন্যে উপদেশ।

১১৪. আল্লাহ অতি মহান, প্রকৃত অধিপতি; তোমার প্রতি আল্লাহর অহী সম্পূর্ণ হবার পূর্বে তুমি তাড়াতাড়ি করো না এবং বলঃ হে আমার প্রতিপালক! আমার জ্ঞান বৃদ্ধি করুন!

১১৫. আমি তো ইতিপূর্বে আদমের (প্রাঞ্জা) নিকট হতে অঙ্গীকার নিয়েছিলাম; কিন্তু সে ভুলে গিয়েছিল আমি তাঁকে সংকল্পে দৃঢ় পাইনি।

১১৬. স্মরণ কর, যখন আমি ফেরেশতাদেরকে বললামঃ আদমের (প্র্ট্রা) প্রতি সিজদা কর, তখন ইবলীস ছাড়া সবাই সিজদা করলো; সে অমান্য করলো।

১১৭. অতঃপর আমি বললামঃ হে আদম (প্রুট্রা)! এ অবশ্যই তোমার ও তোমার স্ত্রীর শক্রঃ সুতরাং সে যেন কিছুতেই তোমাদেরকে জান্নাত হতে বের করে না দেয়, যার ফলে তুমি বিপদে পতিত হবে।

১১৮. তোমার জন্যে এটাই রইলো যে, তুমি জান্লাতে ক্ষুধার্ত হবে না ও নগ্নও হবে না।

১১৯. এবং তুমি সেথায় পিপাসার্ত হবে না এবং রৌদ্র ক্লিষ্টও হবে না। وَكُذٰلِكَ اَنْزَلْنَهُ قُرُانًا عَرَبِيًّا وَّصَرَّفْنَا فِيْهِ مِنَ الْوَعِيْدِ لَعَلَّهُمْ يَتَّقُوْنَ اَوْيُحُدِثُ لَهُمْ ذِكْرًا ﴿

فَتَعْلَى اللهُ الْمَلِكُ الْحَقُّ وَلَا تَعْجَلْ بِالْقُوْانِ
مِنْ قَبْلِ آنُ يُقْطَى اللهُك وَحُيُهُ وَوَقُلُ رَّبِ
زِدُنِي عِلْمًا اللهِ

وَلَقُلُ عَهِلُ نَآ إِلَىٰ أَدَمَ مِنْ قَبُلُ فَنَسِىَ وَلَمُ نَجِلُ لَهُ عَزْمًا أَهُ

وَ إِذْ قُلْنَا لِلْمَلَيْكَةِ اسُجُّكُ وَا لِإِٰدَهَ فَسَجَكُوَا الْأَدَهَ فَسَجَكُوَا اللَّهِ اللَّهِ اللَّهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ ا

فَقُلْنَا يَاٰدَمُ إِنَّ هٰنَ اعَدُوُّ لَّكَ وَلِزَوْجِكَ فَلَا يَاٰدَمُ إِنَّ هٰنَ الْجَنَّةِ فَتَشْقَى ﴿

إِنَّ لَكَ اللَّا تَجُوعَ فِيْهَا وَلَا تَعُرٰى ﴿

وَ أَنَّكَ لَا تُظْمَوُّا فِيْهَا وَلَا تَضْعَى ١٠

পারা ১৬

603

১২০. অতঃপর শয়তান তাকে কুমন্ত্রণা দিলো; সে বললাঃ হে আদম (ব্র্যাল্লা)! আমি কি তোমাকে বলে দিবো অনন্ত জীবনপ্রদ বৃক্ষের কথা ও অক্ষয় রাজ্যের কথা?

১২১. অতঃপর তারা তা হতে ভক্ষণ করে ফেলল; তখন তাদের লজ্জাস্থান তাদের নিকট প্রকাশ হয়ে পড়লো এবং তাঁরা জান্নাতের বৃক্ষপত্র দারা নিজেদেরকে আবৃত্ত করতে লাগল, আদম (ৠৄয়া) তাঁর প্রতিপালকের হুকুম অমান্য করল, ফলে সে ভ্রমে পতিত হল।

১২২. এরপর তাঁর প্রতিপালক তাঁকে মনোনীত করলেন তাঁর ক্ষমাপরায়ণ হলেন এবং তাঁকে পথ প্রদর্শন করলেন।

১২৩. তিনি বললেন তোমরা উভয়ে একই সঙ্গে জান্নাত হতে নেমে যাও: তোমরা পরস্পর পরস্পরের শক্র: পরে আমার পক্ষ হতে তোমাদের নিকট সৎপথের নির্দেশ আসলে যে আমার পথ অনুসরণ করবে সে বিপথগামী হবে না ও দুঃখ কষ্ট পাবে না।

১২৪. যে আমার স্মরণে বিমুখ তার জীবন-যাপন হবে সংকুচিত এবং আমি তাকে কিয়ামতের দিন উত্থিত করবো অন্ধ অবস্থায়।

১২৫. সে বলবেঃ হে আমার প্রতিপালক! কেন আমাকে অবস্থায় উত্থিত করলেন? আমি তো ছিলাম চক্ষুত্মান!

فَرُسُوسَ إِلَيْهِ الشَّيْطُنُ قَالَ يَأْدُمُ هَلُ اَدُلُكَ عَلَى شَجَرَةِ الْخُلْبِ وَمُلْكِ لاَ يَبْلِ ®

فَأَكُلًا مِنْهَا فَبَكَتْ لَهُمَا سَوْاتُهُمَا وَطَفِقًا يَخْصِفْنِ عَلَيْهِمَا مِنْ وَرَقِ الْجَنَّةِ رَوْعَطَى ادمُ رَبُّهُ فَعُواي ﴿

ثُمَّ اجْتَلْمُهُ رَبُّهُ فَتَأَبَ عَلَيْهِ وَهَلَى اللَّهِ الْحَلَّمِ وَهَلَى

قَالَ اهْبِطَا مِنْهَا جَيْبِيًّا بَغْضُكُمْ لِبَغْضِ عَدُوًّ عَ فَإَمَّا يَأْتِيَنَّكُمْ مِّنِّي هُدَّى لا فَكَنِ اتَّبَعَ هُكَايَ فَلَا يَضِلُّ وَلَا يَشْقَى ﴿

وَمَنْ آغُرُضَ عَنْ ذِكْرِي فَاتَّ لَـٰ لَا مَعِيْشَةً ضَنْكًا وَ نَحْشُرُهُ يَوْمَ الْقَلْمَةِ أَعْلَى ١

وَالَ رَبِّ لِمَ حَشَرْتَنِينَ أَعْلَى وَقَلُ كُنْتُ بَصِيْرًا 🔞

১২৬. তিনি বলবেনঃ এই রূপই আমার নিদর্শনাবলী তোমার নিকট এসেছিল; কিন্তু তুমি তা ভুলে গিয়েছিলে এবং সেভাবে আজ তুমিও বিস্মৃত হলে।

১২৭. এবং এভাবেই আমি প্রতিফল দেই তাকে যে বাড়াবাড়ি করে ও তার প্রতিপালকের আয়াতসমূহের উপর বিশ্বাস স্থাপন করে না; পরকালের শাস্তি তো অবশ্যই কঠিনতর ও অধিক স্থায়ী।

১২৮. এটাও কি তাদেরকে সংপথ দেখালো না যে, আমি তাদের পূর্বে ধ্বংস করেছি কত মানবগোষ্ঠী যাদের বাসভূমিতে তারা বিচরণ করে থাকে? অবশ্যই এতে বিবেক সম্পন্নদের জন্যে আছে নিদর্শন।

১২৯. তোমার প্রতিপালকের পূর্ব সিদ্ধান্ত ও একটা নির্ধারিত সময় না থাকলে এদের উপর শাস্তি অবশ্যম্ভাবী হয়ে পড়তো।

১৩০. সুতরাং তারা যা বলে সে বিষয়ে তুমি ধৈর্যধারণ কর এবং সূর্যোদয় পূর্বে এবং সূর্যান্তের পূর্বে তোমার প্রতিপালকের প্রশংসা পবিত্রতা ও মহিমা ঘোষণা কর এবং রাত্রিকালে পবিত্রতা ও মহিমা ঘোষণা কর, আর দিবসের প্রান্তসমূহেও যাতে তুমি সম্ভুষ্ট হতে পার।

১৩১. তুমি তোমার চক্ষুদ্বয় কখনো প্রসারিত করো না ওর প্রতি, যা আমি তাদের বিভিন্ন শ্রেণীকে পার্থিব জীবনের সৌন্দর্য স্বরূপ উপভোগের قَالَ كَذَٰ لِكَ اَتَتُكَ النَّتُنَا فَنَسِيْتَهَا ۗ وَكَذَٰ لِكَ الْيَوْمَ ثُنُلْسِ ۞

وَكَنْ لِكَ نَجْزِىٰ مَنْ اَسْرَفَ وَلَمْ يُؤْمِنُ بِأَيْتِ رَبِّهِ ﴿ وَلَعَذَابُ الْأِخِرَةِ اَشَنَّ وَابْقَىٰ ۞

اَفَكُمْ يَهُٰ لِهُمُ كُمُ اَهُلَكُنَا قَبْلَهُمْ مِّنَ الْقُرُونِ يَمْشُونَ فِي مَسْكِنِهِمُ النَّ فِي ذَٰ لِكَ لَاٰيْتٍ لِّا وَلِي النَّهٰي شَ

> وَلَوْ لَا كَلِيمَةٌ سَبَقَتْ مِنْ رَّبِكَ لَكَانَ لِزَامًا وَ آجَلُ مُّسَتَّى ﴿

فَاصْدِرُ عَلَى مَا يَقُوْلُونَ وَسَيِّحُ بِحَمْدِ رَبِّكَ قَبْلَ طُلُوْعِ الشَّنْسِ وَقَبْلَ غُرُوْبِهَا ۚ وَمِنْ اٰنَآئِ الَّيْلِ فَسَيِّحُ وَاَطْرَافَ النَّهَادِ لَعَلَّكَ تُرْضٰى ®

وَلَا تُمُدَّنَّ عَيْنَيُكَ إِلَى مَا مَتَّعْنَا بِهَ ٱزْوَاجًا مِّنْهُمْ زَهْرَةَ الْحَيْوةِ الدُّنْيَا لَا لِنَفْتِنَهُمْ فِيْهِ ﴿ উপকরণ হিসেবে দিয়েছি, তদ্বারা তাদেরকে পরীক্ষা করবার জন্যে; তোমার প্রতিপালক প্রদন্ত জীবনো-পকরণ উৎকৃষ্ট ও অধিক স্থায়ী।

১৩২. আর তোমার পরিবারবর্গকে নামাযের আদেশ দাও ও তাতে নিজে অবিচলত থাকো, আমি তোমার নিকট কোন জীবনোপকরণ চাই না, আমিই তোমাকে জীবনোপকরণ দেই এবং শুভ পরিণাম তো মুব্তাকীদের জন্যে।

১৩৩. তারা বলেঃ তিনি তাঁর প্রতিপালকের নিকট হতে আমাদের নিকট কোন নিদর্শন আনয়ন করেন নাই কেন? তাদের নিকট কি আসে নি সুস্পষ্ট প্রমাণ যা পূর্ববতী গ্রন্থসমূহে মজুদ রয়েছে।

১৩৪. যদি আমি তাদেরকে ইতিপূর্বে শান্তি দ্বারা ধ্বংস করতাম তবে তারা বলতোঃ হে আমাদের প্রতিপালক! আপনি আমাদের নিকট একজন রাসূল প্রেরণ করলেন না কেন? তাহলে, আমরা লাঞ্ছিত ও অপমানিত হবার পূর্বে আপনার আয়াতসমূহ মেনে চলতাম।

وَرِزْقُ رَبِّكَ خَيْرٌ وَّ ٱبْقَى ا

وَأَمُّرُ آهُلُكَ بِالصَّلْوَةِ وَاصْطَبِرُ عَلَيْهَا مَ لَا نَسْعَلُكَ رِزْقًا م نَحْنُ نَرْزُقُكَ م وَالْعَاقِبَةُ لِلتَّقُوٰى ۞

وَقَالُوْا لَوْلَا يَأْتِيْنَا بِأَيَةٍ مِّنْ دَّتِهِ ﴿ اَوَلَمْ تَأْتِهِمْ بَيِّنَةُ مَا فِي الصُّحُفِ الْأُوْلِ ⊕

وَكُوْ اَنَّا اَهُلَكُنْهُمْ بِعَذَابِ مِّنْ قَبُلِهِ لَقَالُوُارَبَّنَا لَوُلَا اَرْسَلْتَ اِلَيْنَا رَسُولًا فَنَتَّبِعَ الْتِكَ مِنْ قَبْلِ اَنْ تَذِلَّ وَنَخْزى ﴿

১। আবু আবদুর রহমান ইবনে আবু নু'আম থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আবু সাঈদ খুদরী (রাফিআল্লান্থ আনন্থ)-কে বলতে শুনেছি, আলী ইবনে আবু তালেব ইয়ামন থেকে রাস্লুল্লার্থ (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম)-এর জন্য রঙীন চামড়ার থলের মধ্যে সামান্য সোনা পাঠিয়েছিলেন। তার মাটি (তখনো) তার থেকে আলাদা করা হয়নি। তিনি চারজনের মধ্যে সোনাটি বল্টন করে দিলেন। এ চারজন হচ্ছেনঃ (১) উয়াইনা ইবনে বদর, (২) আকরা ইবনে হাবেস, (৩) যায়েদুল খাইল ও (৪) আল কামাহ বা আমের ইবনে তোফায়েল। তাঁর সাহাবাদের মধ্য থেকে এক ব্যক্তি বললেনঃ এ লোকগুলোর চাইতে আমরা এর বেশি হকদার। কথাটি নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম)-এর কানে পৌছলো। তিনি বললেনঃ তোমাদের কি আমার ওপর আছা নেই? (অথচ আমি আসমানের বাসিন্দার আমানতদার।) আমার কাছে দিন-রাত আকাশের খবর আসছে। এ সময় এক ব্যক্তি যার চোখ দু'টি ছিল কোঠরাগত, চোয়ালের হাড়

১৩৫. বলঃ প্রত্যেকেই প্রতীক্ষা করছে, সূতরাং তোমরাও প্রতীক্ষা কর, অতঃপর তোমরা শীঘ্রই জ্ঞানতে পারবে কারা সঠিক পথের অনুসারী আর কারাই বা হেদায়াতপ্রাপ্ত। قُلْ كُلُّ مُّتَرَبِّصُّ فَتَرَبِّصُ وَاللَّهِ عَلَى الْمُتَلَّى مَنْ اَصْحُبُ الصِّرَاطِ السَّوِيِّ وَمَنِ اهْتَلَى شَ

ঠেলে বের হয়ে পড়েছিল, কপাল ছিল উঁচু, দাড়ি ছিল ঘন, মাথা ছিল ন্যাড়া এবং তহবন্দ ছিল অনেক ওপরে ওঠানো- দাঁড়িয়ে বললো হে আল্লাহ্র রাসূল! আল্লাহ্কে ডয় করুন। তিনি বললেনঃ (ডুমি ধ্বংস হয়ে যাও,) সারা দুনিয়ার মধ্যে আমি কি আল্লাহ্কে সবচেয়ে বেশি ভয় করার হকদার নই? ভারপদ্ধ লোকটি চলে গেলো। খালেদ ইবনে ওলীদ আরজ করলেনঃ হে আল্লাহ্র রাসূল! আমি কি তাকে হত্যা করবো না? তিনি জবাবে বললেনঃ না, হয়তো সে নামায পড়ে। খালেদ বললেনঃ এমন অনেক নামাযী আছে যারা মুখে এমন কথা বলে যা তাদের মনের মধ্যে নেই। রাসূল্লাহ্ (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ আমাকে লোকদের দিল চিরে কেলার (দেখার) ও তাদের পেট ফেড়ে ফেলার ছকুম দেয়া হয় নি। আবৃ সাঈদ খুদরী বলেদঃ ভারশন্ব তিনি সেই লোকটির দিকে চোখ তুলে দেখলেন। সে তখনো পিঠ ফিরিয়ে চলে যাছিল। তিনি (ভার দিকে দৃষ্টি রেখে), বললেনঃ ঐ ব্যক্তির বংশে এমন এক জাতির উত্তব হলে, যারা সুমিট্ট শরে আল্লাহ্র কিজ্ঞান পড়বে; কিন্তু তা তাদের গলার নিচে নামবে না। দ্বীন তাদের কাছ থেকে এমনভাবে ছিটকে বের হয়ে বাবে, যেমন তীর লক্ষ্যবস্ত ছাড়িয়ে দুকে চলে যায়। আবৃ সাঈদ বলেন, আমার মনে পড়ছে তিনি একথাও বলেনঃ আমি যদি সেই জাতিকে পাই তাহলে সামৃদ জাতির মতো তাদেরকে হত্যা করবো। (বুখারী, হাদীস নং ৪৩৫১)

607 পারা ১৭

সুরাঃ আমিয়া, মাকী

(আয়াতঃ ১১২, রুক্'ঃ ৭)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)।

- ১. মানুষের হিসাব-নিকাশের সময় আসন্ন: কিন্তু তারা উদাসীনতায় মুখ ফিরিয়ে রয়েছে ।
- ২. যখনই তাদের নিকট তাদের প্রতিপালকের কোন নতুন উপদেশ আসে তখন তারা তা শ্রবণ করে খেলার ছলে।
- ৩. তাদের অন্তর থাকে অমনোযোগী. সীমালজ্ঞনকারীরা গোপনে পরামর্শ করেঃ এতো তোমাদের মত একজন মানুষ; তবুওকি তোমরা দেখে ভনে যাদুর কবলে পড়বে?
- 8. তিনি কললেনঃ আকাশমন্তলী ও পথিবীর সমস্ত কথাই প্রতিপালক অবগত আছেন এবং তিনিই সর্বশ্রোতা, সর্বজ্ঞ।
- তারা এটাও বলেঃ এসব অলীক কল্পনা, হয় সে মিথ্যা উদ্ভাবন করেছে, না হয় সে একজন কবি: অতএর সে আনয়ন করুক আমাদের নিকট এক নিদর্শন যেরূপ নিদর্শনসহ প্রেরিত হয়েছিল পূর্ববর্তীগণ।
- ৬. তাদের পূর্বে যে সব জনপদ আমি ধ্বংস করেছি ওর অধিবাসীরা ঈমান আনে নাই: ভবে এরা কি ঈমান আনবে?

سُوْرَةُ الْآنِيْمَيَآءِ مَكِيَّةً المَاثِقًا ١١١ رَكُنُعَاتُمًا ٤ ينسير الله الرَّحْلِن الرَّحِيْمِ

اقترب للناس 14

إقْتَرَبَ لِلنَّاسِ حِسَابُهُمْ وَهُمْ في غَفْلَةٍ مُعْرِضُونَ أَن

مَا يَأْتِيهُومُ مِّن ذِكْرِ مِّن رَّبِّهِمُمُّحُكَثِ إلَّا استمعود وهم يلعبون ٠

لَاهِيَةً قُلُوْبُهُمُ ﴿ وَٱسَرُّوا النَّجُوكَ ۚ الَّذِينَ ظَلَمُوا ۗ هَلْ هٰذَاۤ إِلَّا بَشُرٌّ مِثْلُكُمْ ۖ أَفَتَأَتُونَ السِّحْرَ وَ اَنْتُمْ تَيْصِرُونَ ٣

قُلَ رَبِّي يَعُلَمُ الْقَوْلَ فِي السَّبَآءِ وَالْأَرْضِ وَهُوَ السَّبِينَعُ الْعِلِيْدُن

بَلْ قَالُوْاَ اَضْغَاتُ اَحْلامِ بِلِ افْتَلَامُ بَلْ هُوَ شَاعِرُ عَ فَلْيَأْتِنَا بِأَيَةٍ كُمَّا أُرْسِلَ الْأَوْلُونَ ۞

مَا آمَنَتُ قَيْلَهُمْ مِّنُ قُرْيَةٍ آهُلَكُنْهَا عَ اَفَهُمْ يُؤْمِنُونَ ۞

৭. তোমার পূর্বে আমি ওহীসহ বহু পুরুষই পাঠিয়েছিলাম; তোমরা যদি না জান তবে জ্ঞানীদেরকে জিজ্ঞেস

৮. আর আমি তাদেরকে এমন দেহ বিশিষ্ট করি নাই যে, তারা আহার্য গ্রহণ করতেন না: আর চিরস্থায়ীও ছিলেন না।

৯. অতঃপর আমি প্রতি তাদের আমার প্রতিশ্রুতি পূর্ণ করলাম এবং এবং যাদেরকে ইচ্ছা বক্ষা করেছিলাম যালিমদেরকে এবং বিনাশ করেছিলাম ।

১০. আমি তো তোমাদের প্রতি অবতীর্ণ করেছি কিতাব যাতে আছে তোমাদের জন্যে উপদেশ, তবুও কি তোমরা বুঝবে না?

১১. আমি ধ্বংস করেছি কত জনপদ. যার অধিবাসীরা ছিল যালিম এবং তাদের পরে সৃষ্টি করেছি অপর জাতি ৷

১২. অতঃপর যখন তারা আমার শাস্তি প্রত্যক্ষ করলো তখনই তারা জনপদ হতে পালাতে লাগলো।

১৩. তাদেরকে বলা হলোঃ পলায়ন করো না এবং ফিরে এসো তোমাদের ভোগ সম্লারের নিকট ও তোমাদের আবাসগৃহে. হয়তো বিষয়ে তোমাদেরকে জিজ্ঞাসাবাদ কবা হবে ৷

দুর্ভোগ ১৪. তারা বললোঃ হায় আমাদের! ছিলাম আমরা তো যালিম।

وَمَا آرْسَلْنَا قَبُلُكَ إِلَّا رِجَالًا نُوْجِيَّ اللَّهِمُ فَسْتَكُوا اَهْلَ الذِّكْرِ إِنْ كُنْتُمْ لَا تَعْلَمُونَ ۞

اقترب للناس ١٤

وَ مَا جَعَلْنَهُمْ جَسَلًا لا يَا كُلُونَ الطَّعَامَ وَمَا كَانُوا خُلدين ⊙

ثُمَّرُ صَلَ قُنْهُمُ الْوَعْلَ فَأَنْجَيْنَهُمْ وَمَنْ نَشَاءُ وَ ٱهْلَكُنَّا الْمُسْيِرِ فِيْنَ ①

لَقَدُ أَنْزَلُنَّا الَّيْكُمْ كِتْبًا فِيْهِ ذِكْرُكُمْ ط أفلا تَعْقلُونَ أَنَّ

وَكُهُ قَصَيْنَا مِنْ قَرْبَةٍ كَانَتْ ظَالِمَةً وَّ ٱنْشَأْنَا يَعْدُهَا قَوْمًا أَخَرِيْنَ ١

فَلَتَمَا آحَسُوا بِأُسَنَآ إِذَا هُمُ مِّنْهَا يَرُكُضُونَ ﴿

لَا تَرُكُضُوا وَارْجِعُوْآ إِلَىٰ مَأَ أَثُرُفُتُمْ فِيْهِ وَمُسٰكِنِكُمْ لَعَلَّكُمْ تُسْعُلُونَ اللَّهِ

وَالُوا لِوَيْلَنَا إِنَّا كُنَّا ظِلِمِيْنَ @

১৫. তাদের এই আর্তনাদ চলতে থাকে যতক্ষণ না আমি তাদেরকে কর্তিত শস্য ও নির্বাপিত অগ্নি সদৃশ না করি।

১৬. আকাশ ও পৃথিবী এবং যা এতোদুভয়ের মধ্যে রয়েছে তা আমি ক্রীড়াচ্ছলে সৃষ্টি করি নাই।

১৭. আমি যদি ক্রীড়ার উপকরণ চাইতাম তবে আমি আমার নিকট যা আছে তা নিয়েই ওটা করতাম, আমি তা করি নাই।

১৮. কিন্তু আমি সত্য দ্বারা আঘাত হানি মিথ্যার উপর; ফলে ওটা মিথ্যাকে চূর্ণ-বিচূর্ণ করে দেয় এবং তৎক্ষণাৎ মিথ্যা নিশ্চিহ্ন হয়ে যায়, দুর্ভোগ তোমাদের! তোমরা যা বলছো তার জন্যে।

১৯. আকাশমন্তলী ও পৃথিবীতে যারা আছে তারা তাঁরই; তাঁর সানিধ্যে যারা আছে (ফেরেশ্তাগণ) তারা অহংকার বশে তাঁর ইবাদত করা হতে বিমুখ হয় না এবং ক্লান্তি বোধ করে না।

২০. তারা দিবা রাত্র তাঁর পবিত্রতা ও মহিমা ঘোষণা করে, তারা শৈথিল্য (ক্লান্ডিবোধ) করে না।

২১. তারা মাটি হতে তৈরি যে সব দেবতা গ্রহণ করেছে সে গুলি কি মৃতকে জীবিত করতে সক্ষম?

২২. যদি আল্লাহ ছাড়া আকাশমন্তলী ও পৃথিবীতে বহু মা'বৃদ থাকত, তবে উভয়ই ধ্বংস হয়ে যেতো; অতএব তারা যা বলে তা হতে আরশের অধিপতি আল্লাহ পবিত্র, মহান। فَهَا زَالَتُ تِلْكَ دَعُولهُمْ حَتَّى جَعَلْنَهُمُ حَصِيْدًا خِيدِيْنَ @

وَمَا خَلَقُنَا السَّهَاءَ وَالْأَرْضَ وَمَا يَيْنَهُمَا لِعِينِنَ ®

كُوْ اَرَدُنَا اَنْ تَتَكِينَ لَهُوًا لَا تَتَخَذُنْهُ مِنْ تَدُنَا اَنْ تَتَكِينَ اللهِ الله

بَلْ نَقْنِ فُ بِالْحَقِّ عَلَى الْبَاطِلِ فَيَكُمْعُهُ فَإِذَا هُوَ زَاهِقٌ مُولَكُمُ الْوَيْلُ مِثَا تَصِفُونَ ۞

> وَلَهُ مَنْ فِي السَّلُوٰتِ وَالْأَرْضِ ۗ وَمَنْ عِنْكَ اللَّ يَسْتَكُلِيرُوْنَ عَنْ عِبَادَتِهِ وَلَا يَسْتَحْسِرُوْنَ أَنَ

يُسَبِّحُونَ الَّيْلَ وَالنَّهَادَ لَا يَفْتُرُونَ ٠

اَمِ اتَّخَذُوْا الِهَةُ مِنَ الْأَرْضِ هُمْ يُنْشِرُونَ ٠

لَوْكَانَ فِيْهِمَا اللهَهُ إِلاَّ اللهُ لَفَسَدَتَا عَسُبُحٰنَ اللهُ لَفَسَدَتَا عَسُبُحٰنَ اللهِ دَبِ الْعَرْشِ عَبَّا يَصِفُونَ ﴿

২৩. তিনি যা করেন সে বিষয়ে তাঁকে প্রশ্ন করা যাবে না; বরং তাদেরকেই প্রশ্ন করা হবে।

২৪. তারা কি তাঁকে ছাড়া বহু মা'বৃদ গ্ৰহণ করেছে? বলঃ তোমরা তোমাদের প্রমাণ উপস্থিত কর: এটা আমার সাথে যারা আছে তাদের জন্যে উপদেশ এবং উপদেশ (ছিল) আমার পূর্ববর্তীদের জন্যে; কিন্তু তাদের অধিকাংশই প্রকৃত সত্য জানে না, ফলে তারা মুখ ফিরিয়ে নেয়।

২৫. আমি তোমার পূর্বে কোন রাসূল প্রেরণ করি নাই এই ওহী ব্যতীত যে. আমি ছাড়া অন্য কোন (সত্য) মা'বৃদ নেই; সূতরাং তোমরা আমারই ইবাদত কর।

২৬. তারা বলেঃ দয়াময় সন্তান গ্রহণ করেছেন, তিনি পবিত্র, মহান! তাঁরা তো তাঁর সম্মানিত বান্দা ।

২৭. তারা আল্লাহ্র আগে বেড়ে কথা বলে না; তারা তো তাঁর আদেশ অনুসারেই কাজ করে থাকে।

২৮. তাদের সম্মুখে ও পশ্চাতে যা কিছু আছে তা তিনি অবগত; তারা (ফেরেশ্তাগণ) সুপারিশ করে শুধু তাদের জন্যে যাদের প্রতি তিনি (আল্লাহ) সম্ভুষ্ট এবং তারা তাঁর ভয়ে ভীত সম্ভস্ত।

২৯. তাদের মধ্যে যে বলবেঃ আমিই মা'বৃদ তিনি (আল্লাহ) ব্যতীত, তাকে আমি প্রতিফল দিবো জাহান্লাম। এভাবেই আমি যালিমদেরকে বিনিময় দিয়ে থাকি।

لا يُسْعَلُ عَبّاً يَفْعَلُ وَهُمْ يُسْعَلُونَ 🕾

اقترب للنأس 1

أَمِ اتَّخَذُوا مِنْ دُونِهَ البَّهَةَ ط قُلْ هَاتُوا بُرْهَانَكُمْ عَلَى إِذِكُرُ مَنَ مُعِي وَذِكْرُ مَنَ قَبْلِي ط بَلْ أَكْثُرُهُ مُولًا يَعْلَمُونَ ﴿ الْحَقَّ فَهُمُ مُّعُرضُونَ 🐨

وَمَا آرْسَلْنَا مِنْ قَبْلِكَ مِنْ رَّسُولِ إِلَّا نُوْجِيَّ إِلَيْهِ أَنَّهُ لَآ إِلَّهُ إِلاَّ أَنَّا فَاعْبُدُونِ ۞

وَ قَالُوااتَّكَنَ الرَّحُلْنُ وَلَكًا سُبُحْنَهُ ﴿ بَلْ عِبَادٌّ مُكْرِمُونَ ﴿

لاَ يَسْبِقُونَكُ بِالْقَوْلِ وَهُمْ بِأَصْرِمْ يَعْمَلُونَ ٠٠

يَعْلَمُ مَا بَيْنَ آيْدِيْهِمْ وَمَا خَلْفَهُمُ وَلَا يَشْفَعُونَ لاإِلاَّ لِيَنِ ارْتَضَى وَ هُمُ مِّنُ خَشْرَتِهِ مُشُوْقُونَ ٠

وَمَنْ يَقُلُ مِنْهُمْ إِنِّي آلِكُ مِّنَ دُوْنِهِ فَلْلِكَ نَجُزِيْهِ جَهَ نَمَ اكُنْ لِكَ نَجُزِي الظُّلِيدُنَ ﴿ ৩০. যারা কুফরী করে তারা কি ভেবে দেখে না যে, আকাশমগুলী ও পৃথিবী মিশে ছিল ওতপ্রোতভাবে; অতঃপর আমি উভয়কে পৃথক করে দিলাম, এবং প্রাণবান সমস্ত কিছু সৃষ্টি করলাম পানি হতে; তবুও কি তারা বিশ্বাস করবে না?

৩১. এবং আমি পৃথিবীতে সৃষ্টি করেছি সুদৃঢ় পর্বত যাতে পৃথিবী তাদেরকে নিয়ে এদিক ওদিক ঢলে না যায় এবং আমি তাতে করে দিয়েছি প্রশস্ত পথ যাতে তারা গন্তব্যস্থলে পৌছতে পারে।

৩২. এবং আকাশকে করেছি সুরক্ষিত ছাদ; কিন্তু তারা আকাশস্থিত নিদর্শনাবলী হতে মুখ ফিরিয়ে নেয়।

৩৩. আল্লাহই সৃষ্টি করেছেন রাত্রি ও দিবস এবং সূর্য ও চন্দ্র; প্রত্যেকেই নিজ নিজ কক্ষপথে বিচরণ করে।

৩৪. আমি তোমার পূর্বেও কোন মানুষকে অনম্ভ জীবন দান করি নি; সুতরাং তোমার মৃত্যু হলে তারা কি চিরজীবি হয়ে থাকবে?

৩৫. জীব মাত্রই মৃত্যুর স্বাদ গ্রহণ করবে; আমি তোমাদেরকে মন্দ ও ভাল ঘারা বিশেষভাবে পরীক্ষা করে থাকি এবং আমারই নিকট তোমরা প্রত্যাবর্তিত হবে।

৩৬. কাফিররা যখন তোমাকে দেখে তখন তারা তোমাকে শুধু বিদ্ধুপের পাত্ররূপেই গ্রহণ করে; তারা বলেঃ এই কি সেই, যে তোমাদের দেবতাগুলির সমালোচনা করে? অথচ اَوَلَمْ يَرَالَّذِيْنَ كَفَرُّوْآانَّ السَّلْوْتِ وَالْأَرْضَ كَانَتَا رَثْقًا فَفَتَقْنْهُمَا ﴿ وَجَعَلْنَا مِنَ الْمَآءِ كُلَّ شَيْءٍ حِيِّ ﴿ اَفَلَا يُؤْمِنُونَ ۞

وَجَعَلْنَا فِي الْأَرْضِ رَوَاسِيَ آنُ تَبِيْلَ بِهِمْ ﴿
وَجَعَلْنَا فِيهَا فِجَاجًا سُبُلًا لَعَلَّهُمُ

وَجَعَلْنَا السَّبَاءَ سَقُفًا مَّحْفُونَظًا ۚ وَهُمْ عَنْ النِّبَا وَهُمْ عَنْ الْنِتِهَا مُغِرضُونَ ﴿

وَهُوَ الَّذِي خَكَقَ الَيْلُ وَالنَّهَارَ وَالشَّهُسَ وَالْقَمَرُ الْكُلُّ فِيُ فَلَكِ يَسْبَحُونَ ﴿ وَمَاجَعَلْنَا لِبَشَرِقِّنَ قَبْلِكَ الْخُلْلَ الْمُكُلِّلَ الْمُكُلِّلُ وَالْطَلِدُونَ ﴿ اَفَا إِنْ قِتَ فَهُمُ الْخَلِدُونَ ﴿

كُلُّ نَفْسٍ ذَآلِِقَهُ الْمَوْتِ ﴿ وَنَبْلُوْكُمْ بِالشَّرِّ وَالْخَيْرِ فِتُنَةً ﴿ وَلِكَيْنَا تُرْجَعُونَ ۞

وَإِذَا رَاكَ الَّذِيْنَ كَفَرُوْآ إِنْ يَّتَّخِنُ وُنَكَ إِلَّا هُرُوًا إِنْ يَتَّخِنُ وُنَكَ إِلَّا هُرُوًا اللهَ الْمَاكُمُ وَهُمُ هُرُوًا لِهَتَكُمُ وَهُمُ الْمِنْ وَهُمُ الْمِنْ وَلَاللهُ اللهُ الله

তারাই তো 'আর-রহমান' এর জিকিরের বিরোধিতা করে।

৩৭. মানুষ সৃষ্টিগতভাবে শীঘপরায়ণ, শীঘই আমি তোমাদেরকে আমার নিদর্শনাবলী দেখাবো: সূতরাং তোমরা আমাকে তাডাতাড়ি করতে বলো না ৷

৩৮. আর তারা বলেঃ তোমরা যদি সত্যবাদী হও তবে বলঃ প্রতিশ্রুতি কখন পূর্ণ হবে?

৩৯. হায়, যদি কাফিররা সময়ের কথা জানতো যখন তারা তাদের সম্মুখ ও পশ্চাৎ হতে অগ্নি প্রতিরোধ করতে পারবে না এবং তাদেরকে সাহায্য করা হবে না।

ওটা তাদের ৪০. বন্ধতঃ উপর অতর্কিতভাবে আসবে এবং তাদেরকে হতভম্ভ করে দিবে; ফলে তারা ওটা রোধ করতে পারবে না এবং তাদেরকে অবকাশও দেয়া হবে না ।

85. পূৰ্বেও তোমার অনেক রাসলকেই ঠাট্টা-বিদ্রূপ করা হয়ে-ছিল: পরিণামে তারা যা নিয়ে ঠাট্টা-বিদ্রূপ করতো তা বিদ্রূপকারীদেরকে পরিবেষ্টন করেছিল।

৪২, বলঃ 'রহমান' এর পরিবর্তে কে তোমাদেরকে রক্ষা করছে রাত্রে ও তবুও দিবসেং তারা তাদের প্রতিপালকের স্মরণ হতে মুখ ফিরিয়ে নেয়।

৪৩. তবে কি আমি ব্যতীত তাদের এমন দেব-দেবীও আছে যারা خُلِقَ الْإِنْسَانُ مِنْ عَجَلٍ ﴿ سَأُورِيْكُمُ اللِّي فَكَلَا تُسْتَعْجِلُون ؈

اقترب للناس 14

وَيَقُولُونَ مَتَّى هِ نَا الْوَعِيلِ إِنْ كُنْدُورُ طب قِينَ ⊕

لَوْ يَعْلَمُ الَّذِيْنَ كَفَرُوا حِيْنَ لَا يَكُفُّونَ عَنْ وُّجُوهِ هِمُ النَّادَ وَلا عَنْ ظُهُوْدِهِمُ وَلا هُمْ يُنْصَرُونَ 🔊

بَلْ تَأْتِيْهِمْ بَغْتَةً فَتَبْهَتُهُمْ فَلا يَسْتَطِيْعُونَ رَدِّهَا وَلا هُمْ يُنْظُرُونَ @

وَلَقَى اسْتُهُزِئَ بِرُسُلِ مِّنْ قَبْلِكَ فَحَاقَ بِالَّذِيْنَ سَخِرُوا مِنْهُمُ مَّا كَانُوا بِهِ يَسْتَهْزِءُونَ ﴿

قُلْ مَنْ يَكُلُؤُكُمْ بِالَّيْلِ وَالنَّهَادِ مِنَ الرَّحْلِي الْمُعْلِي الرَّحْلِي الرَّحْلِي الرَّ بِلُ هُمْ عَنْ ذِكْرِ رَبِّهِمْ مُّغِرِضُونَ ®

ٱمْرَلَهُمُ الِهَدُّ تَكُنَّعُهُمُ مِّنُ دُونِنَا ﴿ لَا يَسْتَطِيعُونَ

পারা ১৭

তাদেরকে রক্ষা করতে পারে? তারা তো নিজেদেরকেই সাহায্য করতে পারে না এবং আমার বিরুদ্ধে তাদের সাহায্যকারীও থাকবে না।

88. বস্তুতঃ আমিই তাদেরকে এবং তাদের পিতৃ-পুরুষদেরকে সম্ভার দিয়েছিলাম; অধিকম্ভ তাদের আয়ুষ্কালও হয়েছিল দীর্ঘ: তারা কি দেখছে না যে, আমি তাদের দেশকে চতুর্দিক হতে সংকৃচিত করে আনছি: তবুও কি তারা বিজয়ী হবে?

৪৫. বলঃ আমি তো তথু ওহী দ্বারাই তোমাদেরকে সতর্ক করি: কিন্তু যারা বধির তাদেরকে যখন সতর্ক করা হয় তখন তারা সতর্ক বাণী শুনে না।

৪৬. তোমার প্রতিপালকের শাস্তি কিথিঙ মাত্রাও যদি তাদেরকে স্পর্শ করে তারা নিশ্চয় বলে উঠবেঃ হায়. দুর্ভোগ আমাদের, আমরা তো ছিলাম যালিম!

8৭. এবং কিয়ামত দিবসে আমি স্থাপন করবো ন্যায় বিচারের মানদন্ত: সুতরাং কারো প্রতি কোন অবিচার করা হবে না। এবং কর্ম যদি তিল পরিমাণ ওজনের হয় তবুও তা আমি উপস্থিত করবো; হিসাব কারীরূপে আমিই যথেষ্ট।

৪৮. আমি তো মুসা (শুট্রা) ও দিয়েছিলাম (<u>| اعليه (</u> হারূনকে ফুরকান, জ্যোতি উপদেশ છ মুত্তাকীদের জন্যে।

8**a**. যারা না দেখেও তাদের প্রতিপালককে ভয় করে কিয়ামত সম্পর্কে থাকে ভীত সম্ভস্ত।

نَصْرَ أَنْفُسِهِمْ وَلا هُمْ مِنَّا يُصْحَبُونَ ٠

اقترب للناس 14

بَلْ مَتَّعْنَا هَؤُلاَّءِ وَابَّآءَهُمْ حَتَّى طَالَ عَلَيْهِمُ الْعُمُورُ اللَّهُ يَرُونَ أَنَّا نَأْتِي الْأَرْضَ نَنْقُصُهَا مِنْ أَطْرَافِهَا ﴿ أَفَهُمُ الْغَلِبُونَ ١٠

قُلُ إِنَّهَآ ٱنُذِيرُكُمُ بِٱلْوَحِي ﴿ وَلَا يَسْمَعُ الصُّمُّ اللُّهُ عَلَّهُ إِذَا مَا يُثُنَّذُونَ ۞

وَلَيِنُ مَّسَّتُهُمُ نَفُحَةٌ مِّنْ عَنَابِرَبِّكَلِّيقُولُنَّ يُويُلُنّا إِنَّا كُنّا ظلمين ٠

وَنَضَعُ الْمَوَازِيْنَ الْقِسْطَ لِيَوْمِ الْقِيلَمَةِ فَلَا تُظْلَمُ نَفْسٌ شَيْعًا وَإِنْ كَانَ مِثْقَالَ حَبَّةٍ مِّنْ خَرْدَلِ ٱتَيْنَا بِهَا لَهُ وَكَفَى بِنَا لَحْسِمِيْنَ @

> وَلَقَالُ أَتَيْنَا مُوسى وَ هٰرُونَ الْفُرْقَانَ وَضِيَاءً وَ ذِكْرًا لِلْمُتَّقِيْنَ ﴿

الَّذِيْنَ يَخْشَوْنَ رَبَّهُمْ بِالْغَيْبِ وَهُمْ مِّنَ السَّاعَةِ مُشْفِقُونَ 🕅

৫০. এটা কল্যাণময় উপদেশ; আমি এটা অবতীর্ণ করেছি; তবুও কি তোমরা এটাকে অস্বীকার করবে?

৫১. আমি তো এর পূর্বে ইবরাহীমকে (अध्या) সংপথের জ্ঞান দিয়েছিলাম এবং আমি তাঁর সম্বন্ধে ছিলাম সম্যক অবগত।

৫২. যখন তিনি তাঁর পিতা ও তাঁর সম্প্রদায়কে বললেনঃ এই মৃর্তিগুলি কী? যেগুলোর পূজায় তোমরা রত আছ? (যেগুলোর পূজা তোমরা করছ?)

 তারা বললোঃ আমরা আমাদের পিতৃ-পুরুষদেরকে এদের পূজাকারী হিসেবে পেয়েছি।

৫৪. তিনি বললেনঃ তোমরা নিজেরা এবং তোমাদের পিতৃ-পুরুষরাও রয়েছো স্পষ্ট বিভ্রান্তিতে।

৫৫. তারা বললোঃ তুমি কি আমাদের নিকট সত্য এনেছো, না তুমি খেল-তামাশা করছো?

৫৬. তিনি বললেনঃ না, তোমাদের প্রতিপালক তো আকাশমণ্ডলী ও পৃথিবীর প্রতিপালক, যিনি ওগুলি সৃষ্টি করেছেন এবং এই বিষয়ে আমি অন্যতম সাক্ষী!

৫৭.শপথ আল্লাহর,ভোমরা চলে গেলে আমি তোমাদের মূর্তিগুলি সম্বন্ধে অবশ্যই ব্যবস্থা অবলম্বন করবো।

৫৮. অতঃপর তিনি সেগুলোকে চূর্ণ-বিচূর্ণ করে দিলেন তাদের বড় (প্রধান) মূর্তিটি ব্যতীত, যাতে তারা তার দিকে ফিরে আসে। ۅؘۿۮٙٳۮؚۣ۬ڬٞڒؖٞڡؙٞڶڔ۬ڬٞٵڹٛۯؘڶڹۿٵؘڡؘؙٲٮ۬ٛٛٛٛؿؙۿڵۿ ؙڡؙڹٛڮۯؙۅؙؽؘ۞ۧ

وَلَقَلُ اتَيُنَآ اِبُلُوهِيْمَ رُشُكَ لَا مِنْ قَبُلُ وَكُلَّا بِهِ عَلِينِينَ ﴿ وَكُلًّا بِهِ عَلِينِينَ ﴿

اِذْ قَالَ لِاَبِيْهِ وَقَوْمِهِ مَا لَهْذِهِ التَّهَاثِيْلُ الَّتِيَّ اَنْتُمْ لَهَا غَلِمُؤْنَ ۞

قَالُوُ ا وَجَدُنَا أَبَاءَنَا لَهَا عَبِدِيْنَ @

قَالَ لَقَنْ كُنْتُمُ اَنْتُمُ وَابَآؤُكُمْ فِي ضَللِ مُّبِيُنٍ @

قَالُوْا أَجِئْتَنَا بِالْحَقِّ أَمْرُ أَنْتَ مِنَ اللَّعِبِيْنَ @

قَالَ بَلُ رَّبُّكُمُ رَبُّ السَّلُوتِ وَالْاَرْضِ الَّذِی فَطَرَهُنَّ ﴿ وَاَنَا عَلَىٰ ذٰلِكُمُ مِّنَ الشَّهِدِيثَنَ ﴿

وَ تَاللهِ لَا كِيْلَانَ أَصْنَامَكُمْ بَعْلَ أَنْ تُوَلُّواً مُذَيرِيْنَ @

فَجَعَلَهُمُ جُلْذًا إِلَّا كَبِيْرًا لَهُمُ لَعَلَّهُمُ إِلَيْهِ يَرْجِعُونَ ۞ ৫৯. তারা বললোঃ আমাদের উপাস্যগুলির প্রতি এরূপ করলো কে? সে নিশ্চয়ই অত্যাচারী।

৬০. কেউ কেউ বললোঃ আমরা এক যুবককে ওদের সমালোচনা করতে ওনেছি, তার নাম ইবরাহীম।

৬১. তারা বললোঃ তাকে উপস্থিত কর লোক সম্মুখে, যাতে তারা সাক্ষ্য দিতে পারে।

৬২. তারা বললোঃ হে ইবরাহীম! তুমিই কি আমাদের উপাস্যগুলির উপর এরূপ করেছো?

৬৩. তিনি বললেনঃ বরং তাদের এই প্রধানই তো একাজ করেছে, অতএব এদেরকেই জিজ্ঞেস কর যদি ওরা কথা বলতে পারে।

৬৪. তখন তারা মনে মনে চিন্তা করে দেখলো এবং একে অপরকে বলতে লাগলোঃ তোমরাই তো অত্যাচারী।

৬৫. অতঃপর তাদের মস্তক অবনত হয়ে গেলে এবং তারা বললোঃ তুমি তো জানই যে. এরা কথা বলে না।

৬৬. তিনি বললেনঃ তবে কি তোমরা আল্লাহর পরিবর্তে এমন কিছুর ইবাদত কর যারা তোমাদের কোন উপকার করতে পারে না, ক্ষতিও করতে পারে না?

৬৭. ধিক্ তোমাদেরকে এবং আল্লাহর পরিবর্তে তোমরা যাদের ইবাদত কর তাদেরকে! তবে কি তোমরা বুঝবে না। قَالُوُا مَنْ فَعَلَ لَمْنَا بِالِهَتِنَآ إِنَّهُ لَمِنَ الظّٰلِمِيْنَ ۞

قَالُوا سَمِعْنَا فَئَى يَنْكُرُهُمْ يُقَالُ لَهَ الْبِرْهِيُمُ ۞

قَالُوْا فَأْتُوْابِهِ عَلَى اَعْيُنِ النَّاسِ لَعَلَّهُمُ يَشُهَدُونَ ®

قَالُوْاَ ءَانْتَ فَعَلْتَ هٰذَا بِالِهَتِنَا يَابُرْهِيْمُ ﴿

قَالَ بَكُ فَعَلَةً ﴿ كَبِيرُهُمُ هُ لَا انْسُتَكُوْهُمُ إِنْ كَانُوْا يَنْطِقُونَ ﴿

> فَرَجَعُوٓۤ إِلَى اَنْفُسِهِمْ فَقَالُوۡۤ اِنَّكُمُ اَنْتُمُ الظّٰلِمُوۡنَ ۞

ثُوِّرَ نُكِسُوْا عَلَىٰ رُءُوْسِهِمْ ۖ لَقَلْ عَلِمْتَ مَا هَوُّلَاّ ۗ يَنْطِقُونَ ۞

قَالَ اَفَتَعُبُكُونَ مِنْ دُوْنِ اللهِ مَا لاَ يَنْفَعُكُمُ شَيْئًا وَلا يَضُرُّكُمُ شُ

> اُپِّ لَّكُمُ وَلِمَا تَغُبُّدُونَ مِنَ دُوْنِ اللهِ طَ اَفَلَا تَعُقِلُوْنَ ﴿

৬৮. তারা বললোঃ তাকে পুড়িয়ে দাও এবং সাহায্য কর তোমাদের দেবতাগুলিকে যদি তোমরা কিছ করতে চাও।

সুরা আম্বিয়া ২১

৬৯. আমি বললামঃ হে অগ্নি! তুমি ইবরাহীমের (﴿﴿﴿﴿﴿)) জন্যে শীতল ও নিরাপদ হয়ে যাও।

৭০, তারা তাঁর ক্ষতি সাধনের ইচ্ছা করেছিল; কিন্তু আমি তাদেরকে করে দিলাম সর্বাধিক ক্ষতিগ্রস্ত।

৭১. আর আমি তাঁকে ও লতকে (২৩মা) উদ্ধার করে নিয়ে গেলাম সেই দেশে (সিরিয়ায়) যেথায় আমি কল্যাণ রেখেছি বিশ্ববাসীর জন্যে।

এবং আমি ইবরাহীমকে 92. (৪৬৯) দান করেছিলাম ইসহাক (পৌত্ররূপে) অতিরিক্ত এবং ইয়াকুবকে (মুট্রো); আর প্রত্যেককেই করেছিলাম সৎকর্মপরায়ণ।

৭৩. আর আমি তাদেরকে করে ছিলাম নেতা; তারা আমার নির্দেশ মানুষকে অনুসারে পথপ্রদর্শন করতো; তাদের কাছে আমি ওহী প্রেরণ করেছিলাম সৎকর্ম করতে. নামায কায়েম করতে এবং যাকাত প্রদান করতে তারা আমারই ইবাদত করতো।

98. এবং লৃতকে (HELEH) দিয়েছিলাম প্রজ্ঞা ও জ্ঞান তাঁকে উদ্ধার করেছিলাম এমন এক জনপদ হতে যার অধিবাসীরা লিপ্ত ছিল অশ্রীল কর্মে; তারা ছিল এক মন্দ সম্প্রদায়, সত্যত্যাগী (ফাসিক)।

قَالُوْا حَدِّقُوْهُ وَانْصُرُوْاَ الْهَتَكُمْ إِنْ كُنْتُمْ فعلين ٠

قُلْنَا لِنَارُكُونِي بَرْدًا وَسَلْمًا عَلَى إِبْرَهِيُمَ ﴿

وَارَادُوا بِهِ كَيْدًا فَجَعَلْنَهُمُ الْأَخْسَرِينَ ٥

وَنَجَّيْنُهُ وَلُوْطًا إِلَى الْاَرْضِ الَّتِي لِهَ كُنَا فِيمُا لِلْعُلَمِينَ ۞

وَوَهَبْنَا لَكَ إِسْحٰقَ ﴿ وَيَعْقُوْبَ نَافِلَةً ﴿ وَكُلاً جَعَلْنَا طِلحِيْنَ @

وَجَعَلُنْهُمُ آبِبَّةً يُّهُنُّ وَنَ بِأَمْرِنَا وَ أَوْحَيْنَآ إِلَيْهِمُ فِعُلَ الْخَيْرَتِ وَإِقَامَ الصَّلُوةِ وَإِيْتَآءَ الزُّكُوةِ ، وَكَانُوا لَنَا غِبِدِينَ ﴿

وَ لُوْطًا الْكَيْنَاهُ حُكُمًا وَعِلْمًا وَيَعْلِمُا وَنَجَّيْنَاهُ مِنَ الْقَرْيَةِ الَّتِي كَانَتُ تَّعْمَلُ الْخَبِّيثُ ۖ إِنَّهُمُ كَانُوا قَدُمَ سَوْءٍ فَسَقَانَ ﴿ ৭৫. এবং তাঁকে আমি আমার অনুগ্রহ ভাজন করেছিলাম; নিশ্চয় তিনি ছিলেন সংকর্মপরায়ণদের অন্তর্ভক্ত।

৭৬. স্মরণ কর নৃহকে (﴿﴿﴿﴿﴾); পূর্বে তিনি যখন আহ্বান করেছিলেন তখন আমি সাড়া দিয়েছিলাম তাঁর আহ্বানে এবং তাকে ও তার পরিজন বর্গকে মহাসংকট হতে উদ্ধার করেছিলাম।

৭৭. এবং আমি তাকে সাহায্য করেছিলাম সে সম্প্রদায়ের বিরুদ্ধে যারা আমার নিদর্শনাবলী অস্বীকার করেছিল, তারা ছিল এক মন্দ সম্প্রদায়; এ জন্যে তাদের সকলকে আমি নিমজ্জিত করেছিলাম।

৭৮. এবং (স্মরণ কর) দাউদ (প্রাঞ্জী) ও সুলাইমানের (প্রাঞ্জী) কথা, যখন তাঁরা বিচার করছিলেন শস্য ক্ষেত্র সম্পর্কে; তাতে রাত্রিকালে প্রবেশ করেছিল কোন সম্প্রদায়ের মেষ; আমি প্রত্যক্ষ করছিলাম তাদের বিচার।

৭৯. এবং আমি সুলাইমানকে (
(২০০০) এ বিষয়ের মীমাংসা বুঝিয়ে দিয়েছিলাম এবং তাঁদের প্রত্যেককে আমি দিয়েছিলাম প্রজ্ঞা ও জ্ঞান;

وَ ٱدۡخَلۡنٰهُ فِي ۡرَحُمۡتِنَا ﴿ إِنَّهُ مِنَ الصَّٰلِحِيْنَ ۞

وَنُوْحًا إِذْ نَادَى مِنْ قَبُلُ فَاسْتَجَبْنَا لَهُ فَنَجَّيُنَهُ وَ اَهْلَهُ مِنَ الْكَرْبِ الْعَظِيْمِ ﴿

وَنَصَرُنَاهُ مِنَ الْقَوْمِ الَّذِينَ كَنَّ بُوْابِ لَيْنَا ﴿ النَّانِيَا ﴿ النَّامُ النَّانُ الْمُ النَّامُ الْمُنَامُ النَّامُ الْمُنَامُ النَّامُ الْمُنْ الْمُعْمُولُمُ النَّامُ النَّامُ الْمُنْمُ الْمُنْامُ الْمُلْمُ الْمُنْمُولُمُ الْمُعْمُولُمُ الْمُعْمُولُمُ الْمُعْمُولُمُ

وَ دَاؤُدَ وَ سُلَيْلُنَ إِذْ يَحُكُلُنِ فِي الْحَرْثِ إِذْ نَفَشَتُ فِيْهِ غَنَمُ الْقَوْمِ ۚ وَكُنَّا لِحُكْمِهِمُ شِهِدِيْنَ ۞

فَفَهَّمْنَهَا سُلَيْمُنَ ، وَكُلَّا التَيْنَا حُكُمًا وَعِلْمًا لَا اللَّهُ اللَّهُ الْعَلَادُ الْمِبَالَ يُسَبِّحُنَ وَالطَّيْرُ الْمُ

১। ওটা ছিল আঙ্গুরের ক্ষেত্র বা বাগান। ঐ বাগানটিকে বকরীগুলি নষ্ট করে দেয়। দাউদ (আলাইহিস্
সালাম) ফায়সালা দেন যে, বাগানের ক্ষতিপূরণ স্বরূপ বকরীগুলি বাগানের মালিক পেয়ে যাবে। সূলায়মান
(আলাইহিস্ সালাম) এই ফায়সালা গুনে আর্য করলেন। হে আল্লাহ্র নবী (আলাইহিস্ সালাম)! এটা ছাড়া
অন্য একটা ফায়সালা করা যেতে পারে। তো দাউদ (আলাইহিস্ সালাম) উত্তরে বললেন, "ওটা কি?" তিনি
জ্বাব দিলেনঃ "প্রথমত বকরীগুলি বাগানের মালিকের হাতে সমর্পণ করা হোক। সে ওগুলি দ্বারা ফায়দা
উঠাতে থাকবে। আর বাগান বকরীর মালিককে দেয়া হোক। সে আঙ্গুরের চারার খিদমত করতে থাকবে।
অতঃপর যখন আঙ্গুরের গাছ গুলি ঠিক ঠাক হয়ে যাবে এবং পূর্বের অবস্থায় ফিরে আসবে তখন বাগানের
মালিককে বাগান ফিরিয়ে দেয়া হবে এবং বাগানের মালিকও বকরীগুলি, বকরীর মালিককে ফিরিয়ে দিবে।"
এই আয়াতের ভাবার্থ এটাই। (তাফসীর ইবনে কাসীর)

আমি পর্বত ও পাখিদের জন্যে নিয়ম করে দিয়েছিলাম যেন ওরা দাউদের (अध्या) সাথে আমার পবিত্রতা ও মহিমা ঘোষণা করে; আমিই ছিলাম এই সবের কর্তা।

৮০. আমি তাকে তোমাদের জন্যে বর্ম নির্মাণ শিক্ষা দিয়েছিলাম, যাতে ওটা তোমাদের যুদ্ধে তোমাদেরকে রক্ষা করে; সুতরাং তোমরা কি কৃতজ্ঞ হবে না?

৮১. এবং সুলাইমানের (সাট্রা)
বশীভূত করে দিয়েছিলাম প্রবল
বায়ুকে; তা তার আদেশক্রমে
প্রবাহিত হতো সেই দেশের দিকে
যেখানে আমি কল্যাণ রেখেছি;
প্রত্যেক বিষয় সম্পর্কে আমি সম্যক
অবগত।

৮২. এবং শয়তানদের মধ্যে কতক তার জন্যে ডুবুরীর কাজ করতো, এটা ছাড়া অন্য কাজও করতো, আমি তাদের দিকে সতর্ক দৃষ্টি রাখতাম।

৮৩. আর (স্মরণ কর) আইয়ুবের (প্র্ট্রা) কথা, যখন সে তার প্রতিপালককে আহ্বান করে বলেছিলেনঃ আমি দুঃখ-কষ্টে পড়েছি, আপনি তো দরালুদের মধ্যে সর্বশ্রেষ্ঠ দয়াল।

৮৪. তখন আমি তাঁর ভাকে সাড়া দিলাম, তাঁর দুঃখ-কষ্ট দূরীভূত করে وَكُنَّا فَعِلِيْنَ @

وَعَلَّمُنْهُ صَنْعَةَ لَبُوْسٍ لَكُمُ لِتُحْصِنَكُمْ مِّنَ بَأْسِكُمْ ۚ فَهَلَ ٱنْتُمُ شَكِرُونَ۞

وَلِسُكِيْهُانَ الرِّيْحَ عَاصِفَةً تَجُرِى بِالْمُرِهَ إِلَى الْاَرْضِ الَّتِى لِرَكْنَا فِيهَا ﴿ وَكُنَّا بِكُلِّ شَيْءٍ عٰلِمِيْنَ ۞

وَمِنَ الشَّـٰ لِطِيْنِ مَنْ يَّغُوْصُونَ لَـٰذُو يَعْمَلُونَ عَمَلًا دُوْنَ ذٰلِكَ ۚ وَكُنَّا لَهُمُ حٰفِظِيْنَ ﴿

وَ ٱلْيُوْبَ إِذْ نَادَى رَبَّكَ آنِيٌّ مَسَّنِىَ الضُّرُّ وَ ٱنْتَ ٱرْحَمُ الرِّحِيئِنَ ۖ

فَاسْتَجَبْنَا لَهُ فَكَشَفْنَا مَا بِهِ مِنْ ضُرِّرً وَ اتَّيْنَهُ

১। অবাধ্য শয়তানদেরকেও আল্লাহ্ তা'আলা তাঁর অনুগত করে দিয়েছিলেন। তাঁর জন্য ডুবুরীর কাজ করত। তারা সমূদ্রে ডুব দিয়ে ওর তলদেশ হতে যণি-মুক্তা বের করে আনতো। এছাড়াও আরো বহু কাজ করতো। যেমন প্রাসাদ নির্মাণ ইত্যাদি। তাদেরকে শিকলে আবদ্ধ রাখা হতো। (তাকসীর ইবনে কাসীর)

619

দিলাম, আর তার পরিবার পরিজনকে তাঁর নিকট ফিরিয়ে দিয়েছিলাম। তাদের সাথে তাদের মত আরো দিয়েছিলাম আমার বিশেষ রহমত এবং ইবাদতকারীদের জন্যে উপদেশ। ৮৫. আর (স্মরণ কর) ইসমাইল (মুদ্রা) ইদরীস (XXIEII) যুলকিফল-এর কথা তাদের প্রত্যেকেই ছিলেন ধৈর্যশীল।

৮৬ এবং তাদেরকে আমি আমার করেছিলাম. অনুগ্ৰহভাজন ভাঁবা ছিলেন সং কর্মপরায়ণ।

৮৭, আর (স্মরণ কর) যুন-নুন (ইউনুস)-এর কথা, যখন তিনি ক্রোধভরে বের হয়ে গিয়েছিলেন এবং মনে করেছিলেন আমি উপর কোন ক্ষমতা রাখি না: অতঃপর তিনি অন্ধকার হতে সত্য আহ্বান করেছিলেনঃ আপনি ছাডা কোন (সত্য) মা'বুদ নেই; আপনি পবিত্ৰ, আমিতো মহান; অত্যাচারীদের একজন।

৮৮, তখন আমি তাঁর ডাকে সাডা দিয়েছিলাম এবং তাঁকে উদ্ধার করেছিলাম দুশ্চিন্তা হতে এভাবেই আমি মু'মিনদেরকে উদ্ধার করে থাকি।

৮৯. এবং (স্মরণ কর) যাকারিয়ার (র্ম্প্রা) কথা, যখন তিনি তাঁর প্রতিপালককে আহ্বান করে বলেছিলেনঃ হে আমার প্রতিপালক! আমাকে একা (সন্তানহীন) দিওনা আপনিই সর্বোন্তম এবং উত্তরাধিকারী।

اَهْ لَهُ وَمِثْلُهُمْ مَّعَهُمْ رَحْمَةً مِّنْ عِنْهِاناً وَذِكُرُى لِلْعِبِدِيْنَ ٠

> وَإِسْلِعِيْلَ وَإِدْرِئِينَ وَذَا الْكِفْلِ ط كُلُّ مِّنَ الصِّيرِينَ ﴿

وَ أَذْخَلْنَهُمْ فِي رَحْبَتِنَا مِ إِنَّهُمْ مِّنَ الصَّلِحِيْنَ ﴿

وَ ذَا النُّونِ إِذْ ذَّهَبَ مُعَاضِبًا فَظَنَّ آنُ لَنْ نَّقُ بِارَ عَلَيْهِ فَنَادَى فِي الظُّلُبِ أَنُ لاَّ إِلٰهَ إِلَّا اَنْتَ سُيُحٰنَكَ ۗ إِنِّي كُنْتُ مِنَ الظُّلِيدِينَ ﴿

> فَاسْتَجَيْنَا لَهُ ﴿ وَنَجَّيْنُهُ مِنَ الْغَمِّهُ وَكُذَٰ لِكَ نُكْجِي الْمُؤْمِنِيُنَ ۞

وَزُكُرِيًّا إِذْ نَادَى رَبُّهُ رَبٍّ لَا تَذَرْنِي فَرْدًا و آنت خَيْرُ الورثِين اللهِ

৯০. অতঃপর আমি তাঁর আহ্বানে সাঁড়া দিয়েছিলাম এবং তাঁকে দান করেছিলাম ইয়াহইয়াকে (ৼুট্রা), আর তাঁর জনো স্ত্রীকে যোগতো সম্পন্ন করেছিলাম; তাঁরা সৎকর্মে প্রতিযোগিতা করতেন, তাঁরা আমাকে ডাকতেন আশা ও ভীতির সাথে এবং

৯১. আর (স্মরণ কর) সেই নারীকে (মারয়ামকে) যিনি নিজ সতীত্তকে রক্ষা করেছিলেন, অতঃপর তার মধ্যে আমি আমার রূহু হতে ফু'কে দিয়েছিলাম এবং তাঁকে ও তাঁর পুত্রকে করেছিলাম বিশ্ববাসীর জন্য এক নিদর্শন।

তারা ছিলেন আমার নিকট বিনীত।

৯২. এ হচ্ছে তোমাদেরই জাতি এটা তো একই জাতি এবং আমিই তোমাদের প্রতিপালক, অতএব আমারই ইবাদত কর।

৯৩. কিন্তু নিজেদের মানুষ কার্যকলাপে পরস্পরের মধ্যে মতভেদ সৃষ্টি করেছে; প্রত্যেকেই আমার নিকট প্রত্যাবর্তনকারী।

৯৪. সুতরাং যদি কেউ মু'মিন হয়ে সৎকর্ম করে তবে তার কর্ম প্রচেষ্টা অগ্রাহ্য হবে না এবং আমি তো তা লিখে রাখি।

৯৫. যে জনপদকে আমি ধ্বংস করেছি তার সম্পর্কে নিষেধাজ্ঞা রয়েছে যে, তার অধিবাসীবৃন্দ ফিরে আসবে না ।

৯৬. এমন কি যখন ইয়াজুজ ও মা'জুজকে মুক্তি দেয়া হবে এবং فَاسْتَجَيْنَا لَهُ ﴿ وَوَهَيْنَا لَهُ يَحْيِي وَأَصْلَحْنَا لَهُ زَوْجَهُ ﴿ إِنَّهُمْ كَانُواْ يُسْرِعُونَ فِي الْخَيْرَتِ وَ يَذُعُونَنَا رَغَيًّا وَّرَهَيًّا لِهِ كَانُواْ لِنَا خِشِعِيْنَ ٠

اقترب للناس 1

وَالَّكِيُّ آخْصَنَتْ فَرْجَهَا فَنَفَخْنَافِيْهَا مِنْ رُّوحِناً وَجَعَلْنُهَا وَانْنَهَا أَنَةً لِلْعَلَدِينَ ١

إِنَّ هٰذِهَ ٱمَّتُكُمُ ٱمَّةً وَّاحِدَةً ۗ وَّاكَا رَبُّكُمُ فَاعْبُكُ وَنِ ﴿

وَ تَقَطَّعُوْاَ اَمُرَهُمْ بَيْنَهُمْ لِأَيُّكُ لِاَيْنَا رَجِعُونَ ﴿

فَمَنْ يَعْمَلُ مِنَ الصَّلِحْتِ وَهُوَ مُؤْمِنٌ فَلا كُفْرَانَ لِسَعْيه و وَإِنَّا لَهُ كُتِبُونَ ٠

وَحَارُمٌ عَلَىٰ قَرْيَةٍ آهُلَكُنْهَا ٓ اَنَّهُمُ لَا يُرْجِعُونَ ®

حَتَّى إِذَا فُتِحَتْ يَأْجُوْجُ وَمَأْجُوْجُ وَهُوْمِ مِّنْ كُلِّ

621

তারা প্রত্যেক উঁচু ভূমি হতে ছুটে আসবে।

৯৭. সত্য প্রতিশ্রুতির সময় আসনু হলে অকস্মাৎ কাফিরদের চক্ষু স্থির হয়ে যাবে, তারা বলবেঃ হায় দুর্ভোগ আমাদের! আমরা তো ছিলাম এ বিষয়ে উদাসীন: বরং আমরা তো যালিম ছিলাম।

৯৮. তোমরা এবং আল্লাহর পরিবর্তে তোমরা যাদের ইবাদত কর সেগুলি তো জাহান্লামের ইন্ধন; তোমরা সবাই তাতে প্রবেশ করবে।

৯৯. যদি তারা উপাস্য হতো তবে তারা জাহান্লামে প্রবেশ করতো নাঃ তাদের সবাই তাতে স্থায়ী হবে।

থাকবে সেথায় 200. তাদের আর্তনাদ এবং সেথায় তারা কিছুই শুনতে পাবে না।

১০১. যাদের জন্যে আমার নিকট থেকে পূর্ব হতে কল্যাণ নির্ধারিত রয়েছে, তাদেরকে উহা হতে (জাহান্নাম) দূরে রাখা হবে।

১০২. তারা তার (জাহান্লামের) ক্ষীণতম শব্দও শুনতে পাবে না এবং সেথায় তারা তাদের মন যা চায় চিরকাল তা ভোগ করবে।

১০৩. মহাভীতি তাদেরকে চিন্তাযুক্ত করবে না এবং ফেরেশতারা তাদেরকে অভ্যর্থনা দিবেন, এটা সেই দিন যার প্রতিশ্রুতি তোমাদেরকে দেয়া হয়েছিল।

১০৪. সেদিন আমি আকাশকে গুটিয়ে ফেলবো, যেভাবে গুটানো হয় حَكَابِ يَنْسِلُونَ 🛈

اقترب للناس ١٤

وَاقْتَرَبَ الْوَعْلُ الْحَقُّ فَإِذَا هِيَ شَاخِصَةٌ أَبْصَارُ الَّذِيْنَ كَفَرُوا اللَّهِ يُلِنَا قَلُ كُنًّا فِي غَفْلَةٍ مِّنَ هٰذَا بَلُ كُنَّا ظٰلِمِيْنَ @

إِنَّكُمْ وَمَا تَعْيُدُونَ مِنْ دُونِ اللَّهِ حَصَبُ جَهَنَّهُ م أَنْتُهُ لَهَا وَدِدُونَ ٠

لَوْ كَانَ هَؤُلآءِ الِهَةُ مَّا وَرَدُوْهَا ۗ وَكُلُّ فِيْهَا خْلْدُونَ 🖲

لَهُمْ فِيهَا زَفِيْرٌ وَهُمْ فِيهَا لا يَسْمَعُونَ ٠

إِنَّ الَّذِينَ سَبَقَتُ لَهُمْ مِّنَّا الْحُسْنَىٰ أُولَيِكَ عَنْهَا ووروور الا مبعلون(۱۱۰)

لاَيَسْمَعُونَ حَسِيْسَهَا ۚ وَهُمْ فِي مَا اشْتَهَتُ انفسفم خلاون 🖫

> لايحُزُنُهُمُ الْفَزَعُ الْأَكْبَرُ وَتَتَكَفُّهُمُ الْمَلْيِكَةُ وَهٰنَا يَوْمُكُمُ الَّذِي كُنْتُمُ وورو ور گوعلون 💬

يَوْمَ نَطْوِي السَّبَآءَ كَكُلِّي السِّجِلِّ لِلْكُتُبُ ط

اقترب للنأس 14

লিখিত দক্ষতর; যেভাবে আমি সৃষ্টির সূচনা করেছিলাম, সেভাবে পুনরায় সৃষ্টি করবো; প্রতিশ্রুতি পালন আমার কর্তব্য, আমি এটা পালন করবই।

১০৫. আর আমি নাযিলকৃত কিতাবে লিখে দিয়েছি এই উপদেশের পর যে, আমার সংকর্মশীল বান্দারা পৃথিবীর অধিকারী হবে।

১০৬. এতে রয়েছে বাণী সেই সম্প্রদায়ের জন্যে যারা ইবাদত করে। ১০৭. আমি তো তোমাকে বিশ্বজগতের প্রতি শুধু রহমত রূপেই প্রেরণ করেছি।

১০৮. বলঃ আমার প্রতি ওহী হয় যে, তোমাদের মা'বৃদ একই মা'বৃদ, সুতরাং তোমরা কি আত্মসমর্পণ-কারী হবে?

১০৯. যদি তারা মুখ ফিরিয়ে নেয় তবে তুমি বলােঃ আমি তােমাদেরকে যথাযথভাবে জানিয়ে দিয়েছি এবং তােমাদেরকে যে বিষয়ের প্রতিশ্রুতি দেয়া হয়েছে, আমি জানি না, তা নিকটবর্তী না দূরবর্তী।

১১০. তিনি জানেন যা উচ্চস্বরে ব্যক্ত এবং যা তোমরা গোপন কর।

১১১. আমি জানি না হয়তো এটা তোমাদের জন্যে এক পরীক্ষা এবং জীবনোপভোগ কিছু কালের জন্যে।

১১২. রাসূল বলেছিলেনঃ হে আমার প্রতিপালক! আপনি ন্যায়ের সাথে ফায়সালা করে দিন, আমাদের প্রতি-পালক তো দয়াময়, তোমরা যা বলছো সে বিষয়ে একমাত্র সহায়স্থল তিনিই। كَمَا بَكَ أَنَا آوَّلَ خَلْقِ نُعِيدُهُ لا وَعُدَّا عَلَيْنَا لا اللهِ عَلَيْنَا لا اللهِ اللهِ عَلَيْنَا لا اللهِ اللهِ عَلَيْنَا لا اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ ال

وَلَقَکْ كَتَبُنَا فِي الزَّبُوْدِ مِنْ بَعْدِ الذِّكْدِ اَنَّ الْاَرْضَ يَوِثُهَا عِبَادِيَ الصَّلِحُونَ ؈

اِتَّ فِي هٰذَا لَبَلْغًا لِقُوْمٍ عْبِدِيْنَ هُ

وَمَا آرْسَلْنُكَ إِلاَّ رَحْمَةً لِلْعُلَمِيْنَ ٠

قُلُ إِنَّمَا يُوْخَى إِلَىّٰ اَنَّهَاۤ اِلْهُكُمُ اِلَٰهُ وَّاحِدٌ ۗ فَهَلُ اَنْتُهُمْ مُّسْلِمُوْنَ ۞

فَإِنْ تَوَلَّوُا فَقُلُ اذَنْتُكُمُ عَلَى سَوَآءٍ ﴿ وَإِنْ اَذُنْتُكُمُ عَلَى سَوَآءٍ ﴿ وَإِنْ اَدُرِئَى اَقَرِيْتُ اَمُ بَعِيْدٌ مَّا تُوْعَدُونَ ۗ

إِنَّهُ يَعُلَمُ الْجَهُرَمِنَ الْقَوْلِ وَيَعْلَمُ مَا تَكْتُنُونَ ﴿

وَإِنْ اَدْرِي لَعَلَّا فِتْنَةً لَّكُمْ وَمَتَاعً إِلَى عِلْمِينَ ﴿ لَكُمْ وَمَتَاعٌ إِلَى عِنْنِ ﴿

قُلَ رَبِّ احْكُمْ بِالْحَقِّ وَرَبُّنَا الرَّحُلُنُ الْمُسْتَعَانُ عَلَى مَا تَصِفُونَ ﴿

সুরাঃ হাজ্জ, মাদানী

(আয়াতঃ ৭৮. রুক্'ঃ ১০)

দ্য়াম্য়, প্রম দ্য়ালু আল্লাহর নামে (শুরু করছি)।

১ হে মানবমগুলী! তোমরা ভয় তোমাদের প্রতিপালককে: করো নিঃসন্দেহে কিয়ামতের প্রকম্পন এক ভয়ানক ব্যাপার।

২. যেদিন তোমরা তা প্রত্যক্ষ করবে সেই দিন প্রত্যেক স্তন্যদাত্রী উদাসীন হয়ে যাবে তার দুগ্ধপোষ্য শিশু হতে এবং প্রত্যেক গর্ভবতী তার গর্ভপাত করে ফেলবে; মানুষকে দেখবে মাতাল সদৃশ, যদিও তারা নেশা গ্রস্ত নয়; বম্ভতঃ আল্লাহর শাস্তি কঠিন।

- ৩. মানুষের কতক অজ্ঞানতাবশতঃ আল্লাহ সম্বন্ধে বিতন্তা করে এবং বিদ্রোহী অনুসরণ করে প্রত্যেক শয়তানের।
- 8. তার সম্বন্ধে এই নিয়ম করে দেয়া হয়েছে যে. যে কেউ তার সাথে বন্ধত করবে সে তাকে পথভ্রষ্ট করবে পরিচালিত এবং তাকে করবে জাহান্নামের শাস্তির দিকে।
- ৫. হে মানুষ! পুনরুত্থান সম্বন্ধে যদি সন্দিহান তোমরা হও (অনুধাবন কর) আমি তোমাদেরকে সৃষ্টি করেছি মৃত্তিকা হতে, তারপর ভক্র হতে, তারপর রক্তপিভ হতে. তারপর পূর্ণাকৃতি বা অপূর্ণাকৃতি মাংসপিভ হতে: তোমাদের নিকট

سُوْرَةُ الْحَجِّ مَكَ نِيَّةً المَا لَقُ الْمُ رَكُّ وَالْمُوا اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّ يشيمر الله الرَّحْين الرَّحِيْمِ

يَايُّهُا النَّاسُ اتَّقُوا رَبُّكُمُ ۚ إِنَّ زَلْزَلَةَ السَّاعَةِ شَيْءٌ عَظِيْمٌ ١

اقترب للنأس 14

رُوْمَ تَرَوْنَهَا تَنْهَلُ كُلُّ مُرْضِعَةٍ عَبَّا اَرْضَعَتْ وَتَضَعُ كُلُّ ذَاتِ حَمْلِ حَمْلَهَا وَتُرَى النَّاسَ سُكَاي وَمَا هُمْ بِسُكَاي وَلَكِنَّ عَنَابَ اللهِ شَرِيْدُ ۞

وَمِنَ النَّاسِ مَنْ يُجَادِلُ فِي اللَّهِ بِغَيْرِ عِلْمٍ وَّ يَتَبِعُ كُلُّ شَيْطِن مَّرِيْنِ ﴿

كُتِبَ عَلَيْهِ أَنَّهُ مَنْ تَوَلَّاهُ فَأَنَّهُ يُضِلُّهُ وَيَهُدِينِهِ إِلَى عَذَابِ السَّعِيْرِ ۞

يَايُّهَا النَّاسُ إِنْ كُنُتُمُ فِي رَبْبٍ مِّنَ الْبَعْثِ فَإِنَّا خَلَقُناكُمْ مِّن ثُرَابٍ ثُمَّ مِن نُّطُفَةٍ ثُمَّ مِنْ عَلَقَةٍ ثُمَّ مِنْ مُّضْغَةٍ مُّخَلَّقَةٍ وَّغَيْر مُخَلَّقَةٍ لِنُبَيِّنَ لَكُمْ طَوَ نُقِرُّ فِي الْأَرْحَامِ

624

مَا نَشَآءُ إِنَّى آجَلِ مُسَتَّى ثُمَّ نُخْرِجُكُمُ طِفُلًا ثُمَّ لِتَبْلُغُوْآ اَشُكَّاكُمْ ۚ وَمِنْكُمْ مَّنُ يُّتَوَفِّي وَمِنْكُمُ مَّنُ يُّرِدُ إِلَّى أَرْذَلِ الْعُمُرِ لِكَيْلًا يَعْلَمَ مِنْ بَعْدِ عِلْمِ شَيْئًا ﴿ وَ تُرَى الْأَرْضَ هَامِدَةً فَإِذَآ اَنْزَلْنَاعَلَيْهَا الْمَاءَ اهْتَزَّتُ وَرَبَّتُ وَانْلِكَتُ مِنْ كُلِّ زَوْجٍ بَهِيُج ۞

اقترب للناس14

ব্যক্ত করবার জন্যে: আমি যা ইচ্ছা করি তা এক নির্দিষ্ট কালের জন্যে মাতৃগর্ভে স্থিত রাখি, তারপর আমি তোমাদেরকে শিশুরূপে বের করি. পরে যাতে তোমরা পরিণত বয়সে উপনীত হও: তোমাদের মধ্যে কারো কারো মৃত্যু ঘটানো হয় এবং তোমাদের মধ্যে কাউকেও প্রত্যাবৃত্ত করা হয় অকর্মণ্য বয়সে যার ফলে, তারা যা কিছু জানতো সে সম্বন্ধে তারা সজ্ঞান থাকে না। তুমি ভূমিকে দেখো শুষ্ক, অতঃপর তাতে আমি পানি বর্ষণ করলে তা শস্য-শ্যামল হয়ে আন্দোলিত ও স্ফীত হয় এবং উদগত করে সর্বপ্রকার নয়নাভিরাম উদ্ভিদ।

৬. এটা এ জন্যে যে, আল্লাহ সত্য এবং তিনিই মৃতকে জীবন দান তিনি সর্ববিষয়ে করেন এবং শক্তিমান ৷

৭. আর কিয়ামত অবশ্যম্ভাবী, এতে কোন সন্দেহ নেই এবং কবরে যারা তাদেরকে আল্লাহ নিশ্চয় পুনরুখিত করবেন।

ذٰلِكَ بِأَنَّ اللَّهَ هُوَ الْحَقُّ وَ أَنَّهُ يُخِي الْمَوْتَى وَٱنَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَبِ يُرُّ ﴿

وَّأَنَّ السَّاعَةَ أَتِيكُ لَّا رَيْبَ فِيْهَا ﴿ وَأَنَّ اللَّهُ يَبْعَثُ مَنْ فِي الْقُبُورِ ۞

১। আব্দুল্লাহ্ ইবনে মাসউদ (রাযিআল্লাহু আনহু) বর্ণনা করেন, সত্যবাদী মূর্ত প্রতীক রাসূলুল্লাহ (সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্পাম) বলেছেনঃ তোমাদের প্রত্যেকের সৃষ্টির উপাদান (শুক্র) মাতৃগর্ভে চল্লিশ দিন পর্যন্ত জমাট বাঁধতে থাকে। তারপর তা অনুরূপভাবে (চল্লিশ দিনে) জমাটবদ্ধ রক্তপিন্ডে রূপ নেয়। পুনরায় তদ্ধপ (চল্লিশ দিন) গোশতের টুকরায় পরিণত হয়। অতপর আল্লাহ্ চারটি কথার নির্দেশসহ তার কাছে ফেরেশতা পাঠান। সে তার আমল, মৃত্যু, রিঘিক এবং পাপিষ্ঠ হবে না- কি নেক্কার, এসব লিখে দেয়। এরপর তার মধ্যে 'রহ' ফুঁকে দেয়া হয়। (জন্মের পর) এক ব্যক্তি একজন জাহান্নামীর ন্যায় ক্রিয়াকান্ড করতে থাকে। এমন কি তার ও জাহান্নামের মধ্যে মাত্র এক হাতের ব্যবধান রয়ে যায়। এমনি মুহুর্তে তার (নিয়তির) লিখন এগিয়ে আসে। তখন সে জান্নাতবাসীদের অনুরূপ আমল (কাজকর্ম) করে যায় এবং (পরিণতিতে) জান্নাতে প্রবেশ করে। আর এক ব্যক্তি (ওরুতে) জান্নাতবাসীরই অনুরূপ আমল করে। এমনিভাবে তার ও জানাতের মাঝখানে মাত্র এক হাতের দূরত্ব থেকে যায়। এমনি সময় তার ওপর তার (ভাগ্যের) লিখন এগিয়ে আসে। তখন সে জাহান্নামীদের অনুরূপ কাজকর্ম গুরু করে দেয়। (ফলে) সে জাহান্নামী হয়। (বুখারী, হাদীস নং ৩৩৩২)

৮. মানুষের মধ্যে কেউ কেউ আল্লাহ সম্বন্ধে বিতণ্ড করে, তাদের না আছে জ্ঞান, না আছে পথ নির্দেশ, না আছে কোন দ্বীপ্তিমান কিতাব।

৯. সে বিতপ্তা করে ঘাড় বাঁকিয়ে, লোকদেরকে আল্লাহর পথ হতে ভ্রষ্ট করার জন্যে; তার জন্যে লাঞ্ছনা আছে ইহলোকে এবং কিয়ামতের দিবসে আমি তাকে আস্বাদন করাবো জ্বলম্ভ আগুনের শাস্তি।

১০. এটা তোমার কৃতকর্মেরই ফল, নিশ্চরই আল্লাহ বান্দাদের প্রতি অত্যাচার করেন না।

১১. মানুষের মধ্যে কেউ কেউ আল্লাহর ইবাদত করে দ্বিধার সাথে; তার মঙ্গল হলে তাতে প্রশান্তি লাভ করে এবং কোন বিপর্যয় ঘটলে সে তার পূর্বাস্থায় ফিরে যায়; সেক্ষতিগ্রস্ত হয় দুনিয়াতে ও আখেরাতে; এটাই তো সুস্পষ্ট ক্ষতি।

১২. সে আল্লাহর পরিবর্তে এমন কিছুকে ডাকে যা তার কোন অপকার করতে পারে না, উপকারও করতে পারে না, এটাই চরম বিভ্রান্তি।

১৩. সে ডাকে এমন কিছুকে যার ক্ষতিই তার উপকার অপেক্ষা নিকটতর; কত নিকৃষ্ট এই অভিভাবক এবং নিকৃষ্ট এই সহচর!

১৪. যারা ঈমান আনে ও সংকর্ম করে আল্লাহ তাদেরকে দাখিল করবেন জান্নাতে, যার নিম্নদেশে নদীসমূহ প্রবাহিত; আল্লাহ যা ইচ্ছা তা-ই করেন। وَمِنَ النَّاسِ مَنْ يُّجَادِلُ فِى اللَّهِ بِغَيْرِ عِلْمِهِ وَّلَا هُدًى وَّلاَ كِتْبٍ مُّنِيْرٍ ﴿

ثَانِيَ عِطْفِهِ لِيُضِلَّ عَنْ سَبِيْلِ اللهِ طَ لَهُ فِي اللَّانُيَا خِزُئٌ وَّ نُذِينُقُهُ يَوْمَر الْقِلْمَةِ عَذَابَ الْحَرِيْقِ ۞

ذٰلِكَ بِمَا قَدَّمَتُ يَلْكَ وَاَنَّ اللهَ لَيْسَ بِظَلَّامِرِ تِلْعَبِيْدِ أَنَّ

وَمِنَ النَّاسِ مَنُ يَعُبُدُ الله عَلَى حَرْفٍ ۚ فَإِنْ اَصَابَتُهُ فِتُنَهُ الله عَلَى حَرْفٍ ۚ فَإِنْ اَصَابَتُهُ فِتُنَهُ الصَّابَتُهُ فِتُنَهُ الصَّابَةُ فَوْتُنَهُ وَالْفَرْدَةَ اللهِ اللهُ نُيّا وَالْافِرَةَ اللهِ اللهُ نَيّا وَالْافِرَةَ اللهِ اللهُ نَيّا وَالْافِرَةَ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ الله

يَدُعُوْا مِن دُوْنِ اللهِ مَا لاَ يَضُرُّهُ وَمَا لاَ يَضُرُّهُ وَمَا لاَ يَضُرُّهُ وَمَا لاَ يَضُرُّهُ وَمَا لاَ يَنْفَعُهُ هُ وَلِكَ هُوَ الضَّلْلُ الْبَعِيْدُ شَ

يَدُعُوالكَنُ ضَرُّةَ اَقُرَبُ مِنْ تَّفُعِهِ ﴿ لَبِئُسَ الْمَوُلَى وَلَبِئُسَ الْعَشِيْرُ ﴿

اِتَّاللَّهَ يُدُخِلُ الَّذِيْنَ اَمَنُوْا وَعَبِلُوا الصَّلِطَتِ جَنَّتٍ تَجُوِىُ مِنْ تَحْتِهَا الْأَنْهُرُ لَّ إِنَّ اللَّهَ يَفْعَلُ مَا يُرِيْدُ ﴿ ১৫. যে মনে করে, আল্লাহ তাঁকে (রাসূলকে) কখনই দুনিয়া ও আখেরাতে সাহায্য করবেন না, সে আকাশ পর্যন্ত একটি রশি টেনে দিক, পরে তা বিচ্ছিন্ন করুক; অতঃপর দেখুক তার প্রচেষ্টা তার আক্রোশের হেতু দূর করে কিনা।

১৬. এভাবেই আমি সুস্পষ্ট নিদর্শনরূপে ওটা অবতীর্ণ করেছি, আর আল্লাহ যাকে ইচ্ছা সৎপথ প্রদর্শন করেন।

১৭. যারা ঈমান এনেছে এবং যারা ইয়াহুদী হয়েছে, যারা সাবিয়ী, খ্রিস্টান, অগ্নিপৃজক এবং যারা মুশরিক হয়েছে কিয়ামতের দিন আল্লাহ তাদের মধ্যে ফায়সালা করে দিবেন; নিশ্চয়ই আল্লাহ প্রত্যেক জিনিসের উপর সাক্ষী।

১৮. তুমি কি দেখো না যে, আল্লাহকে সিজদা করে, যা কিছু আছে আকাশমণ্ডলীতে ও পৃথিবীতে, সূর্য, চন্দ্র, নক্ষত্রমণ্ডলী, পর্বতরাজী, বৃক্ষলতা, জীবজম্ভ এবং সিজদা করে মানুষের মধ্যে অনেকে? আর অনেকের প্রতি অবধারিত হয়েছে শান্তি; আল্লাহ যাকে হেয় করেন তার সম্মানদাতা কেউই নেই; আল্লাহ যা ইচ্ছা তা করেন।

১৯. এরা দু'টি বিবাদমান পক্ষ।
তারা তাদের প্রতিপালক সম্বন্ধে
বিতর্ক করে; যারা কুফরী করে
তাদের জন্য প্রস্তুত করা হয়েছে
আগুনের পোশাক; তাদের মাথার
উপর ঢেলে দেয়া হবে ফুটস্ত পানি।

مَنْ كَانَ يَظُنُّ أَنُ لَّنُ يَّنُصُرَهُ اللهُ فِاللَّانِيَا وَالْإِخْرَةِ فَلْيَمُنُدُ بِسَبَبِ إِلَى السَّمَاءِ ثُمَّ لُيَقُطَعُ فَلْيَنْظُرُ هَلُ يُذُهِبَنَّ كَيْدُهُ مَا يَغِيْظُ @

وَكَانْ لِكَ اَنْزَلْنَاهُ الْيَتِ بَيِّنْتٍ لَاقَاتَ اللَّهَ يَهُدِيُ مَنْ يُبُرِيْنُ ﴿

إِنَّ الَّذِيْنَ اَمَنُوا وَ الَّذِيْنَ هَادُوا وَ الصَّبِعِيْنَ وَالتَّهِيِيْنَ وَالتَّهِيِيْنَ وَالنَّطِرِي وَالنَّطِرِي وَالْمَجُوسَ وَالَّذِيْنَ اَشُرَكُوْ آَ اللَّهَ اللَّهَ عَلَى اللَّهَ يَغُومُ الْقِيلَمَةِ اللَّهَ اللَّهَ عَلَى كُلِّ لَيْنَاهُمْ يَوْمَ الْقِيلَمَةِ اللَّهَ اللَّهَ عَلَى كُلِّ لَيْنَاهُمْ فَيْنُ اللَّهَ عَلَى كُلِّ

اَلَمُ تُكَرَانَ الله يَسَجُلُ لَلاَ مَن فِى السَّلْوِ وَمَنَ فِى الْاَرْضِ وَالشَّلْمُسُ وَالْقَبَرُ وَالنَّجُوْمُ وَالْجِبَالُ وَالشَّجُرُ وَالدَّوَالِّ وَكَثِيْرٌ مِّنَ النَّاسِ طَوَكَثِيرٌ حَقَّ عَلَيْهِ الْعَنَابُ طَوَمَن يُّهِنِ الله فَمَا لَك مِنْ مُّكْرِمٍ طِلِنَّ الله يَفْعَلُ مَا يَشَاعُ أَنَّ

هٰنُ أِن خَصَٰلِنِ اخْتَصَمُّوا فِي رَبِّهِمُ وَ فَالَّذِيْنَ كَفَرُوا قُطِّعَتْ لَهُمُ ثِيَابٌ مِّنْ ثَارٍ لَمُ يُصَبُّ مِنْ فَوْقِ رُءُوسِهِمُ الْحَبِيْمُ أَ

اقترب للنأس 14

২০. যা দারা, তাদের উদরে যা আছে তা এবং তাদের চর্ম বিগলিত করা হবে ৷

২১. আর তাদের জন্যে থাকবে লৌহ হাতুড়িসমূহ।

২২. যখনই তারা যন্ত্রণা কাতর হয়ে জাহান্নাম হতে বের হতে চাইবে তখনই তাদেরকে ফিরিয়ে দেয়া হবে; তাদের বলা হবেঃ আস্বাদন কর দহন-যন্ত্রণা।

২৩. যারা ঈমান আনে ও সৎকর্ম করে, আল্লাহ তাদেরকে দাখিল করবেন জানাতে যার পাদদেশে নদীসমূহ প্রবাহিত, সেথায় তাদেরকে অলংকৃত করা হবে স্বর্ণ-কংকন ও মুক্তা দারা এবং সেথায় তাদের পোশাক-পরিচ্ছেদ হবে রেশমের।

২৪. তাদেরকে পবিত্র (তাওহীদের) বাক্যের দিকে পথ প্রদর্শিত করা হয়েছিল এবং তাদেরকে পরিচালিত করা হয়েছিল পরম প্রশংসাভাজন (আল্লাহর) পথে।

২৫. যারা কুফরী করে এবং মানুষকে নিবৃত্ত করে আল্লাহর পথ হতে ও মসজিদুল হারাম হতে, যা আমি করেছি স্থানীয় ও বহিরাগত সবারই জন্যে সমান, আর যে ইচ্ছা করে সীমালজ্ঞন করে ওতে পাপকার্যের. তাকে আমি আস্বাদন করাবো যন্ত্রণা দায়ক শাস্তি।

২৬. আর (স্মরণ কর,) যখন আমি ইবরাহীমের (২৩৯) জন্যে নির্ধারণ করে দিয়েছিলাম কাবা গৃহের স্থান, يُصْهَرُ بِهِ مَا فِي بُطُونِهِمُ وَالْجُلُودُ ﴿

وَلَهُمُ مَّقَامِعُ مِنْ حَدِيْدٍ ٠

كُلَّمَا آرَادُوْآ آنُ يَخْرُجُوا مِنْهَا مِنْ غَيِّر أُعِيْدُوْا فِيْهَا وَ ذُوْقُوا عَنَابَ الْحَرِيْقِ ﴿

إِنَّ اللَّهَ يُدُخِلُ الَّذِينَ أَمَنُوا وَعَمِلُوا الصَّلِحْتِ جَنَّتٍ تَجْرِىٰ مِنْ تَحْتِهَا الْأَنْهُرُ يُحَلَّوْنَ فِيْهَا مِنُ اَسَاوِرَ مِنْ ذَهَبٍ وَّ لُؤُلُؤًا ﴿ وَلِبَاسُهُمْ فِيُهَا حَرِيْرٌ ﴿

وَهُدُوْ آ إِلَى الطَّيِّبِ مِنَ الْقَوْلِ عَنَّ وَهُدُوْ آ إِلَى صِرَاطِ الْحَييْنِ الْ

إِنَّ الَّذِيْنَ كَفَرُوا وَيَصُلُّونَ عَنْ سَبِيْلِ اللهِ وَالْمُسْجِي الْحَرَامِ الَّذِي كَعَلَّنْهُ لِلنَّاسِ سَوَآءَ الْعَاكِفُ فِيهِ وَالْبَادِ طُوَمَنُ يُرِدُ فِيهِ بِالْحَادِ بِطُلْهِ نُّنِ قُهُ مِنْ عَنَابِ ٱلِيُمِ ۞

وَإِذْ بَوَّأْنَا لِإِبْرُهِ يُمَكَّانَ الْبَيْتِ

(তখন বলেছিলামঃ) যে, আমার সাথে কোন শরীক স্থির করো না এবং আমার গৃহকে পবিত্র রেখো তাদের জন্যে যারা তাওয়াফ করে এবং যারা কিয়াম করে, রুকৃ করে ও সিজদা করে।

২৭. এবং মানুষের কাছে হজ্জের ঘোষণা করে দাও, তারা তোমার কাছে আসবে পদব্রজে ও সর্বপ্রকার ক্ষীণকায় উদ্ভ্রসমূহের পিঠে, তারা আসবে দূর-দূরান্তর পথ অতিক্রম করে।

২৮. যাতে তারা তাদের কল্যাণের জন্য উপস্থিত হতে পারে এবং তিনি তাদেরকে চতুস্পদ জন্ত হতে যা রিযিক হিসেবে দান করেছেন ওর উপর নির্দিষ্ট দিনগুলিতে আল্লাহর নাম উচ্চারণ করতে পারে; অতপর তোমরা ওটা হতে আহার কর এবং দুঃস্থ, অভাব গ্রস্তকে আহার করাও।

২৯. অতঃপর তারা যেন তাদের অপরিচ্ছন্নতা করে তাদের মানত পূর্ণ করে ও তাওয়াফ করে প্রাচীন গৃহের (কাবার)।

৩০. এটাই বিধান এবং কেউ আল্লাহ কর্তৃক নির্ধারিত পবিত্র অনুষ্ঠানগুলির সম্মান করলে তার প্রতিপালকের নিকট তার জন্যে এটাই উত্তম। তোমাদের জন্যে হালাল করা হয়েছে চতুম্পদ জন্তু, এগুলি ব্যতীত যা ٱنۡ لاَ تُشۡرِكَ بِىٰ شَنِئًا وَّطَهِّرْ بَيۡتِىَ لِلطَّآلِفِيۡنَ وَالْقَآلِمِیۡنَ وَالرُّکَعَ السُّجُوْدِ ۞

وَ اَذِّنُ فِي النَّاسِ بِالْحَقِّ يَأْتُوْكَ رِجَالًا وَعَلَىٰ كُلِّ ضَامِرٍ يَّأْتِيْنَ مِنْ كُلِّ فَيٍّ عَمِيْتٍ ﴿

لِّيَشُهَكُوُا مَنَافِعَ لَهُمُ وَيَنُكُرُوا اسْمَاللَّهِ فِيَ اَيَّامِ مَّعُلُوْلَمِ عَلَى مَا رَزَقَهُمُ مِّنُ بَهِيْمَةِ الْاَنْعَامِ فَكُلُوْا مِنْهَا وَاَطْعِمُوا الْبَآلِسَ الْفَقِيْرَ ۞

ثُمَّرُ لَيَقُضُوا تَفَثَّهُمْ وَلَيُوفُوا نُذُورَهُمْ وَلَيَطَّوَّفُواْ بِالْبَيْتِ الْعَتِيْقِ ®

ذَلِكَ ۚ وَمَنُ يُتَعَظِّمُ حُرُمْتِ اللهِ فَهُوَ خَيْرٌ لَّهُ عِنْكَ رَبِّهِ ﴿ وَأُحِلَّتُ لَكُمُ الْاَنْعَامُ الآ مَا يُتْلَى عَلَيْكُمُ فَاجْتَنِبُوا الرِّجْسَ مِنَ الْاَوْثَانِ

১। আবু হুরাইরা (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত, তিনি বলেনঃ রাস্লুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যে ব্যক্তি এ ঘরের (বাইতুল্লাহ্র) হজ্জ করল, কোন অস্ট্রাল কথা বলল না এবং কোন অন্যায় করল না, সে যেন নবজাতক শিশুর ন্যায় নিম্পাপ হয়ে ফিরে আসল। (বুখারী, হাদীস নং ১৮১৯)

তোমাদেরকে পাঠ করে হয়েছে; সুতরাং তোমরা বর্জন কর মূর্তি পূজার অপবিত্রতা এবং দুরে থাকো মিথ্যা কথা হতে।

৩১. আল্লাহর প্রতি একনিষ্ঠ হয়ে. তাঁর কোন শরীক না করে: আর যে কেউ আল্লাহর শরীক করে সে যেন আকাশ হতে পড়লো, অতঃপর পাখি তাকে ছোঁ মেরে নিয়ে গেল, কিংবা বায়ু তাকে উড়িয়ে নিয়ে গিয়ে এক দূরবর্তী স্থানে নিক্ষেপ করলো।

৩২. এটাই আল্লাহর বিধান কেউ আল্লাহর নিদর্শনাবলীকে সম্মান এটাতো করলে তার হৃদয়ের তাকওয়ারই বহিঃপ্রকাশ।

৩৩. এসবগুলোতে তোমাদের জন্যে নানাবিধ উপকার রয়েছে। নির্দিষ্ট কালের জন্যে: অতঃপর ওগুলির কুরবানীর স্থান প্রাচীন গৃহের (কাবার) নিকট।

৩৪. আমি প্রত্যেক সম্প্রদায়ের জন্যে কুরবানীর নিয়ম করে দিয়েছি যাতে আমি তাদেরকে রুখী স্বরূপ যে সব চতুত্পদ জন্তু দিয়েছি সেগুলির উপর আল্লাহর নাম উচ্চরণ করে: তোমাদের মা'বৃদ এক মা'বৃদ। সুতরাং তাঁরই নিকট আতাসমর্পণ কর এবং সুসংবাদ দাও বিনীতজনকে।

৩৫. যাদের হৃদয়ে ভয়-কম্পিত হয় আল্লাহর নাম স্মরণ করা হলে, যারা তাদের বিপদ-আপদে ধৈর্যধারণ করে এবং নামায কায়েম করে ও আমি তাদেরকে যে রিযিক দিয়েছি তা হতে ব্যয় করে।

وَاجْتَنِبُوا قَوْلَ الزُّوْرِ ﴿

حُنَفَاءَ بِللهِ غَيْرَ مُشْرِكِيْنَ بِهِ مُوَمَن يُشْرِكُ باللهِ فَكَانَّبَا خَرَّ مِنَ السَّمَاءِ فَتَخْطَفُهُ الطَّيْرُ ٱوْ تَهُوِى بِهِ الرِّيْحُ فِي مَكَانٍ سَحِيْقٍ ۞

ذٰلكَ وَ وَمَن يُعَظِّمُ شَعَا إِبرَ اللهِ فَإِنَّهَا مِنْ تَقُوى الْقُلُوبِ 🕾

لَكُمْ فِيْهَا مَنَافِعُ إِلَّى آجَلٍ مُّسَمَّى ثُمَّ مَحلُّها إِلَى الْبَيْتِ الْعَتِيْقِ ﴿

وَلِكُلِّ أُمَّةٍ جَعَلْنَا مَنْسَكًا لِّيَنْكُرُوا اسْمَ اللهِ عَلَى مَا زَزَقَهُمْ مِّنْ بَهِيْمَةِ الْأَنْعَامِرُ فَإِلْهُكُمْ إِلَّهُ وَّاحِلٌ فَكَنَّ ٱسْلِمُوا ﴿ وَبَشِّرِ الْمُخْبِتِيْنَ ﴿

الَّيْنِينَ إِذَا ذُكِرَ اللَّهُ وَجِلَتْ قُلُوْبُهُمُ وَالصِّيرِيْنَ عَلَى مَا آصَابَهُمْ وَالْمُقِيْسِ الصَّلْوةِ ﴿ وَمِتَّا رَزَقُنْهُمُ يُنْفِقُونَ ۞

৩৬. এবং (কুরবানীর) উটকে করেছি আল্লাহর নিদর্শনগুলির অন্যতম: তোমাদের জন্যে তাতে মঙ্গল সারিবদ্ধভাবে রয়েছে: সূতরাং দণ্ডায়মান অবস্থায় ওগুলির উপর সময়) (জবাই করার তোমরা আল্লাহর নাম নাও: যখন ওরা কাত হয়ে পড়ে যায় তখন তোমরা তা হতে আহার কর এবং আহার করাও ধৈর্যশীল (সহ্যকারী) অভাবগ্রস্তকে ও ভিক্ষাকারী অভাবগ্রস্তকে; এইভাবে আমি ওদেরকে তোমাদের অধীন করে দিয়েছি যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ কর।

৩৭. আল্লাহর কাছে পৌছে না ওগুলির গোশ্ত এবং রক্ত বরং তাঁর কাছে পৌছে তোমাদের তাকওয়া; এভাবে তিনি এগুলিকে তোমাদের অধীন করে দিয়েছেন যাতে তোমরা আল্লাহর শ্রেষ্ঠত্ব ঘোষণা কর এই জন্যে যে, তিনি তোমাদেরকে পথ প্রদর্শন করেছেন; সুতরাং তুমি সুসংবাদ দাও সংকর্মশীলদেরকে।

৩৮. নিশ্চরই আল্লাহ মু'মিনদের পক্ষ হতে প্রতিহত করেন (তাদের দুশমন হতে)। তিনি কোন বিশ্বাসঘাতক, অকৃতজ্ঞকে পছন্দ করেন না।

৩৯. (যুদ্ধের) অনুমতি দেয়া হলো তাদেরকে যারা আক্রান্ত হয়েছে; কারণ, তাদের প্রতি অত্যাচার করা হয়েছে; আল্লাহ নিশ্চয় তাদেরকে সাহায্য করতে সম্যুক সক্ষম।

8o. তাদেরকে তাদের ঘরবাড়ী হতে অন্যয়ভাবে বহিষ্কৃত করা হয়েছে শুধু وَالْبُدُنِ صَحَكُنْهَا لَكُمْ مِنْ شَعَآبِدِ اللهِ لَكُمْ فِي اللهِ لَكُمْ فِي اللهِ لَكُمْ فِي اللهِ لَكُمْ فَيْ اللهِ عَلَيْهَا صَوَآفَ عَلَيْهَا حَوْلَا اللهِ عَلَيْهَا صَوَآفَ عَلَا اللهِ عَلَيْهَا وَاللهِ عَلَوْا عِنْهَا وَاطْعِمُوا الْقَانِعَ وَالْمُعُتَّدَ وَكُنْ إِلَى سَخْرُنْهَا لَكُمْ الْقَانِعَ وَالْمُعُتَدَ وَكُنْ إِلَى سَخْرُنْهَا لَكُمْ لَا عَلَيْهُ لَا عَلَيْهُ اللهِ عَلَيْهِ اللهِ عَلَيْهِ اللهِ اللهِ اللهِ عَلَيْهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللهُ

كَنْ يَّنَالَ الله لُحُوْمُهَا وَلادِمَا وَهَا وَلكِنَ يَّنَالُهُ التَّقُوٰى مِنْكُمُ لَكَنْ لِكَ سَخَّرَهَا لَكُمْ لِتُكَيِّرُوا الله عَلَى مَا هَلْ لَكُمْ لَو بَشِّرِ الْمُحُسِنِينَ ۞

اِنَّ اللهَ يُلْ فِعُ عَنِ الَّذِيْنَ أَمَنُواْ اللهَ اللهَ لَا يُحِبُّ كُلَّ خَوَّاتٍ كَفُوْدٍ ﴿

أُذِنَ لِلَّذِيْنَ يُقْتَلُونَ بِاَنَّهُمْ ظُلِمُواط وَإِنَّ اللهَ عَلَى نَصْرِهِمْ لَقَدِيْرُ ۖ ﴿

الَّذِيْنَ ٱخْرِجُوا مِنْ دِيَارِهِمْ بِعَيْرِحَقِّ اللَّا

এ কারণে যে, তারা বলেঃ আমাদের প্রতিপালক আল্লাহ; আল্লাহ যদি মানব জাতির এক দলকে অন্য দল দারা প্রতিহত না করতেন, তা হলে বিধ্বস্ত হয়ে যেতো খ্রিস্টান-সংসার বিরাগীদের উপাসনা স্থান্ গীর্জা ইয়াহদীদের উপাসনালয় এবং মসজিদসমূহ যাতে অধিক স্মরণ করা হয় আল্লাহর নাম: আল্লাহ নিশ্চয়ই তাকে সাহায্য করেন যে তাঁকে নিশ্চয়ই সাহায্য করে: আল্লাহ শক্তিমান, পরাক্রমশালী।

8). আমি তাদেরকে পৃথিবীতে প্রতিষ্ঠা দান করলে তারা নামায[্] কায়েম করবে, যাকাত দিবে এবং সং কাজের আদেশ করবে ও অসৎকার্য হতে নিষেধ করবে; সকল কর্মের পরিণাম আল্লাহর ইখতিয়ারে।

8২. এবং লোক যদি তোমাকে অস্বীকার করে (এতে আশ্চার্যের اَنُ يَّقُولُوْ ارَبُّنَا اللهُ طُولُوْ لاَ دَفْعُ اللهِ النَّاسَ بَعُضَهُمْ بِبَعْضِ لَهُ لِآمَتُ صَوَامِعُ وَبِيَعُ بَعْضَهُمْ بِبَعْضِ لَهُ لِآمَتُ صَوَامِعُ وَبِيَعُ وَّ صَلَوْتُ وَ مَسْجِلُ يُنْكَرُونِيهَا السُمُ اللهِ كَثِيرًا طُولَيَنْصُرَنَّ اللهُ مَنْ يَنْصُرُهُ طَلَا إِنَّ اللهَ لَقَوِيُّ عَزِيْزٌ ۞

اَكَّذِيْنَ إِنَّ مَّكَنَّتُهُمْ فِي الْاَدْضِ اَقَامُوا الصَّلُوةَ واٰتَوُا الزَّكُوةَ وَاَمَرُوا بِالْمَعُرُونِ وَنَهَوُا عَنِ الْمُنْكَرِ ﴿ وَلِلّٰهِ عَاقِبَةُ الْاُمُورِ ۞

وَاِنُ يُّكَنِّبُوُكَ فَقَكُ كَنَّبَتُ قَبُلَهُمُ

১। মালেক ইবনে হুয়াইরিশ থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম)-এর কাছে আসলাম। আমরা সবাই সমবয়স্ক, যুবক ছিলাম। আমরা বিশ দিন যাবত তাঁর কাছে ছিলাম। রাস্পুরাহ্ (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) অত্যন্ত সদয় ব্যক্তি ছিলেন। যখন তিনি অনুমান করতে পারলেন, আমরা স্ত্রী-পরিজনের আকাক্ষা করছি এবং তাদের থেকে বিছিন্ন থাকাতে আমরা মানসিকভাবে কষ্টবোধ করছি; তিনি জিজ্ঞেস করলেন, আমরা বাড়িতে কাদের রেখে এসেছি। আমরা তাকে অবহিত করলাম। তিনি বললেন, তোমরা স্ত্রী-পরিজনদের কাছে ফিরে যাও, তাদের সাথে বসবাস করো, তাদেরকে দ্বীনের জ্ঞান দান করো এবং ভাল কাজের নির্দেশ দাও। বর্ণনাকারী বলেন, তিনি আরো কিছু বিষয়ে বলছিলেন; কিন্তু আমি তার কিছু মনে রেখেছি আর কিছু ভুলে গেছি। মহানবী (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) বলেন, আমাকে যেভাবে নামায পড়তে দেখছো ঠিক সেভাবেই নামায় আদায় করো। যখন নামাযের সময় হয় তখন তোমাদের কেউ যেন আযান দেয় এবং অপেক্ষাকৃত বয়স্ক ব্যক্তি যেন ভোমাদের ইমামতি করে। (বুখারা, হাদীস নং ৭২৪৬)

[ৢ]প্রালম বিন আব্দুল্লাহ্ (রাযিআল্লাছ আনহ্) তার পিতা থেকে বর্ণনা করেছেন। রাস্লুল্লাহ্ (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) নামায শুরু করার সময় কাঁধ বরাবর দু'হাত উঠাতেন। রুকুর জন্য তাকবীর বলার সময় এবং রুক্' থেকে মাথা উঠানোর সময় অনুরূপভাবেই দু'হাত উঠাতেন এবং সামিয়াল্লাহু লিমান হামিদাহ ও রাব্বানা লাকাল্ হাম্দ্ বলতেন; কিছু সিজদার সময় তিনি অনুরূপ (হাত উঠানোর কাজ্) করতেন না। (বুখারী, হাদীস নং ৭৩৫)

632

কিছুই নেই) তাদের পূর্বে তো নূহের (২৬৯) কওম, আ'দ এবং সামদও অস্বীকার করেছিল।

৪৩. এবং ইবরাহীম (র্ট্রাম্রা) ও লূতের (﴿﴿) কওম।

মাদইয়ানবাসীরাও 88. এবং (তাদের নবীদেরকে অস্বীকার করেছিল;) এবং অস্বীকার হয়েছিল মৃসাকেও (ক্ল্ল্ড্রা); আমি কাফিরদেরকে অবকাশ দিয়েছিলাম ও পরে তাদেরকে শাস্তি দিয়েছিলাম. অতঃপর কেমন ছিল আমার শাস্তি!

৪৫. আমি ধ্বংস করেছি কত জনপদ যেগুলির বাসিন্দা ছিল যালিম, এসব জনপদ তাদের ঘরের ধ্বংসম্ভ্রপে পরিণত হয়েছিল এবং কত কৃপ পরিত্যক্ত হয়েছিল ও কত সুদৃঢ় প্রাসাদও।

৪৬. তারা কি দেশ ভ্রমণ করে নাই? তা হলে তারা জ্ঞান বুদ্ধি সম্পন্ন হদয় ও শ্রুতি শক্তি সম্পন্ন কর্ণের অধিকারী হতে পারতো। বস্তুতঃ চক্ষু তো অন্ধ নয়; বরং অন্ধ হচ্ছে বক্ষস্থিত হৃদয়।

8৭. শাস্তির ব্যাপারে তাডাতাডি করতে বলে, অথচ আল্লাহ তাঁর প্রতিশ্রুতি কখনো ভঙ্গ করেন না. প্রতিপালকের একদিন তোমার তোমাদের গণনার সহস্র বছরের সমান।

৪৮. এবং আমি অবকাশ দিয়েছি কত জনপদকে যখন তারা ছিল অত্যচারী: অতঃপর তাদেরকে শাস্তি قَوْمُ نُوْجٍ وَّ عَادُوَّ ثُمُوْدُ ﴿

اقترب للناس 16

وَ قَوْمُ إِبْرُهِيْمَ وَقَوْمُ لُوطٍ ﴿

وَّ أَصْحُبُ مَنْ يَنَ * وَكُنَّ بَ مُدْسِي فَأَمُلُنْتُ لِلْكُفِرِينَ ثُمَّ أَخَذُتُهُمُ فَكَيْفَ كَانَ نَكِيْرَ ﴿

فَكَايِّنُ مِّنُ قَرْيَةٍ أَهُلَكُنْهَا وَهِيَ ظَالِمَةٌ فَهِيَ خَاوِيَةٌ عَلَى عُرُوشِهَا رَ وَ بِئْرٍ مُّعَطَّلَةٍ وَّ قَصْرِ مَّشِيْدٍ ۞

اَفَكُمْ بَسِيْرُوا فِي الْأَرْضِ فَتَكُونَ لَهُمْ قُلُوبٌ يَّعْقِلُونَ بِهَا آوُ اٰذَاكَّ يَّسْمَعُونَ بِهَاءَ فَانَّهَا لَا تَعْمَى الْاَبْصَارُ وَلَكِنْ تَعْمَى الْقُلُوْبُ الَّتِي في الصُّدُور 🕾

وَيَسْتَعُجِلُوْنَكَ بِالْعَنَابِ وَكُنْ يُتُخْلِفَ اللَّهُ وَعْدَهُ م وَ إِنَّ يَوْمًا عِنْدَ رَبِّكَ كَأَلْفِ سَنَةٍ مِّيًّا تَعُدُّونَ ۞

وَ كَايِّنُ مِّنُ قَرْيَةٍ آمُلَيْتُ لَهَا وَهِيَ ظَالِمَةٌ

পারা ১৭

দিয়েছি এবং প্রত্যাবর্তন আমারই নিকট।

৪৯. বলঃ হে মানুষ! আমিতো তোমাদের জন্য এক স্পষ্ট সতর্ককারী।

৫০. সুতরাং যারা ঈমান আনে ও সংকর্ম করে তাদের জন্যে আছে ক্ষমা ও সম্মানজনক জীবিকা।

৫১. আর যারা আমার আয়াতকে ব্যর্থ করার চেষ্টা করে তারাই হবে জাহান্লামের অধিবাসী।

৫২. আমি তোমার পূর্বে যে সব রাসূল কিংবা নবী প্রেরণ করেছি তাদের কেউ যখনই আকাঙ্খা করেছেন, তখনই শয়তান তার আকাঙ্খায় কিছু প্রক্ষিপ্ত করে আল্লাহ তা বিদ্রিত করেন; অতঃপর আল্লাহ তার আয়াতসমূহকে আরো মজবৃত করেন এবং আল্লাহ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।

৫৩. এটা এ জন্যে যে, শয়তান যা প্রক্ষিপ্ত করে তিনি ওকে পরীক্ষা স্বরূপ করেন তাদের জন্যে যাদের অন্তরে ব্যাধি রয়েছে, যাদের পাষাণ হৃদয়; অত্যচারীরা দুস্তর মতভেদে রয়েছে।

৫৪. এবং এ জন্যেও যে, যাদের জ্ঞান দেয়া হয়েছে তারা যেন জানতে পারে যে, এটা তোমার প্রতিপালকের নিকট হতে প্রেরিত সত্য; অতঃপর তারা যেন বিশ্বাস স্থাপন করে এবং তাদের অন্তর যেন ওর প্রতি অনুগত হয়; যারা ঈমান এনেছে তাদেরকে আল্লাহ সরল পথে পরিচালিত করেন।

ثُمَّ إَخَذُتُهُا وَ إِلَى الْبَصِيرُ ﴿

قُلُ يَاكَيُّهَا النَّاسُ إِنَّهَا آنَا لَكُمْ نَذِيْرٌ مُبِينٌ ﴿

فَالَّذِيْنَ أَمَنُوا وَعَمِلُوا الصَّلِحٰتِ لَهُمُ مَّغْفِرَةٌ وَّ رِزُقٌ كَرِيْمٌ ۞

وَ الَّذِيْنَ سَعَوا فِنَ التِنَا مُعْجِزِيْنَ أُولَلِكَ اَصْحُبُ الْجَحِيْمِ @

وَمَا اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ مِنْ رَّسُولٍ وَلَا نَبِيٍّ لِلَّهَ إِلَّا الشَّيْطُنُ فِي الشَّيْطِ فَي السَّيْطِ فَي السَّيْطُ فَي السَّيْطِ فَي السَّيْطُ فَي السَّيْطِ فَي السَّيْطُ فَي السَّيْطِ فَي السَلْمُ السَّيْطِ فَي السَّيْطِ فَي السَّيْطِ فَي السَّيْطِ فَي الْعَلْمُ السَّيْطِ فَي السَّيْطِ فَيْعِلْمُ السَّيْطِي

لِّيَجُعَلَ مَا يُلُقِى الشَّيُطْنُ فِتُنَةً لِلَّذِيْنَ فِي قُلُوْبِهِمْ مَّرَضٌ وَّالْقَاسِيَةِ قُلُوبُهُمْ مَا وَالْقَاسِيةِ قُلُوبُهُمْ مُوالَّ الظَّلِمِيْنَ لَفِي شِقَاقٍ بَعِيْدٍ ﴿

وَّلِيَعْلَمَ الَّذِيْنَ أُوْتُوا الْعِلْمَ اَنَّهُ الْحَقُّ مِنْ الْعِلْمَ اَنَّهُ الْحَقُّ مِنْ الْعِلْمَ الْكُوْبُهُمُ الْحَلَّ مِنْ اللهِ لَمُنُوَّا إِلَى صَرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿ وَإِنَّ اللهَ لَهَادِ الَّذِيْنَ الْمَنُوَّا إِلَى صَرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿

اقترب للنأس 14

وَلَا يَزَالُ الَّذِيْنَ كَفَرُوا فِي مِرْيَةٍ مِّنَّهُ حَتَّى تَأْتِيَهُمُ السَّاعَةُ بَغْتَةً أَوْ يَأْتِيَهُمْ عَنَابُ يَوْمِ عَقِيْمِ @

সন্দেহ পোষণ করা হতে বিরত হবে না, শেষ পর্যম্ভ তাদের নিকট কিয়ামত এসে পড়বে আকত্মিক-ভাবে, অথবা এসে পডবে এক বন্ধ্যা দিনের শাস্তি।

৫৫. যারা কুফরী করেছে তারা ওতে

পারা ১৭

634

ٱلْمُلُكُ يَوْمَهِنِ تِلْةِ يَحْكُمُ بَيْنَهُمْ فَالَّذِيْنَ امَنُوا وَعَمِلُوا الصِّلِطْتِ فِي جَنّْتِ النَّعِيْمِ ﴿

৫৬. সে দিন আল্লাহরই আধিপত্য: তিনিই তাদের বিচার করবেন: যারা ঈমান আনে ও সংকর্ম করে তারা অবস্থান করবে সুখময় জানাতে।

> وَالَّذِينَ كَفَرُوا وَكَنَّ بُوا بِأَيْتِنَا فَأُولَيِكَ لَهُمُ عَنَابٌ مُّهِيْنٌ ﴿

৫৭. আর যারা কৃফরী করে ও আমার অস্বীকার আয়াতসমূহকে তাদেরই জন্যে রয়েছে লাঞ্ছনাজনক শাস্তি।

> وَالَّذِينَ هَاجَرُوا فِي سَبِيٰلِ اللهِ ثُمَّرَ قُتِكُوۤا آوْ مَاتُوا لَيَرْزُقَنَّهُمُ اللهُ رِزُقًا حَسَنًا ﴿ وَإِنَّ الله لَهُوَ خَيْرُ الرَّزِقِينَ @

৫৮. আর যারা হিজরত করেছে আল্লাহর পথে অতঃপর নিহত হয়েছে অথবা মৃত্যুবরণ করেছে তাদেরকে আল্লাহ অবশ্যই উৎকৃষ্ট জীবিকা দান করবেন এবং আল্লাহ তিনিই তো সর্বোৎকৃষ্ট রিযিকদাতা।

> لَكُن خِلَنَّهُمُ مُّن خَلًّا يَّرْضَوْنَهُ ﴿ وَإِنَّ اللَّهُ لَعَلْنُمُّ حَلْنُمُّ @

৫৯. তিনি তাদেরকে অবশ্যই এমন স্থানে দাখিল করবেন যা তারা পছন্দ করবে এবং আল্লাহ তো সম্যক প্রজ্ঞাময়, পরম সহনশীল।

> ذٰلكَ، وَمَنُ عَاقَبَ بِبِثْلِ مَا عُوْقِبَ بِهِ ثُمَّرِ بُغِيَ عَلَيْهِ لَيَنْصُرَنَّهُ اللَّهُ ﴿ إِنَّ اللَّهَ لَعَفُوٌّ غفور 🏵

৬০. এটাই হয়ে থাকে, কোন ব্যক্তি নিপীডিত হয়ে নিপীডন পরিমাণ প্রতিশোধ গ্রহণ করলে ও পুনরায় সে অত্যাচারিত হলে আল্লাহ অবশ্যই তাকে সাহায্য করবেন: আল্লাহ নিশ্চয় পাপমোচনকারী, ক্ষমাশীল।

ذُلِكَ بِأَنَّ اللهُ يُولِجُ الَّيْلَ فِي النَّهَارِ وَيُولِجُ

৬১. ওটা এজন্যে যে. আল্লাহ রাত্রিকে প্রবিষ্ট করেন দিবসের মধ্যে এবং দিবসকে প্রবিষ্ট করেন রাত্রির

মধ্যে এবং আল্লাহ সর্বশ্রোতা সম্যক দুষ্টা।

৬২. এজন্যেও যে, আল্লাহ, তিনিই সত্য এবং তারা তাঁর পরিবর্তে যাকে ডাকে ওটা তো অসত্য এবং আল্লাহ, তিনিই তো সমুচ্চ, মহান।

৬৩. তুমি কি লক্ষ্য করনি যে, আল্লাহ বারি বর্ষণ করেন আকাশ হতে, যাতে পৃথিবী সবুজ-শ্যামল হয়ে ওঠে? আল্লাহ সম্যুক সৃক্ষদর্শী, পরিজ্ঞাত।

৬৪. আকাশমগুলী ও পৃথিবীতে যা কিছু আছে তা তাঁরই এবং আল্লাহ তিনিই তো অভাবমুক্ত, সর্ব-প্রশংসনীয়।

৬৫. তুমি কি লক্ষ্য করনি যে, আল্লাহ তোমাদের কল্যাণে নিয়োজিত করেছেন পৃথিবীতে যা কিছু আছে তৎসমুদয়কে এবং তাঁর নির্দেশে সমুদ্রে বিচরণশীল নৌযানসমূহকে এবং তিনিই আকাশকে স্থির রাখেন যাতে ওটা পতিত না হয় পৃথিবীর উপর তাঁর অনুমতি ছাড়া? আল্লাহ নিশ্চয়ই মানুষের প্রতি স্লেহশীল, পরম দয়ালু।

৬৬. এবং তিনি তো তোমাদেরকে জীবন দান করেছেন; অতঃপর তিনিই তো তোমাদের মৃত্যু ঘটাবেন, পুনরায় তোমাদেরকে জীবন দান করবেন; মানুষ তো অতিমাত্রায় অকৃতজ্ঞ।

৬৭. আমি প্রত্যেক সম্প্রদায়ের জন্যে নির্ধারিত করে দিয়েছি ইবাদত পদ্ধতি যা তারা অনুসরণ করে; সুতরাং তারা যেন তোমার সাথে النَّهَا دَفِي الَّيْلِ وَ اَنَّ اللهُ سَمِيْعٌ اَبَصِيُرُ ذٰلِكَ بِأَنَّ اللهُ هُوَ الْحَقُّ وَ اَنَّ مَا يَدُعُونَ مِنْ دُونِهِ هُوَ الْبَاطِلُ وَاَنَّ اللهَ هُوَ الْعَلَّ الْكَبِيرُ ﴿

ٱڵڡٛڗۘڗٵۜؽٙٵۺ۠ڡؘٲڹٛڒؘڶڡؚڹٳڛۺؠٳۧ؞ؚڝٵٛ^ڒڣؘؿڞؙڽۣڿ ٵڵڒۯڞؙڡؙڂ۬ۻڗۜۊۧ؞ٳؾۜٵۺ۠ڡؘڶڟؚؽڣ۠ڂؘۑؚؽڗ۠۞

لَهُ مَا فِي السَّلُوتِ وَمَا فِي الْأَدُضِ الْ وَإِنَّ اللهَ لَهُ وَالنَّاللَّهُ لَهُ وَالنَّاللَّهُ لَهُ وَالنَّاللَّهُ لَهُ وَالْخَاللَّهُ الْحَوِيْدُ أَنْ فَي إِلَيْنَا اللهُ الْمُولِيْدُ أَنْ إِلَيْنَا اللهُ اللهُ وَالْمُؤْمِنِيْدُ اللهُ اللهُ وَالْمُؤْمِنِيْدُ اللهُ وَالْمُؤْمِنِيْدُ اللهُ وَاللهُ اللهُ وَاللهُ اللهُ وَاللهُ اللهُ وَاللهُ اللهُ وَاللهُ اللهُ وَاللهُ اللهُ اللهُ وَاللهُ اللهُ وَاللهُ اللهُ وَاللهُ وَاللهُ وَاللهُ وَاللهُ اللهُ وَاللهُ وَاللّهُ وَاللللّهُ وَاللّهُ اللّهُ وَاللللّهُ وَاللّهُ وَلَّا لِللللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَل

اَكُمْ تَرَ اَنَّ اللهَ سَخَّرَ لَكُمُ مَّا فِي الْأَرْضِ وَالْفُلُكَ تَجُرِي فِي الْبَحْرِ بِآمْرِهِ ﴿ وَ يُمْسِكُ السَّمَاءَ اَنْ تَقَعَ عَلَى الْأَرْضِ اللَّه بِالذَّنِهِ ﴿ إِنَّ اللهَ بِالنَّاسِ لَرَّءُوفَ تَحِيْمٌ ﴿

> وَ هُوَ الَّذِئَ ٱخْيَاكُهُ ﴿ ثُمَّ يُوِينُتُكُهُ ثُمَّ يُخْمِينُكُمُ طِلِنَّ الْإِنْسَانَ لَكَفُورٌ ۞

لِكُلِّ ٱُمَّةٍ جَعَلْنَا مَنْسَكًا هُمُهُ نَاسِكُوْهُ فَلَا يُنَازِعُنَّكَ فِي الْاَمُورِ وَادْعُ إِلَى رَبِّكَ ط 636

বিতর্ক না করে এই ব্যাপারে। তুমি তাদেরকে তোমার প্রতিপালকের দিকে আহ্বান কর, তুমি তো সরল পথেই প্রতিষ্ঠিত।

৬৮. তারা যদি তোমার সাথে বাক-বিতন্তা করে তবে বলােঃ তােমরা যা কর সে সম্বন্ধে আল্লাহ অবহিত।

৬৯. তোমরা যে বিষয়ে মতভেদ করছো আল্লাহ কিয়ামতের দিন সে তোমাদের মধ্যে বিচার মীমাংসা করে দিবেন।

৭০. তুমি কি জানোনা যে, আকাশ ও পৃথিবীতে যা কিছু রয়েছে আল্লাহ তা অবগত আছেন? এ সবই লিপিবদ্ধ আছে এক কিতাবে, অবশ্যই এটা আল্লাহর নিকট সহজ।

৭১ এবং তারা ইবাদত আল্লাহর পরিবর্তে এমন কিছুর যার সম্পর্কে তিনি কোন দলীল প্রেরণ করেন নাই এবং যার সম্বন্ধে তাদের কোন জ্ঞান নেই: বন্ধতঃ যালিমদের কোন সাহায্যকারী নেই।

৭২, এবং তাদের নিকট আমার সুস্পষ্ট আয়াতসমূহ আবৃত্তি করা হলে তুমি কাফিরদের মুখমণ্ডলে অসম্ভোষের লক্ষণ দেখবে: তাদের নিকট আমার আয়াত আবত্তি করে তাদেরকে তারা আক্রমণ করতে উদ্যুত হয়; তুমি বলঃ তবে কি আমি তোমাদেরকে এটা অপেক্ষা মন্দ কিছুর সংবাদ দিবো? এটা আগুন; এ বিষয়ে আল্লাহ প্রতিশ্রুতি দিয়েছেন إِنَّكَ لَعَلَىٰ هُدًّى مُّسْتَقِيْمِ ﴿

اقترب للناس 16

وَإِنْ جُدَالُوكَ فَقُلِ اللهُ اعْلَمْ بِمَا تَعْمَلُونَ ﴿

الله يَحْكُمُ بَيْنَكُمْ يَوْمَ الْقِلْمَةِ فِنْمَا كُنْتُهُ فِيهِ تَخْتَلْفُونَ ١٠

ٱكَمْ تَعْلَمُ إَنَّ اللَّهَ يَعْلَمُ مَا فِي السَّهَاءِ وَالْأَرْضِ لَ إِنَّ ذَٰلِكَ فِي كِتْبِ النَّ ذَٰلِكَ عَلَى اللَّهِ يَسِيُرٌ ۞

وَيَعْبُكُ وُنَ مِنْ دُوْنِ اللهِ مَا لَمْ يُنَزِّلْ بِهِ سُلْطُنًا وَّمَا لَيْسَ لَهُمْ بِهِ عِلْمٌ ﴿ وَمَا لِلظُّلِمِينَ مِنُ نَصِيْرٍ ۞

وَاِذَا ثُثْلَىٰ عَلَيْهِمُ الْمِثْنَا بَيِّنْتٍ تَعْرِفُ فِيْ وُجُوْوِ الَّذِيْنِي كَفَرُوا الْمُنْكَرَ لِ يَكَادُونَ يَسْطُونَ بِالَّذِيْنَ يَتُلُوْنَ عَلَيْهِمُ الْتِنَا مِقُلْ اَفَأُنَيِّ عُكُمُ بِشَرِ مِّنُ ذَٰلِكُمُ مِ النَّارُمِ وَعَلَهَا اللَّهُ الَّذِينَ كَفُورُ الْمُورُ بِينُسُ الْبُصِيْرُ ﴿

পারা ১৭

কাফিরদেরকে এবং এটা কত নিকৃষ্ট প্রত্যাবর্তন স্থল!

৭৩. হে লোক সকল! একটি উপমা দেয়া হচ্ছে, মনোযোগ সহকারে তা শ্রবণ কর: তোমরা আল্লাহর পরিবর্তে যাদেরকে ডাকো তারা তো কখনো একটি মাছিও সৃষ্টি করতে পারবে না, এই উদ্দেশ্যে তারা সবাই একত্রিত হলেও; এবং মাছি যদি সব কিছু ছিনিয়ে নিয়ে যায় তাদের নিকট হতে, এটাও তারা ওর নিকট হতে উদ্ধার করতে পারবে না; পূজারী ও দেবতা কতই না দুৰ্বল!

৭৪, তারা আল্লাহর যথোচিত মর্যাদা উপলব্ধি করে না: আল্লাহ নিশ্চয়ই ক্ষমতাবান, পরাক্রমশালী।

৭৫. আল্লাহ ফেরেশতাদের মধ্য হতে মনোনীত করেন বাণীবাহক এবং মানুষের মধ্য হতেও: আল্লাহ সর্বশ্রোতা, সম্যক দ্রষ্টা।

৭৬. তাদের সম্মুখে ও পশ্চাতে যা কিছু আছে তিনি তা জানেন এবং বিষয় সমস্ত নিকট আল্লাহর প্রত্যাবর্তিত হবে।

৭৭. হে মু'মিনগণ! তোমরা রুকু' কর, সিজদা কর এবং তোমাদের প্রতিপালকের ইবাদত কর ও সংকর্ম কর যাতে সফলকাম হতে পার।

৭৮. এবং জিহাদ কর আল্লাহর পথে যেভাবে জিহাদ করা উচিত: তিনি তোমাদেরকে মনোনীত করেছেন। তিনি দ্বীনের ব্যাপারে তোমাদের

يَا يُهَا النَّاسُ ضُرِبَ مَثَلٌ فَاسْتَمِعُوْا لَهُ النَّاسُ ضُرِبَ مَثَلٌ فَاسْتَمِعُوْا لَهُ النَّا الَّذِينَ تَنْعُونَ مِنْ دُوْنِ اللَّهِ لَنْ يَخُلُقُواْ ذُبَابًا وَّلُواجُتَهَعُوْالَهُ ﴿ وَإِنْ يُّسُلُّبُهُمُ النُّانَاكُ شَنْعًا لاَّ يَسْتَنُقِنُ وَهُ مِنْهُ ط ضَعُفَ الطَّالِبُ وَالْمُطْلُوبُ ۞

اقترب للناس 1

مَا قَكَارُوا اللَّهُ حَتَّى قَدُرِهِ ﴿ إِنَّ اللَّهُ لَقُويٌّ عَزِيْزُّ۞

ٱللهُ يَصْطَفِي مِنَ الْمَلْبِكَةِ رُسُلًا وَّمِنَ النَّاسِ ^ا إِنَّ اللَّهُ سَبِيعٌ أَبُصِيرٌ ﴿

> يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيْهِمْ وَمَا خَلْفَهُمُ طُ وَ إِلَى اللهِ تُرْجَعُ الْأُمُورُ ۞

نَائِثُهَا الَّذِيْنَ أَمَنُوا ازْكَعُواْ وَاسْجُكُواْ وَاعْبُكُواْ رَبُّكُمْ وَافْعَلُواالُخَيْرِلَعَلَّكُمْ تَفْلِحُونَ ﴿

وَجَاهِ بُوا فِي اللهِ حَقَّ جِهَادِهِ ﴿ هُوَ اجْتَلِيكُمُ وَمَا جَعَلَ عَلَيْكُمْ فِي الدِّينِ مِنْ حَرَجٍ ط 638

উপর কোন কঠোরতা আরোপ করেন এটা নাই: তোমাদের পিতা ইবরাহীমের (খুট্রো) মিল্লাভ; ভিনি পূর্বে ভোমাদের নামকরণ করেছেন মুসলিম এবং এই কিতাবেও: যাতে তোমাদের (紫) সাক্ষী স্বরূপ হন এবং তোমরা সাক্ষী সরূপ হও মানব জাতির জন্যে: সূতরাং তোমরা নামায কায়েম কর. যাকাত দাও এবং আল্লাহকে অবলম্বন কর: তিনিই তোমাদের অভিভাবক, কত উক্তম অভিভাবক এবং কত উক্তম সাহায্যকারী তিনি!

مِلَّةَ إِيْكُمُ إِبُرْهِ يُمَ مُّهُوسَتُم كُمُ الْمُسْلِيدُنَ لَهُ مِنْ قَبُلُ وَفِي هٰ فَالِيكُونَ الرَّسُولُ شَهِيلًا عَلَيْكُمْ وَتَكُونُوا شُهَدَاءَعَلَى النَّاسِ لَمْ فَاقِيْمُوا الصَّلُوةَ وَاتُوا الزُّكُوةَ وَاعْتَصِمُوا بِاللَّهِ مَ هُوَ مُوْلِمُكُونَ فَيْعُمُ الْمُوْلِي وَيْعُمُ النَّصِيْرُ ﴿

اقترب للناس 16

১। আৰু হুৱাইরা (রাষিআল্লাহ আনহ) থেকে বর্ণিত, তিনি নবী (সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম) থেকে বর্ণনা করেছেন, রাস্পুরাহ (সাল্লারাহ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ নিঃসন্দেহে ইসলামী জীবন বিধান সহজ্ঞ, বে কেউ দ্বীনের কাজে বেশি কড়াকড়ি করে, আরু দ্বীন পরাজিত করে দেয়। কাজেই তোমরা মধ্যম পথ অবলম্বন কর এবং উদ্ভম কাজের কাছাকাছি হও, রহমতের আশা রাখো। আর সকাল, বিকালে ও রাতের কিছু অংশে (ইবাদতের মাধ্যমে) সাহাষ্য চাও। (বুখারী, হাদীস নং ৩৯)

(আয়াতঃ ১১৮, রুক্'ঃ ৬)

দয়াময় পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

- অবশ্যই সফলকাম হয়েছে মু'মিনগণ।
- ২. যারা বিনয়-নমু নিজেদের নামাযে।
- থ. যারা অসার ক্রিয়া-কলাপ হতে
 বিরত থাকে।
- 8. যারা যাকাত দানে সক্রিয়।
- ৫. যারা নিজেদের যৌন অঙ্গকে সংযত রাখে।
- ৬. নিজেদের পত্নী অথবা অধিকারভুক্ত দাসীগণ ব্যতীত, এতে তারা নিন্দনীয় হবে না।
- পুতরাং কেউ এদেরকে ছাড়া অন্যকে কামনা করলে তারা হবে সীমালজ্ঞানকারী।
- ৮. এবং যারা আমানত ও প্রতিশ্রুতি রক্ষা করে।
- ৯. আর যারা নিজেদের নামাযে যত্নবান থাকে।
- **১০.** তারাই হবে উত্তরাধিকারী।
- ১১. উত্তরাধিকারী হবে ফিরদাউসের, যাতে তারা স্থায়ী হবে।
- ১২. আমি তো মানুষকে সৃষ্টি করেছি মৃত্তিকার মূল উপাদান হতে।

سُوْرَةُ الْمُؤْمِنُونَ مَكِلَيَّةً ايَاتُهَا ١١٨ رَكُوْعَاتُهَا ٢ بِسْمِ اللهِ الرَّحْلِنِ الرَّحِيْمِ

قَلُ أَفْلَحُ الْمُؤْمِنُونَ أَ

الَّذِيْنَ هُمْ فِي صَلَاتِهِمُ خُشِعُونَ أَ

وَ الَّذِيْنَ هُمْ عَنِ اللَّغُو مُغْرِضُونَ ﴿

وَ الَّذِيْنَ هُمْ لِلزَّكُوةِ فَعِلُونَ ۞

وَ الَّذِينَ هُمْ لِفُرُوجِهِمْ خِفْتُونَ ٥

إِلَّا عَلَى آزُولِجِهِمْ آوْمَامَلُكُتْ آيُمَانُهُمْ فَإِنَّهُمْ غَيْرُ مَلُوْمِيْنَ ﴿

فَيَنِ أَبْتَغَى وَرَآءَ ذَٰلِكَ فَأُولَيْكَ هُمُ الْعَلَوْنَ ٥

وَالَّذِيْنَ هُمْ لِأَمْنَتِهِمْ وَعَهْدِهِمْ لِعُونَ ﴿

وَالَّذِيْنَ هُمْ عَلَى صَلَوْتِهِمْ يُحَافِظُونَ أَ

أُولِيْكَ هُمُ الْوِرِثُونَ ﴿

الَّذِينَ يَوِثُونَ الْفِرْدُوسَ هُمْ فِيْهَا خَلِدُونَ الْ

وَلَقَكُ خَلَقْنَا الْإِنْسَانَ مِنْ سُلِكَةٍ مِّن طِيْنٍ شَ

১৩. অতঃপর আমি ওকে শুক্রবিন্দ রূপে স্থাপন করি আঁধারে ৷

১৪. পরে আমি শুক্রবিন্দুকে পরিণত করি রক্তপিন্ডে, অতঃপর রক্তপিন্ডকে পরিণত করি গোশতপিভে গোশতপিভকে পরিণত হাড়সমূহে; অতঃপর হাড়সমূহকে ঢেকে দিই গোশত দ্বারা; অবশেষে ওকে গড়ে তুলি অন্য এক সৃষ্টিরূপে; অতএব সর্বোত্তম স্রষ্টা আল্লাহ কত মহান!

১৫. এরপর তোমরা অবশ্যই মৃত্যুবরণ করবে।

১৬. অতঃপর কিয়ামতের তোমাদেরকে পুনরুখিত করা হবে।

১৭. আমি তো তোমাদের উর্ধের্ব সৃষ্টি করেছি সপ্ত স্তর আকাশ এবং আমি সৃষ্টি বিষয়ে অসতর্ক নই।

১৮. এবং আমি আকাশ হতে পানি বর্ষণ করি পরিমিতভাবে, অতঃপর আমি তা মাটিতে সংরক্ষিত করি: আমি ওকে অপসারিত সক্ষম ৷

১৯. অতঃপর আমি ওটা তোমাদের জন্যে খেজুর ও আঙ্গুরের বাগান সৃষ্টি করি; এতে তোমাদের জন্যে আছে প্রচুর ফল; আর তা হতে তোমরা আহার করে থাক।

২০. এবং সৃষ্টি করি এক বৃক্ষ যা জন্মে সিনাই পর্বতে, এতে উৎপন্ন হয় ভোজনকারীদের জন্যে যাইতূন তৈল ও রুচিকর তরকারী।

ثُمَّ جَعَلْنَهُ نُطْفَةً فِي قَرَادٍ مَّكِيْنِ ﴿

ثُمَّ خَلَقْنَا النُّطْفَة عَلَقَةً فَخَلَقُنَا الْعَلَقَةَ مُضْغَةً فَخَلَقُنَا الْمُضْغَةَ عِظْمًا فَكُسُونَا الْعِظْمَ لَحُمَّاهَ ثُمَّ أَنْشَأَنْهُ خَلُقًا أَخُرُط فَتَابِركَ اللهُ أَحْسَنُ الْخِلِقِينَ ﴿

ثُمَّ إِنَّكُمْ بَعْلَ ذٰلِكَ لَكِيتُونَ اللهِ

ثُمَّ إِنَّكُمْ يَوْمَ الْقِيلِمَةِ تُبْعَثُونَ ال

وَلَقَدُ خَلَقْنَا فَوْقَكُمُ سَنَعَ طَرَابِقَ ﴿ وَمَا كُنَّا عَنِ الْخَلْقِ غُفِلِينَ ٠

وَٱنْزَلْنَا مِنَ السَّمَاءِ مَاءً بِقَدَرٍ فَاسْكُنَّهُ فِي الْأَرْضِ ﴾ وَإِنَّا عَلَى ذَهَا بِهِ لَقْدِرُونَ ﴿

فَأَنْشَأَنَا لَكُمْ بِهِ جَنَّتٍ مِّنُ نَّخِيْلٍ وَّاعْنَالٍ م لَكُمْ فِيْهَا فَوَالِهُ كَثِيْرَةٌ وَّمِنْهَا تَأْكُلُونَ اللهِ

وَشَجَرَةً تَخْرُجُ مِنْ طُوْرِ سَيْنَاءَ تَنَبُّتُ بِاللَّهُونِ وَصِبُغِ لِلْأَكِلِيْنَ ® ২১. আর তোমাদের জন্যে অবশ্যই শিক্ষনীয় বিষয় আছে চতুম্পদ জম্ভর মধ্যে: তোমাদেরকে আমি করাই ওগুলোর উদরে যা আছে তা হতে এবং তাতে তোমাদের জন্যে রয়েছে প্রচুর উপকারিতা; তোমরা তা হতে ভক্ষণ করে থাক।

২২, এবং তোমরা তাতে ও নৌযানে আরোহণও করে থাক।

২৩. আমি (**迷**!)-(নৃহ পাঠিয়েছিলাম তার সম্প্রদায়ের নিকট, তিনি বলেছিলেনঃ হে আমার সম্প্রদায়! আল্লাহর ইবাদত কর্ তিনি ছাড়া তোমাদের অন্য কোন সত্য মা'বৃদ নেই, তবুও কি তোমরা সাবধান হবে না?

২৪. তার সম্প্রদায়ের প্রধানগণ. যারা কুফরী করেছিল, তারা বললোঃ এতো তোমাদের মত একজন মানুষ, তোমাদের উপর শ্রেষ্ঠতু লাভ করতে ठाटाइ. আল্লাহ ইচ্ছা ফেরেশতাই পাঠাতেন: আমাদের পূর্বপুরুষদের কালে এরূপ ঘটেছে, এ কথা আমরা তো শুনিনি।

২৫. সে তো এমন লোক যাকে উন্মন্ততা পেয়ে বসেছে: সূতরাং এর সম্পর্কে তোমরা কিছুকাল অপেক্ষা কর।

২৬. (নৃহ ক্ষুট্রা) বলেছিলেনঃ হে আমার প্রতিপালক! আমাকে সাহায্য করুন, কারণ আমাকে তারা মিথ্যাবাদী বলছে।

২৭. অতঃপর আমি তার কাছে ওহী নাযিল করলামঃ তুমি আমার চোখের وَإِنَّ لَكُهُ فِي الْأَنْعَامِ لَعِنْهِ تَّا فُنُيقِيْكُمْ مِّهًا فِي أَبُطُونِهَا وَلَكُمْ فِيهَا مَنَافِعُ كَثِيْرَةٌ وَ مِنْهَا تَأْكُونَ اللهِ

وَعَلَيْهَا وَعَلَى الْفُلُكِ تُحْمَلُونَ 📆

وَلَقُنُ أَرْسُلْنَا نُوْحًا إِلَى قَوْمِهِ فَقَالَ لِقَوْمِ اعْبُدُوا الله مَا لَكُهُ مِّن إله غَبُرُهُ ﴿ أَفَلَا تَنَّقُونَ ﴿

فَقَالَ الْمَكُوُّا الَّذِينَ كَفُرُوا مِنْ قَوْمِهِ مَا هَٰنَآ إِلَّا بِشَرٌّ مِّ ثُلُكُمُ لِيُرِينُ أَنْ يَّتَفَضَّلَ عَلَيْكُمُ ط وَكُوْشَاءَ اللهُ لاَنْزَلَ مَلْإِكَةً ﴾ مَّا سَبِعْنَا بِهٰذَا فِي ابْزِينَا الْأَوَّلِينَ ﴿

> إِنْ هُوَ إِلَّا رَجُلُّ بِهِ جِنَّةٌ فَتَرَبُّصُوا بِهِ ڂؾٞڿؽڹۣ؈

قَالَ رَبِّ انْصُرْنِيُ بِمَا كُنَّ بُوْنِ 😙

فَأَوْحَيْنَاً إِلَيْهِ آنِ اصْنَعِ الْفُلُكَ بِأَغْيُنِنَا

পারা ১৮

সামনে ও আমার ওহী অনুযায়ী নৌযান নির্মাণ কর, অতঃপর যখন আমার আদেশ আসবে ও উনুন উথলিয়ে উঠবে তখন উঠিয়ে নিয়ো প্রত্যেক জীবের এক এক জোডা এবং তোমার পরিবার-পরিজনকে. তাদের মধ্যে যাদের বিরুদ্ধ পূর্বে সিদ্ধান্ত হয়েছে তাদের সম্পর্কে তুমি আমাকে কিছু বলো না, আর যারা যুলুম করেছে তাদের ব্যাপারে। তারা তো নিমজ্জিত হবে।

২৮. যখন তুমি ও তোমার সঙ্গীরা নৌযানে আরোহণ করবে বলোঃ "আলহামদু লিল্লাহ" সমস্ত প্রশংসা আল্লাহরই যিনি আমাদেরকে উদ্ধার করেছেন যালিম সম্প্রদায় হতে। **২৯** আরো বলোঃ হে প্রতিপালক! আমাকে এমনভাবে অবতরণ করিয়ে નિન যা হবে কল্যাণকর: আর আপনিই শেষ্ঠ অবতরণকারী।

৩০. এতে অবশাই নিদর্শন রয়েছে; আমি তাদেরকে পরীক্ষা তো করেছিলাম।

৩১. অতঃপর তাদের পর আমি অন্য এক সম্প্রদায় সৃষ্টি করেছিলাম।

৩২. এরপর তাদেরই একজনকে তাদের নিকট রাসূল করে পাঠিয়েছিলাম; তিনি বলেছিলেনঃ তোমরা আল্লাহর ইবাদত কর তিনি ছাড়া তোমাদের অন্য কোন সত্য মা'বৃদ নেই, তবুও কি সাবধান হবে না?

وَوْحِينَا فَإِذَا جَاءَ أَمُرْنَا وَفَارَ التَّنُّوْرُ لِ فَاسْلُكُ فِيْهَا مِنْ كُلِّ زَوْجَيْنِ اثْنَيْنِ وَاهْلَكَ اللَّا مَنْ سَبَقَ عَلَيْهِ الْقَوْلُ مِنْهُمْ ۚ وَلَا تُخَاطِيْنَى في الَّذِي يُن ظَلَمُوا إِنَّهُم مُّغُرَقُونَ ٠

فَاذَا اسْتَوَيْتَ أَنْتَ وَمَنْ مَّعَكَ عَلَى الْفُلْكِ فَقُلِ الْحَمْثُ لِللهِ الَّذِي نَجْسنا مِنَ الْقَوْمِ الظَّلِينِينَ @

> وَقُلْ رَّبِّ ٱنْزِلْنِي مُنْزَلًا مُّابِرَكًا وَّ ٱنْتَ خَيْرُ الْمُذُولِيْنَ ۞

إِنَّ فِي ذٰلِكَ لَالِيتِ وَإِنْ كُنَّا لَمُبْتَلِينَ ۞

ثُمَّ ٱنْشَأْنَا مِنْ يَعْدِهِمُ قَرْنًا أَخَرِيْنَ ﴿

فَأَرْسَلْنَا فِيْهِمْ رَسُولًا مِنْهُمْ أَنِ اعْبُدُوا اللهَ مَالَكُمْ مِّنُ إِلَّهِ غَيْرُهُ ﴿ أَفَلَا تَتَّقُونَ ﴿

৩৩, তার সম্প্রদায়ের প্রধানগণ যারা কৃফরী করেছিল ও আখিরাতের সাক্ষাৎকে অস্বীকার করেছিল এবং যাদেরকে আমি দিয়েছিলাম পার্থিব জীবনে প্রচুর ভোগ-সম্ভার, তারা বলেছিলঃ এতো তোমাদের মত একজন মানুষ: তোমরা যা আহার কর সে তো তা-ই আহার করে এবং তোমরা যা পান কর সেও তাই পান করে ।

৩৪. যদি তোমরা তোমাদেরই মত একজন মানুষের আনুগত্য কর তবে তোমরা অবশ্যই ক্ষতিগ্রস্ত হবে।

৩৫. সে কি তোমাদেরকে এই প্রতিশ্রুতিই দেয় যে, তোমাদের মৃত্যু হলে এবং তোমরা মৃত্তিকা হাড্ডিতে পরিণত তোমাদেরকে পুনরুখিত করা হবে?

৩৬. অসম্ভব, তোমাদেরকে যে বিষয়ে প্রতিশ্রুতি দেয়া হয়েছে তা অসম্ভব।

৩৭ একমাত্র পার্থিব জীবনই আমাদের জীবন, আমরা মরি ও বাঁচি এখানেই এবং আমরা পুনরুখিত হবো না?

৩৮. সে তো এমন ব্যক্তি যে আল্লাহ সম্বন্ধে মিথ্যা উদ্ভাবন করেছে এবং আমরা তাকে বিশ্বাস করবার নই।

৩৯. সে বললোঃ হে আমার প্রতিপালক! আমাকে সাহায্য করুন: কারণ, তারা আমাকে মিথ্যাবাদী বলে।

৪০. (আল্লাহ) বললেনঃ অচিরেই তারা অনুতপ্ত হবে।

وَقَالَ الْمَلَا مِنْ قَوْمِهِ الَّذِينَ كَفَرُوا وَكَنَّا بُوا بِلِقَاءِ الْأَخِرَةِ وَالْتُرْفُنْهُمْ فِي الْحَيْوةِ النَّانْيَالْ مَا هٰنَآالِاً بَشَرٌ مِّثُلُكُمْ ﴿ يَأْ كُلُ مِنَّا تَأْكُلُونَ ﴿ مِنْهُ وَيَشُرَبُ مِهَا تَشْرُبُونَ ﴿

وَلَينَ اَطَعْتُهُ بِشَرًّا مِّثُلُكُمْ إِنَّكُمْ إِذًا لَّخْسِرُونَ ﴿

اَنَعِلُ كُمُ أَنَّكُمُ إِذَا مِثُّمُ وَكُنْتُمُ ثُرَابًا وَّعِظَامًا أَنَّكُمْ مُّخُرِّكُنَّ شَعْ

هَيْهَاتَ هَيْهَاتَ لِمَا تُوْعَلُونَ ۗ

إِنْ فِيَ إِلَّا حَيَاتُنَا الدُّنْيَا نَمُوْتُ وَنَحْيَا وَمَا نَحْنُ رووو ور ملا بمبعوثان (۲۰)

إِنْ هُوَ إِلَّا رَجُلٌ افْتَرَى عَلَى اللهِ كَذِبًا وَّمَا نَحُنُ لَهُ بِمُؤْمِنِينَ ۞

قَالَ رَبِّ انْصُرُنِيُ بِهَا كُذَّيُون 🕾

قَالَ عَبَّا قَلِيُلِ لَيُصُبِحُنَّ نُدِمِينَ ﴿

৪১, অতঃপর সত্যসত্যই এক বিকট শব্দ তাদেরকে আঘাত করলো এবং তাদেরকে তরঙ্গ আবর্জনা সদৃশ করে দিলাম; সুতরাং ধ্বংস হয়ে গেল যালিম সম্প্রদায়।

৪২, অতঃপর তাদের পরে আমি বহু জাতি সৃষ্টি করেছি।

৪৩ কোন জাতিই তার নির্ধারিত কালের আগে যেতে পারে বিলম্বিতও করতে পারে না।

৪৪ অতঃপর আমি ধারাবাহিকভাবে আমার রাসূলগণকে প্রেরণ করেছি; যখনই কোন জাতির নিকট তাঁর রাসল এসেছেন, তারা মিথ্যাবাদী বলেছে: অতঃপর আমি তাদের একের পর এক করলাম আমি তাদেরকে কাহিনীর বিষয় করেছি; সুতরাং ধ্বংস হোক অবিশ্বাসীরা!

৪৫, অতঃপর আমি আমার নিদর্শন ও সুস্পষ্ট প্রমাণসহ মৃসা (ৠ্রা) ও তার ভ্রাতা হার্মন (২০০০) - কে পাঠালাম;

৪৬ ফিরআ'উন ও তার পারিষদ-বর্গের নিকট: কিন্তু তারা অহংকার করলো: তারা ছিল উদ্ধত সম্প্রদায়।

৪৭, তারা বললোঃ আমরা কি এমন দু'ব্যক্তিতে বিশ্বাস স্থাপন করবো? যারা আমাদেরই মত এবং তাদের সম্প্রদায় আমাদের দাসত্ব করে।

৪৮, অতঃপর তারা তাদেরকে মিথ্যাবাদী বললো, ফলে ধ্বংসপ্রাপ্ত হলো।

فَأَخَذَ تُهُمُ الصِّيْحَةُ بِالْحِقِّ فَجَعَلْنَهُمُ غُثُآءً ٤ فَبُعُدًا لِلْقَوْمِ الظُّلِمِينَ @

ثُمَّرَ أَنْشَأْنَا مِنْ بَعْدِهِمُ قُرُونًا أُخَرِيْنَ ﴿

مَا تَسْبِقُ مِنْ أُمَّةٍ أَجَلَهَا وَمَا يَسْتَأْخِرُونَ شَ

ثُمُّ أَرْسَلْنَا رُسُلُنَا تَثَوَا لَ كُلَّمَا حَآءَ أُمَّةً رَّسُولُهَا كُنَّاثُوهُ فَأَتْبَعْنَا يَعْضَهُمْ يَعْظًا وَجَعَلْنَهُمْ ٱحَادِيْثُ فَبُعْدًا لِقُوْمِ لَا يُؤْمِنُونَ @

ثُمَّ ٱرْسَلْنَا مُوْسَى وَ آخَاهُ هُرُونَ هُ بِأَيْتِنَا وَسُلطِن مُّبِيْنِ ﴿

إِلَى فِرْعَوْنَ وَمَلَاْيِهِ فَاسْتَكْبَرُوْا وَكَانُوْا قَوْمًا عَالِيْنِ ﴿

فَقَالُوۡۤاۤ اَنُوۡۡمِنُ لِبَشَرَيۡنِ مِثْلِنَا وَقُوۡمُهُمُ لَنَاعْبِدُونَ ٥

فَكُذَّ بُوْهُمَا فَكَانُوا مِنَ الْمُهْلَكِيْنَ @

8৯. আমি মৃসা (প্রাঞ্জা)-কে কিতাব দিয়েছিলাম যাতে তারা সংপথ পায়। কে০. এবং আমি মারইয়াম পুত্র ও তার মাতাকে করেছিলাম এক নিদর্শন, তাদেরকে আশ্রয় দিয়ে-ছিলাম এক নিরাপদ ও প্রস্রবণ (ঝর্ণা) বিশিষ্ট উচ্চ ভূমিতে।

৫১. হে রাসূলগণ! তোমরা পবিত্র বস্তু হতে আহার কর ও সংকর্ম কর; তোমরা যা কর সে সম্বন্ধে আমি অবগত।

৫২. এবং তোমাদের এই জাতি একই জাতি এবং আমিই তোমাদের প্রতিপালক; অতএব তোমরা আমাকে ভয় কর।

৫৩. কিন্তু তারা নিজেদের মধ্যে তাদের দ্বীনকে বহুভাগে বিভক্ত করেছে; প্রত্যেক দলই তাদের নিকট যা আছে তা নিয়েই আনন্দিত।

৫৪. সুতরাং কিছুকাল তাদেরকে স্বীয় বিজ্রান্তিতে থাকতে দাও।

৫৫. তারা কি মনে করে যে, আমি তাদেরকে সাহায্য করি ধন-সম্পদ ও সম্ভান-সম্ভতি দ্বারা।

৫৬.আমি তাদের জন্যে সর্বপ্রকার মঙ্গল ত্বরান্বিত করছি? বরং তারা বোঝে না।

৫৭. নিঃসন্দেহে যারা তাদের প্রতিপালকের ভয়ে সন্তুস্ত ।

৫৮. আর যারা তাদের প্রতিপালকের নিদর্শনাবলীতে ঈমান আনে,

৫৯. আর যারা তাদের প্রতিপালকের সাথে শরীক করে না। وَلَقُدُ الْتَيْنَا مُوْسَى الْكِتْبَ لَعَلَّهُمْ يَهْتَدُونَ ۞ وَ جَعَلْنَا ابْنَ مَرْيَمَ وَاُمَّةً آيَةً وَّ اَوَيُنْهُمَاۤ اِلْ رَبُوةٍ ذَاتِ قَرَادٍ وَّمَعِيْنٍ ۞

> يَايَّهَا الرُّسُلُ كُلُوا مِنَ الطَّيِّبٰتِ وَاعْمَلُوا صَالِحًا ﴿إِنِّ بِمَا تَعْمَلُونَ عَلِيمٌ ﴿

وَاِنَّ هٰنِهَ اُمَّتُكُمُ اُمَّةً وَّاحِدَةً وَّااَكِرُةً فَاثَقُوْنِ ۞

ڣۘؾۘڡٞڟۼؙۅٚٙٲٲڡؙۯۿؙۿڔؽؽؙڹۿۿۯؙڹؙڗؙٵٷڴڷ۠ڿۯ۬ۻٕؠؚؠٵ ڶؘۮؽؙۿؚۿؙۏٚڔڂٛۏٛ۞

فَلَارُهُمْ فِي غَنْرَتِهِمْ حَتَّى حِيْنٍ ®

ٱيَحْسَبُونَ ٱنَّمَا نُمِنُّهُمْ بِهِ مِنْ مَّالٍ وَّبَنِيْنَ ﴿

نُسَارِعُ لَهُمُ فِي الْخَيْرِتِ طَبَلُ لاَ يَشْعُرُونَ ®

إِنَّ الَّذِينَ هُمُوِّنُ خَشْيَةِ كَتِّهِمُ مُّشُوٰقُونَ ﴿

وَالَّذِيْنَ هُمْ بِأَيْتِ رَبِّهِمْ يُؤْمِنُونَ ﴿

وَالَّذِينَ هُمْ بِرَبِّهِمْ لَا يُشْرِكُونَ ﴿

৬০. আর যারা তাদের যা দান করবার তা দান করে এমতাবস্থায় তাদের অন্তর ভীত-কম্পিত। এজন্য যে তারা তাঁদের প্রতিপালকের নিকট ফিরে যাবে।

৬১. তারাই দ্রুত সম্পাদন করে কল্যাণকর কাজ এবং তারা তার প্রতি অগ্রগামী হয়।

৬২. আমি কাউকেও তার সাধ্যতীত দায়িত্ব অর্পণ করি না এবং আমার নিকট আছে এক কিতাব যা সত্য ব্যক্ত করে এবং তাদের প্রতি যুলুম করা হবে না।

৬৩. বরং এই বিষয়ে তাদের অন্তর অজ্ঞানতায় আচ্ছন্ন, এতদ্ব্যতীত আরো (মন্দ) কাজ আছে যা তারা করে থাকে।

৬৪. আর আমি যখন তাদের ঐশ্বর্যশালী ব্যক্তিদেরকে শান্তি দারা ধৃত করি তখনই তারা আর্তনাদ করে উঠে।

৬৫. আজ আর্তনাদ করো না, তোমরা আমার সাহায্য পাবে না।

৬৬. আমার আয়াত তোমাদের কাছে আবৃত্তি করা হতো; কিন্তু তোমরা পিছন ফিরে সরে পড়তে।

৬৭. এর প্রতি (ঈমান না আনয়ন করে) দম্ভভরে অর্থহীন গল্প-গুজব করতে।

৬৮. তবে কি তারা এই বাণী অনুধাবণ করে না? অথবা তাদের নিকট কি এমন কিছু এসেছে যা তাদের পূর্বপুরুষদের নিকট আসেনি? وَالَّذِيْنَ يُؤْتُونَ مَا اتَوا وَ قُلُوبُهُمْ وَجِلَةٌ انَّهُمْ اللهُ رَبِّهِمْ لَجِعُونَ ﴿

ٱوللِّكَ يُسْرِعُونَ فِي الْخَيْراتِ وَهُمْ لَهَا سَبِقُونَ ١٠

وَلَا نُكَلِّفُ نَفْسًا إِلَّا وُسْعَهَا وَلَدَيْنَا كِتْبٌ يَنْطِقُ بِالْحَقِّ وَهُمُولَا يُظْلَبُونَ ۞

بَلْ قُلُوبُهُمْ فِي عَبْرَةٍ مِّنْ هٰذَا وَلَهُمْ اَعْمَالٌ مِّنْ دُونِ ذَٰلِكَ هُمُ لَهَا عَبَالٌ مِّنْ دُونِ ذَٰلِكَ هُمُ لَهَا عَبِلُونَ ﴿

حَتَّى إِذَا آخَنُنَا مُتَرَفِيهِمْ بِالْعَنَابِ إِذَا هُمْ

لا تَجْزُوا الْيَوْمَ النَّكُمْ مِّنَّا لا تُنْصُرُونَ ١

قَدُ كَانَتُ الِمِينُ ثُمُّلُ عَلَيْكُمْ فَلَنْتُمْ عَلَى اَعْقَابِكُمْ تَنْكِصُونَ ﴿

مُسْتَكُيرِيْنَ وَفَيْ بِهِ سُبِرًا تَهُجُرُونَ ٠

اَفَكُمْ يَدَّبَّرُوا الْقَوْلَ اَمْ جَاءَهُمْ مَّالَمْ يَاْتِ اَبَاءَهُمُ الْاَوَلِيْنَ ﴿

৬৯. অথবা তারা তাদের রাসলকে চিনে না. ফলে তারা অস্বীকার করে?

৭০. অথবা তারা কি বলে যে. সে উম্মাদ? বস্তুতঃ তিনি তাদের নিকট সত্য এনেছেন এবং অধিকাংশ সত্যকে অপছন্দ করে।

৭১. সত্য যদি তাদের কামনা-অনুগামী বাসনার হতো তবে বিশৃঙ্খল হয়ে পড়তো আকাশমন্ডলী. এবং মধ্যবর্তী ওদের সবকিছুই; পক্ষন্তরে আমি তাদেরকে দিয়েছি উপদেশ; কিন্তু তারা উপদেশ হতে মুখ ফিরিয়ে নেয়।

৭২. অথবা তুমি কি তাদের কাছে কোন প্রতিদান চাও? প্রতিপালকের প্রতিদানই শ্রেষ্ঠ এবং তিনিই শ্রেষ্ঠ রিযিকদাতা।

৭৩. অবশ্যই তুমি তো তাদেরকে সরল পথে আহ্বান করছো।

তারা তো সরল পথ হতে বিচ্যুত।

৭৫. আমি উপর তাদের করলেও এবং তাদের দুঃখ-দৈন্য দুর করলেও তারা অবাধ্যতায় বিভ্রান্তের ন্যায় ঘুরতে থাকবে।

৭৬. আমি তাদেরকৈ শাস্তি দ্বারা ধৃত কিন্ত ক্রুলাম: তারা তাদের প্রতিপালকের প্রতি বিনয়ী হলো না এবং কাতর প্রার্থনাও করে না ।

৭৭. অবশেষে যখন আমি তাদের জন্যে কঠিন শাস্তির দ্বার খুলে দেই তখন তারা হতাশ হয়ে পডে।

آمْرِلَمْ يَعْرِفُواْ رَسُولَهُمْ فَهُمْ لَهُ مُنْكِرُونَ ﴿

آمْرِيَقُوْلُونَ بِهِ جِنَّةٌ ﴿ بَلْ جَآءَهُمْ بِالْحَقِّ وَٱكْثُرُهُمْ لِلْحَقِّ لَمْهُونَ ⊕

وَلُوِاتَّبُّعُ الْحَقُّ اَهُوَاءَهُمْ لَفَسَدَتِ السَّمْوْتُ ۅَالْاَرْضُ وَمَنْ فِيهِنَ ^طَبِلُ ٱتَيْنَٰهُمُ بِنِ كُيرِهِمُ فَهُمْ عَنْ ذِكْرِهِمْ مُعْرِضُونَ ٥

آمُرَتُسْئَكُهُمْ خَرْجًا فَخَرَاجُ رَبِّكَ خَيْرٌ ﴾ وَّهُو خَيْرُ الرِّزقِينَ @

وَإِنَّكَ لَتَدُعُوهُمُ إِلَى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ @

وَإِنَّ الَّذِينُ لَا يُؤْمِنُونَ بِٱلْأَخِرَةِ عَنِ الصِّرَاطِ لَلْكِبُونَ ﴿ 98. याता आचितार् विश्वां करत ना

وَلَوْ رَحِمْنُهُمْ وَكَشَفْنَا مَا بِهِمْ مِّنْ ضُرِّلَكَجُّوْا فِي طُغْيا نِهِمْ يَعْبَهُونَ @

وَلَقَلْ آخَذُ نَهُمُ بِالْعَنَابِ فَهَا اسْتَكَانُوا لِرَبِّهِمُ وَمَا يَتَضَرَّعُونَ @

حَتَّى إِذَا فَتَحْنَا عَلَيْهِمْ بَابًا ذَا عَنَابٍ شَدِيْدٍ إِذَا هُمْ فِيْهِ مُيْلِسُونَ ٥ ৭৮. তিনিই তোমাদের জন্যে কর্ণ, চক্ষু ও অন্তঃকরণ সৃষ্টি করেছেন; তোমরা অল্পই কৃতজ্ঞতা প্রকাশ করে থাকো।

৭৯. তিনিই তোমাদেরকে পৃথিবীতে বিস্তৃত করেছেন এবং তোমাদেরকে তাঁরই নিকট একত্রিত করা হবে।

৮০. তিনিই জীবন দান করেন এবং মৃত্যু ঘটান, আর তাঁরই অধিকারে রাত্রি ও দিবসের পরিবর্তন, তবও কি তোমরা বুঝবে না?

৮১. এতদসত্ত্বেও তারা বলে, যেমন বলেছিল পূর্ববর্তীগণ।

৮২. তারা বলেঃ আমাদের মৃত্যু ঘটলে এবং আমরা মাটি ও হাডিডতে পরিণত হলেও কি আমরা প্নরুখিত হবো?

বিষয়েই b0. আমাদেরকে প্রতিশ্রুতি প্রদান করা হয়েছে এবং অতীতে আমাদের পূর্বপুরুষদেরকেও এটা কালের উপকথা ব্যতীত আর কিছুই নয়।

৮৪. জিজ্ঞেস করঃ এই পৃথিবী এবং এতে যা আছে তা কার, যদি তোমরা জানো?

৮৫. তারা তুরিৎ বলবেঃ আল্লাহর: বলঃ তবুও কি তোমরা শিক্ষা গ্রহণ করবে নাং

قُلْ مَنْ رَبُّ السَّلَوْتِ السَّبُعِ وَرَبُّ الْعَرْشِ الْعَظِيْمِ ﴿ ﴿ अंशिकाम ﴿ وَرَبُّ الْعَرْشِ الْعَظِيْمِ মহা আরশের অধিপতি?

৮৭ তারা বলবেঃ আল্লাহ; তবুও কি তোমরা সাবধান হবে না। وَهُوَ الَّذِئَّ ٱنْشَا لَكُمُ السَّمْعَ وَالْاَبْصَادَ وَالْاَفِيْكَةَ ﴿ قَلْلًا مَّا تَشُكُرُونَ ۞

وَهُوَ الَّذِي ذَرَا كُمْ فِي الْأَرْضِ وَ إِلَيْهِ تُحْشُرُونَ ﴿

وَهُوَالَّذِينَ يُحْيَ وَيُمِينِتُ وَلَهُ اخْتِلَافُ الَّيْلِ وَالنَّهَارِ ﴿ أَفَلَا تَعُقَلُونَ ۞

يَلُ قَالُوا مِثْلُ مَا قَالَ الْأَوَّلُونَ @

قَالُوْآءَ إِذَا مِثْنَا وَكُنَّا ثُرَابًا وَّعِظَامًا ءَ إِنَّا لَمْبِعُوثُون ﴿

لَقُلُ وُعِلُنَا نَحُنُ وَأَلَاقُنَا هِلَا مِنْ قَيْلُ إِنْ هٰنَآاِلَّا ٱسَاطِيْرُ الْأَوَّلِيْنَ ۞

قُلْ لِّمِينِ الْأَرْضُ وَمَنْ فِيهَاَّ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ ﴿

سَيَقُوْلُوْنَ بِلَّهِ ۚ قُلُ اَفَلَا تَنَكَّرُونَ ؈

سَيَقُوْلُونَ لِللهِ القُلْ اَفَلَا تَتَقُونَ ١٠

৮৯. তারা বলবেঃ আল্লাহর; বলঃ তবুও তোমরা কেমন করে বিদ্রান্ত হচ্ছ?

৯০. বরং আমি তাদের নিকট সত্য পৌছিয়েছি; কিন্তু নিশ্চয়ই তারা মিথ্যাবাদী।

৯১. আল্লাহ কোন সন্তান গ্রহণ করেননি এবং তাঁর সাথে অপর কোন মা'বৃদ নেই; যদি থাকতো তবে প্রত্যেক মা'বৃদ স্বীয় সৃষ্টি নিয়ে পৃথক হয়ে যেতো এবং একে অপরের উপর প্রাধান্য বিস্তার করতো; তারা যা বলে তা হতে আল্লাহ সম্পূর্ণ পবিত্র!

৯২. তিনি দৃশ্য ও অদৃশ্যের পরিজ্ঞাতা, তারা যাকে শরীক করে তিনি তার **উর্ধে**।

৯৩. বলঃ হে আমার প্রতিপালক! যে বিষয়ে তাদেরকে প্রতিশ্রুতি প্রদান করা হচ্ছে, তা যদি আপনি আমাকে দেখাতেন।

৯৪. তবে, হে আমার প্রতিপালক! আপনি আমাকে যালিম সম্প্রদায়ের অন্তর্ভুক্ত করবেন না।

৯৫. আমি তাদেরকে যে বিষয়ে প্রতিশ্রুতি প্রদান করছি আমি তা তোমাকে দেখাতে অবশ্যই সক্ষম।

৯৬. মন্দের মোকাবেলা কর, যা উত্তম তা দ্বারা; তারা যা বলে আমি সে সম্বন্ধে সবিশেষ অবহিত। قُلُ مَنْ بِيَكِم مَلَكُونُ كُلِّ شَىْءٍ وَّهُوَيُجِيْرُ وَلَا يُجَارُ عَكَيْهِ إِنْ كُنْتُمُ تَعْلَمُونَ ۞

سَيَقُولُونَ لِللهِ ﴿ قُلُ فَا لَيْ تُسْحَرُونَ ۞

بَلُ ٱتَيُنْهُمُ بِالْحَقِّ وَاِنَّهُمُ لَكُنِ بُوْنَ ®

مَا اتَّخَذَ اللهُ مِنْ وَلَدٍ وَمَا كَانَ مَعَهُ مِنْ اللهِ إِذًا لَّنَهَبُ كُلُّ اللهِ بِمَاخَلَقَ وَلَعَلَا بَعْضُهُمْ عَلَى بَعْضٍ ﴿ سُبُحْنَ اللهِ عَبَّا يَصِفُونَ ﴿

عْلِمِ الْغَيْبِ وَالشَّهَادَةِ فَتَعْلَى عَبَّا يُشْرِكُونَ ﴿

قُل رَّبِ إِمَّا تُرِينِي مَا يُوعَدُونَ ﴿

رَبِّ فَلَا تَجْعَلْفِي فِي الْقَوْمِ الظَّلِيدِينَ ®

وَإِنَّا عَلَى آنُ نُوِيكَ مَانَعِدُهُمُ لَقْدِرُونَ ®

اِدُفَعُ بِالَّتِيُ هِي اَحْسَنُ السَّيِّئَةَ ﴿ نَحُنُ اَعْلَمُ بِمَا صَفُونَ ۞ ৯৭. আর বলঃ হে আমার প্রতিপালক! আমি আপনার আশয় প্রার্থনা করি শয়তানের প্রবোচনা হতে।

৯৮, হে আমার প্রতিপালক! আমি আপনার আশ্রয় প্রার্থনা করি আমার নিকট ওদের (শয়তানদের) উপস্থিতি হতে।

১৯ যখন তাদের কারো মৃত্যু উপস্থিত হয় তখন সে বলেঃ হে আমার প্রতিপালক! আমাকে পুনরায় ফেরত পাঠান ৷

১০০. যাতে আমি সৎকর্ম করতে পারি যা আমি পূর্বে করিনি; না এটা হবার নয়: এটা তার একটা উক্তি মাত্র: তাদের সামনে বার্যাখ থাকবে পুনরুখান দিবস পর্যন্ত।

১০১. এবং যেদিন শিংগায় ফৎকার দেয়া হবে সেদিন পরস্পরের মধ্যে আত্মীয়তার বন্ধন থাকবে না, এবং একে অপরের খোঁজ-খবর নিবে না।

১০২. সূতরাং যাদের পাল্লা ভারী হবে তারাই হবে সফলকাম।

১০৩, আর যাদের পালা হালকা হবে তারাই নিজেদের ক্ষতি করেছে: তারা জাহান্রামে স্থায়ী হবে।

১০৪. অগ্নি তাদের মুখমন্ডল দগ্ধ করবে এবং তারা তথায় থাকবে বীভৎস চেহারায়।

১০৫. তোমাদের নিকট কি আমার আয়াতসমূহ আবৃত্তি করা হতো না? অধ্বচ তোমরা ওগুলো করতে!

وَقُلْ رَّبِّ اعْوُدُ بِكَ مِنْ هَمَزْتِ الشَّالِطِيْن ﴿

وَاَعُوٰذُ بِكَ رَبِّ أَنْ يَتُحْضُرُونِ ۞

حَتُّى إِذَا حَآءَ أَحَلَ هُمُ الْبَوْتُ قَالَ رَبِّ ارْجِعُوْن ﴿

لَعَلِّى آغَيْلُ صَالِحًا فِيْهَا تَذَكْتُ كُلَّا لِمِانَّهَا كُلْمَةً هُوَ قَايِلُهَا طوَمِن قَرَا إِنهِمْ بَوْزَخٌ إِلَى يَوْمِ يُبْعَثُونَ ©

> فَاذَا نُفِحَ فِي الصُّورِ فَلاَ ٱنْسَابَ بَيْنَهُمُ يَوْمَهِنِ وَلا يَتَسَاءَلُوْنَ 🐵

فَمَنْ ثَقُلُتُ مَوَازِيْنُهُ فَأُولَيْكَ هُمُ الْمُفْلِحُونَ 🕾 وَمَنْ خَفَّتُ مَوَازِيْنُهُ فَأُولَيْكَ الَّذِيْنَ خَسِرُوۤا أَنْفُسَهُمْ فِي جَهَنَّمَ خِلْدُونَ ﴿ تَلْفَحُ وُجُوْهَهُمُ النَّارُ وَهُمْ فِيْهَا كُلِحُونَ ا

> اَلَمُ تَكُنُ الْمِتِي ثُثُلًى عَلَيْكُمْ فَكُنْتُمْ بها تُكُنّ بُون ؈

১০৬. তারা বলবেঃ হে আমাদের প্রতিপালক! দুর্ভাগ্য আমাদেরকে পেয়ে বসেছিল এবং আমরা ছিলাম এক বিভ্রান্ত সম্প্রদায়।

১০৭, হে আমাদের প্রতিপালক! এই অগ্নি হতে আমাদেরকে উদ্ধার করুন; অতঃপর আমরা যদি পুনরায় কৃফরী করি তবে তো আমরা অবশ্যই সীমালজ্বনকারী হবো।

১০৮. (আল্লাহ) বলবেনঃ তোমরা হীন অবস্থায় এখানেই থাক এবং আমার সাথে কোন কথা বলো না। ٥٥٤. আমার বান্দাদের একদল ছিল যারা বলতোঃ হে আমাদের প্রতিপালক! আমরা ঈমান এনেছি, সূতরাং আপনি আমাদেরকে ক্ষমা করে দিন ও আমাদের উপর দয়া করুন, আপনি দয়ালুদের মধ্যে শ্ৰেষ্ঠ দয়ালু ৷

১১০. কিম্ব তাদেরকে নিয়ে তোমরা এতো ঠাষ্টা-বিদ্রপ করতে যে, তা তোমাদেরকে আমার কথা ভূলিয়ে দিয়েছিল; তোমরা তো তাদেরকে নিয়ে হাসি-ঠাট্টাই করতে।

১১১ আমি আজ তাদেরকে তাদের ধৈর্যের কারণে এমনভাবে পুরস্কৃত করলাম যে. তারাই হলো সফলকাম।

১১২. তিনি বলবেনঃতোমরা পৃথিবীতে কত বছর অবস্থান করেছিলে?

১১৩. তারা বলবেঃ আমরা অবস্থান করেছিলাম একদিন অথবা একদিনের অংশ, আপনি গণনাকারীদেরকে জিজ্ঞেস করুন!

قَالُوا رَتَّنَا غَلَيتُ عَلَيْنَا شِقُوتُنَا وَكُنَّا قَرْمًا ضَآلَٰدُنَ ؈

رَتِّنَا آخُوجِنا مِنْهَا فَانْ عُدُنا فَاتًّا ظَلِمُون ا

قَالَ اخْسَئُوا فِيهَا وَلَا تُكَلِّمُون ١٠٠

إِنَّهُ كَانَ فَرِيُقٌ مِّنُ عِبَادِي يَقُوْلُوْنَ رَبَّنَآ امَنَّا فَاغْفِرُلْنَا وَارْحَمْنَا وَآنُتَ خَيْرُ الرّحيين 🖗

فَاتَّخَذْ تُنُوهُمُ سِخْرِتًا حَتَّى ٱنْسَوْلُمُ ذِكْرِي وَكُنْتُهُ مِّنْهُمْ تَضْعُلُونَ ا

إِنَّى جَزَيْتُهُمُ الْيَوْمَ بِهَا صَبَرُوَّا لِأَنَّهُمْ هُمُ الْفَالِيزُونَ ١

قُلُ كُمْ لَيِثُنُّمُ فِي الْأَرْضِ عَلَدَ سِنانِي اللهُ قُلْ

قَالُوا لِيثْنَا يَوْمًا أَوْ بَعْضَ يُومِ فَسْكِلِ الْعَلْدِينَ ®

তিনি **228**. বলবেনঃ অল্পকালই অবস্থান করেছিলে, যদি তোমরা জানতে।

১১৫. তোমরা কি মনে করেছিলে যে. আমি তোমাদেরকে অনর্থক সৃষ্টি করেছি এবং তোমরা আমার নিকট প্রত্যাবর্তিত হবে না?

১১৬. মহিমান্বিত আল্লাহ যিনি প্রকৃত মালিক, তিনি ব্যতীত কোন সত্য মা'বৃদ নেই; সম্মানিত আরশের তিনি অধিপতি :

১১৭. যে ব্যক্তি আল্লাহর সাথে ডাকে অন্য ইলাহকে. ঐ বিষয়ে তার নিকট কোন প্রমাণ নেই; তার হিসাব তার প্রতিপালকের নিকট আছে, নিশ্চয়ই কাফিররা সফলকাম হবে না।

১১৮. বলঃ হে আমার প্রতিপালক! ক্ষমা করুন ও দয়া করুন, দয়ালুদের মধ্যে আপনিই দয়ালু।

قُلِ إِنْ لَيَثْتُمُ إِلَّا قَلِيلًا لَّوْ ٱنَّكُمْ كُنْتُمُ تَعْلَمُونَ ®

اَفَحَسِيتُهُ اَنَّهَا خَلَقُنكُمْ عَيَثًا وَّاتَّكُمُ إِلَّهُ إِلَّهُ إَلَّهُ إِلَّهُ اللَّهِ إِلَّهُ إِلّ لَا تُرْجَعُ نَ ١٠٠٠

فَتَعْلَى اللهُ الْمِلِكُ الْحَقُّ وَلاَ إِلهَ إِلاَّ هُوَ ا رَبُّ الْعَرْشِ الْكَرِيْمِ ﴿

وَمَنْ يَنُكُعُ مَعَ اللهِ إِلهًا أَخَرَ « لا بُرُهَانَ لَهُ بِهِ « فَإِنَّهَا حِسَابُهُ عِنْدَ رَبِّهِ لِإِنَّهُ لَا يُفْلِحُ الْكِفِرُونَ @

وَقُلُ رَّبِّ اغْفِرْ وَارْحَمْ وَانْتَ خَيْرُ الرَّحِمِيْنَ ﴿

সুরাঃ নুর, মাদানী

(আয়াতঃ ৬৪, রুক্'ঃ ৯)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

১. (এটি) একটি সুরা, যা আমি অবতীর্ণ করেছি এবং (এর বিধানকে) অবশ্য পালনীয় করেছি, এতে আমি অবতীর্ণ করেছি সুস্পষ্ট আয়াতসমূহ যাতে তোমরা উপদেশ গ্রহণ কর।

سُورَةُ النُّوْرِ مَكَ نِيَّةً المَاتُكُمُا ١٣ رَكُوْعَاتُهَا ٩ بشيم الله الرَّحْين الرَّحِيْمِ

سُورَةٌ ٱنْزَلْنْهَاوُفَرَضْنْهَا وَٱنْزَلْنَا فِيْهَاۤ الْيَتِ بَيِّنْتٍ الْعَلَّكُمْ تَلَكُّونُ 0

653

(অবিবাহিত) ব্যভিচারিণী ব্যভিচারী তাদের প্রত্যেককে একশ বেত্রাঘাত করবে, আল্লাহর বিধান কার্যকরীকরণে তাদের প্রতি দয়া যেন তোমাদেরকে প্রভাবিত না করে, যদি তোমরা আল্লাহ এবং পরকালে বিশ্বাসী হও; আর মু'মিনদের একটি দল যেন তাদের শাস্তি প্রত্যক্ষ করে ১ ৩. ব্যভিচারী ব্যভিচারিণী অথবা মুশরিক নারীকে ব্যতীত বিয়ে করে না এবং ব্যভিচারিণী তাকে ব্যভিচারী অথবা মুশরিক ব্যতীত কেউ বিয়ে

8. যারা সতী-সাধ্বী রমনীর প্রতি অপবাদ আরোপ করে এবং চারজন সাক্ষী হাজির করে না তাদেরকে আশিটি বেত্রাঘাত করবে এবং কখনো তাদের সাক্ষ্য গ্রহণ করবে না: তারাই তো সত্য-ত্যাগী।

করে না. মু'মিনদের জন্যে

হারাম করা হয়েছে।

৫. তবে যদি এরপর তারা তাওবা করে ও নিজেদেরকে সংশোধন করে-আল্লাহ তো ক্ষমাশীল, পরম দয়ালু

৬. এবং যারা নিজেদের স্ত্রীর প্রতি অপবাদ আরোপ করে অথচ নিজেরা ব্যতীত তাদের কোন সাক্ষী নেই.

ٱلزَّانِيَةُ وَالزَّانِيُ فَاجِٰلِدُوا كُلُّ وَاحِي مِّنْهُمَا مِأْتُهَ جَلْدَةٍ ﴿ وَلَا تَأْخُذُكُمْ بِهِمَا رَأْفَةٌ فِي دِيْنِ اللهِ إِنَّ كُنْتُمْ تُؤْمِنُونَ بِاللهِ وَالْيَوْمِ الْأَخِرِ ۚ وَلْيَشُهَلُ عَنَابَهُمَا طَإِفَةٌ مِّنَ الْمُؤْمِنِينَ ٠

ٱلزَّانِيْ لَا يَنْكِحُ إِلَّا زَانِيَةً ٱوْمُشْرِكَةً ﴿ وَالزَّانِيَةُ لَا يَنْكِحُهَآ اللَّا زَانِ أَوْمُشْرِكٌ ۚ وَحُرِّمَ ذَٰلِكَ عَلَى الْمُؤْمِنِينَ ۞

وَالَّنْ يُنِّ يَرْمُونَ الْمُحْصَنْتِ ثُمَّ لَمْ يَأْتُواْ بِأَرْبَعَةِ شُهَدَآءَ فَاجْلِدُوهُمْ ثَلْنِيْنَ جَلْدَةً وَلا تَقْيَلُوا لَهُمْ شَهَادَةً ٱبْدَّاءَ وَأُولَيْكَ هُمُ الْفَسِقُونَ ۞

> إِلَّا الَّذِيْنَ تَأْبُواْ مِنْ بَعْدٍ ذٰلِكَ وَأَصْلَحُواْ عَ فَأَنَّ اللَّهُ غَفُوْ رُّ رَّحِيْمٌ ۞

وَالَّذِينَ يَرْمُونَ أَزُواجَهُمْ وَلَمْ يَكُنُ لَّهُمْ شُهَا أَءُ إِلَّا ٱنْفُسُهُمْ فَشَهَادَةُ آكِهِمُ ٱلْبَعُ شَهْلَتٍ بِاللَّهِ لَا

১। (ক) আবূ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত। নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) অবিবাহিত যুবক ও যুবতীর যেনা করার জন্য তাদের ওপর শান্তি স্বরূপ এক বছরের জন্য দেশান্তর করার জন্য নির্দেশ করেছেন : (বুখারী, হাদীস নং ৬৮৩৩)

⁽খ) জাবের ইবনে আব্দুল্লাহ্ আল-আনসারী (রাযিআল্লাহ্ন আনহ্ন) থেকে বর্ণিত। তিনি বলেন, আসলাম গোত্রীয় জনৈক ব্যক্তি রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম)-এর নিকট এসে বললো, সে যেনা করেছে. (এবং এর প্রমাণ স্বরূপ) নিজ দেহের ওপর চারবার সাক্ষ্যও প্রদান করলো। তার কথা শুনে রাস্লুল্লাহ (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) শান্তির নির্দেশ করলেন। অতপর তাকে (রঞ্জম) পাথর মেরে হত্যা করা হলো। বস্তুতঃ সে ছিলো একজন বিবাহিত লোক। (বখারী, হাদীস নং ৬৮১৪)

النور ۲۳

তাদের প্রত্যেকের সাক্ষ্য এই হবে যে, সে আল্লাহর নামে চারবার শপথ করে বলবে যে, সে সত্যবাদী।

৭. আর পঞ্চমবারে বলবে যে. সে যদি মিখ্যাবাদী হয় তবে তার উপর নেমে আসবে আল্লাহর লা'নত।

৮. তবে স্ত্রীর শাস্তি রহিত হবে যদি সে চারবার আল্লাহর নামে শপথ করে সাক্ষ্য দেয় স্বামীই যে মিথ্যাবাদী।

 ৯. আর পঞ্চমবারে বলে যে, তার স্বামী সত্যবাদী হলে তার নিজের **উপর নেমে আসবে আল্লাহর গযব**।

১০. তোমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ ও দয়া না থাকলে তোমাদের কেউই অব্যাহতি পেতো না এবং আল্লাহ তাওবা গ্রহণকারী ও প্রজ্ঞাময়।

১১. যারা এই অপবাদ রচনা করেছে তারা তোমাদেরই একটি এটাকে তোমরা (হে মু'মিনগণ) তোমাদের জন্যে অনিষ্টকর মনে করো না; বরং এটা তোমাদের জন্যে কল্যাণকর; তাদের প্রত্যেকের জন্যে আছে তাদের কৃত পাপকর্মের ফল এবং তাদের মধ্যে যে এই ব্যাপারে প্রধান ভূমিকা গ্রহণ করেছে, তার জন্যে আছে কঠিন শাস্তি।

১২. যখন তোমরা একথা শুনলে, তখন মু'মিন পুরুষ এবং নারীগণ কেন নিজেদের বিষয়ে সৎ ধারণা

إِنَّهُ لَهِنَ الصِّدِقِينَ ۞

وَالْخَامِسَةُ أَنَّ لَعُنْتَ اللَّهِ عَلَيْهِ إِنْ كَانَ مِنَ الْكَذِيبِينَ ۞

وَيُدْرَؤُا عَنْهَا الْعَنَابَ أَنْ تَشْهَدَ أَرْبَعَ شَهْلَتٍ بالله لواته كون الكن بين

وَالْخَامِسَةَ آنَّ غَضَبَ اللهِ عَلَيْهَا إِنْ كَانَ مِنَ الصِّداقِينَ ٠

وَلَوْلَا فَضُلُ اللهِ عَلَيْكُمْ وَ رَحْمَتُهُ ۚ وَأَنَّ اللَّهُ رر و رم ووع كواك حكيم (١)

إِنَّ الَّذِينَ جَاءُوْ بِالْإِفْكِ عُصْبَةٌ مِّنُكُمْ وَلَا تَحْسَبُونُهُ شَرًّا تَكُمُ ط بَلْ هُوَ خَيْرٌ لَّكُمْ ط لِكُلِّ الْمِرِيُّ قِنْهُمْ مَّا اَكْتَسَبَ مِنَ الْإِثْمِ ۚ وَالَّذِي تُولِّى كِبْرَهُ مِنْهُمُ لَكَ عَنَاكُ عَظِيْمُ اللهُ

لَوْ لَآ إِذْ سَبِمِغْتُمُوهُ فَكُنَّ الْمُؤْمِنُونَ وَالْمُؤْمِنْتُ بِٱنْفُسِهِمُ خَيْرًا لاوَّقَالُوا هِٰنَآ إِفْكٌ مُّبِينٌ ۞

করেনি এবং বলেনিঃ এটা সুস্পষ্ট অপবাদ ৷১

১৩. তারা কেন এই ব্যাপারে চারজন সাক্ষী হাজির করেনি? যেহেতু তারা সাক্ষী হাজির করেনি, সে কারণে তারা আল্লাহর বিধানে মিথ্যাবাদী।

১৪. দুনিয়াও আখিরাতে তোমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ ও দয়া না থাকলে, তোমরা যাতে লিপ্ত ছিলে তার জন্য কঠিন শাস্তি তোমাদেরকে স্পর্শ করতো।

১৫. যখন তোমরা মুখে মুখে এটা ছড়াচ্ছিলে এবং এমন বিষয় মুখে উচ্চারণ করছিলে যার কোন জ্ঞান তোমাদের ছিল না এবং তোমরা একে তুচ্ছ গণ্য করেছিলে, যদিও আল্লাহর নিকট ছিল এটা গুরুতর বিষয়।

১৬. এবং তোমরা যখন এটা শ্রবণ করলে তখন কেন বললে না, এ বিষয়ে বলাবলি করা আমাদের উচিত নয়; আল্লাহ পবিত্র, মহান! এটা তো এক গুরুতর অপবাদ!

১৭, আল্লাহ তোমাদেরকে উপদেশ দিচ্ছেন, তোমরা যদি মু'মিন হও. তবে কখনো অনুরূপ আচরণের পুনরাবৃত্তি করবে না।

১৮. আল্লাহ তোমাদের জন্যে তাঁর সুস্পষ্টভাবে আয়াতসমূহ করেন এবং আল্লাহ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।

كُوْلَاجَاءُوْعَكَيْهِ بِٱرْبِعَةِ شُهَكَآءً ۚ فَإِذْ لَمْ يَأْتُواْ بِالشُّهَدَاءِ فَأُولِيكَ عِنْدَ اللهِ هُمُ الْكَذِبُونَ ®

وَلَوْلَا فَضُلُ اللهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهُ فِي الثَّانْيَا وَالْاَخِرَةِ لَهَ تَكُمُ فِي مَا اَفَضُتُهُ فِيهِ عَذَاكٌ عَظِيْمٌ ﴿ لَكُ

إِذْ تَكَقُّونَهُ بِٱلْسِنَتِكُمْ وَ تَقُوْلُونَ بِأَفْوَاهِكُمُ مَّا لَيْسَ لَكُمْ بِهِ عِلْمُ وَتَحْسَبُونَهُ هَيِّنًا لَا وَهُوَعِنْدَاللَّهِ عَظنُمُّ ۞

وَلَوْ لِآ إِذْ سَمِعْتُمُونُهُ قُلْتُهُ مَّا كُونُ لِنَا آنُ لَّتَكَلَّمَ بِهِذَا اللهِ سُبِطْنَكَ هَنَا بُهْتَأَنَّ عَظِيْمٌ اللهِ

> يَعِظُكُمُ اللَّهُ أَنْ تَعُوْدُ وَالمِثْلِيَهِ أَبِكًا إِنْ كُنْتُمُ مۇمنان <u>شۇمنان</u>

وَيُبَيِّنُ اللهُ لَكُمُ الْأَلِيتِ ﴿ وَاللَّهُ عَلِيْمٌ حَكِيْمٌ ۞

^{🕽 ।} আয়েশা সিদ্দীকা (রাথিআল্লাহু আনহা)-এর প্রতি ইফ্ক বা মিথ্যা দোষারোপের ঘটনা দেখুন। (বুখারী, হাদীস নং ৪৭৫০)

পারা ১৮

২০. তোমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ ও দয়া না থাকলে তোমাদের কেউই অব্যাহতি পেতো না এবং আল্লাহ দয়ার্দ্র ও পরম দয়ালু।

আল্লাহ জানেন, তোমরা জান না।

২১. হে মু'মিনগণ! তোমরা শয়তানের পদাঙ্ক অনুসরণ করো না; কেউ শয়তানের পদাঙ্ক অনুসরণ করেল সে অশ্লীলতা ও মন্দ কাজের নির্দেশ দেবে, আল্লাহর দয়া ও অনুগ্রহ না থাকলে তোমাদের কেউই কখনো পবিত্র হতে পারতো না, তবে আল্লাহ যাকে ইচ্ছা পবিত্র করে থাকেন এবং আল্লাহ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।

২২. তোমাদের মধ্যে যারা ঐশ্বর্য ও প্রাচুর্যের অধিকারী তারা যেন শপথ গ্রহণ না করে যে, তারা আত্মীয়-স্বজন ও অভাবগ্রস্তদেরকে এবং আল্লাহর পথে যারা গৃহ ত্যাগ করেছে তাদেরকে কিছুই দিবে না; তারা যেন তাদেরকে ক্ষমা করে তাদের দোষ-ক্রটি উপেক্ষা করে; তোমরা কি চাও না যে, আল্লাহ তোমাদেরকে ক্ষমা করেন? এবং আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।

২৩. যারা সাধবী, সরলমনা ও বিশ্বাসী নারীর প্রতি (যিনার) অপবাদ আরোপ করে তারা দুনিয়া ও إِنَّ الَّذِيْنَ يُحِبُّونَ اَنْ تَشِيْعَ الْفَاحِشَةُ فِي الَّذِيْنَ الْمُنُوالَهُمُ عَذَابٌ الدُّمُّ فِي اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَمُ وَ اللَّهُ يَعْلَمُ وَ اللَّهُ لَا تَعْلَمُونَ ﴿

وَلُوْلِا فَضُلُ اللهِ عَلَيْكُمُ وَرَحْمَتُهُ وَآنَ اللهَ رَوْدُ وَرَحْمَتُهُ وَآنَ اللهَ رَوُدُونُ رَحِيْمً

يَايَّهَا الَّذِيْنَ اَمَنُوالا تَتَبِعُوا خُطُوتِ الشَّيُطِنِ وَمَنْ يَامُرُ بِالْفَحُشَاءِ وَمَنْ يَتَبِعُ اخْطُوتِ الشَّيُطِنِ وَانَّهُ يَامُرُ بِالْفَحُشَاءِ وَالْمُنْكَرِ وَكُو لا فَضُلُ الله عَلَيْكُمْ وَرَحْمَتُهُ مَا ذَكَى مِنْكُمْ مِّنْ اَحْدِ اَبَلُ الآوَلكِنَّ اللهَ يُوَكِّنُ مَا ذَكَى مِنْكُمْ مِّنْ اَحْدِ اَبَلُ الآوَلكِنَّ اللهَ يُوَكِّنُ مَنْ يَشَاءُ وَاللهُ سَمِيعٌ عَلِيْمٌ ﴿

وَلا يَأْتَكِ أُولُوا الْفَضِّلِ مِنْكُمْ وَالسَّعَةِ اَنْ يُّؤْتُوَا اُولِي الْقُرُنِي وَالْمَسْكِيْنَ وَالْهُلِحِدِيْنَ فِي سَبِيلِ اللهِ عَلَى وَلْيَعْفُواْ وَلْيَصْفَحُوا اللَّا تُحِبُّونَ اَنْ يَّغْفِرَ اللَّهُ لَكُمْ الله وَاللَّهُ خَفُوْدٌ رَّحِيْمٌ ﴿

আখিরাতে অভিশপ্ত এবং তাদের জন্যে আছে মহাশাস্তি।

২৪. যেদিন তাদের বিরুদ্ধে সাক্ষ্য দিবে তাদের জবান, তাদের হাত ও তাদের পা তাদের কৃতকর্ম সম্বন্ধে।

২৫. সেদিন আল্লাহ তাদের প্রাপ্য প্রতিফল পুরোপুরি দিবেন এবং তারা জানবে আল্লাহই সত্য, স্পষ্টকারী।

২৬. দুশ্চরিত্র নারী দুশ্চরিত্র পুরুষের জন্যে; দুশ্চরিত্র পুরুষ দুশ্চরিত্র নারীর জন্যে; সুচরিত্র নারী সুচরিত্র পুরুষের জন্যে এবং সুচরিত্র পুরুষ সুচরিত্র নারীর জন্যে; লোকে যা বলে এরা তা থেকে পবিত্র; এদের জন্যে আছে ক্ষমা এবং সম্মানজনক রুযী।

মু'মিনগণ! २१. হে তোমরা নিজেদের গৃহ ব্যতীত অন্য কারো গৃহে গৃহবাসীদের অনুমতি না নিয়ে এবং তাদেরকে সালাম না করে প্রবেশ করো না; এটাই তোমাদের জন্যে শ্রেয়, সম্ভবত তোমরা উপদেশ গ্রহণ করবে।

২৮. যদি তোমরা গৃহে কাউকেও না পাও তাহলে তাতে প্রবেশ করবে না যতক্ষণ না তোমাদেরকে অনুমতি দেয়া হয়; যদি তোমাদেরকে বলা হয়ঃ ফিরে যাও, তবে তোমরা ফিরে যাবে, এটাই তোমাদের জন্যে উত্তম এবং তোমরা যা কর সে সম্বন্ধে আল্লাহ অবহিত।

২৯. যে গৃহে কেউ বাস করে না তাতে তোমাদের জন্যে দ্রব্যসামগ্রী يَّوْمَ تَشْهَلُ عَلَيْهِمُ ٱلْسِنَتُهُمُ وَ ٱيْدِيْهِمْ وَٱرْجُلُهُمْ بِمَا كَانُواْ يَعْمَلُوْنَ @

يَوْمَيِنٍ يُّوفِيُهِمُ اللهُ دِيْنَهُمُ الْحَقَّ وَيَعْلَمُوْنَ اَنَّ اللهَ هُوَ الْحَقُّ الْمُبِينُ @

ٱلْخَبِيْثُتُ لِلْخَبِيْثِيْنَ وَالْخَبِيثُونَ لِلْخَبِيثُونَ وَالطَّيِّبِكُ لِلطَّيِّبِيْنَ وَالطَّيِّبُونَ لِلطَّيِّبِتِ ٤ ٱۅڵێۣڮ مُبَرِّءُونَ مِهَا يَقُولُونَ ﴿لَهُمُ مَّغُفِرَةٌ وَرِزُقُ كَرِيمٌ ﴿

يَايَتُهَا الَّذِينَ امَنُوا لا تَنْخُلُوا بَيُوتًا غَيْرَ بُيُوتِكُمْ حَتَّى تَسْتَأْنِسُوا وَتُسَلِّمُوا عَلَى اَهْلِهَا ﴿ ذَٰلِكُهُ خَيْرٌ لَكُمُ لَعَلَّكُمْ تَنَكَّرُونَ @

فَإِنْ لَّهُ تَجِدُوا فِيهَآ اَحَدًا فَلَا تَلُخُلُوْهَا حَتَّى يُؤْذَنَ لَكُمْ وَإِنْ قِيْلَ لَكُمُ ارْجِعُوا فَارْجِعُوا هُوَ أَذْكُى لَكُمْ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ عَلِيُمُّ ﴿

لَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ أَنْ تَلُخُلُوا بُيُوتًا غَيْرَ

থাকলে সেখানে তোমাদের প্রবেশে কোনও পাপ নেই এবং আল্লাহ জানেন যা তোমরা প্রকাশ কর এবং যা তোমরা গোপন কর।

৩০. মু'মিনদেরকে বলঃ তারা যেন তাদের দৃষ্টিকে সংযত করে এবং তাদের লঙ্জাস্থানের হিফাযত করে; এটা তাদের জন্যে পবিত্রতম; তারা যা করে সে বিষয়ে আল্লাহ অবহিত।

আনয়নকারী নারী-ঈমান **9**2. দেরকে বলঃ তারা যেন তাদের দৃষ্টিকে সংযত লজ্জাস্তানের হিফাযত করে: তারা যেন তার মধ্যে যা সাধারণতঃ প্রকাশ থাকে তা ব্যতীত তাদের অলংকার বা সৌন্দর্য প্রদর্শন না করে, তাদের ঘাড় ও বক্ষদেশ যেন মাথার কাপড় (ওড়না বা চাদর) দ্বারা আবৃত্ত করে, তারা যেন তাদের স্বামী, পিতা, (পিতামহ-মাতামহ) শ্বশুর, পুত্ৰ, স্বামীর পুত্র, ভ্ৰাতা, ভাতুম্পুত্র, ভগ্নীপুত্র, আপন নারীগণ, তাদের यानिकानाधीन मात्री, शूक्र यापत्र याध्य যৌন কামনা রহিত পুরুষ এবং নারীদের গোপন অঙ্গ সম্বন্ধে অজ্ঞ বালক ব্যতীত কারো নিকট তাদের সৌন্দর্য প্রকাশ না করে, তারা যেন তাদের সৌন্দর্য প্রকাশের উদ্দেশ্যে সজোরে না হাটে. হে মু'মিনগণ! সবাই আল্লাহর দিকে তোমরা প্রত্যাবর্তন যাতে কর, তোমরা সফলকাম হতে পারো।

مَسْكُوْنَةٍ فِيهَا مَتَاعٌ ثَكُمُوط وَاللهُ يَعْلَمُ مَا تُبُنُونَ ﴿ وَاللّٰهُ يَعْلَمُ

قُلُ لِلْمُؤْمِنِيْنَ يَغُضُّوا مِنْ ٱبْصَارِهِمْ وَيَحْفَظُوا فُرُوْجَهُمُ اللهُ خَلِكَ ٱذْكَى لَهُمْ السَّهَ خَبِيْرٌا بِمَا يَصْنَعُوْنَ ۞

وَقُلْ لِلْمُؤْمِنْتِ يَغْضُضَنَ مِنَ ٱبْصَادِهِنَّ الْآ وَيَحْفُظُنَ فُرُوجُهُنَّ وَلَا يُبُويْنَ ذِيْنَتَهُنَّ الآ مَاظَهَرَمِنْهَا وَلْيَضْرِبْنَ بِخُرُهِنَّ عَلْ جُيُوبِهِنَّ وَلَا يُبْرِيْنَ أَوْلَبَا إِهِنَّ الْآلِهِيَّ وَلاَيُبُويُنَ ذِيْنَتَهُنَّ الآلِيهُولَتِهِنَّ اَوْلَبَا إِهِنَّ اَوْلَيْفَى اَوْلَتِهِيْنَ اَوْلَيْفِي اللَّهِ اللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّه

১। (ক) আয়েশা (রাযিআল্লান্থ আনহা) থেকে বর্ণিত। তিনি বলেনঃ প্রাথমিক যুগের মুহাজির মহিলাদের প্রতি আল্লাহ্ তা'আলা রহম করুন। আল্লাহ্ তা'আলা এ আয়াতটি নাযিল করলে এবং তারা যেন নিজেদের বক্ষদেশের উপর ওড়নার আবরণ ফেলে রাখে।" তারা (মহিলারা) তাদের বস্ত্রখন্ড ছিড়ে তা দিয়ে মুখমন্ডল

659

সূরা নূর ২৪

৩২. তোমাদের মধ্যে যারা স্বামীহীন তাদের বিবাহ সম্পাদন কর এবং তোমাদের দাস ও দাসীদের মধ্যে যারা সৎ তাদেরও: তারা অভাবগ্রস্ত হলে আল্লাহ নিজ অনুগ্রহে তাদেরকে অভাবমুক্ত করে দিবেন: প্রাচুর্যময়, সর্বজ্ঞ।

৩৩. যাদের বিয়ের সামর্থ্য নেই. আল্লাহ তাদেরকে নিজ অনুগ্ৰহে অভাবমুক্ত না করা পর্যন্ত তারা যেন সংযম অবলম্বন করে এবং তোমাদের মালিকানাধীন দাস-দাসীদের মধ্যে কেউ তার মুক্তির জন্যে লিখিত চুক্তি করতে চাইলে তাদের সাথে চুক্তিতে আবদ্ধ হও. যদি তোমরা তাদের মধ্যে মঙ্গলের সন্ধান পাও; আল্লাহ তোমাদেরকে যে সম্পদ দিয়েছেন তা হতে তোমরা তাদেরকে দান করবে; তোমাদের দাসীরা সততা রক্ষা করতে চাইলে পার্থিব জীবনের ধন-লালসায় তাদেরকে ব্যভিচারিনী হতে বাধ্য করো না, আর তাদেরকে বাধ্য করে, তবে তাদের উপর জবরদন্তির পর আল্লাহ তো ক্ষমাশীল, পরম দয়াল।

৩৪. আমি তোমাদের নিকট অবতীর্ণ করেছি সুস্পষ্ট আয়াত, তোমাদের পূর্ববর্তীদের দৃষ্টান্ত এবং মুত্তাকীদের জন্যে উপদেশ।

وَٱنْكِحُواالْاَيَالْمِي مِنْكُمُ وَالصَّلِحِيْنَ مِنْ عِمَادِكُمْ وَ إِمَا إِكُمْ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ مِنْ فَضُلَّهُ وَاللَّهُ وَالسُّعُ عَلَيْهُ ۞

وَلُيسْتَعْفِفِ الَّذِيْنَ لَا يَجِدُونَ نِكَاحًا حَتَّى يُغْنِيَهُمُ اللهُ مِنْ فَضُلِهِ ﴿ وَالَّذِينَ يَبْتَغُونَ الْكِتْبَ مِمَّا مَكَكُتُ ٱيْمَانُكُمْ فَكَاتِبُوْهُمْ إِنْ عَلِمُتُمْ فِيُهِمْ خَيْرًا ﴿ وَاتُوهُمْ مِنْ مَّالِ اللهِ الَّذِي اللهُ اللهُ اللهُ اللهُ مُ وَلا تُكْرِهُوا فَتَلِيتِكُمْ عَلَى الْبِغَآءِ إِنْ أَرَدُنَ تَحَصُّنًّا لِّتَبُتُكُولُ عَرَضَ الْحَيْوةِ التَّانْيَا لا وَمَن يُكْرِهُهُنَّ فَإِنَّ الله مِنْ بَعُن إِثْرَاهِمِنَّ عَفُورٌ رَّحِيْمُ اللهُ

وَلَقَالُ أَنْزُلُنَّآ اِلِيُكُمُ الْيَتِ مُّبَيِّنَتٍ وَّمَثَلًا مِّنَ الَّذِينَ خَلُوا مِن قَلِكُمْ وَمَوْعِظَةً لِلْمُتَّقِيْنَ ﴿

ঢেকে ফেলল। (বুখারী, হাদীস নং ৪৭৫৮)

⁽খ) সাফিয়া বিনতে শাইবা (রাযিআল্লান্থ আনহা) থেকে বর্ণিত। আয়েশা (রাযিআল্লান্থ আনহা) বলতেনঃ "এ আয়াত নাযিল হলে. "এবং তারা" যেন নিজেদের বক্ষদেশের ওপর ওড়নার আবরণ ফেলে রাখে।" মহিলারা তাদের কোমর বন্ধের কাপড়ের প্রান্তদেশ কেটে সেই টুকরা দিয়ে (ওড়না বানিয়ে) মুখমন্ডল ঢেকে রাখে। (বুখারী, হাদীস নং ৪৭৫৯)

৩৫. আল্লাহ আকাশমন্ডলীও পৃথিবীর (আলোকিতকারী) জ্যোতি, জ্যোতির উপমা (মু'মিনদের অন্তরে) যেন একটি দীপাধার (তাক), যার মধ্যে আছে এক প্রদীপ, প্রদীপটি কাঁচের আভরণের একটি মধ্যে স্থাপিত, কাঁচের আভরণটি উজ্জুল নক্ষত্র সদৃশ; এটা প্রজ্বলিত করা হয় বরকতময় যয়তুন বৃক্ষের তৈল দারা যা পূর্বেরও নয়, পশ্চিমও নয়, (বরং উভয়ের মধ্যবর্তী) অগ্নি ওকে স্পর্শ না করলেও যেন ওর তৈল উজ্জ্বল জ্যোতির উপর জ্যোতি! আলো আল্লাহ যাকে ইচ্ছা পথ-নির্দেশ করেন তাঁর জ্যোতির দিকে; আল্লাহ মানুষের জন্যে উপমা দিয়ে থাকেন এবং আল্লাহ সর্ব বিষয়ে সর্বজ্ঞ।

৩৬. সেসব গৃহে যাকে সমুন্নত করতে এবং যাতে তাঁর নাম যিকির করতে আল্লাহ নির্দেশ দিয়েছেন, তাতে সকাল ও সন্ধ্যয় তাঁর পবিত্রতা ও মহিমা ঘোষণা করে?

৩৭. সে সব লোক, যাদেরকে ব্যবসা-বাণিজ্য এবং ক্রয়-বিক্রয় اَللَّهُ نُوْرُ السَّلُوتِ وَالْاَرْضِ مُمَثَلُ نُوْرِهٖ كَمِشْكُوةٍ فِيْهَا مِصْبَاحٌ الْمِصْبَاحُ فِي نُجَاجَةٍ الزُّجَاجَةُ كَانَّهَا كُوْكَبُّ دُرِّئٌ يُّنُوقَكُ مِنْ شَجَرَةٍ مُّبلِرَكَةٍ زَيْتُوْنَةٍ لاَ شَرُقِيَّةٍ وَلا غَرْبِيَةٍ لا يَكَادُ زَيْتُهَا يُضِيِّ وَلَوُ لَـمُ تَمْسَسُهُ نَارٌ وَنُورُعَلَى نُورٍ يَهُوى اللهُ لِنُورِهِ مَنْ يَشَاءُ ويَضُرِبُ اللهُ الْإَمْثَالَ لِلنَّاسِ وَاللهُ بِكُلِ شَيْءٍ عَلِيْمٌ ﴿

فِيُ بُيُوْتٍ اَذِنَ اللّٰهُ أَنْ تُرْفَعَ وَيُذَكَرَ فِيْهَا اسْمُهُ لا يُسَبِّحُ لَهُ فِيْهَا بِالْغُكُرةِ وَالْاصَالِ ﴿

رِجَالٌ ﴿ لَّا تُأْمِيهِمْ تِجَارَةٌ وَّلا بَسِّعٌ عَنْ ذِكْرِ اللهِ

১। (ক) আবৃ কাতাদা আস-সুলামী (রাযিআল্লান্থ আনহু) থেকে বর্ণিত, রাস্লুল্লাহ (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বলৈছেনঃ তোমাদের কেউ মসজিদে প্রবেশ করলে, বসার পূর্বে সে যেন দু'রাকআন্ত নামায পড়ে নেয়। (বুখারী, হাদীস নং ৪৪৪)

⁽খ) আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনছ) থেকে বর্ণিত। রাস্লুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ ঘরে এবং বাজারে নামায পড়ার চাইতে জামা'আতের নামাযে পঁটিশ গুণ সওয়াব বেশি। কোন এক ব্যক্তি যখন ভালরূপে ওযু করে মসজিদের দিকে বের হয় এবং একমাত্র নামাযের উদ্দেশ্যেই সে মসজিদে যায়, তখন তার প্রত্যেকটি পদক্ষেপের জন্য তার একটি পদমর্যাদা বৃদ্ধি পায় এবং মাফ করে দেয়া হয় তার একটি গুনাহ। নামায পড়ে সে যতক্ষণ মুসাল্লায় অবস্থান করে ফেরেশ্তামন্তলী তার জন্য ততক্ষণ এ বলে দোয়া করে- হে আল্লাহ্! ভাকে তোমার রহমত দান কর, তার প্রতি অনুগ্রহ কর। আর তোমাদের মধ্যে কোন ব্যক্তি যতক্ষণ নামাযের অপেক্ষায় থাকে সে ততক্ষণ নামাযের মধ্যে আছে বলে গণ্য হয়। (বুখারী, হাদীস নং ৬৪৭)

আল্লাহর যিকির হতে এবং নামায কায়েম ও যাকাত প্রদান হতে বিরত রাখতে পারে না, তারা ভয় করে সে দিনকে যে দিন তাদের অন্তর ও দৃষ্টি বিপর্যন্ত হয়ে পড়বে।

৩৮় যাতে তারা যে কর্ম করে তজ্জন্যে আল্লাহ তাদেরকে উত্তম পুরস্কার দেন এবং নিজ অনুগ্রহে তাদের প্রাপ্যের অধিক দেন; আল্লাহ যাকে ইচ্ছা অপরিমিত রুষী দান করেন।

৩৯. যারা কুফরী করে তাদের কর্ম মরুভূমির মরীচিকা সদৃশ, পিপাসার্ত যাকে পানি মনে করে থাকে; কিন্তু সে ওর নিকট উপস্থিত হলে দেখবে ওটা কিছু নয় এবং সে তার নিকট পাবে আল্লাহকে, অতঃপর তিনি তার কর্মফল পূর্ণ মাত্রায় দিবেন; আল্লাহ হিসাব গ্রহণে তৎপর।

গভীর সমুদ্রতলের ৪০. অথবা অন্ধকার সদৃশ যাকে আচ্ছন্ন করে তরঙ্গের উপর তরঙ্গ, যার উর্ধের্ব মেঘপুঞ্জ, অন্ধকারপুঞ্জ স্তরের উপর স্তর, এমনকি সে হাত বের করলে তা আদৌ দেখতে পাবে না: আল্লাহ যাকে জ্যোতি দান করেন না তার জন্যে কোন জ্যোতি নেই।

৪১. তুমি কি দেখো না পৃথিবীতে আকাশমন্তলী ও উড্ডীয়ুমান আছে তারা এবং পাখীসমূহ আল্লাহর পবিত্ৰতা মহিমা ঘোষণা করে? প্রত্যেকেই وَ إِقَامِ الصَّلُوةِ وَإِيْتَآءِ الزَّكُوةِ لِي يَخَافُونَ يَوْمًا تَتَقَلَّتُ فِيهِ الْقُلُوبُ وَالْأَبْصَارُ ﴿

لِيَجْزِيكُهُمُ اللَّهُ أَحْسَنَ مَا عَبِلُواْ وَيَزِيْدَ هُمُرِّمِّنُ فَضْلِهُ وَاللَّهُ يَرْزُقُ مَنْ يَّشَاءُ بِغَيْرِ حِسَابٍ ٠

وَالَّذِيْنَ كَفُرُوْا اَعْمَالُهُمْ كَسَرَابٍ بِقِيْعَةٍ يَّحْسَبُهُ الظَّمُأْنُ مَاءً لَحَتَّى إِذَا جَاءَ لا لَهُ يَجِدُهُ شَيْئًا وَّوَجَنَ اللهِ عِنْكَ لا فَوَقْمَهُ حِسَابَهُ ﴿ وَاللّٰهُ سَرِيْعُ الْحِسَابِ ﴿

اَوْ كَظْلُبْتٍ فِي بَحْرِ لُجِّيٍّ يَغْشِيهُ مَوْجٌ مِّنَ فَوْقِهِ مَوْجٌ مِّنْ فَوْقِهِ سَحَابٌ للللهُ يَعْشُهَا فَوْقَ بَعْضٍ ﴿إِذَا آخُرَجَ يَكَ لا لَهُ يَكُنْ يَرْبِهَا ﴿ وَمَنْ لَّمْ يَجْعَلِ اللَّهُ لَكُ نُوْرًا فَهَا لَكُ مِنْ نُورٍ ﴿

ٱلَمْ تَرَانَ اللهَ يُسَبِّحُ لَهُ مَنْ فِي السَّمُوٰتِ وَالْأَرْضِ وَالطَّيْرُ صَفَّتٍ مُكُلُّ قَلْعَلِمَ صَلَاتَهُ وَتَسْبِيحَهُ ا وَاللهُ عَلِيْمُ بِمَا يَفْعَلُونَ ®

জানে তার প্রার্থনা ও মহিমা ঘোষণার পদ্ধতি এবং তারা যা করে সে বিষয়ে আল্লাহ অবগত।

৪২. আকাশমভলী ও পৃথিবীর সার্বভৌমত্ব আল্লাহরই এবং তাঁরই দিকে প্রত্যাবর্তন।

8৩. তুমি কি দেখো না, আল্লাহ সঞ্চালিত করেন মেঘমালাকে, তৎপর তাদেরকে একত্রিত করেন এবং পরে পুঞ্জীভূত করেন, অতঃপর তুমি দেখতে পাও, ওর মধ্য হতে নির্গত হয় পানিধারা; আকাশস্থিত শিলাস্তুপ হতে তিনি বর্ষণ করেন শিলা এবং এটা দ্বারা তিনি যাকে ইচ্ছা প্রদান করেন এবং যাকে ইচ্ছা তার উপর হতে এটা অন্যদিকে ফিরিয়ে দেন; মেঘের বিদ্যুৎ ঝলক দৃষ্টিশক্তি প্রায় কেড়ে নেয়।

88. আল্লাহ দিবস ও রাত্রির পরিবর্তন ঘটান, এতে শিক্ষা রয়েছে অন্তদৃষ্টি সম্পন্নদের জন্যে।

৪৫. আল্লাহ সমস্ত জীব সৃষ্টি করেছেন পানি হতে, ওদের কতক পেটে ভর দিয়ে চলে, কতক দু'পা দারা চলে, কতক চলে চার পায়ে, আল্লাহ যা ইচ্ছা সৃষ্টি করেন, নিশ্চয়ই আল্লাহ সর্ব বিষয়ে সর্বশক্তিমান।

৪৬. আমি তো সুস্পষ্ট নিদর্শন অবতীর্ণ করেছি, আল্লাহ যাকে ইচ্ছা সরল সঠিক পথ-প্রদর্শন করেন।

89. তারা বলেঃ আমরা আল্লাহ ও রাসূল (紫)-এর প্রতি ঈমান وَيِلْهِ مُلْكُ السَّلْوْتِ وَالْأَرْضِ وَلِلَى اللهِ المِلْمُلِي اللهِ اللهِ اللهِ المِلْمُلِ

اَلَمُ تَرَانَ الله يُزْجِى سَحَابًا ثُمَّ يُؤَلِفُ بَيْنَهُ ثُمَّ يَجْعَلُهُ رُكَامًا فَتَرَى الُودُقَ يَخُرُجُ مِنُ خِلْلِهِ وَيُنَزِّلُ مِنَ السَّمَاءِ مِنْ جِبَالٍ فِيُهَا مِنْ بَرَدٍ فَيُصِيْبُ بِهِ مَنْ يَشَاءُ وَيَصُرِفُهُ عَنْ مَّنَ يَشَاءُ لِيكَادُ سَنَا بَرُقِهِ يَنْ هَبُ بِالْاَبْصَادِ أَ

> يُقَلِّبُ اللهُ الَّيْلَ وَالنَّهَارَ ۗ اللَّهُ فَيُ ذَٰلِكَ لَعِبْرَةً لِرُّولِي الْاَبْصَارِ۞

وَاللّٰهُ حَكَقَ كُلَّ دَآبَةٍ مِّنْ مَّآءٍ ۚ فَمِنْهُمُ مََّنُ يَّنْشِيُ عَلَى بَطْنِهِ ۚ وَمِنْهُمُ مَّنَ يَّنْشِي عَلَى رِجُلَيْنِ ۚ وَمِنْهُمُ عَنْ يَنْشِي عَلَى اَرْبَعِ لِيَخْلُقُ اللّٰهُ مَا يَشَآءُ لَا اِنَّ اللّٰهَ عَلَى كُلِّ شَيْءٍ قَرِيئِرٌ ۞ اللّٰهَ عَلَى كُلِّ شَيْءٍ قَرِيئِرٌ ۞

> لَقُنُ اَنْزَلْنَا النِّو مُّبَيِّنْتٍ وَاللهُ يَهُدِي مَنْ يَّشَاءُ إلى صِرَاطٍ مُّسْتَقِيْدٍ ۞

وَيَقُوْلُونَ أَمَنَّا بِاللهِ وَبِالرَّسُولِ وَاطَعُنَا ثُمَّ

আনলাম এবং আমরা আনুগত্য স্বীকার করলাম; কিন্তু এরপর তাদের একদল মুখ ফিরিয়ে নেয়; বস্তুতঃ তারা মু'মিন নয়।

8৮. আর যখন তাদেরকে আহ্বান করা হয় আল্লাহ ও তাঁর রাসূল (變) -এর দিকে তাদের মধ্যে ফায়সালা করে দেবার জন্যে তখন তাদের একদল মুখ ফিরিয়ে নেয়।

8b. আর যদি তাদের প্রাপ্য থাকে, তবে তাহলে তারা বিনীতভাবে রাসূল (纖)-এর নিকট ছুটে আসে।

৫০. তাদের অন্তরে কি ব্যাধি আছে, না তারা সংশয় পোষণ করে? না তারা ভয় করে যে, আল্লাহ ও তাঁর রাস্ল (紫) তাদের প্রতি যুলুম করবেন? বরং তারাই তো যালিম।

৫১. মু'মিনদের উক্তি তো এই, যখন
তাদের মধ্যে ফায়সালা করে দেবার
জন্যে আল্লাহ এবং তাঁর রাসূল
(紫)-এর দিকে আহ্বান করা হয়
তখন তারা বলবেঃ আমরা শ্রবণ
করলাম ও মান্য করলাম। আর
তারাই সফলকাম।

৫২. যারা আল্লাহ ও তাঁর রাস্ল (紫)-এর আনুগত্য করে, আল্লাহকে ভয় করে ও তাঁর অবাধ্যতা হতে সাবধান থাকে তারাই সফলকাম।

৫৩. তারা দৃঢ়ভাবে আল্লাহর শপথ করে বলে যে, তুমি তাদেরকে আদেশ করলে তারা বের হবেই; তুমি বলঃ শপথ করো না, যথার্থ يَتَوَلَٰى فَرِيْقٌ مِّنْهُمُ مِّنَ بَعْدِ ذَٰلِكَ ْوَمَاۤ ٱولَٰلٍكَ بِالْمُؤْمِنِيْنَ۞

وَاِذَا دُعُوۡۤا اِلَى اللهِ وَرَسُولِهِ لِيَحُكُمُ بَيْنَهُمۡ إِذَا فَرِيۡقٌ مِّنْهُمُ مُّغۡرِضُوۡنَ ۞

وَإِنْ يُكُنْ لَّهُمُ الْحَقُّ يَأْتُوٓ اللَّهِ مُذُعِنِينَ ﴿

ٱفِى ْقُلُونِيهِمْ مَّرَضَّ اَمِرارْتَابُوٓا اَمْرِيَخَافُوْنَ اَنْ يَّحِيْفَ الله عُكَيْهِمْ وَرَسُولُهُ طَبْلُ اُولَلْإِكَ هُمُ الظَّلِيُوْنَ ﴿

إِنَّهَا كَانَ قَوْلَ الْمُؤْمِنِيْنَ إِذَا دُعُوَّا إِلَى اللهِ وَرَسُولِهِ لِيَحْكُمَ بَيْنَهُمْ أَنْ يَّقُوْلُوْا سَبِعْنَا وَاطَعْنَا لَا وَاُولَلِكَ هُمُ الْمُفْلِحُوْنَ ﴿

وَمَنُ يُّطِعَ اللهَ وَرَسُولَهُ وَيَخْشَ اللهَ وَيَتَّقُهِ فَأُولِيكَ هُمُ الْفَآيِزُونَ ۞

وَ اَقْسَبُوا بِاللهِ جَهْدَ اَيْمَانِهِمْ لَيِنَ اَمَرْتَهُمْ لَيَخُرُجُنَّ اقُلُ لَا تُقْسِبُوا عَلاَعَةٌ مَّعُرُوفَةً ا 664

আনুগত্যই কাম্য; তোমরা যা কর আল্লাহ সে বিষয়ে খবর রাখেন।

৫৪. বলঃ তোমরা আল্লাহর আনুগত্য কর এবং রাসূল (🏂)-এর আনুগত্য কর; অতঃপর যদি তোমরা মুখ ফিরিয়ে নাও. তবে তাঁর উপর অর্পিত (রাসলের) দায়িত্বের জন্যে সে দায়ী এবং তোমাদের উপর দায়িতের জন্যে তোমরা দায়ী এবং তোমরা তাঁর আনুগত্য করলে সৎপথ পাবে, রাসূলের কর্তব্য হচ্ছে শুধু স্পষ্টভাবে (আল্লাহর বাণী) পৌছিয়ে দেয়া।

৫৫. তোমাদের মধ্যে যারা ঈমান সৎকর্ম করে আল্লাহ তাদেরকে প্রতিশ্রুতি দিয়েছেন যে. তিনি তাদেরকে পৃথিবীতে খেলাফত (প্রতিনিধিত্ব) অবশ্যই দান করবেন. যেমন তিনি (প্রতিনিধিত্ব) দান করেছিলেন তাদের পূর্ববর্তীদেরকে এবং তিনি অবশ্যই তাদের জন্যে সুদৃঢ় করবেন তাদের দ্বীনকে যা তিনি তাদের জন্যে মনোনীত করেছেন এবং তাদের ভয়-ভীতির পরিবর্তে তাদেরকে অবশ্যই নিরাপত্তা দান করবেন; তারা ওধু আমার ইবাদত করবে, আমার সাথে কাউকে শরীক করবে না, অতঃপর যারা অকতজ্ঞ সত্যত্যাগী তারা তো হবে (ফাসিক)৷

৫৬. তোমরা নামায কায়েম কর. যাকাত দাও এবং রাসূল (ﷺ)-এর আনুগত্য কর, যাতে অনুগ্রহভাজন হতে পার।

إِنَّ اللَّهَ خَبِيْرٌ بِهَا تَعْمَلُونَ ﴿

قُلُ اَطِيْعُوا اللهَ وَ اَطِيْعُوا الرَّسُولَ ۚ فَإِنْ تُولُّواْ فَإِنَّهَا عَلَيْهِ مَا حُيِّلَ وَعَلَيْكُمْ مَّاحُيِّلْتُمُ طُ وَإِنْ تُطِيعُوهُ تَهْتَكُوا ﴿ وَمَا عَلَى الرَّسُولِ إِلَّا الْبَلْغُ الْمُبِيْنُ @

وَعَنَ اللَّهُ الَّذِينَ أَمَنُوا مِنْكُمْ وَعَمِلُوا الصَّاحَتِ لَيَسْتَخْلِفَنَّهُمْ فِي الْأَرْضِ كَيَّا اسْتَخْلَفَ الَّذِينَ مِنْ قَيْلِهِمْ ۗ وَلَيُمُكِّنَ لَهُمْ دِينَهُمُ الَّنِي ارْتَضَى لَهُمْ وَلَيْبَ لَنَهُمْ مِّنْ بَعْنِ خَوْفِهِمْ أَمْنًا ط لَعُمُ كُونَنَى لا يُشْرِكُونَ فِي شَنَّا الْ وَصَنْ كَفَرَ لَعِلَ ذٰلِكَ فَأُولِيكَ هُمُ الْفْسِقُونَ ١٠٠٠ خُلِكَ فَأُولِيكَ

وَاقِنْدُ الصَّلْوَةُ وَأَثُوا النَّكَةُ وَأَطِيْعُوا الرَّسُولَ لَعَلَّكُمْ تُرْحَبُونَ ۞

৫৭. তুমি কাফিরদেরকে পৃথিবীতে প্রবল মনে করো না; তাদের আশ্রয়হল জাহান্লাম; কত নিকৃষ্ট এই প্রিণাম!

মু'মিনগণ! ধেচ. হে তোমাদের মালিকানাধীন দাস-দাসীরা এবং তোমাদের মধ্যে যারা বয়ঃপ্রাপ্ত হয়নি তারা যেন তোমাদের কক্ষে প্রবেশ করতে তিন সময়ে অনুমিত গ্রহণ পূৰ্বে. করেঃ ফজরের নামাযের দ্বিপ্রহরে যখন তোমরা তোমাদের পোশাক খুলে রাখ তখন এবং এশার নামাযের পর এই তিন সময় তোমাদের গোপনীয়তা অবলম্বনের সময়; এই তিন সময় ছাড়া অন্য সময়ে বিনা অনুমতিতে প্রবেশ করলে তোমাদের জন্যে ও তাদের জন্যে কোন দোষ নেই; তোমাদের এককে অপরের নিকট তো যাতায়াত করতেই হয়। এইভাবে আল্লাহ তোমাদের নিকট তাঁর নির্দেশ সুস্পষ্টরূপে বিবৃত করেন; আল্লাহ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।

৫৯. এবং তোমাদের সন্তান-সন্ততি বয়ঃপ্রাপ্ত হলে তারাও যেন অনুমতি প্রার্থনা করে যেমন অনুমতি প্রার্থনা করে থাকে তাদের বয়ঃজ্যোষ্ঠরা; এভাবে আল্লাহ তোমাদের জন্যে তাঁর নির্দেশ সুস্পষ্টভাবে বিবৃত করেন, আল্লাহ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।

৬০. আর বৃদ্ধ নারী, যারা বিবাহের আশা রাখে না, তাদের জন্যে অপরাধ নেই, যদি তারা তাদের সৌন্দর্য প্রদর্শন না করে তাদের لَا تَحْسَبَنَّ الَّذِيْنَ كَفُرُوا مُعْجِزِيْنَ فِي الْأَرْضِ * وَمَا وْنَهُمُ النَّارُ لُو كَلِيثُسَ الْبَصِيْرُ ﴿

يَايُّهَا الَّذِينَ امَنُوا لِيَسْتَأْذِنْكُمُ الَّذِينَ مَلَكَتُ
اَيْمَانُكُمْ وَالَّذِيْنَ لَمْ يَبْلُغُوا الْحُلُمَ مِنْكُمْ ثَلَثَ
مَرُّتٍ طَمِنْ قَبْلِ صَلْوَقِ الْفَجْرِ وَجِيْنَ تَضَعُوْنَ
ثِيَابَكُمْ مِّنَ الظَّهِيْرَةِ وَمِنْ بَعْدِ صَلْوةِ الْعِشَاءِةَ الْعِشَاءِةَ الْعُشَاءِةَ الله عَلَيْهُمُ الله عَلَيْكُمْ الله عَلَيْهُمُ عَلَى الله عَلَيْهُمُ الله الله عَلَيْكُمْ الله عَلَيْهُمُ الله عَلَيْهُمُ الله عَلَيْهُمُ الله عَلَيْهُمُ الله عَلَيْهُمُ وَلَكُمْ الله عَلَيْهُمُ وَلَيْمُ الله عَلَيْهُمُ وَلَيْكُمْ الله عَلَيْهُمُ وَلَيْكُمْ عَلَيْهُمُ الله عَلَيْهُمُ وَلَيْمُ وَلَيْمُ الله عَلَيْهُمُ وَلَيْكُمْ الله عَلَيْهُمُ وَلَيْمُ وَلَيْمُ وَلَيْمُ الله عَلَيْهُمُ وَلَيْمُ وَلَيْمُ الله عَلَيْمُ وَلَيْمُ وَلَيْمُ وَلَيْمُ وَلَيْمُ وَلَيْمُ وَلَيْمُ اللهُ عَلَيْمُ وَلَيْمُ وَاللّهُ عَلِيْمُ وَلَيْمُ وَلَيْمُ وَلَيْمُ وَلَيْمُ وَلَيْمُ وَلَيْمُ وَلَيْمُ وَلَيْمُ اللهُ عَلَيْمُ وَاللّهُ عَلَيْمُ وَاللّهُ عَلَيْمُ وَلَيْمُ وَلَيْمُ وَلَيْمُ وَلَيْمُ وَلَيْمُ وَلَيْمُ اللّهُ اللّهُ وَاللّهُ عَلَيْمُ وَاللّهُ عَلَيْمُ وَلَا عَلَيْمُ وَكُلُكُمْ اللهُ عَلَيْمُ وَلَا عَلَيْمُ وَكُلُولُ اللّهُ عَلَيْمُ وَلَا عَلَيْمُ وَلَالِهُ عَلَيْمُ وَلَا عَلَيْمُ وَلَالِمُ اللّهُ اللّهُ اللهُ اللّهُ عَلَيْمُ وَلَالْمُ اللهُ اللّهُ عَلَيْمُ اللّهُ عَلَيْمُ ولَاللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللّهُ اللّهُ اللهُ اللهُ اللّهُ اللّهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللّهُ اللهُ اللهُ اللّهُ اللّهُ اللهُ اللهُ اللّهُ اللهُ اللّهُ اللهُ اللّهُ اللهُ اللّهُ اللهُ اللّهُ اللّهُ اللّهُ اللهُ اللّهُ الللهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُو

إِنَّكَ لَا تُهْدِيكُ مَنْ آخْبَيْتَ وَلَكِنَّ اللَّهُ يَهْدِي مَنْ يَشَاءَ وَهُوَ اعْلَمُ بِالْهُتَدِيثِن @

وَقَالُوَا إِنْ نَتَبِعِ الْهُلَى مَعَكَ نُتَخَطَّفُ مِنْ ٱرْضِنَا ﴿ أَوْ لَمُ نُمُّكِّنْ لَّهُمْ حَرَّمًا أَمِنًا يُّجُبِّي اِلَيْهِ ثَمَرْتُ كُلِّ شَيْءٍ رِّزْقًا مِّنْ لَّهُ ثَا وَلِكِنَّ ٱكْثُرُهُمُ لَا يَعْلَمُونَ ١٠

وَكُمْ اَهْلَكُنا مِنْ قَرْيَةٍم بَطِرَتُ مَعِيْشَتَهَا ۚ فَتِلْكَ مَسْكِنُهُمْ لَمُ تُسُكُنُ مِّنُ بَعُدِهِمُ اِلَّا قَلِيُلَاط وَكُنَّا نَحْنُ الْوِرثِينَ @

১। সাঈদ ইবনে মুসাইয়্যিব (রাযিআল্লাহু আনহু) তার পিতা মুসাইয়াব থেকে বর্ণনা করেছেন। আবু তালিবের যখন মৃত্যুর সময় উপস্থিত হলো নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তার নিকট উপস্থিত হলেন। তখন আবু জাহল তার কাছে বসা ছিল। নবী (সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম) বললেন, হে চাচাজান! তথু "লা-ইলাহা ইল্লাল্লাহ্" কালেমাটি একবার বলুন। যাতে আমি আপনার ক্ষমার জন্য আল্লাহ্র কাছে প্রার্থনা জানাতে পারি। তখন আবু জাহল ও আবদুল্লাহ্ ইবনে উমাইয়া বলল, তুমি কি আবদুল মুত্তালিবের ধর্ম থেকে বিচ্যুত হয়ে যাবে? তারা দু'জনে বরাবর তাকে এ কথাটি বলতে থাকে। অবশেষে তাদের সাথে আবু তালিব সর্বশেষে যে কথাটি বলল, তা হালোঃ আমি আবদুল মুন্তালিবের ধর্মের অনুসারী হিসেবে মৃত্যুবরণ করছি। তখন নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, আমি আপনার জন্য ক্ষমা প্রার্থনা করতে থাকব যে পর্যন্ত আমাকে আপনার ব্যাপারে নিষেধ করা না হয়। তখন এই আয়াত অবতীর্ণ হলোঃ "নবী ও মু'মিনদের মুশরিকদের জন্য ক্ষমা প্রার্থনা করা উচিত নয়, যদি তারা সম্পর্কের দিক থেকে তাদের নিকটাত্মীয়ও হয়, যখন তাদের কাছে এটা প্রকাশ হয়ে গেছে যে, তারা দোযখের অধিবাসী।" (সুরা তাওবাঃ ১১৩) আরো অবতীর্ণ হলোঃ হে নবী (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম)! আপনি যাকে চাইবেন তাকেই হেদায়াত করতে পারবেন না।" (সূরা কাসাসঃ ৫৬) (বুখারী, হাদীস নং ৩৮৮৪)

৫৯. তোমার প্রতিপালক জনপদ-সমূহকে ধ্বংস করেন না ওর কেন্দ্রে তাঁর আয়াত আবৃত্তি করবার জন্যে রাসুল প্রেরণ না করে এবং আমি জনপদসমূহকে তখনই ধ্বংস করি যখন ওর বাসিন্দারা যুলুম করে।

৬০. তোমাদেরকে যা কিছু দেয়া হয়েছে তা তো পার্থিব জীবনের ভোগ ও শোভা এবং যা আল্লাহর নিকট আছে তা উত্তম এবং স্থায়ী। তোমরা কি অনুধাবন করবে না?

৬১. যাকে আমি উত্তম পুরস্কারের প্রতিশ্রুতি দিয়েছি, যা সে পাবে সে কি ঐ ব্যক্তির সমান যাকে আমি পার্থিব জীবনের ভোগ-সম্ভার দিয়েছি. যাকে পরে কিয়ামতের দিন হাজির করা হবে? (শাস্তি প্রদানের জন্য অপরাধীরূপে)

৬২. আর সেই দিন তিনি তাদেরকে আহ্বান করে বলবেনঃ যাদেরকে আমার শরীক গণ্য করতে তারা কোথায়?

৬৩. যাদের জন্যে শাস্তি অবধারিত হয়েছে তারা বলবেঃ হে আমাদের প্রতিপালক! এদেরকেও আমরা বিভ্রান্ত করেছিলাম, যেমন আমরা বিভ্রান্ত হয়েছিলাম; আপনার সমীপে আমরা তাদের হতে সম্পর্কহীনতা ঘোষণা করছি। এরা তথ্ব আমাদেরই ইবাদত করতো না।

৬৪. তাদেরকে বলা হবেঃ তোমাদের দেবতাগুলোকে আহ্বান কর। তখন

وَمَا كَانَ رَبُّكَ مُهٰلِكَ الْقُرٰي حَتَّى يَبْعَثَ فِيُّ أُمِّهَا رَسُولًا يَّتُلُوا عَلَيْهِمْ الْيَتِنَاءَ وَمَا كُنَّا مُهْلِكِي الْقُرْبِي اللَّا وَاهْلُهَا ظُلِمُونَ @

وَمَا أُوْتِيْ تُمُم مِنْ شَيْءٍ فَمَتَاعُ الْحَيْوةِ اللَّهُنيَا وَ زِيْنَتُهَا ۚ وَمَاعِنُكَ اللهِ خَيْرٌ وَّٱبُقَى ۗ أَفَلا تَعَقِّلُونَ 🕤

أَفَكُنْ وَعَنْ لَهُ وَعَنَّا حَسَنًّا فَهُوَ لَا قِيْهِ كُنَّنْ مَّتَّعُنْهُ مَتَاعَ الْحَيْوةِ النَّانْيَا ثُمَّ هُوَيَوْمَ الْقِيلَةِ مِنَ الْمُحْضِرِيْنَ ال

وَيَوْمَ بُنَادِيْهِمُ فَيَقُولُ اَيْنَ شُرَكَآءِ يَ الَّذِيْنَ كُنْتُمُ يرووور تزعيون 🖫

قَالَ الَّذِينَ حَتَّى عَلَيْهِمُ الْقَوْلُ رَبَّنَا هَوُلآء الَّذِيْنَ اَغُويْنَا ۚ اَغُويْنِٰهُمْ لَكَاغُويْنَا ۚ تَبَرَّاٰنَآ اِلَيْكَ (مَا كَانُوْآ إِيَّانَا يَعْبُكُوْنَ @

وَقِيْلَ ادْعُوا شُرِكًاءَكُمْ فَكَعَوْهُمْ فَكَمْ يَسْتَجِيْبُوْ

পারা ২০

তারা তাদেরকে ডাকবে; কিন্তু তারা তাদের ডাকে সাড়া দেবে না। তারা শাস্তি প্রত্যক্ষ করবে; হায়! তারা যদি সৎপথ অনুসরণ করতো!

৬৫. আর সেদিন আল্লাহ তাদেরকে ডেকে বলবেনঃ তোমরা রাসূলদেরকে কি জবাব দিয়েছিলে?

৬৬. সেদিন সকল তথ্য তাদের নিকট হতে বিলুপ্ত হবে এবং তারা একে অপরকে জিজ্ঞাসাবাদও করতে পারবে না।

৬৭. তবে যে ব্যক্তি তাওবা করেছিল এবং ঈমান এনেছিল ও সংকর্ম করেছিল সে তো সাফল্য অর্জন-কারীদের অন্তর্ভুক্ত হবে।

৬৮. তোমার প্রতিপালক যা ইচ্ছা সৃষ্টি করেন এবং যাকে ইচ্ছা মনোনীত করেন, এতে তাদের কোন হাত নেই, আল্লাহ পবিত্র, মহান এবং তারা যাকে শরীক করে তা হতে তিনি উধ্বেণ্ডি

৬৯. আর তোমার প্রতিপালক জানেন তাদের অন্তরে যা গোপন আছে এবং তারা যা ব্যক্ত করে।

৭০. তিনিই আল্লাহ, তিনি ব্যতীত কোন সত্য মা'বৃদ নেই, দুনিয়া ও আখিরাতে প্রশংসা তাঁরই; (শাসন কর্তৃত্ব) হুকুম ও ফয়সালা তাঁরই তোমরা তাঁরই দিকে প্রত্যাবর্তিত হবে।

বলঃ তোমরা ভেবে দেখেছো
 কি, আল্লাহ যদি রাত্রিকে কিয়ামতের

لَهُمْ وَرَاوا الْعَنَابَ ۚ لَوْ ٱنَّهُمْ كَانُوا يَهْتَدُونَ ۞

وَيُوْمَ يُنَادِيهِ مُ فَيَقُولُ مَا ذَا آجَبْتُمُ الْمُرْسَلِينَ @

فَعَمِيَتُ عَلَيْهِمُ الْأَنْبَأَءُ يَوْمَبٍنٍ فَهُمْ لايتَسَاءَلُون ⊕

فَامَّا مَنْ تَابَ وَ اٰمَنَ وَعَمِلَ صَالِحًا فَعَلَى اَنْ يَّكُوْنَ مِنَ الْمُفْلِحِيْنَ ﴿

وَرَبُّكَ يَخُلُّ مَا يَشَاءُ وَيَخْتَارُ اللهِ مَا كَانَ لَهُمُ الْخِيَرَةُ اللهِ مَا كَانَ لَهُمُ اللهِ وَتَعْلَىٰ عَبَّا يُشْرِكُونَ ﴿

وَرَبُّكَ يَعْلَمُ مَا تُكِنَّ صُدُورُهُمْ وَمَا يُعْلِنُونَ ®

وَهُوَ اللهُ لَآ اِلهَ اِلاَّ هُوَ اللهُ الْحَمْدُ فِي الْأُوْلِ وَالْاِخِرَةِ دَوَلَهُ الْحُكْمُ وَالِيْهِ تُرْجَعُونَ ۞

قُلْ آرَءَيْتُمْ إِنْ جَعَلَ اللهُ عَلَيْكُمُ الَّيْلَ سَرْمَدًا

দিন পর্যন্ত স্থায়ী করেন তবে আল্লাহ ব্যতীত এমন কোন মা'বৃদ আছে কি. যে তোমাদেরকে আলোক এনে দিতে পারে? তবুও কি তোমরা কর্ণপাত করবে না?

সূরা কাসাস্ ২৮

৭২. বলঃ তোমরা ভেবে দেখেছো কি. আল্লাহ যদি দিবসকে কিয়ামতের দিন পর্যন্ত স্থায়ী করেন তবে আল্লাহ ব্যতীত এমন কোন মা'বুদ আছে কি. যে তোমাদের জন্যে রাত্রির আবির্ভাব ঘটাতে পারে যাতে তোমরা বিশ্রাম করতে পার? তবুও কি তোমরা ভেবে দেখবে না?

৭৩. তিনিই তাঁর দয়ায় তোমাদের জন্যে করেছেন রজনী ও দিবস, যেন তাতে তোমরা বিশ্রাম করতে পার এবং তাঁর অনুগ্রহ সন্ধান করতে পার এবং কৃতজ্ঞতা প্রকাশ কর।

৭৪. সেদিন তিনি তাদেরকে আহ্বান করে বলবেনঃ তোমরা যাদেরকে শরীক গণ্য করতে. তারা কোথায়?

৭৫. প্রত্যেক সম্প্রদায় হতে আমি একজন সাক্ষী বের করে আনবো এবং বলবোঃ তোমাদের প্রমাণ উপস্থিত কর। তখন তারা জানতে পারবে, মা'বৃদ হবার অধিকার আল্লাহরই এবং তারা যা মনগড়া মিথ্যা উদ্ভাবন করতো তা তাদের নিকট হতে হারিয়ে যাবে।

৭৬. কারূন ছিল মূসা (ﷺ)-এর সম্প্রদায়ভুক্ত; কিন্তু সে তাদের প্রতি ঔদ্ধতা প্রকাশ করেছিল। আমি তাকে إِلَى يَوْمِ الْقِيْمَةِ مَنْ إِلَّهُ غَيْرُ اللهِ يَأْتِيْكُمُ بضياء ط أفكا تُسْمَعُون @

قُلْ أَرْءَيْتُمْ إِنْ جَعَلَ اللهُ عَلَيْكُمُ النَّهَارَ سَرْمَلًا إِلَّى يَوْمِ الْقِيلَةِ مَنْ إِلَّهُ غَيْرُ اللَّهِ يَأْتِيكُمُ بِكَيْلِ تَسْكُنُونَ فِيهِ طَافَلَا تُبْصِرُونَ ﴿

وَمِنُ رَّحْبَتِهِ جَعَلَ لَكُمُّ الَّيْلَ وَالنَّهَارَ لِتَسْكُنُواْ فِيهِ وَلِتَبْتَغُوا مِنْ فَضْلِهِ وَلَعَلَّكُمْ تَشْكُرُونَ @

وَ يَوْمَ يُنَادِيْهِمْ فَيَقُولُ آيْنَ شُرَكَاءِ يَ الَّذِيْنَ كُنْتُمْ تَزُعُمُونَ @

> وَنَزَعْنَا مِنُ كُلِّ أُمَّةٍ شَهِينًا فَقُلْنَا هَاتُواُ يُرْهَانَكُمُ فَعَلِيْوُ آانً الْحَقِّ بِلَّهِ وَضَالً عَنْهُمُ مَّا كَانُوْا نَفْتَرُونَ هُ

إِنَّ قَارُونَ كَانَ مِنْ قَوْمِ مُوسَى فَبَغَى عَلَيْهِمُ ۗ وَأَتَيْنِكُ مِنَ الْكُنُوْزِ مَأَ إِنَّ مَفَاتِحَكُ

দান করেছিলাম এমন ধন-ভান্ডার যার চাবিশুলো বহন করা একদল বলবান লোকের পক্ষেও কষ্টসাধ্য ছিল। (স্মরণ কর,) তার সম্প্রদায় তাকে বলেছিলঃ দম্ভ করো না, নিশ্চয়ই আল্লাহ দাম্ভিকদেরকে পছন্দ করেন না।

৭৭. আল্লাহ যা তোমাকে দিয়েছেন আখিরাতের তার দ্বারা আবাস অনুসন্ধান কর। আর দুনিয়া হতে তোমার অংশ ভূলো এবং পরোপকার কর যেমন আল্লাহ তোমার প্রতি অনুগ্রহ করেছেন, আর পথিবীতে বিপর্যয় সৃষ্টি করতে চেয়ো না। নিশ্চয়ই আল্লাহ বিপর্যয় সষ্টিকারীকে ভালবাসেন না।

৭৮. সে বললোঃ এই সম্পদ আমি আমার জ্ঞান বলে প্রাপ্ত হয়েছি। সে কি জানতো না যে, আল্লাহ তার পূর্বে ধ্বংস করেছেন বহু মানব গোষ্ঠীকে যারা তার চেয়ে শক্তিতে ছিল প্রবল, সম্পদে ছিল প্রাচুর্যশালী? আর অপরাধীদেরকে তাদের অপরাধ সম্পর্কে প্রশ্ন করা হবে না। (তারা বিনা হিসাবেই জাহান্নামে দিক্ষীত হবে।)

৭৯. (কার্নন) তার সম্প্রদায়ের সামনে উপস্থিত হয়েছিল জাঁকজমক সহকারে। যারা পার্থিব জীবন কামনা করতো তারা বললোঃ আহা! কার্নকে যেরপ দেয়া হয়েছে আমাদেরকে যদি তা দেয়া হতো! প্রকৃতই সে মহাভাগ্যবান। لَتَنُوْآ بِالْعُصُبَةِ أُولِي الْقُوَّةِ ﴿ إِذْ قَالَ لَهُ قَوْمُهُ لَا تَفْرَحُ إِنَّ اللهَ لَا يُحِبُّ الْفَرِحِيْنَ ﴿

وَابْتَخْ فِيهُمَا أَثْمُكَ اللَّهُ النَّادَ الْأَخِرَةَ وَلَا تَنْسَ نَصِيْبَكَ مِنَ النُّنْيَا وَأَحْسِنُ كَمَا آحُسَنَ اللهُ إلَيْكَ وَلَا تَبْغُ الْفَسَادَ فِي الْاَدْضِ لَمَا آتُ اللهَ لَا يُحِبُّ الْمُفْسِدِيْنَ @

قَالَ إِنَّمَا ۗ ٱوُتِينَتُهُ عَلَى عِلْمِ عِنْدِى َاوَلَهُ يَعُكَمُ آنَ اللهَ قَدُ آهُلكَ مِنْ قَبُلِهِ مِنَ الْقُرُونِ مَنْ هُوَاشَكُ مِنْهُ قُوَّةً وَّٱكْثَرُ جَمْعًا ﴿ وَلا يُسْعَلُ عَنْ ذُنُونِهِمُ الْمُجْرِمُونَ ﴿

فَخَرَجَ عَلَى قَوْمِهِ فِى زِيْنَتِهِ ﴿ قَالَ الَّذِيْنَ يُويُكُونَ الْحَلُوةَ اللَّهُ نَيَا لِلَيْتَ لَنَا مِثْلَ مَآ اُوْتِى قَارُونُ ﴿ إِنَّهُ لَنُ وُحَظِّ عَظِيْمٍ ﴿ bo. আর যাদেরকে জ্ঞান দেয়া হয়েছিল তারা বললোঃ ধিক তোমাদেরকে! যারা ঈমান আনে ও সৎকর্ম করে তাদের জন্যে আল্লাহর পুরস্কারই শ্রেষ্ঠ এবং ধৈর্যশীল ব্যতীত এটা কেউ পাবে না।

৮১. অতঃপর আমি কার্যনকে ও তার প্রাসাদকে ভু-গর্ভে প্রোথিত করলাম। তার স্বপক্ষে এমন কোন দল ছিল না যে আল্লাহর শাস্তি হতে তাকে সাহায্য করতে পারতো এবং সে নিজেও আত্মরক্ষায় সক্ষম ছিল না।

৮২. পূর্বদিন যারা তার মত হবার কামনা করেছিল তারা বলতে লাগলো! দেখলে তো, আল্লাহ তার বান্দাদের মধ্যে যার জন্যে ইচ্ছা তার রিয়ক বর্ধিত করেন এবং যার জন্যে ইচ্ছা হ্রাস করেন। যদি আল্লাহ আমাদের প্রতি সদয় না হতেন তবে আমাদেরকেও তিনি ভূ-গর্ভে প্রোথিত করতেন। দেখলে তো! কাফিররা সফলকাম হয় না।

৮৩. এটা আখেরাতের সে আবাস যা আমি নির্ধারিত করি তাদের জন্যে যারা এই পৃথিবীতে উদ্ধত হতে ও বিপর্যয় সৃষ্টি করতে চায় না। শুভ পরিণাম মুন্তাকীদের জন্যে।

৮৪. যে সংকর্ম করে সে তার কর্ম অপেক্ষা উত্তম ফল পাবে, আর যে وَقَالَ الَّذِينَ أَوْتُوا الْعِلْمَ وَيُلَكُمُ ثُوَابُ اللهِ خَيْرٌ لِبَنْ امَنَ وَعَمِلَ صَالِحًا ۚ وَلَا يُلَقُّهَاۤ اِلَّا الصّٰمِرُونَ ۞

فَخَسَفُنَا بِهِ وَ بِكَالِرِةِ الْأَرْضَ عَنْ فَمَا كَانَ لَهُ مِنْ فِعَةٍ يَتَنْصُرُونَهُ مِنْ دُوْنِ اللهِ فَي وَمَا كَانَ مِنَ الْمُنْتَصِرِيْنَ ﴿

وَاصَبَحَ الَّذِينَ تَمَنَّوُا مَكَانَهُ بِالْأَمْسِ يَقُوْلُونَ وَيُكَانَّ الله يَبْسُطُ الرِّزُقَ لِمَنْ يَّشَاءُ مِنْ عِبَادِم وَيَقْدِرُ ۚ لَوُلَا اَنْ مَّنَ اللهُ عَلَيْنَا لَخَسَفَ بِنَا ﴿ وَيُكَانَّهُ لَا يُفْلِحُ الْكَفِرُونَ ﴿

> تِلْكَ الدَّادُ الْأَخِرَةُ نَجْعَلُهَا لِلَّذِينَ لَا يُرِينُهُ وَنَ عُلُوًّا فِي الْأَرْضِ وَلَا فَسَادًا ﴿ وَالْعَاقِمَةُ لِلْمُتَقِينَ ۞

مَنْ جَآءَ بِالْحَسَنَةِ فَلَهُ خَيْرٌ مِّنْهَا ۚ وَمَنْ

১। (ক) আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ আল্লাহ্ তা'আলা কিয়ামতের দিন এমন লোকের দিকে (রহমতের) দৃষ্টিতে দেখবেন না, যে লোক অহংকারবশে তার ইযার (লুঙ্গি) (গিরার নীচে) ঝুলিয়ে চলে। (বুখারী, হাদীস নং ৫৭৮৮)

মন্দ কর্ম করে সে তো শাস্তি পাবে শুধু তার কর্ম অনুপাতে।

৮৫. যিনি তোমার উপর কুরআনকে ফরয (অবতীর্ণ) করেছেন তিনি তোমাকে অবশ্যই ফিরিয়ে আনবেন প্রত্যাবর্তন স্থানে। বলঃ আমার প্রতিপালক ভাল জানেন কে সং পথের নির্দেশ এনেছে এবং কে স্পষ্ট বিভ্রান্তিতে আছে।

৮৬. তুমি আশা করনি যে, তোমার প্রতি কিতাব অবতীর্ণ হবে। এটা তো শুধু তোমার প্রতিপালকের অনুগ্রহ। সুতরাং তুমি কখনো কাফিরদের সহায় হয়ো না।

৮৭. তোমার প্রতি আল্লাহর আয়াত অবতীর্ণ হওয়ার পর তারা যেন তোমাকে কিছুতেই সেগুলো হতে বিমুখ না করে। তুমি তোমার প্রতিপালকের দিকে আহ্বান কর এবং কিছুতেই মুশরিকদের অন্তর্ভুক্ত হয়ো না।

৮৮. তুমি আল্লাহর সাথে অন্য মা'বৃদকে ডেকো না, তিনি ছাড়া অন্য কোন (সত্য) মা'বৃদ নেই। আল্লাহর মুখমন্ডল (সত্তা) ব্যতীত সবকিছু ধ্বংসশীল। হুকুম-ফয়সালা (ইহকাল ও পরকালে) তাঁরই এবং তাঁরই নিকট তোমরা প্রত্যাবর্তিত হবে। جَاءَ بِالسَّيِّعَةِ فَلَا يُجُزَى الَّذِيْنَ عَبِلُوا السَّيِّاتِ الآمَا كَانُوْا يَعْمَلُونَ ﴿ اِنَّ الَّذِي فَرَضَ عَلَيْكَ الْقُرُانَ لَرَّادُّكَ الله مَعَادٍ ط قُلُ رَّ فِيَ مَعْلَمُ مَنْ جَاءَ بِالْهُلى وَمَنْ هُوَ فِي ضَلِل مُّبِينٍ ﴿

وَمَا كُنْتَ تَرُجُوْاَ اَنُ يُّلُقَى اِلَيْكَ الْكِتْبُ الْآ رَحْمَةً مِّنْ رَبِّكَ فَلَا تَكُوْنَنَّ ظَهِيْرًا لِلْكَفِرِيُنَ ۞

وَلَا يَصُدُّنَكَ عَنُ الْيِ اللهِ بَعْنَ اِذْ أُنْزِلَتُ اِلَيْكَ وَ اذْعُ اِلْى رَبِّكَ وَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿

وَلَا تَنْكُ مَنَّ اللهِ إِلهَا أَخَرَ مُلاَ إِلَهَ إِلاَّ مِلْاً إِلَّهَ إِلاَّ هُوَ مُلاَ إِلَّهَ إِلاَّ هُوَ هُوَ سُكُلُّ شَيْءَ هَالِكُ إِلَّا وَجُهَةَ اللَّهُ الْحُكُمُ وَإِلَيْهِ تُوْجَعُونَ ﴿

সূরাঃ আনকাবৃত, মাক্কী

পারা ২০

(আয়াতঃ ৬৯, রুক্'ঃ ৭)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

سُوْرَةُ الْعَنْكَيُونِ مَكَّتَّةً ۗ المَاتُكُما ٢٩ رَكُونَكَما ٢٤ بشيم الله الرَّحْلِن الرَّحِيْمِ

১. আলিফ-লাম-মীম।

২. মানুষ কি মনে করে যে, আমরা ঈমান এনেছি. একথা তাদেরকে পরীক্ষা না করে অব্যাহতি দেয়া হবে?

- ৩. আমি পূৰ্ব-তাদের তো বর্তীদেরকেও পরীক্ষা করেছিলাম: আর আল্লাহ অবশ্যই জেনে নিবেন কারা সত্যবাদী ও কারা মিথ্যাবাদী।
- 8. যারা মন্দ কর্ম করে তারা কি মনে করে যে. তারা আমার আয়ত্তের বাইরে চলে যাবে? তাদের সিদ্ধান্ত কত মন্দ!
- ৫. যে আল্লাহর সাথে সাক্ষাত কামনা করে (সে জেনে রাখুক যে,) আল্লাহর নির্ধারিত সময় আসবেই, তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ।
- ৬. আর যে সাধনা করে, সে তো নিজের জন্যেই সাধনা করে; নিশ্চয়ই আল্লাহ বিশ্বজগত হতে অমুখাপেক্ষী।
- ৭ আরু যারা ঈমান আনে ও সংকর্ম করে আমি নিশ্চয়ই তাদের মন্দ কর্মগুলো মিটিয়ে দিবো এবং তাদের কাজের উত্তম ফল দান করবো।

ري ال**د**ش

آحَسِبَ النَّاسُ آنُ يُّتُرَّكُوۤاۤ اَنۡ يَّقُوۡلُوۡاۤ اَمَنَّا وَهُمُ لَا يُفْتَنُونَ ﴿

وَلَقَلُ فَتَنَّا الَّذِينَ مِنْ قَبْلِهِمْ فَلَيَعْلَمَنَّ اللهُ الَّذِيْنَ صَدَقُوا وَلَيَعْلَمَنَّ الْكُذِينِ ۞

اَمْر حَسِبَ الَّذِينَ يَعْمَلُونَ السَّيِّاتِ اَنْ يَسْبِقُوْنَا ﴿ سَاءَ مَا يَحُكُونَ ®

مَنْ كَانَ يَرْجُوْا لِقَاءَ اللهِ فَإِنَّ أَجَلَ اللهِ لَأَتِ طُ وَهُوَ السِّيئِعُ الْعَلِيْمُ ۞

وَ مَنْ جَاهَدَ فَاتَّهَا يُجَاهِدُ لِنَفْسِهِ ﴿ إِنَّ اللَّهُ لَغَنِيٌّ عَنِ الْعَلَمِيْنَ ①

وَالَّذِينَ أَمَنُوا وَعَمِلُوا الصِّلِطِ لَنُكُوِّرَنَّ عَنْهُمُ سَيّاتِهِمْ وَلَنَجْزِيَنَّهُمْ آحْسَنَ الَّذِي كَانُواْ يَعْمَلُونَ ۞ ৮. আমি মানুষকে নির্দেশ দিয়েছি তার পিতা-মাতার প্রতি সদ্যবহার করতে; তবে তারা যদি তোমার উপর বল প্রয়োগ করে, আমার সাথে এমন কিছু শরীক করতে যার সম্পর্কে তোমার কোন জ্ঞান নেই, তবে তুমি তাদেরকে মান্য করো না। আমারই নিকট তোমাদের প্রত্যাবর্তন। অতঃপর আমি তোমাদেরকে জানিয়ে দিবো যা তোমরা করতে।

৯. যারা ঈমান আনে ও সৎকর্ম করে, আমি অবশ্যই তাদেরকে সৎকর্ম পরায়ণদের অন্তর্ভুক্ত করবো।

১০. মানুষের মধ্যে কতক লোক বলেঃ আমরা আল্লাহতে বিশ্বাস করি, কিন্তু আল্লাহর পথে যখন তারা কষ্টে পতিত হয়, তখন তারা মানুষের পীড়নকে আল্লাহর শান্তির মত গণ্য করে এবং তোমার প্রতিপালকের নিকট হতে কোন সাহায্য আসলে তারা বলতে থাকে, আমরা তো তোমাদের সাথেই ছিলাম। বিশ্ববাসীর অন্তরে যা আছে, আল্লাহ কি তা সম্যক অবগত নন?

১১. আল্লাহ অবশ্যই জেনে নেবেন কারা ঈমান এনেছে আরও জেনে নিবেন কারা মুনাফিক।

১২. কাফিররা মু'মিনদেরকে বলেঃ
আমাদের পথ অনুসরণ কর, আমরা
তোমাদের পাপভার বহন করবো;
কিন্তু তারা তো তাদের পাপভারের
কিছুই বহন করবে না। তারা অবশ্যই
মিথ্যাবাদী।

وَوَصَّيْنَا الْإِنْسَانَ بِوَالِدَيْهِ حُسْنًا ﴿ وَإِنْ جَاهَٰلُكَ لِتُشْرِكَ بِنُ مَا لَيْسَ لَكَ بِهٖ عِلْمٌ فَلا تُطِعْهُمَا ﴿ إِنَّ مَرْجِعُكُمُ فَاُنَبِّئُكُمُ بِمَا كُنْتُمُ تَعْمَلُونَ ۞

وَالَّذِيْنَ اٰمَنُواْ وَعَمِلُوا الصَّلِحٰتِ لَنُنُدِخِلَنَّهُمُ فِي الصَّلِحِيْنَ ۞

وَمِنَ النَّاسِ مَنُ يَّقُولُ امَنَّا بِاللهِ فَاذَا اُوذِي فِي اللهِ جَعَلَ فِتُنَةَ النَّاسِ كَعَنَابِ اللهِ طُ وَكَيِنُ جَاءَ نَصْرٌ مِّنْ رَبِّكَ لَيَقُولُنَّ إِنَّا كُنَّا مَعَكُمْ طُ اَوَلَيْسَ اللهُ بِإَعْلَمَ بِمَا فِيْ صُدُورِ الْعَلَمِيْنَ ﴿

وَلَيُعْلَمَنَّ اللهُ الَّذِيْنَ أَمَنُواْ وَلَيُعْلَمَنَّ اللهُ الَّذِيْنَ أَمَنُواْ وَلَيُعْلَمَنَّ الْمُنْفِقِيْنَ (ا

وَقَالَ الَّذِيْنَ كَفَرُوا لِلَّذِيْنَ اَمَنُوا الَّبِعُوا سَبِيْلَنَا وَلَنَحْمِلُ خَطْلِكُمُ وَمَا هُمْ بِخْمِلِيْنَ مِنْ خَطْلِهُمُ مِّنْ شَيْءً اللَّهُمْ لَكُلْ بُوْنَ ﴿ পারা ২০

১৩. তারা নিজেদের ভার বহন করবে এবং নিজেদের বোঝার সাথে আরো কিছু বোঝা এবং তারা যে মিথ্যা উদ্ভাবন করে সে সম্পর্কে কিয়ামত দিবসে অবশ্যই তাদেরকে প্রশ্ন করা হবে।

১৪. আমি তো নৃহ (ﷺ)-কে তাঁর সম্প্রদায়ের নিকট প্রেরণ করেছিলাম। তিনি তাদের মধ্যে অবস্থান করেছিলেন পঞ্চাশ বছর কম হাজার বছর। অতঃপর প্লাবন তাদেরকে গ্রাস করে, কারণ তারা ছিল অত্যাচারী।

১৫. অতঃপর আমি তাকে এবং যারা নৌকায় আরোহণ করেছিল তাদেরকে রক্ষা করলাম এবং বিশ্বজগতের জন্যে একে করলাম একটি নিদর্শন।

১৬. (স্মরণ কর) ইবরাহীম (

এর কথা, তিনি তাঁর সম্প্রদায়কে
বলেছিলেনঃ তোমরা আল্লাহর
ইবাদত কর এবং তাঁকে ভয় কর,
তোমাদের জন্যে এটাই শ্রেয় যদি
তোমরা জানতে।

১৭. তোমরা তো আল্লাহ ব্যতীত শুধু
মূর্তিপূজা করছো এবং মিথ্যা উদ্ভাবন
করছো, তোমরা আল্লাহ ব্যতীত
যাদের পূজা কর তারা তোমাদের
ক্রুযীর মালিক নয়। সুতরাং তোমরা
ক্রুযী কামনা কর আল্লাহর নিকট এবং
তারই ইবাদত কর ও তার প্রতি
কৃতজ্ঞতা প্রকাশ কর। তোমরা তারই
নিকট প্রত্যাবর্তিত হবে।

وَلَيُحْمِدُنَّ اَثْقَالَهُمْ وَاَثْقَالًا مَّعَ اَثْقَالِهِمُ نَ وَلَيُسْئَكُنَّ يَوْمَ الْقِيلَمَةِ عَبَّا كَانُواْ يَفْتَرُونَ شَ

وَلَقَنُ اَرُسَلُنَا نُوْمًا إِلَى قَوْمِهِ فَلَبِثَ فِيهِمُ الْفَ سَنَةِ اِلاَّخْسِيْنَ عَامًا ﴿ فَاخَنَ هُمُ الطُّوْفَانُ وَهُمُ ظَلِمُوْنَ ﴿

فَأَنْجَيُنْكُ وَ أَصُحْبَ السَّفِيُنَةِ وَجَعَلْنُهَا ۚ أَيَةً لِللَّهِ السَّفِيُنَةِ وَجَعَلْنُهَا ۚ أَيَةً لِللَّ

وَ اِبُرْهِيْمَ اِذْ قَالَ لِقَوْمِهِ اعْبُدُوا اللهَ وَاتَّقُوْهُ ۗ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ تَعْلَبُونَ ﴿

اِنَّهَا تَعُبُكُونَ مِنُ دُوْنِ اللهِ اَوْثَانًا وَتَخُلُقُونَ إِفْكًا ﴿ إِنَّ الَّـٰذِيْنَ تَعُبُكُونَ مِنْ دُوْنِ اللهِ لَا يَمُلِكُونَ لَكُمُ رِذْقًا فَالْتَعُوا عِنْدَاللهِ الرِّزْقَ وَاعْبُكُوهُ وَاشْكُرُواْ لَكُ ﴿ لِلْيَهِ تُرْجَعُونَ ﴿ ১৮. তোমরা যদি আমাকে মিথ্যাবাদী বল, তবে জেনে রেখো যে, তোমাদের পূর্ববর্তীরাও নবীদেরকে মিথ্যাবাদী বলেছিল। সুস্পষ্টভাবে প্রচার করে দেয়া ছাড়া রাস্লের আর কোন দায়িত্ব নেই।

১৯. তারা কি লক্ষ্য করে না যে, কিভাবে আল্লাহ সৃষ্টিকে অন্তিত্ব দান করেন, অতঃপর ওটা পুনরায় সৃষ্টি করেন? এটা তো আল্লাহর জন্যে সহজ।

২০. বলঃ পৃথিবীতে পরিভ্রমণ কর এবং অনুধাবন কর, কিভাবে তিনি সৃষ্টি শুরু করেছেন? অতঃপর আল্লাহ সৃষ্টি করবেন পরবর্তী সৃষ্টি। আল্লাহ তো সর্ববিষয়ে সর্বশক্তিমান।

২১. তিনি যাকে ইচ্ছা শান্তি দেন এবং যার প্রতি ইচ্ছা অনুগ্রহ করেন। তোমরা তাঁরই নিকট প্রত্যাবর্তিত হবে।

২২. তোমরা আল্লাহকে ব্যর্থ করতে পারবে না পৃথিবীতে অথবা আকাশে এবং আল্লাহ ব্যতীত তোমাদের কোন অভিভাবক নেই, সাহায্যকারীও নেই।

২৩. যারা আল্লাহর নিদর্শন ও তাঁর সাক্ষাৎকার অস্বীকার করে তারাই আমার অনুগ্রহ হতে নিরাশ হয়। তাদের জন্যে আছে যন্ত্রনাদায়ক শাস্তি।

২৪. ইবরাহীম (ﷺ)-এর সম্প্রদায়ের শুধু এই কথা বলা ছাড়া আর কোন উত্তর ছিল না যে, তাঁকে وَانُ تُكَلِّبُوا فَقَلُ كَذَّبَ اُمَمُّ مِّنْ قَبْلِكُمُّ ۖ وَمَا عَلَى الرَّسُولِ الِآل الْبَلْغُ الْسُبِيْنُ ۞

ٱوَكَمْ يَرَوُا كَيْفَ يُبْدِئُ اللهُ الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهُ الْ إِنَّ ذٰلِكَ عَلَى اللهِ يَسِيْرُ ﴿

قُلُ سِيْرُوا فِي الْأَرْضِ فَانْظُرُوا كَيْفَ بَدَا الْخَلْقَ ثُمَّ اللهُ يُنْشِئُ النَّشَاةَ الْإِخْرَةَ ﴿ إِنَّ اللهَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿

> يُعَنِّبُ مَنْ يَشَاءُ وَيَرْحَمُ مَنْ يَشَاءُ وَيَرْحَمُ مَنْ يَشَاءُ * وَإِلَيْهِ تُقْلَبُونَ ®

وَمَآ اَنُتُهُم بِمُعُجِزِيُنَ فِى الْاَرْضِ وَلَا فِى السَّمَآءِ وَ وَمَا لَكُمْ مِّنْ دُوْنِ اللهِ مِنْ وَّلِيٍّ وَّلَا نَصِيْرٍ ﴿

وَ الَّذِيْنَ كَفَرُوا بِالْيَتِ اللهِ وَلِقَابِهَ ٱوَلَيْكَ يَعِسُوا مِنْ رَّحْمَتِيْ وَ أُولَيْكَ لَهُمْ عَنَابٌ ٱلِيُمُّ

> فَهَا كَانَ جَوَابَ قَوْمِهَ إِلَّا آنُ قَالُوا اقْتُلُوهُ أَوْ حَرِّقُوهُ فَانْجُهُ اللهُ مِنَ النَّادِ لا إِنَّ فِي

হত্যা কর অথবা অগ্নিদগ্ধ কর; কিন্তু আল্লাহ তাকে অগ্নি হতে করলেন। এতে অবশ্যই নিদর্শন রয়েছে মু'মিন সম্প্রদায়ের জন্যে।

২৫. এবং তিনি (ইবরাহীম র্ক্স্ট্রা) বললেনঃ তোমরা আল্লাহর পরিবর্তে মূৰ্তিগুলোকে উপাস্যরূপে গ্ৰহণ করেছো, পার্থিব জীবনে তোমাদের পারস্পরিক বন্ধুত্বের খাতিরে; পরে কিয়ামতের দিন তোমৱা একে অপরকে অস্বীকার করবে এবং অভিসম্পাত পরস্পরকে দিবে তোমাদের আবাস হবে জাহানাম এবং তোমাদের কোন সাহায্যকারী থাকবে না।

২৬. লৃত (২৬৯) তাঁর (ইবরাহীম র্যুট্রা)-এর প্রতি বিশ্বাস স্থাপন (ইবরাহীম করলেন। Hall) বললেনঃ) আমি আমার প্রতিপালকের উদ্দেশ্যে দেশ ত্যাগ করছি। তিনি তো পরাক্রমশালী, প্রজ্ঞাময়।

২৭. আমি (ইবরাহীম খুট্রা)-কে দান করলাম ইসহাক (﴿﴿﴿﴾) ও ইয়াকুব (الطِيْقِيلِ) এবং তার বংশধরদের জন্যে স্থির করলাম নবুওয়াত ও কিতাব এবং আমি তাকে পুরস্কৃত করেছিলাম দুনিয়ায় আখিরাতেও সে নিশ্চয়ই সৎকর্মপরায়ণদের অন্যতম হবে।

২৮. স্মরণ কর লৃত (র্ট্রার্ট্রা-এর তিনি কথা) তাঁর সম্প্রদায়কে বলেছিলেনঃ তোমরা তো এমন ذُلِكَ لَالِتٍ لِقَوْمٍ يُؤْمِنُونَ ٠

وَقَالَ إِنَّهَا اتَّخَذُتُهُمْ مِّنُ دُونِ اللَّهِ أَوْثَانًا ﴿ مُّودَّةَ بَيْنِكُمْ فِي الْحَيْوةِ الدُّنْيَاءَ ثُمَّ يَوْمَ الْقِيلَةِ كُفُورُ بَعْضُكُمْ بِبَغْضِ وَّيَلْعَنُ يَعْضُكُمْ بَعْضًا ز وَّمَا وْلَكُمُ النَّارُ وَمَا لَكُمْ مِّنُ نَّصِرِيْنَ 👸

فَأَمَنَ لَهُ لُوْظٌ مِ وَقَالَ إِنَّى مُهَاجِرٌ إِلَى دَبِّنَ ﴿ إِنَّهُ هُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ۞

وَوَهَبْنَا لَكَ إِسْحَقَ وَيَعْقُونَ وَجَعَلْنَا فِي ذُرِّيَّتِهِ النُّبُوَّةَ وَالْكِتٰبَ وَأَتَيْنَٰهُ ٱجْرَهُ فِي اللُّانُيَّا ۗ وَإِنَّهُ فِي الْإِخِرَةِ لَمِنَ الصَّلِحِينَ ٠

وَلُوْطًا إِذْقَالَ لِقَوْمِهَ إِنَّكُمْ لَتَأْتُوْنَ الْفَاحِشَةَ · مَاسَبَقَكُمْ بِهَامِنُ آحَدٍ مِّنَ الْعَلَيدِينَ @ অশ্লীল কর্ম করছো, যা তোমাদের পূর্বে বিশ্বে কেউ করেনি।

২৯. তোমরাই তো পুরুষে আসক্ত হচ্ছো, তোমরাই তো রাহাজানি (ডাকাতি) করে থাকো এবং তোমরাই তো নিজেদের মজনিসে প্রকাশ্যে ঘৃণ্য কর্ম করে থাকো। উত্তরে তার সম্প্রদায় শুধু এই বললোঃ আমাদের উপর আল্লাহর শান্তি আনয়ন কর, যদি তুমি সত্যবাদী হও।

৩০. তিনি বললেনঃ হে আমার প্রতিপালক! বিপর্যয় সৃষ্টিকারী সম্প্রদায়ের বিরুদ্ধে আমাকে সাহায়্য করুন!

৩১. যখন আমার প্রেরিত ফেরেশতারা সুসংবাদসহ ইবরাহীমের নিকট আসলেন, তাঁরা বলেছিলেনঃ আমরা এই জনপদবাসীকে ধ্বংস করবো, এর অধিবাসীরা তো অত্যাচারী।

৩২. (ইবরাহীম (প্রাঞ্জা) বললেনঃ)
এই জনপদে তো লৃত রয়েছেন।
তারা বললেনঃ সেথায় কারা আছে,
তা আমরা ভাল জানি; আমরা তো
লৃত (প্রাঞ্জা)-কে ও তাঁর
পরিজনবর্গকে রক্ষা করবোই, তাঁর
স্ত্রীকে ব্যতীত; সে তো পশ্চাতে
অবস্থানকারীদের অন্তর্ভক্ত।

৩৩. এবং যখন আমার প্রেরিত ফেরেশ্তারা লৃত (ক্ষুট্রা)-এর নিকট আসলেন, তখন তাঁদের জন্যে তিনি চিন্তিত হয়ে পডলেন এবং নিজেকে اَيِّكُكُمُ لَتَأْتُونَ الرِّجَالَ وَتَقْطَعُونَ السَّبِيلُ لَهُ
وَتَأْتُونَ فِى نَادِيكُمُ الْمُنْكَرَ وَهَاكَانَ جَوَابَ
قَوْمِهَ إِلاَّ اَنْ قَالُوا الْحَيْنَا بِعَذَابِ اللهوانُ
كُنْتَ مِنَ الصَّدِقِيُنَ ﴿

قَالَ رَبِّ انْصُرُنِيْ عَلَى الْقَوْمِ الْمُفْسِدِيْنَ ﴿

وَلَمَّنَا جَاءَتُ رُسُلُنَاۤ اِبْرٰهِیُمَ بِالْبُشُرٰی ٚ قَالُوۡۤا اِنَّا مُهۡلِکُوۡۤا اَهۡلِ هٰذِهِ الْقَرُیَةِ ۚ اِنَّ اَهۡلَهَا کَانُوۡا ظٰلِمِیۡنَ ﷺ

قَالَ إِنَّ فِيْهَا لُوْطًا ﴿ قَالُواْ نَحْنُ اَعْلَمُ بِمَنُ فِيْهَا لِلْنَجِّيْنَةُ وَ اَهْلَةً إِلَّا امْرَاتَهُ لَكَانَتُ مِنَ الْغَيْرِيْنَ ﴿

وَكَمَّآ اَنْ جَاءَتْ رُسُلُنَا لُوْطًا سِنَىءَ بِهِمْ وَضَاقَ بِهِمْ ذَرْعًا وَقَالُوْا لا تَخَفْ وَلا تَحْزَنْ তাদের রক্ষায় অসমর্থ মনে করলেন।
তাঁরা বললেনঃ ভয় করো না, চিন্তাও
করো না; আমরা তোমাকে ও
তোমার পরিবারবর্গকে রক্ষা করবো,
তোমার স্ত্রী ব্যতীত; সে তো পশ্চাতে
অবস্থানকারীদের অন্তর্ভুক্ত।

৩৪. আমরা এই জনপদবাসীর উপর আকাশ হতে শাস্তি নাযিল করবো, কারণ তারা পাপাচার করছিল।

৩৫. আমি বোধশক্তি সম্পন্ন সম্প্রদায়ের জন্যে এতে একটি স্পষ্ট নিদর্শন রেখেছি।

৩৬. আমি মাদ্ইয়ানবাসীদের প্রতি তাদের ভ্রাতা শুআইব (१६६४)-কে পাঠিয়েছিলাম। তিনি বলেছিলেনঃ হে আমর সম্প্রদায়! তোমরা আল্লাহর ইবাদত কর, শেষ দিবসকে ভয় কর এবং পৃথিবীতে বিপর্যয় ঘটিয়ো না।

৩৭. কিন্তু তারা তাঁর প্রতি মিথ্যা আরোপ করলো, অতঃপর তারা ভূমিকম্প দ্বারা আক্রান্ত হলো; ফলে তারা নিজ গৃহে নতজানু অবস্থায় শেষ হয়ে গেল।

৩৮. এবং আমি আ'দ ও সামৃদকে ধবংস করেছিলাম, তাদের বাড়ী ঘরই তোমাদের জন্যে এর সুস্পষ্ট প্রমাণ। শয়তান তাদের কাজকে তাদের দৃষ্টিতে শোভন করেছিল এবং তাদেরকে সংপথ অবলম্বনে বাধা দিয়েছিল, যদিও তারা ছিল বিচক্ষণ। ৩৯. এবং (আমি ধ্বংস করেছিলাম) কারন. ফিরাউন ও হামানকে; মুসা

إِنَّا مُنَجُّوُكَ وَ اَهْلَكِ إِلَّا اَمُرَاتَكَ كَانَتُ مِنَ الْعَامِرَاتَكَ كَانَتُ مِنَ الْعَامِرِيْنَ ﴿

اِتَّامُنْزِلُوْنَ عَلَى اَهْلِ هٰذِهِ الْقَرْيَةِ رِجْزًا مِّنَ السَّهَاءِ بِمَا كَانُواْ يَفْسُقُونَ ۞

وَلَقَنُ تَّرُكُنَا مِنْهَآالِيَةً 'بَيِّنَةً لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ⊚

وَ إِلَىٰ مَدُينَ اَخَاهُمُ شُعَيْبًا ﴿ فَقَالَ لِقَوْمِ اعْبُدُوااللهَ وَارْجُواالْيَوْمَ الْأَخِرَ وَ لا تَعْتَوُا فِي الْأَرْضِ مُفْسِدِيْنَ ۞

فَكُنَّ بُونُهُ فَاَخَنَ تُهُمُ الرَّجُفَةُ فَاَصْبَحُوا فِيُ دَارِهِمُ لِمِثْمِدُن ﴾

ۅؘۘۼٵڐٵ ۊۜٞٮٛٛؠٛۅٛۮٵ۫ۅؘڰؘڶ؆ۜڹۘؽۜڹؘڵڬؙۿؙۯڡؚؚٞؽ۬ ڡٞڶٮڮڹؚۿؚۿ؞ ۅڒؘؽۜؽؘڶۿۿؙؗۿٵۺۜؽڟڽؙٵۼٛؠٵؘڮۿۿۏڞڰۿۿؙ؏ڹ ٵڛۜؠؚؽڸؚۅؘڰٵٮؙٛۏٵۿؙڛڗؠٛڝؚڔؽؽ۞

وَ قَارُونَ وَ فِرْعُونَ وَهَامَنَ " وَلَقَدُ جَاءَهُمُ

(র্ম্ব্রেম্মি) তাদের নিকট সুস্পষ্ট নিদর্শন নিয়ে এসেছিলেন, তখন তারা দেশে দম্ভ করতো; কিন্তু তারা আমার শাস্তি এডাতে পারেনি।

৪০. তাদের প্রত্যেককেই অপরাধের জন্যে শাস্তি দিয়েছিলাম. তাদের কারো প্রতি প্রেরণ করেছি প্রস্তরসহ প্রচন্ড ঝটিকা, তাদের কাউকেও আঘাত করেছিল বিকট আমি শব্দ, কাউকেও প্রোথিত করেছিলাম ভূ-গর্ভে এবং কাউকেও করেছিলাম নিমজ্জিত। আল্লাহ তাদের প্রতি কোন যুলুম করেননি. তারা নিজেরাই নিজেদের প্রতি যুলুম করেছিল।

8১. যারা আল্লাহর পরিবর্তে অপরকে অভিভাবকরূপে গ্রহণ করে তাদের দৃষ্টান্ত মাকড়সা, যে নিজের জন্যে ঘর বানায় এবং ঘরের মধ্যে মাকডসার ঘরই তো দুর্বলতম, যদি তারা জানতো!

 হারা আল্লাহর পরিবর্তে যা কিছকেই আহ্বান করে আল্লাহ তা জানেন এবং তিনি পরাক্রমশালী প্রজাময় ।

৪৩. মানুষের জন্যে এসব দৃষ্টান্ত বর্ণনা করে থাকি; কিন্তু তথ জ্ঞানী ব্যক্তিরাই এসব বুঝে থাকে।

88. আল্লাহ যথাযথভাবে আকাশ-মন্ডলী ও পৃথিবী সৃষ্টি করেছেন, এতে অবশ্যই নিদর্শন রয়েছে মু'মিন সম্প্রদায়ের জন্যে।

مُّوْلِي بِالْبِيِّنْتِ فَالْسَتَكُبَرُوْا فِي الْأَرْضِ وَمَا كَانُوا سَيقِيْنَ ﴿

فَكُلُّ اَخَنُانَا بِنَانَهِ * فَمِنْهُمُوَّنُ ٱرْسَلْنَا عَلَيْهِ حَاصِبًا ۚ وَمِنْهُمْ هَّنْ اَخَنَ تُهُ الصَّيْحَةُ ۗ وَمِنْهُمُ مَّنُ خَسَفُنَا بِهِ الْأَرْضَ ۚ وَمِنْهُمُ مَّنُ أَغْرَقُنَا ۗ وَمَا كَانَ اللهُ لِيَظْلِمَهُمْ وَلَكِنْ كَانُوْاَ ٱنْفُسَهُمْ يَظْلِمُونَ ۞

مَثَلُ الَّذِينَ اتَّخَنُّ وا مِنْ دُونِ اللهِ ٱوْلِيَّاءَ كَمَثَلِ الْعَنْكَبُونِ وَإِنَّخَنَاتُ بَيْتًا لَا وَإِنَّ أَوْهَنَ الْبُيُّوْتِ لَبَيْتُ الْعَنْكَبُوْتِ كُوْ كَانُوْا يَعْلَمُوْنَ ®

إِنَّ اللَّهَ نَعْلُمُ مَا يَلْعُونَ مِنْ دُونِهِ مِنْ شَيْءٍ ﴿ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ۞

وَ تِلْكَ الْاَمُثَالُ نَضْرِبُهَا لِلنَّاسِ ۚ وَمَا يَعْقِلُهَاۗ إلا الْعلمُونَ ٠

> خَكَقَ اللهُ السَّلْوٰتِ وَالْإِرْضَ بِالْحَقِّ طِ إِنَّ فِي ذٰلِكَ لَا يَكُ لِلْمُؤْمِنِيْنَ ﴿

8৫. তুমি তোমার প্রতি প্রত্যাদিষ্ট (ওহীকৃত) কিতাব আবৃত্তি কর এবং নামায় প্রতিষ্ঠিত কর। নিশ্চয়ই নামায বিরত রাখে অশ্রীল ও মন্দ কার্য হতে। আল্লাহর স্মরণই সর্বশ্রেষ্ঠ। তোমরা যা কর আল্লাহ তা জানেন।

৪৬ তোমরা উত্তম পদ্রা ব্যতীত কিতাবীদের সাথে বিতর্ক করবে না. তবে তাদের সাথে করতে পার, যারা তাদের মধ্যে সীমালজ্ঞানকারী এবং বলঃ আমাদের প্রতি ও তোমাদের প্রতি যা অবতীর্ণ হয়েছে, তাতে আমরা বিশ্বাস করি এবং আমাদের মা'বৃদ ও তোমাদের মা'বৃদ তো একই এবং আমরা তাঁরই প্রতি আতাসমর্পণকারী।

৪৭. এভাবেই আমি তোমার প্রতি করআন অবতীর্ণ করেছি এবং যাদেরকে আমি কিতাব দিয়েছিলাম তারা এতে বিশ্বাস করে এদেরও কেউ কেউ এতে বিশ্বাস করে। কাফিররা ব্যতীত আর কেউ আমার নিদর্শনাবলী অস্বীকার করে না ।

৪৮. তুমি তো এর পূর্বে কোন কিতাব পাঠ করনি এবং স্বহস্তে কোন দিন কিতাব লিখনি যে, মিথ্যাবাদীরা সন্দেহ পোষণ করবে।

৪৯. বন্ধতঃ যাদেরকে জ্ঞান দেয়া হয়েছে. তাদের অন্তরে এটা স্পষ্ট নিদর্শন । যালিমরা ব্যতীত আমার নিদর্শন অস্বীকার করে না।

৫০. তারা বলেঃ তার প্রতিপালকের নিকট হতে তাঁর নিকট নিদর্শনাবলী

أُثُولُ مَمَا أُوْجِيَ اِلَيْكَ مِنَ الْكِتْبِ وَاقِمِهِ الصَّلْوةَ و إنَّ الصَّلْوةَ تَنْهَى عَنِ الْفَحْشَآءِ وَالْمُنْكُرِطُ وَلَنِكُو اللهِ أَكْبَرُ اللهِ اللهُ يَعْلَمُ مَا تَصَنَعُونَ @

وَلَا تُجَادِلُوْٓا اَهُلَ الْكِتْبِ اللَّا بِالَّذِي هِيَ اَحْسَنُ رَ إِلَّا الَّذِينَ ظَلَمُوا مِنْهُمُ وَقُولُوْاَ أَمَنَّا بِالَّذِينَ ٱنْزِلَ إِلَيْنَا وَٱنْزِلَ إِلَيْكُمْ وَالْهُنَا وَالْهُكُمْ وَاحِدٌ وَّنَحُنُ لَهُ مُسلِمُونَ ۞

وَكُذَٰلِكَ ٱنْزُلُنَاۤ إِلَيْكَ الْكِتْبُ ۖ فَالَّذِينَ اتَّيْنُهُمُ الْكِتْبَ يُؤْمِنُونَ بِهِ ۚ وَمِنَ هَؤُلآ مَنْ يُّؤُمِنُ بِهِ لَا وَمَا يَجُحَدُ بِأَلِيْنَاۤ إِلاَّ الْكَفِرُونَ @

وَمَا كُنْتَ تَتُلُوا مِنْ قَبْلِهِ مِنْ كِتْبٍ قَلَا تَخُطُّلهُ بِيَمِيْنِكَ إِذًا لَّأَرْتَابَ الْمُنْطِلُونَ ٠

بَلُ هُوَ النُّ عُبِينَتُ فِي صُدُودِ الَّذِينَ ٱوْتُوا الْعِلْمَ الْ وَمَا يَجُحُدُ بِأَيْتِنَا إِلَّا الظُّلِيونَ ۞

وَقَالُوا لَوُلاَ اُنْزِلَ عَلَيْهِ اللَّهُ مِّنُ رَّبِّهِ ﴿ قُلْ إِنَّهَا

প্রেরিত হয় না কেন? বলঃ নিদর্শনাবলী আল্লাহর ইচ্ছাধীন। আমি তো একজন প্রকাশ্য সতর্ককারী মাত্র।

৫১. এটা কি তাদের জন্যে যথেষ্ট নয় যে আমি তোমার নিকট কুরআন অবতীর্ণ করেছি, যা তাদের নিকট পাঠ করা হয়? এতে অবশ্যই মু'মিন সম্প্রদায়ের জন্যে অনুগ্রহ ও উপদেশ রয়েছে।১

৫২. বলঃ আমার ও তোমাদের মধ্যে সাক্ষী হিসেবে আল্লাহই যথেষ্ট। আকাশমভলী ও পৃথিবীতে যা আছে তা তিনি অবগত এবং যারা অসত্যে বিশ্বাস করে ও আল্লাহকে অস্বীকার করে তারাই তো ক্ষতিগ্রস্ত।

৫৩. তারা তোমার নিকট অবিলয়ে শাস্তি কামনা করছে, যদি নির্ধারিত কাল না থাকতো তবে শাস্তি তাদের উপর আসতো। নিশ্চয়ই তাদের উপর শাস্তি আসবে আকস্মিকভাবে তাদের অজ্ঞাতসারে।

৫৪. তারা তোমার নিকট অবিলম্বে শান্তি কামনা করছে, জাহান্লাম তো কাফিরদেরকে পরিবেষ্টন করবেই।

৫৫. সেদিন শাস্তি তাদেরকে আচ্ছন করবে তাদের উপরের দিক তাদের পায়ের তলা হতে এবং তিনি বলবেনঃ তোমরা যা করতে তার স্বাদ গ্রহণ কর।

الْإِيْتُ عِنْدَاللهِ ﴿ وَإِنَّهَا ٓ إِنَّا نَذِيْرٌ مُّبِيْنٌ ۞

العنكبوت ٢٩

أُوَلَمْ يَكُفِهِمْ أَنَّا آنْزَلْنَا عَلَيْكَ الْكِتْبَ يُتُلَّى عَلَيْهِمُ النَّ فِي ذَٰلِكَ لَرَحْمَةً وَّذِكْرى لِقَوْمِ ه ورع **گۇمنو**ن ش

قُلْ كَفَى بِاللَّهِ بَيْنِي وَبَيْنَكُمْ شَهِيْدًا * يَعْلَمُ مَأْفِي السَّلُوْتِ وَالْأَرْضِ ۗ وَالَّذِينَ أَمَنُوا بِالْبَاطِلِ وَكَفَرُوا بِاللَّهِ لا أُولِيكَ هُمُ الْخُسِرُونَ ﴿

> وَيَسْتَعْجِلُوْنَكَ بِالْعَنَابِ الْوَلَا آجَلُ ا هُّسَتِّى لَّحَاءَهُمُ الْعَنَاكُ ﴿ وَلَيَأْتِينَّهُمْ يَغْتَةً وَّهُمْ لَا يَشْعُرُونَ ﴿

يَسْتَعْجِلُونَكَ بِالْعَنَابِ ﴿ وَإِنَّ جَهَنَّمَ لَهُحِيطَةً ۗ بِالْكُفِرِيْنَ ﴿ يَوْمَ يَغُشُّهُمُ الْعَنَابُ مِنْ فَوْقِهِمْ وَمِنْ تَحْتِ اَرْجُلِهِمْ وَيَقُوْلُ ذُوْقُوْا مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ @

১। আবু হুরাইরা (রাযিআল্লাহু আনহু) থেকে বর্ণিত। নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ আল্লাহ তা'আলা অন্য কোন নবী তিলাওয়াত গুনেন না. যেরূপ তিনি নবীর উচ্চস্বরে সুমধুর কণ্ঠের তিলাওয়াত শুনে থাকেন। সুফিয়ান বলেছেন, একথার অর্থ হচ্ছেঃ একজন নবী যিনি কুরুজানকে এ ধরনের কিছু মনে করেন যা তাকে অনেক পার্থিব আনন্দ বিতরণ করে। (বুখারী, হাদীস নং ৫০২৪)

৫৬. হে আমার মু'মিন বান্দারা! আমার পৃথিবী প্রশস্ত; সুতরাং তোমরা আমারই ইবাদত কর ।১

জীবমাত্রই মৃত্যুর স্থাদ গ্রহণকারী: অতঃপর তোমরা আমারই নিকট প্রত্যাবর্তিত হবে।

৫৮. যারা ঈমান আনে ও সৎকর্ম করে আমি অবশ্যই তাদের বসবাসের জন্যে সুউচ্চ প্রাসাদ দান করবো জানাতে, যার পাদদেশে নদীসমূহ প্রবাহিত, সেখানে তারা স্থায়ী হবে, কত উত্তম প্রতিদান সংকর্মশীলদের।

৫৯ যারা ধৈর্য অবলম্বন করে ও তাদের প্রতিপালকের উপর নির্ভর করে ।

৬০. এমন কত জীবজন্ত আছে যারা নিজেদের খাদ্য মওজুদ রাখে না; রিযিক আল্লাহই দান করেন এবং তাদেরকে ও তোমাদেরকে তিনি সর্বশ্রোতা সর্বজ্ঞ।

৬১. যদি তুমি তাদেরকে জিজ্ঞেস করঃ কে আকাশমন্ডলী ও পৃথিবী সৃষ্টি করেছেন এবং চন্দ্র-সূর্যকে নিয়ন্ত্রণ করছেন? তারা অবশ্যই বলবেঃ আল্লাহ! তাহলে তারা কোথায় ফিরে যাচেছ?

يْعِبَادِ كَ الَّذِيْنَ أَمَنُوْاَ إِنَّ اَرْضِي وَاسِعَةٌ ۗ فَإِيًّا كَي فَاعُبُدُونِ 🐵

كُلُّ نَفْسٍ ذَا بِقَةُ الْمُوْتِ فَ ثُمَّ إِلَيْنَا تُرْجَعُونَ ﴿

وَالَّذِينَ أَمَنُوا وَعَمِلُوا الصِّلِحْتِ لَنُبَوِّئَنَّهُمُ مِّنَ الْجَنَّةِ غُرَفًا تَجُرِيُ مِنْ تَحْتِهَا الْأَنْهُرُ خٰلِدِيْنَ فِيُهَا ﴿ نِعُمَ آجُرُ الْعِيلِيْنَ ﴿

الَّذِينَ صَبَرُوا وَعَلَى رَبِّهِمُ يَتُوكَّانُونَ ﴿

وَكَايِّنُ مِّنُ ذَايَّةٍ لاَّ تَخْمِلُ رِزْقَهَا ﴿ اللَّهُ اللَّهُ يَرُزُقُهَا وَإِيَّاكُمْ ﴿ وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ ۞

وَلَيِنْ سَأَلْتَهُمُ مُّنْ خَلَقَ السَّلْوٰتِ وَالْأَرْضَ وَسَخْرَ الشَّمْسَ وَالْقَمَرَ لَيَقُولُنَّ اللَّهُ ۚ فَأَنَّى رۇقۇرىن ®

১। আনাস (রাযিআল্লান্থ আনহু) হতে বর্ণিত। মু'য়ায (রাযিআল্লান্থ আনহু) বলেছেন, নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম)-এর পেছনে সওয়ারীর পিঠে বসা ছিলাম। তখন তিনি আমাকে ডাকলেন, হে মুস্মায, আমি জ্ববাব দিলাম, লাব্বাইবা ওয়া সা'দাইকা। অতঃপর তিনি এরূপ তিনবার ডাকলেন। (তারপর জিজ্ঞেস করলেন) তুমি কি জান যে, বান্দাহদের ওপর আল্লাহর হক কি? (আল্লাহর হক এই যে,) বান্দাহ আল্লাহর ইবাদত করবে এবং তাঁর সাথে কোন কিছকে শরীক বানাতে পারবে না। পুনরায় তিনি আরও কিছক্ষণ চললেন। অতঃপর ডাকলেন, হে মু'য়ায়! আমি জবাব দিলাম, লাব্বাইকা ওয়া সা'দাইকা। তিনি জিজ্ঞেস করলেন, তোমার কি জানা আছে, বান্দাহ যখন ওটা করে, তখন আল্লাহর ওপর বান্দাহদের হক কি দাঁড়ায়? (তা হলো এই যে,) আল্লাহ্ তা'আলা তাদেরকে আযাব দেবেন না। (বুখারী, হাদীস নং ৬২৬৭)

745

৬২. আল্লাহ তাঁর বান্দাদের মধ্যে যার জন্যে ইচ্ছা তার রিযিক বর্ধিত করেন এবং যার জন্যে ইচ্ছা তা সীমিত করেন। আল্লাহ সর্ববিষয়ে সমাক অবহিত।

৬৩. যদি তুমি তাদেরকে জিজ্ঞেস করঃ মৃত হবার পর আকাশ হতে পানি বর্ষণ করে কে ওকে জীবিত করে? তারা অবশ্যই বলবেঃ আল্লাহ! বলঃ প্রশংসা আল্লাহরই; কিন্তু তাদের অধিকাংশই এটা অনুভব করে না।

৬৪. এই পার্থিব জীবনতো ক্রীডা-কৌতুক ব্যতীত কিছুই নয়। পারলৌকিক জীবনই তো প্রকৃত জীবন, যদি তারা জানতো ৷১

৬৫. তারা যখন নৌযানে আরোহণ করে তখন তারা বিশুদ্ধচিত্ত হয়ে একনিষ্ঠভাবে আল্লাহকে ডাকে: অতঃপর তিনি যখন স্থলে ভিড়িয়ে তাদেরকে উদ্ধার করেন, তখন তারা শিরকে লিগু হয়।

৬৬. ফলে তাদের প্রতি আমার দান তারা অস্বীকার করে এবং ভোগ-বিলাসে মত্ত থাকে: অচিরেই তারা জানতে পারবে।

اَللَّهُ يَنِسُطُ الرِّزْقَ لِمَنْ يَشَاءُ مِنْ عِمَادِهِ وَ يَقْبِ رُلُهُ مِانَّ اللَّهَ بِكُلِّ شَيْءٍ عَلَيْمٌ ﴿

وَلَيِنُ سَالْتَهُمُ مِّنُ ثُرَّلَ مِنَ السَّمَاءِ مَاءً فَأَحْبَا بِهِ الْأَرْضَ مِنْ بَعْنِ مَوْتِهَا لَيَقُوْلُنَّ اللهُ ط قُل الْحَمُلُ لِلَّهِ طَبَلُ ٱكْثَرُهُمُ لَا يَعْقِلُونَ ﴿

وَمَا هٰذِهِ الْحَلِوةُ اللَّهُ نُمَّ إِلاَّ لَهُوُّ وَّلَعِثُ طُولِكَّ النَّارَ الْأَخِرَةَ لَهِيَ الْجَبَوَانُ م لَوْ كَأَنُوا يَعْلَبُونَ اللَّ

فَإِذَا رَكِبُوا فِي الْفُلْكِ دَعُوا اللهَ مُخْلِصِينَ لَهُ الدِّيْنَ ةَ فَكَتَّا نَجُّهُمُ إِلَى الْبُرِّ إِذَا هُمُ يُشِرِكُونَ ﴿

لِيَكُفُرُوا بِمَآ أَتَيْنَهُمُ لِا وَلِيَتَمَتَّعُوا اللَّهِ فَسُونَ يَعْلَمُونَ 🕾

১। আবৃ হুরাইরা (রাষিআল্লাহু আনহু) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহু (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ জান্লাতে প্রবেশকারী প্রথম দলের (লোকদের) চেহারা চৌদ্দ তারিখের চাঁদের ন্যায় (উচ্জল ও সুন্দর) হবে। জান্লাতে তাদের না আসবে থু থু, না ঝরবে নাকের পানি, না হবে পায়খানা। তাদের বাসন হবে সোনার তৈরী. চিক্রনী হবে সোনা ও রূপার। তাদের আংটি বাতির ন্যায় জ্বলতে থাকবে। তাদের ঘাম মেশকের ন্যায় (খোশবুদার) হবে। প্রত্যেকে দু'জন করে এমন বিবি পাবে-অত্যাধিক সৌন্দর্যের কারণে যাদের গোশত ভেদ করে হাডিডর ভেতরের মজ্জাও দেখা যাবে। জান্লাত বাসীদের মধ্যে (কখনো) না হবে মতভেদ, না দেখা দেবে পারস্পরিক হিংসা বিদ্বেষ। সবাই এক মন, এক প্রাণ হয়ে থাকবে। সকাল-সন্ধ্যায় তারা আল্লাহ্র পবিত্রতা বর্ণনায় রত থাকবে। (বুখারী, হাদীস নং ৩২৪৫)

৬৭ তারা কি দেখে না যে, আমি হারামকে নিরাপদ স্থান (মক্কা) করেছি অথচ এর চতুস্পার্শ্বে যেসব মানুষ আছে তাদের উপর হামলা করা হয়, তবে কি তারা অসত্যেই বিশ্বাস করবে এবং আল্লাহর অনুগ্রহ অস্বীকার করবে?

৬৮ যে ব্যক্তি আল্লাহ সম্বন্ধে মিথ্যা রচনা করে অথবা তাঁর নিকট হতে আগত সত্তাকে অস্বীকার করে তার অপেক্ষা অধিক যালিম আর কে? জাহানামই কি কাফিরদের আবাস নয়?

৬৯ যারা আমার উদ্দেশ্যে সংগ্রাম করে আমি তাদেরকে অবশ্যই আমার পথে পরিচালিত করবো: আল্লাহ সংকর্মপরায়ণদের অবশ্যই সাথে থাকেন।

أَوَلَمْ يَرَوْا أَنَّا جَعَلْنَا حَرَمًا أَمِنًا وَّيُتَخَطَّفُ النَّاسُ مِنُ حَوْلِهِمُ الْهَالْبَاطِلِ يُؤْمِنُونَ وَبِنِعْمَةِ اللهِ يَكُفُرُونَ ٠

وَمَنْ أَظْلُمُ مِنَّنِ افْتَرَى عَلَى اللَّهِ كَيْنَبَّا ٱوْكُنَّابَ بِالْحَقِّ لَبَّا جَاءَةُ ﴿ اللَّهُ مِنْ فِي جَهَنَّهُ مَثُوَّي لِلْكُفِرِينَ۞

وَالَّذِينِي جَاهَدُوا فِينَا لَنَهْنِ يَنَّهُمُ سُمُلَنَا ط وَإِنَّ اللَّهَ لَهُ عَ الْمُحْسِنِينَ ﴿

^{🔾 ।} অর্থাৎ এর ভাবার্থ হচ্ছেঃ যারা নিজেদের ইলম অনুযায়ী আমল করে, আল্লাহ্ তাদেরকে ঐসব বিষয়েও সুপথ প্রদর্শন করবেন, যা তাদের ইলমের মধ্যে নেই। (ইবনে কাসীর)

স্রাঃ রূম, মাকী

(আয়াতঃ ৬০, রুক্'ঃ ৬)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

- ১. আলিফ-লাম-মীম
- ২. রোমকগণ পরাজিত হয়েছে,
- এ. নিকটবর্তী অঞ্চলে; কিন্তু তারা তাদের এই পরাজয়ের পর শীঘ্রই বিজয়ী হবে.
- কয়েক বছরের মধ্যেই। পূর্বের ও পরের সিদ্ধান্ত আল্লাহরই। আর সেই দিন মু'মিনরা আনন্দিত হবে,
- ৫. আল্লাহর সাহায্যে। তিনি যাকে ইচ্ছা সাহায্য করেন এবং তিনি পরাক্রমশালী, পরম দয়ালু।
- ৬. এটা আল্লাহরই প্রতিশ্রুতি; আল্লাহ তাঁর প্রতিশ্রুতির ব্যতিক্রম করেন না; কিন্তু অধিকাংশ লোক জানে না।
- ব. তারা পার্থিব জীবনের বাহ্যিক দিক সম্বন্ধে অবগত, আর আখিরাত সম্বন্ধে তারা গাফিল।
- ৮. তারা কি নিজেদের অন্তরে ভেবে দেখে না যে, আল্লাহ আকাশমন্ডলী, পৃথিবী ও এতোদুভয়ের অন্তর্বর্তী সবকিছু সৃষ্টি করেছেন যথাযথভাবেই ও এক নির্দিষ্ট কালের জন্যে? কিন্তু মানুষের মধ্যে অনেকেই তাদের প্রতিপালকের সাক্ষাতে অবিশ্বাসী।
- ৯. তারা কি পৃথিবীতে ভ্রমণ করেনা? তাহলে দেখতো যে, তাদের

سُبُوْرَةُ الرُّوْمِرِ مَكِيَّةً ايَاتُهَا ١٠ رَكُوْعَاتُهَا ٢ بِسْمِ اللهِ الرَّحْلِنِ الرَّحِيْمِ

القرن

الرَّحِنْمُ في

غُلِبَتِ الرُّوْمُ ﴿

فِي َ اَدْنَى الْارْضِ وَهُمْ مِّنْ بَعْنِي غَلَيْهِمْ سَيَغْلِبُونَ ﴿

فَى بِضْعَ سِنِيْنَ لَهُ لِللهِ الْأَمُورُ مِنْ قَبُلُ وَمِنَ بَعُنُ لَا وَيَوْمَهِنٍ يَقْرَحُ الْمُؤْمِنُونَ ﴿ بِنَصْرِ اللهِ لَا يَنْصُرُ مَنْ يَشَاءُ لَا وَهُوَ الْعَزِيْرُ

وَعْدَاللَّهِ ﴿ لَا يُخْلِفُ اللَّهُ وَعُدَاهُ وَلَكِنَّ ٱلْثُرَّ اللَّهُ وَعُدَاهُ وَلَكِنَّ ٱلْثُرَّ اللَّهُ اللَّهُ وَعُدَاهُ وَلَكِنَّ ٱلْثُرَّ اللَّهُ اللَّهُ وَعُدَاهُ وَلَكِنَّ ٱلْثُرَ

يَعْلَمُونَ ظَاهِرًا مِّنَ الْحَلِوةِ النَّانِيَا اللهِ وَهُمْ عَنِ الْاَخِرَةِ هُمْ غَفْلُونَ ۞

ٱۅۘٙڶۘۿ۫ؽؾۘۘڡؙٛڴۯؙؖۅؙۛٳڣٛٞٲڵڡؙٛۺۣۿؚڡؗۛٵڝٵڂؘڵؾٛٙٳڶڷ۠ۿٳڶۺۜؠڶۅؾ ۅٵڵٳۯۻۅؘڡٵؘؠؽؙڹۿؠٵۧٳڵٳڽٳڶڿڽٞۅؘٲڿڸۣڡٞ۠ڛۺۜؖ ۅؘٳڽؓػؿ۫ؽڗٵڝؚٞڹٳڶڰٵڛؠؚڶؚڡٞٳؿ۫ۯڹؚۜۿؚۿؙڶڬٚڣۯؙۏؙڹ۞

اَوَكُمْ يَسِيْرُوا فِي الْأَرْضِ فَيَنْظُرُوا كَيْفَ كَانَ

পূর্ববর্তীদের পরিণাম কিরূপ হয়েছে।
শক্তিতে তারা ছিল তাদের আপেক্ষা
প্রবল, তারা জমি চাষ করতো, তারা
ওটা আবাদ করতো তাদের অপেক্ষা
অধিক। তাদের নিকট এসেছিল
তাদের রাসূলগণ সুস্পষ্ট নিদর্শনসহ;
বস্তুতঃ তাদের প্রতি যুলুম করা
আল্লাহর কাজ ছিল না বরং তারা
নিজেরাই নিজেদের প্রতি যুলুম
করেছিল।

১০. অতঃপর যারা মন্দকর্ম করেছিল তাদের পরিণাম হয়েছে মন্দ; কারণ তারা আল্লাহর আয়াতসমূহ প্রত্যাখ্যান করতো এবং তা নিয়ে ঠাট্টা-বিদ্ধেপ করতো।

১১. আল্লাহ সৃষ্টির সূচনা করেন, অতঃপর তিনি এর পুনরাবৃত্তি করবেন, তখন তোমরা তাঁরই নিকট প্রত্যাবর্তিত হবে।

১২. যেদিন কিয়ামত সংঘটিত হবে সেদিন অপরাধিগণ হতাশ হয়ে পড়বে।

১৩. তাদের শরীকদের কেউ তাদের সুপারিশ করবে না এবং তারাই তাদের শরীকদেরকে অস্বীকার করবে।

 থেদিন কিয়ামত সংঘটিত হবে সেদিন মানুষ বিভক্ত⁵ হয়ে পডবে।

১৫. অতএব যারা ঈমান এনেছে ও সংকর্ম করেছে তারা জান্নাতে আনন্দে থাকবে। عَاقِبَةُ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمُ لَكَانُوْ اَشَكَّ مِنْهُمُ الْقُوْ اَشَكَ مِنْهُمُ قُوَّةً وَاَثَارُوا الْأَرْضَ وَعَبَرُوهَا آكُثُرَ مِثّا عَبَرُوهَا وَجَاءَتُهُمُ رُسُلُهُمُ بِالْبَيِّنْتِ فَهَاكَانَ اللهُ لِيَظْلِمَهُمُ وَلَكِنْ كَانُوْ اللهُ لِيَظْلِمَهُمُ وَلَكِنْ كَانُوْ اللهُ لِيَظْلِمَهُمُ وَلَيْظِيمُونَ أَنْ فَاللَّهُمُ لَيُظْلِمُونَ أَنْ

ثُمَّ كَانَ عَاقِبَةَ الَّذِيْنَ اَسَاءُوا الشُّوَّ آى اَنْ كَذَّبُوا بِأَيْتِ اللهِ وَكَانُوا بِهَا يَسْتَهْزِءُونَ ۚ

اَللَّهُ يَبْدَهُ وَالْخَلُقَ ثُمَّ يُعِيدُهُ لَهُ ثُمَّ إِلَيْهِ تُرْجُعُونَ ®

وَيُوْمَ تَقُوْمُ السَّاعَةُ يُبْلِسُ الْمُجُرِمُونَ ﴿

ۅؘڵۄؙؽڬؙڹٛ ڷۿۄ۫ڡؚؖڹٛۺؙۯػٙٳۧڽؚۿؚۄؙۺؙڣۼۊؙٵۅؘػٵٮؙۏؙٳ ؠؚۺؙۯػٳٚؠؚۿۄ۬ڒڶڣڔؽ۬۞

وَيُوْمَ تَقُوْمُ السَّاعَةُ يَوْمَ إِنِّ يَتَفَرَّقُونَ ﴿

فَاَمَّا الَّذِيْنَ أَمَنُوا وَعَمِلُوا الصَّلِحْتِ فَهُمْ فَيُرُوضَة تُحْبَرُونَ

১। মু'মিন ও কাফিরদের পৃথক পৃথক দল হবে। (আহসানুল বয়ান)

১৬. আর যারা কৃষ্ণরী করেছে এবং আমার নিদর্শনাবলী ও পরকালের সাক্ষাৎকার অস্বীকার করেছে, তারাই শাস্তি ভোগ করতে থাকবে।

১৭. সুতরাং তোমরা আল্লাহর পবিত্রতা ও মহিমা ঘোষণা কর সন্ধ্যায় ও প্রভাতে।

১৮. এবং আকাশমন্ডলী ও পৃথিবীতে সকল প্রশংসা তো তারই। আর অপরাহ্নেও যোহরের সময়;

১৯. তিনিই মৃত হতে জীবন্তের আবির্ভাব ঘটান এবং তিনিই জীবন্ত হতে মৃতের ও আবির্ভাব ঘটান এবং ভূমির মৃত্যুর পর ওকে পুনর্জীবিত করেন। এভাবেই তোমরা উখিত হবে।

২০. তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে যে, তিনি তোমাদেরকে মৃত্তিকা হতে সৃষ্টি করেছেন। এখন তোমরা মানুষ, সর্বত্র ছড়িয়ে পড়ছো।

২১. এবং তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে যে, তিনি তোমাদের জন্যে তোমাদের মধ্য হতে সৃষ্টি করেছেন তোমাদের সঙ্গিনীদেরকে যাতে তোমরা তাদের নিকট শান্তি পাও এবং তিনি তোমাদের মধ্যে পারস্পরিক ভালবাসা ও দয়া সৃষ্টি করেছেন। চিন্তাশীল সম্প্রদায়ের জন্যে এতে অবশ্যই বহু নিদর্শন রয়েছে।

২২. এবং তার নিদর্শনাবলীর মধ্যে রয়েছে আকাশমন্ডলী ও পৃথিবীর সৃষ্টি এবং তোমাদের ভাষা ও বর্ণের وَاَمَّا الَّذِينَ كَفَرُوا وَكَنَّبُوا بِأَيْتِنَا وَلِقَاتِي الْأَخِرَةِ فَأُولَلِكَ فِي الْعَذَابِ مُحْضَرُونَ ﴿

فَسَبْحَى اللَّهِ حِيْنَ تُبُسُونَ وَحِيْنَ تُصْبِحُونَ ﴿

وَلَهُ الْحَمُٰدُ فِي السَّلْوَتِ وَ الْاَرْضِ وَعَشِيًّا وَّحِيْنَ تُظْهِرُونَ ®

يُخْرِجُ الْمَنَّ مِنَ الْمَيِّتِ وَيُخْرِجُ الْمَيِّتَ مِنَ الْمَيِّ وَيُخِي الْاَرْضَ بَعْلَ مَوْتِهَا ﴿ وَكَالْ لِكَ تُخْرَجُونَ ﴿

وَمِنُ الْمِتِهَ آنُ خَلَقَكُمْ مِّنْ ثُرَابٍ ثُمَّ لِذَآ اَنْتُمْ بَشَرُّ تَنْتَشِرُونَ ﴿

وَمِنُ الْيَتِهَ اَنْ حَلَقَ لَكُمْ مِّنْ اَنْفُسِكُمْ اَزُوَاجًا لِتَسُكُنُوْ اَلِيُهَا وَجَعَلَ بَيْنَكُمْ مَّوَدَّةً وَّرَحْمَةً طُ إِنَّ فِيْ ذٰلِكَ لَالِتٍ لِقَوْمِ تَتَقَكَّرُونَ ﴿

وَمِنُ إِيْتِهِ خَنْقُ السَّلُوتِ وَالْاَرْضِ وَاخْتِلَاثُ ٱلْسِنَتِكُمْ وَٱلْوَائِكُمْ السَّلُوتِ فِي ذٰلِكَ لَالْيَتٍ لِلْعَلِمِيْنَ ﴿ পারা ২১

বৈচিত্ৰ। জ্ঞানীদের এতে জন্যে অবশ্যই নিদর্শন রয়েছে।

২৩. এবং তাঁর নিদর্শনাবলীর মধ্যে বাত্রিতে છ দিবাভাগে তোমাদের নিদ্রা এবং তোমাদের তাঁর অনুগ্ৰহ অন্বেষণ এতে নিদর্শন শবণকারী রয়েছে সম্প্রদায়ের জন্যে।

২৪. এবং তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে যে, তিনি তোমাদেরকে প্রদর্শন করেন বিদ্যুৎ ভয় ও ভরসা সঞ্চারকরূপে এবং তিনি আকাশ হতে পানি বর্ষণ করেন ও তার দারা ভূমিকে তার মৃত্যুর পর পুনর্জীবিত করেন; এতে অবশ্যই নিদর্শন রয়েছে বোধশক্তি সম্পূর সম্প্রদায়ের জন্যে।

২৫. তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে যে. তাঁরই আদেশে আকাশ ও পৃথিবীর স্থিতি; অতঃপর আল্লাহ যখন তোমাদেরকে মৃত্তিকা হতে উঠবার জন্যে একবার আহ্বান করবেন তখন তোমরা উঠে আসবে।

২৬. আকাশমভলী ও পৃথিবীতে যা কিছু আছে তা তাঁরই। সবাই তাঁর আজ্ঞাবহ।

২৭, তিনি সৃষ্টিকে (প্রথমবার) অস্তিত্বে আনয়ন করেন অতঃপর তিনি এটাকে সৃষ্টি করবেন পুনর্বার; এটা তাঁর জন্যে অতি সহজ। আকাশমভলী ও পৃথিবীতে সর্বোচ্চ মর্যাদা তাঁরই তিনিই এবং পরাক্রমশালী, প্রজ্ঞাময়।

وَمِنُ ايٰتِهِ مَنَامُكُمُ بِالَّيْلِ وَالنَّهَارِ وَابْتِغَا ۚ وُكُمُرُ مِّنُ فَضُله اللَّهِ فِي ذِلكَ لَأَيْتِ لِّقَوْمِ لَّيْسَهُونَ ﴿

وَمِنْ الِيِّهِ يُرِيْكُمُ الْبَرْقَ خَوْفًا وَّطَبَعًا وَّ يُنَزِّلُ مِنَ السَّهَاءِ مَاءً فَيُحْي بِهِ الْأَرْضَ بَعْدَ مُوتِهَا ط إِنَّ فِي ذٰلِكَ لَالِتِ لِقَوْمِ يَعْقِلُونَ ﴿

وَمِنْ أَيْتِهَ أَنْ تَقُوْمَ السَّبَآءُ وَالْأَرْضُ بِأَمْرِهِ لِم نُهُّ إِذَا دَعَاكُهُ دَعُوةً ﴾ مِن الْأَرْضِ إِذَا أَنْتُهُ تَخْرُجُونَ 🔞

وَلَهُ مَنْ رِفِي السَّمْلُوتِ وَالْاَرْضِ عُكُلُّ لَهُ قَنِيْتُونَ ®

وَهُوَالَّذِي يَبُكَؤُا الْخَلْقَ ثُمَّ يُعِينُكُ لا وَهُوَ اَهُونُ عَكَيْهِ ﴿ وَلَهُ الْمَثَلُ الْا عُلَى فِي السَّمَاوِتِ وَالْأَرْضِ ۗ وَهُوَ الْعَزِيزُ الْحَلِيمُ

আল্লাহ তোমাদের জন্যে তোমাদের নিজেদের মধ্যে একটি দষ্টান্ত পেশ করেছেনঃ তোমাদেরকে আমি যে রিযিক দিয়েছি তোমাদের অধিকারভুক্ত দাস-দাসীদের কেউ কি তাতে অংশীদার? বরং তোমরা তাতে সমপর্যায়ের অথচ তাদেরকে সেরূপ ভয় কর পরস্পরকে তোমরা এভাবেই আমি বোধশক্তি সম্পন্ন সম্প্রদায়ের জন্যে নিদর্শনাবলী বিবৃত কবি ।

সীমালজ্ঞানকারীরা ২৯. বম্ভতঃ অজ্ঞানতাবশতঃ তাদের খেয়াল-খুশীর অনুসরণ করে থাকে; সুতরাং আল্লাহ যাকে পথভ্রম্ভ করেন, কে তাকে সৎপথে পরিচালিত করবে? তাদের কোন সাহায্যকারী নেই।

৩০. তুমি একনিষ্ঠ হয়ে নিজেকে প্রতিষ্ঠিত কর । আল্লাহর প্রকৃতির অনুসরণ কর, যে প্রকৃতি অনুযায়ী তিনি মানুষ সৃষ্টি করেছেন; আল্লাহর সৃষ্টির কোন পরিবর্তন নেই, এটা সরল দ্বীন: কিন্তু অধিকাংশ মানুষ জানে না।

৩১. বিশুদ্ধ চিত্তে তাঁর অভিমুখী হয়ে তাঁকে ভয় কর, তোমরা নামায এবং মুশরিকদের কর অন্তর্ভুক্ত হয়ো না।

৩২, যারা নিজেদের দ্বীনে মতভেদ সৃষ্টি করেছে এবং বিভিন্ন দলে বিভক্ত হয়েছে। প্রত্যেক দলই নিজ নিজ মতবাদ নিয়ে উৎফুল্প।

ضَرَبَ لَكُمْ مَّثَلًا مِّنَ أَنْفُسِكُمْ طَهَلُ تَكُمْ مِّن مَّا مَلَكَتْ إِيْمَانُكُوْمِنْ شُرَكَاءَ فِيْ مَا رَزَقْنَكُمْ فَانْتُمْ فِيهِ سَوَآءٌ تَخَافُونَهُمْ كَخِيفَتكُمْ أَنْفُسكُمْ كَذٰلِكَ نُفَصِّلُ الْأَيْتِ لِقَوْمٍ لَّيُعْقِلُونَ ۞

بَلِ الَّبَكَ الَّذِيْنَ ظَلَمُواۤ اَهُواۤءَهُمُ بِغَيْرٍ عِلْمٍ ۗ فَكُنُ يُّهُدِي مَنْ أَضَلَّ اللَّهُ طُوَمًا لَهُمْ مِّنُ نَّصِرِيْنَ 🕾

فَأَقِمْ وَجُهَكَ لِلدِّانِينِ حَنِيْفًا ﴿ فِطْرَتَ اللَّهِ الَّذِي فَطَرَ النَّاسَ عَلَيْهَا ﴿ لَا تَبْدِيلُ لِخَلْقِ اللَّهِ ﴿ ذٰلِكَ الرِّينُ الْقَيِّمُ وَالْكِنَّ أَكْثَرُ النَّاسِ لَا يَعْلَمُونَ ﴿

مُنِيْبِيْنَ إِلَيْهِ وَاتَّقُوْهُ وَإِقْبُوا الصَّلَّوةَ وَلَا تَكُونُواْ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿

مِنَ الَّذِيْنَ فَرَّقُواْ دِيْنَهُمْ وَكَانُواْ شِيَعًا لا كُلُّ حِزْبٍ بِمَا لَدُيْهِمُ فَرِحُونَ ٠

الرومر ٣٠

৩৩. মানুষকে যখন দঃখ-দৈন্য স্পর্শ করে তখন তারা বিশুদ্ধ চিত্তে তাদের প্রতিপালককে ডাকে; অতঃপর তিনি যখন তাদেরকে স্বীয় অনুগ্রহ আস্বাদন করান তখন তাদের এক দল তাদের প্রতিপালকের শরীক সাব্যস্ত করে থাকে।

৩৪. তাদেরকে আমি যা দিয়েছি তা অস্বীকার করাবার জন্যে। সুতরাং ভোগ করে নাও, শীঘ্রই তোমরা জানতে পারবে।

৩৫. আমি কি তাদের নিকট এমন কোন দলীল অবতীর্ণ করেছি যা আমার শরীক তাদেরকে বলে?

৩৬. আমি যখন মানুষকে অনুগ্রহের আস্বাদ দিই তখন তারা উৎফুল্ল হয় এবং তাদের কৃতকর্মের দুর্দশাগ্রস্ত হলেই তারা হতাশ হয়ে পডে।

৩৭. তারা কি লক্ষ্য করে না যে, আল্লাহ যার জন্যে ইচ্ছা তার রিযিক প্রশস্ত করেন অথবা তা সীমিত করেন? এতে অবশ্যই নিদর্শন রয়েছে ম'মিন সম্প্রদায়ের জন্যে।

৩৮. অতএব আত্মীয়কে দিয়ে দাও তার প্রাপ্য এবং অভাবগ্রস্ত মুসাফিরকেও। যারা আল্লাহর চেহারা (দর্শন) কামনা করে তাদের জন্যে এটা শ্রেয় এবং তারাই সফলকাম।

وَإِذَا مَسَّ النَّاسَ ضُرُّ دَعَوْا رَبَّهُمْ مُّنِينِينِينَ إِلَيْهِ ثُمَّ إِذَاۤ اَذَا قَهُمُ مِّنُهُ دُحْمَةً إِذَا فَرِيْقُ مِّنْهُمُ بِرَبِّهِمُ يُشْرِكُونَ ﴿

لِيَّكُفُرُواْ بِمَا ٓ اتَيُنْهُمُ الْفَتَيَتَّعُواْ اللهُ فَسُوْنَ تعليه ن س

ٱمْرَانُزَلْنَا عَلَيْهِمْ سُلْطَنَّا فَهُوَيَتَكَلَّمُ بِمَا كَانُوا بِهِ يُشْرِكُونَ @

وَإِذَا آذَ قُنَا النَّاسَ رَحْمَةً فَرِحُوا بِهَا ﴿ وَإِنْ تُصِبُهُمُ سَيِّئَةٌ أَبِما قَدَّمَتُ آيْنِي يُهِمُ إِذَا هُمْ يَقْنَطُوْنَ 🕝

> أَوَكُمْ يَرَوْا أَنَّ اللَّهَ يَبْسُطُ الرِّزُقَ لِمَنْ يَشَاءُ وَيَقُدرُ اللَّهِ فِي ذَٰلِكَ لَأَيْتِ لِقَوْمِ يُّؤُمِنُونَ ®

فَأْتِ ذَا الْقُرْنِي حَقَّهُ وَالْمِسْكِيْنَ وَابْنَ السَّمِيْلِ ﴿ <لِكَ خَيْرٌ لِلَّذِيْنَ يُرِيدُونَ وَجُهَ اللَّهِ لَـ اللَّهِ لَا اللَّهِ لَا اللَّهِ لَا اللَّهِ اللهِ اللهُ اللهِ المُلْمُ اللهِ اللهِ اللهِ اللهِ وَٱولِيكَ هُمُ الْمُفْلِحُونَ ۞

১। যারা জান্নাতে আল্লাহকে দেখে নিজেকে ধন্য করতে চায়। (তাফসীর আহসানুল বায়ান, উর্দু)

৩৯. মানুষের ধন বৃদ্ধি পাবে বলে তোমরা সুদের উপর যা দিয়ে থাকো, আল্লাহর দৃষ্টিতে তা ধন-সম্পদ বৃদ্ধি করে না; কিন্তু আল্লাহর চেহারা (সম্ভণ্টি) লাভের জন্যে যে যাকাত তোমরা দিয়ে থাকো তাই বৃদ্ধি পায়; তারাই সমৃদ্ধশালী।

80. আল্লাহই তোমাদেরকে সৃষ্টি করেছেন, অতঃপর তোমাদেরকে রিযিক দিয়েছেন, তিনি তোমাদের মৃত্যু ঘটাবেন ও পরে তোমাদেরকে জীবিত করবেন। তোমাদের শরীকদের এমন কেউ আছে কি যে এসবের কোন একটিও করতে পারে? তারা যাদেরকে শরীক করে, আল্লাহ তা হতে পবিত্র, মহান।

৪১. মানুষের কৃতকর্মের কারণে স্থলে ও সমুদ্রে বিপর্যয় ছড়িয়ে পড়েছে, যার ফলে তাদেরকে কোন কোন কর্মের শাস্তি তিনি আস্বাদন করান যাতে তারা ফিরে অসে।

৪২. বলঃ তোমরা পৃথিবীতে পরিভ্রমণ কর এবং দেখো, তোমাদের পূর্ববর্তীদের পরিণাম কি হয়েছে! তাদের অধিকাংশই ছিল মুশরিক।

8৩. তুমি সরল-সঠিক দ্বীনে নিজেকে প্রতিষ্ঠিত কর, আল্লাহর নির্দেশে অনিবার্য যে দিবস তা আসার পূর্বে, সেদিন মানুষ বিভক্ত হয়ে পড়বে।

88. যে কৃফরী করে, কৃফরীর শান্তি তারই প্রাপ্য; যারা সৎকর্ম করে তারা নিজেদেরই জন্যে রচনা করে সুখ-শয্যা। وَمَا اَتَيْتُكُمْ مِّنُ رِّبًا لِيَّرُبُواْ فِي آمُوالِ النَّاسِ فَلاَ يَرُبُواْ فِي آمُوالِ النَّاسِ فَلاَ يَرُبُواْ فِي آمُوالِ النَّاسِ فَلاَ يَرُبُواْ عِنْدَاللَّهِ وَمَا التَّيْتُمُ مِّنْ زَكُوةٍ تُويْدُونَ وَجُهَ اللَّهِ فَاُولِيكَ هُمُ الْمُضْعِفُونَ اللَّهِ فَاُولِيكَ هُمُ الْمُضْعِفُونَ اللَّهِ

ٱللهُ الَّذِئ خَلَقَكُمْ ثُمَّ رَزَقَكُمْ ثُمَّ يُمِينَتُكُمْ ثُمَّ يُمِينَتُكُمْ ثُمَّ يَكِينَتُكُمْ ثُمَّ يَ يُخْيِينِكُمُ الْهَلْ مِنْ شُرَكَا إِكُمْ مَّنَ يَّفْعَلُ مِنْ ذَلِكُمْ مِّنْ شَكَيْ ۚ السُبْحْنَةُ وَتَعَلَّىٰ عَبَّا يُشْرِكُونَ ۚ

ظَهَرَ الْفَسَادُ فِي الْبَرِّ وَالْبَحْرِ بِمَا كَسَبَتْ اَيْدِى النَّاسِ لِيُذِيْقَهُمْ بَعْضَ الَّذِي عَبِلُوْ الْعَلَّهُمُ يَرْجِعُونَ @

قُلُ سِيْرُوا فِي الْاَرْضِ فَانْظُرُوا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ مِنْ قَبُلُ لِكَانَ أَكْثَرُهُمْ مُّشْرِكِيْنَ ﴿

فَاقِمْ وَجُهَكَ لِلرِّيْنِ الْقَيِّمِ مِنْ قَبْلِ اَنْ يَّاٰتِيَ يَوْمُّ لِاَّمْرَةَ لَهُ مِنَ اللهِ يَوْمَ إِنْ يَصَّدَّ عُوْنَ ۞

مَنْ كَفَرَ فَعَكَيْهِ كُفُرُهُ وَمَنْ عَبِلَ صَالِحًا فَلِا نَفْسِهِمْ يَمْهَدُونَ ৪৫. কারণ যারা ঈমান আনে ও সৎকর্ম করে, আল্লাহ তাদেরকে নিজ অনুগ্রহে পুরস্কৃত করেন। কাফিরদেরকে পছন্দ করেন না।

৪৬, তাঁর নিদর্শনাবলীর একটি এই যে. তিনি সুসংবাদবাহী বায়ু প্রেরণ করেন তোমাদেরকে তাঁর অন্থহ আস্বাদন করাবার জন্যে: এবং যেন তাঁর নির্দেশে নৌযানগুলো বিচরণ করে, যাতে তোমরা তাঁর অনুগ্রহ সন্ধান করতে পার ও তাঁর প্রতি কৃতজ্ঞ হও।

8৭. আমি তোমার পূর্বে রাসূল-দেরকে প্রেরণ করেছিলাম তাদের নিজ নিজ সম্প্রদায়ের নিকট। তারা তাঁদের নিকট সুস্পষ্ট নিদর্শনসমূহ নিয়ে এসেছিলেন; অতঃপর আমি অপরাধীদেরকে শাস্তি দিয়েছিলাম। মু'মিনদেরকে সাহায্য করা আমার দায়িত।

৪৮. আল্লাহ, যিনি বায়ু প্রেরণ করেন, ফলে এটা মেঘমালাকে সঞ্চালিত করে: অতঃপর তিনি একে যেমন ইচ্ছা আকাশে ছডিয়ে দেন, পরে একে খন্ড-বিখন্ড করে এবং তুমি দেখতে পাও ওটা হতে নিৰ্গত হয় পানিধারা; অতঃপর যখন তিনি তাঁর বান্দাদের মধ্যে যাদের নিকট ইচ্ছা এটা পৌছিয়ে দেন. তখন তারা হয় আনন্দিত।

৪৯. যদিও তারা তাদের প্রতি বৃষ্টি বর্ষণের পূর্বে নিরাশ ছিল।

৫০. আল্লাহর অনুগ্রহের ফল সম্বন্ধে চিন্তা কর, কিভাবে তিনি ভূমির মৃত্যুর পুনৰ্জীবিত পর একে

لِيَجْزِيَ الَّذِينَ أَمَنُواْ وَعَمِلُوا الصَّلِحْتِ مِنْ فَضْلِهِ ۖ إِنَّهُ لَا يُحِبُّ الْكَفِرِيْنَ @

وَمِنْ أَيْتِهَ أَنْ يُرْسِلَ الرِّيَاحَ مُبَشِّرْتِ وَّلِيُنِينَقَكُمُ مِّنَ رَّحْمَتِهٖ وَلِتَجْرِى الْفُلْكُ بِامُرِهِ وَلِتَيْتَغُوا مِنْ فَضِٰلِهِ وَلَعَلَّكُمْ تَشْكُرُونَ ۞

وَلَقُلُ ٱرْسَلْنَا مِنْ قَبْلِكَ رُسُلًا إِلَى قُوْمِهِمُ فَجَاءُوهُمُ بِالْبَيِّنْتِ فَانْتَقَمُنَا مِنَ الَّذِيْنَ اَجْرَمُواطُ وَكَانَ حَقًّا عَلَيْنَا نَصْرُ الْمُؤْمِنِيْنَ ®

ٱللهُ الَّذِي يُرْسِلُ الرِّلِحَ فَتُثِيْرُ سَحَابًا فَيَنْسُطُهُ فِي السَّهَآءِ كَيْفَ يَشَآءُ وَيَجْعَلُهُ كِسَفًّا فَتَرَى الُودُقَ يَخُرُجُ مِنْ خِلْلِهِ ۚ فَإِذَّا آصَابَ بِهِ مَنْ ليَّشَأَءُ مِنُ عِبَادِمَ إِذَا هُمْ يَسْتَبْشِرُونَ ٠

وَإِنْ كَانُواْ مِنْ قَبْلِ أَنْ يُنْزَّلَ عَلَيْهِمْ مِّنْ قَبْلِهِ كَمُبُلِسِيْنَ ۞

فَأَنْظُرُ إِنِّي أَثُرُ رَحْبَتِ اللَّهِ كُنُفَ يُحْيِ الْأَرْضَ بَعْنَ مَوْتِهَا ﴿ إِنَّ ذِٰلِكَ لَئُمُ الْمَوْثُى ۚ وَهُوَعَلَىٰ

এভাবেই আল্লাহ মৃতকে জীবিত করেন, কারণ তিনি সর্ববিষয়ে সর্বশক্তিমান।

৫১. এবং আমি যদি এমন বায়ু প্রেরণ করি যার ফলে তারা দেখে যে, শস্য পীত বর্ণ ধারণ করেছে, তখন তো তারা অকৃতজ্ঞ হয়ে পড়ে।

৫২. নিশ্চয় তুমি মৃতকে শুনাতে পারবে না, বধিরকেও পারবে না আহ্বান শুনাতে, যখন তারা মুখ ফিরিয়ে নেয়।

৫৩. আর তুমি অন্ধকেও পথে আনতে পারবে না তাদের পথভ্রষ্টতা হতে। যারা আমার নিদর্শনাবলীতে বিশ্বাস করে শুধু তাদেরকেই তুমি শুনাতে পারবে, কারণ তারা আত্মসমর্পণকারী।

৫৪. আল্লাহ, যিনি তোমাদেরকে সৃষ্টি করেন দুর্বলরপে। অতঃপর দুর্বলতার পর তিনি দেন শক্তি, শক্তির পর আবার দেন দুর্বলতা ও বার্ধক্য। তিনি যা ইচ্ছা সৃষ্টি করেন এবং তিনিই সর্বজ্ঞ, সর্বশক্তিমান।

৫৫. যেদিন কিয়ামত হবে সেদিন অপরাধীরা শপথ করে বলবে যে, তারা (দুনিয়ায়) এক মুহূর্তের বেশি সময় অবস্থান করেনি। এভাবেই তারা সত্যভ্রষ্ট হতো।

৫৬. কিন্তু যাদেরকে জ্ঞান ও ঈমান দেয়া হয়েছে তারা বলবেঃ তোমরা তো আল্লাহর বিধানে পুনরুত্থান দিবস পর্যন্ত অবস্থান করেছো। এটাই তো পুনরুত্থান দিবস; কিন্তু তোমরা জানতে না। كُلِّ شَيءٍ قَرِيْرٌ ﴿

وَلَيِنُ اَرْسَلْنَا رِيْحًا فَرَاوَهُ مُصْفَرًّا لَّظَلُّوا مِنْ بَعْدِهٖ يَكْفُرُونَ ﴿

فَإِنَّكَ لَا تُسُمِعُ الْمَوْثَى وَلَا تُسُمِعُ الصَّمَّ التُّعَاءَ إِذَا وَلَوْا مُنْ بِدِيْنَ @

وَمَّاَانُتَ بِهٰدِ الْعُنِي عَنْ ضَللَتِهِمْ اللَّهِ مُ اللَّهِ مُ اللَّهِ مُ اللَّهِ مُ اللَّهِ مُ اللَّهِ مُ إِلَّا مَنْ يُؤْمِنُ بِالْلِتِنَا فَهُمْ مُّسُلِمُونَ ﴿

اَللَّهُ الَّذِي خَلَقَكُمُ مِّنْ ضُعْفٍ ثُمَّ جَعَلَ مِنْ اَبَعْدِ ضُعْفٍ قُوَّةً ثُمَّ جَعَلَ مِنْ بَعْدِ قُوَّةٍ ضُعْفًا وَشَيْبَةً لِيَخْنُقُ مَا يَشَاءُ وَهُوَ الْعَلِيْمُ الْقَدِيرُ وَهُوَ الْعَلِيْمُ الْقَدِيرُ وَهُ

وَيَوْمَ تَقُوْمُ السَّاعَةُ يُقْسِمُ الْمُجْرِمُونَ أَهُ مَا لَبِثُوا عَلَيْ السَّاعَةِ مِ كَانُولِكَ كَانُوا يُؤْفَكُونَ ﴿ مَا لَبِثُواْ عَلَيْرَسَاعَةٍ مِ كَانُولِكَ كَانُوا يُؤْفَكُونَ ﴿

وَقَالَ الَّذِيْنَ أُوْتُوا الْعِلْمَ وَالْإِيْمَانَ لَقَلْ لَبِثْتُمُّ فِي كِتْبِ اللهِ إِلَى يَوْمِ الْبَعْثِ نَظَمْنَا يَوْمُ الْبَعْثِ وَلَكِتَّكُمْ كُنْتُمْ لَا تَعْلَمُونَ ۞ ৫৭. সেদিন অত্যাচারীদের ওযর আপত্তি তাদের কাজে আসবে না এবং তাদেরকে তওবাও করতে বলা হবে না।

৫৮. আমি তো মানুষের জন্যে এই কুরআনে সর্বপ্রকার দৃষ্টান্তের বর্ণনা করেছি। তুমি যদি তাদের নিকট কোন নিদর্শন হাজির কর, তবে কাফিররা অবশ্যই বলবেঃ তোমরা তো বাতিলপস্থী।

৫৯. যাদের জ্ঞান নেই আল্লাহ তাদের হৃদয়ে এভাবে মোহরাঙ্কিত করে দেন।

ضَرَبَ اللهُ مَثَلًا رَّجُلًا فِيُعِشُ رَكَاءُ مُتَشَكِسُونَ وَرَجُلًا سَلَمًا لِرَجُلِ طَهِلُ يَسْتَوِلِنِ مَثَلًا طَ الْحَمْدُ اللهِ طَبَلُ أَكْثَرُهُمُ لَا يَعْلَمُونَ ۞

إِنَّكَ مَيِّتٌ وَّإِنَّهُمْ مَّيِّتُونَ ۞

ثُمَّ اِنَّكُمُ يَوْمَ الْقِيلِمَةِ عِنْكَ رَبِّكُمُ تَخْتَصِبُونَ ﴿ পারা ২৪

৩২. যে ব্যক্তি আল্লাহ সম্বন্ধে মিথ্যা বলে এবং যখন তার নিকট সত্য আসে প্রত্যাখ্যান করে তার অপেক্ষা অধিক যালিম আর কে? কাফিরদের আবাসস্থল কি জাহান্নাম নয়?

৩৩. যারা সত্যসহ উপস্থিত হয়েছে এবং তাকে সত্য বলে মেনেছে তারাই তো মুন্তাকী।

৩৪. তারা যা চাইবে সব কিছুই আছে তাদের প্রতিপালকের নিকট। এটাই সংকর্মশীলদের প্রতিদান।

৩৫. যাতে তারা যেসব অপকর্ম করেছিল আল্লাহ তা ক্ষমা দিবেন এবং তাদেরকে তাদের সৎকর্মের জন্যে পুরস্কৃত করবেন।

৩৬. আল্লাহ কি তাঁর বান্দার জন্যে যথেষ্ট নন? অথচ তারা তোমাকে পরিবর্তে অপরের আল্লাহর দেখায়। আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন তার জন্যে কোন পথ প্রদর্শক নেই। ৩৭. আর যাকে আল্লাহ হিদায়াত দান করেন তার জন্যে কোন পথ-ভ্রষ্টকারী নেই, আল্লাহ কি পরাক্রম-শালী, প্রতিশোধ গ্রহণকারী ৩৮. তুমি যদি তাদেরকে জিজ্ঞেস করঃ আকাশমন্ডলী ও পৃথিবী সৃষ্টি করেছেন? তারা অবশ্যই বলবেঃ আল্লাহ। বলঃ তোমরা কি ভেবে দেখেছো যে, আল্লাহ আমার অনিষ্ট চাইলে তোমরা আল্লাহর পরিবর্তে যাদেরকে ডাকো তারা কি সেই অনিষ্ট দূর করতে পারবে? অথবা

তিনি আমার প্রতি অনুগ্রহ করতে

فَكُنُّ أَظْلُمُ مِتَّن كَنَبَ عَلَى اللهِ وَكَذَّبَ بِالصِّدْقِ إِذْ كَآءَةُ وَالَيْسَ فَي جَهَنَّهُ مَثُوَّى لِلْكُفِينَ ﴿

> وَالَّذِي عَاءَ بِالصِّدُقِ وَصَدَّقَ بِهَ أُولِيكَ هُورُ الْبِيَّقُونُ ۞

لَهُمُ مَّا يَشَاءُونَ عِنْدَ رَبِّهِمُ لِذَٰلِكَ جَزَّوُّا البكسنان ﴿

لِيُكُفِّرَ اللهُ عَنْهُمْ اَسُوَا الَّذِي عَبِلُواْ وَيَجْزِيَهُمْ اَجْرَهُمْ بِأَحْسَنِ الَّذِي كَانُوا يَعْمَلُونَ ۞

النيس الله بكافٍ عَبْلَهُ و يُخَوِّفُونَكَ بِاللَّذِينَ مِنْ دُونِهِ ﴿ وَمَن يُضْلِلِ اللَّهُ فَهَالَهُ مِنْ هَادٍ أَ

وَمَنْ يَهُدِ اللَّهُ فَمَا لَهُ مِنْ مُّضِلِّ ﴿ ٱلَّذِي اللَّهُ اللَّهُ اللَّهُ بعَزيز ذِي أنتِقامِ،

وَلَيِنْ سَالْتَهُمْ مِّنْ خَلَقَ السَّلُوتِ وَالْأَرْضَ لَيَقُوْلُنَّ . اللهُ وَقُلُ أَفَرَءَ يُتُمُّمُ مَا تَنْ عُونَ مِنْ دُونِ اللهِ إِنْ ٱرَادَنِيَ اللَّهُ بِضُرِّ هَلُ هُنَّ كَلِيهِ فَتُ ضُرِّهَ ٱوۡٱرَادَنِيۡ بِرَحْمَةٍ هَلْ هُنَّ مُنْسِكْتُ رَحْمَتِهِ فَكُلْ حَسْبِي اللَّهُ ط عَلَيْهِ بِتُوكِّلُ الْبُتُوكِّلُ الْمُتَوَكِّلُ الْ

চাইলে তারা কি সে অনুগ্রকে বন্ধ করতে পারবে? বলঃ আমার জন্য আল্লাহই যথেষ্ট। নির্ভরকারীরা তাঁর উপর নির্ভর করে।

৩৯. বলঃ হে আমার সম্প্রদায়। তোমরা স্ব স্ব অবস্থানে আমল করতে থাকো, অবশ্য আমিও আমল করছি। তোমরা শীঘ্রই জানতে পারবে।

8o. কে সে যার প্রতি আসবে লাঞ্ছনাদায়ক শাস্তি এবং তার উপর আপতিত হবে স্থায়ী শাস্তি।

85. আমি তোমার প্রতি সত্যসহ কিতাব অবতীর্ণ করেছি মানুষের জন্যে, অতঃপর যে সংপথ অবলম্বন করে সে তা করে নিজেরই কল্যাণের জন্যে এবং যে পথভ্রষ্ট হয় সে তো পথভ্রষ্ট হয় নিজেরই ধ্বংসের জন্যে এবং তুমি তাদের জিম্মাদার নও।

৪২. আল্লাহই জান কবজ করেন জীবসমূহের তাদের মৃত্যুর সময় এবং যাদের মৃত্যু আসেনি তাদের জানও ঘুমের সময়। অতঃপর যার জন্যে মৃত্যুর সিদ্ধান্ত করেন তার প্রাণ তিনি রেখে দেন এবং অপরগুলো ফিরিয়ে দেন, এক নির্দিষ্ট সময়ের অবশ্যই জন্যে ৷ এতে নিদর্শন রয়েছে চিন্তাশীল সম্প্রদায়ের জন্যে। ৪৩. তারা কি আল্লাহ ছাডা অপরকে শাফায়াতকারী গ্রহণ করেছে? বলঃ যদিও তারা কোন ক্ষমতা রাখে না এবং তারা বুঝে না?

88. বলঃ যাবতীয় শাফায়াত আল্লাহরই ইখতিয়ারে, আকাশমভলী ও পৃথিবীর সার্বভৌমত্ব আল্লাহরই,

قُلْ يَقَوْمِ اعْبَلُوا عَلَى مَكَانَتِكُمُ اِنِّي عَامِلٌ فَسَوْفَ تَعْلَبُونَ ﴿

> مَنْ يَّأْتِيُهِ عَنَابٌ يُّخْزِيْهِ وَيَحِلُّ عَلَيْهِ عَذَابٌ مُّقِيْمٌ۞

إِنَّا ٱنْزَلْنَاعَلَيْكَ الْكِتْبَ لِلنَّاسِ بِالْحَقِّ فَمَنِ اهْتَلَاى فَلِنَفْسِهِ وَمَنُ ضَلَّ فَائْمَا يَضِلُّ عَلَيْهَا وَمَا آنْتَ عَلَيْهِمْ بِوَلِيْلِ أَهُ

اَللْهُ يَتُوَفَّى الْاَنْفُسُ حِيْنَ مَوْتِهَا وَالَّتِى لَمُ تَمُتُ فِي اللَّهُ يَتُوَفِّ الْمُوْتَ وَيُرْسِلُ مَنَامِهَا الْمُوْتَ وَيُرْسِلُ الْاَثْوَلِي عَلَيْهَا الْمُوْتَ وَيُرْسِلُ الْاَثْوَلِي اللَّهُ الْمُوْتَ وَيُرْسِلُ الْاَثْوَلِي الْمُسَمَّى لِمَانَ فِي ذَٰلِكَ لَالِيْتٍ لِقَوْمِ الْمُؤْنَى وَلَى ذَٰلِكَ لَالِيْتٍ لِقَوْمِ اللَّهُ الْمُنْ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الْمُؤْمِلِي الْمُؤْمِنِ الْمُؤْمِنِي الْمُؤْمِنِ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الْمُؤْمِنِ الْمُؤْمِنِ اللَّهُ الْمُؤْمِنِ الْمُؤْمِنِ الللَّهُ الْمُؤْمِنِي الْمُؤْمِنِ الْمُؤْمِنِ الْمُؤْمِ اللَّهُ الْمُؤْمِنِي الْمُؤْمِنِي الْمُؤْمِنِي الْمُؤْمِنِ الْمُؤْمِنِ الْمُؤْمِنِي الْمُؤْمِنِي الْمُؤْمِنِي الْمُؤْمِنِي الْمُؤْمِنِي الْمُؤْمِنِي الْمُؤْمِنِ الْمُؤْمِنِي الْمُؤْمِنِ الْمُلْمُ اللْمُؤْمِنِ الْمُؤْمِنِي الْمُؤْمِنِي الْمُؤْمِنِي الْمُؤْم

اَمِراتَّخَذُوْامِنُ دُوْنِ اللهِ شُفَعَاءً ۗ قُلُ اَوَلَوْ كَانُوا لَا يَمْلِكُوْنَ شَيْئًا وَّلَا يَعْقِلُوْنَ ۞

قُلْ لِللهِ الشَّفَاعَةُ جَمِيعًا اللهُ مُلُكُ السَّاوْتِ

الزمر ٣٩

অতঃপর তারই নিকট তোমরা প্রত্যাবর্তিত হবে।

৪৫. এক আল্লাহর কথা বলা হলে যারা আখিরাতে বিশ্বাস করে না তাদের অন্তর ঘৃণায় ভরে যায় এবং যখন আল্লাহর পরিবর্তে (তাদের দেবতাগুলোর) উল্লেখ করা হলে তারা আনন্দিত হয়ে যায়।

৪৬. বলঃ হে আল্লাহ! আকাশমন্তলী ও পৃথিবীর অদৃশ্য ও প্রকাশ্যের পরিজ্ঞাতা! আপনার বিষয়ে মতবিরোধ করে. তাদের মধ্যে ওর ফায়সালা করে দিবেন।

৪৭. যারা যুলুম করেছে তাদের কাছে যদি সমস্ত পৃথিবীর যাবতীয় সম্পদ এবং তার সাথেও থাকে সমপরিমাণ সম্পদ, কিয়ামতের দিন কঠিন শাস্তি হতে পরিত্রাণ লাভের জন্য মুক্তিপণ স্বরূপ সকল কিছু তারা দিয়ে দিতে প্রস্তুত হবে। আর তাদের আল্লাহর নিকট হতে এমন কিছ প্রকাশিত হবে, যা তারা ধারণাও করেনি।

৪৮. তাদের কৃতকর্মের খারাপী তাদের নিকট প্রকাশ হয়ে পডবে এবং তারা যা নিয়ে ঠাট্টা-বিদ্রূপ করতো তা তাদেরকে ঘিরে ফেলবে।

8৯. মানুষকে দুঃখ-কষ্ট স্পর্শ করলে সে আমাকে ডাকে; অতঃপর যখন আমি তার প্রতি অনুগ্রহ প্রদান করি আমার পক্ষ থেকে তখন সে বলেঃ আমাকে তো এটা দেয়া হয়েছে

وَالْاَرْضِ طَّ ثُمَّ إِلَيْهِ تُرْجَعُونَ ®

وَإِذَا ذُكِرَ اللَّهُ وَحَلَّهُ اشْهَازَّتْ قُلُوبُ الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِالْأَخِرَةِ ۚ وَإِذَا ذُكِرَ الَّذِينَ مِنْ دُونِهَ إِذَا هُمْ يَسْتَبْشِرُونَ ۞

قُلِ اللَّهُ مَّ فَاطِرَ السَّمُونِ وَ الْأَرْضِ عَلِمَ الْغَيْبِ وَالشُّهَادَةِ اَنْتَ تَحْكُمُ بِيْنَ عِبَادِكَ فِي مَا كَانُوا فله بَخْتَلِفُونَ ٣

وَكُوْاَتَّ لِلَّذِيْنَ ظَلَمُوا مَا فِي الْأَرْضِ جَمِيْعًا وَمِثْلَهُ مَعَهُ لَافْتَكُوابِهِ مِنْ سُوْءِ الْعَذَابِيَوْمَ الْقِيلَةِ ط وَكَا لَهُمْ مِنَ اللهِ مَا لَمْ يَكُونُواْ يَخْتَسِبُونَ @

وَبَدَا لَهُمْ سَيِّاتُ مَا كَسَبُوا وَحَاقَ بِهِمْ مَّا كَانُوا بِهِ يَسْتَهُزءُونَ السَّتَهُزءُونَ

فَإِذَا مَسَ الْإِنْسَانَ ضُرٌّ دَعَانًا نَثُمَّ إِذَا خُوَّلُنْهُ نِعُهَدَّ مِّنَّا ﴿ قَالَ إِنَّهَا أَوْتِيْتُهُ عَلَى عِلْمِهُ بِلَ هِيَ فتُنَةٌ وَالدَّنَ ٱلْثَرُهُمْ لا يَعْلَمُونَ 🕾 আমার জ্ঞানের বিনিময়ে। বস্তুতঃ এটা এক পরীক্ষা; কিন্তু তাদের অধিকাংশই জানে না।

৫০. তাদের পূর্ববর্তীরাও এটাই বলতো; কিন্তু তাদের কৃতকর্ম তাদের কোন কাজে আসেনি।

৫১. তাদের কর্মের খারাপী তাদের উপর আপতিত হয়েছে, তাদের মধ্যে যারা যুলুম করে তাদের উপরও তাদের কর্মের খারাপী আপতিত হবে এবং তারা ব্যর্থও করতে পারবে না। ৫২. তারা কি জানে না, আল্লাহ যার

জন্যে ইচ্ছা, তার রিযিক বর্ধিত করেন অথবা হ্রাস করেন। এতে অবশ্যই নিদর্শন রয়েছে মু'মিন সম্প্রদায়ের জন্যে।

৫৩. বলঃ হে আমার বান্দারা! তোমরা যারা নিজেদের প্রতি অবিচার করেছো— আল্লাহর রহমত হতে নিরাশ হয়ো না; আল্লাহ সমস্ত পাপ ক্ষমা করে দিবেন। তিনি তো ক্ষমাশীল, পরম দয়ালু।

৫৪. আর তোমরা তোমাদের প্রতি-পালকের অভিমুখী হও এবং তাঁর নিকট আঅসমর্পণ কর তোমাদের নিকট শান্তি আসার পূর্বে, তৎপর তোমাদেরকে সাহায্য করা হবে না।

কে. এবং অনুসরণ কর তোমাদের প্রতি তোমাদের প্রতিপালকের নিকট হতে উত্তম যা অবতীর্ণ করা হয়েছে তার, তোমাদের উপর হঠাৎ করে শাস্তি আসার পূর্বে— আর তোমাদের (সে ব্যাপারে) খবরও থাকবে না।

৫৬. এমন যেন না হয় যে, কোন ব্যক্তি বলেঃ হায়! আল্লাহর প্রতি قَدُقَالَهَا الَّذِيْنَ مِنُ قَبْلِهِمُ فَبَآ اَغْنَى عَنْهُمُ مَّا كَانُواْ يَكْسِبُوْنَ ۞

فَاصَابَهُمْ سَيِّاتُ مَا كَسَبُوا الْ وَالَّذِينَ ظَلَمُوا مِنْ هَؤُلاَ إِ سَيُصِيْبُهُمْ سَيِّاتُ مَا كَسَبُوا الا وَمَا هُمُ بِمُعْجِزِيْنَ ۞

ٱۘۅۘڵؙۿؠؘۼڬٮٛۏٛٳٲۜۜڐٳڷ۠ڡؽۺڟٳڷڗؚۯ۫ۘۛۛۛۛؾڶؚٮٮۜٛؾۜۺٵٚٷۘؽڠ۫ڽؚٳۯ^ڟ ٳٮۜٞ؈۬ٝۮ۬ڸڬڵٳ۬ؾٟڸٞڡؘۜۏۄٟؾؙ۠ۼؙؚٛڡؚٮؙٛۏٛ۞۠

قُلْ لِعِبَادِى الَّذِيْنَ اَسُرَفُواْ عَلَى اَنْفُسِهِمُ لا تَقْنَطُوا مِنْ رَّحُمَةِ اللهِ اللهِ اللهَ اللهَ يَغُفِرُ الثُّ نُوْبَ جَبِيْعًا اللهَ عُفُورُ الثُّنُوبَ جَبِيْعًا اللهَ إِنَّهُ هُوَ الْعَفُورُ الرَّحِيْمُ ﴿

وَكَنِيْبُوٓا إِلَىٰ رَبِّكُمُ وَاَسْلِمُوا لَهُ مِنْ قَبْلِ اَنْ يَّالِتِيَكُمُ الْعَنَابُ ثُمَّ لَا تُنْصَرُونَ @

ۅؘٲؾۜؠؚۼؙۅٛٙٲٲڂڛؘؘڡۧٲٲڹٛڗؚڶٳڶؽؙڮؙۄ۠ڝؚۨڽ۫ڗۜؾؚؚۘڮؙۿڝؚۨڽؙۊؠؙڸ ٲڽؙؾؙٲؾؚؽڴؗۿؙٵڵۼؽؘٲڔؙڹۼ۫ؾةۧٷٞٲٮؙٛؿؙۿڒۺؘؙڠؙٷۏؽۿ

ٱن تَقُولَ نَفْشُ يَّحُسُرَ تَى عَلَى مَا فَرَّطْتُ فِي

849

আমার কর্তব্যে আমি যে শৈথিল্য করেছি তার জন্যে আফসোস! আমি তো ঠাট্টাকারীদের অন্তর্ভুক্তই থাকতাম। ৫৭. অথবা বলে যে, আল্লাহ আমাকে পথ-প্রদর্শন কর্লে আমি অবশ্যই মুত্তাকীদের অন্তর্ভুক্ত হতাম! ৫৮. অথবা শাস্তি প্রত্যক্ষ করে বলেঃ আহা! যদি একবার পৃথিবীতে আমার প্রত্যাবর্তন ঘটতো তবে সংকর্মশীল হতাম।

৫৯. হাাঁ, অবশ্যই আমার নিদর্শন তোমার নিকট এসেছিল; কিন্তু তমি এগুলোকে মিথ্যা সাব্যস্ত করেছিলে ও অহংকার করেছিলে; আর তুমি তো ছিলেই কাফিরদের অন্তর্ভুক্ত।

৬০. তুমি কিয়ামতের দিন যারা আল্লাহর প্রতি মিথ্যা আরোপ করে. তাদের মুখ কালো দেখবে। অহংকারীদের আবাসস্থল কি জাহান্নাম নয়?

৬১. আল্লাহ মুত্তাকীদেরকে উদ্ধার করবেন তাদের সাফল্যসহ: তাদেরকে দুঃখ-কষ্ট স্পর্শ করবে না এবং তারা চিন্তিতও হবে না।

৬২. আল্লাহ সব কিছুর স্রষ্টা এবং তিনিই সব কিছুর ব্যবস্থাপক।

৬৩. আকাশমন্ডলী ও পৃথিবীর চাবি-কাঠি তাঁরই নিকট। যারা আল্লাহর আয়াতসমূহকে অস্বীকার করে তারাই তো ক্ষতিগ্ৰস্ত।

৬৪. বলঃ ওহে মূর্খরা! তোমরা কি আমাকে আল্লাহ ব্যতীত অন্যের ইবাদত করতে বলছো?

جُنْكِ اللهِ وَإِنْ كُنْتُ لِمِنَ السَّخِرِيْنَ ﴿

أَوْتَقُولَ لَوْ أَنَّ اللَّهُ هَلَانِي لَكُنْتُ مِنَ ٱلْنُتَّقِيلِي ﴿

ٱوْتَقُولَ حِيْنَ تَرَى الْعَنَابَ لَوْاَنَّ لِي كُرَّةً فَأَكُونَ مِنَ الْمُحْسِنِينَ @

بَلِّي قُلُ جَاءَتُكَ الَّذِي قَكَلَّ بِنَ بِهَا وَاسْتُكْبُرُتَ وَكُنْتُ مِنَ الْكُفِرِينَ @

وَيُوْمَ الْقِيلِمَةِ تَرَى الَّذِيْنَ كَنَ بُواْ عَلَى اللَّهِ وُجُوهُهُمْ مُّسُودَةً ﴿ ٱلنِّسَ فِي جَهَنَّهَ مَثُوًى لِلْمُتَكَابِّرِينَ ﴿

وَيُنَجِّى اللهُ الَّذِيْنَ اتَّقَوْ إِيمَفَازَتِهِمُ لِاَيْمَسُّهُمُ السُّوَّةُ وَلَاهُمْ نَحْزُنُونَ ®

اَللهُ خَالِقُ كُلِّ شَيْءٍ وَّهُوَعَلَى كُلِّ شَيءٍ وَّكِيلٌ ®

لَهُ مَقَالِيْنُ السَّلَوْتِ وَالْأَرْضِ طَ وَالَّذِيْنَ كَفَرُواْ بِأَلِتِ اللهِ أُولِيكَ هُمُ الْخُسِرُونَ ﴿

قُلُ اَفَغَيْرِ اللهِ تَأْمُرُونِيْ آغَبُهُ اَيُّهَا الْجَهِلُونَ @

৬৫. নিশ্চয়ই তোমার প্রতি ও তোমার পূর্ববর্তীদের প্রতি ওহী হয়েছে, যদি তুমি আল্লাহর শরীক স্থির কর তবে নিঃসন্দেহে তোমার কর্ম তো নিঞ্চল হবে এবং অবশ্যই তুমি ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে। ৬৬. অতএব তুমি আল্লাহরই ইবাদত কর ও কৃতজ্ঞদের অন্তর্ভুক্ত হও।

৬৭. তারা আল্লাহর যথাযথ সম্মান করে না। সমস্ত পৃথিবী কিয়ামতের দিন থাকবে তাঁর হাতের মৃষ্টিতে এবং আকাশমন্ডলী থাকবে ভাজকৃত তাঁর ডান হাতে। পবিত্র ও মহান তিনি, তারা যাকে শরীক করে তিনি তার উর্ধ্বে।

৬৮. এবং শিংগায় ফুৎকার দেয়া হবে, ফলে যাদেরকে আল্লাহ ইচ্ছা করেন তারা ব্যতীত আকাশমন্ডলী ও পৃথিবীর সবাই অজ্ঞান হয়ে পড়বে। অতঃপর আবার শিংগায় ফুৎকার দেয়া হবে, তৎক্ষণাৎ তারা দন্ডায়মান হয়ে তাকাতে থাকবে।

৬৯. সমস্ত পৃথিবী তার প্রতিপালকের নূরে উদ্ভাসিত হবে, আমলনামা পেশ করা হবে এবং নবীগণকে ও সাক্ষীগণকে হাজির করা হবে এবং সকলের মধ্যে ন্যায়বিচার করা হবে ও তাদের প্রতি যুলুম করা হবে না। وَلَقَدُ اُوْجِىَ اِلَيْكَ وَإِلَى الَّذِيْنَ مِنْ قَبْلِكَ ۚ لَيِنْ اَشُرَكْتَ لَيَحْبُطُنَّ عَمَلُكَ وَلَتُكُوْنَنَّ مِنَ الْخِسِرِيْنَ ۞

بَلِ الله فَاعْبُدُ وَكُنَّ مِّنَ الشَّكِدِيْنَ ﴿

وَمَا قَكَدُوا اللهُ حَتَّى قَدُرِهِ ﴿ وَالْاَرْضُ جَمِيعًا قَبْضَتُهُ يُوْمَ الْقِلْمَةِ وَالسَّلْواتُ مَطُولِيُّتُ بِيَمِينِنِهِ لاسُبُحْنَهُ وَتَعْلَىٰ عَبَّا يُشْرِكُونَ ﴿

وَنُفِحَ فِى الصُّوْدِ فَصَعِقَ مَنْ فِى السَّلُوتِ وَمَنْ فِى الْاَرْضِ إِلَّا مَنْ شَآءَ اللَّهُ لِثُمَّ لُفِحَ فِيهِ اُخُوٰى فَإِذَا هُمُ قِيَامٌ يَّنْظُرُونَ ⊕

وَاَشُرَقَتِ الْاَرْضُ بِنُوْرِرَتِهَا وَوُضِعَ الْكِتْبُ وَجِاكَى ءَ بِالنَّيِبِّنَ وَالشُّهَلَ آءِ وَقُضِى بَيْنَهُمْ بِالْحَقِّ وَهُمْ لَا يُظْلَنُونَ ﴿

১। আবৃ হরাইরা (রাযিআল্লাছ আনহ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্পুল্লাহ (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ দু'টি ফুৎকারের মধ্যখানে হবে চল্লিশ। লোকেরা বললোঃ আবৃ হুরাইরা, চল্লিশ দিন? তিনি বলেন আমি (উত্তর দিতে) অস্বীকার করি। তারা বলে, চল্লিশ বছর? তিনি বলেন আমি (উত্তর দিতে) অস্বীকার করি। তারা বলেঃ চল্লিশ মাস? তিনি বলেন, আমি (জবাব দিতে) অস্বীকার করে যোগ করলাম "মেরুদন্ডের হাঁড় ছাড়া মানুষের সব কিছুই পচে-গলে যাবে, এ হাঁড় ছারা তারা গোটা দেহের পস্তন হবে। (বুখারী, হাদীস নং ৪৮১৪)

فمن اظلم٢٢

851

৭০. প্রত্যেক ব্যক্তি যা আমল করেছে তার পূর্ণ প্রতিফল পাবে। তারা যা করে সে সম্পর্কে আল্লাহ সর্বাধিক জ্ঞাত।

৭১. কাফিরদেরকে জাহান্নামের দিকে দলে দলে হাঁকিয়ে নিয়ে যাওয়া হবে। যখন তারা জাহান্লামের নিকট উপস্থিত হবে তখন খুলে দেয়া দারগুলো হবে এবং জাহান্লামের দারোয়ানরা তাদেরকে নিকট বলবেঃ তোমাদের তোমাদের মধ্য হতে রাসলগণ আসেন নি যারা তোমাদের নিকট তোমাদের প্রতিপালকের আয়াত তেলাওয়াত করতেন এবং তোমাদেরকে এই দিনের সম্বন্ধে সতর্ক করতেন? তারা বলবেঃ এসেছিলেন। অবশ্যই কাফিরদের প্রতি শাস্তির বাস্তবায়িত হয়েছে।

৭২, তাদেরকে বলা হবেঃ জাহান্নামের দারসমূহে প্রবেশ কর তাতে স্থায়ীভাবে অবস্থানের জন্যে। কত নিকৃষ্ট অহংকারকারীদের আবাসস্থল!

৭৩. যারা তাদের প্রতিপালককে ভয় করতো তাদেরকে দলে দলে জান্রাতের দিকে নিয়ে যাওয়া হবে। যখন তারা জান্নাতের নিকট উপস্থিত হবে ও এর দারসমূহ খুলে দেয়া হবে এবং জান্নাতের দারোয়ানরা তাদেরকে বলবেঃ তোমাদের প্রতি সুখী সালাম. তোমরা হও স্থায়ীভাবে জানাতে প্রবেশ কর অবস্থানের জন্যে।

وَوُقِيَتُ كُلُّ نَفْسٍ مِّا عَبِلَتْ وَهُوَاعُلَمْ بِمَا روروور ع

وَسِيْقَ الَّذِيْنَ كَفَرُوٓ إلى جَهَنَّمَ زُمُرًا لَحَقَّى إِذَا جَاَّهُ وْهَا فْتِحَتْ أَبُوابُهَا وَقَالَ لَهُمْ خَزَّنَتُهَاۤ ٱلْمُ يَأْتِكُمُ رُسُلٌ مِّنْكُمْ يَتُلُونَ عَلَيْكُمُ الْبِي رَبِّكُمُ وَيُنْنَارُونَكُمْ لِقَاءَ بَوْمِكُمْ هٰنَا الْقَالُوا بَلِّي وَلَكِنْ حَقَّتُ كَلِمَةُ الْعَذَابِ عَلَى الْكَفِرِيُنَ @

قِيْلَ ادْخُلُوٓا ٱبُوابَجَهَنَّمَ خِلِينِينَ فِيْهَاء فَبِشُ مَثُوَى الْمُتَكَلِّبِرِيْنَ@

وَسِيْقَ الَّذِينَ اتَّقَوْاريَّهُمْ إِلَى الْجَنَّةِ زُمَرًا طَحَتَّى إِذَاجَاءُوْهَا وَفُتِحَتُ ٱبْوَابُهَا وَقَالَ لَهُمْ خَزَنَتُهَا سَلْمٌ عَلَيْكُمُ طِينُهُمْ فَادْخُلُوْهَا خُلِيايُنَ @

98. যাবতীয় প্রশংসা আল্লাহর, যিনি আমাদের প্রতি তাঁর প্রতিশ্রুতি পূর্ণ করেছেন এবং আমাদেরকে অধিকারী করেছেন এই ভূমির; আমরা জান্নাতে যেখানে ইচ্ছা বসবাস করবো। সুতরাং (সৎ) আমলকারীদের বিনিময় কত উত্তম!

৭৫. এবং তুমি ফেরেশতাদেরকে
দেখতে পাবে যে, তারা আরশের
চতুস্পার্শ্বে ঘিরে তাদের
প্রতিপালকের সপ্রশংস পবিত্রতা ও
মহিমা ঘোষণা করছে। আর তাদের
বিচার করা হবে ইনসাফ ভিত্তিক;
বলা হবেঃ সমস্ত প্রশংসা জগতসূহের
প্রতিপালক আল্লাহর প্রাপ্য।

وَقَالُوا الْحَمُّلُ لِلْهِ الَّذِي صَدَقَنَا وَعُدَهُ وَاوْرَثَنَا الْاَرْضَ نَتَبَوَّا مِنَ الْجَنَّةِ حَيْثُ نَشَاءُ عَفَعْمَ اجْرُ الْعِيلِيْنَ ﴿

وَتَرَى الْمَلْلِكَةَ حَاقِيْنَ مِنْ حَوْلِ الْعَرْشِ يُسَيِّحُونَ بِحَمْلِ رَبِّهِمْ ۚ وَقُضِى بَيْنَهُمْ بِالْحَقِّ وَقِيْلَ الْحَمْلُ لِللهِ رَبِّ الْعَلَمِيْنَ ۚ

সুরাঃ মু'মিন, মাকী

(আয়াতঃ ৮৫, রুকু'ঃ ৯)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)।

১. হা-মীম,

- ২. এই কিতাব অবতীর্ণ হয়েছে পরাক্রমশালী সর্বজ্ঞ আল্লাহ্র নিকট হতে—
- থ. যিনি পাপ ক্ষমাকারী, তাওবা কবৃলকারী, যিনি শান্তিদানে কঠোর, শক্তিশালী। তিনি ব্যতীত (সত্য) কোন মা'বৃদ নেই। তাঁরই নিকট প্রত্যাবর্তন।

سِيُورَةُ الْمُؤْمِنِ مَكِيدَةُ ايَاتُهَا ٥٨ رَنُوَعَاتُهَا ٩ بِسْهِ اللهِ الرَّحْلِنِ الرَّحِيْمِ

> وروع حم

تَنْزِيُلُ الْكِتْفِ مِنَ اللهِ الْعَزِيْزِ الْعَلِيْمِ ﴿

غَافِرِ الذَّنْكِ وَقَابِلِ التَّوْبِ شَدِيْدِ الْعِقَابِ فَيَالِ التَّوْبِ شَدِيْدِ الْعِقَابِ فِي اللَّهُ وَاللَّهُ الْمُصِيِّدُ ﴿

৫. তাদের পূর্বে নৃহ (ﷺ)-এর সম্প্রদায় এবং তাদের পরে অন্যান্য দলও মিথ্যারোপ করেছিল। প্রত্যেক সম্প্রদায় নিজ নিজ রাসুলকে গ্রেফতার করবার চক্রান্ত করেছিল এবং তারা বাজে তর্কে লিপ্ত হয়েছিল. এর দারা সত্যকে নষ্ট করে দেয়ার জন্যে: ফলে আমি তাদেরকে পাকড়াও করলাম এবং কত কঠোর ছিল আমার শাস্তি!

৬. এভাবে কাফিরদের ক্ষেত্রে সাব্যস্ত হয়ে গেল তোমার প্রতিপালকের বাণী— এরা অবশ্যই জাহান্নামী।

৭. যারা আরশ ধারণ করে আছে এবং যারা এর চতুস্পার্শ্বে রয়েছে. তারা তাদের প্রতিপালকের পবিত্রতা ও মহিমা ঘোষণা করে প্রশংসার সাথে এবং তাতে বিশ্বাস স্থাপন করে এবং মু'মিনদের জন্যে ক্ষমা প্রার্থনা (বলেঃ) করে আমাদের হে প্রতিপালক! আপনি সকল কিছকেই (তোমার) রহমত છ জ্ঞান পরিবেষ্টন করেছ. অতএব যারা তাওবা করে ও আপনার পথের আপনি অনুসরণ করে তাদেরকে ক্ষমা করুন এবং তাদেরকে জাহান্লামের শাস্তি হতে রক্ষা করুন!

৮. হে আমাদের প্রতিপালক! আপনি তাদেরকে প্রবেশ করান স্থায়ী مَا يُجَادِلُ فِي اللهِ اللهِ الآالَّذِينَ كَفَرُوا فَلاَ يَغُرُرُكَ تَقَلَّبُهُمْ فِي الْبِلادِ ﴿

كَنَّبَتُ قَبْلَهُمْ قَوْمُ نُوْجَ وَّالْآخَزَابُ مِنَ بَعْدِهِمْ وَهَنَّتُ كُلُّ أُمَّةٍ بِرَسُولِهِمْ لِيَاْخُنُوهُ وَجَلَالُوا بِالْبَاطِلِ لِيُلْحِضُوا بِهِ الْحَقَّ فَاخَذْتُهُمْ فَكَيْفَ كَانَ عِقَابِ ۞

وَكَذَٰ لِكَ حَقَّتُ كَلِمَتُ رَبِّكَ عَلَى الَّذِيْنَ كَفُرُوٓ ٱنَّهُمُ

اَكَذِيْنَ يَضِلُوْنَ الْعَرْشَ وَمَنْ حَوْلَهُ يُسَبِّحُوْنَ بِحَنْدِرَبِّهِمْ وَيُؤْمِنُوْنَ بِهِ وَكَيْتَغُفِرُوْنَ لِلَّذِيْنَ اَمَنُواْ ۚ رَبِّنَا وَسِعْتَ كُلَّ شَيْءٌ رَّحْمَةٌ وَّعِلْمًا فَاغْفِرْ لِلَّذِيْنَ تَابُوْا وَاتَّبَعُوْا سَبِيلَكَ وَقِهِمْ عَذَابَ الْجَحِيْمِ

رَبُّنَا وَادْخِلْهُمْ جَنّْتِ عَلْنِ الَّذِي وَعَلْ تَهُمْ وَمَنْ

জান্নাতে, যার অঙ্গীকার আপনি তাদেরকে দিয়েছেন এবং তাদের বাপ-দাদা, স্ত্রী ও সম্ভান-সম্ভতির মধ্যে যারা সৎকর্ম করেছে তাদেরকেও। আপনি তো পরাক্রম-শালী, প্রজ্ঞাবান।

৯. এবং আপনি তাদেরকে মন্দকাজসমূহ হতে রক্ষা করুন, আপনি যাকে মন্দকাজসমূহ হতে রক্ষা করেন, ঐদিন তো তার প্রতি অনুগ্রহই করলেন, এটাই তো মহা সাফল্য।

১০. নিশ্চয়ই যারা কুফরী করেছে তাদেরকে আহ্বান করা হবেঃ তোমাদের নিজেদের প্রতি তোমাদের ক্ষোভ অপেক্ষা আল্লাহর অসম্ভট্টি ছিল অনেক বড়, যখন তোমাদেরকে ঈমানের প্রতি আহ্বান করা হতো তখন তোমরা তা অস্বীকার করতে।

১১. তারা বলবেঃ হে আমাদের প্রতিপালক! আপনি আমাদেরকে মৃত অবস্থায় দু'বার রেখেছেন এবং দু'বার আমাদেরকে প্রাণ দিয়েছেন। আমরা আমাদের অপরাধ স্বীকার করছি; এখন বহির্গমনের (নিস্কৃতির জন্য) কোন পথ মিলবে কি?

১২. তোমাদের (এই শাস্তি তো) এই জন্যে যে, যখন এক আল্লাহকে ডাকা হতো তখন তোমরা তাঁকে অস্বীকার করতে এবং আল্লাহ্র শরীক স্থির করা হলে তোমরা তা মেনে নিতে। বস্তুতঃ সমুচ্চ মহান আল্লাহ্রই সমস্ত صَلَحَ مِنُ الْبَالِهِمُ وَالْوَاجِهِمْ وَ ذُرِّلْتِهِمُ اللَّهِ مُ اللَّهِ مُ اللَّهِ مُ اللَّهِ مُ اللَّهُ ا اَنْتَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿

وَقِهِمُ السَّيِّاتِ فَهَنَ تَقِ السَّيِّاتِ يَوْمَ إِن فَقَلَ رَحِمْتَ فَ الْفَوْرُ الْعَظِيْمُ أَ

إِنَّ الَّذِيْنَ كَفَرُوا يُنَادَوْنَ لَمَقْتُ اللهِ ٱلْمَبُرُمِنَ مَّقْتِكُمْ اَنْفُسَكُمْ إِذْ تُنُعَوْنَ إِلَى الْإِيْمَانِ فَتَكَفْرُوْنَ ۞

قَانُواْ رَبَّنَآ اَمَتَّنَا اثْنَتَيْنِ وَاَخْيَيْتَنَا اثْنَتَيْنِ فَاغْتَرَفْنَا بِنُكُوْبِنَا فَهَلُ إِلَى خُرُوْجٍ مِّنْ سَبِيُلٍ ®

ذٰلِكُمُ بِاتَّةَ إِذَا دُعِى اللهُ وَحْدَهُ كَفَرْتُمُ ۚ وَلَ يُشْرَكُ بِهِ تُؤُمِنُوا ۖ فَالْحُكُمُ لِللهِ الْعِلِّ الْكِبِيْرِ ۞ 855

কৰ্তৃত্ব ১

১৩. তিনিই তোমাদেরকে তাঁর নিদর্শনাবলী দেখান এবং আকাশ হতে অবতীর্ণ করেন তোমাদের জন্যে রিযিক; আল্লাহর অভিমুখী ব্যক্তিরই উপদেশ গ্রহণ করে থাকে।

১৪. সুতরাং তোমরা আল্লাহকে ডাকো তাঁর ইবাদতে একনিষ্ঠ হয়ে, যদিও কাফিররা এটা অপছন্দ করে।

১৫. তিনি সমুচ্চ মর্যাদার অধিকারী, আরশের অধিপতি, তিনি তাঁর বান্দাদের মধ্যে যার প্রতি ইচ্ছা রূহ (ওহা) প্রেরণ করেন স্বীয় আদেশসহ, যাতে সে সতর্ক করতে পারে সাক্ষাত (কিয়ামত) দিবস সম্পর্কে।

১৬. যেদিন তারা (করব হতে) বের হয়ে পড়বে, সেদিন আল্লাহর নিকট তাদের কিছুই গোপন থাকবে না। (আল্লাহ জিজ্ঞাসা করবেন) আজ কর্তৃত্ব কার? এক পরাক্রমশালী আল্লাহরই।

১৭. আজ প্রত্যেক ব্যক্তিকে তার কৃতকর্মের বিনিময় দেয়া হবে; আজ কারো প্রতি যুলুম করা হবে না। নিশ্চয়ই আল্লাহ দ্রুত হিসাব সম্পন্নকারী। هُوَ الَّذِي يُدِينُكُمُ النِتِهِ وَيُنَزِّلُ لَكُمْ مِن السَّمَاءِ رِزْقًا ﴿ وَمَا يَتَذَكَّرُ الرَّامَن يُنِينُ ﴿

فَادْعُوا الله مُخْلِصِيْنَ لَهُ الرِّبِيْنَ وَلَوْ كُرِهَ الْكِيْنِ وَلَوْ كُرِهَ الْكِيْنِ وَلَوْ كُرِهَ الْكَفِرُونَ ®

رَفِيعُ اللَّارَجْتِ ذُوالْعَرْشِ يُلْقِى الرُّوْحَ مِنْ اَمُرِمْ عَلْ مَنْ يَشَاءُ مِنْ عِبَادِمْ لِيُنْوَارَ يَوْمَ التَّلَاقِ ﴿

يَوْمَ هُمُ لِرِزُوْنَ هَ لَا يَخُفَى عَلَى اللهِ مِنْهُمُ شَيْءً ۗ لِمَنِ الْمُلْكُ الْيَوْمَ لِللهِ الْوَاحِدِ الْقَهَادِ ﴿

ٱلْيَوْمَ تُخْزَى كُلُّ نَفْسٍ بِمَا كَسَبَتْ لَاظُلُمَ الْيَوْمَ لَاِنَّ اللهَ سَرِيْعُ الْحِسَابِ ﴿

১। আব্দুল্লাহ্ ইবনে মাসউদ (রাযিআল্লাছ্ আনহ্) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদিন নবী (সাল্লাল্লাছ্ আলাইবি ওয়াসাল্লাম) একটি কথা বললেন। আমি (তার বিপরীতে) আরেকটি কথা বললাম। নবী (সাল্লাল্লাছ্ আলাইবি ওয়াসাল্লাম) বললেনঃ কেউ যদি এমন অবস্থায় মৃত্যুবরণ করে যে, সে আল্লাহ্র সাথে অন্য কাউকে শরীক করে বা সমকক্ষ হওয়ার দাবী করে তবে সে জাহান্লামে যাবে। আমি বললাম, আর কেউ যদি এমন অবস্থায় মৃত্যুবরণ করে যে, সে আল্লাহ্র সাথে আর কাউকে শরীক বা সমকক্ষ মনে করলো না, তাহলে সে জান্লাতে প্রবেশ করেবে। (বুখারী, হাদীস নং ৪৪৯৭)

১৮. তাদেরকে সতর্ক করে দাও আসন্ন দিন (কিয়ামত) সম্পর্কে দুঃখ-কষ্টে তাদের প্রাণ কন্ঠাগত হবে। যালিমদের জন্যে কোন অন্তরঙ্গ বন্ধু নেই এবং যার সুপারিশ গ্রাহ্য হবে এমন কোন সুপারিশ-কারীও নেই।

১৯. চক্ষুর অপব্যবহার ও অন্তরে যা গোপন আছে সে সম্বন্ধে তিনি অবহিত।

২০. আল্লাহই ফয়সালা করেন ইনসাফের সাথে; আল্লাহর পরিবর্তে তারা যাদেরকে ডাকে তারা ফয়সালা করতে অক্ষম। নিশ্চয়ই আল্লাহ সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা।

২১. তারা কি পৃথিবীতে ভ্রমণ করে
না? করলে দেখতো— তাদের
পূর্ববর্তীদের পরিণাম কি হয়েছিল।
পৃথিবীতে তারা ছিল এদের অপেক্ষা
শক্তিতে এবং কীর্তিতে প্রবলতর,
অতঃপর আল্লাহ তাদেরকে শাস্তি
দিয়েছিলেন তাদের অপরাধের জন্যে
এবং আল্লাহর শাস্তি হতে তাদেরকে
রক্ষা করবার কেউ ছিল না।

২২. এটা এ জন্যে যে, তাদের নিকট তাদের রাসূলগণ নিদর্শনাবলীসহ আসলে তারা তাদেরকে অস্বীকার করেছিল। ফলে আল্লাহ তাদেরকে পাকড়াও করলেন। নিশ্চয়ই তিনি তো মহা শক্তিশালী, শাস্তি দানে কঠোর।

২৩. আমি আমার নিদর্শনাবলী ও স্পষ্ট প্রমাণসহ মূসা (﴿﴿وَاللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللّ প্রেরণ করেছিলাম। وَٱنْذِرُهُمْ يَوْمَ الْأَذِفَةِ إِذِ الْقُلُوبُ لَدَى الْحَنَاجِدِ كَطِيدِيْنَ مَّ مَا لِلظِّلِيدِيْنَ مِنْ حَبِيْمٍ وَلَا شَفِيْحٍ تُطَاعُهُ

يَعْلَمُ خَآبِنَةَ الْأَعْيُنِ وَمَآتُخُفِي الصُّدُورُ ال

وَاللّٰهُ يَقْضِى بِالْحَقِّ ﴿ وَالَّذِينَ يَنْ عُوْنَ مِنْ دُوْنِهِ لَا يَقْضُونَ بِشَنَى ﴿ إِنَّ اللّٰهَ هُوَ السَّينِيعُ ٱلْبَصِيرُ ﴿

ٱۅۘٙڵۘۄ۫ؖؽڛؚؽڒؙۅٛٳڣۣٳڵڒۯۻؚ؋ؘؽڹؙڟ۠ڒۅؗٳػؽڣػٵڹۘۘٵۊؚؠۘڎؙ ٳڷڹؽؙؽػٵڹؙۅؙٳڝ۫ قَبْلِهِمْ ٵڬۏؙٳۿؙؙؗۄٲۺۜڴڡڹۿؙۄ۫ڰ۫ۊۜۊٞ ۊٵؿٵڒٵڣۣٳڵڒۯۻ فاڂؘۮۿؙۄٳۺ۠ڡؙؠۮؙڹؙۅٛؠؚۿؚڡٛؗٷڡٵػٲڹ ڵۿؙؙۄ۫ؖڝؚۜڹٳۺ۠ۼڡؚڹ۫ۊٳ؈؈

ذٰلِكَ بِٱنَّهُمُ كَانَتُ تَّاٰتِيُهِمْ رُسُلُهُمْ بِٱلْبَيِّنْتِ فَكَفَرُوْا فَاَخَنَهُمُ اللهُ طِلِنَّهُ قَوِيٌّ شَدِيْدُ ٱلْعِقَابِ ۞

وَلَقَدُ ٱرْسَلْنَا مُوْسَى بِأَيْتِنَا وَ سُلْطِن مُّبِينِ ﴿

২৪. ফিরআ'উন, হামান ও কার্রনের নিকট: কিন্তু তারা বলেছিলঃ এ তো এক যাদুকর, চরম মিথ্যাবাদী।

২৫. অতঃপর যখন (মুসা 💥 🗎) আমার নিকট হতে সত্য নিয়ে তাদের নিকট উপস্থিত হলেন তখন তারা বললোঃ মূসা (১৬১৯)-এর যারা ঈমান এনেছে, তাদের সন্তানদেরকে হত্যা কর এবং তাদের নারীদেরকে জীবিত রাখো; কিন্তু কাফিরদের ষডযন্ত্র ব্যর্থ হবেই।

২৬. ফিরআ'উন বললোঃ আমাকে ছেড়ে দাও আমি মৃসা (ৣৠৠ)-কে হতা করি এবং প্রতিপালককে ডাকুক। আমি আশঙ্কা করি যে, সে তোমাদের দ্বীনকে পরিবর্তন করে ফেলবে অথবা সে পথিবীতে বিপর্যয় সৃষ্টি করবে।

২৭. মুসা (১৬৬৯) বললেনঃ যারা হিসাব দিবসে বিশ্বাস করে না, সেই সব অহংকারী ব্যক্তি হতে আমি আমার ও তোমাদের প্রতিপালকের আশ্রয় প্রার্থনা করছি।

২৮. ফিরআ'উন বংশের এক ব্যক্তি যে মু'মিন ছিল এবং নিজ ঈমান গোপন রাখতো, বললোঃ তোমরা কি এ ব্যক্তিকে এ জন্যে হত্যা করবে যে, সে বলেঃ আমার প্রতিপালক আল্লাহ তোমাদের অথচ সে প্রতিপালকের নিকট হতে সম্পষ্ট প্রমাণসহ তোমাদের নিকট এসেছে? সে মিথ্যাবাদী হলে তার মিথ্যার প্রতিফল সে ভোগ করবে, আর যদি সে সত্যবাদী হয়

إلى فِرْعُونَ وَهَامَنَ وَقَارُونَ فَقَالُوا سُحِرٌ كُنَّابٌ ۞

فَلَبَّاجَآءَهُمُ بِالْحَقِّ مِنْ عِنْدِنَا قَالُوا اقْتُلُوْآ أَبْنَآءَ النَّانِينَ المَنْوَامَعَهُ وَاسْتَحْيُوا نِسَاءَهُمُ وَامَّا كَيْنُ الْكَفِرِيْنَ إِلَّا فِي ضَلْلِ @

وَقَالَ فِرْعَوْنُ ذَرُوْنِيَّ اَقْتُلْ مُوْسَى وَلْيَكُعُ رَبَّهُ ۚ اَ إِنِّيَ آخَافُ آنَ يُّبَرِّلَ دِيْنَكُمْ أَوْآنَ يُظْهِرَ في الْأَرْضِ الْفَسَادَ @

وَقَالَ مُوْلَى إِنِّي عُذُتُ بِرَبِّي وَرَبِّكُمْ قِبْنُ كُلِّ مُتَكَبِّرٍ لاً يُؤْمِنُ بِيَوْمِ الْحِسَابِ ﴿

وَقَالَ رَجُلُ مُؤْمِنٌ ﴾ مِنْ إلى فِرْعَوْنَ يَكُنُّمُ اِيْمَانَكَ آتَقْتُلُونَ رَجُلًا آنَ يَّقُولَ رَبِّيَ اللهُ وَقَلُ جَاءَكُهُ بِالْبَيِّنْتِ مِنْ رَّبِّكُهُ وَانْ يَّكُ كَاذِبًا فَعَلَيْهِ كَذِبُكُ وَإِنْ يَكُ صَادِقًا يُصِبْكُمُ بَعْضُ الَّذِي يَعِدُكُمُ وَانَّ اللَّهَ لَا يَهْدِي مَنَ هُوَمُسُوفٌ كَنَّاكُ⊕

858

তোমাদেরকে যে শান্তির কথা বলে তার কিছু তো তোমাদের উপর আপতিত হবেই। সীমলজ্ঞানকারী ও মিথ্যাবাদীকে

সৎপথে পরিচালিত করেন না। ২৯. হে আমার সম্প্রদায়! আজ কর্তৃ তোমাদের, দেশে তোমরাই প্রবল; কিন্তু আমাদের উপর আল্লাহর শাস্তি এসে পডলে কে আমাদেরকে সাহায্য করবে? ফিরআ'উন বললোঃ আমি যা বুঝি, আমি তোমাদেরকে তা-ই বলছি। আমি তোমাদেরকে তথ্য সৎপথই দেখিয়ে থাকি।

৩০. মু'মিন ব্যক্তিটি বললোঃ হে আমার সম্প্রদায়! আমি তোমাদের পূর্ববর্তী সম্প্রদায়সমূহের জন্যে (শাস্তির) দিনের অনুরূপ আশঙ্কা করি।

৩১. যেমন ঘটেছিল নৃহ (﴿﴿)-এর সম্প্রদায়, আ'দ, সামৃদ এবং তাদের পরবর্তীদের ক্ষেত্রে। আল্লাহ তো বান্দাদের প্রতি কোন যুলুম করতে চান না ।

আমি ৩২. হে আমার সম্প্রদায়! করি তোমাদের জন্যে আশঙ্কা ফরিয়াদ দিবসের।

৩৩ যেদিন তোমরা পশ্চাৎ ফিরে পলায়ন করতে চাইবে আল্লাহর শাস্তি হতে তোমাদেরকে করবার কেউ থাকবে না। আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন তার জন্যে কোন পথ প্রদর্শক নেই ।

৩৪. পর্বেও তোমাদের নিকট ইউসুফ (২৩মা) এসেছিল স্পষ্ট নিদর্শনসহ: يْقَوْمِ لَكُمُّ الْمُلُكُ الْيَوْمَ ظَهِدِيْنَ فِي الْأَرْضِ رَ فَكُنْ يَنْصُرُنَامِنَ بَأْسِ اللهِ إِنْ جَاءَنَا وَاللهِ فِرْعَوْنُ مَآ أُرِيكُمُ إِلَّا مَآ اَرٰى وَمَآ اَهْدِيكُمُ إِلَّا سَيِيلُ الرَّشَادِ 🕲

وَقَالَ الَّذِي ٓ اٰمَنَ يَقُوْمِ إِنِّيٓ آخَاتُ عَلَيْكُمُ مِّثُلَ يُوْمِ الْأَخْزَابِ 👸

مِثْلُ دَأْبِ قُوْمِ نُوْجٍ وَّعَادِ وَّ ثُنُوْدَ وَالَّذِينَ مِنْ بَعْدِهِمْ ط وَمَا اللهُ يُرِيْكُ ظُلُمًا لِلْعِبَادِ ®

وَلِقَوْمِ إِنِّي آخَانُ عَلَيْكُمْ يَوْمَ التَّنَادِ ﴿

يَوْمَ ثُولُونَ مُدُيدِيْنَ مَالكُمْ مِن اللهِ مِن عَاصِدٍ وَمَنْ يُصَلِّلُ اللهُ فَهَا لَهُ مِنْ هَادٍ ۞

وَلَقَلُ جَاءَكُمْ يُوسُفُ مِنُ قَبُلُ بِالْبِيِّنٰتِ فَهَا زِلْتُمْ

কিন্তু সে যা নিয়ে এসেছিল তোমরা তাতে বারবার সন্দেহ পোষণ করতে। পরিশেষে যখন তাঁর মৃত্যু বলেছিলেঃ হলো তখন তোমরা তারপরে আল্লাহ কখনও আর কাউকেও রাসূল করে প্রেরণ করবেন না। এভাবে আল্লাহ বিদ্রান্ত করেন সংশয়শীল_ সীমালজ্ঞানকারী B দেরকে।

৩৫. যারা নিজেদের নিকট কোন প্রমাণ না থাকা সত্তেও আল্লাহর নিদর্শন সম্পর্কে বিতর্কে লিপ্ত হয় (তাদের এ কর্ম) আল্লাহ এবং মু'মিনদের নিকট অতিশয় ঘূণার ৷ এভাবে আল্লাহ প্রত্যেক অহংকারী স্বৈরাচারী ব্যক্তির છ হৃদয়কে মোহর করে দেন।

৩৬. ফিরআ'উন বললোঃ হে হামান! আমার জন্যে তুমি নির্মাণ কর এক সুউচ্চ প্রাসাদ যাতে আমি দরজা সমূহে পৌছি—

৩৭. আসমানসমূহের দরজা, যেন আমি দেখতে পাই মৃসা (ক্ষুট্রা)-এর মা'বদকে; তবে আমি তো তাকে মনে করি। মিথ্যাবাদী এভাবেই ফিরাউনের নিকট শোভনীয় করা হয়েছিল তার মন্দ কর্মকে এবং তাকে প্রতিহত করা হয়েছিল সরল পথ হতে এবং ফিরাআ'উনের ষডযন্ত্র ব্যর্থ হয়েছিল সম্পূর্ণরূপে।

৩৮. যে ব্যক্তিটি ঈমান এনেছিল সে বললোঃ আমার সম্প্রদায়! হে তোমরা আমার অনুসরণ কর, আমি তোমাদেরকে সঠিক পথে পরিচালিত করবো।

فِيْ شَكِّ مِّهَا جَاءَكُمْ بِهِ ﴿ حَثَّى إِذَا هَلَكَ قُلْتُمُ لَنْ يَّبْعَثَ اللَّهُ مِنْ بَعْدِهِ رَسُولًا ﴿ كَذَٰ لِكَ يُضِلُّ اللَّهُ مَنْ هُوَ مُسْرِفٌ مُّرْتَا مِنْ ﴿

الَّذِينَ يُجَادِلُونَ فِي اللَّهِ اللَّهِ يَغَيْرِ سُلُطِن ٱلْتُهُمُ طُكَبُرُ مُقُتًّا عِنْكَ اللهِ وَعِنْكَ الَّذِيْنَ أَمَنُوا ط كَذْ إِلَّ يُطْبَعُ اللهُ عَلَى كُلِّ قَلْبِ مُتَكَبِّرِ جَبَّادٍ ۞

وَقَالَ فِرْعُونُ لِهَامِنُ ابْنِ لِيُ صَرْحًا لَّعَلِّي ٓ ٱبْلُغُ الْكَشْكَاكُ اللهِ

ٱسْبَابَ السَّلْوٰتِ فَأَطَّلِحَ إِنَّى اللهِ مُوسَى وَانِّي لَاظُنُّهُ كَاذِبًا ﴿ وَكَذَٰ لِكَ زُيِّنَ لِفِرْعَوْنَ سُوَّءُ عَمَلِهِ وَصُدَّعَنِ السَّبِيلِ لَ وَمَا كَيْدُ فِرْعَوْنَ اِلَّافِيْ تَبَابِ ۞

وَقَالَ الَّذِيكَ اٰمَنَ لِقَوْمِ الَّبِعُونِ اَهْدِكُمْ سَبِيلَ الرَّشَاد شَ

পারা ২৪ 860

৩৯. হে আমার সম্প্রদায়! এ পার্থিব জীবন তো (অস্থায়ী) উপভোগের এবং আখিরাতই হচ্ছে চিরস্থায়ী আবাস।

80. কেউ মন্দ আমল করলে সে শুধু তার আমলের অনুরূপ শান্তি পাবে এবং পুরুষ কিংবা নারীর মধ্যে যারা মু'মিন হয়ে সং আমল করে তারা প্রবেশ করবে জানাতে, সেখানে তারা অসংখ্য রিযিক পাবে।

85. হে আমার সম্প্রদায়! এ কেমন কথা! আমি তোমাদেরকে আহ্বান করছি মুক্তির দিকে, আর তোমরা আমাকে আহ্বান করছো জাহান্নামের দিকে!

8২. তোমরা আমাকে আল্লাহকে অস্বীকার করতে এবং তাঁর শরীক স্থাপন করতে ডাকছ, যা সম্পর্কে আমার কোন জ্ঞান নেই; পক্ষান্তরে আমি তোমাদেরকে আহ্বান করছি পরাক্রমশালী, ক্ষমাশীল আল্লাহর দিকে।

৪৩. নিশ্চয়ই তোমরা আমাকে ডাকছ এমন একজনের দিকে যে দুনিয়া ও আখিরাতে কোথাও আহ্বানযোগ্য নয়। বস্তুতঃ আমাদের প্রত্যাবর্তন তো আল্লাহর নিকট এবং সীমা-লজ্মনকারীরাই জাহান্নামের অধিবাসী।

88. সুতরাং আমি তোমাদেরকে যা বলছি, তোমরা তা অচিরেই স্মরণ করবে এবং আমি আমার ব্যাপার আল্লাহর নিকট সমর্পণ করছি; নিশ্চয়ই আল্লাহ তাঁর বান্দাদের প্রতি বিশেষ দৃষ্টি রাখেন। لِقَوْمِرانَّهَا لَهٰذِهِ الْحَلُوةُ النَّانْيَا مَتَاعٌّ رَ وَّ إِنَّ الْأَخِرَةَ هِيَ دَارُ الْقَرَارِ ۞

مَنْ عَبِلَ سَيِّعَةً فَلَا يُجُزَّى إِلَّا مِثْلَهَا ۚ وَمَنْ عَبِلَ صَالِحًا مِّنْ ذَكَرٍ اَوْ اُنْثَى وَهُوَ مُؤْمِنٌ فَاُولِلٍكَ يَكُخُلُونَ الْجَنَّةَ يُرُزَقُونَ فِيْهَا بِغَيْرِحِسَالٍ ۞

وَلِقُوْمِ مَا لِنَّ اَدْعُوْكُمْ إِلَى النَّجُوةِ وَ تَنُعُوْنَنِيَّ إِلَى النَّجُوةِ وَ تَنُعُوْنَنِيَّ إِلَى النَّادِ شَ

تَنْ عُوْنَنِى لِأَكْفُرَ بِاللهِ وَ أُشْرِكَ بِهِ مَالَيْسَ لِيُ بِهِ عِلْمٌ دَوَّانَا اَدْعُوْلُمْ إِلَى الْعَزِيْزِ الْغَفَّارِ ۞

لَاجَرَمَ اَنْهَا تَکُءُونَنِیؒ اِلَیْهِ لَیْسَ لَهُ دَعُوةٌ فِی اللَّٰنُیْا وَلَا فِی الْاِخِرَةِ وَ اَنَّ مَرَدَّنَآ اِلَی اللهِ وَ اَنَّ الْمُسُرِ فِیْنَ هُمُ اَصْحُبُ النَّارِ ﴿

فَسَتَنْ كُرُوْنَ مَآ اَقُوْلُ لَكُمْهُ ﴿ وَٱفَوِّضُ اَمُرِئَ إِلَى اللّٰهِ ﴿ إِنَّ اللّٰهَ بَصِيْرً ۖ إِالْعِبَادِ ۞ 861

৪৫. অতঃপর আল্লাহ তাঁকে তাদের ষডযন্ত্রের অনিষ্ট হতে রক্ষা করলেন এবং নিকৃষ্ট শাস্তি পরিবেষ্টন করলো ফিরআ'উন-সম্প্রদায়কে।

সকাল-সন্ধ্যায় তাদেরকে উপস্থিত করা হয় আগুনের সম্মুখে এবং যেদিন কিয়ামত ঘটবে সেদিন (বলা হবেঃ) ফিরআ'উন সম্প্রদায়কে নিক্ষেপ কর কঠিন শাস্তিতে।

৪৭. যখন তারা জাহান্লামে পরস্পর ঝগডায় লিপ্ত হবে তখন দুর্বলেরা অহংকারীদেরকে বলবেঃ আমরা তো তোমাদেরই অনুসারী ছিলাম, এখন তোমরা আমাদের হতে জাহান্লামের আগুনের কোন অংশ নিবারণ করতে পারবে?

৪৮. দাম্ভিকেরা বলবেঃ আমরা সবাই তো জাহান্লামে আছি; নিশ্চয়ই আল্লাহ বান্দাদের ফয়সালা করে ফেলেছেন।

৪৯. জাহান্লামের অধিবাসিরা তার প্রহরীদেরকে বলবেঃ তোমাদের প্রতিপালকের নিকট প্রার্থনা কর তিনি যেন আমাদের হতে একদিন আযাব হ্রাস করেন।

৫০. তারা বলবেঃ তোমাদের নিকট নিদর্শনাবলীসহ তোমাদের রাসূলগণ জাহানামীরা আসেনি? বলবেঃ অবশ্যই এসেছিল। প্রহরীরা বলবেঃ তবে তোমরাই প্রার্থনা কর আর কাফিরদের প্রার্থনা ব্যর্থই হয়।

৫১. নিশ্চয়ই আমি আমার রাসুলদের ও মু'মিনদেরকে সাহায্য করবো পার্থিব জীবনে এবং যেদিন সাক্ষীগণ দভয়মান হবে।

فَوَقْمُهُ اللهُ سَيّاتِ مَا مَكُرُوْا وَحَاقَ بِأَلِ فِرْعَوْنَ سُوَّءُ الْعَنَ إِبِ

ٱلنَّارُ يُعْرَضُونَ عَلَيْهَا غُدُوًّا وَّعَشِيًّا ۗ وَيَوْمَ تَقُوْمُ السَّاعَةُ سَادُخِلُوٓ أَلَ فِرْعَوْنَ أَشَكَّ الْعَنَابِ

وَ إِذْ يَتَحَاجُونَ فِي النَّارِ فَيَقُولُ الضُّعَفَّوُ لِلَّذِيْنَ اسْتَكْبَرُوْآ إِنَّا كُتَّا لَكُمْ تَبَعًّا فَهَلَ أَنْتُمْ مُّغُنُونَ عَنَّا نَصِيْبًا مِّنَ النَّارِ®

قَالَ الَّذِينَ اسْتَكْبَرُوٓا إِنَّا كُلٌّ فِيهَا إِنَّ اللَّهَ قَلْ حَكُمَ بَيْنَ الْعِنَادِ الْعِنَادِ الْعِنَادِ الْعِنَادِ

وَقَالَ الَّذِيْنَ فِي النَّارِ لِخَزَنَةِ جَهَنَّمَ ادْعُوا رَبُّكُمُ رُخَفِقْ عَنَّا يَوْمًا مِّنَ الْعَنَابِ 🕲

قَالُوْا او لَهُ تَكُ تَأْتِينُكُمُ رُسُلُكُمْ بِالْبَيِّنْتِ ط قَالُوا بَلِي ﴿ قَالُوا فَادْعُوا ۚ وَمَا دُغُوا الْكَلْفِرِينَ إِلاَّ فِي ضَلِل فَ

إِنَّا لَنَنْصُرُ رُسُلَنَا وَالَّذِي إِنَّا لَمُنُوا فِي الْحَيْوةِ الدُّنْيَا وَيُومَ يَقُومُ الْأَشْهَادُ ﴿

৫২, যেদিন যালিমদের কোন আপত্তি কোন উপকারে আসবে না, তাদের জন্যে রয়েছে লা'নত এবং তাদের জন্যে রয়েছে নিকৃষ্ট আবাস।

৫৩. আমি অবশ্যই মৃসা (ৠ্র্র্জ্জী)-কে দান করেছিলাম পথ-নির্দেশ এবং ইসরাঈলকে উত্তরাধিকারী বানী করেছিলাম সেই কিতাবের.

পথ-নিৰ্দেশ উপদেশ œ8. 8 বোধশক্তি সম্পন্ন লোকদের জন্যে।

৫. অতএব তুমি ধৈর্যধারণ কর; নিশ্চয়ই আল্লাহর প্রতিশ্রুতি সত্য, তুমি তোমার ক্রটির জন্যে ক্ষমা প্রার্থনা কর এবং সকাল-সন্ধ্যায় প্রতিপালকের তোমার সপ্রশংসা পবিত্রতা ও মহিমা ঘোষণা কর।

৫৬, যারা নিজেদের নিকট কোন দলীল না থাকলেও আল্লাহর নিদর্শন সম্পর্কে বিতর্কে লিপ্ত হয়, তাদের অন্তরে আছে শুধু অহংকার, যা সফল হবার নয়। অতএব আল্লাহর শরণাপন্ন হও. তিনি তো সর্বশোতা. সর্বদৃষ্টা।

৫৭. মানব সূজন অপেক্ষা আকাশ-মন্ডলী ও পৃথিবীর সৃষ্টি অবশ্যই অনেক বড় কাজ; কিন্তু অধিকাংশ মানুষ এটা জানে না।

৫৮. সমান নয় অন্ধ ও দৃষ্টিশক্তি সম্পন্ন এবং যারা ঈমান আনে ও সৎকর্ম করে এবং যারা গুনাহগার। তোমরা অল্পই উপদেশ গ্রহণ করে থাকো ৷

يَوْمَ لَا يَنْفَعُ الظَّلِيانَ مَعْنِدَتُهُمْ وَلَهُمُ اللَّعْنَةُ وَلَهُمْ سُوْءُ النَّارِ ﴿

> وَلَقَلُ اٰتَنْنَا مُوْسَى الْهُلٰي وَاَوْرَثُنَا بَنِيٍّ إِسْرَاءِيلَ الْكِتْبَ ﴿

> > هُدَّى وَّ ذِكُرى لِأُولِى الْأَلْبَابِ @

فساظلم

فَأَصْبِرُ إِنَّ وَعُدَ اللَّهِ حَقٌّ وَّاسْتَغُفِرُ لِذَكَّبِكَ وَسَبِّخ بِحَمْدِ رَبِّكَ بِٱلْعَشِيِّ وَالْإِبْكَارِ ﴿

إِنَّ الَّذِيْنَ يُجَادِلُونَ فِي آلِيتِ اللَّهِ بِعَيْرِ سُلْطِنِ ٱتْهُمُ لاِنْ فِي صُدُودِهِمْ إِلَّا كِبُرٌّ مَّا هُمُ بِبَالِغِيْهِ ۚ فَاسْتَعِنْ بِاللهِ ﴿ إِنَّهُ هُوَ السَّبِيْحُ الْبَصِيْرُ ﴿

لَخَلْقُ السَّهٰوتِ وَالْأَرْضِ ٱكْبَرُمِنْ خَلْقِ النَّاسِ وَلَكِنَّ اَكْثَرُ النَّاسِ لَا يَعْلَبُونَ @

وَمَا يَسْتَوِى الْأَعْلَى وَ الْبَصِيْرُ لَهُ وَالَّذِي إِنَّ امْنُواْ وَعَمِلُوا الصَّلِحِتِ وَلَا الْمُسِئَى وَ اللَّهِ اللَّهِ عَلِيْلًا مَّا اَتَتَنَّ كَرُونَ @ ৫৯. কিয়ামত অবশ্যম্ভাবী, কোন সন্দেহ নেই; কিন্তু অধিকাংশ লোক বিশ্বাস করে না।

৬০. তোমাদের প্রতিপালক বলেনঃ ডাকো, আমি তোমরা আমাকে তোমাদের ডাকে সাড়া দিবো। যারা অহংকারে আমার ইবাদত বিমুখ. তারা অবশ্যই জাহান্লামে প্রবেশ করবে লাঞ্জিত হয়ে।

৬১. আল্লাহই তোমাদের বিশ্রামের জন্যে সৃষ্টি করেছেন রাত্রি আলোকোজ্জ্বল করেছেন দিবসকে। প্রতি আল্লাহ তো মানুষের অনুগ্রহশীল; কিন্তু অধিকাংশ মানুষ কৃতজ্ঞতা প্রকাশ করে না।

৬২. তিনি আল্লাহ, তোমাদের প্রতিপালক, সব কিছুর স্রষ্টা; তিনি ব্যতীত (সত্য) কোন মা'বৃদ নেই, সূতরাং তোমরা কোথায় পথভ্রষ্ট হয়ে ঘুরছ?

৬৩, এভাবেই পথভ্রষ্ট হয়ে তারা ঘুরে, যারা আল্লাহর নিদর্শনাবলীকে অস্বীকার করে।

৬৪. আল্লাহই তোমাদের পথিবীকে করেছেন বাসোপযোগী এবং আকাশকে করেছেন ছাদ এবং তোমাদের আকৃতি গঠন করেছেন এবং তোমাদের আকৃতি করেছেন উৎকষ্ট এবং তোমাদেরকে দান করেছেন উৎকৃষ্ট রিযিক। এই তো আল্লাহ, তোমাদের প্রতিপালক। কত জগতসমূহের প্রতিপালক মহান আল্লাহ!

إِنَّ السَّاعَةَ لَاٰتِيَةٌ لَّا رَيْبَ فِيْهَا وَلَكِنَّ ٱكْثُرَ النَّاسِ لَا يُؤْمِنُونَ @

وَقَالَ رَبُّكُمُ ادْعُونِي آسْتَجِبُ لَكُمْ وَإِنَّ الَّذِينَ ؽۺؾؖڵؠڔؗۅٛڹۼڹٛ؏ؠؘٳۮؾٛڛۜؽڷڞؙڷؚڽڹ ڝۺؾڵؠڔۅٛڹۼڹ؏ؠٳۮؿٚڛؽڷۻؙڷٷڹڿۿڵڠڔڂڿڔؽڹٙؖ

ٱللهُ الَّذِي جَعَلَ لَكُمُ الَّيْلَ لِتَسْكُنُواْ فِيهِ وَالنَّهَارَ مُبْصِرًا وإنَّ اللهَ لَنَّهُ فَضْلِ عَلَى النَّاسِ وَلَكِنَّ ٱكْثُرُ النَّاسِ لاَنشُكُرُ وْنَ ®

ذٰلِكُمُ اللهُ رَبُّكُمْ خَالِقُ كُلِّ شَيْءٍ م لاَّ الْهَ الاَّ هُوَد فَا فَي ثُوُفُكُونَ ﴿

> كَنْ لِكَ يُؤْفَكُ الَّذِينَ كَانُواْ بِأَيْتِ اللَّهِ نجحاون ا

اَللَّهُ الَّذِي جَعَلَ لَكُمُ الْأَرْضَ قَرَارًا وَّالسَّبَآءَ بِنَاءً وَ صَوِّرَكُمْ فَأَحْسَنَ صُورَكُمْ وَرَزَقَكُمْ مِّنَ الطَّيِّيتِ وَلِكُمُ اللَّهُ رَبُّكُمْ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ رَبُّ الْعَلَيْيِينَ ﴿ 864

৬৫. তিনি চিরঞ্জীব, তিনি ব্যতীত (সত্য) কোন মা'বৃদ নেই; সুতরাং তোমরা তাঁকেই ডাকো. ইবাদতে একনিষ্ঠ হয়ে। যাবতীয় জগতসমূহের প্রতিপালক প্রশংসা আল্লাহরই প্রাপ্য।

প্রতিপালকের **66.** বলঃ আমার নিকট হতে আমার নিকট নিদর্শন আসাব পরেও তোমরা আল্লাহ বাতীত যাদেরকে কর, আহ্বান তাদের ইবাদত করতে আমাকে নিষেধ করা হয়েছে এবং আমি আদিষ্ট হয়েছি জগতসমূহের আত্যসমর্পণ প্রতিপালকের নিকট করতে।

তিনিই তোমাদেরকে সৃষ্টি করেছেন মাটি হতে, পরে শুক্রবিন্দু হতে, তারপর রক্তপিন্ড হতে, তারপর তোমাদেরকে বের করেন শিশুরূপে অতঃপর যেন তোমরা উপনীত হও যৌবনে. তারপর হও তোমাদের মধ্যে কারো এর পূর্বেই मुकु घटि এবং এটা এজন্যে যে. তোমরা নির্ধারিত কাল পৌছে যাও এবং যাতে তোমরা অনুধাবন করতে পার ।

৬৮. তিনিই জীবন দান করেন ও মৃত্যু ঘটান এবং যখন তিনি কিছু করার সিদ্ধান্ত নেন তখন তিনি বলেনঃ হও এবং তা হয়ে যায়।

৬৯. তুমি কি লক্ষ্য কর না তাদের প্রতি যারা আল্লাহর নির্দশনসমূহ সম্পর্কে পরস্পর বিতর্ক করে? কিভাবে তাদেরকে পরিচালিত করা হচ্ছে?

هُوَ الْحَيُّ لِآ الْهَ إِلَّا هُوَ فَأَدْعُونُا مُخْلِصِيْنَ لَهُ الدِّيْنَ ﴿ ٱلْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَلَمِينَ ﴿

قُلْ إِنِّي نُهِينُ أَنْ آغْبُكَ الَّذِينَ تَدُعُونَ مِنْ دُوْنِ اللهِ لَمَّا جَاءَنِي الْبَيِّنْتُ مِنْ رَّبِّي وَأُمِرْتُ أَنْ أُسُلِمَ لِرَبِّ الْعُلَمِينَ 🐨

هُو الَّذِي خَلَقَكُمُ مِّن تُرَابِ تُمَّر مِن نُطْفَةٍ ثُمَّ مِنْ عَلَقَةٍ ثُمَّ يُخْرِجُكُمْ طِفُلًا ثُمَّ لِتَيْلُغُوْآ ٱشْكَّاكُمْ ثُمَّ لِتَكُونُوا شُيُوخًا وَمِنْكُمْ مَّنَ يُتَوَفِّي مِنُ قَيْلُ وَلِتَنْلُغُوا آجَلًا مُّسَمَّى وَّلَعَلَّكُمْ تَعْقِلُونَ ﴿

هُوَالَّذِي يُحْي وَيُمِينُ وَ فَإِذَا قَضْى آمُرًا فَإِنَّهَا يَقُولُ لَهُ كُنْ فَكُونُ شَ

أَلَمُ تَرَ إِلَى الَّذِينَ يُجَادِلُونَ فِي آلِتِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ وور وور بصرفن ৭০. যারা অস্বীকার করে কিতাব ও যা সহ আমি রাসূলদেরকে প্রেরণ করেছিলাম তা, শীঘ্রই তারা জানতে পারবে—

৭১. যখন তাদের গলদেশে বেড়ি ও শৃঙ্খল থাকবে, তাদেরকে টেনে নিয়ে যাওয়া হবে।

৭২. ফুটন্ত পানিতে, অতঃপর তাদেরকে দ**ন্ধ** করা হবে অগ্নিতে।

৭৩. পরে তাদেরকে বলা হবেঃ কোথায় তারা যাদেরকে তোমরা (তাঁর) শরীক করতে;

৭৪. আল্লাহ ব্যতীত? তারা বলবেঃ তারা তো আমাদের নিকট হতে অদৃশ্য হয়েছে; বস্তুতঃ পূর্বে আমরা এমন কিছুকেই আহ্বান করিনি। এভাবে আল্লাহ কাফিরদেরকে বিভ্রাম্ভ করেন।

৭৫. এটা এই কারণে যে, তোমরা পৃথিবীতে অযথা উল্লাস করতে এবং এই কারণে যে, তোমরা দম্ভ করতে। ৭৬. তোমরা জাহান্নামের দার সমূহে প্রবেশ কর তাতে স্থায়ীভাবে অবস্থানের জন্যে, আর কতই না নিকৃষ্ট অহংকারীদের আবাসস্থল!

৭৭. সূতরাং তুমি ধৈর্যধারণ কর।
আল্লাহর অঙ্গীকার সত্য। আমি
তাদেরকে যে অঙ্গীকার প্রদান করি
তার কিছু যদি দেখিয়েই দেই অথবা
তোমার মৃত্যু ঘটাই— তাদের
প্রত্যাবর্তন তো আমারই নিকট।

৭৮. আমি তো তোমার পূর্বে অনেক রাসূল প্রেরণ করেছিলাম; তাদের الَّنِ يُنَ كُنَّ بُوا بِالْكِتْبِ وَبِمَا اَرْسَلْنَا بِهِ رُسُلَنَا شَ فَسَوُفَ يَعُلَمُونَ ﴿

إِذِ الْاَغُلُلُ فِي آعُنَاقِهِمُ وَالسَّلْسِلُ لَيْسَحَبُونَ ﴿

فِي الْحَمِيْمِ لَا ثُمَّ فِي النَّارِيُسُجَرُونَ ﴿

مِنْ دُوْنِ اللهِ ﴿ قَالُواْ ضَلُّواْ عَنَا بَلْ لَّمُ نَكُنُ نَّدُعُوا مِنْ قَبُلُ شَيْئًا ﴿ كَذَٰ لِكَ يُضِلُّ اللهُ الْكَفِرِيْنَ ﴿

ذَلِكُمْ بِمَا كُنْتُمْ تَفُرَحُونَ فِي الْاَرْضِ بِغَيْرِ الْحَقِّ وَبِمَا كُنْتُمْ تَمُرَحُونَ ﴿ الْحُلُّواَ اَبُوابَ جَهَنَّمَ خَلِدِيْنَ فِيهَا ۚ فَبِشُ مُثْوَى الْمُتَكَبِّدِيْنَ ﴿

فَاصُهِدُ إِنَّ وَعُكَ اللهِ حَقِّ ۚ ۚ فَإِمَّا نُرِيَنَكَ بَعُضَ الَّذِي نُودُهُمُ أَوْ نَتَوَفَّيَنَكَ فَإِلَيْنَا يُرْجَعُونَ ۞

وَلَقَلُ ٱرْسَلْنَا رُسُلًا مِّنْ قَبْلِكَ مِنْهُمْ مَّنْ

কারো কারো কথা তোমার নিকট বর্ণনা করেছি এবং কারো কারো কথা তোমার নিকট বর্ণনা করিনি। আল্লাহর অনুমতি ছাড়া কোন নিদর্শন উপস্থিত করা কোন রাসূলের কাজ নয়। আল্লাহর আদেশ আসলে ন্যায়-সঙ্গতভাবে ফায়সালা হয়ে যাবে। তখন বাতিল পত্নীরা ক্ষতিগ্রস্ত হবে।

৭৯. আল্লাহ্ই তোমাদের জন্যে চতুত্বদ জন্তু সৃষ্টি করেছেন, তার কতক তোমরা আরোহণ করে থাকো এবং কতক তোমরা আহারও করে থাকো।

৮০. এতে তোমাদের জন্যে রয়েছে প্রচুর উপকার, তোমরা যা প্রয়োজন বোধ কর, এটা দ্বারা তা পূর্ণ করে থাকো, এবং এদের উপর ও নৌযানের উপর তোমাদেরকে বহন করা হয়।

৮১. তিনি তোমাদেরকে তাঁর নিদর্শনাবলী দেখিয়ে থাকেন। সুতরাং তোমরা আল্লাহর নিদর্শন-সমূহের কোন্টি অস্বীকার করবে।

৮২. তারা কি পৃথিবীতে স্রমণ করেনি ও দেখেনি তাদের পূর্ববর্তীদের কি পরিণাম হয়েছিল? পৃথিবীতে তারা ছিল এদের অপেক্ষা সংখ্যায় অধিক এবং শক্তিতে ও কীর্তিতে অধিক প্রবল। তারা যা করতো তা তাদের কোন কাজে আসেনি।

৮৩. তাদের নিকট যখন নিদর্শনাবলীসহ তাদের রাসূলগণ আসতো তখন তারা নিজেদের জ্ঞানের দম্ভ করতো। তারা যা নিয়ে قَصَصْنَا عَلَيْكَ وَمِنْهُمُ مَّنُ لَّمُ نَقْصُصُ عَلَيْكَ ۗ وَمَا كَانَ لِرَسُولٍ أَنْ يَّأْتِنَ بِأَيَةٍ الآ بِإِذْنِ اللهِ ۚ فَإِذَا جَآءَ أَمْرُ اللهِ قُضِيَ بِالْحَقِّ وَخَسِرَ هُنَالِكَ الْمُنْظِلُونَ۞

اَللهُ الَّذِي جَعَلَ لَكُمُّ الْأَنْعَامَ لِتَرْكَبُوا مِنْهَا وَمِنْهَا تَأْكُونَ فَ

وَلَكُمُدُ فِيْهَا مَنَافِعُ وَلِتَبُلُغُواْ عَلَيْهَا حَاجَةً فِيُ صُدُورِكُمُ وَعَلَيْهَا وَعَلَى الْفُلُكِ تُحْمَلُونَ ﴿

وَيُرِيْكُمُ الْيَتِهِ ﴿ فَأَيَّ اللَّهِ اللَّهِ تُنْكِرُونَ ۞

ٱفَكُمْ يَسِيُرُوا فِي الْأَرْضِ فَيَنْظُرُوا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمُ ۚ كَانُوَّا ٱكْثَرَ مِنْهُمْ وَاشَكَّ قُوَّةً وَّ اٰفَارًا فِي الْاَرْضِ فَهَا اَغْنَى عَنْهُمْ مَّا كَانُوا يَكْسِبُونَ ۞

فَكَتَّاجَآءَتُهُمُ رُسُلُهُمُ بِالْبَيِّنْتِ فَرِحُوابِمَا عِنْدَهُمُ مِّنَ الْعِلْمِ وَحَاقَ بِهِمُ مَّا كَانُوابِهِ ঠাট্টা-বিদ্রূপ করতো তা তাদেরকে বেষ্টন করলো।

৮৪. অতঃপর যখন তারা আমার শাস্তি প্রত্যক্ষ করলো তখন বললোঃ আমরা এক আল্লাহতেই ঈমান আনলাম এবং আমরা তাঁর সাথে যাদেরকে শরীক করতাম তাদেরকে প্রত্যাখ্যান করলাম।

৮৫. তারা যখন আমার শাস্তি প্রত্যক্ষ করলো তখন তাদের ঈমান তাদের কোন উপকারে আসলো না। আল্লাহর এই বিধান পূর্ব হতেই তাঁর বান্দাদের মধ্যে চলে আসছে এবং সেক্ষেত্রে কাফিররা ক্ষতিগ্রস্ত হয়। يَسْتَهُزِءُونَ ﴿

فَكَتَا رَاوُا بَأْسَنَا قَالُوْاَ امَنَّا بِاللهِ وَحْلَهُ وَكَفَرْنَا بِهَا كُنَّا بِهِ مُشْرِكِيْنَ ﴿

فَكُمْ يَكُ يَنْفَعُهُمُ إِيْمَانُهُمْ لَبَتَا رَاوُا بَأْسَنَا اللهِ اللهِ اللهِ اللهِ عَلَى اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ عَلَى خَلَتْ فِي عِبَادِم عَ وَخَسِرَ هُنَا لِكَ الْكَفِرُونَ ﴿

সূরাঃ হা-মীম আস্সাজদাহ, মাকী

(আয়াতঃ ৫৪, রুক্'ঃ ৬)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)।

১. হা-মীম।

২. এটা দয়াময়, পরম দয়ালুর নিকট হতে অবতীর্ণ।

 এ. এটা (এমন) এক কিতাব, বিশদভাবে বর্ণনা করা হয়েছে এর আয়াতসমূহ, আরবী ভাষায় কুরআন-রূপে জ্ঞানী সম্প্রদায়ের জন্যে।

 সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে;
 কিন্তু তাদের অধিকাংশই বিমুখ হয়েছে। সুতরাং তারা গুনবে না। ٩

ور ع

تَنْزِيْلٌ مِّنَ الرَّحْلِنِ الرَّحِيْمِ ﴿

كِتْبُّ فُصِّلَتُ النَّهُ قُرُانًا عَرَبِيًّا لِّقَوْمِ يَعْلَمُونَ ﴿

ؠؘۺؚؽڔًا وَّ نَاٰ ِيُرًّا ۚ فَاَعُرَضَ ٱكُثْرُهُمُ فَهُمُ لَا يَسُبَعُونَ ۞ ৫. তারা বলেঃ তুমি যার প্রতি আমাদেরকে আহ্বান করছো সে বিষয়ে আমাদের অন্তর আবরণ আচ্ছাদিত, কর্ণে আছে বধিরতা এবং তোমার ও আমাদের মধ্যে আছে অন্তরায়; সুতরাং তুমি তোমার কাজ কর এবং আমরা আমাদের কাজ করি।

৬. বলঃ আমি তো তোমাদের মতই
একজন মানুষ, আমার প্রতি ওহী হয়
যে, তোমাদের মা'বৃদ একমাত্র
মা'বৃদ। অতএব তাঁরই পথ দৃঢ়ভাবে
অবলম্বন কর এবং তারই নিকট ক্ষমা
প্রার্থনা কর। দুর্ভোগ অংশীবাদীদের
জন্যে—

বারা যাকাত প্রদান করে না এবং
 তারা আথিরাতেও অবিশ্বাসী।

৮. যারা ঈমান আনে ও সংকর্ম করে তাদের জন্যে রয়েছে অবিচ্ছিন্ন পুরস্কার।

৯. বলঃ তোমরা কি তাঁকে অস্বীকার করবেই যিনি পৃথিবী সৃষ্টি করেছেন দুই দিনে এবং তোমরা তাঁর সমকক্ষ দাঁড় করাতে চাও? তিনি তো জগতসমূহের প্রতিপালক।

১০. তিনি স্থাপন করেছেন (অটল) পর্বতমালা ভূ-পৃষ্ঠে এবং তাতে রেখেছেন বরকত এবং চার দিনের মধ্যে এতে ব্যবস্থা করেছেন খাদ্যের, সমভাবে (এতে উত্তর) রয়েছে জিজ্ঞাসুদের জন্যে।

১১. অতঃপর তিনি আকাশের দিকে মনোনিবেশ করেন যা ছিল ধুম وَقَالُوا قُلُوبُنَا فِيَّ آكِنَّةٍ مِّمَّا تَنْعُوْنَاۤ لِلَيْهِ وَفِیَّ الْوَلَٰهِ وَفِیَّ الْوَلَٰهِ وَفِیَ اذارننا وَقُرُّ وَمِنْ بَیْنِنا وَ بَیْنِكَ حِجَابٌ فَاعْمَلُ اِنَّنَا عٰمِلُوْنَ ۞

قُلْ إِنَّهَآ اَنَا بَشَرٌّ مِّثُلُكُمْ يُوْخَى إِنَّىَ اَنَّهَآ اِلْهُكُمُ اللَّهُ وَّاحِلُّ فَاسْتَقِيْهُوۤالِلَيْهِ وَاسْتَغْفِرُوْهُ ۖ وَوَيْلٌ لِّلْمُشْرِكِيْنَ ﴿

الَّـٰنِيْنَ لَا يُؤْتُونَ الزَّكُوةَ وَهُمْ بِالْأَخِرَةِ هُمُ كُفِرُونَ۞

إِنَّ الَّذِينُ الْمَنُوا وَعَمِلُوا الصَّلِطَتِ لَهُمْ أَجُرٌّ غَيُرُ مَمُنُونٍ ﴿

قُلُ اَيِنَّكُمُّ لَتَكُفُرُّوُنَ بِالَّذِي خَلَقَ الْاَرْضَ فِى يَوْمَيْنِ وَتَجْعَلُوْنَ لَغَ اَنْدَادًا لَذَٰلِكَ رَبُّ الْعَلَمَیْنَ ﴿

وَجَعَلَ فِيهُا رَوَاسِىَ مِنْ فَوْقِهَا وَ لِرَكَ فِيهُا وَقَكَّرَ فِيهُا ۖ اَقُوَاتُهَا فِنَ ٱرْبَعَةِ اَيَّامٍ ۗ سَوَاءً لِلسَّآلِ لِمِنْنَ ⊕

ثُمَّ اسْتَوْى إِلَى السَّمَاءِ وَهِيَ دُخَانٌ فَقَالَ لَهَا

বিশেষ। অনন্তর তিনি ওটাকে ও পৃথিবীকে বললেনঃ তোমরা উভয়ে এসো ইচ্ছা অথবা অনিচ্ছায়। তারা বললোঃ আমরা আসলাম অনুগত হয়ে।

১২. অতঃপর তিনি তাকে দুই দিনে সপ্তাকাশে পরিণত করলেন এবং প্রত্যেক আকাশে তার বিধান ব্যক্ত দুনিয়ার কর্বলেন আমি এবং সুশোভিত আকাশকে করলাম প্রদীপমালা দ্বারা এবং করলাম সুরক্ষিত। এটা পরাক্রমশালী সর্বজ্ঞ আল্লাহর ব্যবস্থাপনা।

১৩. তারা যদি বিমুখ হয় তবে বলঃ আমি তো তোমাদেরকে সতর্ক করছি এক (আযাবের) বজ্বের; আ'দ ও সামৃদের বজ্বের অনুরূপ।

১৪. যখন তাদের নিকট রাস্লগণ এসেছিলেন তাদের সম্মুখ ও পশ্চাৎ হতে (এবং বলেছিলেন) তোমরা আল্লাহ ব্যতীত কারো ইবাদত করো না। তখন তারা বলেছিলঃ আমাদের প্রতিপালকের এইরূপ ইচ্ছা হলে তিনি অবশ্যই ফেরেশতা প্রেরণ করতেন। অতএব তোমরা যেসব সহ প্রেরিত হয়েছো, আমরা তা প্রতাখ্যান করছি।

১৫. আর আ'দ সম্প্রদায়ের ব্যাপার এই যে, তারা পৃথিবীতে অযথা দম্ভ করতো এবং বলতোঃ আমাদের অপেক্ষা শক্তিশালী কে আছে? তারা কি তবে লক্ষ্য করেনি যে, আল্লাহ, যিনি তাদেরকে সৃষ্টি করেছেন, তিনি তাদের অপেক্ষা শক্তিশালী? অথচ وَلِلْاَرُضِ ائْتِيَا طَوْعًا أَوْكُرُهًا ﴿ قَالَتَاۤ اَتَيُنَاۤ طَآلِعِيۡنَ ۞

فَقَضْهُنَّ سَنْعَ سَلُوتٍ فِي يُوْمَنِنِ وَاَوْلَى فِي كُلِّ سَمَا ﴿ اَمُرَهَا ﴿ وَزَيَّنَا السَّمَا ۚ اللَّهُ نَيَا بِمَصَا بِيْحَ ﴾ وَحِفْظًا ﴿ ذٰلِكَ تَقْدِيْرُ الْعَزِيْزِ الْعَلِيْمِ ﴿

فَإِنُ اَعُرَضُوا فَقُلُ اَنْذَرْتُكُمُ طَعِقَةً مِّشُلَ طَعِقَةِ عَادٍ وَثَنُودَ أَهُ

إِذْ جَآءَتُهُمُ الرُّسُلُ مِنَ بَيْنِ اَيْدِيهِمْ وَمِنَ خَلْفِهِمْ اَيْدِيهِمْ وَمِنَ خَلْفِهِمْ الرَّسِلُةُ وَاللَّهِ اللَّهَ اللَّهُ الللَّهُ اللَّهُ اللللْمُ اللَّهُ الللِّهُ اللَّهُ الللْمُ اللَّهُ اللَّهُ الللْمُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الللْمُ الللّهُ اللَّهُ الللّهُ الللّهُ اللللْمُ الللّهُ اللللّهُ الللّهُ اللللّهُ الللللّهُ الللللْمُ الللللّهُ الللللْمُ الللّهُ الللللّهُ الللللّهُ الللللّهُ

فَاَمَّا عَادٌ فَاسْتَكُبْرُوا فِى الْأَرْضِ بِغَيْرِ الْحَقِّ وَقَالُوا مَنْ اَشَكُّ مِنَّا قُوَّةً مِاَوَكُمُ يَرَوْااَنَّ اللهَ الَّذِئ خَلَقَهُمْ هُوَ اَشَكُّ مِنْهُمُ قُوَّةً مَ وَكَانُوْالِإِلْيِنَا يَجْحَدُونَ۞ তারা আমার নিদর্শনাবলীকে অস্বীকার করতো।

১৬. অতঃপর আমি তাদেরকে পার্থিব জীবনে শান্তি আস্বাদন করাবার জন্যে তাদের বিরুদ্ধে অশুভ দিনে প্রেরণ করেছিলাম প্রচন্ড ঘূর্ণিঝড়। পরকালের শান্তি তো অধিকতর লাপ্ত্র্নাদায়ক এবং তাদের সাহায্য করা হবে না।

১৭. আর সামৃদ সম্প্রদায়ের ব্যাপার তো এই যে, আমি তাদেরকে পথ-নির্দেশ করেছিলাম; কিন্তু তারা সৎপথের পরিবর্তে অন্ধত্ব (ভ্রান্ত পথ) অবলম্বন করেছিল। অতঃপর তাদের কৃতকর্মের পরিণাম স্বরূপ লাঞ্ছনা-দায়ক বজ্ব (শান্তি) আঘাত হানলো।

১৮. আমি উদ্ধার করলাম তাদেরকে যারা ঈমান এনেছিল এবং যারা তাকওয়া অবলম্বন করতো।

১৯. যেদিন আল্লাহর শক্রদেরকে জাহান্নাম অভিমুখে সমবেত করা হবে সেদিন তাদেরকে তাড়িয়ে নিয়ে যাওয়া হবে বিভিন্ন দলে,

২০. পরিশেষে যখন তারা জাহান্নামের সন্নিকটে পৌছবে তখন তাদের কর্ণ, চক্ষু ও ত্বক (চামড়া) তাদের কৃতকর্ম সম্বন্ধে সাক্ষ্য দিবে।

২১. জাহান্নামীরা তাদের ত্বককে জিজ্ঞেস করবেঃ তোমরা আমাদের বিরুদ্ধে সাক্ষ্য দিচ্ছি কেন? উত্তরে তারা বলবেঃ আল্লাহ, যিনি সবকিছুকে বাকশক্তি দিয়েছেন তিনি আমাদেরকেও বাকশক্তি দিয়েছেন।

فَارُسُلْنَا عَلَيْهِمْ رِيْحًا صَرْصَرًا فِي آيَّاهِمِ نَّحِسَاتٍ لِنُنْ يُقَهُمْ عَنَابَ الْخِزْيِ فِي الْحَيْوةِ الثَّانْيَا ﴿
وَلَعَنَابُ الْإِخْرَةِ اَخْزِي وَهُمْ لَا يُنْصَرُونَ ﴿

وَ اَمَّا اَثُمُودُ فَهَدَيْنَهُمْ فَاسْتَحَبُّوا الْعَلَى عَلَى الْهُدِي عَلَى الْهُدُنِ الْهُدُنِ الْهُدُنِ الْهُدُنِ فَا الْعَدَابِ الْهُدُنِ فَا كَانُواْ يَكْسِبُونَ فَ

وَنَجَّيْنَا الَّذِينَ أَمَنُوا وَكَانُوا يَتَّقُونَ ﴿

وَيَوْمَ يُحْشَرُ آعُكَ آءُ اللهِ إلى النَّارِ فَهُمْ

حَثَّى إِذَا مَا جَآءُوْهَا شَهِنَ عَلَيْهِمُ سَمُعُهُمْ وَٱبْصَارُهُمْ وَجُلُوْدُهُمْ بِمَا كَانُواْ يَعْمَلُوْنَ ۞

وَقَالُواْ لِجُلُوْدِهِمْ لِمَ شَهِلُ ثُمْ عَلَيْنَا ﴿ قَالُوْاَ اَنْطَقَنَا اللهُ الَّانِيَّ اَنْطَقَ كُلَّ شَيْءٍ وَّهُوَ خَلَقَكُمْ اَوَّلَ مَرَّةٍ قَالِيْهِ تُرْجَعُونَ ﴿

خم السجدة ٢١

তিনি তোমাদেরকে সৃষ্টি করেছেন প্রথম বার এবং তাঁরই নিকট তোমরা প্রত্যাবর্তিত হবে।

২২. তোমরা কিছু গোপন করতে না এই বিশ্বাসে যে, তোমাদের কর্ণ, চক্ষু এবং ত্বক তোমাদের বিরুদ্ধে সাক্ষ্য দিবে না— উপরম্ভ তোমরা মনে করতে যে, তোমরা যা করতে তার অনেক কিছুই আল্লাহ জানেন না।

২৩. তোমাদের প্রতিপালক সম্বন্ধে তোমাদের এই ধারণাই তোমাদের ধ্বংস এনেছে। ফলে তোমরা হয়েছো ক্ষতিগ্রস্থ।

২৪. এখন তারা ধৈর্যধারণ করলেও জাহান্নামই হবে তাদের আবাস এবং তারা অনুগ্রহ চাইলেও তারা অনুগ্রহ প্রাপ্ত হবে না।

২৫. আমি তাদের জন্যে নির্ধারণ করে দিয়েছিলাম সহচর যারা তাদের সম্মুখ ও পশ্চাতে যা আছে তা তাদের দৃষ্টিতে শোভন করে দেখিয়েছিল এবং তাদের ব্যাপারেও তাদের পূর্ববর্তী জ্বিন ও মানবদের ন্যায় শান্তির কথা বাস্তব হয়েছে। তারা তো ছিল ক্ষতিগ্রস্ত।

২৬. কাফিররা বলেঃ তোমরা এই কুরআন শ্রবণ করো না এবং তা তিলাওয়াতকালে শোরগোল সৃষ্টি কর যাতে তোমরা জয়ী হতে পার।

২৭. আমি অবশ্যই কাফিরদেরকে কঠিন শান্তি আস্বাদন করাবো এবং নিশ্চয়ই আমি তাদেরকে নিকৃষ্ট কার্যকলাপের বিনিময় দিবো। وَمَا كُنْتُهُ تَسُتَتِرُونَ آنَ يَّشْهَدَ عَلَيْكُهُ سَمْعُكُمُ وَلَا آبْصَادُكُهُ وَلَاجُلُوْدُكُمْ وَلكِنْ ظَنَنْتُمْ آنَّ اللهَ لا يَعْلَمُ كَثِيْرًا مِّمَّا تَعْمَلُونَ ﴿

> وَ ذٰلِكُمْ ظُنُّكُمُ الَّذِي ظَنَنْتُمُ بِرَبِّكُمُ اَرُدٰلكُمُ فَاصْبَحْتُمُ مِّنَ الْخُسِرِيْنَ ۞

فَإِنُ يَصْبِرُوا فَالنَّارُ مَثْوًى لَهُمُ لَا وَإِنْ يَسْتَعْتِبُوا فَمَا هُمْ مِّنَ الْمُعْتَبِيْنَ ﴿

ۘۅؘقيَّضْنَالَهُمُ قُرُنَاءَ فَزَيَّنُوْالَهُمُ مَّااَبُيْنَ اَيْدِيْهِمُ وَمَاخَلْفَهُمُ وَحَقَّ عَكَيْهِمُ الْقَوُلُ فِنَّ اُمَحٍ قَلْخَلَتْ مِنْ قَبْلِهِمُ مِّنَ الْجِرِّ وَالْإِنْسِ إِنَّهُمْ كَانُوْا خِيرِيْنَ ﴿

وَ قَالَ الَّذِينَ كَفَرُوا لَا تَسْمَعُوا لِهِنَا الْقُرْانِ وَالْغَوْا لِهِنَا الْقُرْانِ وَالْغَوْا فِيْهِ لَعَلَّكُمْ تَغْلِبُونَ ®

فَلَنُذِيْقَنَّ الَّذِيْنَ كَفَرُوْا عَنَ الَّا شَدِيْدًا وَّلَنَجْزِيَنَّهُمْ السُّوَالَّذِي كَانُوْا يَعْمَلُوْنَ ﴿

এটাই ২৮, জাহানাম, আল্লাহর শক্রদের পরিণাম; সেখানে তাদের জন্যে রয়েছে স্থায়ী আবাস আমার নিদর্শনাবলী অস্বীকৃতির প্রতিফল স্বব্ৰপ ।

২৯. কাফিররা বলবেঃ হে আমাদের প্রতিপালক! যেসব জিন ও মানব আমাদেরকে পথভ্রষ্ট করেছিল তাদের দেখিয়ে উভয়কে फिन. উভয়কে পদদলিত করবো. যাতে তারা নিম্ন শ্রেণীর অন্তর্ভুক্ত হয়।

৩০. নিশ্চয়ই যারা বলেঃ আমাদের প্রতিপালক আল্লাহ, অতঃপর অবিচলিত থাকে. তাদের নিকট অবতীর্ণ হয় ফেরেশতা এবং বলেঃ তোমরা ভীত হয়ো না চিন্তিত হয়ো না এবং তোমাদেরকে জান্লাতের প্রতিশ্রুতি দেয়া হয়েছিল তার সুসংবাদ পেয়ে আনন্দিত হও।

৩১. আমরাই তোমাদের বন্ধ দুনিয়ার জীবনে ও আখিরাতে: সেখানে তোমাদের জন্যে রয়েছে যা কিছু তোমাদের মন চায় এবং সেখানে তোমাদের জন্যে রয়েছে যা তোমরা চাইবে।

৩২. এটা হলো ক্ষমাশীল, পরম দয়ালু আল্লাহর পক্ষ হতে আপ্যায়ন।

৩৩. ঐ ব্যক্তি অপেক্ষা কথায় কে উত্তম যে আল্লাহর দিকে মানুষকে আহ্বান করে, সৎ কর্ম করে এবং বলেঃ আমি তো আত্যসমর্পণ-কারীদের অন্তর্ভক্ত।

৩৪. ভাল এবং মন্দ্র সমান হতে পারে না। মন্দ প্রতিহত কর উৎকৃষ্ট ذٰلِكَ جَزَاءُ اَعْدَاءَ اللهِ النَّارُ ۚ لَهُمُ فِيْهَا دَارُ الْخُلُولُ جَزَّاءً إِمَا كَانُوا بِأَيْتِنَا يَجُحَدُونَ ٠

فمناظلم٢٣

وَقَالَ الَّذِيْنَ كَفَرُوا رَبَّنَآ اَدِنَا الَّذَيْنِ اَضَلّْنَا مِنَ الْجِنِّ وَالْإِنْسِ نَجْعَلْهُمَا تَحْتَ ٱقْدَامِنَا لِيُّكُونَا مِنَ الْأَسْفَلِينَ 🕾

إِنَّ الَّذِينَ قَالُوْارَتُنَاالِلَّهُ ثُمَّ اسْتَقَامُوْاتَتَنَزَّلُ عَلَيْهِمُ الْمَلْيِكَةُ اللَّاتَخَافُوا وَلاتَحْزَنُوا وَ الشِرُوا بِٱلْجَنَّةِ الَّتِيُ كُنْتُمُ تُوْعَرُونَ ۞

> نَحُنُ أَوْلِيَؤُكُمْ فِي الْحَلُّوةِ الدُّّنْمَا وَفِي الْأَخِرَةِ ؟ وَلَكُمْ فِيهَا مَا تَشْتَهِي اَنْفُسُكُمْ وَلَكُمْ فِيهَا مَا تَكُ عُونَ شَ

> > نُزُلًا مِّنْ غَفُورٍ رَّحِيْمٍ شَ

وَمَنْ أَحْسَنُ قَوْلًا مِّتَّنْ دَعَآ إِلَى اللَّهِ وَعَمِلَ صَالِحًا وَقَالَ إِنَّنِي مِنَ الْمُسْلِمِينَ ۞

وَلاَ تَسُتَوِى الْحَسَنَةُ وَلَا السَّيِّيَّئَةُ ﴿ إِدْفَعُ بِالَّتِيُّ

فساظلم٢

দ্বারা; ফলে, তোমার সাথে যার শক্রতা আছে, সে হয়ে যাবে অন্তরঙ্গ বন্ধুর মত।

৩৫. এই গুণের অধিকারী করা হয় গুধু তাদেরকেই যারা ধৈর্যশীল, এই গুণের অধিকারী করা হয় গুধু তাদেরকে যারা মহা ভাগ্যবান।

৩৬. যদি শয়তানের কুমন্ত্রনা তোমাকে প্ররোচিত করে তবে আল্লাহর আশ্রয় নিবে। তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ।

৩৭. তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে রজনী ও দিবস, সূর্য ও চন্দ্র। তোমরা সূর্যকে সিজদা করো না, চন্দ্রকেও নয়; সিজদা কর আল্লাহকে, যিনি এইগুলো সৃষ্টি করেছেন, যদি তোমরা তাঁরই ইবাদত কর।

لَيْسَ عَلَى الْأَعْلَى حَرَجٌ وَّلا عَلَى الْأَعْرَج حَرَجٌ وَلا عَلَى الْمَرِيْضِ حَرَجٌ ﴿ وَمَنْ يُطِعِ اللَّهُ وَرَسُولَهُ يُنْخِلُهُ جَنَّتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهُرُ ۚ وَمَنْ يَتَوَلَّ يُعَنِّينِهُ عَنَالًا اللِّمَّاشَّ

لَقَدُ رَضِيَ اللهُ عَنِ الْمُؤْمِنِيْنَ إِذْ يُبَايِعُونَكَ

নিকট বায়'আত গ্রহণ করেছেন, তিনি তাদের অন্তরে যা ছিল তা অবগত হলেন তাই তাদেরকে তিনি দান করলেন প্রশান্তি এবং তাদেরকে বিনিময় দিলেন আসন্ন বিজয়,

১৯. এবং বিপুল পরিমাণ গণীমতের সম্পদ যা তারা হস্তগত করবে; আল্লাহ পরাক্রমশালী, প্রজ্ঞাবান।

২০. আল্লাহ তোমাদেরকে প্রতিশ্রুতি দিয়েছেন গণিমতের বিপুল সম্পদের যার অধিকারী হবে তোমরা। তিনি এটা তোমাদের জন্যে তডিঘডি করেছিলেন এবং তিনি তোমাদের হতে মানুষের হস্তকে প্রতিহত এবং এটা করেছেন যেন হয় মু'মিনদের জন্যে এক নিদর্শন এবং (আল্লাহ্) তোমাদেরকে পরিচালিত করেন সরল পথে।

২১. আরো বহু (গণিমত) সম্পদ রয়েছে যা এখনো তোমাদের অধিকারে আসেনি, ওটা তো আল্লাহ্র নিকটে রক্ষিত আছে। আল্লাহ সর্ব বিষয়ে সর্ব শক্তিমান।

২২. কাঞ্চিররা তোমাদের মুকাবিলা করলে (পরিণামে তারা) অবশ্যই পৃষ্ঠ প্রদর্শন করতো, তখন তারা কোন অভিভাবক ও সাহায্যকারী পেতো না।

২৩. এটা আল্লাহ্র বিধান, যা পূর্ব হতে চলে আসছে; তুমি আল্লাহ্র এই বিধানে কোন পরিবর্তন পাবে না। ২৪. তিনি সেই সন্ত্রা যিনি মক্কা উপত্যকায় তাদের হাত তোমাদের تَحْتَ الشَّجَرَةِ فَعَلِمَ مَا فِىٰ قُلُوْبِهِمْ فَٱنْزَلَ السَّكِيْنَةَ عَلَيْهِمْ وَآثَابَهُمُ فَتُحَّا قَرِيْبًا ﴿

وَّمَغَانِمَ كَثِيرَةً يَاْخُنُونَهَا ﴿ وَكَانَ اللَّهُ عَزِينًا اللَّهُ عَزِيْزًا حَكِيثُما ﴾ عَزِيْزًا حَكِيثُما ۞

وَعَكَاكُمُ اللهُ مَغَانِمَ كَثِيْرَةً تَأْخُنُ وْنَهَا فَعَجَّلَ لَكُمْ هٰنِهٖ وَكَفَّ أَيْدِى النَّاسِ عَنْكُمْ وَلِتَكُوْنَ ايَةً لِلْمُؤْمِنِيْنَ وَيَهْدِيكُمُ صِرَاطًا مُّسْتَقِيْمًا ﴿

وَّ أُخُرِٰى لَمْ تَقُيرُرُوا عَلَيْهَا قَنُ اَحَاطَ اللهُ بِهَا ﴿ وَكَانَ اللهُ عَلَى اللهُ بِهَا ﴿ وَكَانَ اللهُ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيْرًا ﴿

وَكُوْ قَٰتَكُكُمُ الَّذِيْنَ كَفَرُواْ لَوَلَّوَا الْاَدُبَارَ ثُمَّةَ لاَيَجِكُونَ وَلِيًّا وَّلا نَصِيْرًا ۞

سُنَّةَ اللهِ الَّتِيُ قَلُ خَلَتُ مِنُ قَبُلُ ۗ وَلَنُ تَجِدَ لِسُنَّةِ اللهِ تَبُدِيلًا ۞ وَهُوَ الَّذِئُ كُفَّ اَيْدِينَهُمْ عَنْكُمْ وَاَيْدِيكُمْ

হতে এবং তোমাদের হাত তাদের হতে ফিরিয়ে রেখেছেন তাদের উপর তোমাদেরকে বিজয়ী করবার পর। তোমরা যা করছিলে আল্লাহ্ তা দেখেছিলেন ।

সুরা ফাত্হ ৪৮

২৫. তারাই তো কুফরী করেছিল এবং বাধা দিয়েছিল তোমাদেরকে মসজিদুল হারাম হতে ও কুরবানীর জন্যে আবদ্ধ পশুগুলোকে যথাস্থানে পৌছতে । যদি (মঞ্চায়) না থাকতো এমন কতকগুলো মু'মিন নর ও নারী যাদেরকে তোমরা জানো তাদেরকে তোমরা পদদলিত করতে অজ্ঞাতসারে; ফলে তাদের কারণে তোমরা কষ্ট পেতে আল্লাহ যাকে ইচ্ছা তাকে স্বীয় নেয়ামত দান করবেন। যদি তারা (উভয়ে) পৃথক আমি হতো. তাদের মধ্যে কাফিরদেরকে শাস্তি যন্ত্রণাদায়ক দিতাম।

২৬. যখন কাফিররা তাদের অন্তরে পোষণ করতো (গোত্রীয়) অহমিকা-জাহিল যুগের অহমিকা, তখন আল্লাহ তাঁর রাসূল (紫) ও মু'মিনদেরকে স্বীয় প্রশান্তি দান করলেন; আর তাদেরকে তাকওয়ার কথা করলেন, এবং এরাই ছিল অধিকতর যোগ্য ও উপযুক্ত। আল্লাহ সমস্ত বিষয়ে পরিজ্ঞাত।

২৭. নিশ্চয়ই আল্লাহ তাঁর (鑑)-এর সপু বাস্তবায়ন করেছেন. আল্লাহ্র ইচ্ছায় তোমরা অবশ্যই মসজিদুল হারামে প্রবেশ নিরাপদে— কেউ কেউ মস্তক মুন্ডন عَنْهُمْ بِبَطْنِ مَكَّةً مِنْ بَغْيِ آنَ ٱظْفَرَكُمْ عَلَيْهِمُ اللهُ عِبَا تَعْمَلُونَ بَصِيْرًا ﴿

هُمُ الَّذِيْنَ كَفَرُوا وَصَتُّ وَكُمْ عَنِ الْمُسْجِدِ الْحَرَامِ وَالْهَلْيَ مَعْكُوْفًا آنْ يَبْلُغُ مَحِلَّهُ ﴿ وَكُوْلَا رِجَالٌ مُّؤْمِنُوْنَ وَ نِسَاءٌ مُّؤْمِنْتُ لَّمْ تَعْلَمُوْهُمْ أَنْ تَطَعُوْهُمْ فَتُصِيْبُكُمْ مِّنْهُمْ مَّعَرَّةٌ ابِغَيْرِ عِلْمٍ اليُلُخِلَ اللهُ فِي رَحْمَتِهِ مَنْ يَشَاءُ ٤ كُو تَزَيَّكُوا لَعَنَّا بِنَا الَّذِي يُنَ كَفَرُوا مِنْهُمْ عَنَالًا ٱلِيْمًا ١

إِذْجَعَلَ الَّذِينَ كَفَرُوْ إِنَّ قُلُوْبِهِمُ الْحَمِيَّةَ حَمِيَّةَ الْجَاهِلِيَّةِ فَٱنْزَلَ اللهُ سَكِينَتَهُ عَلى رَسُوْلِهِ وَعَلَى الْمُؤْمِنِينَ وَٱلْزَمَهُمُ كُلِمَةَ التَّقُوٰى وَكَانُوۡۤا اَحَقُّ بِهَا وَٱهۡلَهَا ۗ وَكَانَ اللَّهُ بِكُلِّ شَيْءٍ عَلنُيًا ﴿

لَقَنْ صَكَ قَاللَّهُ رَسُولَهُ الرُّءْيَا بِالْحَقِّ ۚ لَتَنْخُلُنَّ الْبُسُجِكَ الْحَرَامَ إِنْ شَاءَاللَّهُ أَمِنِيْنَ مُحَلِّقِينَ رُءُ وْسَكُمْ وَمُقَصِّرِيْنَ لا تَخَافُوْنَ طَغَلِمَ مَا لَمْ

করবে, কেউ কেউ চুল কাটবে; وَيِيَّا فَرِييًا তোমার কোন ভয় থাকবে না। আল্লাহ্ জানেন তোমরা যা জানো না। এটা ছাড়াও তিনি তোমাদেরকে

পারা ২৬

২৮. তিনিই তাঁর রাসৃল (獎)-কে হিদায়েত ও সত্য দ্বীনসহ প্রেরণ করেছেন, অপর সমস্ত দ্বীনের উপর তাকে জয়য়ৢক্ত করবার জন্যে। সাক্ষী হিসেবে আল্লাহই যথেষ্ট।

দিয়েছেন এক আসন্ন বিজয়।

২৯. মুহাম্মাদ (ﷺ) আল্লাহ্র রাসূল; আর যারা এর সাথে আছে তারা কাফিরদের বিরুদ্ধে কঠোর এবং নিজেদের মধ্যে পরস্পরে সহানুভূতিশীল; আল্লাহ্র অনুগ্রহ ও সম্ভুষ্টি কামনায় তুমি তাদেরকে রুকু' ও সিজদায় অবনত দেখবে। তাদের মুখমন্ডলে সিজদার চিহ্ন থাকবে. তাওরাতে তাদের বর্ণনা এরূপই এবং ইঞ্জীলেও। তাদের দৃষ্টান্ত একটি শস্য ক্ষেত, যার চারা গাছগুলো অঙ্কুরিত হয় পরে সেগুলো শক্ত ও পুষ্ট হয় পরে কান্ডের উপর দাঁড়ায় দৃঢ়ভাবে যা চাষীকে আনন্দিত করে। এভাবে (আল্লাহ্ মু'মিনদের সমৃদ্ধি দারা) কাফিরদের অন্তর্জালা সৃষ্টি করেন। যারা ঈমান আনে ও সংকর্ম করে আল্লাহ তাদেরকে ক্ষমা ও মহা পুরস্কারের প্রতিশ্রুতি দিয়েছেন।

تَعْلَمُوا فَجَعَلَ مِنْ دُونِ ذَٰلِكَ فَتُحًا قَرِيبًا ٠

هُوَ الَّذِئَ ٱرْسَلَ رَسُولَهُ بِالْهُلَى وَدِيْنِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّيْنِ كُلِّهٖ ۗ وَكَفَى بِاللهِ شَهِيْدًا اللهِ

مُحَمَّدٌ رَّصَاءُ بَيْنَهُمْ تَرَاهُمْ رُكَّعًا سُجَّدًا يَبْبَعُوْنَ الْكُفَّارِ رُحَمَاءُ بَيْنَهُمْ تَرَاهُمْ رُكَّعًا سُجَّدًا يَبْبَعُوْنَ فَضُلًا مِّنَ اللهِ وَرِضُوانًا لِسِيْمَاهُمْ فِي التَّوْرِليةِ عَلَى فَضُلَّهُمْ فِي التَّوْرِليةِ عَلَى مَثَلُهُمْ فَي التَّوْرِليةِ عَلَى مَثَلُهُمْ فَي التَّوْرِليةِ عَلَى مَثَلُهُمْ فَي التَّوْرِليةِ عَلَى مَثَلُهُمْ فَي التَّوْرِليةِ عَلَى مَثَلُهُمْ اللهُ النَّرِينَ امْنُوا وَ لَي مِنْهُمْ مَعْفَفِرَةً وَاجْرًا عَظِيمًا أَمْ

সূরাঃ হুজুরাত মাদানী

(আয়াতঃ ১৮. রুকু'ঃ ২) দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)।

- ১. হে মু'মিনগণ! আল্লাহ্ ও তাঁর রাসূল (ﷺ)-এর সামনে তোমরা কোন বিষয়ে অগ্রগামী হয়ো না এবং আল্লাহকে ভয় কর নিশ্চয়ই আল্লাহ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।
- ২. হে মু'মিনগণ! তোমরা নবী (鑑)-এর কণ্ঠস্বরের উপর নিজেদের কণ্ঠস্বর উঁচু করো না এবং নিজেদের মধ্যে যেভাবে উচ্চস্বরে কথা বল তার সাথে সেই রূপ উচ্চস্বরে কথা বলো না; এতে তোমাদের কর্ম নষ্ট হয়ে যাবে তোমাদের অজান্তে।
- থারা আল্লাহ্র রাসূলের সামনে নিজেদের কণ্ঠস্বর নীচু করে, আল্লাহ তাদের অন্তরকে তাকওয়ার জন্যে পরীক্ষা করেছেন। তাদের জন্যে রয়েছে ক্ষমা ও মহাপুরস্কার।
- 8. যারা কক্ষসমূহের পিছন হতে তোমাকে উচ্চস্বরে ডাকে তাদের অধিকাংশই নির্বোধ।
- ৫. তুমি বের হয়ে তাদের নিকট আসবে যদি তারা ধৈর্যধারণ করতো তবে তাই তাদের উত্তম আল্লাহ ক্ষমাশীল. হতো। পরম দয়ালু।
- ৬. হে মু'মিনগণ! যদি ফাসিক তোমাদের নিকট কোন বার্তা আনয়ন পরীক্ষা করে. তোমরা তা

سُوْرَةُ الْحُجُرِتِ مَكَانِيَّةٌ ا لِمَا لَهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ ٢ الْمُعَالِدُ ٢ بشيعر الله الرَّحْلِن الرَّحِيْمِ

يَاكِتُهَا الَّذِينَ أَمَنُوا لَا ثُقَلِّمُوا بَيْنَ يَدَي اللهِ وَرَسُولِهِ وَ اتَّقُوا اللهَ اللهَ اللهَ سَمِيْعٌ عَلِيْمٌ ١

يَاكِيُّهَا الَّذِيْنِ امْنُوالا تَرْفَعُوْآ اَصْوَاتَكُمْ فَوْقَ صَوْتِ النَّيِيِّ وَلَا تَجْهَرُوْا لَهُ بِالْقَوْلِ كَجَهْرِ بَعُضِكُمْرِ لِبَغْضِ أَنْ تَحْمَطَ أَغْمَا لُكُمْ وَأَنْتُمْ لَا تَشْعُرُونَ ٣

إِنَّ الَّذِيْنَ يَغُضُّونَ أَصُواتَهُمُ عِنْنَ رَسُولِ اللهِ أُولَيْكَ الَّذِينَ امْتَحَنَ اللَّهُ قُلُوبَهُمْ لِلتَّقُولَى ط لَهُمُ مَّغُفِرَةٌ وَّأَجُرُّ عَظِيْمٌ ۞

إِنَّ الَّذِينَ يُنَادُونَكَ مِنْ وَرَآءِ الْحُجُرْتِ اَكْدُونُهُمُ لا يَعْقِلُونَ ®

وَكُوْ اَنَّهُمْ صَبَرُوْا حَتَّى تَخْرُجُ إِلَيْهِمْ لَكَانَ خَدُرًا لَهُمْ طُ وَاللَّهُ غَفْهُ رَّحِنْهُ ۞

يَآيَتُهَا اتَّذِيْنَ أَمَنُوٓا إِنْ جَآءَكُمُ فَاسِقُّ بِنَبَإِ

দেখবে যাতে অজ্ঞতা বশতঃ তোমরা কোন সম্প্রদায়কে কষ্ট না পৌছাও যাতে পরে তোমাদের কৃতকর্মের জন্যে লজ্জিত হয়ে যাও।

৭. তোমরা জেনে রেখো তোমাদের মধ্যে আল্লাহ্র রাসূল (鑑) রয়েছেন; তিনি বহু বিষয়ে তোমাদের কথা শুনলে তোমরাই কষ্ট পাবে; কিন্তু আল্লাহ্ তোমাদের নিকট ঈমানকে প্রিয় করেছেন এবং ওকে হৃদয়গ্রাহীও তোমাদের করেছেন: কৃষরী, পাপাচার ও অবাধ্যতাকে করেছেন তোমাদের নিকট অপ্রিয়। এরাই সৎপথের পথিক।

৮. (এটা) আল্লাহ্র দান ও অনুগ্রহ; আল্লাহ সর্বজ্ঞ, প্রজ্ঞাবান।

৯. মু'মিনদের দুই দল যদি দ্বন্দে লিপ্ত হয় তবে তোমরা তাদের মধ্যে মীমাংসা করে দিবে: যদি তাদের একদল দলের বিরুদ্ধে অপর বাডাবাডি করে তবে তোমরা বাডাবাডিকারী দলের বিরুদ্ধে যুদ্ধ করবে যতক্ষণ না তারা আল্লাহর নির্দেশের দিকে ফিরে আসে. যদি তারা ফিরে আসে তবে তাদের মধ্যে ন্যায়ের সাথে ফায়সালা করবে এবং সুবিচার করবে। নিশ্চয়ই আল্লাহ সুবিচারকারীদেরকে ভালবাসেন।

১০. মু'মিনরা পরস্পর ভাই ভাই, সুতরাং তোমাদের দুই ভাই-এর মধ্যে মীমাংসা করে দাও আল্লাহকে ভয় কর যাতে তোমরা অনুগ্রহ প্রাপ্ত হও।

فَتَبَيَّنُوْاً أَنْ تُصِيْبُوا قَوْمًا إِجَهَالَةٍ فَتُصْبِحُوا عَلَى مَا فَعَلْتُمُ نِيمِينَ ۞

وَاعْلَمُوْاَ اَنَّ فِيٰكُمْ رَسُولَ اللَّهِ طَلُو يُطِيعُكُمُ فِي كَثِيْرِ مِّنَ الْأَمْرِلَعَنِثُمْ وَلَكِنَّ اللهَ حَبَّبَ اِلَيْكُمُ الْإِيْمَانَ وَزَيَّنَهُ فِي قُلُوْبِكُمْ وَكُرَّهَ إِلَيْكُمُ الْكُفْرَ وَالْفُسُونَ وَالْعِصْبَانَ طَ أُولِيكَ هُمُ الرِّشِكُونَ ﴾

فَضُلَّامِّنَ اللهِ وَ نِعْمَةً ﴿ وَاللَّهُ عَلِيْمٌ حَكِيْمٌ ۞

وَإِنْ طَايِفَتْنِ مِنَ الْمُؤْمِنِيْنَ اقْتَتَكُوْ افَاصْلِحُوْا بَيْنَهُمَا عَلَى الْأُخْرَى فَقَاتِلُوا الَّتِي تَبْغِي حَتَّى تَغِي ءَ إِلَّى آمْرِ اللَّهِ فَإِنْ فَاءَتُ فَأَصُلِحُوا بَيْنَهُمَا بِالْعَدُ لِي وَأَقْسِطُوا ا إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُقْسِطِينَ ﴿

إِنَّهَا الْمُؤْمِنُونَ إِخْوَةٌ فَأَصْلِحُوا بِيْنَ آخَوَيْكُمْ ۗ وَاتَّقُوا اللَّهُ لَعَلَّكُمْ تُرْحُبُونَ إِنَّ

 হে মু'মিনগণ! কোন পরুষ যেন অপর কোন পুরুষকে বিদ্রুপ না করে; কেননা তারা তাদের চেয়ে উত্তম হতে পারে এবং কোন নারী অপর কোন নারীকেও যেন বিদ্রুপ না করে: কেননা সে তাদের অপেক্ষা উত্তম হতে পারে। তোমরা একে অপরের প্রতি দোষারোপ করো না এবং তোমরা একে অপরকে মন্দ নামে ডেকো না: ঈমানের পরে মন্দ নামে ডাকা গর্হিত কাজ। যারা এ ধরনের আচরণ পরিত্যাগ করে না তারাই অত্যাচারী।

১২. হে মু'মিনগণ! তোমরা বহুবিধ ধারণা হতে বিরত থাকো; কারণ কোন কোন ধারণা পাপ এবং তোমরা গোপনীয় বিষয় অপরের অনুসন্ধান করো না এবং একে অপরের পশ্চাতে নিন্দা করো না। তোমাদের মধ্যে কেউ কি তার মৃত ভাইয়ের গোশত ভক্ষণ করতে ভালবাসবে? বম্ভতঃ তোমরাও ঘৃণাই এটাকে কর। তোমরা আল্লাহকে ভয় কর। আল্লাহ তাওবা গ্রহণকারী, দয়ালু।

يَاكِيُّهَا الَّذِيْنَ امَنُوا لَا يَسْخَرُ قَوْمٌ مِّنُ قَوْمٍ عَلَى أَنْ يَكُونُوا خَيْرًا مِّنْهُمْ وَلا نِسَأَءٌ مِّنْ نِسۡٳٓءؚعَسَىٱنۡ يُٓكُنَّ خَيۡرًا مِّنۡهُنَّ ۗ وَلا تَلۡمِذُوۡۤٱ ٱنْفُسَكُمْ وَلَا تَنَابَزُوْ إِبِالْأَنْقَابِ ۚ بِئْسَ الْإِسْمُ الْفُسُوْقُ بَعْكَ الْإِيْمَانِ وَمَنْ لَهُ يَتُبُ فَأُولَيْكَ هُمُ الظُّلِمُونَ ١٠

يَاكِتُهَا الَّذِيْنَ أَمَنُوا اجْتَذِبُوْ اكْثِيْرًا قِينَ الظِّيِّ إِنَّ بَعْضَ الظُّنِّ إِثْمُّوَّ لَا تَجَسَّسُوْا وَ لَا يَغْتَبْ بَّعْضُكُمْ بَعْضًا ﴿ أَيُحِبُّ إَحَدُكُمْ أَنْ يَكَأَكُلَ لَحْمَ اَخِيْهِ مَيْتًا فَكُرِهُتُهُوهُ لا وَاتَّقُوا اللهَ لا إِنَّ اللهَ تَوَّاثُ رَّحِنْمُ ﴿

১। (ক) আবৃ হুরাইরা (রাযিআল্লাহু আনহু) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ তোমরা অবশ্যই ধারণা-অনুমান থেকে বেঁচে থাক। কেননা, ধারণা-অনুমান সবচেয়ে বড় মিথ্যা কথা। কারো দোষ খুঁজে বেড়িও না, গোয়েন্দাগিরিতে লিগু হয়ো না। (বেচা-কেনায়) একে অন্যকে ধোঁকা দিও না. পরস্পরে হিংসা করো না. একে অন্যের প্রতি বিদ্বেষ ভাব রেখো না, একজন থেকে আরেকজন বিচ্ছিন্ন হয়ে যেও না। বরং তোমরা সবাই এক আল্লাহুর বান্দাহ হয়ে ভাই ভাই বনে যাও। (বুখারী, হাদীস নং ৬০৬৬)

⁽খ) হাম্মাম (রাযিআল্লাহু আনস্থ) থেকে বর্ণনা করেছেন, একদিন আমরা হুযাইফা (রাযিআল্লাহু আনস্থ)–এর সাথে ছিলাম। তাঁর কাছে বলা হলো, একজন লোক মানুষের কথা ওসমান (রাযিআল্লাহু আনহু)-এর নিকট বলে থাকে (অর্থাৎ চোগলখুরী করে থাকে)। তখন হুযাইফা (রাযিআল্লাহু আনহু) বললেন, আমি নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম)- কে বলতে ওনেছি, চোগলখোর বেহেশ্তে যাবে না। (বুখারী, হাদীস নং ৬০৫৬)

আমি 20. হে লোকসকল! তোমাদেরকে সৃষ্টি করেছি এক পুরুষ নারী এক হতে. তোমাদেরকে বিভক্ত করেছি বিভিন্ন জাতি ও গোত্রে, যাতে তোমরা একে অপরের সাথে পরিচিত হতে পার। তোমাদের মধ্যে ঐ ব্যক্তিই আল্লাহর নিকট অধিক মর্যাদা সম্পন্ন যে অধিক মৃত্তাকী। আল্লাহ সবকিছ জানেন, সবকিছুর খবর রাখেন।

১৪. আরব বেদুঈনগণ বলেঃ আমরা ঈমান আনলাম; তুমি বলঃ তোমরা ঈমান আননি, বরং তোমরা বলঃ আমরা ইসলাম গ্রহণ করেছি মাত্র। এখনো তোমাদের কারণ ঈমান অন্তরে প্রবেশ করেনি। যদি তোমরা আল্লাহ ও তাঁর রাসল (ﷺ)-এর আনুগত্য তবে কর কর্মফল সামান্য পরিমাণও লাঘব করা হবে না। আল্লাহ ক্ষমাশীল मयान्।

১৫. তারাই প্রকৃত মু'মিন যারা আল্লাহ ও তাঁর রাসূল (ﷺ)-এর প্রতি ঈমান আনার পরে আর কোন সন্দেহ পোষণ করে না এবং জান ও মাল দারা আল্লাহর পথে সংগ্রাম করে, তারাই সত্যনিষ্ঠ।

১৬. বলঃ তোমরা কি তোমাদের দ্বীন সম্পর্কে আল্লাহকে অবহিত করছো? অথচ আল্লাহ যা কিছ আছে আকাশমন্তলী পথিবীতে છ জানেন। আল্লাহ সর্ববিষয়ে সম্যক অবহিত।

১৭. যারা ইসলাম গ্রহণ করে তারা তোমার উপকার করেছে বলে মনে يَايَتُهَا النَّاسُ إِنَّا خَلَقُنْكُمُ مِّنَ ذَكِهِ وَأُنْثَى وَجَعَلْنَكُمْ شُعُوْبًا وَّقَبَّ إِبِلَ لِتَعَارَفُوا ط إِنَّ أَكُرُ مَكُمُ عِنْكَ اللَّهِ أَتُقْلَكُمُ اللَّهِ اللَّهِ اللَّهُ اللَّهُ عَلِيْهُ خَبِيْرُ ا

قَالَتِ الْاَعْرَاكُ أَمَنَّا ﴿ قُلْ لَّهُ تُؤْمِنُواْ وَلَكِنُ قُوْلُوْآاسْكَمْنَاوَكِتَايِكُ خُلِ الْإِيْمَانُ فِي قُلُوْبِكُمُو ۗ وَإِنْ تُطِيعُوااللهَ وَ رَسُولَهُ لَا يَلِتُكُمُ مِّنَ أَعْمَالِكُمْ شَيْعًا ﴿ إِنَّ اللَّهَ غَفُوْرٌ رَّحِيمٌ ﴿

إِنَّهَا الْمُؤْمِنُونَ الَّذِينَ أَمَنُوا بِاللهِ وَرَسُولِهِ تُحَّ لَمْ يَرْتَا بُوْا وَجْهَلُ وَإِيامُوَالِهِمْ وَٱنْفُسِهِمْ فِي سَبِيْلِ اللهِ أُولَيِكَ هُمُ الصِّيقُونَ @

قُلْ اَتُعَلِّمُونَ اللهَ بِدِينِكُمُ ﴿ وَاللَّهُ يَعْلَمُ مَا فِي السَّهُوتِ وَمَا فِي الْأَرْضِ ﴿ وَاللَّهُ بِكُلُّ شَيْءٍ عَلِيْمٌ ١

يَمُنُّونَ عَلَيْكَ أَنْ اَسْلَمُوا القُلْ لا تَمُنُّوا عَلَى ال

পার

করে। বলঃ তোমাদের ইসলাম গ্রহণ
আমাকে উপকৃত করেছে এমনটি
মনে করো না। বরং আল্লাহই
তোমাদেরকে ঈমানের পথ দেখিয়ে
তোমাদেরকে ধন্য করেছেন, যদি
তোমরা সত্যবাদী হও।

১৮. আল্লাহ আকাশমন্ডলী ও পৃথিবীর অদৃশ্য বিষয় সম্পর্কে অবগত আছেন তোমরা যা কর আল্লাহ তা দেখেন। اِسْلَامَكُمْ عَبِلِ اللهُ يَمُنُّ عَلَيْكُمُ اَنْ هَلَ كُمُ لَلهُ لِلْإِيْمَانِ اِنْ هَلَ كُمُ

إِنَّ اللهُ يَعْلَمُ عَيْبَ السَّلْوٰتِ وَالْأَرْضِ ﴿ وَاللَّهُ مِنْ اللهُ بَصِيْرُ الْمِنْ الْعَنْمَ لُوْنَ ﴿

স্রাঃ কা'ফ মাকী

(আয়াতঃ ৪৫, রুকু'ঃ ৩)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)।

১. ক্বা'ফ, শপথ কুরআন মাজীদের।

- ২. কিন্তু কাফিররা তাদের মধ্য হ'তে একজন সতর্ককারী আবির্ভৃত হতে দেখে বিস্ময় বোধ করে ও বলেঃ এটা তো এক আশ্চর্য ব্যাপার।
- ৩. আমাদের মৃত্যু হলে আমরা মৃত্তিকায় পরিণত হব, (অতঃপর আমরা কি পুনরুজ্জীবিত হবো?) সে প্রত্যাবর্তন তো সুদূর পরাহত!
- আমি তো জানি মৃত্তিকা ক্ষয়় কর তাদের কতটুকু এবং আমার নিকট আছে সংরক্ষিত একটি কিতাব।
- ৫. বস্তুতঃ তাদের নিকট সত্য আসার পর তারা তা প্রত্যাখ্যান করেছে। ফলে তারা সংশয়ে পড়ে আছে।

سِرُوْرَةُ فَ مَكِيَّةً ايَاتُهَا ١٥ رُدُعَاتُهَا ٣ بِسْمِهِ اللهِ الرَّحْلِنِ الرَّحِيْمِهِ

ق سوالقُرُانِ الْمَجِيْدِ أَ

بَلْ عَجِبُوۡۤا اَنۡ جَآءَهُمُ مُّنۡذِرٌ ۗ مِّنۡهُمُ فَقَالَ الْكَفِرُوۡنَ هٰذَا شَىٰءٌ عَجِيْبٌ ﴿

ءَاِذَا مِثْنَا وَكُنَّا تُرَابًا ۚ ذٰلِكَ رَجْعً البَعِيْلُ ۞

قَىٰ عَلِمُنَا مَا تَنْقُصُ الْارْضُ مِنْهُمُ ۚ وَعِنْدَنَا كِتْبُّ حَفِيْظٌ ۞

بَلْكَذَّبُوُا بِالْحَقِّ لَبَّا جَاءَهُمْ فَهُمْ فِئَ ٱمْرٍ مَّرِيْحٍ ۞ ৬. এরাকি কখন তাদের ওপরের আকাশের দিকে তাকিয়ে দেখে না কিভাবে আমি তা তৈরি করেছি ও তাকে সুশোভিত করেছি? আর তাতে কোন (সৃক্ষতম) ফাটলও নেই।

আমি ভূমিকে বিস্তৃত করেছি ও
তাতে পর্বতমালা স্থাপন করেছি এবং
সেখানে উৎপন্ন করেছি নয়ন
প্রীতিকর সর্বপ্রকার উদ্ধিদ।

৮. প্রত্যেক বিনীত ব্যক্তির জন্যে জ্ঞান ও উপদেশ স্বরূপ।

৯. আকাশ হতে আমি বর্ষণ করি কল্যাণকর বৃষ্টি এবং তদ্দ্বারা আমি সৃষ্টি করি উদ্যান ও পরিপক্ক শস্যরাজি।

১০. ও উঁচু উঁচু খেজুর বৃক্ষ যাতে আছে গুচ্ছ গুচ্ছ খেজুর।

১১. বান্দাদের জীবিকা স্বরূপ; আমি বৃষ্টি দ্বারা জীবিত করি মৃত ভূমিকে; এভাবেই পুনরুখান ঘটবে।

১২. তাদের পূর্বেও সত্য প্রত্যাখ্যান করেছিল নৃহ (ﷺ)-এর সম্প্রদায়, রাস্স ও সামুদ সম্প্রদায়,

১৩. আ'দ, ফির'আউন ও লৃতের ভাইয়েরা

১৪. এবং আয়কার অধিবাসী ও তুব্বা সম্প্রদায়; তারা সকলে রাসূলদেরকে মিথ্যাবাদী বলেছিল, ফলে তাদের উপর আমার শাস্তি কার্যকর হয়েছে।

১৫. আমি কি প্রথমবার সৃষ্টি করেই ক্লান্ত হয়ে পড়েছি বরং পুনঃসৃষ্টি বিষয়ে তারা সন্দেহ পোষণ করবে!

اَفَكُمْ يَنْظُرُوْا إِلَى السَّهَاءِ فَوْقَهُمْ كَيْفَ بَنَيْنْهَا وَزَيَّتْها وَمَا لَهَا مِنْ فُرُوْجٍ ﴿

وَ الْاَرْضَ مَكَادُنْهَا وَالْقَيْنَا فِيْهَا رَوَاسِيَ وَاَنْبَكْنَا فِيْهَا مِنْ كُلِّ زَوْجٍ بَهِيْجٍ ﴿

تَبْصِرَةً وَ ذِكْرًى لِكُلِّ عَبْدٍ مُّنِيْبٍ ۞

وَنَزَّلْنَا مِنَ السَّمَآءِ مَآءً مُّلْرَكًا فَٱثْبَتْنَا بِهِ جَنْتٍ وَّحَبَّ الْحَصِيْدِ ﴾

وَالنَّخُلَ لِسِقْتٍ لَّهَا طَلْعٌ نَّضِيْدٌ أَنْ

رِّ ذُقًا لِّلْعِبَادِ لاَ اَخْدُونَا بِهِ بَلْهَ مَّلْمَاً مَّلْمَتًا طَّ كَذْلِكَ الْخُرُوجُ ﴿

كَنَّ بَتُ قَبْلُهُمْ قَوْمُرْنُوجٍ وَّٱصْحٰبُ الرَّسِّ وَثَمُوْدُ ﴿

وَعَادٌ وَ فِرْعَوْنُ وَإِخْوَانُ لُولٍ ﴿

وَّ أَصُحْبُ الْأَيْكَةِ وَقُومُ تُبَيَّعُ الْكُلُّ كُلَّبَ الرُّسُلَ فَحَقَّ وَعِيْدِ ﴿

ٱفَعَيِيْنَا بِالْخَلْقِ الْاَوْلِ لَا بَلْ هُمُ فِي لَبْسٍ مِّنَ خَلْقِ جَدِيْدٍ هَ ১৬. আমিই মানুষকে সৃষ্টি করেছি এবং তার অন্তর তাকে যে কুমন্ত্রণা দেয় তা আমি জানি। আমি তার ঘাড়ের শাহ রগ অপেক্ষাও নিকটতর (জ্ঞানের দিক দিয়ে)।

১৭. স্মরণ রেখো, দুই গ্রহণকারী (ফেরেশ্তা) তার ডানে ও বামে বসে তার কর্ম লিপিবদ্ধ করে।

১৮. মানুষ যে কথাই উচ্চারণ করে তা লিপিবদ্ধ করার জন্যে তৎপর প্রহরী তার নিকটেই রয়েছে।

১৯. মৃত্যুযন্ত্রণা সত্যই আসবে; এটা সে জিনিস হতে তোমরা অব্যাহতি চেয়ে আসছো।

২০. আর শিংগায় ফুৎকার দেয়া হবে, এটাই ঐ দিন, যার ভয় দেখানো হতো।

২১. সেদিন প্রত্যেক ব্যক্তি উপস্থিত হবে, তার সাথে থাকবে চালক ও সাক্ষী।

২২. তুমি এই দিবস সম্বন্ধে অজ্ঞ ছিলে, এখন তোমার সম্মুখ হতে আবরণ সরিয়েছি, অদ্য তোমার দৃষ্টি প্রখর।

২৩. তার সঙ্গী (ফেরেশ্তা) বলবেঃ এই তো আমার নিকট আমলনামা প্রস্তুত।

২৪. (আদেশ করা হবেঃ) তোমরা উভয়ে নিক্ষেপ কর জাহান্নামে প্রত্যেক উদ্ধত কাফিরকে-

২৫. কল্যাণকর কাজে বেশি বেশি বাঁধা দানকারী, সীমালজ্ঞানকারী ও সন্দেহ পোষণকারীকে। وَلَقُلْ خَلَقْنَا الْإِنْسَانَ وَنَعْلَمُ مَا تُوسُوسُ بِهِ نَفْسُهُ ۚ وَنَحْنُ اَقْرَبُ اِلَيْهِ مِنْ حَبْلِ الْوَرِيْنِ ۞

إِذْ يَتَكَفَّى الْمُتَلَقِّيْنِ عَنِ الْيَمِيْنِ وَعَنِ الشِّهَالِ فَعَيْدًا لَهُ مَا لَكُمُ الشِّهَالِ فَعَيثًا فَ

مَا يَلْفِظُ مِنْ قَوْلِ إِلَّا لَكَ يُهِ رَقِيْبٌ عَتِيْكٌ @

وَجَاءَتْ سَكُرَةُ الْمَوْتِ بِالْحَقِّ الْإِلْكَ مَا كُنْتَ مِنْهُ تَحِيْدُ ®

وَنُفِخَ فِي الصَّوْرِ ﴿ ذَٰلِكَ يَوْمُ الْوَعِيْدِ ٠٠

وَجَاآءَتُ كُلُّ نَفْسٍ مَّعَهَا سَآيِقٌ وَّشَهِيْدٌ ®

لَقُلُ كُنْتَ فِي خَفْلَةٍ مِّنْ لهٰذَا فَكَشَفْنَا عَنْكَ غِطَآءَكَ فَبَصَرُكَ الْيَوْمَ حَدِيْدٌ ﴿

وَقَالَ قَرِيْنُهُ هٰذَا مَا لَدَيَّ عَتِيْدٌ ﴿

ٱلْقِيَا فِي جَهَنَّمَ كُلَّ كَفَّارِ عَنِيْنٍ ﴿

مِّنَّاعِ لِلْخَيْرِمُعْتَبِ مُّرِيْبٍ ۖ

خمر۲۲

২৬ 942

২৬. যে ব্যক্তি আল্লাহর সাথে অন্য মা'বৃদ গ্রহণ করতো তাকে কঠিন শাস্তিতে নিক্ষেপ কর।

২৭. তার সহচর (শয়তান) বলবেঃ হে আমাদের প্রতিপালক! আমি তাকে অবাধ্য হতে প্ররোচিত করিনি। বস্তুতঃ সে নিজেই ছিল দূরবর্তী ভ্রষ্টতায়।

২৮. (আল্লাহ বলবেনঃ) আমার সামনে ঝগড়া করো না; তোমাদেরকে আমি তো পূর্বেই সতর্ক করেছি।

২৯. আমার কথার রদ-বদল হয় না এবং আমি আমার বান্দাদের প্রতি অবিচারকারী নই।

৩০. সেদিন আমি জাহানামকে জিজ্ঞেস করবোঃ তুমি কি পূর্ণ হয়ে গেছো? (জাহানাম) বলবেঃ আরো আছে কি?^১

৩১. আর জান্নাতকে নিকটস্থ করা হবে মুন্তাকীদের, কোন দূরত্ব থাকবে না।

৩২. এরই প্রতিশ্রুতি তোমাদেরকে দেরা হয়েছিল, প্রত্যেক আল্লাহ অভিমুখী, হিফাযতকারীর জন্যে।

৩৩. যারা না দেখে দয়ায় আল্লাহকে ভয় করে এবং অন. ক হৃদয়ে উপস্থিত হয়- اكَٰذِى جَعَلَ مَعَ اللهِ اِلْهَا أُخَرَ فَالْقِيلُهُ فِى الْعَذَابِ الشَّدِيْدِ ®

قَالَ قَرِيْنُهُ رَبَّنَا مَآ اَطْغَيْتُهُ وَلَٰكِنَ كَانَ فِي ضَللٍ بَعِيْدٍ ﴿

قَالَ لَا تَخْتَصِمُوْالَكَكَّ وَقَدْ قَدَّمُتُ اِلْيَكُمُّ بِالْوَعِيْدِ

مَا يُبَدَّكُ الْقَوْلُ لَدَى وَمَاۤ اَنَا بِظَلَّامِ لِلْعَبِيُدِ۞

يَوْمَ نَقُوْلُ لِجَهَنَّمَ هَلِ امْتَلَانِ وَتَقُوْلُ هَلُ مِنُ مَّزِيْدٍ ۞

وَٱزُلِفَتِ الْجَنَّةُ لِلْمُتَّقِينَ غَيْرَ بَعِيْدٍ @

هٰ لَهُ اللَّهُ اللَّهُ عَدُّونَ لِكُلِّ آوَّالِ حَفِيْظٍ ﴿

مَنْ خَشِى الرَّحْلَى بِالْغَيْبِ وَجَاءَ بِقَلْبٍ مُّنِيْبٍ ﴿

১। আনাস (রাথিআল্লাহ আনহ) থে (জাহান্নাখীদেরকে) জাহান্নামে নিক্ষেপ ক তিনি (* বাহ ত'আলা তার মধ্যে) আগ আর নয় (বগাই হাদী বন্ধ ৪৮৪৮)

বর্ণিত নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ
নবে এনং জাহান্নাম বলবে, আরও অধিক আছে কি? শেষ পর্যন্ত
শেল্ল স্থান করবেন তখন সে বলবে ব্যাস ব্যাস। (আর নয়

সূরা কা'ফ ৫০

৩৪. শান্তি পূর্ণভাবে তোমরা তাতে প্রবেশ কর; এটা অনন্ত জীবনের দিন 🛭

৩৫. সেখানে তারা যা কামনা করবে তাই পাবে এবং আমার নিকট রয়েছে তারও অধিক (আল্লাহর দর্শন)।

৩৬. আমি তাদের পূর্বে আরো বহু জাতি ধ্বংস করেছি যারা ছিল তাদের অপেক্ষা শক্তিতে প্রবল, তারা দেশে-বিদেশে ভ্রমণ করে ফিরতো; পরে তাদের জন্য কোন আশ্রয়স্থল রইলো না।

৩৭. এতে উপদেশ রয়েছে তার জন্যে যার আছে অন্তঃকরণ অথবা যে শ্রবণ করে একাগ্র চিত্তে।

৩৮. আমি আকাশমন্ডলী ও পৃথিবী এবং এগুলোর মধ্যস্থিত সব কিছু সৃষ্টি করেছি ছয় দিনে; আমাকে কোন ক্লান্তি স্পর্শ করেনি।

৩৯. অতএব, তারা যা বলে তাতে তুমি ধৈর্যধারণ কর এবং তোমার প্রতিপালকের প্রশংসা সহকারে পবিত্রতা বর্ণনা করা সূর্যোদয় ও সূর্যান্তের পূর্বে ৷

৪০. তাঁর পবিত্রতা ও মহিমা ঘোষণা কর রাত্রির একাংশে এবং নামাযের পরেও।

ادْخُلُوْهَا بِسَلِمِ ﴿ ذٰلِكَ يَوْمُ الْخُلُودِ ﴿

لَهُمْ مَّا يَشَاءُونَ فِنْهَا وَلَدُنْنَا مَزِنْدٌ ﴿

وَكُمْ اَهْلَكُنَا قَبْلَهُمْ مِّنْ قَرْنِ هُمْ اَشَتُّ مِنْهُمْ بَطْشًا فَنَقَّبُوا فِي الْبِلَادِ طَ هَلْ مِنْ مَّحِيْصٍ 🕤

إِنَّ فِي ذَٰلِكَ لَذِكُرًى لِمَنْ كَانَ لَهُ قَلْبٌ آوُ ٱلْقَى السَّنْعَ وَهُو شَهِيْدٌ ®

وَلَقَكُ خَلَقُنَا السَّلْوٰتِ وَ الْأَرْضُ وَمَا يَيْنَهُمَا فِي سِتَّةِ أَيَّامِ اللَّوَمَ مَا مَسَّنَا مِنُ لُغُوْبٍ ﴿

فَاصْدِرْعَلَى مَا يَقُولُونَ وَسَيِّحْ بِحَمْدِ رَبِّكَ قَبْلَ طُلُوعِ الشَّمْسِ وَقَبْلَ الْغُرُوبِ ﴿

وَمِنَ الَّيْلِ فَسَبِّحْهُ وَ أَذْبَارَ السُّجُودِ ®

১। জারীর ইবনে আবদুল্লাহ্ (রাযিআল্লাহ্ আনহু) থেকে বর্ণিত। তিনি বলেন, এক সময়ে আমরা নবী (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম)-এর সাথে ছিলাম। এই সময়ে রাতের বেলায় তিনি চাঁদের দিকে তাকিয়ে বললেন, এই চাঁদকে যেমন তোমরা দেখতে পাচ্ছ, ঠিক তেমনি তোমাদের প্রভুকেও দেখতে পাবে। তাঁকে দেখার ব্যাপারে কোনরূপ সন্দেহ পোষণ করবে না। সুতরাং সূর্য উদিত হওয়ার আগে এবং অস্ত যাওয়ার আগে (শয়তানের ওপর বিজয়ী হয়ে) যদি তোমরা ঠিক সময়ে নামায আদায় করতে পার তবে তাই কর। এরপর তিনি তিলাওয়াত করলেনঃ অর্থাৎ "সূর্য উদয়ের পূর্বে ও অস্ত যাওয়ার পূর্বে তুমি আল্লাহ্র পবিত্রতা বর্ণনা কর।" (সূরা ক্বাফঃ ৩৯) [বুখারী, হাদীস নং ৫৫৪]

8১. আর শ্রবণ কর, যেদিন এক আহ্বানকারী নিকটবর্তী স্থান হতে আহ্বান করবে.

8২. যেদিন (মানুষ) অবশ্যই শ্রবণ করবে এক বিকট আওয়াজ, সেদিনই (কবর হতে মৃত্যুদের) বের হবার দিন।

৪৩. আমিই জীবিত করি, আর মৃত্যুও ঘটাই এবং সকলেই ফিরে আসবে আমারই দিকে।

88. যেদিন পৃথিবী বিদীর্ণ হবে এবং লোকেরা বের হয়ে দ্রুতবেগে, এই সমবেতকরণ আমার জন্যে সহজ।

৪৫. তারা যা বলে, তা আমি জানি, তুমি তাদের উপর জবরদন্তিকারী নও; সুতরাং যে শাস্তিকে ভয় করে তাকে উপদেশ দান কর কুরআনের সাহায্যে।

وَاسْتَعِعْ يَوْمَ يُنَادِ الْمُنَادِ مِنْ مَّكَانٍ قَرِيْبٍ ﴾

يَّوْمَ يَسْمَعُونَ الصَّيْحَةَ بِالْحَقِّ طَلْك يَوْمُ الْخُرُوجِ ٠

إِنَّا نَحُنُ نُحُى وَ نُمِيْتُ وَإِلَيْنَا الْمَصِيرُ ﴿

يَوْمَر تَشَقُّقُ الْأَرْضُ عَنْهُمْ سِرَاعًا ﴿ ذِلِكَ حَشْرٌ عَكَنْنَا يَسِيْرُ ﴿

نَحْنُ آغِلَمُ بِمَا يَقُوْلُوْنَ وَمَآ آنْتَ عَلَيْهِمُ بِجَبَّادِ ۗ فَذَكِّرُ بِالْقُرْانِ مَنْ يَّخَافُ وَعِيْدِ ﴿

সুরাঃ যারিয়াত, মাক্রী

(আয়াতঃ ৬০, রুকু'ঃ ৩)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)।

১. শপথ ধূলি ঝড় ঝঞার, যা ধূলা-বালিকে উডিয়ে নিয়ে যায় i

বহনকারী ২. শপথ বোঝা মেঘপুঞ্জের,

৩. শপথ স্বচ্ছন্দ গতিতে বয়ে যাওয়া নৌযানের

سُّوُرَةُ النَّارِلِتِ مَكِيَّةٌ ٣ لَقُالُومُ ٢٠ لَقُولُوا بشيم الله الرَّحْلِن الرَّحِيْمِ

وَ اللَّهِ رِيْتِ ذَرُوا ﴿

فَالْجُمِلْتِ وِقُرًا ﴿

فَالْجِرِيْتِ يُسُرًا ﴿

 শপথ কর্ম বন্টনকারীদের (ফেরেশতাদের-)

 ৫. তোমাদেরকে প্রদন্ত প্রতিশ্রুতি অবশ্যই সত্য।

৬. কর্মফল দিবস অবশ্যম্ভাবী।

৭. শপথ বহু পথ বিশিষ্ট আকাশের,

৮. তোমরা তো পরস্পর বিরোধী কথায় লিপ্ত।

 মে ব্যক্তি সত্যভ্রষ্ট সে তা পরিত্যাগ করে,

১০. অভিশপ্ত হোক মিথ্যাচারীরা.

১১. যারা অজ্ঞ ও উদাসীন!

১২. তারা জিজ্ঞেস করেঃ কর্মফল দিবস করে হবে?

১৩. (বলঃ) সেদিন যখন তাদেরকে শাস্তি দেয়া হবে অগ্নিতে.

১৪. (এবং বলা হবেঃ) তোমরা তোমাদের শাস্তি আস্বাদন কর, তোমরা এই শাস্তির জন্য তড়িঘড়ি করছিলে।

১৫. সেদিন মুত্তকীরা জান্নাতে ও ঝরণার মধ্যে থাকবে।

১৬. যা তাদের প্রতিপালক তাদেরকে প্রদান করবেন; তা তারা গ্রহণ করবে নিশ্চয়ই তারা ইতিপূর্বে সংকর্মপরায়ণ ছিল।

১৭. তারা রাত্রির সামান্য অংশই নিদ্রাবস্থায় অতিবাহিত করতো নিদ্রায়।

১৮. রাত্রির শেষ প্রহরে তারা ক্ষমা প্রার্থনা করতো, فَالْمُقَسِّلْتِ أَمُرًا ﴿

إِنَّهَا تُوْعَدُونَ لَصَادِقٌ فَ

وَّاِنَّ الرِّيْنَ لَوَاقِعٌ ۚ ۚ وَالسَّهَاءَ ذَاتِ الْحُبُّكِ ۞ إِنَّكُمْ لَفِيْ قَوْلٍ مُّخْتَلِفٍ ۞

يُّؤْفَكُ عَنْهُ مَنْ أَفِكَ أَن

قُتِلَ الْخَرُّصُوْنَ ۞ الَّذِيْنَ هُمْ فِيُ غَمُرَةٍ سَاهُوْنَ ۞ يَسْتُكُوْنَ اَتِيَّانَ يَوْمُ الرِّيْنِ ۞

يَوْمَ هُمْ عَلَى النَّادِ يُفْتَنُونَ اللَّهِ

دُوْقُوْا فِتُنَتَّكُمُ طَهْلَا الَّذِي كُنْتُهُمْ بِهِ تَسْتَعْجِلُوْنَ ®

إِنَّ الْمُتَّقِينَ فِي جَنَّتٍ وَّعُيُونٍ ﴿

اْخِذِيْنَ مَا اللهُمُ رَبَّهُمُ اللَّهُمُ كَانُواْ قَبْلَ ذَٰلِكَ مُحْسِنِيْنَ شَ

كَانُوْا قَلِيلًا مِّنَ الَّيْلِ مَا يَهْجَعُونَ ٠

وَ بِالْأَسْحَادِهُمْ يَسْتَغُفِرُونَ ٠٠

১৯. এবং

২০. পথিবীতে বিশ্বাসীদের অনেক নিদর্শন রয়েছে।

রয়েছে অভাবগ্রস্ত ও বঞ্চিতের হক।

২১ এবং তোমাদের মধ্যেও! তোমরা কি অনুধাবন করবে না?

২২ আকাশে রয়েছে তোমাদের রিযিক আর যা কিছুর প্রতিশ্রুতি তোমাদের দেয়া হয়েছে।

পৃথিবীর প্রতি-২৩. আকাশ ও পালকের শপথ! অবশ্যই একথা মতই তোমাদের কথোপকথনের সত্য।

২৪. হে নবী (ﷺ)! তোমার নিকট ইবরাহীম (খ্রুট্রা) এর সম্মানীত মেহমানদের কাহিনী এসেছে কি?

২৫. যখন তারা তার নিকট উপস্থিত (আপনার প্রতি) হয়ে বললোঃ সালাম। উত্তরে তিনি বললেনঃ (আপনাদেরকেও) সালাম। এরা তো অপরিচিত লোক।

২৬. অতঃপর ইবরাহীম (সুট্রা) তাঁর স্ত্রীর নিকট গেলেন এবং একটি বাছুর গরুও ভাজা গোশত নিয়ে আসলেন।

২৭, ও তাদের সামনে রাখলেন এবং বললেনঃ আপনারা খাচ্ছেন না কেন?

২৮. এতে তাদের সম্পর্কে মনে মনে ভয় পেলেন। তারা বললেনঃ ভীত হবেন না। অতঃপর তারা তাকে এক জ্ঞানবান পুত্র-সন্তানের সুসংবাদ দিলেন।

وَفِئَ اَمُوَالِهِمُ حَتَّى لِلسَّالِيلِ وَالْمَحْرُومِ ®

وَفِي الْأَرْضِ اللَّهُ لِلْمُوْقِنِينَ ﴿

وَفِي أَنْفُسِكُمْ طِ أَفَلًا تَبْصِرُونَ ﴿

وَفِي السَّمَاءِ رِزْقُكُمْ وَمَا تُوْعَدُونَ ﴿

فَوَ رَبِّ السَّمَاءِ وَالْأَرْضِ إِنَّهُ لَحَقٌّ مِّثْلَ مَآ أَنَّكُمُ تَنْطِقُونَ ﴿

هَلْ اللَّهُ حَدِيثُ ضَيْفِ الْإِهِيْمَ الْمُكْرَمِيْنَ الْمُكْرِمِيْنَ

إِذْ دَخَلُواْ عَلَيْهِ فَقَالُواْ سَلْمًا مِقَالُ سَلْمًا قرم منگرون ۱۹

فَرَاغُ إِلَّى آهُلِهِ فَجَاءً بِعِجْلِ سَبِيْنِ ﴿

فَقَرَّبَهُ إِلَيْهِمْ قَالَ الْا تَأْكُلُونَ ﴿

فَأَوْجَسَ مِنْهُمُ خِنْفَةً م قَالُوْا لَا تَخَفُ م وَيَشَّرُوهُ بغُلْمِ عَلِيْمِ ۞

২৯. একথা শুনে তার স্ত্রী চীৎকার করতে করতে সামনে আসলেন এবং মুখ চাপড়িয়ে বললেন— আমি তো বুদ্ধা, বন্ধ্যা!

৩০. তারা বললেনঃ তোমার প্রতিপালক এরূপই বলেছেন। তিনি প্রজ্ঞাবান, সর্বজ্ঞ।

فَأَقْبَكَتِ امْرَاتُهُ فِي صَرَّةٍ فَصَكَّتْ وَجْهَهَا وَقَالَتُ

قَالُوْا كَنْ لِكِ عَالَ رَبُّكِ النَّهُ هُوَ الْحَكِيْمُ الْعَلِيْمُ @

১। মু'আবিয়া (রাযিআল্লাহ আনহ) থেকে বর্ণিত। তিনি বলেছেন, আমি নবী (সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম)-কে বলতে গুনেছি আমার উন্মতের একদল লোক সর্বাবস্থায় আল্লাহর হকুমের ওপর প্রতিষ্ঠিত থাকবে। যারা তাদেরকে মিখ্যা প্রতিপন্ন করতে চেষ্টা করবে কিংবা বিরোধিতা করবে তারা তাদের কোন ক্ষতি করতে পারবে না। তারা এ অবস্থায় থাকতেই কিয়ামত এসে যাবে। মালেক ইবনে ইউখামের বলেছেন, আমি মু'আয় ইবনে জাবাল আনসারীকে বলতে ভনেছি, তাদের এলাকা হবে শাম (সিরিয়া)। (হাদীসটি বর্ণনা করার পরই) মু'আবিয়া বললেন, মালেক ইবনে ইউখামের বলেছেন যে, তিনি মু'আয ইবনে জাবাল আনসারীকে বলতে শুনেছেন, যে তাদের এলাকা হবে শাম। (বুখারী, হাদীস নং ৭৪৬০)

৩১. তিনি (ইবরাহীম 💥) বললেনঃ হে প্রেরিত (ফেরেশতা-গণ!) আপনাদের বিশেষ কাজ কি?

৩২. তাঁরা বললেনঃ আমাদেরকে এক অপরাধী সম্প্রদায়ের জাতির] নিকট পাঠানো হয়েছে।

৩৩. তাদের উপর মাটির শক্ত কঙ্কর নিক্ষেপ করার জন্যে,

৩৪ যা চিহ্নিত তোমার পালকের নিকট হতে সীমালজ্ঞ্যন-কারীদের জন্যে ।

৩৫. সেখানে যেসব মু'মিন ছিল আমি তাদেরকে বের করে নিলাম। ৩৬. এবং সেখানে একটি পরিবার [লুত (র্ক্ট্রা)-এর পরিবার] ব্যতীত কোন মুসলমান আমি পাইনি।

৩৭. আমি ওতে একটি নির্দশন রেখেছি তাদের জন্যে, যন্ত্রণাদায়ক আযাবকে ভয় করে।

৩৮. এবং (নিদর্শন রেখেছি) মুসা (খ্রুট্রা)-এর কাহিনীতেও আমি তাকে স্পষ্ট ফিরাউনের কাছে পাঠালাম।

৩৯. তখন সে ক্ষমতার দম্ভে মুখ ফিরিয়ে নিলো এবং বললোঃ (এই ব্যক্তি) এক যাদুকর অথবা উন্মাদ।

৪০. সুতরাং আমি তাকে ও তার সৈন্যবাহিনীকে পাকড়াও করলাম সমুদ্রে নিক্ষেপ এবং তাদেরকে করলাম এবং সে তিরস্কৃত হলো।

8১. এবং (নিদর্শন রয়েছে) 'আদের ঘটনায়, যখন আমি তাদের বিরুদ্ধে প্রেরণ করেছিলাম অকল্যাণকর বায়:

قَالَ فَهَا خَطْبُكُمْ اَيُّهَا الْنُرْسَلُونَ ®

قال فهاخطبكم ٢٤

قَالُوْاَ إِنَّا أُرْسِلُنَا إِلَى قَوْمِرُمُّجُرِمِيْنَ ﴿

لِنُرْسِلَ عَلَيْهِمْ حِجَارَةً مِّن طِيْنِ ﴿

مُّسَوَّمَةً عِنْدَ رَبِّكَ لِلْبُسُرِفِيْنَ 🕾

فَاخْرَجْنَا مَنْ كَانَ فِيهَا مِنَ الْمُؤْمِنِيْنَ ﴿

فَهَا وَجَدُنَا فِيْهَا غَيْرَ بَيْتٍ مِّنَ الْمُسْلِمِينَ ﴿

وَتُرَكُّنَا فِيْهَآ أَيَةً لِلَّذِيْنَ يَخَافُونَ الْعَنَاكَ الْإِلِيْمُ أَنَّ

وَفِي مُوسَى إِذْ أَرْسَلْنَهُ إِلَى فِرْعَوْنَ بِسُلْطِنِ مُّبِيۡنِ⊛

فَتُوَيُّ بِرُكْنِهِ وَ قَالَ سَحِرٌّ أَوْ مَجْنُونٌ 🕲

فَاَحَذُنْهُ وَجُنُودَهُ فَنَبَنُ نَهُمْ فِي الْيَمِّ وَهُو مُلْنُمُ

وَفِي عَادٍ إِذْ أَرْسَلْنَا عَلَيْهِمُ الرِّيْحَ الْعَقِيْمَ ﴿

পারা ২৭

8২. এটা যা কিছুর উপর দিয়ে বয়ে গিয়েছিল তাকেই জরাজীর্ণ করে দিয়েছিল।

(নিদর্শন ৪৩. আরো সামুদের কাহিনীতে, যখন তাদেরকে বলা হলোঃ তোমরা ভোগ করে নাও কিছুকাল।

88. কিন্তু তারা তাদের প্রতিপালকের আদেশ অমান্য করলো: ফলে তাদের প্রতি বজ্রাঘাত হলো এবং তারা দেখছিল।

৪৫. তারা উঠে দাঁডাতে পারলো না এবং তা প্রতিরোধ করতেও পারলো না।

৪৬. (ধ্বংস করেছিলাম) ইতিপূর্বে নৃহ (﴿﴿)-এর সম্প্রদায়কে, তারা ছিল ফাসেক সম্প্রদায়।

8৭. আমি আকাশ নির্মাণ করেছি আমার (নিজ) হাতে এবং আমি অবশ্যই মহা সম্প্রসারণকারী।

৪৮. এবং আমি পৃথিবীকে বিছিয়ে দিয়েছি. আমি সূতরাং সুন্দরভাবে বিছিয়েছি!

৪৯. আমি প্রত্যেক বস্তু সৃষ্টি করেছি জোড়ায়-জোড়ায় যাতে তোমরা উপদেশ গ্রহণ করতে পার।

৫০. আল্লাহর দিকে ধাবিত হও: আমি তোমাদের জন্য তাঁর পক্ষ হতে স্পষ্ট সতর্ককারী।

৫১. তোমরা আল্লাহর সাথে অন্য কোন মা'বৃদ স্থির করো না; আমি তোমাদের জন্য তাঁর পক্ষ হতে স্পষ্ট সতর্ককারী।

مَا تَذُرُ مِنْ شَيْءٍ اَتَتْ عَلَيْهِ الْآجَعَلَتُهُ كَالرَّمِيْمِ أَنَّ وَفِيْ ثُمُودَ إِذْ قِيْلَ لَهُمْ تَكَتَّعُوْا حَتَّى حِيْنِ ®

فَعَتُوا عَنْ آمْرِ رَبِّهِمْ فَأَخَنَ تُهُمُ الصِّعِقَةُ وَهُمْ يَنْظُرُونَ ۞

فَهَا اسْتَطَاعُوا مِنْ قِيَامِ وَمَا كَانُوا مُنْتَصِرِيْنَ ﴿

وَ قَوْمَ نُوْجٍ مِّنْ قَبْلُ اللَّهُمْ كَانُواْ قَوْمًا فْسِقِينَ ﴿

وَ السَّهَاءَ بَنَيْنَهَا بِأَيْسٍ وَّ إِنَّا لَنُوْسِعُونَ ®

وَالْاَرْضَ فَرَشَنْهَا فَنِعْمَ الْبِهِدُونَ @

وَمِنْ كُلِّ شَيْءٍ خَلَقْنَا زَوْجَيْنِ لَعَلَّكُمْ @ (5. 5 tis

فَفِرُّوا إِلَى اللهِ ﴿ إِنِّي لَكُمْ مِّنْهُ نَذِيْرٌ مُّبِينٌ ﴿

وَلَا تَجْعَلُوا مَعَ الله إلْهَا أَخَرَ الَّيْ لَكُمْ مِّنْهُ نَنِ يُرُمُّنِينٌ ﴿

৫২. এভাবে, তাদের পূর্ববর্তীদের নিকট যখনই কোন রাসূল এসেছে, তারা বলেছেঃ (তুমি তো) এক যাদকর অথবা উন্যাদ!

৫৩. তারা কি একে অপরকে এই উপদেশই দিয়ে এসেছে? বস্তুতঃ তারা এক সীমালজ্বনকারী সম্প্রদায়। ৫৪. অতএব, তুমি তাদের দিক হতে মুখ ফিরিয়ে নাও এতে তুমি তিরস্কত হবে না ।

৫৫. এবং তুমি উপদেশ দিতে থাক. নিশ্চয়ই উপদেশ মু'মিনদের উপকারে আসে।

৫৬. আমি সৃষ্টি করেছি জ্বিন ও মানুষকে এজন্যে যে, তারা আমারই ইবাদত করবে।

৫৭. আমি তাদের নিকট হতে কোন রিযিক চাই না এবং এও চাই না যে তারা আমার আহার যোগাবে।

৫৮, আল্লাহই তো রিযিক দানকারী এবং তিনি অত্যন্ত পরাক্রমশালী।

৫৯. নিশ্চয়ই যালিমদের প্রাপ্য তাই যা (অতীতে) তাদের (পূর্বের ধ্বংসপ্রাপ্ত সঙ্গীরা) ভোগ করেছে। সুতরাং তারা যেন আমার নিকট তড়িঘড়ি না করে।

৬০. কাফেরদের জন্যে দুর্ভোগ তাদের ঐ দিনে, যে দিনের ভয় তাদেরকে দেখানো হয়েছে 1³

كَذْلِكَ مَا ٓ اَنَّ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ مِّنْ رَّسُولِ اِلَّا قَالُواْ سَاحِرٌ أَوْ مَجِنُونٌ ﴿

اتُواصُوا بِهِ عَبِلْ هُوْ قُوْمٌ طَاعُونَ ﴿

فَتُولَّ عَنْهُمْ فَيَا أَنْتَ بِمَكُومِ ﴿

وَّ ذَكِرٌ وَانَّ الزِّكْرِي تَنْفَعُ الْمُؤْمِنِينَ ﴿

وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْإِنْسَ إِلَّا لِيَعْبُكُونِ ﴿

مَا أُرِيْنُ مِنْهُمْ مِنْ رِّزْقِ وَمَا أُرِيْدُ أَنْ يُّطْعِمُونِ ﴿

إِنَّ اللَّهُ هُوَ الرِّزَّاقُ ذُو الْقُوَّةِ الْمَتِيْنُ @

فَإِنَّ لِلَّذِيْنَ ظَلَمُوا ذَنُوْبًا مِّثْلَ ذَنُوْبِ اَصْحِبِهِمُ فَلَا يَسْتَعْجِلُوْن ۗ

فَوَيْلٌ لِلَّذِينَ كَفَرُوا مِنْ يُّومِهِمُ الَّذِي وورو ورع پوعلون 🕀

১। আনাস (রাযিআল্লান্থ আনন্থ) সরাসরি রাসূলুল্লাহ্ (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) থেকে বর্ণনা করেছেন। আল্লাহ্ তা আলা জাহান্লামীদের মধ্যে সবচেয়ে লঘুদন্ত ও সহজ আযাব ভোগকারীকে জিজ্ঞেস করবেন, যদি দুনিয়ার সমস্যা ধন-সম্পদ (এখন) তোমার হাসিল হয়ে যায়, তাহলে এ আ্াাবের বিনিময়ে তুমি কি তা সব দিয়ে দেবে? সে জবাব দেবে-হাা। তখন আল্লাহ্ বলবেন, যখন তুমি আদমের পুষ্ঠে ছিলে, আমি তোমার থেকে এর চেয়েও অতি সহজ একটি জিনিস চেয়েছিলাম, আমার সাথে কাউকে শরীক করো না। কিন্তু তুমি (তা মানতে) অস্বীকার করলে এবং শিরকে লিগু হলে। (বুখারী, হাদীস নং ৩৩৩৪)

الظور ۵۲

সুরাঃ তুর, মাকী

(আয়াতঃ ৪৯, রুকৃ'ঃ ২) দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)।

১. শপথ তূর পর্বতের,

২. শপথ কিতাবের, যা লিখিত আছে

৩, খোলা পত্ৰে:

8. শপথ বায়তুল মা'মুরের,

৫. শপথ সমুনুত আকাশের.

৬. এবং শপথ উদ্বেলিত সমুদ্রের—

৭ তোমার প্রতিপালকের আযাব অবশ্যম্ভাবী,

৮. এর প্রতিহতকারী কেউ নেই।

৯. যেদিন আকাশ দুলিত হবে প্রবলভাবে ৷

১০. এবং পাহাড চলবে দ্রুত।

১১. দুর্ভোগ সে দিন মিথ্যাশ্রয়ীদের—

১২. যারা খেল-তামাশাচ্ছলে অসার কার্যকলাপে লিগু থাকে।

১৩. সেদিন তাদেরকে চরমভাবে ধাকা মারতে মারতে নিয়ে যাওয়া হবে জাহান্লামের অগ্নির দিকে.

১৪. এতো সেই অগ্নি যাকে তোমরা মিথ্যা মনে করতে।

১৫. এটা কি যাদু? নাকি তোমরা দেখছো না?

سُوْرَةُ الطُّلُورِ مُكِيَّتُهُ ۗ التأثفا ٢٩ ركْعَاتُهَا ٢ بشيم الله الرَّحْيٰنِ الرَّحِيْمِ

وَالطُّلُورِ ﴿

وَكِتْبِ مُّسُطُورٍ ﴿

فِي رَقِي مَّنْشُوْرٍ ﴿

وَّالْبَيْتِ الْمَعْمُودِ ﴿

وَالسَّقُفِ الْمَرُفُوعِ فَ

وَالْبَحْرِ الْمُسْجُوْدِ ﴿

اِنَّ عَنَابَ رَبِّكَ لَوَاقِعٌ فُ

مَّا لَهُ مِنْ دَافِعٍ ۞

تَّذُمُ تَكُورُ السَّيَّاءُ مُورًا ﴿

وَّتُسِيْرُ الْجِبَالُ سَيْرًا أَنْ فُوَيْلُ يُوْمَيِنِ لِلْمُكَنِّ بِيْنَ ﴿ الَّذِيْنَ هُمْ فِي خَوْضِ يَتُلْعَبُونَ شَ

يَوْمَ يُدَعُونَ إِلَى نَادِجَهَنَّمَ دَعًا شَ

هٰذِهِ النَّارُ الَّتِي كُنْتُمْ بِهَا تُكُنَّابُونَ ﴿

أَفْسِحٌ هٰنَا آمُ انْتُمُ لَا تُنْصِرُونَ @

১৬. তোমরা এতে প্রবেশ কর, অতঃপর তোমরা ধৈর্যধর আর না ধর উভয়ই তোমাদের জন্যে সমান। নিশ্চয়ই তোমাদেরকে তারই প্রতিফল দেয়া হচ্ছে যা তোমরা করতে।

১৭. নিশ্চয়ই মুন্তাকীরা থাকবে জানাতে ও ভোগ-বিলাসে,

১৮. তাদের প্রতিপালক তাদেরকে যা দিবেন তারা তা উপভোগ করবে এবং তিনি তাদেরকে রক্ষা করবেন জাহান্নামের আযাব হতে.

১৯. তোমরা ভৃপ্তির সাথে পানাহার করতে থাকো, তোমরা যা করতে তার প্রতিদান স্বরূপ ।

২০. তারা শ্রেণীবদ্ধভাবে সজ্জিত আসনে হেলান দিয়ে বসবে; আমি তাদের মিলন ঘটাবো সুনয়না (বড় বড় চক্ষ্ণ বিশিষ্ট) হুরের সঙ্গে।

২১. এবং যারা ঈমান আনে আর তাদের সম্ভান-সম্ভতি ঈমানে তাদের অনুগামী হয়, তাদের সাথে মিলিত করবো তাদের সম্ভান-সম্ভতিকে এবং আমি তাদের কর্মফলের ঘাটতি করবো না, প্রত্যেক ব্যক্তি নিজ কৃতকর্মের জন্যে দায়ী।

২২. আমি তাদেরকে অনেক অনেক ফল-মূল এবং গোশ্ত দিবো যা তারা পছন্দ করে।

২৩. সেখানে তারা একে অপরের নিকট হতে গ্রহণ করবে এমন পান-পাত্র, যার ফলে কেউ অসার কথা বলবে না এবং পাপ কর্মেও লিপ্ত হবে না। اِصُلُوْهَا فَاصْبِرُوْآ أَوْلَا تَصْبِرُوْا ۚ سَوَآءٌ عَلَيْكُمْ ۗ الصَّوْهَ اللَّهُ عَلَيْكُمْ ۗ اللَّهُ الْمُنْتُمْ تَعْبَلُوْنَ ۞

إِنَّ الْمُتَّقِينَ فِي جَنَّتٍ وَّنَعِيْمٍ ﴿

فْكِهِيْنَ بِمَا اللهُمْ رَبُّهُمْ وَوَقَهُمْ رَبُّهُمُ عَنَابَ الْجَحِيْمِ ﴿

كُلُواْ وَاشْرَبُواْ هَزِيْنَا إِمَا كُنْتُمْ تَعْمَلُونَ ﴿

ڡؙؾٞڮۣؠؽؘۘۼڸۺ۠ۯڔٟۿۜڞڡٛٛۏؙڡؘۊ۪ٷۯؘۊۜۻ۠ۿؗۄؙ ؠؚڿؙۅڔؚۼؽڹۣ؈

وَالَّذِيْنَ اَمَنُواْ وَالَّبَعَثَهُمُ ذُرِّيَّتُهُمُ بِاِيمَانِ ٱلْحَقْنَا بِهِمُ ذُرِّيَّتَهُمُ وَمَاۤ اَكَثُنْهُمُ مِّنْ عَمَلِهِمُ مِّنْ شَىٰءٍ طُكُلُّ امْرِئًا بِمَا كَسَبَ رَهِيْنٌ ۞

وَ اَمْكَ دُنْهُمْ بِفَاكِهَةٍ وَلَحْمِهِ مِّتًا يَشْتَهُونَ ٠

يَتَنَازَعُونَ فِيْهَا كَأْسًا لَا لَغُوَّ فِيْهَا وَلَا تَأْثِيْمٌ اللهَ

২৪. তাদের সেবার জন্য নিয়োজিত থাকবে কিশোরেরা যেন তারা সুরক্ষিত মুক্তা সদৃশ।

২৫. তারা একে অপরের দিকে ফিরে জিজ্ঞেস করবে,

২৬. এবং বলবেঃ পূর্বে আমরা পরিবার-পরিজনের মধ্যে ভয়ে ভয়ে ছিলাম।

২৭. অতঃপর আল্লাহ আমাদের প্রতি অনুগ্রহ করেছেন এবং দগ্ধকারী আযাব হতে আমাদেরকে রক্ষা করেছেন।

২৮. নিশ্চয়ই আমরা এর আগে আল্লাহকে ডাকতাম, তিনি তো বড়ই উপকারী, পরম দয়ালু।

২৯. অতএব তুমি উপদেশ দিতে থাকো, তোমার প্রভুর অনুগ্রহে তুমি গণক নও, উন্মাদও নও।

৩০. তারা কি বলতে চায় যে, সে একজন কবি? আমরা তার জন্যে কালের বিপর্যয়ের (মৃত্যুর) অপেক্ষা করছি।

৩১. বলঃ তোমরা অপেক্ষা কর, অবশ্য আমিও তোমাদের সাথে অপেক্ষা কারীদের অন্তর্ভুক্ত।

৩২. তবে কি তাদের বিবেক-বুদ্ধি তাদেরকে এ বিষয়ে প্ররোচিত করে, না তারা এক সীমালজ্ঞ্যনকারী সম্প্রদায়ং

৩৩. তারা কি বলেঃ এ কুরআন তাঁর নিজের বানানো? বরং তারা বিশ্বাস করতে চায় না। وَيُطُونُ عَلَيْهِمْ غِلْمَانٌ لَهُمْ كَانَّهُمْ لُؤُلُوُّ مُّكُنُونٌ ®

وَٱقْبَلَ بَعْضُهُمْ عَلَى بَعْضٍ يَّتَسَاءَنُونَ @

قَالُوْاۤ إِنَّا كُنَّا قَبُلُ فِنۡ اَهۡلِنَا مُشۡفِقِيۡنَ ۞

فَمَنَّ اللهُ عَكَيْنَا وَوَقْنَا عَذَابَ السَّبُوْمِ ٠

إِنَّا كُنَّا مِنْ قَبْلُ نَدُعُوهُ ﴿ إِنَّهُ هُو الْبَرُّ الرَّحِيْمُ ﴿

فَلْكِرْفَهَا ٱنْتَ بِنِعْمَتِ رَبِّكَ بِكَاهِنٍ وَّلَامَجُنُونٍ ﴿

اَمْ يَقُوْلُونَ شَاعِرٌ تَتَرَبَّصُ بِهِ رَيْبَ الْمَنُونِ @

قُلْ تَرَبُّصُوا فَإِنِّي مَعَكُمُ مِّنَ الْمُتَرَبِّصِينَ ﴿

امُرِ تَأْمُرُهُمْ أَحُلَامُهُمْ بِهِنَّا أَمْ هُمْ قُومٌ طَاغُونَ ﴿

اَمْ يَقُولُونَ تَقَوَّلُهُ عَلَى اللَّهِ يُؤْمِنُونَ اللَّهِ

৩৪. তারা যদি সত্যবাদী হয় তবে এর সদৃশ বানানো কিছু উপস্থিত করুক না।

৩৫. তারা কি কোন কিছু ব্যতীতই সৃষ্ট হয়েছে, না তারা নিজেরাই (নিজেদের) স্রষ্টা?

৩৬. না কি তারা আকাশমন্ডলী ও পৃথিবী সৃষ্টি করেছে? বরং তারা তো বিশ্বাস করে না।

৩৭. তোমার প্রতিপালকের ভান্ডার কি তাদের নিকট রয়েছে, না তারা এ সমুদয়ের নিয়ন্ত্রক?

৩৮. না কি তাদের কোন সিঁড়ি আছে যাতে আরোহণ করে তারা শ্রবণ করে? তবে তাদের সেই শ্রোতা সুস্পষ্ট প্রমাণ উপস্থিত করুক!

৩৯. তবে কি তাঁর জন্যে কন্যা-সন্তান এবং পুত্র-সন্তান তোমাদের জন্যে?

8০. তবে কি তুমি তাদের নিকট পারিশ্রমিক চাচ্ছ যে, তারা একে একটি কঠিন বোঝা মনে করবে?

8১. না কি অদৃশ্য বিষয়ে তাদের কোন জ্ঞান আছে যে, তারা তা লিখছে?

৪২. অথবা তারা কি কোন ষড়যন্ত্র করতে চায়? কাফিররাই হবে ষড়যন্ত্রের শিকার।

8৩. না কি আল্লাহ ব্যতীত তাদের অন্য কোন (সত্য) মা'বৃদ আছে? তারা যাকে শরীক স্থির করে আল্লাহ তা হতে পবিত্র। فَلْيَأْتُواْ بِحَدِيْثٍ مِّثْلِهِ إِنْ كَانُواْ صَدِقِيْنَ ﴿

اَمُرُخُلِقُوا مِنْ غَيْرِ شَيْءٍ اَمْ هُمُ الْخُلِقُونَ ﴿

ٱمْرِخَلَقُوا السَّلْوٰتِ وَالْأَرْضَ ۚ بَلَ لَّا يُوْقِنُونَ اللَّهِ

آمُرِعِنْكَ هُمْ خَزَايِنُ رَبِّكَ آمُرهُمُ الْمُصَّيْطِرُونَ ﴿

ٵۘمُ لَهُمْ سُلَّمٌ يَّسْتَبِعُوْنَ فِيهِ ۚ فَلْيَاٰتِ مُسْتَبِعُهُمْ بِسُلْطِنٍ مُّبِيْنٍ ﴿

آمْلَهُ الْبَنْتُ وَلَكُمُ الْبَنُونَ أَ

اَمْر تَسْعَالُهُمْ اَجْرًا فَهُمْ مِّنْ مَّغْرَمِر مُّثْقَلُونَ ﴿

آمْ عِنْدَهُمُ الْغَيْبُ فَهُمْ يَكْتُبُونَ أَ

آمُر يُرِيْنُ وْنَ كَيْنَا اللهَ فَالَّذِيْنَ كَفَرُوْا هُمُ الْكِيْنُ وُنَ شَ

اَمُ لَهُمُ اللهُ عَيْرُ اللهِ طَسُبُحْنَ اللهِ عَبَّاً يُشْرِكُونَ ﴿

88. যদি তারা আকাশের কোন খন্ড ভেঙ্গে পড়তে দেখলে বলেঃ এটা তো এক পুঞ্জীভূত মেঘ।

সুরা নাজ্ব্য ৫৩

৪৫ তাদেরকে উপেক্ষা করে চল সেদিন পর্যন্ত. যেদিন তারা ধ্বংসের সম্মুখীন হবে।

৪৬. সেদিন তাদের ষড়যন্ত্র কোন কাজে আসবে না এবং তারা সাহায্য প্রাপ্তও হবে না।

৪৭. নিশ্চয়ই যালিমদের জন্যে এ ছাডা আরোও শাস্তি রয়েছে: কিন্তু তাদের অধিকাংশই তা জানে না।

৪৮. তুমি তোমার প্রতিপালকের নির্দেশের অপেক্ষায় ধৈর্যধারণ আমার চোখের সামনেই রয়েছো। তুমি তোমার প্রতিপালকের সপ্রশংস পবিত্রতা ও মহিমা ঘোষণা কর যখন তুমি শয্যা ত্যাগ কর।

8৯. এবং তাঁর পবিত্রতা ঘোষণা কর রাত্রিকালে ও তারকার অস্ত গমনের পর।

সুরাঃ নাজম, মাকী

(আয়াতঃ ৬২, রুক্'ঃ ৩) দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)।

১. শপথ তারকারাজির, যখন সেটা হয় অস্তমিত.

২. তোমাদের সঙ্গী পথভ্রম্ভ নয় বিভ্ৰান্তও নয়,

وَإِنْ يُرُوا كِسُفًا مِّنَ السَّهَا مِ سَاقِطًا يَقُولُوا سَحَاتُ مَّذُكُومٌ ﴿

> فَنَ رَهُمْ حَتَّى يُلقُوا يَوْمَهُمُ الَّذِي فِيهِ نصعفون ١

يَوْمَ لَا يُغْنِيٰ عَنْهُمْ كَيْلُ هُمْ شَيْعًا وَّلَا هُمْ يُنْصَرُونَ ﴿

وَإِنَّ لِلَّذِي نُنَ ظُلَمُوا عَنَاايًا دُونَ ذَٰلِكَ وَلَكِنَّ اَكْتُرُهُمُ لَا يَعْلَبُونَ ®

وَاصْبِرْ لِكُنُم رَبِّكَ فَانَّكَ بِأَعْيُنِنَا وَسَبِّحُ بِحَيْنِ رَبِّكَ حِيْنَ تَقُوْمُ ﴿

وَمِنَ الَّيْلِ فَسَيِّحُهُ وَ اِدْهَارَ النُّجُوْمِ ﴿

شُوْرَةُ النَّجْمِ مُكِّيَّةً المَاتُكُمُا ١٢ رَكُوْعَا لِهُمْ ٢٢ بسبحر الله الرَّحْيٰنِ الرَّحِيْمِ

وَالنَّجُمِ إِذَا هَوْيُ ﴿

مَا ضَلَّ صَاحِثُكُمُ وَمَاغُوى ﴿

૭ .	এবং	তিনি	প্রবৃত্তি	হতেও	কথা
বৰে	नन ना	1			

 এটা তো এক ওহী, যা তাঁর প্রতি প্রত্যাদেশ করা হয়।

ক. তাকে শিক্ষা দান করে মহা
 শক্তিশালী, (ফেরেশ্তা)

৬. মহা শক্তিধর, তিনি (জিবরাঈল ক্রিড্রা নিজ আকৃতিতে) স্থির হয়েছিলেন,

৭. তখন তিনি উর্ধ্ব দিগন্তে ছিলেন,

৮. অতঃপর তিনি তার (রাসূল 繼 -এর) নিকটবর্তী হলেন, অতি নিকটবর্তী।

৯. ফলে তিনি দুই ধনুক অথবা ওরও কম ব্যবধানে হয়ে গেলেন।

১০. তখন আল্লাহ তাঁর বান্দার প্রতি যা ওহী করার তা ওহী করলেন।

১১. যা সে দেখেছে অন্তকরণ তা অস্বীকার করেনি।

১২. তিনি যা দেখেছেন তোমরা কি সে বিষয়ে তাঁর সঙ্গে বিতর্ক করবে? وَمَا يَنْطِقُ عَنِ الْهَوٰى ﴿

إِنْ هُوَ إِلَّا وَخَيٌّ يُونِي ﴿

عَلَّمَهُ شَٰكِيْكُ الْقُوٰى ﴿

ۮؙٷڡؚڗ<u>ؖۊ</u>۪ڟڡؘٵڛٛؾۅؽؖ

وَهُوَ بِالْأَثْقِ الْاَعْلَىٰ ۚ ثُمَّرَدَنَا فَتَكَالَٰىٰ ۞

فَكَانَ قَابَ قُوْسَيْنِ أَوْ اَدُنْيُ ٥

فَأُوْتَى إِلَى عَبْدِهِ مَا آوْفَى أَهُ

مَا كُذَبَ الْفُؤَادُ مَا رَأَى ١

اَفَتُهٰرُوْنَهُ عَلَى مَا يَرْي ®

১। কাতাদা আনাস ইবনে মালেক (রাযিআল্লান্থ আনন্থ) থেকে, তিনি মালেক ইবনে সাসা'আ হতে বর্ণনা করেছেন। তিনি (মালেক) বলেন, নবী (সাল্লাল্লান্থ আলাইছি ওয়াসাল্লাম) বলেছেনঃ আমি (কা'বা) ঘরের পাশে নিদ্রা ও জাগরণ উভরের মাঝামাঝি অবস্থায় ছিলাম। এরপর নবী (সাল্লাল্লাছ আলাইছি ওয়াসাল্লাম) দু'ব্যক্তির মাঝে নিজেকে উল্লেখ করে (বলেন) আমার নিকট সোনার তশতরী নিয়ে আসা হল—যা হিকমত ও ঈমানে পরিপূর্ণ ছিল। আমার বক্ষ থেকে পেটের নীচ পর্যন্ত বিদীর্ণ করা হল, তারপর পেট যমযমের পানিতে ধৌত করা হল এবং তা হিকমত ও ঈমানে পরিপূর্ণ করে দেয়া হল। পরে আমার কাছে একটি সাদা চতুল্পদ জম্ভ আনা হল, যা খচর থেকে ছোট এবং গাধা থেকে বড়। অর্থাৎ 'বোরাক'। অতঃপর (তাতে আরোহণ করে) আমি জিবরাঈল (ৄয়ৄয়)) সহ চলতে লাগলাম এবং পৃথিবীর নিকটবর্তী আসমানে দিয়ে পৌছলাম। জিজ্ঞেস করা হলো, 'কে' স্ব জবাব দেয়া হল, আমি জিবরাঈল (ৄয়ৄয়)। প্রশ্ন হলো তোমার সাথে কে? উত্তর দেয়া হল, 'মুহাম্মাদ' (ৠয়)। জানতে চাওয়া হল তাঁকে কি আনতে পাঠানো

হয়েছিলো? জ্বিরাইল (ﷺ) জানালেন, হাা। বলা হল, মারাহাবা, আপনার গুভাগমন কতই না উত্তম। এরপর আমি আদমের (﴿﴿) কাছে গেলাম। তাঁকে সালাম দিলাম। তিনি বললেন, মারহাবা, হে পুত্র এবং নবী।

অতঃপর আমরা দ্বিতীয় আসমানে গেলাম। জিজ্ঞেস করা হল, কে? জানালেন, আমি জিবরাঈল (﴿﴿ ﴾)। প্রশ্ন করা হল, তোমার সাথে কে? বললেন, 'মুহাম্মাদ' (紫)। প্রশ্ন হল, তাঁকে কি ডাকা হয়েছে? বললেন, হাা। বলা হল, মারহাবা, আপনার শুভাগমন কতই না উত্তম। তারপর ঈসা ও ইয়াহ্ইয়া (🞉 🕒)-এর কাছে পৌছলাম। তাঁরা বললেন, মারহাবা, হে ভাই ও নবী।

এরপর আমরা তৃতীয় আসমানে গেলাম। জিজ্ঞেস করা হল, কে? উত্তর দেয়া হল, জিবরাঈল (溪堡)। প্রশ্ন হল, সাথে কে? জবাব হল, 'মুহাম্মাদ' (紫)। জানতে চাওয়া হল, তাঁকে কি আনতে পাঠান হয়েছিল? জানান হল, হাাঁ। বলা হল, মারহাবা, আপনার আগমন কতই না আনন্দের ! অতপর আমি ইউসুফ (🎾)-এর কাছে গেলাম এবং তাঁকে সালাম করলাম। তিনি বললেন, মারহাবা, হে ভাই ও নবী।

এবার আমরা চতুর্থ আসমানে গেলাম। প্রশ্ন হল, কে ? বললেন, আমি জিবরাঈল (兴趣)। প্রশ্ন হল, সাথে কে? বলা হল, 'মুহাম্মাদ' (紫)। জিজ্ঞেস করা হল, তাঁকে কি ডাকা হয়েছে? জানান হল, হাঁা। বলা হল, মারহাবা আপনার আগমন কতই না উত্তম! এরপর ইদরীস (ﷺ)-এর খেদমতে এসে তাঁকে সালাম দিলাম। তিনি বললেন, মারহাবা, হে ভাই ও নবী।

তারপর আমরা পঞ্চম আসমানে পৌছলাম। (অনুরূপ) প্রশ্নোন্তর হলো। (যেমন) প্রশ্ন কে? উত্তর জিবরাঈল (幾到)। প্রশ্ন সাথে কে? উত্তর 'মুহাম্মাদ' (紫)। প্রশ্ন তাকে কি ডাকা হয়েছে? উত্তর- হাা। বলা হল-মারহাবা, আপনার শুভাগমন কতইনা আনন্দের! পরে আমরা হারুন (妊娠)-এর খেদমতে হাযির হলাম, তাঁকে সালাম করলাম। তিনি বললেন, মারহাবা হে ভাই ও নবী।

অতঃপর আমরা ষষ্ঠ আসমানে গিয়ে পৌছলাম। (এখানেও অনুরূপ প্রশ্নোন্তর হল) প্রশ্ন- কে ? উত্তর-জিবরাঈল (巡迴)। প্রশ্ন-সাথে কে? উত্তর 'মুহাম্মাদ' (‰)। প্রশ্ন-ডাকা হয়েছে কি? উত্তর-হাা। বলা হল-মারহাবা, তাঁর ভভাগমন কতই না উত্তম! তারপর আমি মৃসা (﴿﴿﴿﴿﴿﴾)-এর কাছে গেলাম এবং তাঁকে সালাম করলাম। তিনি বললেন, মারহাবা হে ভাই ও নবী। যখন আমরা এগিয়ে চললাম, তখন মৃসা (ﷺ) কেঁদে দিলেন। জিজ্ঞেস করা হলো, কেন কাঁদছেন? বললেন, হে আল্লাহ্! এই ছেলে আমার পরে নবী হয়েছে, তার উম্মত আমার উম্মতের চেয়ে অধিক পরিমাণে জান্নাতে যাবে।

এরপর সপ্তম আসমানে উঠলাম। (এখানেও সেই প্রশ্নোন্তর) প্রশ্ন- কে? উত্তর-জিবরাঈল (兴趣)। প্রশ্ন-তোমার সাথে কে? উত্তর-'মুহাম্মাদ' (紫)। প্রশ্ন তাঁকে কি ডাকা হয়েছে? জবাব-হাাঁ। বলা হল-মারহাবা, তাঁর ভভাগমন কতই না উত্তম! অতপর আমি ইবরাহীম-এর খেদমতে হাযির হয়ে তাঁকে সালাম করলাম। তিনি বললেন, মারহাবা, হে সন্তান ও নবী। তারপর আমার সামনে বায়তুল মা'মূর উন্মুক্ত করে আনা হল। আমি এটি সম্পর্কে জ্বিবরাঈল (炎堡))-কে জিজ্ঞেস করলাম। তিনি বললেন, এটি বায়তুল মা'মৃর। প্রতিদিন এখানে সন্তর হাজার ফেরেশ্তা নামায আদায় করে। এই সন্তর হাজার একবার এখান থেকে বের হলে দ্বিতীয়বার (কিয়ামত পর্যন্ত) তারা এখানে আর ফিরে আসবে না। তারপর আমাকে 'সিদরাতুল মুনতাহা' দেখান হল। দেখলাম, এর ফল (কুল) হাজারা নামক স্থানের মটকির সমান বিরাট ও পুরু। তার পাতাগুলো যেমন এক একটি হাতির কান। এর মূলদেশে চারটি ঝর্ণাধারা প্রবাহমান। এর দু'টি অভ্যন্তরে আর দু'টি বাইরে। আমি জিবরাঈল (ﷺ)-কে জিজ্ঞেস করলাম, তিনি বললেন, অভ্যন্তরের দু'টি জান্লাতে অবস্থিত। আর বাইরের দু'টি হল (ইরাকের) ফুরাত ও (মিসরের) নীল নদ। অতঃপর আমার ওপর পঞ্চাশ ওয়াক্ত নামায ফরয করা হয়। এরপর আমি ফিরে চলি এবং মৃসা (ﷺ)-এর কাছে এসে পৌছি। তিনি জ্ঞিজ্ঞেস করলেন, কি করে আসলেন। বললাম, আমার ওপর পঞ্চাশ ওয়াক্ত নামায ফর্য করা হয়েছে। তিনি বললেন, আমি মানুষ সম্পর্কে আপনার চেয়ে অধিক জ্ঞাত আছি। আমি বনী ইসরাঈলের (মানসিক) চিকিৎসার ভীষণ চেষ্টা চালিয়েছি। আপনার উম্মত (এত নামায আদায়ে) কিছুতেই সমর্থ হবে না। আল্লাহ্র ১৩. নিশ্চরই তিনি তাকে আরেক বার দেখেছিলেন।

১৪. সিদরাতুল মুনতাহার নিকট,

১৫. যার নিকট অবস্থিত জান্নাতুল মা'ওয়া।

১৬. তখন সিরাহ বৃক্ষটি, যার দারা আছোদিত হবার তার দ্বারা আচ্ছাদিত হচ্ছিল,

১৭. তার দৃষ্টি ভ্রষ্ট হয়নি এবং দৃষ্টি সীমালজ্ঞনও করে নি।

১৮. অবশ্যই তিনি তাঁর প্রতি-পালকের মহান নিদর্শনাবলী দেখেছিলেন।

১৯. তোমরা কি ভেকে দেখেছো 'লাত' ও 'উযযা' সমন্ধে

২০, এবং তৃতীয় আরেকটি 'মানাত' সম্বন্ধে?

২১. তবে কি তোমাদের জন্য পুত্র ভাঁর জন্য কন্যা সন্তানঃ

২২_ু এই প্রকার বন্টন তো অসঙ্গত।

২৩. এগুলো কতক নাম মাত্র, যা তোমাদের পূর্বপুরুষরা ও জোমরা রেখেছো, এর সমর্থনে আল্লাহ কোন দলীল প্রেরণ করেন নি। তারা তো وَلَقُدُ رَاٰهُ نَزُلَةً أُخُرى ﴿

عِنْكَ سِدُرَةِ الْكُنْتَهُي ﴿
عِنْدَهَاجَنَّةُ الْمَأْوِي ﴿

إِذْ يَغْشَى السِّدُرَةَ مَا يَغُشَى ﴿

مَا زَاغَ الْبَصَرُ وَمَا طَعْي ﴿

لَقَدُ رَأْى مِنْ أَيْتِ رَبِّهِ الْكُبُرَاي @

أَفْرَءَ يُتُمُّ اللَّتَ وَالْعُزِّي ﴿

وَمَنُوةَ الثَّالِثَةَ الْأَخْرَى ٠

الكُوللنَّكُوروكُ الْأَنْقُ

تِلْكَ إِذًا قِسْمَةً ضِيْزًى ﴿

اِنْ هِيَ اِلْاَ اَسُهَا ۚ سَهَيْتُنُوُهَاۤ اَنْتُمُ وَ اَبَاؤُلُمُ مَاۤ اَنْتُمُ وَ اَبَاؤُلُمُ مَاۤ اَنْتُلُ اَنْزَلَ اللهُ بِهَا مِنْ سُلْطِنٍ ﴿ اِنْ يَتَبِعُونَ اِلَّا الظُّنَّ

কাছে ফিরে যান এবং (তা কমানোর) আবেদন করুন। আমি ফিরে গোলাম এবং আবেদন করলাম। সুতরাং তিনি নামায চল্লিশ ওয়াক্ত করে দিলেন। পুনরায় অনুরূপ ঘটলে ত্রিশে নেমে আসল। আবার সেরূপ হলে আল্লাহ্ বিশ ওয়াক্ত করে দিলেন। আবারও তদ্রূপই ঘটল। আল্লাহ্ দশে নামিয়ে দিলেন। তারপর মৃসা (ऋয়)-এর কাছে আসলাম। তিনি পূর্বের মতোই বললেন, এবার আল্লাহ্ পাঁচ ওয়াক্ত নামায (ফর্য) করলেন। অতঃপর মৃসা (ऋয়)-এর কাছে আসলাম। কি করে এসেছি তা তিনি জানতে চাইলেন। বললাম, আল্লাহ্ নামায পাঁচ ওয়াক্ত করে দিয়েছেন। এবারও তিনি তা-ই বললেন। বললাম, আমি তা (সানন্দে) মেনে নিয়েছি। তখন (আল্লাহ্র পক্ষ থেকে) ডাক আসল, "আমি আমার ফর্য জারি করে দিয়েছি এবং আমার বান্দাহদের থেকে লাঘব করে দিয়েছি। আমি প্রতিটি নেকীর দশ গুণ সওয়াব দেব। (বুখারী, হাদীস নং ৩২০৭)ঃ

পারা ২৭

তথ্ অনুমান এবং তাদের প্রবৃত্তি যা চায় তারই অনুসরণ করে, অথচ তাদের নিকট তাদের প্রতিপালকের হিদায়েত এসেছে।

২৪. মানুষ ষা চায় তাই কি সে পায়? ২৫. বস্তুতঃ শেষ ও প্রথম জগতের অধিপতি আল্লাহই।

২৬. আকাশসমূহে কত ফেরেশতা রয়েছে! তাদের কোন সুপারিশ কাজে আসবে না যতক্ষণ আল্লাহ যাকে ইচ্ছা এবং যার প্রতি সম্ভুষ্ট তাকে অনুমতি না দেন।

২৭. যারা আখিরাতে বিশ্বাস করে না তারাই ফেরেশতাদেরকে নারী বাচক নাম দিয়ে খাকে।

২৮. অথচ এ বিষয়ে তাদের কোন জ্ঞান নেই, তারা শুধু অনুমানের অনুসরণ করে; সত্যের মুকাবিলায় অনুমানের কোন মূল্য নেই।

২৯. অতএব তাকে উপেক্ষা করে চল যে আমার স্মরণ হতে বিমুখ; সে তো শুধু পার্থিব জীবনই কামনা করে।

৩০. তাদের জ্ঞানের দৌড় এই পর্যন্ত। তোমার প্রতিপালকই ভাল জানেন কে তাঁর পথ হতে বিচ্যুত, তিনিই ভাল জানেন কে হেদায়েত প্রাপ্ত।

৩১. আকাশমন্তলী ও পৃথিবীতে যা কিছু আছে তা আল্লাহরই। যারা মন্দ আমল করে তাদেরকে তিনি দেন মন্দ ফল এবং যারা সৎ আমল করে তাদেরকে দেন উত্তম প্রতিদান,

وَمَا تَهُوَى الْاَنْفُسُ ۚ وَلَقَلْ جَاءَهُمُ مِّنَ رَبِّهِمُ الْهُذٰى ﴿

> ٱمۡرلِلْإِنْسَانِ مَا تَعَنَٰى ۗ فَلِلۡهِ الۡاٰخِرَةُ وَ الۡاُوۡلِى ۚ

وَكُمْرِقِنَ مَّلَكِ فِي السَّلُوتِ لاَ تُغْنِيُ شَفَاعَتُهُمْ شَيْطًا اِلَّامِنُ بَعْدِ اَنْ يَأْذَنَ اللهُ لِمَنْ يَشَاءُ وَ يَرْضَى ⊕

اِنَّ الَّذِيْنَ لَايُؤْمِنُونَ بِالْخِدَةِ لَيُسَتُّوْنَ الْخِدَةِ لَيُسَتُّوْنَ الْمَالِيَكَةُ لَيُسَتُّوْنَ الْمَلْيِكَةَ تَشْمِيكَةَ الْأُنْثَى

وَمَا لَهُمْ بِهِ مِنْ عِلْمِ ۚ إِنْ يَكَبُّبِعُوْنَ إِلَّا الظَّنَّ عَ وَإِنَّ الظَّنَّ لَا يُغْنِقُ مِنَ الْحَقِّ شَيْئًا ﴿

فَاعْدِضْ عَنْ مَنْ تَوَلَّى لَا عَنْ ذِكْرِنَا ۚ وَلَمْ يُرِدُ إِلَّا الْعَيْدِةَ اللَّهٰ نِيَا ﴿

ذْلِكَ مَبْلَغُهُمْ مِّنَ الْعِلْمِ لِأَنَّ رَبَّكَ هُوَ اَعْلَمُ بِمَنْ ضَلَّ عَنْ سَبِيْلِهِ وَهُوَ اَعْلَمُ بِمِن اهْتَلْي ۞

وَيِلْهِ مَا فِي السَّلُوتِ وَمَا فِي الْاَرْضِ لِيَجْزِيَ الَّذِيْنَ اَسَاءُوا بِمَا عَبِلُواْ وَيَجْزِيَ الَّذِيْنَ اَحْسَنُواْ بِالْحُسْنَى ﴿

৩২. যারা বিরত থাকে গুরুতর পাপ ও অশ্লীল কর্ম হতে, ছোট খাট তোমার প্রতি-অপরাধ করে ৷ পালকের ক্ষমা অপরিসীম: তিনি তোমাদের সম্পর্কে সম্যক অবগত— যখন তিনি তোমাদেরকে করেছিলেন মাটি হতে এবং এক সময় তোমরা মাতৃগর্ভে ভ্রুণরূপে ছিলে। অতএব তোমরা নিজেদের সাফাই গেয়ো না. তিনিই ভালো জানেন মুন্তাকী কে।

৩৩. তুমি কি দেখেছো সে ব্যক্তিকে যে মুখ ফিরিয়ে নেয়;

৩৪. এবং সামান্য দান করেই ক্ষান্ত হয়ে যায়?

৩৫, তার নিকটে কি গায়েবের জ্ঞান আছে যে, সে সব কিছু দেখবে?

৩৬. তাকে কি অবগত করা হয়নি যা মুসা (২৬৯) -এর কিতাবে আছে.

৩৭. এবং ইবরাহীম (র্ম্ব্রা)-এর কিতাবে, যিনি পূর্ণ করেছিলেন (সীয়) অঙ্গীকার?

৩৮. তা এই যে. অবশ্যই কোন বহনকারী অপরের বোঝা বহন করবে না.

৩৯. আর মানুষ তাই পায় যা সে চেষ্টা করে.

৪০, আর তার কর্ম অচিরেই দেখানো হবে---

 ৯১. অতঃপর তাকে দেয়া হবে পূর্ব প্রতিদান।

৪২. আর সবকিছুর সমাপ্তি তো তোমার প্রতিপালকের নিকট।

ٱكَّنْ يْنَ يَجْتَنِبُوْنَ كُلِّيرَ الْإِثْمِ وَالْفَوَاحِشَ إِلَّا اللَّهُمَ طَ إِنَّ رَبُّكَ وَاسِحُ الْمَغْفِرَةِ لَمْ هُوَ أَعْلَمُ بِكُمْ إِذْ أَنْشَأَكُمْ صِّنَ الْاَرْضِ وَإِذْ اَنْتُمْ آجِنَةٌ فِي بُطُونِ أُمَّهْتِكُمْ عَ فَلا تُزَكُّواْ ٱنْفُسَكُمْ لِهُوْ اَعْلَمُ بِينِ اتَّقَى ﴿

اَفَرَءَيْتَ الَّذِي تُولِّي اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ

وَٱعْظَى قَلِيْلًا وَّ أَكُنَّاى @

اَعِنْدَهُ عِلْمُ الْغَيْبِ فَهُوَ يَرْي ٠

ٱمْرَلَمْ يُنَبَّأُ بِمَا فِي صُحُفِمُوسَى ﴿

وَابْرِهِيْمَ الَّذِي وَفَّى ﴿

الاً تَزِرُ وَازِرَةً قِزْرَ أُخْرِي ﴿

وَأَنْ لَيْسَ لِلْإِنْسَانِ إِلَّا مَا سَعَى ﴿

وَأَنَّ سَعْبَهُ سَوْفَ يُراي ﴿

ثُمَّ يُحْزِيهُ الْحَزَّةِ الْأَوْقِي

وَأَنَّ إِلَّى رَبِّكَ الْمُنْتَهٰى ﴿

8৩. আর তিনিই হাসান, তিনিই কাঁদান,

88. এবং তিনিই মারেন, তিনিই বাঁচান,

৪৫. আর তিনিই সৃষ্টি করেন জোড়ায় জোড়ায় পুরুষ ও নারী,

৪৬. শুক্র বিন্দু হতে যখন তা নিক্ষেপ করা হয়়,

8৭. আর পুনরায় জীবিত করার দায়িত্বও তাঁরই,

৪৮. আর তিনিই ধনী ও সম্পদশালী করেন ও সম্পদ দান করেন,

8**৯.** আর তিনি শি'রা নক্ষত্রের মালিক।

৫০. এবং তিনিই প্রথম আ'দ সম্প্রদায়কে ধ্বংস করেছিলেন

৫১. এবং সামৃদ সম্প্রদায়কেও—তিনি বাকী রাখেননি—

৫২. আর এদের পূর্বে নৃহ (ৠ্রা)-এর সম্প্রদায়কেও তারা ছিল অতিশয় যালিম ও অবাধ্য।

৫৩. উৎপাটিত আবাস ভূমিকে উন্টিয়ে নিক্ষেপ করেছিলেন,

৫৪. ওকে আচ্ছন্ন করলো কি সর্বগ্রাসী আযাব!

৫৫. অতএব ভূমি ভোমার প্রতিপালকের কোন অনুগ্রহ সম্পর্কে সন্দেহ পোষণ করবে?

৫৬. অতীতের সতর্ককারীদের ন্যায়এই নবী (紫)-ও এক সতর্ককারী;

وَانَّكُ هُوَ أَضْحَكَ وَٱبْكَى ﴿

وَائَّةُ هُوَ آمَاتَ وَآخِيَا ﴿

وَانَّهُ خَلَقَ الزَّوْجَيْنِ النَّاكَرَ وَالْأَنْثَى ﴿

مِنْ نُطْفَةٍ إِذَا تُنْفَى

وَأَنَّ عَلَيْهِ النَّشَاةَ الْأَخْرَى ﴿

وَ أَنَّهُ هُوَ أَغُنِّي وَأَقْنَى ﴿

وَ أَنَّكُ هُو رَبُّ الشِّعْرَى ﴿

وَاتَّهُ آهُلَكَ عَادًا الْأُولَىٰ ﴿

وَثُمُوْدَا فَهَا آبُقَى ﴿

وَقُوْمَرُنُوجٍ مِّنْ قَبْلُ إِنَّهُمْ كَانُواْهُمْ اَظْلَمَوَاطْغَى ﴿

وَالْمُؤْتَفِكَةَ اَهُوٰى ﴿

فَغَشُّهَا مَاغَشِّي اللهِ

فَبِأَيِّ الْآءِ رَبِّكَ تَتَمَّارى

هٰذَا نَذِيْرٌ مِّنَ النُّذُرِ الْأُولى ۞

৫৭. কিয়ামত আসনু

৫৮. আল্লাহ ছাড়া কেউই এটা ব্যক্ত করতে সক্ষম নয়।

কি এই ৫৯. তোমরা কথায় (কুরআনে) বিস্ময়বোধ করছো?

৬০. হাসছো অথচ কাঁদছো না?

৬১, তোমরা তো উদাসীন,

৬২ অতএব তোমরা আল্লাহকে সিজদা কর এবং তাঁর ইবাদত কর।^১

اَزفَت الْأَزفَةُ أَنَّ كَيْسَ لَهَا مِنْ دُونِ اللهِ كَاشِفَةٌ هُ

أَفَمِنْ هٰذَا الْحَدِيثِ تَعْجَبُونَ ﴿

وَتَضْحُلُونَ وَلا تَنكُونَ ﴿ وَ أَنْتُمُ سِيدُونَ ٠ فَاسْجُكُوْا لِللَّهِ وَاغْبُكُوْا إِللَّهِ

সুরাঃ কামার, মাক্কী

(আয়াতঃ ৫৫, রুকু'ঃ ৩)

দ্য়াময়, পরম দ্য়ালু আল্লাহর নামে (শুরু করছি)।

১. কিয়ামত আসন্ন, চন্দ্ৰ ফেটে গেছে.

২. তারা কোন নিদর্শন দেখলে মুখ ফিরিয়ে নেয় এবং বলেঃ এটা তো পূৰ্ব হতে চলে আসা বড যাদু।

 তারা মিথ্যারোপ করে এবং নিজেদের প্রবৃত্তির অনুসরণ করে. আর প্রত্যেকটি ব্যাপার নির্ধারিত লক্ষ্যে পৌছবে।

8. তাদের নিকট এসেছে সংবাদ, যাতে আছে সাবধান বাণী।

سُوْرَةُ الْقَكرِ مَكِّيَةً المَاتُكَا ٥٥ رَكُهَا ٣ بستيم الله الرَّحْمٰن الرَّحِيْمِ

اِقْتُرْبَتِ السَّاعَةُ وَانْشَقَّ الْقَدُ 🛈

وَإِنْ يَرَوْا أَيَةً يُعْرِضُوا وَيَقُولُوا سِحْرٌ مُسْتَمهُ ﴿

وَكُنَّابُواْ وَالَّبَعُواْ الْهُوَاءَهُمْ وَكُلُّ الْمِرِ مُّسْتَقِرُّ ﴿

وَلَقُلُ جَاءَهُمْ مِّنَ الْأَثْنَاءِ مَا فِيهِ مُزْدَجًو ﴿

১। আনাস (রাযিআল্লান্থ আনহু) থেকে বর্ণিত। তিনি বলেন, মক্কাবাসী নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম)-এর নিকট একটি নিদর্শন দেখানোর দাবী করলো, তখন তিনি তাদেরকে (আল্লাহ্র নির্দেশে) চাঁদ দ্বিখন্ডিত হওয়ার নিদর্শন দেখালেন। (বুখারী, হাদীস নং ৪৮৬৭)

৫. এটা পরিপূর্ণ জ্ঞান, তবে সতর্ক বাণীসমূহ তাদের উপর কার্যকর হয় नि ।

৬. অতএব তুমি তাদেরকে উপেক্ষা যেদিন আহ্বানকারী (ইসরাফীল) আহ্বান করবে এক ভয়াবহ বস্তুর দিকে.

৭ অপমানে শঙ্কিত নয়নে সেদিন তারা কবরসমূহ হতে বের হবে বিক্ষিপ্ত পঙ্গপালের ন্যায়

৮. তারা আহ্বানকারীর দিকে ছুটে আসবে। কাফিররা বলবেঃ কঠিন এই দিন ৷

৯. এদের পূর্বে নৃহ (স্ক্র্র্ট্রা)-এর জাতিও মিথ্যারোপ করেছিল
— তারা আমার বান্দার প্রতি মিথ্যারোপ করেছিল এবং বলেছিলঃ এতো এক পাগল। আর তাকে ধমকিয়ে ছিল।

১০. তখন সে তার প্রতিপালককে আহ্বান করে বলেছিলঃ আমি তো পরাজিত, অতএব, তুমি আমাকে সাহায্য কর।

১১. তখন আমি আকাশের দুয়ার প্রবল বৃষ্টিসহ উনাুক্ত করে দেই.

১২. এবং ভূমি হতে উৎসারিত কর্লাম ঝর্ণাধারা; অতঃপর সকল পানি মিলিত হলো এক পরিকল্পনা অনুসারে।

১৩. তখন নৃহ (ৠা)-কে আরোহণ করালাম কাঠ ও পেরেক নির্মিত এক নৌযানে.

حِكْمَةُ كَالِغَةُ فَمَا تُغْنِ النُّذُرُ ﴿

فَتُوَلَّ عَنْهُمُ مِيَوْمَ يَنْعُ الدَّاعِ اللَّهُ عَنْهُمُ مَيُومَ يَنْعُ الدَّاعِ اللَّهُ إِلَى شَكْمِ وَ لُكُولٍ ﴿

خُشَعًا أَبْصَارُهُمْ يَخْرُجُونَ مِنَ الْأَجْدَاثِ كَانَّهُمْ جَرَادٌ مُّنْتَشُّونُ

مُّهُطِعِيْنَ إِلَى التَّاعِ لَا يَقُولُ الْكَفِرُونَ هٰنَا روو کر و پوم عسر

كَذَّبَتْ قَبْلَهُمْ قَوْمُ نُوْجٍ فَكَذَّبُواْ عَبْدَنَا وَقَالُواْ مَجْنُونٌ وَازْدُجِرَ ۞

فَكَعَا رَبُّهُ آنِّي مَغُلُونٌ فَانْتَصِرُ اللَّهِ

فَفَتَحُنّا أَبُوابَ السَّمَاءِ بِمَاءٍ مُّنْهَمِرٍ أَنَّ

وَّفَجُرُنَا الْأَرْضَ عُيُونًا فَالْتَقَى الْمَاءُ عَلَى آمُرٍ قُلُ قُلِدُ ﴿

وَحَمَلُنْهُ عَلَىٰ ذَاتِ ٱلْوَاحِ وَدُسُرِ ﴿

১৪, যা আমার চোখের সামনে চললো, এটা তার পরিবর্তে যাকে অস্বীকার করা হয়েছিল।

১৫. রেখে দিয়েছি আমি এটাকে নিদর্শনরূপে: অতএব উপদেশ গ্রহণকারী কেউ আছে কি?

১৬. সুতরাং (বলঃ) কেমন ছিল আমার আযাব ও সতর্কবাণী!

১৭ কুরআন আমি সহজ করে **मिराइ** উপদেশ গ্রহণের জন্যে, সূতরাং উপদেশ গ্রহণকারী কেউ আছে কি?

১৮. আ'দ সম্প্রদায় মিথ্যা মনে করেছিল, ফলে কি কঠোর হয়েছিল আমার আযাব ও সতর্কবাণী!

১৯. আমি তাদের উপর প্রেরণ করেছিলাম ক্রমাগত প্রবাহমান প্রচন্ডগতি সম্পন্ন বায়ু, দুর্জোগের দিনে,

২০. মানুষকে ওটা উৎখাত করেছিল উৎপাটিত খেজুর কান্ডের ন্যায়।

২১, কত কঠোর ছিল আমার আযাব ও সতর্কবাণী!

২২. আমি কুরআনকে সহজ করে দিয়েছি উপদেশ গ্রহণের জন্যে: অতএব উপদেশ গ্রহণকারী আছে কি?

সম্প্রদায় সূতর্ক-২৩. সামূদ বাণীসমূহকে মিথ্যা মনে করেছিল.

২৪. তারা বলেছিলঃ আমরা কি আমাদেরই এক ব্যক্তির অনুসরণ করবো? তবে তো আমরা বিপথগামী এবং বিবেকহীনরূপে গণ্য হবো।

تَجْرِي بِأَعْيُنِنَا جَزَآءً لِّينَ كَانَ كُفِرَ اللَّهِ

وَلَقِنُ ثُونُنِهَا أَنَةً فَهَلَ مِنْ مُّتَكِيرِ@

قُلَيْفَ كَانَ عَنَ إِنْ وَنُنُدِ ا

وَلَقُنُ يَسَّرُنَا الْقُرُانَ لِلنِّكِدِ فَهَلْ مِنْ مُّتَرَكِدِ ﴿

كُنَّابِتُ عَادٌّ فَكُيْفَ كَانَ عَذَانِي وَنُثُارِ ٠

إِنَّا ٱرْسَلْنَا عَلَيْهِمْ رِيْحًا صَرْصَرًا فِي يَوْمِنَحْسٍ مُستَبِرُ

تَنْزِعُ النَّاسُ كَانَّهُمْ أَعْجَازُ نَخْلٍ مُّنْقَعِرِ ﴿

فَكَيْفَ كَانَ عَنَالِي وَنُثُارِ اللهِ

وَلَقَلُ يَشَرُنَا الْقُرْانَ لِللِّكْمِ فَهَلْ مِنْ مُّنَّكِرِ ﴿

كَنَّيت ثَمُودُ بِالثُّنُونِ

فَقَالُوٓا اَبِشَرًا مِنَّا وَاحِدًا تُتَّبِعُهُ ﴿ إِنَّا إِذًا لَغِي ضَلِل وَسُعُر،

২৫. আমাদের মধ্যে কি ওরই প্রতি ওহী হয়েছে? বরং সে তো একজন মিথ্যাবাদী, দান্তিক।

২৬. আগামীকাল (কিয়ামতের দিন) তারা জানবে, কে মিথ্যাবাদী, দান্দ্রিক।

২৭. আমি তাদের পরীক্ষার জন্যে পাঠিয়েছি এক উদ্ভী; অতএব তুমি (হে সালেহ!) তাদের আচরণ লক্ষ্য কর এবং ধৈর্যশীল হও।

২৮. আর তুমি তাদেরকে জানিয়ে দাও যে, তাদের মধ্যে পানি বন্টন নির্ধারিত এবং পানির অংশের জন্যে প্রত্যেকে হাজির হবে পালাক্রমে।

২৯. অতঃপর তারা তাদের এক সঙ্গীকে আহ্বান করলো, সে ওটাকে (উষ্ট্রীকে) ধরে হত্যা করলো।

৩০. কি কঠোর ছিল আমার আযাব ও সতর্কবাণী!

৩১. আমি তাদের উপর ছেড়েছি এক বিকট আওয়াজ; ফলে তারা হয়ে গেল খোয়াড় মালিকদের বিখন্ডিত ভূষির ন্যায়।

৩২. আমি কুরআন সহজ করে দিয়েছি উপদেশ গ্রহণের জন্যে; অতএব উপদেশ গ্রহণকারী কেউ আছে কি?

৩০. লৃত সম্প্রদায় মিথ্যা প্রতিপন্ন করেছিল সতর্ককারীদেরকে,

৩৪. আমি তাদের উপর প্রেরণ করেছিলাম প্রস্তর বর্ষণকারী প্রবল বাতাস; কিন্তু লৃত পরিবারের উপর ءَ ٱلْقِى الذِّكُرُ عَلَيْهِ مِنْ بَيْنِنَا بَلْ هُوَكَلَّابٌ آشِرُّ®

سَيَعْلَمُونَ غَدًّا مَّنِ الْكُنَّابُ الْأَشِرُ

إِنَّا مُرْسِلُوا النَّاقَةِ فِتْنَةً كَهُمْ فَارْتَقِبْهُمْ وَاصْطَلِرُهُ

> وَنَتِّئُهُمُ اَنَّ الْهَاءَ قِسُهَ الْكَيْنَهُمْ ۚ كُلُّ شِرْبٍ مُّخْتَضَرُّ۞

فَنَادَوْا صَاحِبَهُمْ فَتَعَاظَى فَعَقَرَ

فَكَيْفَ كَانَ عَنَالِيْ وَنُنُونِ

اِئَّا اَرْسَلْنَا عَلَيْهِمْ صَيْحَةً وَّاحِدَةً فَكَانُوا كَهَشِيْمِ الْمُحْتَظِرِ۞

وَلَقَنُ يَشَرْنَا الْقُرْانَ لِلنِّكُرِ فَهَلْ مِنْ مُّنَّ كَرِ ®

كَنَّ بَتْ قَوْمُ لُوْطٍ بِالنُّذُودِ

إِنَّا ٱرْسَلْنَا عَلَيْهِمْ حَاصِبًا إِلَّا اللَّ الْ لُوْطِطْ

তাদেৱকে

করেছিলাম রাত্রির শেষাংশে:

নয়:

উদ্ধার

نَجِّيْنُهُمُ بِسَحَرِ ﴿

قال فهاخطبكم ٢٤

৩৫. এটা আমার বিশেষ অনুগ্রহ: কৃতজ্ঞ আমি এভাবেই যারা

আমি

তাদেরকে পুরস্কৃত করে থাকি।

৩৬. তিনি [লৃত (র্ট্ড্রা)] তাদেরকে সতর্ক করেছিলেন আমার পাকডাও হতে; কিন্তু তারা সতর্কবাণী সমূদ্ধে বিতর্ক শুরু করলো।

৩৭. তারা লৃত (﴿﴿﴿﴿﴿﴾)-এর নিকট হতে তার মেহমানদেরকে করলো, তখন আমি তাদের চোখের দষ্টিশক্তি লোপ করে দিলাম (এবং বললামঃ) আস্বাদন কর আমার আযাব এবং সতর্কবাণীর পরিণাম!

প্রত্যুষে বিরামহীন আযাব তাদেরকে আঘাত করলো। ৩৯ অতএব আশ্বাদন কর আমার আযাব এবং সতর্কবাণীর পরিণাম!

৪০. আমি কুরআনকে সহজ করে দিয়েছি উপদেশ গ্রহণের অতএব উপদেশ গ্রহণকারী আছে কি?

8১. ফিরআ'উন সম্প্রদায়ের নিকটও এসেছিল সতর্কবাণী,

৪২. কিন্তু তারা আমার সকল নিদর্শন মিথ্যা প্রতিপন্ন করলো, অতঃপর পরাক্রমশালী ও সর্বশক্তিমান রূপে আমি তাদেরকে কঠিন শাস্তি দিলাম। ৪৩. তোমাদের মধকোর কাফের কি তাদের (পূর্বের কাফেরগণ) অপেক্ষা শ্রেষ্ঠ? না কি তোমাদের মুক্তি সনদ রয়েছে পূর্ববর্তী কিতাবে?

نِّعْمَةً مِّنْ عِنْدِنَا الكَذْلِكَ نَجْزِي مَنْ شَكَرَ ا

وَلَقُنْ اَنْنَارَهُمْ بَطْشَتَنَا فَتَهَارَوْا بِالنُّنُونِ

وَلَقُلُ رَاوَدُونُا عَنْ ضَيْفِهِ فَطَهُسْنَآ أَعْيُنَهُمُ فَلَوْقُوْا عَنَانِيْ وَنُثُرِ ۞

> وَلَقَنَ صَبَّحَهُمْ لِكُرَّةً عَنَاكٌ مُّسْتَقرُّهُ فَنُوْقُواْ عَنَالِي وَنُثُرِ ۞

وَلَقُنُ يَسَتَرْنَا الْقُرْآنَ لِلنِّ كُرِ فَهَلْ مِنْ مُّنَّكِرِ ﴿

وَلَقَدُ حَاءَ أَلَ فِي عَوْنَ التُّذُرُ أَ

كَنَّ بُوْا بِأَيْتِنَا كُلِّهَا فَاَخَذُنْهُمُ آخُنَ عَزِيْزِ مُّقْتُن دِ ﴿

أَكْفًا رُكُمْ خَيْرٌ مِّنَ أُولِيكُمْ أَمْ لَكُمْ بَرَاءَةً في الزُّبُر شَ 88. তারা কি বলেঃ যে, আমরা এক বিজয়ী দল?

৪৫. এই দল শীঘ্রই পরাজিত হবে এবং পৃষ্ঠ প্রদর্শন করবে,

৪৬. অধিকয়্ত কিয়ামত তাদের আযাবের নির্ধারিতকাল এবং কিয়ামত হবে কঠিনতর ও তিক্ততর।

৪৭. নিক্রয়ই অপরাধীরা বিভ্রান্তি ও আযাবে নিপতিত

8৮. যেদিন তাদেরকে উপুড় করে টেনে নিয়ে যাওয়া হবে জাহান্নামের দিকে; (বলা হবেঃ) জাহান্নামের যন্ত্রণা আস্বাদন কর।

৪৯. আমি প্রত্যেক কিছু সৃষ্টি করেছি নির্ধারিত পরিমাপে।

ে আমার আদেশ তো একটি
 কথায় নিম্পন্ন, চক্ষুর পলকের মত।

৫১. আমি ধ্বংস করেছি তোমাদের মত দলগুলোকে, অতএব তা হতে উপদেশ গ্রহণকারী কেউ আছে কি?

৫২. তাদের সমস্ত কার্যকলাপ আছে আমল নামায় লিখিত আছে.

৫৩. ছোট ও বড় সবকিছুই লিপিবদ্ধ;

৫৪. মুত্তাকীরা থাকবে জানাতে ও নহরসমূহে।

৫৫. প্রকৃত সম্মানের আসনে, সার্বভৌম ক্ষমতার অধিকারী আল্লাহর সান্নিধ্যে। اَمْ يَقُوْلُونَ نَحْنُ جَنِيْعٌ مُّنْتَصِرُ ﴿

سَيُهْزَمُ الْجَنْعُ وَيُوَلُّونَ الدُّبُرَ

بَلِ السَّاعَةُ مَوْعِدُهُمْ وَالسَّاعَةُ أَدُهٰى وَ أَمَرُّ

إِنَّ الْمُجْرِمِيْنَ فِي ضَلْلٍ وَّسُعُرٍ ١

يَوْمَ يُسْحَبُوْنَ فِي النَّادِ عَلَى وُجُوُهِهِمْ ﴿ ذُوْقُواْ مَسَّ سَقَرَ۞

اِنَّا كُلَّ شَيْءٍ خَلَقْنُهُ بِقَدَدٍ ۞

وَمَمَّ اَمْرُنَا إِلَّا وَاحِدَةً كُلُوحٍ بِالْبَصَرِ ﴿

وَلَقُدُ اَهْلَكُنَّا اَشْيَاعُكُمْ فَهَلْ مِنْ مُّدَّكِرٍ @

وَكُلُّ شَيْءٍ فَعَلُوهُ فِي الزُّبُرِ ﴿

وَكُلُّ صَغِيْرٍ وَكَبِيْرٍ مُّسْتَطَرُّ

إِنَّ الْمُتَّقِيْنَ فِي جَنْتٍ وَّنَهُو ﴿

فِي مَقْعَدِ صِدُقِ عِنْدَ مَلِيْكٍ مُقْتَدِدٍ ﴿

সুরাঃ রহমান, মাদানী

(আয়াতঃ ৭৮, রুকু'ঃ ৩)

দ্য়াময়, পরম দ্য়ালু আল্লাহর নামে (শুরু করছি)।

- পরম দয়য়য়য় (আল্লাহ),
- ২. তিনিই শিক্ষা দিয়েছেন কুরআন.
- ৩. তিনিই সৃষ্টি করেছেন মানুষ,
- 8. তিনি তাকে শিখিয়েছেন ভাব প্রকাশ করতে,
- ৫. সূর্য ও চন্দ্র নির্ধারিত হিসাবের অধীনে
- ৬. তারকা ও বৃক্ষাদি সেজদা করে.
- ৭. আকাশকে সমুনুত করেছেন এবং স্থাপন ভারসাম্য করেছেন,
- ৮, যাতে পরিমাপে তোমরা সীমালজ্ঞান না কর।
- ৯. ওজনের ন্যায্য মান প্রতিষ্ঠিত কর এবং ওজনে কম দিয়ো না।
- ১০, তিনি পৃথিবীকে বিছিয়ে দিয়েছেন সৃষ্টজীবের জন্যে;
- ১১. এতে রয়েছে ফলমূল এবং খেজুর বৃক্ষ যার ফল আবরণযুক্ত,
- ১২. এবং খোসাবিশিষ্ট দানা मुगकी कुन।
- ১৩. সুতরাং তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের কোন কোন নিয়ামত অস্বীকার করবে?

سُوْرَةُ الرَّحْلِيٰ مَكَانِيَّةٌ ٣ لَوْالْهُ ٤٨ لِكُونَا ٣ بشير الله الرَّحْلِن الرَّحِيْمِ

> الرَّحْلِنُ أَنْ عَلَّمُ الْقُدُانَ أَنَّ خَلَقَ الْإِنْسَانَ ﴿

> > عَلَّنَهُ الْسَانَ۞

ٱلشَّبْسُ وَالْقَبَرُ بِحُسْبَانِ٥

وَّالنَّحُمُ وَالشَّحُرُ يَسْجُلُن ۞ وَالسَّهَاءَ رَفَعَهَا وَوَضَّعَ الْهِيْزَانَ فَ

الاً تُطْغُوا فِي الْمِيْزَانِ ﴿

وَ اَقِيْمُوا الْوَذْنَ بِالْقِسْطِ وَلَا تُخْسِرُوا الْمِنْزَانَ ٠

وَالْأَرْضَ وَضَعَهَا لِلْإِنَّامِ ﴿

فِيْهَا فَأَكِهَةً وَالنَّخْلُ ذَاتُ الْأَكْبَامِرُ اللَّهِ

وَالْحَبُّ ذُو الْعَصْفِ وَ الرَّيْحَانُ ﴿

فَيايِّ الْآءِ رَبِّكُما ثُكَدِّبِن @

خَلَقَ الْإِنْسَانَ مِنْ صَلْصَالِ كَالْفَخَارِ ﴿

قال فمأخطيكم ٢٤

১৪. মানুষকে (আদমকে) তিনি সৃষ্টি করেছেন পোডা মাটির মত ওকনা মাটি হতে.

১৫. আর জ্বিনকে সৃষ্টি করেছেন অগ্নি শিখা হতে,

১৬. সূতরাং তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের কোন কোন নিয়ামত অস্বীকার করবে?

১৭. তিনিই দুই উদয়াচল ও দুই আস্তাচলের নিয়ন্ত্রণকারী।

ኔ৮. সূতরাং তোমরা তোমাদের প্রতিপালকের কোন কোন নিয়ামত অস্বীকার করবে?

১৯. তিনি দুই সমুদ্রকে প্রবাহিত করেন যারা পরস্পর মিলিত হয়.

২০. এ দু'য়ের মধ্যে রয়েছে এক অন্তরাল যা ওরা অতিক্রম করতে পারে না ।

২১, অতএব তোমরা তোমাদের প্রতিপালকের কোন্ কোন্ নিয়ামত অস্বীকার করবে?

২২. উভয় সমূদ্র হতে উৎপন্ন হয় মুক্তা ও প্রবাল।

২৩. সুতরাং তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের কোন অনুগ্রহ অস্বীকার করবে?

২৪. সমুদ্রে বিচরণশীল পর্বত কোন জাহাজসমূহ তাঁরই নিয়ন্ত্রণাধীন;

২৫. সুতরাং তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের কোন কোন নিয়ামত অস্বীকার করবে?

২৬. ভ-পঠে যা কিছু আছে সমস্তই ध्वश्मभीन.

وَخَلَقَ الْجَآنَ مِنْ مَّادِي مِّنْ ثَادِقَ

فَيِاَيِّ الْآءِ رَبِّكُمًا ثُكَنِّ لِنِ 🕦

رَبُّ الْمَشْرِقَيْنِ وَرَبُّ الْمَغْرِبَيْنِ

فَبِاَيِّ الآءِ رَبِّكُمًا ثُكَذِّبٰ ٠

مَرَجَ الْبَحْرَيْنِ يَلْتَقِيلِنِ ﴿

بَيْنَهُمَا بَرُزَحُ لا يَبْغِينِ ﴿

فَيِاكِي الآءِ رَبِّكُمَّا ثُكَدِّبٰنِ ۞

يَخْرُجُ مِنْهُمَا اللُّؤُلُو وَ الْمَرْحَانُ ﴿

فَهِاَيِّ الْآءِ رَبِّكُمًا ثُكَذِّ لِن ⊕

وَلَهُ الْجَوَارِ الْمُنْشَعْتُ فِي الْيَحْرِ كَالْأَغْلَامِرَ ﴿

فَيايِ الآءِ رَبِّكُمَا ثُكَدِّبِنِ أَ

كُلُّ مَنْ عَلَيْهَا فَإِن

970 পারা ২৭

২৭. এবং অবশিষ্ট থাকবে শুধু তোমার প্রতিপালকের মুখমন্ডল (সন্তা), যা মহিমাময়, মহানুভব;

২৮. সুতরাং তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের কোন কোন নিয়ামত অস্বীকার করবে?

২৯, আকাশমন্ডলী ও পথিবীতে যা আছে সবাই তাঁর নিকট প্রতিদিন প্রার্থনা করে. তিনি সর্বদা মহান কার্যে বত ।

৩০ অতএব তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের কোন কোন অনুগ্রহ অস্বীকার করবে?

৩১. হে মানুষ ও জ্বিন! আমি শীঘ্ৰই তোমাদের প্রতি (হিসাব-নিকাশের জন্য) মনোনিবেশ করবো,

৩২. সুতরাং তোমরা তোমাদের প্রতিপালকের কোন কোন নিয়ামত অস্বীকার করবে?

👀 হে জ্বিন ও মানুষ জাতি! আকাশমন্ডলী ও পৃথিবীর সীমা হতে যদি তোমরা বের হতে পার, তবে বের হয়ে যাও; কিন্তু তোমরা তা পারবে না. শক্তি ব্যতিরেকে (আর সে শক্তি তোমাদের নেই)।

৩৪. সুতরাং তোমরা তোমাদের প্রতিপালকের কোন্ কোন্ নিয়ামত অস্বীকার করবে?

৩৫. তোমাদের উভয়ের প্রতি প্রেরিত হবে অপ্রিশিখা ও ধোঁয়া, তোমরা তা প্রতিরোধ করতে পারবে না।

06. সূত্রাং তোমরা উভয়ে ভোমাদের প্রতিপালকের কোন্ কোন্ নিযামত অস্বীকার করবে?

وَّيَبْقِي وَجُهُ رَبِّكَ ذُوالْجَلْلِ وَالْإِكْرَامِ ﴿

فَبِاَيِّ الآءِ رَبِّكُمًا ثُكَنِّ لِن ⊕

قال فهاخطيكم ٢٤

يَسْئَلُهُ مَنْ فِي السَّمَاوٰتِ وَالْأَرْضِ ۚ كُلَّ يَوْمِ هُوَ فِيْ شَأْنِ أَن

فَبِاَتِي الآءِ رَبِّكُمَا ثُكَدِّ بٰنِ ⊕

سَنَفُرُغُ لَكُمْ آيُّهُ الثَّقَالِي ﴿

فَهِاَي الآءِ رَبُّكُما تُكَنِّبٰن ⊕

يْمُعُشَرَ الْجِنَّ وَالْإِنْسِ إِنِ اسْتَطَعْتُمْ أَنْ تَنْفُنُوا مِنْ أَقْطَارِ السَّبَوْتِ وَ الْأَرْضِ فَانْفُذُ وَالْ لَاتَنْفُذُ وَنَ إِلَّا بِسُلْطِن ﴿

فَهَايِّي الآءِ رَبِّكُهَا ثُكَذِّ بنِ 🕾

يُرْسَلُ عَلَيْكُمُا شُواظٌ مِّنْ نَارِ لَا وَنُحَاسُ فَلا تَنْتَصِرٰنِ ﴿

فَهَاكِي الْآءِ رَبِّكُمَّا ثُكُنِّ بْنِ 🕝

৩৭ যেদিন আকাশ বিদীর্ণ হবে সেদিন ওটা লাল চামডার রক্তবর্ণ ধারণ করবে;

৩৮. সুতরাং তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের কোন্ কোন্ নিয়ামত অস্বীকার করবে?

৩৯. সেদিন মানুষ ও জ্বিনকে তার অপরাধ সম্বন্ধে জিজেস করা হবে নাং

৪০. সূতরাং তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের কোন কোন নিয়ামত অস্বীকার করবে?

৪১ অপরাধীদেরকে যাবে তাদের চেহারার আলামত হতে; তাদেরকে পাকড়াও করা হবে কপাল (চুলের ঝুঁটি) ও পা ধরে।

8২. সুতরাং তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের কোনু কোনু নিয়ামত অস্বীকার করবে?

৪৩. এটা সেই জাহান্লাম, অপরাধীরা মিথ্যা প্রতিপন্ন করতো.

88. তারা জাহান্লামের অগ্নি ও ফুটন্ত পানির মধ্যে ছুটাছুটি করবে।

8¢. সুতরাং তোমরা তোমাদের প্রতিপালকের কোন্ কোন্ নিয়ামত অস্বীকার করবে?

৪৬. আর যে ব্যক্তি আল্লাহ্র সামনে উপস্থিত হওয়ার ভয় রাখে, তার জন্যে রয়েছে দু'টি বাগান:

8৭. সূতরাং উভয়ে তোমরা তোমাদের প্রতিপালকের কোন কোন নিয়ামত অস্বীকার করবে?

فَاذَا انْشَقَّتِ السَّيَاءُ فَكَانَتُ وَزُدَةً كَالِدُهَانِ ١٠٠

فَهِاَ يِّي الآءِ رَبِّكُمُا ثُكَنِّ بنِ @

قال فياخطيكم ٢٤

فَيَوْمَهِنِ لا يُسْعَلُ عَنْ ذَنْبِهَ إِنْسٌ وَلا جَآنٌ ﴿

فَهِاَيِّي الآءِ رَبِّكُمًا ثُكَنِّ إِنِي ®

يُعْرَفُ الْمُجُرِمُونَ بِسِيلهُمْ فَيُؤْخَذُ بِالنَّوَاصِي والأقدام ١

فَهِاَ يَّ الْآءِ رَبَّكُهَا ثُكَنِّ بْن @

هْنِهِ جَهَنَّمُ الَّتِي يُكُنِّبُ بِهَا الْمُجُرِمُونَ ١٠٠٠ يَطُوْفُونَ بَيْنَهَا وَبَيْنَ حَمِيهِمَانٍ أَنَّ

فَهِاَيِّي الآءِ رَبِّكُمَا ثُكُذِّ ابن ﴿

وَلِينَ خَافَ مَقَامَر رَبِّهِ جَنَّانِي ﴿

فَياتِي الآءِ رَبِّكُمَا تُكَنِّي إِن فَ

৪৮. উভয়টি বহু শাখাপল্লব বিশিষ্ট বৃক্ষে ভরপুর;

৪৯. সূতরাং তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের কোন কোন নিয়ামত অস্বীকার করবে?

৫০, উভয়টিতে দু'টি রয়েছে ঝর্ণাধারা সদা প্রবহমান:

সুতরাং **ራ**ኔ. তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের কোন কোন নিয়ামত অস্বীকার করবে?

৫২, উভয় বাগানে রয়েছে প্রত্যেক ফল দুই প্রকার;

৫৩. সূতরাং তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের কোন কোন নিয়ামত অস্বীকার করবে?

৫৪. সেখানে তারা হেলান দিয়ে বসবে পুরু রেশমের আন্তর বিশিষ্ট বিছানায়, দুই বাগানের ফল হবে তাদের নিকটবর্তী।

CC. সূতরাং তোমরা তোমাদের প্রতিপালকের কোন্ কোন্ নিয়ামত অস্বীকার করবে?

৫৬. সে সবের মাঝে রয়েছে বহু আনত নয়না যাদেরকে তাদের পূর্বে জ্বিন কোন মানুষ অথবা স্পৰ্শ করেনি।

ሮዓ. সূতরাং তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের কোন্ কোন্ নিয়ামত অস্বীকার করবে?

৫৮. তারা যেন হীরা ও মতি;

৫৯. সূতরাং তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের কোন কোন নিয়ামত অস্বীকার করবে?

ذَوَاتاً أَفْنَانِ أَهُ

قال فيأخطيكم ٢٤

فَهَايِّ الآءِ رَبِّكُمَا ثُكَذِّ بٰنِ ۞

فِيهِمَا عَيْنُنِ تَجُرِيْنِ ٥

فَبِاَيِّ اللَّهِ رَبِّكُمًا ثُكَّذِبنِ @

فِيُهِمَا مِنْ كُلِّ فَاكِهَةٍ زُوْجُنِ ﴿

فَهِاَيِّ الْآءِ رَبِّكُمًا ثُكَنِّ بٰنِ ؈

مُتَّكِبِيْنَ عَلَى فُوْشٍ بَطَآبِنُهَا مِنَ اِسْتَبُرَقٍ ط وَجَنَا الْجَنَّتَيُنِ دَانٍ ﴿

فَهِاَيِّ اللَّهِ رَبِّكُمَا ثُكَدِّبْنِ ﴿

فِيهِنَ فُصِرْتُ الطَّرْفِ لاَكُمْ يَظْمِثُهُنَّ إِنْسُ قَيْلَهُمْ وَلاحِانًا فَيْ هَ

فَبِأَيِّ الآءِ رَبِّكُمًا ثُكَدِّ بنِ @

كَانَّهُنَّ الْيَاقُونُ وَالْمَرْجَانُ ﴿ فَياَ تِي الآءِ رَبِّكُما تُكُذَّبٰن ؈

قال فمأخطيكم ٢٤

৬০. উত্তম কাজের পুরস্কার উত্তম (জান্লাত) ব্যতীত আর কি হতে পারে?

৬১. সুতরাং তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের কোন কোন নিয়ামত অস্বীকার করবে?

৬২. এই বাগানদ্বয় ব্যতীত আরো দু'টি বাগান রয়েছে;

৬৩. সুতরাং তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের কোন্ কোন্ নিয়ামত অস্বীকার করবে?

৬৪. গাড় সবুজ এ বাগান দুটি;

৬৫. সুতরাং তোমরা উভযে তোমাদের প্রতিপালকের কোনু কোনু নিয়ামত অস্বীকার করবে?

৬৬. উভয় বাগানে আছে উৎক্ষিপ্তমান দুই ঝুর্ণাধারা:

હ٩. সূতরাং তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের কোন কোন নিয়ামত অস্বীকার করবে?

৬৮. সেখানে রয়েছে ফলমূল খেজুর ও ডালিম:

৬৯. সূতরাং তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের কোনু কোনু নিয়ামত অস্বীকার করবে?

৭০. সে সকলের মাঝে রয়েছে উত্তম চরিত্রের সুন্দরীগণ:

৭১. সুতরাং তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের কোন কোন নিয়ামত অস্বীকার করবে?

৭২. তাঁবুতে থাকবে সুরক্ষিত হুর;

هَـلُ جَزَآءُ الْاحْسَانِ إِلَّا الْاحْسَانُ ﴿

فَهِا يِّ الْآءِ رَبِّكُمَا ثُكَدِّ بنِ ®

وَمِنُ دُوْنِهِمَا جَنَاتُنِ ﴿

فَيِاَ تِي الآءِ رَبِّكُمًا ثُكُنِّ إِن ﴿

مُدُهَامَّانِ ﴿ فَمِا يِي الآءِ رَبِكُمُا ثُكُذَّ بِنِي ﴿

فِيْهِمَا عَيْنِ نَصَّاخَتُنِ أَصَّا

فَيِأَيِّ اٰلَآءِ رَبِّكُمُا ثُكَنِّ بِن ﴿

فِيْهِمَا فَاكِهَةٌ وَّنَخْلٌ وَّ رُمَّانٌ ﴿

فَهِاَيِّي الْآءِ رَبِّكُمَّا ثُكُذِّ لِنِ 🐨

فِيُهِنَّ خَيْراتُ حِسَانٌ ٥

فَبِاَيِّ الآءِ رَبِّكُمَا ثُكَدِّ بنِ @

حُدُرٌ مُّقَصُورًا عُي فِي الْخِيامِ ﴿

সুতরাং তোমরা তোমাদের প্রতিপালকের কোন কোন নিয়ামত অস্বীকার করবে?

৭৪. তাদের পূর্বে কোন মানুষ অথবা জ্বিন তাদের স্পর্শ করেনি।

সুতরাং তোমরা উভয়ে 9Œ. তোমাদের প্রতিপালকের কোন কোন নিয়ামত অস্বীকার করবে?

৭৬, তারা হেলান দিয়ে বসবে এমন সবজ আসনে যা অতি বিরল ও অতি উত্তম ।

৭৭. সুতরাং তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের কোন কোন নিয়ামত অস্বীকার করবে?

প্রতি-৭৮, কত মহান তোমার পালকের নাম যিনি মহিমাময় ও মহানুভব!

সুরাঃ ওয়াকি'আহু, মাক্টী

(আয়াতঃ ৯৬, রুকু'ঃ ৩) দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)।

১. যখন কিয়ামত সংঘটিত হবে.

২. (তখন) এর সংঘটন অস্বীকার করার কেউ থাকবে না।

৩. এটা কাউকেও করবে নীচ. কাউকেও করবে সমুনুত;

পৃথিবী 8. যখন প্রবল কম্পনে প্রকম্পিত হবে।

فَهِاَيِّ الآءِ رَبِّكُهَا ثُكَنِّ بن ﴿

كَمْ يَطْمِثْهُنَّ إِنْسٌ قَبْلَهُمْ وَلَاجَأَنُّ ﴿

فَيِاَتِي الآءِ رَبِّكُمَا ثُكَذِّبٰنِ @

مُتَّكِمٍ يُنَ عَلَى رَفْرَفٍ خُضْيِرٍ وَّعَبْقَرِيِّ حِسَانِ ﴿

فَهَايِّ الآءِ رَبِّكُمَا تُكَنِّ بن @

تَلْرَكَ اسْمُرَرَبِّكَ ذِي الْجَلْلِ وَ الْإِكْرَامِ ﴿

سُوُرَةُ الْوَاقِعَةِ مَكِّيَّةٌ الاَتْهَا ٩٦ رَدْعَاتُهَا ٣ بشيع الله الرَّحْمٰنِ الرَّحِيْمِ

> إِذَا وَقَعَتِ الْوَاقِعَةُ أَنَ لَيْسَ لِوَقْعَتِهَا كَاذِبَةً ۞ خَافِضَةٌ رَّافِعَةٌ ﴿ إِذَا رُجَّتِ الْأَرْضُ رَجًّا ﴿

الواقعة ٥٦

৫. এবং পর্বত্মালা চূর্ণ-বিচূর্ণ হয়ে যাবে.

৬, তখন ওটা উৎক্ষিপ্ত ধূলিকণায় পরিণত হবে।

৭. এবং তোমরা তিন শ্রেণীতে বিভক্ত হবে।

৮. ডান হাতের দল; (যারা ডান হাতে আমলনামাপ্রাপ্ত) কত ভাগ্যবান ডান হাতের দল!

৯. এবং বাম হাতের দল; (যারা বাম হাতে আমলনামা প্রাপ্ত) কত হতভাগ্য বাম হাতের দল!

১০, আর অগ্রবর্তীগণই তো অগ্রবর্তী,

১১. তারাই নৈকট্য প্রাপ্ত

নিয়ামতপূর্ণ ১২. (তারা) থাকবে জানাতসমূহে;

১৩. বহুসংখ্যক হবে পূর্ববর্তীদের মধ্য হতে;

১৪. এবং অন্ন সংখ্যক হবে পরবর্তীদের মধ্য হতে.

১৫. স্বর্ণখচিত আসনসমূহে

১৬. তারা তার উপরে হেলান দিয়ে. পরস্পর মুখোমুখি হয়ে বসবেন।

১৭. তাদের সেবায় ঘোরাফেরা করবে চির কিশোররা

১৮. পানপাত্র, কুঁজা ও প্রস্রবণ নিঃসৃত সুরাপূর্ণ পেয়ালা নিয়ে, (এরা হাজির হবে।)

১৯. সেই সুরা পানে তাদের শিরপীড়া হবে না, তারা জ্ঞান হারাও হবে না—

وَّ بُسَّتِ الْجِبَالُ بَسًّا ﴿

فَكَانَتُ هَيَاءً مُّنْكَفًّا ﴿

وَّ كُنْتُمُ إِنْ وَاحًا ثَلْثَهُ مِنْ

فَأَصْحُبُ الْمَيْمَنَةِ لَا مَلَ آصْحُبُ الْمِيْمَنَةِ أَ

وَ أَصْحُبُ الْمُشْعَمَةِ أَهُ مَا آصُحْبُ الْمُشْعَمَةِ أَن

وَالسِّيقُونَ السِّيقُونَ ﴿ أُولِيكَ الْمُقَرَّبُونَ أَنْ في كُنْتِ النَّعِيْمِ اللَّهِيمِ

ثُلَّةً مِّنَ الْأَوْلِيْنَ شَ

وَ قَلِيْكُ مِّنَ الْأَخِرِيْنَ أَنَّ عَلَى سُرُرٍ مَّوْضُوْنَةٍ فَ

مُّتَّكِيِيْنَ عَلَيْهَا مُتَقْبِلِيْنَ ٠٠

يَطُونُ عَلَيْهِمْ وِلْكَانُّ مُّخَلَّدُونَ ﴿

بِٱكْوَابِ وَ اَبَارِيْقَ لَا وَكَأْسٍ مِّنُ مَّعِيْنٍ ﴿

لا يُصَكَّعُونَ عَنْهَا وَلا يُنْزِفُونَ ﴿

২০. এবং তাদের পছন্দ মত ফলমূল,

২১. আর তাদের পছন্দ মত পাখীর গোশত নিয়ে,

২২. আর (তাদের জন্যে থাকবে) সুন্দর চক্ষুধারী হুর,

২৩. সুরক্ষিত মুক্তা সদৃশ,

২৪. তাদের আমলের পুরস্কার স্বরূপ।

২৫. তারা শুনবে না কোন অসার অথবা পাপবাক্য,

২৬. 'সালাম' আর 'সালাম' বাণী ব্যতীত।

২৭. আর ডান হাতের দল, কত ভাগ্যবান ডান হাতের দল!

২৮. (তারা থাকবে এক উদ্যানে.) সেখানে আছে কাঁটাবিহীন বরই গাছ.

২৯. কাঁদি ভরা কলা গাছ.

৩০. সম্প্রসারিত ছায়া.

৩১. সদা প্রবহমান পানি.

৩২. ও প্রচুর ফলমূল,

৩৩. যা শেষ হবে না ও যা নিষিদ্ধও হবে না।

৩৪. আর সমুচ্চ শয্যাসমূহ;

৩৫. তাদেরকে আমি সৃষ্টি করেছি নতুন রূপে

৩৬. তাদেরকে করেছি কুমারী

৩৭. সোহাগিনী ও সমবয়স্কা.

وَ فَاكِهَةٍ مِّمَّا يَتَخَيَّرُونَ ﴿

وَلَحْمِهِ طَيْرٍ مِّبًّا يَشْتَهُونَ أَنَّ

ر مووي ويو لا و حود عين ش

كَامُثَالِ التُّؤُلُو ﴿ الْمَكْنُونِ ﴿

جَزَاءً بِهَا كَانُواْ يَعْمَلُونَ 🕾

لَا يَسْبَعُونَ فِيْهَا لَغُوًّا وَّلَا تَأْثِيْبًا ﴿

الاً قَبُلاً سَلِمًا سَلَّمًا ١٠

وَأَصْحُبُ الْيَهِيْنِ لَا مَا آصُحْبُ الْيَهِيْنِ أَصُ

في سِدر مَخْضُود ﴿

وَّطَلْحٍ مَّنْضُوْدٍ ﴿ وَّ ظِلِّ مَّهُ لُودٍ ﴿ وَّمَاءِ مَّسُكُونِ ﴿ وَّ فَاكِهَةٍ كَثِيْرَةٍ ﴿ لاً مَقُطُوعَةِ وَلا مَهْنُوعَةِ ﴿

وَ فُرُشٍ مَّرَفُوْعَةٍ ﴿ إِنَّا ٱنْشَانُهُنَّ انْشَاءُ إِنَّا انْشَاءُ إِنَّا

> فَجَعَلُنْهُنَّ ٱبْكَارًا ﴿ عُدُنًا آثرانًا في

৩৮. এসব ডান হাতের লোকদের জন্যে।

৩৯. তাদের অনেকে হবে পূর্ববর্তীদের মধ্য হতে,

80. এবং অনেকে হবে পরবর্তীদের মধ্য হতে।

৪১. আর বাম হাতের দল, কত হতভাগা বাম হাতের দল!

৪২. তারা থাকবে লু-হাওয়ার প্রবাহ ও উত্তপ্ত পানিতে,

৪৩. কালো ধোঁয়ার ছায়ায়,

88. যা শীতলও নয়, আরামদায়কও নয়।

৪৫. ইতিপূর্বে তারা তো মগ্ন ছিল ভোগ-বিলাসে।

8৬. এবং তারা অবিরাম লিপ্ত ছিল ঘোরতর পাপকর্মে।

89. তারা বলতোঃ আমরা মরে গিয়ে মাটিতে মিশে যাব। আর হাড়গুলো পড়ে থাকবে তবুও কি পুনর্বার উত্থিত হব?

৪৮. এবং আমাদের পূর্বপুরুষগণও?

৪৯. বলঃ অবশ্যই পূর্ববর্তীগণ এবং পরবর্তীগণও

৫০. সকলকে একত্রিত করা হবে এক নির্ধারিত দিনের নির্ধারিত সময়ে:

৫১. অতঃপর হে বিভ্রান্ত মিথ্যা প্রতিপন্নকারীরা!

৫২. তোমরা অবশ্যই যাক্কৃম বৃক্ষ হতে আহার করবে, لِّاكَمُعْبِ الْيَبِيْنِ ﴿

ثُلَّةً مِّنَ الْأَوَّلِيْنَ ﴿

وَثُلَّةً مِّنَ الْأَخِرِيْنَ أَنْ

وَ أَصْحُبُ الشِّمَالِ أَهُ مَا آصُحْبُ الشِّمَالِ أَهُ

فِيْ سَمُوْمٍ وَحَمِيْمٍ ﴿

وَّ ظِلِّ مِّنْ يَحُمُوْمٍ ﴿

لاً بَارِدٍ وَلاكرِيْمٍ @

إَنَّهُمُ كَانُواْ قَبُلَ ذٰلِكَ مُثْرَفِيْنَ ﴿

وَكَانُوا يُصِرُّونَ عَلَى الْحِنْثِ الْعَظِيمِ ﴿

وَكَانُوْا يَقُوْلُوْنَ لَا آبِنَا مِثْنَا وَكُنَّا ثُرَابًا وَ عِظَامًا ءَاِنَّا لَمَبْعُوْثُوْنَ ﴿

آوَ اَبَآؤُنَا الْأَوَّلُونَ @

قُتُلُ إِنَّ الْأَوَّلِينَ وَ الْأَخِرِيْنَ ﴿

لَمَجْمُوْعُوْنَ لَاللَّ مِيْقَاتِ يَوْمِر مَّعْلُوْمِ

ثُمَّ إِنَّكُمْ آيُّهَا الضَّالُّونَ الْمُكَذِّبُونَ ﴿

لَا كِلُوْنَ مِنْ شَجِرٍ مِّنْ زَقُّوْمٍ ﴿

৫৩. এবং ওটা দ্বারা তোমরা উদর পূর্ণ করবে.

৫৪. তারপর তোমরা পান করবে ফুটন্ত টগবগে পানি-

৫৫. পান করবে তৃষ্ণার্ত উটের ন্যায় ।

৫৬ কিয়ামতের দিন এটাই হবে তাদের আপ্যায়ন।

৫৭. আমিই তোমাদেরকে করেছি, তবে কেন তোমরা বিশ্বাস করছো না?

৫৮. তোমরা কি ভেবে দেখেছো তোমাদের বীর্যপাত সম্বন্ধে?

৫৯. ওটা কি তোমরা সৃষ্টি কর, না আমি সৃষ্টি করি?

৬০. আমি তোমাদের জন্যে মৃত্যু নির্ধারিত করেছি এবং আমি অক্ষম নই—

৬১. এ ব্যাপারে যে, আমি তোমাদের মত (অন্যকে) পরিবর্তন করে নিয়ে আসব এবং তৈরি করব তোমাদেরকে এমন (আকৃতিতে) যা তোমরা জান না।

৬২. তোমরা তো অবগত হয়েছো প্রথম সৃষ্টি সম্বন্ধে, তবে তোমরা কেন উপদেশ গ্রহণ করো না?

৬৩, তোমরা যে বীজ বপন কর সে বিষয়ে চিন্তা করেছো কি?

৬৪. তোমরা কি ওকে অঙ্করিত কর. না আমি অঙ্করিত করি?

৬৫ আমি ইচ্ছা করলে খড়কুটায় পরিণত করতে পারি, তখন فَهَالِعُونَ مِنْهَا الْبُطُونَ ﴿

فَشْرِبُونَ عَلَيْهِ مِنَ الْحَبِيْمِ ﴿

فَشْرِبُونَ شُرْبَ الْهِيْمِر اللهِ

هٰنَا نُزُلُهُمْ يَوْمَ الرِّيْنِ ﴿

نَحْنُ خَلَقْنَكُمْ فَكُوْ لَا تُصَبِّقُونَ @

أَفَرَءُ يُتُمُ مَّا تُمِنُونَ هُ

ءَ أَنْتُمْ تَخْلُقُونَهُ آمُ نَحْنُ الْخِلِقُونَ ﴿

نَحْنُ قَلَّازُنَا بَيْنَكُمُ الْمَوْتَ وَمَا نَحْنُ بِمُسُبُّوْقِيْنَ ﴿

> عَلَىٰ أَنْ نُبُكِّالَ ٱمْثَالَكُمْ وَنُنْشِئَكُمْ في مَا لَا تَعْلَبُونَ 🕀

وَلَقَنْ عَلَيْتُمُ النَّشَاقَ الْأُولَىٰ فَلَوْ لَا تَذَكُّرُونَ ٠

أَفَرَءَيْتُمْ مَّا تَحُرُّونَ ﴿

ءَ اَنْتُمْ تَزْرَعُونَهَ آمُنكُنُ الزِّرِعُونَ ﴿

لُوْنَشَاءُ لَحَعَلْنَهُ حُطَامًا فَظَلَّتُهُ تَفَكَّهُونَ ٠

তোমরা হতবুদ্ধি হয়ে পড়বে,

৬৬. (বলবেঃ) আমাদের তো বরবাদ হয়েছে!

৬৭, বরং আমরা বঞ্চিত।

৬৮ তোমরা যে পানি পান কর সে বিষয়ে তোমরা চিন্তা করেছো কিং

৬৯. তোমরাই কি ওটা মেঘ হতে বর্ষাও, না আমি বর্ষাই?

৭০ আমি ইচ্ছা করলে ওটাকে লবণাক্ত বানাতে পারি। তবুও তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করবে না কেন?

৭১. তোমরা যে আগুন জ্বালাও তা লক্ষ্য করে দেখেছো কি?

৭২. তোমরাই কি ওর বৃক্ষ সৃষ্টি কর, না আমি সৃষ্টি করি?

৭৩ আমি একে করেছি একটি নিদর্শনম্বরূপ এবং মুসাফিরদের জন্য উপকারী।

৭৪. সুতরাং তুমি তোমার মহান প্রতিপালকের নামের পবিত্রতা ও মহিমা ঘোষণা কর।

৭৫. আমি শপথ করছি নক্ষত্র রাজির অস্তাচলের.

৭৬. অবশ্যই এটা এক মহা শপথ. যদি তোমরা জানতে—

৭৭. নিশ্চয়ই এটা সম্মানিত কুরআন.

৭৮. যা আছে সুরক্ষিত কিতাবে.

৭৯, পত-পবিত্ররা ব্যতীত অন্য কেউ তা স্পর্শ করে না।

إِنَّا لَهُغُرَمُونَ ﴿

بَلْ نَحْنُ مَحْرُومُونَ ﴿

أَفَرَءَ يُتُمُ الْمَاءَ الَّذِي تَشُرَبُونَ ﴿

ءَ اَنْتُمُ اَنْزَلْتُمُونُ مِنَ الْمُزْنِ اَمْرِنَحُنُ الْمُنْزِلُونَ ﴿

لَوْ نَشَاءُ جَعَلْنَهُ أَحَاجًا فَلَوْ لَا تَشْكُرُونَ ⊙

أَفُرُءَ يُتُمُّ النَّارَ الَّتِي تُورُونَ أَنَّ

ءَانْتُهُ انْشَاتُهُ شَجَرَتُهَا آمُ نَحْنُ الْمُنْشِئُونَ ﴿

نَحُرُ، جَعَلُنْهَا تَذُكِرَةً وَ مَتَاعًا لِلْمُقُويُنَ ﴿

فَسَبِّحُ بِالسِّمِ رَبِّكَ الْعَظِيْمِ ﴿

فَلاَ أُقْسِمُ بِمَوْقِعِ النُّجُوْمِ ﴿

وَ إِنَّهُ لَقُسُمُّ لَّوْ تَعْلَمُونَ عَظِيْمٌ ﴿

إِنَّهُ لَقُرُانٌ كَرِيْمٌ ﴿ فِي كِتْبِ مَّكُنُونِ ﴿ لاَ يَمَسُّهُ إِلاَّ الْمُطَعِّدُنَ هُ

৮০. এটা জগতসমূহের পালকের নিকট হতে অবতীর্ণ।

৮১. তবুও কি তোমরা এই হাদীসকে (কুরআনকে) তুচ্ছ গণ্য করবে?

৮২. এবং তোমরা মিথ্যারোপকেই তোমাদের উপজীব্য করে নিয়েছো! ৮৩. তবে কেন নয়— প্রাণ যখন কন্ঠাগত হয়।

৮৪. এবং তখন তোমরা তাকিয়ে দেখো।

৮৫, আর আমি তোমাদের অপেক্ষা (জানার দিক দিয়ে) তার নিকটতর; কিন্তু তোমরা দেখতে পাও না।

৮৬, তবে কেন নয়, যদি তোমরা প্রতিদান প্রাপ্ত না হও.

৮৭, তবে তোমরা ওটা ফিরাও না কেন? যদি তোমরা সত্যবাদী হও।

৮৮ যদি সে নৈকট্য প্রাপ্তদের একজন হয়,

৮৯. তার জন্যে রয়েছে আরাম. উত্তম রিযিক ও নিয়ামতময় জানাত:

১০ আর যদি সে ডান হাতের একজন হয়,

৯১. (তাকে বলা হবেঃ) হে ডান হাত ওয়ালা। তোমার জন্য নিরাপত্তা।

কিছে যদি ৯২. সে প্রতিপন্নকারী ও বিভ্রান্তদের অন্যতম হয়.

৯৩, তবে রয়েছে আপ্যায়ন টগবগে ফুটন্ত পানির দারা.

৯৪. এবং দহন জাহান্লামের;

تَنْزِيْلٌ مِّنْ رَّبِّ الْعٰلَمِيْنَ ۞

اَفَيِهِٰذَا الْحَدِيثِ ٱنْتُمْ مُّلْهِنُونَ ﴿

وَتَجْعَلُوْنَ رِزُقَكُمْ أَنَّكُمْ ثُكُنِّ بُوْنَ ﴿

فَلُوْ لِآ إِذَا بِلَغَتِ الْحُلْقُوْمَ ﴿

وَانْتُمْ حِينَهِنِ تَنظُرُونَ ﴿

وَنَحُنُ آقُوكُ إِلَيْهِ مِنْكُمْ وَلِكِنْ لاَ تُنْصِرُونَ ﴿

فَلُوْ لِآ إِنْ كُنْتُمْ غَيْرَ مَن يُنِيْنَ ﴿

تَرْجِعُونَهَا إِنْ كُنْتُمْ طِيقِينَ ٠

فَامَّا إِنْ كَانَ مِنَ الْمُقَرَّبِينَ ﴿

فَرُوعٌ وَرَيْحَانٌ لَا وَجَنَّتُ نَعِيْمِ ﴿

وَالمَّا إِنْ كَانَ مِنْ أَصْحٰبِ الْيَمِيْنِ ﴿

فَسَلْمٌ لَكَ مِنْ أَصُحْبِ الْيَبِينِ ﴿

وَامَّا إِنْ كَانَ مِنَ الْمُكَدِّيدِينَ الضَّالِّينَ ﴿

فَنُزُلُ مِنْ حَمِيْمِ ﴿

وَّ تَصْلِيَةُ جَحِيْمِ اللهُ

৯৫. নিশ্চয়ই এটা চূড়ান্ত সত্য।

৯৬. অতএব, তুমি তোমার মহান প্রতিপালকের নামের পবিত্রতা ও মহিমা ঘোষণা কর।

সুরাঃ হাদীদ মাদানী

(আয়াতঃ ২৯, রুকৃ'ঃ ৪)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)।

- পবিত্রতা ও মহিমা ঘোষণা করে আকাশমন্ডলী ও পৃথিবীতে যা কিছু আছে সবই আল্লাহ্র। তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাবান।
- ২. আকাশমন্তলী ও পৃথিবীর কর্তৃত্ব তাঁরই; তিনি জীবন দান করেন ও মৃত্যু ঘটান; তিনি সর্ববিষয়ে সর্বশক্তিমান।
- তনিই আদি, তিনিই অন্ত, তিনিই জাহের, তিনিই বাতেন এবং তিনি সর্ববিষয়ে অধিক অবহিত।
- 8. তিনিই ছয় দিবসে আকাশমভলী ও পৃথিবী সৃষ্টি করেছেন, অতপর আরশে সমুন্নীত হয়েছেন। তিনি জানেন যা কিছু ভূমিতে প্রবেশ করে ও যা কিছু তা হতে বের হয় এবং আকাশ হতে যা কিছু নামে ও আকাশে যা কিছু উত্থিত হয়। তোমরা যেখানেই থাকো না কেন তিনি (জানার দিক দিয়ে) তোমাদের সঙ্গে আছেন, তোমরা যা কিছু কর আল্লাহ তা দেখেন।

اِنَّ هٰذَا لَهُوَحَقُّ الْيَقِيْنِ ۚ فَ فَسَتِبُحُ بِالسِّمِ رَبِّكَ الْعَظِيْمِ ﴿

سُوُرَةُ الْحَلِيْ مِلَوَيْكَةً ايَاتُهَا ٢٩ رَدُهَاتُهَا ٢ بِسْحِ اللهِ الرَّحْلِينِ الرَّحِيْمِ

> سَبَّحَ بِلٰهِ مَا فِی السَّلٰوٰتِ وَالْاَرْضِ وَهُوَ الْعَزِیْزُ الْحَکِیْمُ ①

كَهُ مُلُكُ السَّلَوٰتِ وَالْاَرْضِ ۚ يُحْمِي وَ يُمِيْتُ ۗ وَهُوَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ۞

هُوَ الْأَوَّلُ وَالْآخِرُ وَالطَّاهِرُ وَالْبَاطِنُ ۗ وَهُوَ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ۞

هُوَ الَّذِي خَلَقَ السَّلُوتِ وَالْأَرْضَ فِي سِتَّةِ اَيَّاهِم ثُمَّ اسْتَوَى عَلَى الْعَرْشِ * يَعْلَمُ مَا يَلِجُ فِي الْاَرْضِ وَمَا يَخْرُجُ مِنْهَا وَمَا يَنْزِلُ مِنَ السَّمَاءِ وَمَا يَعْرُجُ فِيْهَا * وَهُوَ مَعَكُمُ اَيْنَ مَا كُنْتُمُ * وَ اللهُ بِمَا تَعْمَلُونَ بَصِيْرٌ * فَ ৬. তিনিই রাত্রিকে প্রবেশ করান দিবসে এবং দিবসকে প্রবেশ করান রাত্রিতে এবং তিনি হৃদয় সমূহের গোপন রহস্যও জানেন।

৭. আল্লাহ ও তাঁর রাসূল (ﷺ)-এর প্রতি ঈমান আন এবং তোমাদেরকে যা কিছুর উত্তরাধিকারী তিনি করেছেন তা হতে ব্যয়় কর। তোমাদের মধ্যে যারা ঈমান আনে ও ব্যয় করে, তাদের জন্যে আছে মহা পুরস্কার।

৮. তোমাদের কি হলো যে, তোমরা আল্লাহতে ঈমান আনতো না? অথচ রাসূল (紫) তোমাদেরকে তোমাদের প্রতি ঈমান আনতে আহ্বান করছে এবং তিনি (আল্লাহ) তোমাদের নিকট হতে অঙ্গীকার গ্রহণ করেছেন, তোমরা যদি বিশ্বাস করতে।

৯. তিনিই তাঁর বান্দার প্রতি সুস্পষ্ট আয়াতসমূহ অবতীর্ণ করেন, তোমাদেরকে সকল প্রকার অন্ধকার হতে আলোর দিকে আনার জন্যে; নিশ্চয়ই আল্লাহ তোমাদের প্রতি করুণাময়, পরম দয়ালু।

১০. তোমাদের কি হয়েছে যে, তোমরা আল্লাহর পথে ব্যয় করছ না? অথচ আকাশমন্ডলী ও পৃথিবীর মালিকানা আল্লাহরই। তোমাদের মধ্যে যারা (মক্কা) বিজয়ের পূর্বে ব্যয় كَ هُ مُلُكُ السَّلَوْتِ وَالْاَرْضِ ﴿ وَإِلَى اللَّهِ تُرْجَعُ ۗ الْاُمُوْدُوْ

يُوْلِجُ الَّيْلَ فِي النَّهَارِ وَيُوْلِجُ النَّهَارَ فِي الَّيْلِ ۖ وَهُوَ عَلِيْمٌ ۚ بِنَاتِ الصُّنُورِ ۞

امِنُوا بِاللّٰهِ وَ رَسُوٰلِهِ وَ اَنْفِقُوا مِتَّاجَعَلَكُمُ مُّسُتَخْلَفِيْنَ فِيهُ لِمْ فَالَّذِيْنَ امَنُوا مِنْكُمْ وَانْفَقُوا لَهُمْ اَجْرٌ كَبِيدٌ ۞

وَمَا لَكُمُ لَا ثُؤْمِنُوْنَ بِاللّهِ ۚ وَالرَّسُولُ يَلْعُوكُمُ لِتُؤْمِنُوْا بِرَبِّكُمْ وَقَلْ اَخَذَ مِيْثَا قَكُمُ اِنْ كُنْتُمُ مُّؤْمِنِيْنَ ۞

هُوَ الَّذِي يُنَزِّلُ عَلَى عَبْدِهَ الْيَتِم بَيِّنْتِ لِيُخْرِجَكُمْ مِّنَ الظُّلُلْتِ إِلَى النُّوْرِ ﴿ وَإِنَّ اللهَ بِكُمْ لَرَءُوْفٌ تَحِيْمٌ ۞

وَمَا لَكُمْ اَلَا تُنْفِقُوا فِيْ سَبِيْلِ اللهِ وَلِلهِ مِيْرَاتُ السَّلْوٰتِ وَالْاَرْضِ لَا يَسُتَّوِيُ مِنْكُمُ مَنْ اَنْفَقَ مِنْ قَبْلِ الْفَتْحِ وَقْتَلَ لَا أُولَلِكَ পারা ২৭

করেছে ও সংগ্রাম করেছে, সমান নয়; তারা মর্যাদায় শ্রেষ্ঠ তাদের পরবর্তীকালে অপেক্ষা যারা করেছে ও সংগ্রাম করেছে। তবে আল্লাহ উভয়ের কল্যাণের প্রতিশ্রুতি দিয়েছেন। তোমরা যা কর আল্লাহ তা সবিশেষ অবহিত।

১১. কে আছে যে আল্লাহকে উত্তম ঋণ দিবে? তাহলে তিনি তা বহুগুণে তার জন্য বৃদ্ধি করবেন এবং তার জন্যে উত্তম পুরস্কার রয়েছে।

১২. সেদিন (কিয়ামতের দিন) তুমি দেখবে মু'মিন নর-নারীদেরকে তাদের সম্মুখ ভাগে ও ডান পার্শ্বে তাদের জ্যোতি প্রবাহিত হবে। (বলা হবেঃ) জন্যে আজ তোমাদের সুসংবাদ জান্নাতের যার পাদদেশে নদীসমূহ প্রবাহিত হবে. সেখানে স্থায়ী এটাই তোমরা হবে, মহাসাফল্য।

১৩. সেদিন মুনাফিক পুরুষ ও মুনাফিক নারী মু'মিনদেরকে বলবেঃ তোমরা আমাদের একট জন্যে অপেক্ষা কর্ যাতে আমরা তোমাদের নূর হতে কিছু গ্রহণ করতে পারি। বলা হবেঃ তোমরা তোমাদের পিছনে ফিরে যাও ও আলোর সন্ধান কর। অতঃপর উভয়ের মাঝামাঝি স্থাপিত হবে একটি প্রাচীর সেখানে একটি দরজা থাকবে, যার অভ্যন্তরে রহমত এবং বহির্ভাগে আযাব।

১৪. তারা তাদেরকে ডেকে জিজ্ঞেস করবেঃ আমরা কি তোমাদের সঙ্গে

أعْظُمُ دَرْحَةً مِّنَ الَّذِينَ ٱلْفَقُّوا مِنْ يَعْدُ وَ قُتَلُوا م وَ كُلًّا وَّعَدَ اللَّهُ الْحُسْفَى مُ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ خَبِيْرٌ ٠٠

مَنْ ذَا الَّذِي يُقُرِضُ اللَّهَ قَرْضًا حَسَنًا فَيُضْعِفَهُ لَهُ وَلَهُ آجُرٌ كُرِيْمُ ١

يَوْمَ تَرَى الْمُؤْمِنِيْنَ وَ الْمُؤْمِنْتِ يَسْلَى نُورُهُمْ بَيْنَ آيْدِيْهِمْ وَبِآيْمَانِهِمْ بُشْرَاكُمُ الْيَوْمَ جَنَّتُ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهُرُ خِلِدِيْنَ فِيْهَا ﴿ ذِلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿

يَوْمَ يَقُولُ الْمُنْفِقُونَ وَالْمُنْفِقْتُ لِلَّذِينَ امنوا انظُرُونا نَقْتَبِسْ مِنْ نُوْرِكُمْ عَقِيلَ انْجِعُوا وَرَاءَكُمْ فَالْتَيْسُوا نُورًا لِمَ فَضُرِبَ بَيْنَهُمْ بِسُوْرِ لَهُ بَابٌ لَا بَاطِنُهُ فِيهِ الرَّحْمَةُ وَظَاهِرُهُ مِنُ قِسَلِهِ الْعَذَابُ شَ

مُنَادُوْ نَهُمْ أَلَمْ نَكُنُ مَّعَكُمُ ﴿ قَالُوْ ابِلِّي وَلِكُنَّكُمُ ۗ

ছিলাম না? তারা বলবেঃ হাঁা, কিন্তু নিজেরাই নিজেদেরকে বিপদগ্রস্ত করেছো; তোমরা প্রতীক্ষা করেছিলে, সন্দেহ পোষণ করেছিলে মিথ্যা আশা-আকাঞ্চা এবং প্রতারিত তোমাদেরকে করেছে. অবশেষে আল্লাহর হুকুম (মৃত্যু) এসেছে; আর মহাপ্রতারক (শয়তান) সম্পর্কে তোমাদেরকে আল্লাহ প্রতারিত করেছিল।

১৫. আজ তোমাদের নিকট হতে কোন মুক্তিপণ নেয়া হবে না এবং নিকট কাফিরদের হতেও জাহানামই তোমাদের চিরসঙ্গী, এটাই তোমাদের নিকৃষ্ট এই পরিণাম!

১৬. মু'মিন লোকদের জন্য এখনও কি সময় আসেনি যে, আল্লাহর স্মরণ এবং যে সত্য অবতীর্ণ হয়েছে তার সম্মুখে অবনত হবে? এবং পূর্বে যাদেরকে কিতাব দেয়া হয়েছিল তাদের মত যেন তারা না হয়. বহুকাল অতিক্রান্ত হয়ে গেলে যাদের হৃদয় কঠিন হয়ে পডেছিল। তাদের অধিকাংশই ফাসেক।

১৭. জেনে রেখো যে, আল্লাহই পৃথিবীকে তার মৃত্যুর পর জীবন দান নিদর্শনগুলো আমি তোমাদের জন্যে বিশদভাবে ব্যক্ত করেছি যাতে তোমরা বুঝতে পার।

১৮. দানশীল পুরুষ ও দানশীল নারী এবং যারা আল্লাহকে উত্তম ঋণ দান করে তাদেরকে দেয়া হবে বহুগুণ বেশি এবং তাদের জন্যে রয়েছে সম্মানজনক বিনিময়।

فَتَنْتُمُ انْفُسِكُمْ وَتُرَبِّصْتُمْ وَارْتَكُمْ وَغَيَّاتُكُمْ الْأَمَا فِيُّ حَتَّى حَاءَ أَمْرُ اللهِ وَغَرِّكُمْ بِاللهِ الْغَرُورُ اللهِ وَغَرِّكُمْ بِاللهِ الْغَرُورُ ا

فَالْيُوْمُ لَا يُؤْخَذُ مِنْكُمْ فِلْ يَدُّ وَّ لَا مِنَ الَّذِينَ كَفُرُوا طَمَا وَكُمُ النَّارُطِ هِيَ مَوْلِكُمْ طَ وَبِئْسَ الْمَصِيْرُ ﴿

ٱلَمْ يَأْنِ لِلَّذِيْنَ امَنُواۤ أَنْ تَخۡشَعَ قُلُوْبُهُمۡ لِنِ كُرِ اللهِ وَمَا نَزَلَ مِنَ الْحَقِّ وَلَا يَكُونُوا كَالَّذِيْنَ أُوْتُوا الْكِتٰبَ مِنْ قَبْلُ فَطَالَ عَلَيْهِمُ الْأُمَلُ فَقَسَتُ قُلُوبُهُمُ ﴿ كَتِيرٌ مِّنْهُمُ فَسِقُونَ اللَّهِ الْمُكَافِقَةُ فَ اللَّهِ اللَّهُ المُعَالَ

اِعْلَمُوْٓا آنَّ الله يُحِي الْأَرْضَ بَعْنَ مَوْتِهَا ﴿ قَلُ يَكِنَّا لَكُمُ الْأَيْتِ لَعَلَّكُمُ تَغْقِلُونَ ﴿

إِنَّ الْمُصَّلِّيقِينَ وَالْمُصَّلَّقَتِ وَأَقُوضُوا اللَّهَ قَرْضًا حَسنًا يُّطْعَفُ لَهُمْ وَلَهُمْ آجُرُّ كُرِيمٌ ۞ >>> যারা আল্লাহ ও তাঁর রাস্লের (變) প্রতি ঈমান আনে, তারাই তাদের প্রতিপালকের নিকট সত্যনিষ্ঠ ও সাক্ষী। তাদের জন্যে রয়েছে তাদের প্রাপ্য পুরস্কার ও জ্যোতি এবং যারা কৃষ্ণরী করেছে ও আমার নিদর্শনাবলী অস্বীকার করেছে, তারা জাহান্নামের অধিবাসী হবে।

২০. তোমরা ভালোভাবে জেনে রেখো, দুনিয়ার জীবন তো খেল-তামাশা, জাঁকজমক, পারস্পরিক অহংকার প্রকাশ, ধন-সম্পদ সন্তান-সন্ততি প্রাচুর্য লাভের প্রতিযোগিতা ব্যতীত আর কিছুই নয়; এর উপমা বৃষ্টি, যার দ্বারা উৎপন্ন শস্য-সম্ভার কৃষকদের চমৎকৃত করে. অতঃপর ওটা ওকিয়ে যায় ফলে তুমি ওটা হলুদ বর্ণ দেখতে পাও. অবশেষে তা খড় কুটায় পরিণত হয়। পরকালে রয়েছে কঠিন শাস্তি এবং আল্লাহর ক্ষমা ও সম্ভুষ্টি। দুনিয়ার জীবন ছলনাময় ধোকা ব্যতীত কিছই নয়।

২১. তোমরা অর্থণী হও তোমাদের প্রতিপালকের ক্ষমা ও সেই জানাত লাভের প্রয়াসে যা প্রশস্ততায় আকাশ ও পৃথিবীর মত, যা প্রস্তুত করা হয়েছে আল্লাহ ও তাঁর রাসূলগণে বিশ্বাসীদের জন্যে। এটা আল্লাহর অনুর্থহ, যাকে ইচ্ছা তিনি এটা দান করেন; আল্লাহ বড়ই অনুগ্রহশীল।

২২. এমন কোন বিপদ নেই যা পৃথিবীতে অথবা ব্যক্তিগতভাবে তোমাদের উপর আসে আর আমি وَالَّذِينَ الْمَنُوْا بِاللهِ وَ رُسُلِهَ اُولَلِيكَ هُمُ الصِّدِّينَقُونَ لَى وَالشُّهَلَ آءُ عِنْلَ رَبِّهِمْ لَهُمُ اَجُرُهُمْ وَنُورُهُمْ لِوَالنِّنِينَ كَفَرُوْا وَكَنَّ بُوْا بِالْيِتِنَا اُولِيكَ اَصْحُبُ الْجَحِيْمِ ﴿

إغْلَمُوْا اَنْهَا الْحَيْوةُ الدُّنْيَا لَعِبُ وَ لَهُوْ وَ وَيُنَهُ وَ تَكَاثُرُ فِي الْمُوْالِ وَيُنَهُ وَتَكَاثُرُ فِي الْمُوَالِ وَالْاَوْلَادِ ﴿ كَمَثَلِ غَيْثٍ اَعْجَبَ الْكُفَّارَ نَبَاتُهُ وَالْاَوْلَادِ ﴿ كَمَثَلِ غَيْثٍ اَعْجَبَ الْكُفَّارَ نَبَاتُهُ ثُمَّ يَهُونُ حُطَامًا ﴿ وَهَ يَهِيْحُ فَتَرْدَهُ مُصْفَدًا اللَّهُ يَكُونُ حُطَامًا ﴿ وَفَى الْاَحِدُوةِ عَذَابٌ شَدِينًا لِاللَّهِ وَ رِضْوَانٌ ﴿ وَمَا الْحَيْوةُ الدُّنْيَا اللَّا اللَّهُ اللَّهُ الْخُرُودِ ﴿ مَنَا الْحَيْوةُ الدُّنْيَا اللَّهِ مَنَاعُ الْخُرُودِ ﴿

سَابِقُوْ اللَّ مَغُفِرَةٍ مِّنُ رَّبِّكُمُ وَجَنَّةٍ عَرْضُهَا كَعَرُضِ السَّهَاءَ وَ الْأَرْضِ لا أُعِدَّتُ لِلَّذِينَ اَمَنُوْ ابِ اللهِ وَرُسُلِهِ لَا فَضُلُ اللهِ يُؤْتِيلُهِ مَنْ يَّشَآءُ لَوَ اللهُ ذُو الْفَضْلِ الْعَظِيْمِ (اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ الله

مَا آصَابَ مِنْ مُّصِيبُةٍ فِي الْأَرْضِ وَلَا فِيَّ ٱنْفُسِكُمُ إِلَّا فِي كِتْبِ مِّنْ قَبْلِ آنْ نَّبُرَ آهَا ﴿

পারা ২৭

الحديد ٤٥

তা সংঘটিত করার পূর্বে তা একটি কিতাবে লিপিবদ্ধ রাখিনি, আল্লাহর পক্ষে এটা খুবই সহজ।

২৩. এটা এজন্যে যে, তোমরা যা হারিয়েছো তাতে যেন তোমরা হতাশা গ্ৰস্ত না হও এবং যা তিনি তোমাদেরকে দিয়েছেন তার জন্যে গৌরবে ফেটে না পড়। আল্লাহ পছন্দ করেন উদ্ধৃত ও অহংকারীদেরকে।

২৪. যারা কার্পণ্য করে এবং মানুষকে কার্পণ্যের নির্দেশ দেয় এবং যে মুখ ফিরিয়ে নেয় (সে জেনে রাখুক যে.) আল্লাহ তো অভাবমুক্ত, প্রশংসিত।

২৫. নিশ্চয়ই আমি আমার রাস্লদেরকে প্রেরণ করেছি স্পষ্ট প্রমাণসহ এবং তাদের সঙ্গে দিয়েছি কিতাব ও তুলাদন্ড যাতে মানুষ সুবিচার প্রতিষ্ঠা করে এবং আমি লৌহ দিয়েছি যাতে রয়েছে প্রচন্ড ও রয়েছে মানুষের জন্যে বহুবিধ কল্যাণ; এটা এই জন্যে যে. আল্লাহ প্রকাশ করে দিবেন কে প্রত্যক্ষ না করেও তাঁকে ও তাঁর রাসুলদেরকে সাহায্য করে। আল্লাহ শক্তিমান, পরাক্রমশালী।

(খুট্রা)-কে (রাসলরূপে) করেছিলাম এবং আমি তাদের দু'জনের বংশে নবুওয়াত কিতাবের ব্যবস্থা করেছিলাম: কিন্তু তাদের অল্পই সৎপথ অবলম্বন করে-ছিল এবং অধিকাংশই ছিল ফাসেক। ২৭. অতঃপর আমি একের পর এক আমার রাসূলগণ পাঠিয়েছি

إِنَّ ذٰلِكَ عَلَى اللَّهِ يَسِيْرٌ ﴿

قال فهاخطيكم ٢٤

لِّكَيْلَا تَأْسَوْا عَلَىٰ مَا فَاتَكُمْ وَلَا تَفْرَحُوْا بِمَأَ ٱتْكُمُو وَاللهُ لَا يُحِبُّكُلُّ مُخْتَالٍ فَخُوْرٍ فِي

الَّذِيْنَ يَبُخَلُونَ وَيَأْمُرُونَ النَّاسَ بِالْبُخْلِ ا وَ مَنْ يَّتَوَلَّ فَإِنَّ اللهَ هُوَ الْغَنِيُّ الْحَمِينُ ٥

لَقَانُ ٱرْسَلْنَا رُسُلَنَا بِالْبَيِّلْتِ وَٱنْزَلْنَا مَعَهُمُ الْكِتْبَ وَالْمِيْزَانَ لِيَقُوْمَ النَّاسُ بِالْقِسُطِ عَ وَٱنْزَلْنَا الْحَدِينَكَ فِيهِ بَأْسٌ شَدِينًا وَمَنَافِعُ لِلنَّاسِ وَلِيَعْلَمَ اللَّهُ مَنْ يَنْصُرُهُ وَ رُسُلَهُ بِٱلْعَيْبِ اللهَ اللهَ قُويٌّ عَزِيْزٌ ﴿

وَلَقَدُ ٱرْسَلْنَا نُوْحًا وَّ إِبْرِهِيْمَ وَجَعَلْنَا فِي ذُرِّيَّتِهِمَا النُّبُوَّةَ وَالْكِتٰبَ فَمِنْهُمُ مُّهُتَبٍ^{عَ} وَكَثِيرٌ مِنْهُمْ فَسِقُونَ 🕾

ثُمَّ قَفَّيْنَا عَلَى أَثَارِهِمُ بِرُسُلِنَاوَ قَفَّيْنَا بِحِيْسَى

মারইয়াম পুত্র ঈসা (র্ক্স্মা)-কে পাঠিয়েছি। আর তাকে দিয়েছিলাম ইঞ্জীল এবং তার অনুসারীদের অন্তরে দিয়েছিলাম করুণা ও দয়া: কিন্তু সন্যাসবাদ (সংসার ত্যাগী) এটা তো তারা নিজেরাই আল্লাহর সম্ভুষ্টি লাভের জন্যে প্রবর্তন করেছিল: আমি তাদেরকে এর বিধান দেইনি অথচ এটাও তারা যথাযথভাবে করেনি। তাদের মধ্যে যারা ঈমান এনেছিল, তাদেরকে আমি পুরস্কার দিয়েছিলাম এবং তাদের অধিকাংশই ফাসিক।

পারা ২৭

987

মু'মিনগণ! ২৮. হে তোমরা আল্লাহকে ভয় কর এবং তাঁর রাসুল (紫)-এর প্রতি ঈমান আন. তিনি তাঁর অনুগ্রহে তোমাদেরকে দিগুণ দিবেন তিনি প্রস্কার এবং তোমাদেরকে দিবেন আলো. যার সাহায্যে তোমরা চলবে এবং তিনি তোমাদেরকে ক্ষমা করবেন। আল্লাহ ক্ষমাশীল, পরম দয়াল।

২৯, এটা এজন্যে যে, কিতাবীগণ জানতে পারে. আল্লাহর সামান্যতম অনুগ্রহের উপরও তাদের অধিকার কোন নেই. অনুগ্ৰহ আল্লাহরই হাতে, যাকে ইচ্ছা তা দান করেন এবং আল্লাহ বড়ই অনুগ্রহশীল। ابُن مَرْبَهَ وَأَتَيُنٰهُ الْإِنْجِيْلَهُ وَجَعَلُنَا فِي قُلُوْبِ الَّذِينَ الَّبَعُوْهُ رَأْفَةً وَّرَحْهَةً ﴿ وَ رَهْبَانِيَّةً ﴿ ابْتَكَ عُوْهَا مَا كَتَبْنها عَلَيْهِمْ إلا ابْتِغَاء رِضُوانِ الله فَمَا رَعُوْهَا حَقَّ رِعَايَتِهَا ۗ فَأَتَيْنَا الَّذِينَ امَنُوا مِنْهُمُ أَجْرَهُمْ ۚ وَكَثِيرٌ مِّنْهُمْ فَسِقُونَ ٠

يَايُّهُا الَّذِينَ أَمَنُوا اتَّقُوا اللَّهَ وَأُمِنُواْ بِرَسُولِهِ يُؤْتِكُمْ كِفْلَيْنِ مِنْ رَّحْمَتِهِ وَ يَجْعَلْ لَّكُمْ نُوْرًا تُمْشُونَ بِهِ وَيَغْفِرْ لَكُمْ لَمُ وَاللَّهُ عَفُورٌ رَّحِيمٌ ﴿

لِّعَلَّا يَعْلَمَ أَهْلُ الْكِتْبِ أَلَّا يَقْبِارُوْنَ عَلَىٰ شَيْءٍ مِّنُ فَضَٰلِ اللهِ وَآنَّ الْفَضْلَ بِيَٰدِ اللهِ يُؤْتِيْهِ مَنْ يَّشَاءُ طُ وَاللهُ ذُوالْفَضْلِ الْعَظِيْمِ ﴿

১। (ক) আবু বুরদাহ তার পিতা [আবু মুসা আশআরী (রাযিআল্লাহু আনহু)] বর্ণনা করেছেন, রাস্লুল্লাহ (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ "যার কাছে ক্রীতদাসী আছে এবং সে তাকে (শরীয়তের প্রয়োজনীয় মাসয়ালা) শিক্ষা দেয় এবং ভাল আচার-ব্যবহার ও শিষ্টাচার শিক্ষা দেয় অতঃপর তাকে আযাদ করে নিজেই বিবাহ করে নেয়, তার জন্য দিখণ সওয়াব রয়েছে। আহলে কিতাবদের মধ্য থেকে যে নিজেদের নবী এবং আমার ওপর ঈমান আনে তার জন্যও দ্বিগুণ সওয়াব রয়েছে। আর যে গোলাম স্বীয় মালিক এবং তার রবের হক যথাযথভাবে আদায় করবে, তার জন্যও দ্বিগুণ সওয়াব রয়েছে। (বুখারী, হাদীস নং ৫০৮৩)

সূরাঃ মুজাদালাহু, মাদানী

পারা ২৮

(আয়াতঃ ২২, রুকু'ঃ ৩)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (গুরু করছি)।

১. (হে রাসূল 紫)! আল্লাহ্ ওনেছেন সেই নারীর কথা, যে তার স্বামীর বিষয়ে তোমার সাথে তর্ক-বিতর্ক করছে এবং আল্লাহর নিকট ফরিয়াদ আল্লাহ করছে। তোমাদের কথোপকথন তনেন, নিশ্চয়ই আল্লাহ সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা।

- ২. তোমাদের মধ্যে যারা নিজেদের ন্ত্রীদের সাথে "যিহার" করে, (নিজ স্ত্রীকে মার মত বলে) তাদের স্ত্রীরা তাদের মা নয়; যারা তাদেরকে জন্মদান করে শুধু তারাই তাদের মা; তারা তো ঘৃণ্য ও মিথ্যা কথা বলে; নিশ্চয়ই আল্লাহ পাপমোচনকারী क्रभागील।
- ৩. যারা নিজেদের স্ত্রীদের সাথে যিহার করে এবং পরে তাদের উক্তি প্রত্যাহার করে, তবে একে অপরকে স্পর্শ করার পূর্বে একটি দাস মুক্ত করতে হবে, এর দারা তোমাদেরকে সদুপদেশ দেয়া হয়। তোমরা যা কর আল্লাহ তার খবর রাখেন।
- 8. কিন্তু যার এ সামর্থ থাকবে না. একে অপরকে স্পর্শ করার পূর্বে তাকে পরস্পর দুই মাস রোযা পালন করতে হবে: যে তাতেও অসমর্থ হবে, সে ষাটজন অভাবগ্ৰস্তকে

شُؤَرَةُ الْمُجَادَلَةِ مَكَ نِيَّةً ايَاتُهَا ٢٢ رَكُوعَاتُهَا ٣ يستبعر الله الرَّحْين الرَّحِيْمِ

قَلُ سَمِعَ اللهُ قَوْلَ الَّذِي تُجَادِلُكَ فِي زَوْجِهَا وَتَشْتَكِنَّ إِلَى اللهِ اللهِ اللهُ يَسْمَعُ تَعَاوُرًكُمًا طَ إِنَّ اللَّهُ سَبِيعٌ أَبَصِيرٌ ١

ٱكَّنِيْنَ يُظْهِرُوْنَ مِنْكُمُ قِنْ نِّسَآيِهِمُ مَّا هُنَّ ٱمَّهٰتِهِمْ انْ ٱمَّهٰتُهُمْ إِلَّا الَّيْ وَكُنْ نَهُمُ لِ وَإِنَّهُمُ لَيَقُوْلُوْنَ مُنْكُرًا مِّنَ الْقَوْلِ وَزُورًا ﴿ وَإِنَّ اللَّهُ لَعَفُ عُفُرٌ ﴿

وَ الَّذِيْنِينَ يُظْهِرُونَ مِنْ نِسَا يِهِمْ ثُمَّ يَعُودُونَ لِمَا قَالُواْ فَتَحْرِيْرُ رَقَبَةٍ مِّنْ قَبْلِ أَنْ يَتَمَالسَّاط ذٰلِكُمْ تُوْعَظُونَ بِهِ ﴿ وَاللَّهُ بِمِا تَعْمَلُونَ خَبِيْرٌ ۞

فَتَنْ لَّمْ يَجِلُ فَصِيَامُ شَهْرَيْنِ مُتَتَابِعَيْنِ مِنْ قَبْلِ أَنْ يَتَمُ اللَّا ﴿ فَكُنْ لَّمْ يَسْتَطِعُ فَإِظْعَامُ سِتِّينَ مِسْكِينًا ﴿ ذَٰ لِكَ لِتُوْمِنُوا بِاللَّهِ وَرَسُولِهِ ﴿ وَتِلْكَ حُدُودُ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ

খাওয়াবে: এটা এই জন্যে যে তোমরা যেন আল্লাহ ও তাঁর রাসলে বিশ্বাস স্থাপন কর। এগুলো আল্লাহর নির্ধারিত বিধান, কাফিরদের জন্যে যন্ত্রণাদায়ক আযাব রয়েছে।

৫. যারা আল্লাহ ও তাঁর রাসূল বিরুদ্ধাচরণ (紫)-এর করে. তাদেরকে অপদস্থ করা হবে যেমন অপদস্ত করা হয়েছে তাদের পূর্ববর্তীদেরকে; আমি সম্পষ্ট আয়াতসমূহ অবতীর্ণ করেছি: কাফিরদের জন্যে রয়েছে লাঞ্ছনাকর আযাব।

৬. সে দিন, যেদিন আল্লাহ্ তাদের সকলকে একত্রে পুনরুখিত করবেন এবং তাদেরকে জানিয়ে দিবেন যা তারা করতো; আল্লাহ ওর হিসাব রেখেছেন, যদিও তারা তা ভুলে গেছে। আল্লাহ সর্ব বিষয়ে সম্যক সাক্ষী।

৭. তুমি কি অনুধাবন কর না, আকাশমন্ডলী ও পৃথিবীতে যা কিছু আছে আল্লাহ তা জানেন: তিন ব্যক্তির মধ্যে এমন কোন গোপন পরামর্শ হয় না যাতে চতুর্থজন হিসাবে তিনি থাকেন না; এবং পাঁচ ব্যক্তির মধ্যে এমন কোন গোপন পরামর্শ হয় না যাতে ষষ্ঠজন হিসেবে তিনি থাকেন না; তারা এতদপেক্ষা কম হোক বা বেশি হোক; তারা যেখানেই থাকুক না কেন আল্লাহ (জানার দিক দিয়ে) তাদের সঙ্গে

وَلِلْكُفِرِيْنَ عَنَابٌ اللَّهُ ٣

إِنَّ الَّذِيْنَ يُحَادُّونَ اللَّهَ وَ رَسُولَهُ كُبِثُوا كَمَا كُبِتَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ وَقَدُ أَنْزَلُنَّا أَيْتِ بَيِّنْتٍ ﴿ وَلِلْكُفِرِينَ عَنَاكُ مُّهِيْرٌ ﴾

يُومُ يَبْعَثْهُمُ اللهُ جَيِيعًا فَيُثَبِّئُهُمْ بِمَاعِبُلُوا الْحَصْلَهُ اللهُ وَ نَسُوهُ طُوَاللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ شَهِيكًا ۗ

ٱلَهُ تَرَ آنَّ اللَّهُ يَعْلَمُ مَأْ فِي السَّهٰوٰتِ وَمَأْ فِي الْأَرْضِ ۖ مَا يَكُونُ مِنْ نَجْوى ثَلْثَةٍ إِلاَّهُو رَابِعُهُمْ وَلاَخَمُسَةٍ الاَّهُوَسَادِسُهُمْ وَلاَ اَدْنِي مِنْ ذٰلِكَ وَلاَ أَكْثَرُ إِلَّا هُوَ مَعَهُمُ اَيْنَ مَا كَانُوا عَثُمَّ يُنَبِّنَّهُمُ بِمَا عَمِلُوا يَوْمَ الْقَلْمَةِ ﴿ إِنَّ اللَّهُ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ۞

পারা ২৮

আছেন। তারা যা করে; তাদেরকে কিয়ামতের জানিয়ে দিবেন। আল্লাহ সর্ব বিষয়ে সম্যক অবগত।

৮. তুমি কি তাদেরকে লক্ষ্য কর না. যাদেরকে কানাঘুষা করতে নিষেধ করা হয়েছিল; অতঃপর তারা যা নিষিদ্ধ তারই পুনরাবৃত্তি করে এবং পাপাচারণ, সীমালজ্ঞান ও (🍇)-এর বিরুদ্ধাচরণের জন্যে কানাঘুষা করে। তারা যখন তোমার নিকট আসে তখন তারা তোমাকে এমন কথা দ্বারা অভিবাদন (সালাম) করে যার দারা আল্লাহ তোমাকে অভিবাদন করেননি। তারা মনে মনে বলেঃ আমরা যা বলি তার জন্যে আল্লাহ আমাদেরকে শাস্তি দেন না কেন? জাহান্লামই তাদের উপযুক্ত শাস্তি যেখানে তারা প্রবেশ করবে. কত নিকৃষ্ট সেই আবাস!

৯. হে মু'মিনগণ! তোমরা যখন কানাঘুষা (গোপন পরামর্শ) কর, সে পরামর্শ যেন পাপাচরণ, সীমালজ্ঞান ও রাসল (ﷺ)-এর বিরুদ্ধাচরণ সম্পর্কে না হয়। তোমরা কল্যাণকর কাজ ও তাকওয়া অবলম্বনের পরামর্শ করো এবং ভয় কর আল্লাহকে যাঁর নিকট সমবেত হবে তোমরা।

১০. কানাঘুষা তো শয়তানদের কাজ যা মু'মিনদেরকে দুঃখ দেয়ার জন্যে করা হয়; তবে আল্লাহর ইচ্ছা ব্যতীত শয়তান তাদের সমান্যতম ক্ষতি করতে পারবে না। মু'মিনদের কর্তব্য আল্লাহর উপর নির্ভর করা।

اَكُمْ تَرَ إِلَى الَّذِيْنَ نُهُوا عَنِ النَّجُوى ثُمَّ يَعُودُونَ لِمَا نُهُوا عَنْهُ وَيَتَنْجُونَ بِالْإِثْمِ وَالْعُدُونِ وَمَعْصِيَتِ الرَّسُوْلِ ۗ وَإِذَا جَآءُوْكَ حَيَّوْكَ بِمَا لَمْ يُحَيِّكَ بِهِ اللهُ لا وَيَقُوْلُونَ فِي آنْفُسِهِمْ لَوْلا يُعَذِّبُنَا اللهُ بِهَا نَقُولُ حُسُبُهُمْ جَهَنَّهُ ۚ يَصُلُونُهَا ۚ فَبِئُسَ الْبَصِيْرُ⊙

يَايَّهُا الَّذِيْنَ اٰمَنُوَٓ الِذَا تَنَاجَيْتُمْ فَلَا تَتَنَاجُوا بِالْإِثْمِر وَالْعُكُونِ وَمُغْصِيَتِ الرَّسُولِ وَ تَنَاجُوا بِأَلْبِرِّ وَالتَّقُوٰى ﴿ وَاتَّقُوا اللَّهَ الَّذِي لَيْهِ تُحْشُرُونَ ۞

إِنَّهَا النَّجُوٰى مِنَ الشَّيْطِنِ لِيَحْزُكَ الَّذِيْنَ أَمَنُواْ وَلَيْسَ بِضَارِّهِمْ شَيْعًا إلَّا بِإِذْنِ اللهِ وَعَلَى اللهِ فَلْيَتُوكِيلُ الْمُؤْمِنُونَ ٠

১১. হে মু'মিনগণ! যখন তোমাদেরকে বলা হয়ঃ মজলিসে স্থান প্রশস্ত করে দাও তখন তোমাদের জন্যে স্থান প্রশস্ত করে দিবেন এবং যখন বলা হয়ঃ উঠে যাও তখন উঠে যাবে। তোমাদের মধ্যে যারা ঈমান এনেছে এবং যাদেরকে জ্ঞান দান করা হয়েছে আল্লাহ্ তাদেরকে উচ্চ মর্যাদা দান করবেন; তোমরা যা কর আল্লাহ্ সে সম্পর্কে পূর্ণ অবহিত।

১২. হে মু'মিনগণ! তোমরা যদি রাসূল (ﷺ)-এর সাথে চুপি চুপি (কানাঘুষা) কথা বলতে চাও তার পূর্বে সাদকা প্রদান করবে, এটাই তোমাদের জন্যে উত্তম ও পবিত্রম; যদি তাতে অক্ষম হও (তবে অপরাধী হবে না, কেননা) আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।

১৩. তোমরা কি চুপে চুপে কথা বলার পূর্বে সাদকা প্রদানকে ভয় পাও? যখন তোমরা সাদকা দিতে পারলে না, আর আল্লাহ্ তোমাদেরকে ক্ষমা করে দিলেন; তখন তোমরা নামায প্রতিষ্ঠিত কর, যাকাত প্রদান কর ও তাঁর রাসূল (灣)-এর আনুগত্য কর। তোমরা যা কর আল্লাহ তা সম্যক অবগত।

১৪. তুমি কি তাদের প্রতি লক্ষ্য করনি আল্লাহ্ যে সম্প্রদায়ের প্রতি অসম্ভষ্ট তাদের সাথে যারা বন্ধুত্ব করে? তারা (মুনাফিকগণ) তোমাদের দলভুক্ত নয়, তাদের দলভুক্তও নয় এবং তারাজেনেশুনে মিথ্যা শপথ করে। يَايَّهُا الَّذِيْنَ امَنُوَّا إِذَا قِيْلَ لَكُمْ تَفَسَّحُوْا فِي الْمَجْلِسِ فَافْسَحُوْا يَفْسَحَ اللهُ لَكُمْ وَإِذَا قِيْلَ انْشُزُوْا فَانْشُرُوْا يَرُفَعَ اللهُ الَّذِيْنَ امَنُوْا مِنْكُمْ وَالَّذِيْنَ اُوْتُواالْعِلْمَ دَرَجْتٍ وَاللهُ بِمَا تَعْمَلُونَ خَبِيْرٌ ﴿

يَايَّهُا الَّذِيْنَ اَمَنُوَّا إِذَا نَاجَيْتُمُ الرَّسُولَ فَقَدِّمُوْ ابَيْنَ يَكَىٰ نَجُولِكُمْ صَكَاقَةً ﴿ ذَٰلِكَ خَيْرٌ لَكُمْ وَاَطْهَرُ ﴿ فَإِنْ لَمْ تَجِدُّوْ ا فَإِنَّ اللهَ غَفُوْرٌ رَّحِيْمُ ﴿

ءَاشُفَقُتُمُ اَنَ تُقَدِّمُوا بَيْنَ يَكَى نَجُولكُمُ صَكَ قَتٍ طَافَاذُ لَمُ تَفْعَلُوا وَتَابَ اللهُ عَلَيُكُمُ فَاقِيْمُوا الصَّلُوةَ وَالتُوا الزَّكُوةَ وَاَطِيْعُوا اللهَ وَرَسُولَكُ طَوَ اللهُ خَبِيْرٌ إِبِمَا تَعْمَلُونَ ﴿

اَلَمْ تَرَ إِلَى الَّذِيْنَ تُوَلَّوا قَوْمًا غَضِبَ اللهُ عَلَيْهِمُ مَا هُمُ مِّنْكُمْ وَلَا مِنْهُمُ وَيَحْلِفُونَ عَلَيْهِمُ مَا هُمُ مِّنْكُمُ وَلَا مِنْهُمُ وَيَحْلِفُونَ عَلَى الْكَذِبِ وَهُمْ يَعْلَمُونَ ﴿

১৫, আল্লাহ তাদের জন্যে প্রস্তুত রেখেছেন কঠিন আযাব। তারা যা করে তা কতই না মন্দ।

১৬, তারা তাদের শপথগুলোকে ঢাল হিসেবে ব্যবহার করে, (এভাবে) তারা আল্লাহর পথ হতে মানুষকে প্রতিহত করে; তাদের জন্যে রয়েছে লাঞ্ছনাদায়ক আযাব।

 ৯৭. আল্লাহর আযাবের মুকাবিলায় তাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি তাদের কোন কাজে আসবে না. জাহান্লামের অধিবাসী. তারাই সেখানে তারা স্থায়ী হবে।

যেদিন আল্লাহ পুনরুখিত করবেন তাদের সকলকে, তখন তারা আল্লাহ্র নিকট সেরূপ শপথ করবে যেরূপ শপথ তোমাদের নিকট করে এবং তারা মনে করে যে, এমন কিছুর উপর রয়েছে যাতে তারা উপকৃত হবে। সাবধান! তারাই তো মিথ্যাবাদী।

১৯ শয়তান তাদের উপর প্রভাব বিস্তার করেছে. ফলে তাদেরকে ভূলিয়ে দিয়েছে আল্লাহর স্মরণ। তারা শয়তানেরই দল। সাবধান! শয়তানের দল অবশ্যই ক্ষতিগ্রস্ত।

بَكَيَ أُلِيَّ رَبُّهُ كَانَ بِهِ بَصِيْرًا أَهُ

فَلا أُقْسِمُ بِالشَّفَقِ ﴿

وَالَّيْلِ وَمَا وَسَقَ اللَّهِ

وَالْقَبُرِ إِذَا النَّسَقَ 6

لَتَرُكُبُنَّ طَبَقًاعَنُ طَبَقٍ ﴿

فَيَا لَهُمُ لَا يُؤْمِنُونَ ﴿

وَإِذَا قُرِئَ عَلَيْهِمُ الْقُرْانُ لَا يَسْجُدُونَ ﴿

بَلِ الَّذِينَ كَفَرُوا يُكُنِّ بُونَ ﴿

وَاللَّهُ أَعْلَمُ بِمَا يُؤْعُونَ ﴿

فَبَشِّرُهُمُ بِعَنَابِ الِيُمِرِ

إِلاَّ الَّذِينَ أَمَنُواْ وَعَيلُوا الصَّلِحْتِ لَهُمْ أَجْرُّ غَيْرُ مرو فرو مهنون ش

স্রাঃ বুরুজ, মাকী

(আয়াতঃ ২২ রুকু'ঃ ১)
দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে
(শুরু করছি)

 শপথ বুরুজ (তারকা-রাশিচক্র) বিশিষ্ট আকাশের,

- ২. শপথ প্রতিশ্রুত দিবসের.
- শপথ যা উপস্থিত হয় এবং যা উপস্থিতকৃত,
- 8. ধ্বংস করা হয়েছিল গুহাবাসী-দেরকে,
- ৫. যা ছিল ইন্ধন পূর্ণ অগ্নি,
- ৬. যখন তারা তার উপর উপবিষ্ট ছিল;
- এবং তারা মু'মিনদের সাথে যা করেছিল তাই প্রত্যক্ষ করছিল।
- ৮. তারা তাদেরকে নির্যাতন করেছিল শুধু এই (অপরাধের) কারণে যে, তারা সে পরাক্রান্ত প্রশংসাভাজন আল্লাহর প্রতি ঈমান এনেছিল।
- ৯. আকাশমন্তলী ও পৃথিবীর আধিপত্বি যাঁর, আর আল্লাহ্ সর্ব বিষয়ে দেখেন।
- ১০. যারা ঈমানদার নর-নারীর উপর যুলুম-নির্যাতন করেছে এবং পরে তাওবা'ও করেনি, তাদের জন্যে জাহান্নামের আযাব ও দহন যম্ভ্রণা রয়েছে।
- ১১. যারা ঈমান আনে ও সৎকর্ম করে তাদের জন্যেই রয়েছে এমন জান্নাত যার নিম্নে নদীসমূহ প্রবাহিত; এটাই বড় সফলতা।

سُوْرَةُ الْبُرُوجِ مَكِينَةً ايَاثُهَا ١٢ رَكُوعُهَا ا بِسْحِهِ اللهِ الرَّحْلِينِ الرَّحِيْمِ

> وَالسَّهَاءِ ذَاتِ الْبُرُوْجِ ﴿ وَالْيَوْمِ الْمُوْعُوْدِ ﴿ وَشَاهِدٍ وَ مَشْهُدُد ﴿

قُتِلَ أَصْحَبُ الْأُخْدُودِ ﴿

النَّارِذَاتِ الْوَقُودِ ﴿ إِذْ هُمْ عَكَيْهَا قُعُودٌ ﴿

وَّهُمْ عَلَى مَا يَفْعَلُونَ بِالْمُؤْمِنِيْنَ شُهُودٌ ﴿

وَمَا لَقَمُوا مِنْهُمُ اللَّا آنُ يُّؤُمِنُوا بِاللهِ الْعَزِيُزِ الْحَبِيْدِ ۞

الَّذِيُ لَهُ مُلُكُ السَّلُوتِ وَالْأَرْضِ ﴿ وَاللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ شَهِيْ ۚ وَالْأَرْضِ ﴿ وَاللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ شَهِيْ أَنَّ وَالْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنِيْ ثَكَّ الْمُؤْمِنِيْ ثُمَّ لَمْ يَتُوْلُوْا وَلَهُمْ عَذَابُ جَهَنَّمَ وَلَهُمْ عَذَابُ الْحَرِيْقِ ﴿ وَلَهُمْ عَذَابُ الْحَرِيْقِ ﴿

اِنَّ الَّذِيْنَ امَنُوا وَعَمِلُوا الصِّلِطِّ لَهُمُ جَنْتُ تَجُرِيُ مِنْ تَخْتِهَا الْأَنْهُارُ لَهُ ذَٰلِكَ الْفَوْزُ الْكَبِيُدُشُ পারা ৩০

১২ নিশ্চয় তোমার প্রতিপালকের পাকডাও বড়ই কঠিন।

১৩. তিনিই প্রথমবার সৃষ্টি করেন ও পুনরাবর্তন করবেন।

১৪. এবং তিনি ক্ষমাশীল, প্রেমময়।

১৫ আরশের অধিপতি মহিমাময়।

১৬. (ইচ্ছাময় তিনি) যা চান তাই করেন।

১৭ তোমার নিকট কি সৈন্যবাহিনীর কথা পৌছেছে?

১৮. ফিরআ'উন ও সামদের?

১৯. তবু কাফিররা মিথ্যা আরোপ করায় রত,

২০. এবং আল্লাহ তাদেরকে সর্বদিক হতে পরিবেষ্টন করে রয়েছেন।

২১ বরং এটা অতি উচ্চ মর্যাদা সম্পন্ন কুরআন।

সংরক্ষিত ফলকে লিপিবদ্ধ।

إِنَّ بَطْشُ رَبِّكَ لَشَوْيُكُ ﴿

عقر٣٠

إِنَّهُ هُونِيْنِي وَيُعِيدُ

رور أبروده وروده بر وهو الغفر الدودش ذُوالْعَرْشِ الْهَجِيْدُ ﴿ فَعَّالٌ لِبَا يُرِيْدُ اللهِ

هَلُ اللَّهُ حَرِيثُ الْجُنُودِ ﴿

وعون وتبود ه

بَلِ الَّذِينِ كَفَرُوا فِي تُكُذِيبٍ ﴿

وَّاللَّهُ مِنْ وَرَآيِهِمُ مُّحِيطٌ ﴿

بَلُ هُوَقُرُانٌ مَّجِيدٌ ﴿

في لَوْج مَّحُفُوظ شَ

সুরাঃ তা'-রিক, মাকী

(আয়াতঃ ১৭ রুক্'ঃ ১) দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

১. শপথ আকাশের এবং রাত্রিতে যা প্রকাশ পায়:

২. তুমি কী জান রাত্রিতে যা প্রকাশ পায় তা কি?

ওটা দীপ্তিমান নক্ষত্র!

سُوِّرَةُ الطَّارِقِ مَكِيَّةً * الأَوْعُوا ١٤ الْمُوعُوا ا يشيم الله الرَّحْين الرَّحِيْمِ

وَالسَّهَاءِ وَالطَّارِقِ أَنَّ

وَمَآ اَدُرْلِكَ مَا الطَّارِقُ ﴿

النَّجُمُ الثَّاقِبُ ﴿

কুরাং মানুষের লক্ষ্য করা উচিত
 যে, তাকে কিসের দ্বারা সৃষ্টি করা
 হয়েছে।

 ভ. তাকে সৃষ্টি করা হয়েছে প্রবল বেগে নিঃসৃত পানি হতে,

q. যা বের হয় পিঠ ও বুকের হাড়ের
 মধ্য হতে।

৮. নিশ্চয় তিনি তার পুনরাবর্তনে ক্ষমতাবান।

 মেদিন গোপন বিষয়সমূহের ফাঁচাই-বাছাই হবে,

১০. সেদিন তার কোন শক্তি থাকবে না এবং সাহায্যকারীও থাকবে না।

 শপথ বেশি বেশি বৃষ্টি বর্ষণকারী আকাশের,

১২. এবং শপথ যমীনের যা ফেটে যায়,

১৩. নিশ্চয় এটি (কুর'আন) মীমাংসাকারী কথা।

১৪. এবং এটা হাসি-তামাশা নয়।

১৫. নিশ্চয় তারা (কাফেররা) ভীষণ এক ষড়যন্ত্র করেছে। إِنْ كُلُّ نَفْسٍ لَّبَا عَكَيْهَا حَافِظٌ ﴿ فَلَيْنُظُرِ الْإِنْسَانُ مِمَّرِخُلِقَ ﴿

خُلِقَ مِن مَّاءِ دَافِقٍ ﴿

يَّخُرُجُ مِنْ بَيْنِ الصَّلْبِ وَالتَّرَآبِ فَ

إِنَّهُ عَلَى رَجْعِهِ لَقَادِرٌ ۞

يُوْمَ تُبْلَى السَّرَآبِرُ ﴿

فَهَالَهُ مِنْ قُوَّةٍ وَّلا نَاصِدٍ أَ

وَالسَّمَاءِ ذَاتِ الرَّجُعِ أَنْ

وَالْأَرْضِ ذَاتِ الصَّلْعَ ﴿

إِنَّهُ لَقَوْلٌ فَصُلُّ ﴿

وَّمَا هُوَبِالْهَزُٰكِ ﴿

إِنَّهُمْ يَكِينُ وْنَ كَيْدًا فَ

১। ইবনে আব্বাস (রাযিআল্লাহ্ আনহ্য) নবী (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) থেকে বর্ণনা করেছেন। নবী (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) আল্লাহ্ সম্পর্কে বলেন, আল্লাহ্ ভাল এবং মন্দ লিখে দিয়েছেন আর তা সুম্পষ্ট করে দিয়েছেন। সুতরাং যে ব্যক্তি কোন সৎ কাজের ইচ্ছা করল অথচ কাজটা করল না, আল্লাহ্ তাকে পূর্ণ (কাজের) সওয়াব দিবেন। আর যদি সে সৎ কাজের ইচ্ছা করল আর বাস্তবে তা করেও ফেলল, আল্লাহ্ তার জন্য দশ থেকে সাতশ' গুণ পর্যন্ত এমনকি এর চেয়েও অধিক সওয়াব লিখে দেন। আর যে ব্যক্তি কোন মন্দ কাজের ইচ্ছা করল, কিন্তু বাস্তবে তা করল না, তবে আল্লাহ্ তাকে পূর্ণ (সৎ কাজের) সওয়াব দিবেন। পক্ষান্তরে সে যদি মন্দ কাজের ইচ্ছা করে এবং (তদান্যায়ী) কাজটা করে ফেলে তবে, আল্লাহ্ তার জন্য একটিই মাত্র গুনাহ লিখেন। (বুখারী, হাদীস নং ৬৪৯১

১৬. আর আমিও একটি কৌশল কবি।

১৭. অতএব কাফিরদেরকে অবকাশ দাও, তাদেরকৈ অবকাশ দাও কিছুকালের জন্যে।

وَالِينُ كَيْنًا فَيَ

فَهَقِلِ الْكَافِرِيْنَ اَمُهِلُهُمُ رُوَيْدًا ﴿

স্রাঃ আ'লা, মাক্রী

(আয়াতঃ ১৯ রুকু'ঃ ১) দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

১. তুমি তোমার সর্বোচ্চ প্রতিপালকের নামের ঘোষণা কর,

২. যিনি সৃষ্টি করেছেন। অতঃপর পরিপূর্ণভাবে ঠিক করেছেন,

৩. এবং যিনি নিরূপণ করেছেন, তারপর হেদায়েত দিয়েছেন,

 এবং যিনি উদ্ভিদ উৎপন্ন করেছেন,

৫. পরে ওকে বিশুষ্ক বিমলিন করেছেন।

৬. অচিরেই আমি তোমাকে পাঠ করাবো, ফলে তুমি আর ভুলবে না,

 প. আল্লাহ্ যা ইচ্ছা করবেন তদ্ব্যতীত, নিশ্চয়ই তিনি প্রকাশ্য ও গুপ্ত বিষয় পরিজ্ঞাত আছেন।

৮. আমি তোমার জন্যে সহজের সামর্থ দিবো।

৯. অতএব উপদেশ দাও যদি
 উপদেশ উপকারী হয়।

سَبِّحِ اسْمَ رَبِّكَ الْأَعْلَىٰ أَ

الَّذِي خَلَقَ فَسَوْى شُ

وَ الَّذِي قَدَّرُ فَهَالِي ﴿

وَالَّذِئَّ اَخُرَجَ الْمَرْغَى ﴿

فَجَعَلَهُ غُثَاءً آخُوي أَ

سَنُقُرِئُكَ فَلَا تَنْلَى ﴿

إِلَّامَا شَاءَ اللهُ ﴿ إِنَّهُ يَعْلَمُ الْجَهْرَ وَمَا يَخْفَى ٥

وَنُيسِّرُكَ لِلْيُسْرِي ﴿

فَنَكِرِ إِنْ نَّفَعَتِ النِّكُولِي ﴿

১০. যারা ভয় করে তারা উপদেশ গ্রহণ করবে।

১১. আর তা' উপেক্ষা করবে সে. যে নিতান্ত হতভাগ্য.

১২. সে বৃহৎ অগ্নিতে প্রবেশ করবে,

১৩. অতঃপর সে সেখানে মরবেও না, বাঁচবেও না।

১৪. নিশ্চয় সে সাফল্য লাভ করে যে পবিত্রতা অবলম্বন করে।

১৫. এবং তদ্বীয় প্রতিপালকের নাম স্মরণ করে ও নামায আদায় করে।

১৬, কিন্তু তোমরা পার্থিব জীবনকে অগ্রাধিকার দিয়ে থাকো।

১৭. অথচ আখেরাত (জীবন) উত্তম ও চিরস্থায়ী।

১৮. নিশ্চয়ই এটা পূৰ্ববৰ্তী কিতাবসমূহে আছে,

১৯. (বিশেষতঃ) ইবরাহীম (র্ক্ট্রা) ও মূসা (﴿﴿﴿﴿ اللَّهُ ﴿ ﴾)-এর কিতাবসমূহে।

سَنَّكُوْمَنُ يَخْشَى ﴿

وَ يَتَحَنَّيُهُا الْأَشْقِي ﴿

الَّذِي يَصُلَى النَّارَ الْكُبُرِي ﴿ ثُمَّ لَا يَكُنْ ثُنُ فِيفًا وَلَا يَحْلِي أَمُّ

قَلُ اَفْلَحَ مَنْ تَزَكَّى ﴿

وَذَكْرَ اسْمَرَتِهِ فَصَلَّى ١

بَلُ تُؤْثِرُونَ الْحَيْوةَ اللَّانْيَا ﴿

وَالْإِخِرَةُ خَدْرٌ وَآئِقًى ١

إِنَّ هٰذَا لَفِي الصُّحُفِ الْأُولِٰ ﴿

صُحُف إِبْرِهِنْمُ وَمُوسَى ﴿

সুরাঃ গাশিয়াহ, মাকী

(আয়াতঃ ২৬ রুকু'ঃ ১)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

 তোমার কাছে কি আচ্ছনুকারীর (কিয়ামতের) সংবাদ এসেছে?

২. সেদিন বহু মুখমন্ডল ভীত হবে;

سُوْرَةُ الْغَاشِيَةِ مَكِيَّةً ايَاتُهَا ٢٦ رَكُوعُهَا ١ بشيمر الله الرحمين الرّحييم

> هَلُ ٱللَّهُ حَدِيثُ الْعَاشِيةِ أَ وُجُوْلًا يَّوْمَيِنٍ خَاشِعَةً ﴿

	কর্মক্লান্ত	al Contract	د.
9 .	ক্রমক্রাপ্ত	<u> ମାସ୍ତା/ଓ</u>	२(४:"

৪, তারা প্রবেশ আগুনে:

পারা ৩০

৫. তাদেরকে উত্তপ্ত হতে (পানি) পান করানো হবে;

৬. তাদের জন্যে বিষাক্ত কাঁটাযুক্ত ব্যতীত কোন খাদ্য নেই:

৭. তা তাদেরকে পুষ্ট করবে না এবং তাদের ক্ষুধাও মেটাবে না।

৮. বহু মুখমন্ডল হবে আনন্দোজ্জ্বল,

৯ নিজেদের কর্মসাফল্যে সম্ভুষ্ট হবে।

১০. উচ্চ মর্যাদার জান্লাতে অবস্থান করবে।

১১ সেখানে তারা অবান্তর বাক্য শুনবে না.

১২. সেখানে আছে প্রবহমান ঝরণা-সমূহ,

১৩. তন্মধ্যে রয়েছে সমুচ্চ আসনসমূহ

১৪. এবং সুরক্ষিত পান পাত্রসমূহ

১৫. ও সারি সারি বালিশসমূহ;

এবং সম্প্রসারিত গালিচাসমূহ।

عَامِلَةٌ نَّاصِبَةٌ ﴿ تَصْلَى نَارًا حَامِيةً ﴿

تُسُقَى مِنُ عَيْنِ أَنِيَةٍ ٥

كَيْسَ لَهُمْ طَعَامٌ إِلَّا مِنْ ضَرِيْعٍ ﴿

لاَّ يُسُمِنُ وَلَا يُغُنِيُ مِنْ جُوْعٍ أَ

وُجُوهٌ يَوْمَينٍ نَاعِمَةً ﴿

لِسَعْيِهَا رَاضِيَةً ﴿

فَي جَنَّةٍ عَالِيَةٍ ﴿

لاً تُسْمَعُ فِيْهَا لَاغِيَةً أَنَّ

فنهاعَيْنُ حَادِيَةً ٨

فيها سرد مرفق في عدة ١

وَّ أَكُواكُ مَّوْضُوعَهُ ﴿ وَّ نَهَارِقُ مَصْفُوْفَةً ﴿ وَّ زَرَانِيُّ مَنْتُ ثَكُ ثُكُ ثُكُ

১। আবদুল্লাহ্ ইবনে মাসউদ (রাযিআল্লাছ আনছমা) থেকে বর্ণিত। তিনি বলেছেনঃ একদিন (নবী (সাল্লাল্লান্ড আলাইহি ওয়াসাল্লাম) একটি কথা বললেন। আমি (তার বিপরীত) আরেকটি কথা বললাম। নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ কেউ যদি এমন অবস্থায় মরে যায় যে, সে আল্লাহ্র সাথে অন্য কাউকে শরীক করে বা সমকক্ষ ও প্রতিদ্বন্ধী হওয়ার দাবী করে তবে সে দোজ্বখে যাবে। আমি বললাম, আর কেউ যদি এমন অবস্থায় মরে যায় যে, সে আল্লাহ্র সাথে আর কাউকে শরীক, সমকক্ষ বা প্রতিশ্বন্ধী মনে করলো না তাহলে? (তিনি বললেনঃ) সে জান্নাতে যাবে। (বুখারী, হাদীস নং ৪৪৯৭)

পারা ৩০

১৭. তবে কি তারা উষ্ট্রপালের দিকে লক্ষ্য করে না যে, কিভাবে ওকে সৃষ্টি করা হয়েছে?

১৮. এবং আকাশের দিকে কিভাবে ওটাকে সমুচ্চ করা হয়েছে?

১৯. এবং পর্বতমালার দিকে যে কিভাবে ওটাকে বসানো হয়েছে?

২০. এবং ভূতলের দিকে যে, কিভাবে ওটাকে সমতল করা হয়েছে?

২১. অতএব তুমি উপদেশ দিতে থাকো, তুমি তো একজন উপদেশ দাতা মাত্র।

২২. তুমি তাদের যিম্মাদার নও।

২৩. তবে কেউ মুখ ফিরিয়ে নেবে ও কৃফরী করবে,

২৪. আল্লাহ তাকে আযাব দিবেন কঠোর আযাব ।

২৫. নিশ্চয়ই আমারই নিকট তাদের প্রত্যাবর্তন ।

২৬, অতঃপর আমার উপরই তাদের হিসাব-নিকাশ (গ্রহণের ভার)।

সুরাঃ ফাজুর, মাক্কী

(আয়াতঃ ৩০ রুকু'ঃ ১) দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

১. শপথ ফজরের.

২. শপথ দশটি রাতের

৩. শপথ জোড় ও বেজোড়ের,

ٱفَكَا يَنْظُرُونَ إِلَى الْإِبِلِ كَيْفَ خُلِقَتُ ^اللَّهُ

وَإِلَى السَّمَاءِ كُنُفَ رُفِعَتُ ﴿

وَ إِلَى الْجِبَالِ كَيْفَ نُصِبَتُ أَنَّ

وَالِّي الْأَرْضِ كَنْفُ سُطِحَتْ ﴿

فَنَ كُرُ نَدُ إِنَّا أَنْتُ مُنَ كُرٌ أَنَّ

كَسُتَ عَكَيْهِمُ بِمُصَّيْطِدٍ ﴿ إلا مَنْ تُولِي وَكَفَرَ ﴿

فَيْعَنَّابُهُ اللَّهُ الْعَنَابَ الْأَكْبَرُ شَ

انَّ النِّنَا إِنَّا لِمُعُمُّ اللَّ

ثُمّرات عَلَيْنَا حِسَابَهُمْ أَ

سُوْرَةُ الْفَجْرِمَكِيَّةٌ المَاتُهَا ٣٠ رَكُوعُهَا ١ بشيع الله الرَّحْلِن الرَّحِيْمِ

> وَ الْفَجُرِ الْ وَلَيَالِ عَشِيرٍ ﴿ وَّالشَّفْعِ وَالْوَثْرِ ﴿

وَالَّيْلِ إِذَا يَسُرِخُ

عة٣٠

8. এবং শপথ রাতের, যখন তা বিদায় হতে থাকে.

৫. এর মধ্যে জ্ঞানবান ব্যক্তির জন্যে বড় শপথ রয়েছে ।

৬ তুমি কি দেখো নি তোমার প্রতিপালক কি করেছিলেন আ'দ বংশের সাথে।

৭ ইরাম গোত্রের প্রতি যারা সুউচ্চ স্তন্তের অধিকারী ছিল?

৮. যার সমতুল্য অন্য কোন নগরে সৃষ্টি করা হয়নি,

৯. এবং সামৃদের সাথে? উপত্যকার পাথর কেটে গৃহ নির্মাণ করেছিল?

১০. এবং বহু সৈন্য শিবিরের অধিপতি ফিরআ'উনের সাথে?

সীমালজ্ঞান নগরসমূহে ১১. যারা করেছিল।

১২ অনন্তর সেখানে বহু তারা অনাচার করেছিল।

১৩. সুতরাং তোমার প্রতিপালক তাদের উপর শাস্তির কশাঘাত হানলেন।

১৪ নিশ্চয় তোমার প্রতিপালক ঘাটিতে (ওঁৎ পেতে) আছেন।

১৫. মানুষ তো এরূপ যে, তার প্রতিপালক যখন তাকে পরীক্ষা করেন, পরে তাকে সম্মানিত করেন এবং সুখ ও সম্পদ দান করেন. তখন সে বলেঃ আমার প্রতিপালক আমাকে সম্মানিত করেছেন।

هَلُ فِي ذٰلِكَ قَسَمٌ لِّينِي حِجُرٍ ٥

ٱلَوْ تَرُكِيفَ فَعَلَ رَبُّكَ بِعَادٍ ﴿

إرَمَ ذَاتِ الْعِمَادِيُ

الَّتَى لَمُ يُخْلَقُ مِثْلُهَا فِي الْهِلَادِ أَنَّ

وَثُنُودَ الَّذِينَ جَأَبُوا الصَّخُرَ بِالْوَادِ أَنَّ

وَفِرْعُونَ ذِي الْأَوْتَادِ ﴿

الَّذِينَ طَغُوا فِي الْبِلَادِ شَ

فَأَكُذُوا فِيهَا الْفَسَادُ شَ

فَصَتَ عَلَيْهِمْ رَبُّكَ سُوطٌ عَنَابٍ اللَّهِ

إِنَّ رَبَّكَ لَبَالْبِرْصَادِ أَ

فَامَّا الْإِنْسَانُ إِذَا مَا ابْتَلْمَهُ رَبُّهُ فَٱكْرُمَهُ وَ نَعْبُهُ لَهُ فَيَقُولُ رَبِّي ٱلْأُمْنِ شَ ১৬. এবং আবার যখন তাকে পরীক্ষা করেন, তৎপর তার রিযিক সংকীর্ণ করেন, তখন সে বলেঃ আমার প্রতিপালক আমাকে হেয় করেছেন।

১৭ কখনই নয়। বস্তুতঃ তোমরা ইয়াতীমকে সম্মান কর না।

১৮. এবং তোমরা পরস্পরকে উৎসাহিত কর না অভাবগ্রস্তকে খাদ্য দানে.

১৯. এবং তোমরা উত্তরাধিকারীদের প্রাপ্য সম্পদ সম্পূর্ণরূপে ভক্ষণ কর,

২০. এবং তোমরা ধন সম্পদের অত্যধিক মায়া করে থাকো।

২১. এটা সঙ্গত নয়। পৃথিবীকে যখন ভেঙ্গে চূর্ণ-বিচূর্ণ করা হবে;

২২. এবং যখন তোমার প্রতিপালক আগমন করবেন, আর ফেরেশতাগণ সারিবদ্ধভাবে; (থাকবে)

২৩ সেদিন জাহান্রামকে আনয়ন করা হবে এবং সেদিন মানুষ উপলব্ধি করবে: কিন্তু এই উপলব্ধি তার কি কাজে আসবে?

২৪. সে বলবেঃ হায়! আমার এ জীবনের জন্যে আমি যদি কিছু অগ্রীম পাঠাতাম!

২৫. সেদিন তাঁর (আল্লাহর) আযাবের মত আযাব কেউ দিতে পারবে না.

২৬. এবং তাঁর বন্ধনের মত বন্ধন কেউ করতে পারবে না। ২৭. হে প্রশান্ত আত্মা!

وَاَمَّآ إِذَا مَا ابْتَلْمَهُ فَقَدَرَ عَلَيْهِ رِزْقَهُ لَا فَيَقُولُ رَبِّنَ آهَانَنِ شَ

كَلَّا بَلُ لَّا ثُكُرُومُونَ الْيَتِيْمَ ﴿

وَلَا تَخَضُّونَ عَلَى طَعَامِرِ الْمِسْكِيْنِ ﴿

وَتَأَكُّونَ الثُّرَاثَ أَكُلاً لِنَّالُمُ

وَّتُحِبُّونَ الْمَالَ حُمَّاحَتًا شُ

كُلاّ إِذَا ذُكَّتِ الْأَرْضُ دَكًّا دَكًّا شَكًّا

وَّحَاءَ رَبُّكَ وَالْمَلَكُ صَفًّا صَفًّا صَفًّا شَ

وَجِاكِيءَ يُوْمَينِ بِجَهَنَّمَ لَا يَوْمَينٍ يَتَنَكَلُّو الْإِنْسَانُ وَالَّىٰ لَهُ الذِّكْرَاي شَ

يَقُولُ لِلنِّتَنِي قَدَّمْتُ لِحَيَاتِي شَ

فَيُوْمَيِنِ لِآلِيُعَنَّ كُ عَنَالَةَ أَحَلُّ هُ

وَلا يُوثِقُ وَثَاقَةَ آحَنَّ اللهُ يَايَّتُهُا النَّفُسُ الْمُطْبَيِنَّةُ ﴿ পারা ৩০

عة ٣٠

ارْجِعِي إلى رَبِّكِ رَاضِيةً مُّرْضِتَةً هُمْ

২৮. তুমি তোমার প্রতিপালকের নিকট ফিরে এসো সম্ভুষ্ট ও প্রিয়পাত্র হয়ে।

২৯. অনম্ভর তুমি আমার বান্দাদের অন্তর্ভুক্ত হও,

৩০. এবং আমার জান্নাতে প্রবেশ কর।

ڡؘؙۜۮؙڂؙؙؚڶ؋ۣؽؘۘۼؚڵؠؚؽؙ۞ٛ ۅؘٲۮؙڂؙؚٛڶػؘؘڴؿؽ۫۞ۧ

সূরাঃ বালাদ, মাকী

(আয়াতঃ ২০ রুকৃ'ঃ ১)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

১. শপথ করছি এই (মক্কা) নগরের,

২. আর তুমি এই নগরের হালালকারী ১

- শপথ পিতার (আদম ﷺ) আর

 যা সে জন্ম দিয়েছে তার।
- অবশ্যই আমি মানুষকে সৃষ্টি করেছি কট্টের মধ্যে।
- ৫. সে কি মনে করে যে, কখনো তার উপর কেউ ক্ষমতাবান হবে না?
- ৬. সে বলেঃ আমি বহু অর্থ নষ্ট করেছি।
- প. সে কি ধারণা করে যে, তাকে কেউই দেখছে না?

سُرُوْرَةُ الْبَلِي مَكِيَّةُ ايَاتُهَا ٢٠ رَكُوْعُهَا ١ بِسْحِ اللهِ الرَّحْلِينِ الرَّحِيْمِ

لَا ٱقْسِمُ بِهٰذَا الْبَلَدِ ﴿
وَانْتَ حِلُّ إِهٰذَا الْبَلَدِ ﴿

وَ وَالِّدٍ وَّمَا وَلَكَ ۞

لَقُلُ خَلَقُنَا الْإِنْسَانَ فِي كَبَيِهِ أَ

أيحسُبُ أَنْ لَنْ يَقْدِر عَلَيْهِ أَحَدُ ٥

يَقُولُ اَهْلَكْتُ مَالًا لُبُدًا أَنْ

اَيْحُسُبُ اَنْ لَمْ يَرِهُ اَحَلُّ ٥

১। ইবনে আব্বাস (রাযিআল্লাছ আনছ্মা) থেকে বর্ণিত, তিনি বলেনঃ মক্কা বিজয়ের দিন রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ এ শহরকে আল্লাহ্ মহিমান্বিত ও মর্যাদাসম্পন্ন করেছেন। এর কাটা (গাছ) ও কাটা যাবে না, শিকার তাড়া করা যাবে না, রাস্তায় পড়ে থাকা জ্ঞিনিস প্রচারের উদ্দেশ্য ব্যতীত কেউ কুড়িয়ে নিতে পারবে না। (বুখারী, হাদীস নং ১৫৮৭)

عمّ ۳۰

৮. আমি কি তার জন্যে দু'টি চোখ বানাইনি?

৯ আর জিহবা ও ওষ্ঠদ্বয়?

১০. এবং আমি কি তাকে দু'টি পথই দেখাইনি?

১১. কিন্তু সে দুর্গম গিরি পথে প্রবেশ করলো না।

১২. তুমি কী জান যে, দুর্গম গিরি পথটি কিং

১৩. এটা হচ্ছেঃ কোন দাসকে মুক্ত করা:১

১৪. অথবা, দুর্ভিক্ষের দিনে খাদ্য দান:

১৫. কোন ইয়াতীম, আত্মীয়কে,

১৬. অথবা ধূলায় লুষ্ঠিত দরিদ্রকে,

১৭. তারপর তাদের মধ্যে অন্তর্ভুক্ত হওয়া যারা ঈমান এনেছে এবং যারা পরস্পরকে উপদেশ দেয় ধৈর্যধারণের ও দয়া করুণার:

১৮. এরাই ডান হাতওয়ালা।

১৯. আর যারা আমার নিদর্শনসমূহ অস্বীকার করেছে তারাই বাম হাতওয়ালা।

২০. তাদের উপরই রয়েছে আচ্ছনু অবস্থায় অগ্নি।

ٱلْمُرْنَجُعُلُلَّهُ عَيْنَيْنِ۞ وَلِسَانًا وَشَفَتَيُن ﴿ وَهُنَايُنْهُ النَّجُنَايُنِ ١٠٠٠

فَلَا اقْتَحَمُ الْعَقْمَةُ أَنَّ

وَمَآادُ لِيكَ مَا الْعَقَدَةُ أَنَّ

ذَاقِي رَقِيكِةٍ شَ فَاقِي رَقِيكِةٍ شَ

ٱوۡٳڟۼؖڴڔڣؙۑۘۅٛڡڔۮؽڡۺۼۘڹۊ_۞

يَّتنبًا ذَامَقُربَةِ ﴿

أَوْمِسُكِيْنًا ذَا مَثْرَبَةٍ أَنَّ

ثُمَّ كَانَ مِنَ الَّذِيْنَ أَمَنُواْ وَتُوَاصُوا بِالصَّبْرِ وتواصوا بالمرحكة

أوللِّكَ أَصْحُبُ الْمَيْمَنَةِ أَنَّ وَالَّذِينَ كُفُرُوا بِأَلِيِّنَا هُمُ أَصْحِبُ الْمُشْتَيَةِ ﴿

عَلَيْهِمْ نَارُهُوْ مُؤْصِدُةً ﴿

১। আবু হুরাইরা (রাযিআল্লান্ড আনন্ড) থেকে বর্ণিত। নবী (সাল্লাল্লান্ড আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যে ব্যক্তি কোন মুসলমানকে দাসত্ব শুভ্বল থেকে মুক্ত করবে, তার (আযাদকৃত দাসের) প্রতিটি অঙ্গের বিনিময়ে আল্লাহ্ তার (মুক্তিদানকারী ব্যক্তির)প্রতিটি অঙ্গকে জাহান্নামের আগুন থেকে রক্ষা করবেন। সা'ঈদ ইবনে মারজানা বলেছেন, আমি আলী ইবনে হুসাইন-এর নিকটে গিয়ে হাদীসটি বর্ণনা করলে আলী ইবনে হুসাইন তাঁর এমন একটি ক্রীতদাসকে মুক্ত করে দেয়ার সংকল্প করলেন, যাকে খরিদ করার জন্য আবদুল্লাহ্ ইবনে জাফর দশ হাজার দিরহাম অথবা এক হাজার দীনার দিতে প্রস্তুত ছিলেন। এরপর তিনি তাকে (দাসতু শৃঙ্খল থেকে) মৃক্ত করে দিলেন। (বুখারী, হাদীস নং ২৫১৭)

সুরাঃ শামস, মাকী

পারা ৩০

(আয়াতঃ ১৫ রুকু'ঃ ১)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

১. শপথ সূর্যের ও তার রৌদ্রের.

২. শপথ চন্দ্রের, যখন তা সূর্যের পেছনে পেছনে আসে।

৩ শপথ দিবসের যখন তা' (সূর্যকে) প্রকাশ করে,

৪ শপথ রজনীর, যখন তা' সূর্যকে ঢেকে দেয়.

৫ শপথ আকাশের এবং তাঁর যিনি তা' নির্মাণ করেছেন,

৬. শপথ পৃথিবীর এবং তাঁর যিনি তা' বিস্তৃত করেছেন,

৭. শপথ (মানুষের) নফসের এবং তাঁর, যিনি তাকে সুঠাম করেছেন,

৮. অতঃপর তাকে তার অসংকর্ম ও তার সংকর্মের জ্ঞান দান করেছেন.

৯. অবশ্যই সে সফলকাম হবে, যে নিজেকে পরিশুদ্ধ করবে।

১০. এবং নিশ্চয়ই সে ব্যর্থ হবে. যে নিজেকে কলুষিত করবে।

১১. সামৃদ সম্প্রদায় সীমালজ্ঞান করতঃ মিথ্যাপ্রতিপন্ন করলো।

১২. সুতরাং তাদের মধ্যে যে সর্বাধিক হতভাগ্য, সে যখন তৎপর (ক্ষিপ্ত) হয়ে উঠলো,

১৩. তখন আল্লাহর রাসূল (সালেহ প্রাট্রা) তাদেরকে বললোঃ আল্লাহর

سُوْرَةُ الشَّبْسِ مَكِنَّيَّةٌ ۗ ايَأْتُهَا ١٥ رَكُوعُهَا ١ بشيعر الله الرَّحْلِن الرَّحِيثِم

> وَالشُّمُسِ وَضُحْهَا ﴾ وَالْقَمَرِ إِذَا تُلْهَا ﴿

عقر٣٠

وَالنَّهَادِ إِذَا جَلُّهَا صَّ

وَالَّيْلِ إِذَا يَغُشْهَا ﴿

وَالسَّبَآءِ وَمَا بَنْهَا فِّ

وَ الْأَرْضِ وَمَا طَحْهَا ﴿

وَنَفْسٍ وَمَا سَوْمِا كُ

فَالْهِيهَا فُجُورِهَا وَتَقُولِهَا مُ

قَلُ ٱفْلَحَ مَنْ زَكُّهُا ﴿

وَقُلُ خَاكَ مَنْ دَسُّهَا أَمْ

كَنَّابَتُ ثُمُودُ بِطَغُولِهَا إِلَّا

إذ انْكَعَتُ أَشُقُهُ كَاللَّهُ

فَقَالَ لَهُمْ رَسُولُ الله نَاقَةَ اللهِ وَسُقُلهَا أَلَهُ

উষ্ট্রী ও তাকে পানি পান করাবার বিষয়ে সাবধান হও (বাধা দিও না)।

১৪. কিন্তু তারা তাকে মিথ্যাবাদী বললো, অতপর ঐ উষ্ট্রীকে কেটে ফেললো। অবশেষে তাদের পাপের কারণে তাদের প্রতিপালক তাদেরকে সমূলে ধ্বংস করে একাকার করে দিলেন।

১৫. আর তিনি ওর পরিণামকে ভয় করলেন না।

সূরাঃ লাইল, মাক্কী

(আয়াতঃ ২১ রুকু'ঃ ১)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

 শপথ রজনীর, যখন তা' আচ্ছন্ন হয়ে যায়.

- ২. শপথ দিনের, যখন তা' আলোকিত হয়.
- এবং শপথ তাঁর যিনি নর ও নারী সৃষ্টি করেছেন—
- 8. অবশ্যই তোমাদের প্রচেষ্টা বিভিন্ন মুখী।
- ৫. অনন্তর যে দান করে ও মুতাকী
 হয়়
- ৬. যা উত্তম তাকে সত্য মনে করল,
- এচিরেই আমি তার জন্যে সুগম
 করে দেবো সহজ পথ।
- ৮. পক্ষান্তরে কেউ কার্পণ্য করল ও বেপরওয়া হল।

فَكُنَّابُونُهُ فَعَقَرُوُهَا أَهُ فَكَامُكَمَ عَكِيْهِمُ رَبُّهُمُ بِنَائِبِهِمْ فَسَوْٰبِهَا أَنَّ

وَلا يَخَانُ عُقُلِهَا شَ

سُوْرَةُ الَّيْلِ مَكِيَّةُ ايَاتُهَا ٢١ رَكُوعُهَا ١ بِسْمِ اللهِ الرَّحْلِنِ الرَّحِيْمِ

وَالَّيْلِ إِذَا يَغُشَّى لَ

وَالنَّهَادِ إِذَا تَجَلَّى ﴿

وَمَا خَلَقَ النَّاكُر وَالْأُنْثَى ﴿

إِنَّ سَعْيَكُمْ لَشَتَّى ﴿

فَأَمَّا مَنُ أَعْطَى وَاتَّقَى ﴿

وَصَدَّقَ بِالْحُسُنَى ﴿ فَسَنُكَسَّهُ لِلْكُسُلِي ﴿

وَ أَمَّا مَنْ يَخِلَ وَاسْتَغُنَّى ٥

৯. আর উত্তম জিনিসকে মিথ্যা মনে করলো,

 ৯০. অচিরেই তার জন্যে আমি সুগম করে দেবো কঠোর পরিণামের পথ।

১১. এবং তার সম্পদ তার কোন কাজে আসবে না, যখন সে পতিত হবে (জাহান্লামে)।

১২. আমার দায়িত্ব শুধু পথ নির্দেশ করা,

১৩. আর নিশ্চয়ই আমি পরকাল ও ইহকালের মালিক।

১৪. আমি তোমাদেরকে সতর্ক করে দিয়েছি;

১৫. নিতান্ত হতভাগ্য ব্যতীত কেউ তাতে প্রবেশ করবে না,

১৬. যে মিথ্যারোপ করে ও মুখ ফিরিয়ে নেয়:

১৭. আর তা হতে অতি সত্ত্বর মুক্ত রাখা হবে বড় মুন্তাকীদেরকে,

১৮. যে স্বীয় সম্পদ দান করে আত্মণ্ডদ্ধির জন্য,

১৯. এবং তার প্রতিকারও অনুগ্রহের প্রতিদান হিসেবে নয়.

২০. বরং ওধু তার মহান প্রতি-পালকের মুখমন্ডল (সন্তোষ) লাভের প্রত্যাশায়;

২১. সে তো অচিরেই সন্তোষ লাভ করবে। وَكُنَّ بَ بِالْحُسْنَى ﴿

فَسَنُيسِّرُهُ لِلْعُسْرِي اللهِ

وَمَا يُغُنِى عَنْهُ مَالُهُ إِذَا تَرَدّى أَنَّ

إِنَّ عَلَيْنَا لَلُهُلِّي اللَّهُ لَا يَ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ

وَاِتَّ لَنَا لَلْأَخِرَةَ وَالْأُوْلِ ®

فَأَنْنَادُتُكُمْ نَارًا تَكَظَّى اللهِ

لَا يَصْلُمُ أَ إِلَّا الْأَشْقَى فَ

الَّذِي كَنَّبَ وَتُولَٰى شَ

وَسَيُجَنَّبُهُا الْأَثْقَى ﴿

الَّذِي يُؤْتِيْ مَا لَهُ يَتَزَكَّىٰ ﴿

وَمَا لِاَحَدٍ عِنْدَةُ مِنْ نِعْمَةٍ تُجُزَّى ﴿

اِلاَّ الْبَيْغَاءَ وَجُهِ رَبِّهِ الْأَعْلَىٰ أَ

وَلَسُونَ يَرُضَى شَ

সুরাঃ দুহা, মাকী

(আয়াতঃ ১১ রুকু'ঃ ১)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

১. শপথ পূর্বাহ্নের,

২. শপথ রজনীর যখন তা' আচ্ছন করে ফেলে:

৩ তোমার প্রতিপালক তোমাকে পরিত্যাগ করেননি এবং তোমার প্রতি অসম্ভুষ্টও হননি।

8. আর অবশ্যই তোমার জন্যে আখেরাত দুনিয়া অপেক্ষা উত্তম।

৫. অচিরেই তোমার প্রতিপালক তোমাকে এরূপ দান করবেন যাতে তুমি সম্ভুষ্ট হবে।

৬. তিনি কি তোমাকে ইয়াতীম অবস্থায় পাননি? অতঃপর তোমাকে আশ্রয় দান করেন।

৭. তিনি তোমাকে পথ সম্পর্কে অনবহিত পেয়েছেন, তারপর তিনি দেখিয়েছেন পথ।

৮. তিনি তোমাকে নিঃস্ব অবস্থায় পান তারপর তোমাকে ধনবান করেন।

৯. অতএব, তুমি ইয়াতীমের প্রতি কঠোর হয়ো না.

আর ভিক্ষককে ধমক দিও না।

১১. তুমি তোমার প্রতিপালকের অনুগ্রহের কথা ব্যক্ত করতে থাকো।

سُورَةُ الضُّحٰي مَكِيَّةُ ايَأْتُهَا ١١ رُكُوعُهَا ١ بسبيم الله الرَّحْلِن الرَّحِيْمِ

وَالضُّخِي أَنْ

عقر۳۰

وَالَّيْلِ إِذَا سَعْي ﴿

مَا وَدَّعَكَ رَبُّكَ وَمَا قَلِي ﴿

وَ لَلَاخِ أَوْ خَنْرٌ لَّكَ مِنَ الْأُولِي ﴿

وَلَسُوْفَ يُعْطِينُكَ رَبُّكَ فَتَرْضَى اللَّهِ

ٱكُمْ يَجِلُكَ يَتِينًا فَأَوْى آ

ووَحَدُكُ ضَالاً فَعَلَايَ

وَوَجَدَكَ عَالِيلًا فَأَغْنَى ٥

فَأَمَّا الْيَتِيْمَ فَلَا تَقُفُرُ أَنَّ

وَامَّا السَّالِلَ فَلَا تَنْهُرْ أَنَّ وَ أَمَّا بِنِعُمَةٍ رَبِّكَ فَحَدِّثُ شَ

www.QuranerAlo.com

সুরাঃ আলাম নাশরাহু, মাকী

পারা ৩০

(আয়াতঃ ৮ রুকু'ঃ ১)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

 আমি কি তোমার বক্ষদেশ তোমার জন্য উনাক্ত করে দেইনি?

 আমি তোমার ওপর হতে ভারী বোঝা অপসারণ করেছি.

 থ. যা তোমার পৃষ্ঠকে ভেক্তে দিচ্ছিল;

 এবং আমি তোমার জন্য তোমার চর্চা (খ্যাতি)-কে সুউচ্চ করেছি।

৫. নিশ্চয়ই কষ্টের সাথেই স্বস্তি
 আছে।

৬. অবশ্যই কষ্টের সাথে স্বস্তি আছে।

 মতএব যখনই অবসর পাও সাধনা করো,

৮. এবং তোমার প্রতিপালকের প্রতি মনযোগ দাও।

সুরাঃ ত্বীন, মাকী

(আয়াতঃ ৮ রুকু'ঃ ১)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

১. শপথ 'তীন' ও 'যায়তৃনে'র,

২. শপথ 'সিনাই' পর্বতের

 এবং শপথ এই নিরাপদ বা শান্তিময় (মঞ্চা) নগরীর, شُوُّرَةُ اَلَهُ لَشُرَحُ مَكِّيَّةٌ ايَاتُهَا ^رَدُّعُهَا ا بِسْحِ اللهِ الرَّحْلِنِ الرَّحِيْمِ

ٱلَمْ نَشْرَحُ لَكَ صَدُرَكَ أَن

وَوَضَعْنَاعَنْكَ وِزْرَكَ ﴿

الَّذِئِّي ٱنْقَضَ ظَهُرَكَ ﴿

وَرَفَعُنَا لَكَ ذِكْرِكَ أَنَّ

فَإِنَّ مَعْ الْعُسْرِيسُوا فَ

إِنَّ مَعَ الْعُسُويُسُرًا ﴿

فَإِذَا فَرَغْتَ فَأَنْصُبُ ﴿

وَإِلَىٰ رَبِّكَ فَادْغَبُ ۞

سُوُرَةُ التِّيْنِ مَكِيَّةُ ايَاتُهَا ٨ رَكُوعُهَا ١ إِسْدِ الله الرَّحْلِن الرَّحِيْدِ

> وَالتِّيْنِ وَالزَّيْتُونِ ﴿ وَطُوْدٍ سِيْنِيْنَ ﴿

وَ هٰذَا الْبَكِدِ الْآمِيْنِ ﴿

।৩০ | 1101 |

 আমি অবশ্যই সৃষ্টি করেছি মানুষকে সুন্দরতম গঠনে,

৫. অতঃপর আমি তাকে প্রত্যাখ্যান
 করেছি নীচতমদের নীচে।

৬. কিন্তু তাদেরকে নয় যারা মুমিন ও সৎকর্মপরায়ণ; তাদের জন্যে আছে অবিচ্ছিন্ন পুরস্কার।

৭. সুতরাং এরপর কিসে তোমাকে
 (হে মানুষ) কর্মফল সম্বন্ধে
 মিথ্যাপ্রতিপন্নকারী?

৮. আল্লাহ কি বিচারকদের মধ্যে শ্রেষ্ঠ বিচারক নন?

সুরাঃ আ'লাক্, মাকী

(আয়াতঃ ১৯ রুকৃ'ঃ ১)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

 তুমি পড়ো কর তোমার প্রতিপালকের নামে, যিনি সৃষ্টি করেছেন।

২. সৃষ্টি করেছেন মানুষকে রক্তপিন্ড হতে।

 পড়ো এবং তোমার প্রতিপালক মহামহিমান্বিত,

8. যিনি কলমের সাহায্যে শিক্ষা দিয়েছেন—

©. তিনি শিক্ষা দিয়েছেন মানুষকে
 (এমন জ্ঞান) যা সে জানতো না।

৬. কখনও নয়, মানুষ তো সীমালজ্ঞ্বন করেই থাকে. لَقُلُ خَلَقْنَا الْإِنْسَانَ فِي آخْسَنِ تَقْوِيْمٍ ﴿

ثُمَّ رَدَدُنهُ أَسْفَلَ سُفِلِينَ ﴿

عتر ۳۰

إِلاَّ الَّذِينَ المَنُوا وَعَمِلُوا الصَّلِحْتِ فَلَهُمْ اَجْرٌ غَيْرُ مَهْنُونِ أَ

فَهَا يُكَذِّبُكَ بَعُنُ بِالدِّينِي ٥

اَكُيْسَ اللهُ بِاَخْكِمِ الْحُكِيدِينَ ﴿

اِقْرَأْ بِالسِّمِ رَبِّكَ الَّذِي خَلَقَ أَ

خَلَقَ الْإِنْسَانَ مِنْ عَلَقٍ ﴿

إِقْرَأُ وَرَبُّكَ الْأَكْرَمُ ﴿

الَّذِي عَلَّمَ بِالْقَلَمِ ﴿

عَلَّمَ الْإِنْسَانَ مَا لَمْ يَعْلَمْ أَنَّ

كَلَّ إِنَّ الْإِنْسَانَ لَيَظْغَى ﴿

৭, কারণ সে নিজেকে অভাবমুক্ত মনে করে। ৮. তোমার প্রতিপালকের নিকট প্রত্যাবর্তন সুনিশ্চিত।

৯. তুমি কি তাকে (আবু জাহলকে) দেখেছো, যে বাধা দেয়,

১০. এক বান্দাকে (রাসুলুল্লাহ্ 🍇) যখন সে নামায আদায় করে?

১১. তুমি লক্ষ্য করেছো কি. যদি সে সৎপথে থাকে।

১২, অথবা তাকওয়ার নির্দেশ দেয়.

১৩. তুমি লক্ষ্য করেছো কি যদি সে মিথ্যারোপ করে ও মুখ ফিরিয়ে নেয়.

১৪. সে কি অবগত নয় যে, আল্লাহ দেখছেন?

১৫. সাবধান! সে যদি বিরত না হয় তবে আমি তাকে অবশ্যই হেঁচড়িয়ে নিয়ে যাবো, মস্তকের সম্মুখ ভাগের কেশগুচ্ছ ধরে।

১৬. মিথ্যাবাদী, পাপিষ্ঠ সম্মুখের কেশগুচ্ছ ওয়ালা।

১৭ অতএব সে তার পরিষদবর্গকে আহ্বান করুক।

১৮. আমিও অচিরে আহ্বান করবো আযাবের ফেরেশ্তাদেরকে,

১৯. সাবধান! তুমি তার অনুসরণ করো না, সিজদা কর ও (আল্লাহর) নৈকটা অর্জন কর।

أَنْ رَّالُّ اسْتَغْنَى ﴿

عة٣٠

إِنَّ إِلَى رَبِّكَ الرُّجُعْلَى أَ

اَرَءَيْتَ الَّذِي كَيْهُمْ ﴿

عَبْدًا إِذَا صَلَّى اللهِ

أرَونت إن كان على المُلكى أَسُ

أَوْ أَمُرَ بِالتَّقُوٰي شَ

اَرُونَتُ اِن كُنَّاتَ وَتُولِّي أَن

ٱلَمْ يَعُلَمُ بِأَنَّ اللَّهَ يَرَى ﴿

كَلَّا لَيِنُ لَّمْ يَنْتَهِ لَا لَنَسْفَعًا بِالنَّاصِيةِ ﴿

نَاصِيَةِ كَاذِبَةٍ خَاطِئَةٍ أَ

فَلْبَكُمُّ نَادِيَهُ ﴿

سَنَنُحُ الزَّيَانِيَةَ أَنْ

كَلَّاطُ لَا تُطِعُهُ وَاسْجُنَّ وَاقْتَرِبُ السَّجْدَة

(আয়াতঃ ৫ রুকৃ'ঃ ১) দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

 নিশ্চয়ই আমি এটা (আল-কুরআন) অবতীর্ণ করেছি মহিমাঝিত রজনীতে;

২. আর মহিমান্বিত রজনী সম্বন্ধে তুমি কী জান?

এ. মহিমান্বিত রজনী হাজার মাস
 অপেক্ষা উত্তম।

 ঐ রাত্রিতে ফেরেশতাগণ ও রূহ (জিবরাঈল) অবতীর্ণ হন প্রত্যেক কাজের জন্য তাদের প্রতিপালকের অনুমতিক্রমে।

৫. শান্তিময়, এই রাত ফজরের উদয়
 পর্যন্ত।

সুরাঃ বাইয়্যিনাহু, মাদানী

(আয়াতঃ ৮ রুকৃ'ঃ ১)

দরাময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

১. আহলে কিতাবদের মধ্যে যারা কৃষ্ণরী করেছিল এবং মুশরিকরাও আপন মত হতে পৃথক হবে এমন ছিল না, যতক্ষণ তাদের নিকট সুস্পষ্ট প্রমাণ না আসবে (তা হলো)।

২. আল্লাহর নিকট হতে এক রাসূল যিনি, পাঠ করেন পবিত্র সহীফা।

إِنَّا ٱنْزَلْنَهُ فِي لَيْكَةِ الْقَدُرِ أَنَّ

وَمَا آدُرلك مَا لَيْلَةُ الْقَدرِ أَن

لَيْلَةُ الْقَدُرِهُ خَيْرٌ مِّنَ ٱلْفِ شَهْرِ ﴿

تَنَزَّلُ الْمَلَلِيكَةُ وَالرُّوْحُ فِيْهَا بِإِذْنِ رَبِّهِمُ مِّنُ كُلِّ الْمُلَلِيكَةُ وَالرُّوْحُ فِيْهَا بِإِذْنِ رَبِّهِمُ مِّنُ كُلِّ الْمُرِثُ

سَلَمُ ﴿ هِيَ حَتَّى مَطْلَحِ الْفَجْرِ ٥

سُوُرَةُ الْمِيِّنَةِ مَكَ نِيَّةٌ ايَاتُهَا ٥ رَكُوعُهَا ١ بِسْحِ اللهِ الرَّحْلِنِ الرَّحِيْمِ

لَمْ يَكُنِ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ اَهْلِ الْكِتْبِ وَالْمُشْرِكِيْنَ مُنْ الْمُثَالِكِيْنَ مُنْ الْمُثَالِكِيْنَ مُنْ الْمُثَالِكِيْنَ أَنْ الْمُثَالِكِيْنَ اللَّهِيْنَةُ أَنْ

رَسُولٌ مِّنَ اللهِ يَتُلُوا صُحُفًا مُّطَهَّرةً ﴿

1104 পারা ৩০

থ. যাতে সঠিক বিধি-বিধান রয়েছে ৷

 যাদেরকে কিতাব দেয়া হয়েছিল তারা বিভক্ত হলো তাদের নিকট সুস্পষ্ট প্রমাণ আসার পরও।

আদিষ্ট হয়েছিল ৫. তারা তো আল্লাহর আনুগত্যে বিশুদ্ধ চিত্ত হয়ে একনিষ্ঠভাবে তাঁর ইবাদত করতে এবং নামায কায়েম করতে ও যাকাত প্রদান করতে, এটাই সুপ্রতিষ্ঠিত সঠিক দ্বীন ৷

৬. আহলে কিতাবদের মধ্যে কৃষরী করেছে এবং মুশরিকরা জাহান্রামের আগুনের মধ্যে স্থায়ীভাবে অবস্থান করবে; তারাই সৃষ্টির সর্ব নিকৃষ্ট।

৭. যারা ঈমান আনে ও সৎআমল করে, তারাই সৃষ্টির সর্বোৎকৃষ্ট।

৮. তাদের প্রতিপালকের নিকট আছে তাদের পুরস্কার স্থায়ী জান্লাত, যার নিম্নদেশে নদীসমূহ প্রবাহিত, সেখানে তারা চিরস্থায়ী হবে: আল্লাহ তাদের প্রতি সম্ভুষ্ট হয়েছেন এবং তারাও তাঁর উপর সম্ভষ্ট: এটা তার জন্য যে তার প্রতিপালককে ভয় করে।

সুরাঃ যিলযাল, মাদানী

(আয়াতঃ ৮ রুকু'ঃ ১)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

১. পথিবীকে যখন প্রবলভাবে প্রকম্পিত করা হবে.

فِيْهَا كُتُبُّ قِيتِمَةً ﴿

وَمَا تَفَرَقَ الَّذِينَ أُوتُوا الْكِتْبَ إِلَّا مِنْ بَعْدِ مَاجَآءَتُهُمُ الْبَيِّنَةُ ۞

وَمَا أُمِرُوٓ إِلاَّ لِيَعْبُدُوا اللَّهَ مُخْلِصِيْنَ لَهُ الدِّيْنَ لَهُ حُنَفَاءَ وَيُقِيبُوا الصَّلْوةَ وَيُؤْتُوا الزَّكُوةَ وَذٰلِكَ دِيْنُ الْقَيِّهَةِ أَ

إِنَّ الَّذِينَ كَفَرُوا مِنْ اَهْلِ الْكِتْبِ وَالْمُشْرِكِينَ فِيُ نَادِجَهَنَّمَ خَلِدِيْنَ فِيهَا مِ أُولَيْكَ هُمُ شَرُّ الْبَرِيَّةِ أَن

إِنَّ الَّذِينَ أَمَنُوا وَعَمِلُوا الطَّيلِحْتِ أُولِيكَ هُمُ خَيْرُ الْبَرِيَّةِ أَ

جَزَآؤُهُمْ عِنْكَ رَبِّهِمْ جَنْتُ عَنْ إِن تَجْرِي مِنْ تَخْتِهَا الْأَنْفِا خُلِدِينَ فَنَفَّا أَبِدًا طَرَفِي اللَّهُ عَنْفُهُ وَرَضُواعَنُهُ ﴿ ذَٰلِكَ لِمَنْ خَشِي رَبُّهُ ۞

> سُوُرَةُ الزِّلْزَالِ مَكَ نِيَّةً ايَأْتُهَا ٨ رَكُوعُهَا ١ ينسيمر الله الرَّحْمٰنِ الرَّحِيْمِ

> > إِذَا زُلُزِلَتِ الْأَرْضُ زِلْزَالَهَا أَن

২. এবং পৃথিবী যখন তার অভ্যন্তরের ভারসমূহ বের করে দিবে,

- ৩. এবং মানুষ বলবেঃ এর কি হলো?
- সেদিন পৃথিবী তার সবতত্ত্ব বর্ণনা করে দিবে,
- কারণ তোমার প্রতিপালক তাকে আদেশ করবেন,
- ৬. সেদিন মানুষ ভিন্ন ভিন্ন দলে বের হবে, তাদের কৃতকর্ম দেখানোর জন্য।
- কেউ অণু পরিমাণ সংকর্ম করলে
 তাও দেখবে।
- ৮. এবং কেউ অণু পরিমাণ অসৎকর্ম করলে তাও দেখবে।

সূরাঃ আদিয়াত, মাকী

(আয়াতঃ ১১ রুকৃ'ঃ ১)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

- শপথ উর্ধেশ্বাসে ধাবমান ঘোড়াসমূহের,
- ২. যারা ক্ষুরাঘাতে অগ্নিক্চ্লিঙ্গ ঝরায়,
- থ. যারা আক্রমণ চালায় প্রভাত-কালে.
- 8. এবং ঐ সময়ে ধূলা উড়ায়;
- ৫. অতঃপর (শক্র) দলের অভ্যন্তরে ঢুকে পড়ে—
- ৬. মানুষ অবশ্যই তার প্রতিপালকের বড়ই অকৃতজ্ঞ,

وَٱخْرِجَتِ الْأَرْضُ ٱلْقَالَهَا ﴿

وَقَالَ الْإِنْسَانُ مَا لَهَا ﴿ يَوْمَهِنِ تُحَرِّثُ اَخْبَارُهَا ﴿

بِأَنَّ رَبَّكَ أَوْخَى لَهَا ۞

يَوْمِينٍ يِّصْدُرُ النَّاسُ اَشْتَاتًا لَا لِّيْرُوْ الْعُمَالَهُمْ أَنَّ

فَئَنْ يَعْمَلُ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَّرَهُ ٥

وَمَنُ يَعْمَلُ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَّرَهُ ﴿

سُوْرَةُ الْعَلِيلِتِ مَكِّيَّةٌ اَيَاتُهَا الرَّوْعُهَا ا بِسْمِ اللهِ الرَّحْلِنِ الرَّحِيْمِ

وَالْعٰدِيلِتِ ضَبْحًا اللهِ

فَالْمُورِيْتِ قَدُحًا ﴿

فَالْمُغِيْرِتِ صُبْحًا ﴿

فَاتُرُن بِهِ نَقُعًا ﴿ فَوَسَطْنَ بِهِ جَمْعًا ﴿

إِنَّ الْإِنْسَانَ لِرَبِّهِ لَكَنُودٌ ﴿

৭, এবং নিশ্চয়ই সে নিজেই এ বিষয়ে সাক্ষী:

৮. এবং অবশ্যই সে ধন-সম্পদের আসক্তিতে অত্যন্ত কঠিন।

৯, তবে কি সে ঐ সম্পর্কে অবহিত নয় যখন কবরে যা আছে তা বের করা হবে?

১০. এবং অন্তরে যা আছে তা প্রকাশ করা হবে?

১১. অবশ্য সেদিন তাদের কি ঘটবে. তাদের প্রতিপালক অবশ্যই তা সবিশেষ অবহিত।

সুরাঃ কা'রি'আহু, মাকী

(আয়াতঃ ১১ রুকু'ঃ ১) দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

- আঘাতকারী ১. (হৃদয়ে) প্রচন্ত (মহাপ্রলয়),
- ২. (হৃদয়ে) প্রচন্ড আঘাতকারী (মহাপ্রলয়) কি?
- ৩. (হৃদয়ে) প্রচন্ড আঘাতকারী (মহাপ্রলয়) সম্বন্ধে তুমি কি জান?
- 8. সেদিন মানুষ হবে বিক্ষিপ্ত পতক্ষের মতো.
- ৫. এবং পর্বতসমূহ হবে ধনিত রঙীন পশমের মতো :
- ৬. তখন যার পাল্লা ভারী হবে.
- ৭ সে সম্ভোষজনক জীবন লাভ করবে।

وَ إِنَّهُ عَلَى ذَٰلِكَ لَشَهِيُدٌّ ۞

وَ إِنَّهُ لِحُبِّ الْخَيْرِ لَشَي يُدُّ ٥

أَفَلًا يَعْلَمُ إِذَا بُعْثِرَ مَا فِي الْقُبُودِ ﴿

وَحُصِّلَ مَا فِي الصُّدُورِ ﴿

إِنَّ رَبُّهُمْ بِهِمْ يَوْمَيِنٍ لَّخَيْرُ ﴿

سُوْرَةُ الْقَارِعَةِ مُكِّيَّةٌ ايَأْتُهَا الرُّوعُهَا ا يستحرالله الرحنن الرجيبم

اَلْقَارِعَةُ أَن

مَا الْقَارِعَةُ ﴿

وَمَا آدريك مَا الْقَارِعَةُ أَ

يَوْمَرَ يَكُونُ النَّاسُ كَالْفَرَاشِ الْمَيْثُونُ ﴿

وَ تَكُونُ الْجِبَالُ كَالْحِهْنِ الْمَنْفُوثِينَ أَنْ فَامَّا مَنْ ثَقُلُتُ مُوازِينُهُ ﴿

৮. কিন্তু যার পাল্লা হালকা হবে.

৯. তার স্থান হবে হাবিয়াহ।

১০. হাবিয়াহ্ কি তুমি জান?

১১. (এটা) অতি উত্তপ্ত অগ্নি।

واَمَّا مَن خَفَّتُ مُوازِينَهُ ﴿ فَأُمُّهُ هَاوِكَةً أَنَّ ومَا آدريك مَاهِيهُ أَنْ نَارُ حَامِيةً شَ

عـقر ۳۰

সুরাঃ তাকাসুর, মাকী

(আয়াতঃ ৮ রুকু'ঃ ১)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

১. পরস্পর ধন-সম্পদের অহংকার তোমাদেরকে মোহাচ্ছন্ন রাখে।

২. যতক্ষণ না তোমরা কবরসমূহে উপস্থিত হচ্ছ ৷

৩. এটা কখনও ঠিক নয়, শীঘই তোমরা জানতে পারবে:

8. অতঃপর, এটা কখনও ঠিক নয়, শীঘ্রই তোমরা এটা জানতে পারবে।

৫. সাবধান! যদি তোমরা নিশ্চিত জ্ঞান দ্বারা অবহিত হতে (তবে এমন কাজ করতে না)।

অবশ্যই ৬. তোমরা জাহানাম দেখবে।

৭. এটা কখনো নয়, তোমরা ওটা চাক্ষুষ প্রত্যয়ে দেখবেই.

৮. এরপর অবশ্যই সেদিন তোমাদেরকে সুখ ও সম্পদ সম্বন্ধে জিজ্ঞাস করা হবে।

سُورَةُ التَّكَاثُرِ مُكِّيَّةٌ ايَاتُهَا ٨ رَكْعُهَا ١ يستيم الله الرَّحْين الرَّحِيْمِ

ٱلْهِكُمُ التَّكَأْثُرُ أَنَّ

حَقُّ زُرْتُمُ الْمِقَابِرَ أَنَّ

كُلُّ سُوْفَ تَعْلَمُونَ شَ

الله كالأسوف تعلبون أ

كُلَّا لَوْ تَعْلَبُونَ عِلْمَ الْيَقِينِ أَن

لَتُرُونَ الْجَحِبُمُ (أَ)

ثُمَّ لَتُرَونُهَا عَيْنَ الْيَقِيْنِ ٥

ثُمَّ لَتُسْتَكُنَّ يَوْمَهِنِ عَنِ النَّعِيْمِ ﴿

সুরাঃ আসুর, মাকী

(আয়াতঃ ৩ রুকু'ঃ ১) দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

১. কালের শপথ,

২. মানুষ অবশ্যই ক্ষতির মধ্যে রয়েছে।

৩. কিন্তু তারা নয়, যারা ঈমান আনে ও সৎআমল করে এবং পরস্পরকে সত্যের উপদেশ দেয় ধৈর্যধারণে পরস্পরকে উদ্বন্ধ করে থাকে।

সুরাঃ হুমাযাহু, মাকী

(আয়াতঃ ৯ রুকু'ঃ ১)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

 ধ্বংস প্রত্যেক ঐ ব্যক্তির জন্য. যারা পশ্চাতে ও সম্মুখে লোকের নিন্দা করে:

২. যে অর্থ জমায় ও তা গণনা করে রাখে:

৩. সে মনে করে যে, তার অর্থ তাকে চিরস্থায়ী করে রাখবে:

8. কখনো নয়, সে অবশ্যই নিক্ষিপ্ত হবে হুতামায়;

৫. আর তুমি কি জানো হুতামা কী?

৬. (এটা) আল্লাহর প্রজ্ঞলিত আগুন

شُوْرةُ الْعَصْرِ مَكِيَّةً * ايَأْتُهَا ٣ رَكُوْعُهَا ١ بنسيم الله الرَّحْين الرَّحِيْمِ

والعصران

إِنَّ الْإِنْسَانَ لَفِي خُسُولٌ

إِلَّا الَّذِينَ أَمَنُواْ وَعَمِلُوا الصَّلِحْتِ وَتَوَاصَوُا بِالْحَقِّ لِهُ وَ تُواصَوْرِ بِالصَّبْرِ ﴿

> سُورَةُ الْهُمَزَةِ مَكِنَّةً ايَاتُهَا ٩ رَكُوعُهَا ١ بشيع الله الرَّحْلُن الرَّحِيثِم

> > وَيُلُّ لِّكُلِّ هُمَزَةٍ لُّمَزَقٍ لُمَزَقٍ أَنْ

الَّذِي جَنَّعَ مَالًا وَّعَدَّدُهُ أَ

يَحْسَبُ أَنَّ مَأَلَةً أَخُلُوهُ ﴿

كَلَّا لَيُنْكِذَنَّ فِي الْحُطَمَةِ ﴿

وما آدريك ما المُطلقة أن نَارُ اللهِ الْمُؤْقِدَةُ ﴿ যা হৃদয় অভ্যন্তরে পৌছে যাবে।

৮. নিশ্চয়ই তা' (আগুন) তাদের ওপর দিয়ে বন্ধ করে দেয়া হবে।

৯. উঁচু উঁচু স্তম্ভসমূহে।

সুরাঃ ফীল্, মাকী

(আয়াতঃ ৫ রুকৃ'ঃ ১)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

 তুমি কি দেখনি যে, তোমার প্রতিপালক হাতিওয়ালাদের সাথে কি করেছেন?

- ২. তিনি কি তাদের চক্রান্ত (সম্পর্ণরূপে) ব্যর্থ করে দেন নি?
- তাদের বিরুদ্ধে তিনি ঝাঁকে ঝাঁকে পাখিসমূহ প্রেরণ করেছিলেন।
- যারা তাদের ওপর পোড়া মাটির কংকর নিক্ষেপ করেছিল।
- ৫. অতঃপর তিনি তাদেরকে ভক্ষিত ভূষির মতো করে দেন।

সূরাঃ কুরাইশ্, মাক্কী

(আয়াতঃ ৪ রুকু'ঃ ১)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

- কুরাইশদের অনুরাগের কারণ।
- **২.** তাদের অনুরাগ শীত ও গ্রীষ্ম সফরের।

الَّتِي تَطَلِعُ عَلَى الْأَفْدِكَةِ ٥ الَّهَا عَلَيْهِمْ مُّؤْصَدَةً ﴿

فَيُ عَمَدٍ مُّمَدَّةٍ أَ

اَكُمْ تَرَكَيْفَ فَعَلَ رَبُّكَ بِأَصْحٰبِ الْفِيلِ أَن

ٱلَمْ يَجْعَلُ كَيْدَهُمْ فِي تَضْلِيلٍ ﴿

وْ ٱرْسَلَ عَلَيْهِمْ طَيْرًا ٱبَّابِيلَ ﴿

تَرْمِيْهِمُ بِحِجَارَةٍ مِّنْ سِجِّيْلٍ ﴿

فَجَعَلَهُمْ كَعَصْفٍ مَّا كُولٍ ٥

سُوُرَةُ قُرُنْشٍ مَكِنَيَةً ابَاتُهَا ٢ رَكْمُهُمَا ا بِسْمِ اللهِ الرَّحْلِنِ الرَّحِيْمِ

لِإِيُلْفِ قُرَنْشٍ ﴿

الفِهِمُ رِحُكَةَ الشِّتَآءَ وَالصَّيْفِ أَ

8. যিনি তাদেরকে ক্ষুধায় খাদ্য দান করেছেন এবং ভয় হতে তাদেরকে নিরাপদ করেছেন।

সুরাঃ মাউ'ন, মাকী

(আয়াতঃ ৭ রুকু'ঃ ১)

দরামর, পরম দরালু আল্লাহর নামে (শুরু করছি)

১. তুমি কি দেখেছ তাকে, যে পরকালকে মিথ্যাপ্রতিপন্ন করে?

২. সে তো ঐ ব্যক্তি, যে ইয়াতীমকে ধাকা দিয়ে তাড়িয়ে দেয় ৷^১

৩. এবং সে অভাব্যস্তকে খাদ্যদানে উৎসাহ প্রদান করে না।

 সুতরাং ধ্বংস সেই নামায আদায়কারীদের জন্যে,

৫. যারা তাদের নামাযে অমনোযোগী।

 ৬. যারা লোক দেখানোর জন্যে তা' করে.

 এবং তারা প্রয়োজনীয় ছোটখাট জিনিস সাহায়্য দানে বিরত থাকে। فَلْيَعْبُكُ وَارَبَّ هٰذَا الْبَيْتِ ﴿

الَّذِينَ ٱطْعَنَهُمْ مِّنُ جُوْعٍ لا وَّامَنَهُمْ مِّنُ خَوْنِ شَ

سُوْرَةُ الْمَاعُونِ مَكِيَّةً ابَاتُهَا ، رَكُوْعُهَا ا إِنْسُدِ اللهِ الرَّحْلِنِ الرَّحِيْدِ

ٱرْءَيْتَ اتَّذِئُ يُكَذِّبُ بِٱلدِّيْنِ أَنْ

فَنْ لِكَ الَّذِي يَكُعُ الْيَتِيْمَ ﴿

وَلايَحُضُ عَلَى طَعَامِ الْمِسْكِيْنِ أَ

فَوَيْلٌ لِلْمُصَلِّدُينَ ﴿

الَّذِيْنَ هُمْ عَنْ صَلَاتِهِمْ سَاهُوْنَ ﴿

الَّذِينَ هُمْ يُرَاءُونَ ﴿

رردروور ويمنعون الماعون ﴿

১। সাহাল বিন সা'দ (রাযিআল্লান্থ আনছ) বর্ণনা করেছেন। নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ আমি এবং ইয়াতীমের তত্ত্বাবধানকারী জান্লাতে এরূপ (কাছাকাছি) থাকবো। রাসূলুল্লাহ (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) শাহাদাত ও মধ্যম আঙ্গুল দ্বারা ইশারা করে (দু'জনের) দূরত্ব দেখালেন। (বুখারী, হাদীস নং ৬০০৫)

সূরাঃ কাওসার, মাক্কী

পারা ৩০

(আয়াতঃ ৩ রুকৃ'ঃ ১)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

 আমি অবশ্যই তোমাকে (হাউজে) কাওসার প্রদান করেছি।

 সুতরাং তোমার প্রতিপালকের উদ্দেশ্যে নামায আদায় কর এবং কুরবানী কর।

৩. নিশ্চয় তোমার প্রতি বিদ্বেষ পোষণকারীই তো শিকড়কাটা (নির্মূল)।^২

সূরাঃ কা'ফিরূন, মাক্টী

(আয়াতঃ ৬ রুকৃ'ঃ ১)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

১ বলঃ হে কাফিরগণ!

২. আমি তার ইবাদত করি না যার ইবাদত তোমরা কর.

 এবং তোমরাও তাঁর ইবাদতকারী নও যাঁর ইবাদত আমি করি. سُوْرَةُ الْكُوْثُورَ مَكِّيَّةٌ ايَاتُهَا ٣ رَكُوْمُهَا ١ بِشْهِ اللهِ الرَّحْمُونِ الرَّحِيْمِ

إِنَّا ٱعْطَيْنَكَ الْكُوْثُرَ أَنَّ

فَصَلِّ لِرَبِّكَ وَانْحَرْ ﴿

إِنَّ شَانِئُكَ هُوَ الْأَبْتُرُ ﴿

سُوْرَةُ الْكَفِرُونَ مَكِّيَّةً ايَاتُهَا ٢ رَكُوْعُهَا ١ بِسْهِ اللهِ الرَّحْلِنِ الرَّحِيْمِ

> قُلُ يَائِهُا الْكَفِرُونَ ﴿ لَا آعُبُنُ مَا تَعْبُدُونَ ﴿

وَلاَ اَنْتُمُ عٰبِدُونَ مَاۤ اَعْبُدُ ۞

১। আনাস ইবনে মালিক (রাথিআল্লান্থ আনন্থ) থেকে বর্ণিত। তিনি বলেছেনঃ মিরাজ হলে নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম)-কে আসমানে উঠিয়ে নেয়া হয়। রাস্লুল্লাহ্ (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, আমি এমন একটি নদীর ধারে পৌছলাম। যার উভয় তীরে ফাঁপা মোতির তৈরি পাতা আছে। আমি বললাম, হে জিবরাঈল এটি কি? উভরে জিবরাঈল বললেন, এটিই হলো হাউজে কাওসার। (বুখারী, হাদীস নং ৪৯৬৪)

২। আনাস (রাযিআল্লান্থ আনন্থ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাস্লুল্লান্থ (সাল্লাল্লান্থ আলাইথি ওয়াসাল্লাম) বলেছেনঃ তোমাদের মধ্যে কেউ ততক্ষণ পর্যন্ত মো'মিন হতে পারবে না, যতক্ষণ পর্যন্ত আমি তার নিকট, তার পিতা, তার সন্তান এবং সমস্ত মানুষের চেয়েও প্রিয়তর না হবো। (বুখারী, হাদীস নং ১৫)

 এবং আমি ইবাদতকারী নই তার, যার ইবাদত তোমরা করে আসছো।
 এবং তোমরা তাঁর ইবাদতকারী

৫. এবং তোমরা তাঁর ইবাদতকারী
 নও যাঁর ইবাদত আমি করি।

৬. তোমাদের দ্বীন (কুফর) তোমাদের জন্য এবং আমার দ্বীন (ইসলাম) আমার জন্য। وَلاَ ٱنَّاعَابِنُّ مَّاعَبُدُتُّمُ

وَلا آنْتُمُ عَبِدُونَ مَا آعُبُدُ ٥

لَكُمْ دِيْنُكُمْ وَلِيَ دِيْنِ ۞

সুরাঃ নাস্র, মাদানী

(আয়াতঃ ৩ রুকু'ঃ ১)

দরাময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

 যখন আসবে আল্লাহর সাহায্য ও বিজয়।

২. এবং তুমি মানুষকে দলে দলে আল্লাহর দ্বীনে প্রবেশ করতে দেখবে।

 ৩. তখন তুমি তোমার প্রতিপালকের সপ্রশংস পবিত্রতা ও মহিমা ঘোষণা করো এবং তাঁর সমীপে ক্ষমা প্রার্থনা করো তিনি তো বড়ই তাওবা গ্রহণকারী।

স্রাঃ লাহাব্, মাকী

(আয়াতঃ ৫ রুকু'ঃ ১)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

 ধ্বংস হোক আবৃ লাহাবের হস্তদ্বয় এবং ধ্বংস হোক সে নিজেও।^১ سُرُورَةُ النَّصْرِ مَدَرِنَيَّةً ايَاتُهَا ٣ رَكُوعُهَا ١ بِسْمِ اللهِ الرَّحْلِنِ الرَّحِيْمِ

إِذَا جَاءَ نَصْرُ اللَّهِ وَالْفَتْحُ نُ

وَرَأَيْتَ النَّاسَ يَنْخُلُونَ فِي دِيْنِ اللَّهِ أَفْوَاجًا ﴿

فَسَيِّحْ بِحَمْدِرَبِكَ وَاسْتَغْفِرْهُ ۗ إِنَّهُ كَانَ تَوَّابًا ﴿

سُوْرَةُ النَّهَبِ مَكِّيتَةً ايَاتُهَا ٥ رَكُوْعُهَا ١ بِسْحِ اللهِ الرَّحْلِنِ الرَّحِيْمِ

تَبَّتُ يَكَآ إِنْ لَهَبٍ وَّتَبَّ أَ

১। আবদুল্লাহ্ ইবনে আব্বাস (রাযিআল্লাহু আনহুমা) থেকে বর্ণিত। তিনি বলেছেনঃ "তোমরা নিকটাত্মীয় এবং তাদের মধ্যেও বিশেষ করে নিজের গোত্রকে সাবধান করে দাও।" আয়াতটি

পারা ৩০

২, তার ধন-সম্পদ ও তার উপার্জন তার কোন উপকারে আসেনি।

- ৩. অচিরেই সে লেলিহান শিখাময় জাহান্রামের আগুনে প্রবেশ করবে.
- 8. এবং তার স্ত্রীও যে ইন্ধন বহন করে.
- ৫. তার গলদেশে শক্ত পাকানো রশি (খেজুরের আঁশ দিয়ে বানানো) রয়েছে।

مَا آغُني عَنْهُ مَالُهُ وَمَا كُسَبُ ﴿ سَيَصْلَى نَارًا ذَاتَ لَهَبٍ ﴿

وَّامْرَاتُهُ الْحَمَّالَةَ الْحَطْبِ أَنَّ

في جيبه هَا حَبْلٌ مِنْ مَّسَدِ ٥

সুরাঃ ইখলাস, মাকী

(আয়াতঃ ৪ রুকু'ঃ ১) দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

১. বলঃ তিনিই আল্লাহ একক (ও অদ্বিতীয়),

২. আল্লাহ কারো মুখাপেক্ষী নন. (সবাই তাঁর মুখাপেক্ষী);

سُوُرَةُ الْإِخْلَاصِ مَكِّيَّةٌ ايَاتُهَا ٣ رَكُوعُهَا ١ بسبيم الله الرَّحْين الرَّحِيْمِ

قُلُ هُو اللهُ أَحَلُّانً

أرام الصدري

নাথিল হলে রাসলুক্সাহ (সাক্সাক্সান্থ আলাইহি ওয়াসাক্সাম) বের হয়ে সাফা পাহাড়ে গিয়ে উঠলেন এবং 'ইয়া সাবাহাহ' (সকাল বেলার বিপদ, সাবধান) বলে চিৎকার করে ডাকলেন। সবাই সচকিত হয়ে বলে উঠলো, এভাবে কে ডাকছে? তারপর সবাই তার পাশে গিয়ে সমবেত হলো তিনি বললেনঃ আচ্ছা, আমি যদি এখন তোমাদেরকে বলি যে, এ পাহাড়ের অপর দিক থেকে একটি অশ্বারোহী সৈন্যবাহিনী আক্রমণের জন্য প্রস্তুত হয়ে আছে, তাহলে কি তোমরা আমাকে বিশ্বাস করবে? সমবেত সবাই বললো, আপনার ব্যাপারে আমাদের মিথ্যার অভিজ্ঞতা নাই। তখন তিনি বললেনঃ আমি তোমাদেরকে একটি কঠিন আযাব সম্পর্কে সাবধান করে দিচ্ছি। একথা ন্তনে আবু লাহাব বললো, তোমার অকল্যাণ হোক। তুমি কি এ জন্যই আমাদেরকে সমবেত করেছো? এরপর সে সেখান থেকে চলে গেল। তখন নাযিল হলো- "তাব্বাত ইয়াদা আবী লাহাব" "আবু লাহাবের হস্তদ্বয় ধ্বংস হোক।" (বুখারী, হাদীস নং ৪৯৭১)

1114

৩. তিনি কাউকে জন্ম দেননি এবং তাঁকেও জন্ম দেয়া হয়নি.

8. এবং কেহই তাঁর সমকক্ষ নয়।

لَمْ يَلِنُ لَا وَلَمْ يُؤْلُنُ ﴿ وَلَمْ يَكُن لَّهُ كُفُواً احَدُّ ﴿

সুরাঃ ফালাক, মাক্কী

(আয়াতঃ ৫ রুকু'ঃ ১)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

১ বলঃ আমি আশ্রয় নিচিছ উষার স্ট্রার,

২. তিনি যা সৃষ্টি করেছেন তার অনিষ্ট হতে,

৩. অনিষ্ট হতে অন্ধকার রাত্রির যখন তা আচ্ছনু হয়;

8. এবং গিরায় ফুঁকদান কারিণীর।

৫. এবং হিংসুকের অনিষ্ট হতেও যখন সে হিংসা করে।

سُوْدَةُ الْفَكِيِّ مَكِيَّةٌ ايَاتُهَا ٥ رَكُوعُهَا ١ ينسيد الله الرَّحْلِن الرَّحِيثِير

قُلُ آعُوٰذُ بِرَتِ الْفَكَقِ أَ

مِنُ شَرِّ مَا خَكَقَ أَ

وَمِنْ شَرِّ غَاسِقِ إِذَا وَقَبَ ﴿

وَمِنُ شَرِ النَّفْتُتِ فِي الْعُقَلِ ﴿ وَمِنْ شُرِّحَاسِدِ إِذَا حَسَدُ ٥

১। মু'আয ইবনে জাবাল (রাযিআল্লান্থ আনহু) থেকে বর্ণিত। নবী (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) [তাকে] বললেন হে মু'আয, তুমি কি জানো বান্দার কাছে আল্লাহর কি হক আছে? মু'আয় বললেন, আল্লাহ্ ও তাঁর রাসূলই ভালো জানেন। নবী (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, (বান্দার কাছে আল্লাহ্র হক হলো) সে তার ইবাদত বা দাসত্ব করবে এবং তার সাথে অন্য কিছুকৈ অংশীদার বানাবে না। তিনি [নবী (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম)] আবার বললেন, তুমি कि জाনো আল্লাহ্র কাছে বান্দার হক कि? মু'আয ইবনে জাবাল বললেন, বিষয়টি আল্লাহ্ ও তাঁর রাসূলই ভালো জানেন। নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, আল্লাহ্র কাছে বান্দার হক হলো আল্লাহ্ কর্তৃক বান্দাকে আযাব না দেয়া। (বুখারী, হাদীস নং ৭৩৭৩, ৭৩৭৪, 9096)

1115

সুরাঃ নাস, মাকী

পারা ৩০

(আয়াতঃ ৬ রুকু'ঃ ১)

দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

১ বলঃ আমি আশ্রয় নিচ্ছি মানুষের প্রতিপালকের.১

- ২. যিনি মানবমন্ডলীর বাদশাহ।
- যিনি মানবমন্ডলীর প্রকৃত মা'বৃদ।
- ৪, আত্মগোপনকারী কুমন্ত্রণাদাতার অনিষ্ট হতে,২
- ৫. যে লোকদের অন্তরে কুমন্ত্রনার উদ্রেক করে।
- ৬. জ্বিনের মধ্য হতে অথবা মানুষের মধ্য হতে।

سُورَةُ النَّاسِ مَكَّتَةً ايَاتُهَا لا رَكُوعُهَا ا بشيمر الله الرَّحْلُن الرَّحِيْمِ

قُلُ اَعُوٰذُ بِرَتِ النَّاسِ ﴿

مَلِكِ النَّاسِ ﴿ الهالكاس

عمّ ۳۰

مِنْ شَرِّ الْوَسُواسِ لَمْ الْخَنَّاسِ ﴿

الَّذِي يُوَسِّوسُ فِي صُدُودِ النَّاسِ ﴿

مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ ﴿

১। আয়েশা (রাযিআল্লান্থ আনহা) থেকে বর্ণনা করেছেন, রাসূলুলাত্ (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) যখন বিছানায় আসতেন, তখন আপন দু'হাতের তালুতে 'কুলহুআল্লাহু আহাদ' এবং সূরা নাস ও সূরা ফালাক পড়ে দম করতেন। তারপর উভয় কজির তালু মুখের ওপর মুছে নিতেন আর দেহের যতটুকু হাত দু'খান পৌছতো ততটুকুতে হাত বুলিয়ে দিতেন। আয়েশা (রাযিআল্লান্থ আনহা) বলেছেন, যখন রাস্লুল্লাহ্ (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) অসুস্থ হতেন, তখন আমাকে অনুরূপভাবে করতে হুকুম দিতেন। ইউনুস বলেছেন, ইবনে শিহাব যখন তাঁর বিছানায় যেতেন, তখন তাঁকে অনুরূপ করতে আমি দেখতাম। (বুখারী, হাদীস নং ৫৭৪৮)

২। আবু হুরাইরা (রাযিআল্লান্ড আনহু) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ্ (সাল্লাল্লান্ড আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, জাহান্লামকে কামনা-বাসনা দ্বারা ঢেকে রাখা হয়েছে। আর জান্লাতকে বিপদ-মুসীবত দ্বারা ঢেকে রাখা হয়েছে। (বুখারী, হাদীস নং ৬৪৮৭)

This Online Version of Qu'ran is Published By

www.QuranerAlo.com

Scanned By

SHADMAN SAQUIB

and

NURUL HASSAN RAKIB

May Allaah accept us, our Vows and Allegiance and Da'wah efforts and help us to fulfill all our dreams and mission!

Ameen.